THE

# RELICIOUS SECTS

OF THE

# HINDUS

---

# ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়।

শ্রীঅক্ষয় কুমার দত্ত প্রণীত।

---

## দ্বিতীয় ভাগ।

---

কলিকাতা।

নূতন সংস্কৃত-যন্ত্রে মুদ্রিত।

১২৮৯।

# বিজ্ঞাপন।

রায়না-নিবাসী শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ দত্ত নিজে আগ্রহ প্রকাশ পূর্ব্বক নরেশ পন্থী ও কেউড় দাস নামক দুইটি সম্প্রদায়ের বৃত্তান্ত আমার নিকট প্রেরণ করিয়া ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়ের দ্বিতীয় ভাগের মধ্যে সন্নিবেশ করিতে অনুরোধ করেন। আমি তাদৃশ বিষয় সকল সংগ্রহ করিতেছিলাম, সুতরাং উহা পাইয়া কৃতার্থ হইলাম। তিনি একটি ভদ্রসন্তান; কয়েক খানি বাঙ্গালা গ্রন্থও রচনা করেন; আমাকে তাহা উপহারও দেন। সহসা তাঁহার কথায় সন্দেহই বা কেন উপস্থিত হইবে? নরেশচন্দ্র * একটি দেবতা-ভক্ত লোক ছিলেন, বর্দ্ধমান জেলার অন্তর্গত জাম্‌দো গ্রামে বাস করিতেন, অনেকগুলি শ্যামাবিষয়ক গীতও রচনা করেন, রাজেন্দ্রনাথের লিখিত এই কথাগুলি পূর্ব্বে আমি অবগত ছিলাম। তাঁহার পত্রে উল্লিখিত শোভাবাজারের রাজবাটির কুটুম্ব শ্রীনাথ সিংহ, বর্দ্ধমানের রাজবাটির কর্ম্মচারী বিপ্রদাস চট্টোপাধ্যায় প্রভৃতি কয়েকটি নাম বাস্তবিক লোকের নামও বটে। অতএব এ স্থলে কোন মিথ্যা-প্রবঞ্চনার আশঙ্কা মনে হয় নাই। সম্প্রতি কিছু দিন হইল, কোন কারণে সংশয় উপস্থিত হওয়াতে সবিশেষ অনুসন্ধান করিয়া দেখি, তাঁহার লিখিত বৃত্তান্তগুলির অধিকাংশ অমূলক। তিনি যে যে স্থলে নরেশপন্থী-দিগের সমাজ আছে বলিয়া উল্লেখ করিয়াছেন, তাহা বস্তুতঃ কর্ত্তাভজাদিগের বৈঠক-স্থান। কেউড়দাসের কোন নিদর্শনই প্রাপ্ত হওয়া যায় নাই। অতএব তাঁহার প্রেরিত ঐ দুইটি সম্প্রদায়ের বৃত্তান্ত প্রমাণ-সিদ্ধ বোধ হইতেছে না; প্রত্যুত, অপ্রমাণিক বলিয়াই প্রতীয়মান হইতেছে।

শ্রীঅক্ষয়কুমার দত্ত

---

* ইনি নরচন্দ্র বলিয়াও বিখ্যাত।

# সূচী।

## উপক্রমণিকা।


| প্রস্তাব। | পৃষ্ঠা। |
|---|---|
| সাঙ্খ্য দর্শন | ১ |
| পাতঞ্জল দর্শন | ১০ |
| বৈশেষিক দর্শন | ১৫ |
| ন্যায় দর্শন | ২৩ |
| মীমাংসা দর্শন | ২৮ |
| বেদান্ত দর্শন | ৪২ |
| চার্ব্বাক দর্শন | ৫৩ |
| স্বভাববাদ, কালবাদ ও নিয়তিবাদ প্রভৃতি | ৫৫ |
| রামানুজ দর্শন, পূর্ণপ্রজ্ঞ (অর্থাৎ মধ্বাচার্য্য) দর্শন, প্রত্যভিজ্ঞান দর্শন, শৈব দর্শন, রসেশ্বর দর্শন, নকুলীশপাশুপত দর্শন ও আর্হত দর্শন | ৫৬ |
| ভারতবর্ষীয় ও গ্রীস্ দেশীয় দর্শনের সৌসাদৃশ্য | ৫৭ |
| মানব-ধর্ম্ম শাস্ত্র | ৫৯ |
| রামায়ণ ও মহাভারত | ৭৮ |
| পুরাণ | ১৫৭ |
| উপপুরাণ | ১৭৫ |
| ব্রাহ্মপুরাণ | ১৭৮ |
| পদ্মপুরাণ | ১৭৯ |
| ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ | ১৮০ |
| স্কন্দ পুরাণ | ১৮২ |
| কূর্ম্ম পুরাণ | ১৮২ |
| বিষ্ণু পুরাণ | ১৮৩ |
| বায়ু, মৎস্য ও ভাগবত পুরাণ | ১৮৯ |
| মৎস্যাবতার | ২০৫ |
| কূর্ম্মাবতার | ২০৮ |
| বরাহাবতার | ২০৯ |
| বামনাবতার | ২১৩ |
| রাম-পরশুরামাদি অবতার | ২১৭ |
| কৃষ্ণাবতার | ২১৯ |
| বুদ্ধাবতার | ২৩২ |

## উপাসক-সম্প্রদায়।

### শৈব।


| প্রস্তাব। | পৃষ্ঠা। |
|---|---|
| শৈব-সম্প্রদায় | ১ |
| শিবারাধনা | ১৭ |
| দশনামী | ২১ |
| দণ্ডী | ৪৫ |
| ঘরবারী দণ্ডী | ৫২ |
| কুটীচক, বহূদক, হংস ও পরমহংস | ৫৩ |
| সন্ন্যাসী (অবধূত) | ৬২ |
| নামসন্ন্যাস | ৬৬ |
| কর্ম্মসন্ন্যাস বা ষট্‌কর্ম্ম | ৬৭ |
| সন্ন্যাসীর বেশ-ভূষা | ৭৩ |
| সন্ন্যাসীর মঠ-আখাড়াদি পরিচায়ক বিষয় | ৭৬ |
| সন্ন্যাসীর জ্যোৎমার্গ | ৭৯ |
| সন্ন্যাসীর আহার ব্যবহার | ৮০ |
| সন্ন্যাসীর জমাৎ | ৮৪ |
| নাগা | ৮৭ |
| আলেখিয়া | ৯৩ |
| দঙ্গলী | ৯৬ |
| অঘোরী | ৯৭ |
| ঊর্দ্ধবাহু, আকাশমুখী, নখী, ঠাড়েশ্বরী, ঊর্দ্ধমুখী, পঞ্চধূনী, মৌনব্রতী, জলশয্যা ও জলধারা-তপস্বী | ৯৯ |
| কড়ালিঙ্গী | ১০১ |
| ফরারী, দুধাধারী ও অলুনা | ঐ |
| অওঘড়, গুদড়, সুখড়, রুখড়, ভূখর, কুকড়, ও উখড় | ১০২ |
| অবধূতানী | ১০৪ |
| ঘরবারী সন্ন্যাসী | ১০৫ |
| ঠিকরনাথ | ১০৬ |
| সর্ভঙ্গী | ১০৭ |
| ত্যাগসন্ন্যাসী | ঐ |
| আতুর-সন্ন্যাসী, মানস-সন্ন্যাসী ও অন্ত-সন্ন্যাসী | ১০৮ |
| ব্রহ্মচারী | ১১০ |
| যোগী | ১১৪ |
| কাণফট্ যোগী | ১৩৫ |

## সূচী।


| প্রস্তাব। | পৃষ্ঠা। |
|---|---|
| অওঘড়-যোগী ...... ...... ... | ১৪১ |
| মচ্ছেন্দ্রী, শারঙ্গীহার, ডুরীহার, ভর্তৃহরি ও কাণিপা-যোগী | ঐ |
| অঘোরপন্থী-যোগী ...... .. ... | ১৪৩ |
| যোগিনী ও সংযোগী ... ... ... | ১৪৬ |
| লিঙ্গোপাসনা ও লিঙ্গায়ৎ ... ... | ঐ |
| ভোপা ...... ... ... | ১৬৮ |
| দশনামী ভাঁট ... ... ... | ১৬৯ |
| চন্দ্র-ভাঁট ... ... .. | ১৭০ |

### শাক্ত।

| | |
|---|---|
| শক্তি-উপাসনা ... ... ... | ১৭২ |
| পশ্বাচারী ও বীরাচারী ... ... | ১৭৮ |
| বেদাচার, বৈষ্ণবাচার, শৈবাচার, প্রভৃতি সাত প্রকার আচার | ঐ |
| চলিয়াপন্থী ... ... | ২০১ |
| করারী ... ... | ২০৩ |
| ভৈরবী ও ভৈরব ... ... | ২০৫ |
| শীতলা পণ্ডিত ... ... | ২০৬ |

### সৌর ও গাণপত্য।

| | |
|---|---|
| সৌর ... .. | ২০৯ |
| গাণপত্য ... ... | ২১৩ |

### পরিশিষ্ট।

#### প্রথম ভাগের তৃতীয় পরিশিষ্ট।

| | |
|---|---|
| আখাড়া ... ... | ২১৪ |
| দুয়ারা ... ... | ঐ |
| কামদেব্বী ... ... | ২১৫ |
| মটুকাধারী .. ... | ঐ |
| সংযোগী ... ... | ২১৬ |
| চার্ সম্প্রদায়কা ভাঁট অর্থাৎ বৈষ্ণব ভাঁট ... | ঐ |
| মহাপুরুষীয় ধর্ম্ম সম্প্রদায় ... ... | ঐ |
| জগন্মোহিনী-সম্প্রদায় ... ... | ২১৯ |
| হরিবোলা ... ... | ২২০ |
| রাত্ভিকারী ... ... | ২২৩ |
| উৎকল-দেশীয় বৈষ্ণব ... ... | ২২৪ |

| প্রস্তাব। | | | পৃষ্ঠা। |
|---|---|---|---|
| বিন্দুধারী ও অতিবড়ী | ... | ... | ২২৪ |
| কবিরাজী | ... | ... | ২২৫ |
| সৎকুলি ও অনন্তকুলি | .. | ... | ২২৬ |
| যোগী, গিরি ও গুরুবাসী বৈষ্ণব | | ... | ঐ |
| ব্রাহ্মণ বৈষ্ণব, খণ্ডেত বৈষ্ণব, করণ বৈষ্ণব, গোপ বৈষ্ণব প্রভৃতি নানাজাতীয় বৈষ্ণব | | ... | ২২৭ |
| বিরকত, অভ্যাহত ও নিহঙ্গ্ বৈষ্ণব | | .. | ২২৮ |
| কালিন্দী ও চামার বৈষ্ণব ... | | ... | ২২৯ |
| হরিব্যাসী, রামপ্রসাদী, বড়্গল্, লস্করী ও চতুর্ভুজী | | | ঐ |
| করারী, বাণশয্যী, পঞ্চধূনী প্রভৃতি বৈষ্ণব তপস্বী | | | ২৩২ |
| আচারী | ... | ... | ২৩৩ |
| বৈষ্ণব দণ্ডী | ... | ... | ২৩৪ |
| বৈষ্ণব ব্রহ্মচারী ও বৈষ্ণব পরমহংস | | ...... | ১৩৫ |
| মার্গী | ......... | ...... | ২৩৬ |
| পল্টুদাসী, আপাপন্থী, সৎনামী, দরিয়াদাসী, বুনিয়াদ্দাসী, অনহদ্পন্থী ও বীজমার্গী | | ...... | ২৩৭ |
| বড়্গল্ ও তিল্লল্ ......... | | ...... | ২৫২ |
| শাক্ত বৈষ্ণব ও ওয়ারেকরি | | ...... | ২৫৩ |

## দ্বিতীয় ভাগের পরিশিষ্ট।

### উপক্রমণিকা।

| | | | |
|---|---|---|---|
| ব্রাহ্মণের সংস্কৃত-কথন | | ...... | ২৫৪ |
| কবিরামায়ণ | ......... | ...... | ২৬৩ |
| হিন্দুদের রাশিচক্র-শিক্ষা | | ...... | ঐ |
| কালিদাসের সময়-নিরূপণ-পর্য্যালোচনা | | ...... | ২৬৭ |
| পাণিনি ও শ্রমণ | ......... | ...... | ২৭৮ |
| যবন | ......... | ...... | ২৮৪ |
| শূদ্র জ্ঞানশ্রুতি | ......... | ...... | ঐ |
| গাথা | ......... | ...... | ২৮৫ |
| শঙ্করাচার্য্য | ......... | ...... | ঐ |

### শৈবাদি সম্প্রদায়-বিবরণ।

| | | | |
|---|---|---|---|
| সাধুলোক | ......... | ...... | ২৯১ |
| ধাম ও পুরী | ......... | ...... | ঐ |

## সূচী।


| প্রস্তাব। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| দণ্ডী ও পরমহংসের মহাবিদ্যা | ...... | ২৯২ |
| সন্ন্যাসীদের সাত প্রকার গুরু | ...... | ঐ |
| সন্ন্যাসীদের সাড়ে তিন কুল | ...... | ২৯৩ |
| তিজ্‌লাজ্‌ ......... | ...... | ঐ |
| মঠ ও আখাড়ার প্রভেদ | .... | ঐ |
| সন্ন্যাসীদের মড়ীর নাম ......... | ...... | ২৯৫ |
| চুলা ও চক্রী .... . | ...... | ঐ |
| শোধন।—জয়পুরে দাদুপন্থী সৈন্য | ...... | ২৯৬ |
| কথড়, সুখর, গুদড়, কুকড় ও ধূখড় | .... | ২৯৭ |
| তৈলঙ্গস্বামী ......... | .... | ঐ |
| রামপন্থী, সিদ্ধিকেরাণি প্রভৃতি যোগী | .... | ঐ |
| যোগীদের বৃত্তি ও প্রধান স্থান | .... | ঐ |
| শোধন।—বড়্‌গল্‌ ......... | ... | ঐ |


### পরিশিষ্টাবশেষ।


| | | | |
|---|---|---|---|
| নিরঞ্জনী সাধু | ... | ... | ২৯৮ |
| মানভাব | ... | ... | ঐ |
| কিশোরী ভজনী | ... | ... | ৩০০ |
| কুলিগায়েন | ... | ... | ৩০৩ |
| টহলিয়া বা নেমোবৈষ্ণব | ... | ... | ঐ |
| দশামার্গী | ... | ... | ঐ |
| জোগী ও শাধী | ... | ... | ৩০৪ |
| নরেশপন্থী | ... | ... | ৩০৫ |
| পাগুল | ... | ... | ৩০৯ |
| কেউড়দাস | ... | ... | ঐ |
| ফকির সম্প্রদায় | ... | ... | ৩১০ |
| কুম্ভপাতিয়া | ... | ... | ৩১১ |
| খোজা | ... | ... | ৩১২ |


### টিপ্‌পনি।


| | | |
|---|---|---|
| বেদ-শাস্ত্র বহুদেবতার উপাসনা-প্রতিপাদক কি না? | | ৩১৩ |
| গ্রীস্‌দেশে ভারতবর্ষীয় চিকিৎসা | .. | ঐ |
| ভোট-দেশীয় ভাষায় সংস্কৃত উপন্যাসের অনুবাদ | | ৩১৪ |
| অশোকের নাম পিয়দসি ... | .... | ৩১৫ |

## সূচী

| প্রস্তাব। | | পৃষ্ঠা। |
|---|---|---|
| পৌত্তলিকতা-পরিত্যাগী বৌদ্ধ-সম্প্রদায় | .... | ৩১৫ |
| গয়া | .... .... | ৩১৬ |
| যবদ্বীপে হিন্দুধর্ম্ম | .... .... | ৩২৬ |
| বাঙ্গালা দেশীয় শিক্ষিত লোক,—আত্ম-শাসন প্রভৃতি | | ৩২৭ |
| নবরত্ন | .... .... | ৩২৮ |
| রঘুবংশ ও কুমারসম্ভব এক কালিদাসেরই বিরচিত এই বিষয়ের প্রাচীন প্রবাদ | .... .... | ঐ |
| শঙ্করাচার্য্যের জন্ম-কাল ও মৃত্যু-কাল নিরূপণ বিষয়ক সংস্কৃত বচন | .... .... | ৩২৯ |
| স্তূপ ও মানসিক স্তূপ | .... .... | ৩৩০ |

---

### বিদেশীয় শব্দের উচ্চারণ-বিধি।

প্রথমভাগে প্রকাশিতাতিরিক্ত বিদেশীয় বর্ণ।

| চিহ্নিত বর্ণ। | অন্য কোন ভাষার যে বর্ণের সদৃশ। |
|---|---|
| গ় | পার্সী ژ। |
| জ় | ইংরেজী Azure শব্দের Z এবং Pleasure শব্দের S. |
| ই্ | বাঙ্গালা যাই, খাই এবং গাই শব্দের ইকার। |
| উ্ | বাঙ্গালা লাউ ও ঝাউ শব্দের উকার। |

এ় ে় বর্ণের উচ্চারণ বাঙ্গালা বলে, করে ও ধরে পদের একারের অপেক্ষাও অনেক হ্রস্ব।

---

### ষট্‌চক্রের চিত্রপট।

শাক্ত-সম্প্রদায়-বিবরণের ১৮৬ এক শত ছেয়াশী পৃষ্ঠার পরে ষট্‌চক্রের চিত্রপট সন্নিবেশিত থাকিবে।

---

# ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়।

## উপক্রমণিকা।

প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ১০৫ পৃষ্ঠার ৮ পংক্তির পর।

উপনিষদে হিন্দু জাতির বুদ্ধি-বিকাশের সুস্পষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া গিয়াছে। বুদ্ধি-জ্যোতিঃ একবার প্রকাশিত হইতে আরম্ভ হইলে, আর স্থির থাকে না; নানা দিকে কিরণ-জাল বিকীর্ণ করিতে থাকে। তদনুসারে, বেদের সংহিতা, ব্রাহ্মণ ও উপনিষদ অবলম্বন করিয়া ক্রমে ক্রমে পরমার্থ-সংক্রান্ত কয়েকটি মত উৎপাদিত হয়, তাহার নাম দর্শন। তাহার মধ্যে ছয়টি দর্শন প্রাচীন বলিয়া পরিগণিত আছে; সাঙ্খ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত।

পরমার্থ-তত্ত্ব-অনুসন্ধানই ভারতবর্ষীয় দর্শনশাস্ত্র সমুদায়ের প্রধান উদ্দেশ্য। জগতের কারণ-নিরূপণ ও মনুষ্যের মুক্তি বা পারলৌকিক সদ্গতি-সাধনের উপায়-নির্দ্ধারণ-বিষয় সেই সমুদায়ে বিচারিত হইয়াছে। এ প্রবন্ধটি পরমার্থ-বিষয়ক; অতএব এ স্থলে সেই দুইটি পারমার্থিক বিষয় ক্রমশঃ অতি সংক্ষেপে লিখিত হইতেছে।

### সাঙ্খ্য।

মহর্ষি কপিল সাঙ্খ্য-মতের প্রবর্ত্তক। তিনি ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করেন নাই,

**ঈশ্বরাসিদ্ধেঃ।**

সাঙ্খ্যপ্রবচন। ৯২ সূত্র।

কেন না ঈশ্বরের অস্তিত্ব সপ্রমাণ হয় না *।

---

* কপিল ঋষির এই নাস্তিকতা-বাদ প্রতিপন্ন করিবার উদ্দেশে সাংখ্য-পণ্ডিতেরা নানারূপ তর্ক বিতর্ক করিয়াছেন। কেহ কেহ কহেন, শাস্ত্রের মতে ঈশ্বর নির্গুণ ও জগৎ সগুণ অর্থাৎ নানাপ্রকার গুণ-বিশিষ্ট; অতএব নির্গুণ ঈশ্বর হইতে কিরূপে সগুণ সংসারের উৎপত্তি হইল?

যদি ঈশ্বরের অস্তিত্ব সপ্রমাণ না হইল, তবে কিরূপে জগতের সৃষ্টি হয় এ বিষয় সুতরাং তাঁহাকে বিবেচনা করিতে হইয়াছিল। তিনি বিচার করিয়া দেখিলেন,

**নাবস্তুনো বস্তুসিদ্ধিঃ।**

সাঙ্খ্যপ্রবচন। ১। ৭৮ সূত্র।

পূর্ব্ব-স্থিত বস্তু না থাকিলে, কোন বস্তু উৎপন্ন হয় না।

**নাসদুৎপাদো নৃশৃঙ্গবৎ।**

সাঙ্খ্যপ্রবচন। ১। ১১৪ সূত্র।

মনুষ্যের শৃঙ্গ থাকা যেমন অসম্ভব, অসৎ অর্থাৎ অবস্তু হইতে কিছু উৎপন্ন হওয়াও সেইরূপ অসম্ভব।

**উপাদাননিয়মাৎ ॥**

সাঙ্খ্যপ্রবচন। ১। ১১৫ সূত্র।

---

**সাংখ্যাচার্য্যা আহুঃ নির্গুণত্বাদীশ্বরস্য কথং সগুণতঃ প্রজা জায়েরন্।**

৬১ সাংখ্য-কারিকার ভাষ্য।

সাঙ্খ্যাচার্য্যেরা বলিয়া গিয়াছেন, নির্গুণ ঈশ্বর হইতে কিরূপে সগুণ প্রজা উৎপন্ন হইল?

কোন কোন ব্যক্তি বলেন, জগতে কেহ বা সুখী ও কেহ বা দুঃখী হইয়া থাকে। যদি ঈশ্বর সৃষ্টি করিতেন, তাহা হইলে জীবের সুখ দুঃখের এরূপ বৈষম্য-দোষ ঘটিত না। অতএব ঈশ্বর নাই। কিন্তু ঘটিকা-যন্ত্র, বাষ্পীয় যন্ত্র, গ্রন্থকারের গ্রন্থ ইত্যাদি বস্তুতে যেরূপ বুদ্ধি-কৌশল বিদ্যমান আছে, যাঁহারা এই বিশ্ব-যন্ত্রে তদপেক্ষা শত সহস্র গুণ কৌশল-রাশি দর্শন করিয়া প্রজ্ঞাবান্ বিশ্ব-কারণের অস্তিত্ব অঙ্গীকার করেন, এবং সেই সমস্ত অদ্ভুত কৌশল অনির্ব্বচনীয়-কৌশল-সম্পন্ন নৈসর্গিক আদিম নিয়মের কার্য্য জানিয়া বিশ্ব-নিয়ন্তার অচিন্ত্য মহিমার অতিমাত্র আধিক্য প্রদর্শন করিয়া থাকেন, সাংখ্য-পণ্ডিতদিগের উল্লিখিত আপত্তি তাঁহাদের অন্তঃকরণে স্থান পায় না। তাঁহাদের মধ্যে কেহ বলিতে পারেন, ঐ আপত্তি ঈশ্বরের স্বরূপ-নির্দ্ধারণ-বিষয়ে একদিন উত্থাপিত হইলে হইতে পারে, কিন্তু তাঁহার অস্তিত্ব-নিরূপণ-বিষয়ে কোন রূপেই বিয়োজিত হইতে পারে না।

## উপক্রমণিকা।

ভাষ্য। মৃদ্যেব ঘট উত্পদ্যতে তন্তুভ্যেব পট ইত্যেবং কার্য্যাণামুপাদানকারণং
মিতি নিয়মোঽস্তি।

কেন না, প্রত্যেক বস্তুরই উপাদান-কারণ * থাকে এইরূপ নিয়ম আছে; যেমন মৃত্তিকা ঘটের ও সূত্র পটের উপাদান।

**নাশঃ কারণলয়ঃ।।**

সাঙ্খ্যপ্রবচন। ১। ১২১ সূত্র।

কারণে লয় পাওয়াকে নাশ বলে।

এই কয়েকটি সূত্রের তাৎপর্য্য এই যে, প্রথমে কিছু না থাকিলে, অকস্মাৎ অমনি কোন বস্তু উৎপন্ন হইতে পারে না। সকল বস্তুই পূর্ব্ব-স্থিত কোন না কোন বস্তু হইতে উৎপন্ন হয়; যেমন মৃত্তিকা হইতে ঘট, দুগ্ধ হইতে দধি, রজত হইতে মুদ্রা ইত্যাদি।

যে সময়ের কথা লিখিত হইতেছে, সে সময়ের পক্ষে এই ভাবটি অতীব প্রগাঢ়। ইহা কপিল ঋষির গুরুতর চিন্তার ফল। উল্লিখিত সূত্র-গুলির ভাবার্থ পর্য্যালোচনা করিয়া দেখিলে বোধ হয়, মহর্ষি যেন বুদ্ধি-যোগে জগতের সৃজন-রহস্যের তল-স্পর্শ করিতে উদ্যত হইয়াছেন। কিন্তু তাহার উপায় নাই!

কপিল ঐ কয়েক মূল সূত্রানুসারে প্রকৃতিপুরুষ নামে দুইটি নিত্য পদার্থ স্বীকার করেন। প্রকৃতি অচেতন-স্বরূপ অর্থাৎ জড়। ইহারই পরিণাম অর্থাৎ বিকার দ্বারা সমুদায় বিশ্ব-ব্যাপার উৎপন্ন হইয়াছে।

এই প্রকৃতি আদি কারণ; ইহার আর কারণ নাই। কপিল ইহাকে অমূল-মূল বলিয়া বর্ণন করিয়াছেন।

**মূলে মূলাভাবাদমূলং মূলম্।**

সাঙ্খ্যপ্রবচন। ১। ৬৭ সূত্র।

মূলের অর্থাৎ প্রকৃতির মূল নাই, অতএব প্রকৃতি মূল-শূন্য।

ফলতঃ সেই আদি কারণ হইতে ক্রমশঃ কার্য্য-পরম্পরার উৎপত্তি হয় বলিয়াই, কপিল ঋষি তাহারই নাম প্রকৃতি † রাখিয়াছেন। উহা আদি কারণের নামমাত্র।

---

* যে বস্তু অবস্থান্তরিত হইয়া অন্য বস্তু উৎপন্ন হয়, তাহার নাম উপাদান।

† প্রকরোতীতি প্রকৃতিঃ।

সর্ব্বদর্শনসংগ্রহ। সাঙ্খ্য।

**পারম্পর্য্যেঽপ্যেকত্র পরিনিষ্ঠেতি সংজ্ঞামাত্রম্।**

সাঙ্খ্যপ্রবচন। ১। ৬৮ সূত্র।

কারণের কারণ ও সেই কারণের পুনরায় অন্য কারণ এইরূপ যদি কারণ-পরম্পরা থাকে, তাহা হইলেও এক স্থানে গিয়া কারণের পর্য্যবসান হইবে। প্রকৃতি সেই আদি-কারণের সংজ্ঞামাত্র বই আর কিছুই নয় *।

যেমন দুগ্ধ হইতে দধি, দধি হইতে নবনীত ও নবনীত হইতে ঘৃত উৎপন্ন হয়, সেইরূপ, সকল বস্তুই সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে ঐ প্রকৃতিরই পরিণাম দ্বারা উৎপন্ন হইয়া থাকে। জগতের যাবতীয় পদার্থ মূল প্রকৃতিরই কার্য্য-পরম্পরা মাত্র †।

জগতের বস্তু সমুদায়ের উত্তম, মধ্যম, অধম তিন প্রকার স্বভাব দেখিয়া মহর্ষি কপিল উহার মূল-স্বরূপ উত্তম, মধ্যম, অধম তিনটি গুণ স্বীকার করেন; সত্ত্ব, রজঃ ও তমঃ। পূর্ব্বোক্ত মূল প্রকৃতি এই তিনের সাম্যাবস্থা বলিয়া উক্ত হইয়াছে।

**সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ।**

সাঙ্খ্যপ্রবচন। ১। ৬১ সূত্র।

প্রকৃতি সত্ত্ব, রজঃ ও তমোগুণের সাম্যাবস্থা-স্বরূপ।

প্রকৃতি জড় পদার্থ, অথচ কিরূপে গুণের স্বরূপ বলিয়া বর্ণিত হইয়াছে এ সংশয় উপস্থিত হইতে পারে। সংশয় কেন? বুদ্ধিমান্

---

*প্রকৃতিরিত্থং মূলকারণস্য সংজ্ঞামাত্রমিত্যর্থঃ ॥

বিজ্ঞানভিক্ষু-কৃত ভাষ্য।

† অধুনাতন বিজ্ঞানবিৎ সর্ব্ব-প্রধান ইয়ুরোপীয় পণ্ডিত-সম্প্রদায়ের সৃষ্টি-বিষয়ক মত * কিয়দংশে কি এই সাঙ্খ্য-মতের অনুরূপ বোধ হয় না? তাঁহারা বলেন, যেমন শূককীট রূপান্তরিত হইয়া প্রজাপতি উৎপন্ন হয়, সেইরূপ এক বস্তু ও এক প্রাণী পরিণত হইয়া অন্য বস্তু ও অন্য প্রাণী উৎপন্ন হইয়া আসিয়াছে। কপিল ঋষি তাঁহাদের ঐ মতের একটি সঙ্কুচিত অঙ্কুর রোপণ করিয়া গিয়াছেন একথা বলিলে কি বলা যায় না?

---

* The Theory of Evolution.

ব্যক্তিরা অক্লেশেই বলিতে পারেন, এ কথাটি তো বুঝিবার কথা নয়। কিন্তু সহসা শুনিলে, এ বিষয়টি যতদূর অবোধ-গম্য বোধ হয়, বাস্তবিক ততদূর নয়। সচরাচর গুণ শব্দের যেরূপ অর্থ প্রচলিত আছে, সাঙ্খ্য-শাস্ত্রোক্ত ঐ তিন গুণের সেরূপ অর্থ নয়। ঐ তিনটি উত্তম, মধ্যম, অধম তিন প্রকার বস্তু-স্বরূপ। লোকে যেমন গুণ অর্থাৎ রজ্জু দিয়া গো-মহিষাদি পশু বন্ধন করে, সেইরূপ, পুরুষ অর্থাৎ জীব ঐ সত্ত্ব রজঃ প্রভৃতি তিন বস্তু দ্বারা বদ্ধ হইয়া আছে এই নিমিত্ত ঐ তিনটি পদার্থ গুণ বলিয়া উল্লিখিত হইয়াছে। অতএব সাঙ্খ্য-শাস্ত্রোক্ত ঐ তিনটি গুণ প্রকৃত গুণ নয়; গুণ-বিশিষ্ট বস্তু।

সত্ত্বাদীনি দ্রব্যাণি ন বৈশেষিকা গুণাঃ সংযোগবিভাগবত্ত্বাৎ লঘুত্বচলত্ব-গুরুত্বাদিধর্ম্মকত্বাচ্চ। তেষ্বত্র শাস্ত্রে শ্রুত্যাদৌ চ গুণশব্দঃ পুরুষোপকরণত্বাৎ পুরুষপশুবন্ধকত্রিগুণাত্মকমহদাদিরজ্জুনির্ম্মাতৃত্বাচ্চ প্রযুজ্যতে ॥

সাংখ্যপ্রবচন-ভাষ্য।

সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনটি পদার্থ দ্রব্য; বৈশেষিক-মতানুযায়ী গুণ নয়, কেন না তাহারা সংযোগ, বিয়োগ, লঘুত্ব, চলত্ব, গুরুত্বাদি গুণ-বিশিষ্ট। লোকে যেমন গুণ অর্থাৎ রজ্জু দিয়া বন্ধন করে, সেইরূপ, পুরুষ অর্থাৎ জীবাত্মারূপ পশু সেই সত্ত্বাদি তিন দ্রব্যে প্রস্তুত মহত্ত্বাদি * ত্রিগুণ রজ্জু দ্বারা বদ্ধ হইয়া আছে, এই নিমিত্ত সাঙ্খ্য ও বেদাদি শাস্ত্রে সেই তিন দ্রব্য গুণ বলিয়া ব্যবহৃত হইয়াছে।

জগতের চেতনাচেতন সমুদায় বস্তুতে ঐ তিন গুণের শক্তি লক্ষিত হইয়া থাকে; যেমন সত্ত্ব গুণের শক্তিতে অগ্নির ঊর্দ্ধ-গতি এবং মনুষ্যের সুখ ও পুণ্যের উৎপত্তি হয়। রজোগুণের প্রভাবে বায়ুর প্রচণ্ড বেগ এবং মনুষ্যের পাপ জন্মে। তমোগুণের পরাক্রমে জল ও মৃত্তিকার অধোগতি এবং মনুষ্যের মূঢ়তা ও মনস্তাপ উৎপন্ন হয়।

এই তিনটি গুণের কার্য্য ও পরস্পর সম্বন্ধাদি লইয়া সাঙ্খ্য-শাস্ত্রে সবিশেষ আন্দোলন সহকারে অনেক তর্ক, বিতর্ক, বিচার ও সিদ্ধান্ত আছে। সেই সমস্ত কুটিল ও জটিল অবাস্তবিক বিষয়ের বৃত্তান্ত লিখিলে, পাঠকগণের অসুখ বই সুখের বিষয় হইবে না। ফলতঃ একবার মনে হয়, চিরকাল এই সমস্ত ভ্রান্তি-ভার বহন করিবারই বা প্রয়োজন কি? পুনর্ব্বার ভাবি, ইতিহাস-রচয়িতাদিগকে সত্য মিথ্যা সকলই কীর্ত্তন করিতে হয়। সূর্য্য-জ্যোতিঃ বিশুদ্ধাশুদ্ধ সকল

* মহত্তত্ত্বের অর্থ পশ্চাৎ দেখিতে পাইবে।

বস্তুই স্পর্শ করিয়া থাকে। মানবীয় মনের ইতিবৃত্ত পর্য্যালোচনা করিলে কখন বা সুখী ও কখন দুঃখিত হইতে হয়। এই পুস্তকের অধিকাংশই তো ভ্রান্তি-ভূধরের বর্ণনা বই আর কিছুই নয়। মানুষে বুঝি ঐ অতি দুর্ভেদ্য ভূধর-শ্রেণীর বহুতর শৃঙ্গ অতিক্রম না করিলে, তত্ত্ব-ভুবন আরোহণ করিতে সমর্থ হয় না। অনেকেই ভৃগুপাত-ঘটনা প্রযুক্ত চিরদিন পর্ব্বতে পর্ব্বতে লুণ্ঠিত হইতে থাকে।

পুরুষ চেতন-স্বরূপ, কিন্তু সুখ-দুঃখাদি-শূন্য। ইনি অপরিণামী অর্থাৎ বিকার-শূন্য, এবং অকর্ত্তা অর্থাৎ কোন কার্য্যই করেন না। সমুদায় বিশ্ব-ব্যাপারই প্রকৃতির কার্য্য। এই পুরুষই প্রাণীদিগের আত্মা-স্বরূপ; সুতরাং যত প্রাণী, ততই পুরুষ বলিতে হয়। কপিল ঋষি জগতের সচেতন অচেতন দুই প্রকার পদার্থ দেখিয়া তাহার মূল-স্বরূপ ঐ দুইটি পদার্থের অস্তিত্ব স্বীকার করিয়াছেন বোধ হয়।

ঐ প্রকৃতি ও পুরুষ পরস্পর সাপেক্ষ। লৌহ যেমন চুম্বক-সমীপস্থ হইলে চুম্বকের দিকে গমন করে, সেইরূপ, প্রকৃতি ঐ পুরুষ-সন্নিধান প্রযুক্ত বিশ্ব-রচনায় প্রবৃত্ত হইয়া থাকে। পঙ্গু ও অন্ধ প্রত্যেকে যেমন স্বতন্ত্র স্বতন্ত্র ইচ্ছামত কোন স্থানে গমন করিতে সমর্থ হয় না, কিন্তু যদি অন্ধ ব্যক্তি পঙ্গুকে নিজ স্কন্ধে আরোহণ করাইয়া তাহার প্রদর্শিত পথ অবলম্বন করে, তাহা হইলে উভয়েই নির্দ্দিষ্ট স্থানে উপনীত হইতে সক্ষম হয়। সেইরূপ, প্রকৃতি নিজে জড় হইলেও পুরুষ-সহযোগে সংসার-ব্যাপার সম্পাদন করিতে সমর্থ হইয়া থাকে।

সাঙ্খ্য-শাস্ত্রকার ঐ প্রকৃতি পুরুষ প্রভৃতি পঁচিশটি পদার্থ স্বীকার করিয়া তাহার নাম তত্ত্ব রাখিয়াছেন। সেই পঁচিশ তত্ত্ব এই; প্রকৃতি, পুরুষ, মহৎ *, অহঙ্কার †, মন, এবং পশ্চাল্লিখিত পঞ্চ মহাভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও পঞ্চ তন্মাত্র।

| মহাভূত | জ্ঞানেন্দ্রিয় | কর্ম্মেন্দ্রিয় | তন্মাত্র |
|---|---|---|---|
| মৃত্তিকা ... ... | চক্ষু ... ... ... ... | হস্ত ... ... ... ... | রূপ |
| জল ... ... ... | কর্ণ ... ... ... ... | পদ ... ... ... ... | রস |
| বায়ু ... ... ... | নাসিকা ... ... ... | বাক্ ... ... ... | গন্ধ |
| অগ্নি ... .. .. | রসনা ... ... ... | পায়ু ... ... ... | স্পর্শ |
| আকাশ ... ... | ত্বক্ ... ... ... .. | উপস্থ ... ... ... | শব্দ |

এই দর্শনে ঐ পঁচিশটি তত্ত্বের সংখ্যা আছে, এই নিমিত্ত ইহা সাঙ্খ্য-দর্শন বলিয়া প্রসিদ্ধ হইয়াছে।

---

*মহত্তত্ত্ব বুদ্ধি-স্বরূপ। তদ্দ্বারা যাবতীয় বিষয়ের কর্ত্তব্যাকর্ত্তব্যতা নির্দ্ধারিত হয়।

† আমি করিতেছি, আমার গৃহ, আমার পুত্র, আমি ধনী, আমি পণ্ডিত ইত্যাদি অভিমান।

যে অবস্থায় সত্ত্ব রজঃ ও তমঃ সমান ভাবে থাকে, অর্থাৎ উহার কোন গুণের উদ্রেক বা ক্রিয়া থাকে না সেই অবস্থাকে তাহাদের সাম্যাবস্থা বলে। পরে ক্রমশঃ গুণের উদ্রেক হইয়া জগতের সৃষ্টি হইতে থাকে। সাঙ্খ্য-শাস্ত্রে যেরূপ সৃষ্টি-প্রক্রিয়া লিখিত আছে, পশ্চাৎ বিবরণ করা যাইতেছে।

"প্রকৃতি হইতে মহত্তত্ত্বের উৎপত্তি হয়, মহত্তত্ত্ব হইতে অহঙ্কার হয়, সত্ত্ব-গুণোদ্রিক্ত ঐ অহঙ্কার হইতে জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় ও মনের উৎপত্তি হয়, রজোগুণোদ্রিক্ত অহঙ্কার হইতে পঞ্চতন্মাত্র জন্মে, এবং পঞ্চতন্মাত্র হইতে পঞ্চমহাভূত জন্মে। তাহারও প্রণালী এইরূপ; শব্দ-তন্মাত্র হইতে আকাশ হয়, আকাশের গুণ শব্দ। শব্দ-তন্মাত্র ও স্পর্শ-তন্মাত্র এই উভয় হইতে বায়ু জন্মে, বায়ুর গুণ শব্দ ও স্পর্শ। ঐ দুই তন্মাত্রের সহিত রূপ-তন্মাত্র হইতে তেজ জন্মে, তেজের গুণ শব্দ, স্পর্শ ও রূপ। ঐ তিন তন্মাত্রের সহিত রস-তন্মাত্র হইতে, জল হয়, জলের গুণ শব্দ, স্পর্শ, রূপ আর রস। ঐ চারিটি তন্মাত্র সহকারে গন্ধ তন্মাত্র হইতে পৃথিবী হয়, পৃথিবীর গুণ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ। এই পঞ্চ মহাভূত হইতেই চতুর্দ্দশ ভুবন ও তদন্তর্ব্বর্ত্তী কার্য্য-জাত হয়।"

সাঙ্খ্য-শাস্ত্রের কোন কোন অংশে সমধিক বুদ্ধির প্রাখর্য্য প্রদর্শিত হইয়াছে তাহার সন্দেহ নাই। কিন্তু এ অংশটি নিতান্ত মনঃকল্পিত একথা এখন বলা বাহুল্য। যে সময়ে, ভূমণ্ডলে বিজ্ঞান-রাজ্যের পথ-প্রদর্শক বেকন্ ও কোম্তের জন্ম হয় নাই, সে সময়ে আর অধিক প্রত্যাশা করাই বা কেন?

সাঙ্খ্য-পণ্ডিতেরা সংসারের যাবতীয় তাপ অর্থাৎ দুঃখ তিন ভাগে বিভক্ত করেন; আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক। জ্বরাদি রোগ, প্রিয় বস্তুর বিয়োগ ও অপ্রিয় বস্তুর সংঘটন, এবং কাম, ক্রোধ, লোভাদি দ্বারা যে সকল দুঃখের উৎপত্তি হয়, তাহার নাম আধ্যাত্মিক দুঃখ। অগ্নি, বায়ু, জলাদি স্থাবর এবং পশু, পক্ষী, কীটাদি অস্থাবর বস্তু হইতে যে সমস্ত দুঃখ-ঘটনা হয়, তাহাকে আধিভৌতিক দুঃখ বলে। শীত, উষ্ণ, বাত, বর্ষা, বজ্রপাতাদি হইতে উৎপন্ন দুঃখ সমুদায় আধিদৈবিক দুঃখ বলিয়া উল্লিখিত হয়।

दुःखत्रयम् । आध्यात्मिकं आधिभौतिकम् आधिदैविकंचेति । तत्राध्यात्मिकं द्विविधं शारीरं मानसंचेति । शारीरं वातपित्तश्लेष्मविपर्य्ययकृतं ज्वरातिसारादि । मानसं प्रियवियोगाप्रियसंयोगादि । आधिभौतिकं चतुर्विधं भूतग्रामनिमित्तं मनुष्यपशुमृगपक्षिसरीसृपदंशमशकयूकामत्कुणमत्स्यमकरग्रा-

स्थावरेभ्यो जरायुजाण्डजस्वेदजोद्भिज्जेभ्यः सकाशादुपजायते । आधिदैविकं । देवानामिदं दैविकं । दिवः प्रभवतीति वा दैवं तदधिकृत्य यदुपजायते शीतोष्णवातवर्षाशनिपातादिकम् ॥

ঈশ্বরকৃষ্ণ-প্রণীত সাংখ্যকারিকার অন্তর্গত প্রথম কারিকার গৌড়পাদ-কৃত ভাষ্য।

দুঃখ তিন প্রকার; আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক। ঐ আধ্যাত্মিক দুঃখ দুই প্রকার; শারীরিক ও মানসিক। বাত, পিত্ত ও শ্লেষ্ম ধাতুর ব্যতিক্রম-জনিত জ্বরাতিসার প্রভৃতি রোগের নাম শারীরিক দুঃখ। স্ত্রী, পুত্র, ধনাদি প্রিয় পদার্থের বিযোগ এবং কারারোধ ও কলঙ্ক-ঘটনাদি অপ্রিয় ঘটনার নাম মানসিক দুঃখ। জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, ও উদ্ভিজ্জ-জনিত চারি প্রকার দুঃখকে আধিভৌতিক দুঃখ বলে। তাহা মনুষ্য, পশু, মৃগ, পক্ষী, সরীসৃপ, দংশ, মশক, উৎকুণ, মৎকুণ, মৎস্য, মকর, কুম্ভীর ও বৃক্ষাদি স্থাবর বস্তু হইতে উদ্ভূত হয়। দেবতা অথবা দিব্ অর্থাৎ আকাশ হইতে উৎপন্ন দুঃখকে আধিদৈবিক দুঃখ বলে; যেমন শীত, উষ্ণ, বাত, বর্ষা, বজ্রপাতাদি নিবন্ধন দুঃখ।

ব্যক্তিমাত্রেই এই তিন প্রকার তাপে সন্তপ্ত। মনুষ্যাদিগকে এই ত্রিতাপ হইতে মুক্ত করা সাঙ্খ্য-দর্শনের প্রধান উদ্দেশ্য।

दुःखत्रयाभिघाता जिज्ञासा ॥

সাংখ্যকারিকা। ১।

ত্রিবিধ-দুঃখ-বিনাশের উপায় জিজ্ঞাস্য।

বিবেক অর্থাৎ তত্ত্বজ্ঞানই এই রূপ মুক্তি-সাধনের একমাত্র উপায়।

জীবের সুখ-দুঃখ পূর্ব্বোল্লিখিত মূল প্রকৃতির কার্য্য। ঐ উভয়ের নিঃশেষে নিবৃত্তি হওয়াকেই মুক্তি কহে। তত্ত্বজ্ঞান ঐ মুক্তির কারণ। প্রকৃতির সহিত পুরুষের ভেদ-জ্ঞানকেই তত্ত্বজ্ঞান বলে।

এই দর্শনের মতে ধর্ম্ম দুই প্রকার; অভ্যুদয়-হেতু ও নিঃশ্রেয়স-হেতু। যজ্ঞাদির অনুষ্ঠান দ্বারা যে ধর্ম্ম-সাধন হয়, তাহাকে অভ্যুদয়-হেতু বলে; তদ্দ্বারা ঐহিক ও পারত্রিক সুখ সম্পন্ন হয়। অষ্টাঙ্গ যোগের অনুষ্ঠান দ্বারা যে ধর্ম্মের উৎপত্তি হয়, তাহাকে নিঃশ্রেয়স-হেতু কহে; তদ্দ্বারা তত্ত্ব-জ্ঞান উৎপন্ন হইয়া মুক্তি-লাভ হয়।

যেরূপ জ্ঞানের আবির্ভাব হইলে মুক্তি-লাভ হয়, ঈশ্বরকৃষ্ণ তাহার পশ্চাল্লিখিতরূপ বর্ণন করিয়াছেন।

एवं तत्त्वाभ्यासान्नास्मि न मे नाहमित्यपरिशेषं अविपर्य्ययाद्विशुद्धं केवलमुत्पद्यते ज्ञानम् ।

সাংখ্যকারিকা। ৬৪।

নাস্তি সাঙ্খ্যসমং জ্ঞানং নাস্তি যোগসমং বলম্।

মহাভারত। শান্তিপর্ব্ব। মোক্ষধর্ম্ম। ৩১৮ অ। ২।

সাঙ্খ্য বিদ্যার পর আর বিদ্যা নাই। যোগ-বলের পর আর বল নাই।

পশ্চাৎ দেখিতে পাওয়া যাইবে, মনুসংহিতা-রচনার সময়েও সাঙ্খ্য-দর্শন প্রচারিত থাকিবার বহুতর নিদর্শন লক্ষিত হইয়া থাকে।

কপিল সগর-বংশ ধ্বংস করেন * এইরূপ লিখিত আছে। গঙ্গাসাগরে কপিলাশ্রম নামে একটি স্থানও বিদ্যমান রহিয়াছে। প্রতি বৎসর তথায় [কা]র্ত্তিক মাসে ও মকর সংক্রান্তিতে মহাসমারোহ পূর্ব্বক তাঁহার পূজা হইয়া [থা]কে। কপিল সুপ্রসিদ্ধ নাস্তিকতাবাদী হইলেও, স্বধর্ম্ম-পক্ষপাতী হিন্দুজা-[তি]র পূজ্য হইয়া রহিয়াছেন ইহা সামান্য কৌতুকের বিষয় নয়।

কপিল-প্রণীত সাঙ্খ্যপ্রবচন ও তত্ত্বসমাস, বিজ্ঞানভিক্ষু-কৃত সাঙ্খ্য-সার ও সাঙ্খ্যপ্রবচন-ভাষ্য, ঈশ্বরকৃষ্ণ-কৃত সাংখ্যকারিকা, গৌড়পাদ-কৃত সাঙ্খ্য-কারিকা-ভাষ্য, নারায়ণতীর্থ-কৃত সাঙ্খ্যচন্দ্রিকা, ত্রিহুতনিবাসী বাচস্পতি-মিশ্র-কৃত সাঙ্খ্যতত্ত্বকৌমুদী ইত্যাদি অনেকানেক সাঙ্খ্যশাস্ত্রে এই দর্শনের বিষয় প্রতিপাদিত হইয়াছে।

---

## পাতঞ্জল দর্শন।

পতঞ্জলি মুনি এই দর্শন প্রবর্ত্তিত করেন এই নিমিত্ত ইহাকে পাতঞ্জল দর্শন বলে। ইহা যোগ-শাস্ত্র।

সাঙ্খ্যদর্শনের সহিত এই দর্শনের অনেক বিষয়ের ঐক্য আছে। কপিল যেমন প্রকৃতি পুরুষ প্রভৃতি পঁচিশটি মূল তত্ত্ব স্বীকার করেন, পতঞ্জলিও সেইরূপ অঙ্গীকার করিয়া গিয়াছেন। বিশেষ এই যে, কপিল মুনি ঈশ্বরের অস্তিত্ব অঙ্গীকার করেন নাই, পতঞ্জলি বিশ্বাতীত বিশ্ব-নির্ম্মাতা সর্ব্বব্যাপী সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের সত্তা স্বীকার পূর্ব্বক মনুষ্যের পরিত্রাণ-সাধন উদ্দেশে যোগশাস্ত্র প্রবর্ত্তন করেন। এই নিমিত্ত পাতঞ্জলদর্শন সেশ্বর ও কপিল-দর্শন নিরীশ্বর সাঙ্খ্যদর্শন বলিয়া উল্লিখিত হইয়া থাকে।

পতঞ্জলির মতে ঈশ্বর লইয়া ষড়্বিংশতি তত্ত্ব হয়। তিনি বলিয়া গিয়াছেন, জগদীশ্বর স্বেচ্ছানুসারে শরীর ধারণ করিয়া জগৎ নির্ম্মাণ করেন। অতএব তাঁহাকে একরূপ সাকারবাদী বলিলেও বলিতে পারা যায়।

---

* ভাগবত-পুরাণ-কর্ত্তা এই কথাটি অবিশ্বাস করিয়া গিয়াছেন। তিনি এই-রূপ বলেন, রাজপুত্রেরা মুনির কোপানলে দগ্ধ হইয়াছিল এ প্রবাদটি সত্য নয়। যিনি মুমুক্ষু লোকের ভব-সমুদ্র উত্তরণ উদ্দেশে সাঙ্খ্যরূপ নৌকা প্রস্তুত করিয়া-ছেন, তিনিই কিরূপে ক্রোধের বশীভূত হইতে পারেন?—ভাগবত। ৯।৮।১২।১৩।

এইরূপ তত্ত্বানুশীলন করিলে, আমি নাই; আমার শরীর নাই, কেন না আমি ভিন্ন, শরীর ভিন্ন; আমি অহঙ্কার-বর্জ্জিত এই শেষ-সিদ্ধান্ত-স্বরূপ এবং নিঃসংশয়িতা-প্রযুক্ত বিশুদ্ধ একমাত্র জ্ঞানটি উৎপন্ন হয়। (এই জ্ঞানে মুক্তি হয়।)

চিরকাল হিন্দু-সমাজে বেদের কি অতুল প্রভাব ও দুর্জ্জয় পরাক্রমই চলিয়া আসিয়াছে! কপিল ঈশ্বরের অস্তিত্ব অক্লেশে অস্বীকার করিলেন, কিন্তু বেদের মহিমা অগ্রাহ্য করিতে পারিলেন না। তিনিও বেদার্থ প্রামাণিক বলিয়া অঙ্গীকার করিয়াছেন।

**সিদ্ধরূপবোদ্ধৃত্বাদ্বাক্যার্থোপদেশঃ ॥**

সাঙ্খ্যপ্রবচন। ১। ৯৮ সূত্র।

**ভাষ্য—হিরণ্যগর্ভাদীনাং সিদ্ধরূপস্য যথার্থত্ব।**

বেদবাক্যের অর্থোপদেশ প্রমাণ, কেন না তদীয় কর্ত্তা যথার্থ অর্থ জানিতেন।

সাঙ্খ্য একটি প্রাচীন দর্শন। সুপ্রসিদ্ধ উপনিষৎ, মহাভারত ও অন্যান্য অনেক শাস্ত্রে উহার প্রসঙ্গ আছে।

**নিত্যোঽনিত্যানাং চেতনশ্চেতনানাং**
**একোবহূনাং যোবিদধাতি কামান্।**
**তৎ কারণং সাংখ্যযোগাধিগম্যং**
**জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈঃ ॥**

শ্বেতাশ্বতরোপনিষৎ। ৬।১৩।

যিনি সমুদয় অনিত্য বস্তুর মধ্যে নিত্য ও সমস্ত সচেতন পদার্থের চেতন-স্বরূপ এবং যিনি এক হইয়াও বহু জীবের কামনা পূর্ণ করেন, সেই সাঙ্খ্যযোগের অধিগম্য ও কারণ-স্বরূপ ঈশ্বরকে জানিতে পারিলে সকল পাপ হইতে মুক্ত হওয়া যায়।

কেবল সাঙ্খ্যযোগ কেন? ঐ যোগ-প্রবর্ত্তক কপিল ঋষির নাম পর্য্যন্ত উপনিষদে বিনিবেশিত আছে।

**ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি।**

শ্বেতাশ্বতরোপনিষৎ। ৫। ২।

যিনি প্রসূত কপিল ঋষিকে প্রথমে জ্ঞান দ্বারা পোষণ করেন।

মহাভারতীয় শান্তিপর্ব্বে সাঙ্খ্যযোগের সবিশেষ বিবরণ ও যার নাই প্রশংসাবাদ সন্নিবেশিত আছে *।

---

* শান্তিপর্ব্ব। মোক্ষধর্ম্ম। ২২২-২২৫ অধ্যায়।

षड्विंशस्तु परमेश्वरः क्लेशकर्म्मविपाकाशयैरपरामृष्टः पुरुषः स्वेच्छया निर्म्माणकायमधिष्ठाय लौकिकवैदिकसम्प्रदायप्रवर्त्तकः संसाराङ्गारे तप्यमानानां प्राणभृतामनुग्राहकश्च ।

সর্ব্বদর্শনসংগ্রহ। পাতঞ্জল।

পরমেশ্বর ষড়্‌বিংশ তত্ত্ব। সেই পুরুষ ক্লেশ*, কর্ম্ম, বিপাক† ও আশয়‡-বর্জ্জিত; বিশ্ব-রচনার্থ স্বেচ্ছানুসারে শরীর ধারণ পূর্ব্বক বৈদিক ও লৌকিক সম্প্রদায় প্রবর্ত্তিত করেন এবং সংসারানলে দহ্যমান প্রাণিগণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া থাকেন।

মনুষ্যের নানারূপ চিত্তবৃত্তি আছে এবং সেই সমস্ত বৃত্তির ভিন্ন ভিন্ন বিষয় নির্দ্ধারিত আছে; যেমন দর্শনের বিষয় রূপ, শ্রবণের বিষয় শব্দ, ঘ্রাণের বিষয় গন্ধ ইত্যাদি। অন্তঃকরণকে ঐ সকল বিষয় হইতে নিবৃত্ত করিয়া পরমেশ্বরাদি ধ্যেয় বস্তুতে সংস্থাপন পূর্ব্বক তন্মাত্র ধ্যান করাকে যোগ বলে। ঐ যোগের যম নিয়মাদি আটটি অঙ্গ আছে। পাঠকগণ এই পুস্তকের অন্তর্গত যোগি-সম্প্রদায়ের বিবরণ-মধ্যে তাহার সবিশেষ বৃত্তান্ত দেখিতে পাইবেন।

পাতঞ্জলের মতেও তত্ত্বজ্ঞান দ্বারা মুক্তি-লাভ হয়। পুরুষ অর্থাৎ জীবাত্মা জড়ময় জগৎ হইতে নিতান্ত পৃথক্‌ভূত এইরূপ জ্ঞানকে তত্ত্বজ্ঞান বলে। ইহার অন্য একটি নাম বিবেকখ্যাতি। স্ফটিক যেমন স্বভাবতঃ শুভ্র, সেই রূপ জীব স্বভাবতঃ চিন্ময়মাত্র। অজ্ঞানবশতঃ সংসারে প্রবৃত্ত হইয়া আমি সুখী, আমি দুঃখী, আমি কর্ত্তা ইত্যাদি বোধ হইতে থাকে। উল্লিখিতরূপ তত্ত্বজ্ঞানের উদ্রেক হইলে অজ্ঞান রহিত হইয়া কেবল ঐ চিন্ময় স্বরূপই বিদ্যমান থাকে। ইহাকেই কৈবল্য ও ইহাকেই মুক্তি বলে। যাঁহার তত্ত্বজ্ঞান সম্পন্ন হইয়াছে তাঁহার এইরূপ বোধ হইতে থাকে, আমি যাহা কিছু জানিবার জানিয়াছি, আমার সমুদয় ক্লেশ ও সমুদয় অনিষ্ট বিনষ্ট হইয়াছে, আমার বুদ্ধির গুণ সকল চরিতার্থ হইয়াছে, আমার তত্ত্বজ্ঞান উৎপন্ন সমাধি সুসম্পন্ন হইয়াছে, এবং আমার প্রকৃত স্বরূপ প্রকাশ পাইয়াছে।

এক পতঞ্জলি পাণিনি ব্যাকরণের ভাষ্য করেন। উ ফণিভাষ্য ও মহাভাষ্য বলিয়া প্রসিদ্ধ আছে। ঐ গ্রন্থ সুন্দর কৌশ

---

* ক্লেশ পাঁচ প্রকার; (১) অনিত্যে নিত্য-বোধ, দুঃখে সুখ-বোধ ইত্যা ভ্রম, (২) আমি দেহাদির স্বরূপ এইরূপ বোধ, (৩) রাগ, (৪) দ্বেষ, (৫) মরণ-ত্রা

† বিপাকের অর্থ জন্ম, আয়ু ও সুখ-দুঃখ-ভোগরূপ কর্ম্ম-ফল।

‡ আশয়ের অর্থ কর্ম্ম-জনিত বাসনা-নামক সংস্কার-বিশেষ। উহা অ করণে অবস্থিতি করে এবং উহা হইতে কর্ম্ম-ফলের উৎপত্তি হয়।

ক্রমে খৃ,পূ,দ্বিতীয় শতাব্দীর প্রথমার্দ্ধে বিরচিত বলিয়া প্রতিপন্ন হইয়াছে * ।

---

* অভিমন্যু নামে এক নৃপতি ন্যূনাধিক ষাট খৃষ্টাব্দে কাশ্মীর রাজ্যে রাজত্ব করেন; তিনি তথায় পতঞ্জলি-কৃত পাণিনি-ভাষ্য প্রচারিত করিয়া যান। অতএব ঐ সময়ের পূর্ব্বে উহা বিরচিত ও প্রচলিত হয় বলিতে হইবে। ইহা হইলে, পতঞ্জলি ঐ সময়ের পূর্ব্বকার লোক বলিয়া অবশ্যই পরিগণিত হন। তাহার কত পূর্ব্বে তিনি বিদ্যমান ছিলেন, এখন তাহা লিখিত হইতেছে।

পতঞ্জলি মহাভাষ্যের উদাহরণ-স্থলে লিখিয়াছেন, তাঁহার সময়ে যবনেরা অযোধ্যা নগর ও মাধ্যমিকদিগকে অবরোধ করে।

পাণিনি ব্যাকরণে এই একটি সূত্র আছে যে,

অনদ্যতনে লঙ্ ।

৩।২।১১১।

অনদ্যতন ভূতকালে,অর্থাৎ অদ্যকার পূর্ব্ব-ঘটিত বিষয় বুঝিতে লঙ্ * সংজ্ঞক বিভক্তি হয়।

পরোক্ষে চ লোকবিজ্ঞাতে প্রয়োক্তুর্দর্শনবিষয়ে ।

কাত্যায়ন-কৃত বার্ত্তিক।

যদি কোন বিষয় লোক-প্রসিদ্ধ হয় ও বক্তার পরোক্ষে অর্থাৎ অসাক্ষাৎকারে উপস্থিত হইয়া থাকে, অথচ তাঁহা কর্ত্তৃক দৃষ্ট হইলেও হইতে পারিত, তাহা হইলে সে স্থলে ঐ লঙ্ সংজ্ঞক বিভক্তি হইবে।

পতঞ্জলি ইহার দুইটি উদাহরণ প্রদর্শন করেন, তাহার একটি এই যে,

অরুণদ্যবনঃসাকেতম্ ॥

যবনে অযোধ্যা অবরোধ করিয়াছে। অপর একটি এই যে,

অরুণদ্যবনোমাধ্যমিকান্ ॥

যবনে মাধ্যমিকদিগকে (অর্থাৎ মধ্যদেশীয় লোকদিগকে অথবা মাধ্যমিক নামক বৌদ্ধ সম্প্রদায়কে) অবরোধ করিয়াছে † ।

---

* পাণিনির লঙ্ মুগ্ধবোধে দী বলিয়া উক্ত হইয়াছে।

† মাধ্যমিক শব্দের একটি অর্থ মধ্যদেশীয়। ঐ দেশের উত্তর সীমা হিমালয়, দক্ষিণ সীমা বিন্ধ্যাচল, পশ্চিম সীমা বিনশন অর্থাৎ কুরুক্ষেত্র এবং পূর্ব্ব সীমা প্রয়াগ। (মনু ২।২১।) বৌদ্ধ সম্প্রদায়-বিশেষের নামও মাধ্যমিক।

উল্লিখিত গ্রন্থ ও পাতঞ্জলদর্শন উভয়ই এক ব্যক্তির প্রণীত বলিয়া

যে ঘটনা পতঞ্জলির দৃষ্টি-গোচর হইলে হইতে পারিত, তিনি তাহারই ঐ দুইটি উদাহরণ প্রদর্শন করিয়াছেন। পাঠকগণ পশ্চাৎ দেখিতে পাইবেন, বহু পূর্ব্বে ভারতবর্ষীয়েরা গ্রীকদিগকেই যবন বলিয়া জানিতেন। এখন, কোন্ সময়ে কোন্ গ্রীক নরপতি অযোধ্যা নগর অবরোধ করেন ইহা নিরূপিত হইলেই, পতঞ্জলির সময় নিরূপিত হইবে।

জগদ্বিখ্যাত গ্রীক সম্রাট্ আলেকজাণ্ডার দিগ্বিজয়ে যাত্রা করিয়া ভারতবর্ষ-মধ্যে পঞ্জাব দেশ পর্য্যন্ত আগমন করেন এবং সেই স্থান হইতে প্রতিনিবৃত্ত হইয়া স্বদেশে ফিরিয়া যান। অতএব তাঁহার বিষয় উল্লেখ করা পতঞ্জলির ঐ দুই উদাহরণের উদ্দেশ্য হইতে পারে না। তাহার পরে অন্য কোন গ্রীক নৃপতি অযোধ্যা নগর ও মাধ্যমিকদিগকে অবরোধ করিয়াছিলেন তাহার সন্দেহ নাই।

খৃষ্টাব্দের ২৫০ (সার্দ্ধ দুই শত বৎসর) পূর্ব্বে গ্রীকেরা ভারতবর্ষের পশ্চিমোত্তরাংশে বাল্খ্ প্রদেশে একটি রাজ্য স্থাপন করেন। ঐ রাজ্য ক্রমশঃ ভারতবর্ষের মধ্যে সিন্ধু, পঞ্জাব ও তাহার পূর্ব্বদিকে কিয়দ্দূর পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল। ঐ রাজ্যের নয় জন গ্রীক নৃপতি খৃ,পূ,১৬০ একশত ষাট্ অবধি খৃ,পূ,৮৫ পঁচাশি পর্য্যন্ত ৭৫ পঁচাত্তর বৎসর ভারতবর্ষ-মধ্যে রাজত্ব করেন। সুপ্রসিদ্ধ গ্রন্থকার স্ট্রেবো লিখিয়া গিয়াছেন, তন্মধ্যে মেনেণ্ডর্ নামক রাজা যমুনা নদীর নিকট পর্য্যন্ত অধিকার করেন। ইদানীং মথুরায় তাঁহার একটি মুদ্রাও প্রাপ্ত হওয়া গিয়াছে। শ্রীযাবু লেসেন্ অনুসন্ধান করিয়া দেখিয়াছেন, ঐ রাজা খৃষ্টাব্দের ন্যূনাধিক ১৪৪ একশত চুয়াল্লিশ বৎসর পূর্ব্বে রাজ-সিংহাসনে অধিরূঢ় হইয়া বিংশতি বৎসরের অধিক কাল রাজত্ব করেন। অতএব ইঁহাকেই অযোধ্যার অবরোধক বলিয়া বিবেচনা করিতে পারা যায়।

যে ঘটনা পতঞ্জলির দৃষ্টিগোচর হইলে হইতে পারিত, তিনি তাহারই উদাহরণ প্রদর্শন করিয়াছেন। সুতরাং তিনি ঐ সময়ে অর্থাৎ খৃ, পূ, দ্বিতীয় শতাব্দীর প্রথমার্দ্ধে বিদ্যমান ছিলেন বলিয়া উল্লেখ করিতে পারা যায়।

পাণিনির অন্য একটি সূত্রে লিখিত আছে,

বর্ত্তমানে লট্।

৩ অ,২ পা, ১২৩ সূত্র।

বর্ত্তমান কালে লট্ * সংজ্ঞক বিভক্তি হয়।

কোন্ কোন্ স্থলে এই বিভক্তির প্রয়োগ হইবে, পতঞ্জলি তাহার একটি নিয়ম করিয়া দেন। তিনি লিখেন, যে ক্রিয়ার আরম্ভ হইয়াছে কিন্তু শেষ হয় নাই তাহাতেই এই বিভক্তি প্রয়োজিত হইবে। তিনি তাহার পশ্চাল্লিখিত কয়েকটি উদাহরণ প্রদর্শন করেন।

* পাণিনির লট্ মুগ্ধবোধের তী সংজ্ঞক বিভক্তি।

ভারতবর্ষীয় পণ্ডিতগণের দৃঢ় সংস্কার আছে *। তাহা হইলে যোগশাস্ত্রের বয়ঃক্রম ন্যূনাধিক দুই সহস্র বৎসর হয়। কিন্তু ঐ উভয় গ্রন্থ যে এক পতঞ্জলিরই কৃত, পণ্ডিতগণের চিরসংস্কার ব্যতিরেকে তাহার অন্য কোন রূপ প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না।

---

ইহাধীমহে। ইহ বসামঃ। ইহ পুষ্যমিত্রং যাজয়ামঃ ॥

মহাভাষ্য।

এস্থলে আমরা অধ্যয়ন করি, এস্থলে আমরা বাস করি, এস্থলে আমরা পুষ্পমিত্রের যজ্ঞে যাজন করি।

এই শেষোক্ত উদাহরণ-পাঠে স্পষ্ট বোধ হইতেছে, পতঞ্জলি যে সময়ে উল্লিখিত সূত্রের ভাষ্য লিখেন, সে সময়ে তিনি পুষ্পমিত্রের যজ্ঞে যাজন করিতে ছিলেন।

পুষ্পমিত্র মগধ রাজ্যের অধীশ্বর। মৎস্য ও ব্রহ্মাণ্ড পুরাণানুসারে খৃষ্টাব্দের ১৪২ বৎসর পূর্ব্বে তাঁহার রাজত্ব শেষ হয়। ইতি পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, যে যবন রাজা অযোধ্যা আক্রমণ করেন, তিনি খৃষ্টাব্দের ১৪৪ বৎসর পূর্ব্বে রাজ-সিংহাসনে অধিরূঢ় হন। এই দুইটি ঘটনার উপর নির্ভর করিয়া বিবেচনা করিলে এইরূপ সিদ্ধান্ত হইয়া উঠে যে, পতঞ্জলি খৃ, পূ, ১৪৫ বৎসরের পরে এবং খৃ, পূ.১৪১ বৎসরের পূর্ব্বে মহাভাষ্যের ঐ ঐ অংশ রচনা করেন*।—Theodor Goldstücker's Preface to Mánava-Kalpa-Sutra, pp. 229—235 and an Article by Rámkrishṇa Gopál Bhándárkar in the Indian Antiquary for October 1872, pp. 299—302.

* ষড়্‌গুরুশিষ্য কাত্যায়ন-কৃত অনুক্রমণিকার ভাষ্যে লিখিয়া গিয়াছেন,

যৎপ্রণীতানি বাক্যানি ভগবাংস্তু পতঞ্জলিঃ।

ব্যাখ্যৎ ****** ॥

যোগাচার্য্যঃ স্বয়ং কর্ত্তা যোগশাস্ত্রনিদানয়োঃ।

যাঁহার (অর্থাৎ পাণিনির) প্রণীত বাক্য সমুদায় ভগবান্ পতঞ্জলি ব্যাখ্যা করেন। * * * *। তিনি স্বয়ং যোগাচার্য্য এবং নিদান ও যোগ-শাস্ত্রের প্রণয়ন-কর্ত্তা।

---

* পুষ্পমিত্র সংক্রান্ত প্রমাণটি শ্রীযুত রামকৃষ্ণগোপাল ভাণ্ডারকরের প্রদর্শিত। ঐ রাজার রাজত্ব-কালের বৎসর-সংখ্যাটি পুরাণোক্ত; কোন প্রামাণিক ইতিহাসে লিখিত নয়। ভিন্ন ভিন্ন পুরাণে সে বিষয়ে মত-ভেদও দেখিতে পাওয়া যায়। ঐ সংখ্যাটি মৎস্য ও ব্রহ্মাণ্ড পুরাণানুসারে ৩৬ ছত্রিশ এবং বায়ু পুরাণানুসারে ৬০ ষাট্। ( Wilson's Vishnu Purána 1840, p. 471.) যদিও এই উভয় সংখ্যার কোনটি একবারে অসম্ভব নয় বটে, কিন্তু কেবল মৎস্য ও ব্রহ্মাণ্ড পুরাণানুসারে পুষ্পমিত্র ও পতঞ্জলির সময় যত নির্দ্দিষ্ট করিয়া দেখা হইয়াছে, তাহা নিতান্ত নিশ্চিত ও নিঃসংশয় বলিয়া উল্লেখ করা যায় না।

পতঞ্জলি-কৃত যোগসূত্র, বেদব্যাস-কৃত বলিয়া প্রচলিত পাতঞ্জলভাষ্য, বিজ্ঞানভিক্ষু-কৃত যোগবার্ত্তিক, ভোজরাজ রণরঙ্গমল্ল-কৃত বলিয়া প্রসিদ্ধ রাজমার্ত্তণ্ড, নাগোজীভট্ট-কৃত পাতঞ্জল-সূত্র-বৃত্তি ইত্যাদি যোগশাস্ত্রে এই দর্শনের মত বিবৃত ও বিচারিত হইয়াছে।

---

## বৈশেষিক।

কণাদ ঋষি এই দর্শনের প্রবর্ত্তক। কিছু পরেই দৃষ্ট হইবে, তিনি বিশেষ নামে একটি অতিরিক্ত পদার্থ স্বীকার করেন এই নিমিত্ত ইহাকে বৈশেষিক দর্শন বলে।

কপিল যেমন প্রকৃতি পুরুষকে নিত্য বলিয়া স্বীকার করেন, কণাদ সেই-রূপ জল, বায়ু, মৃত্তিকাদি প্রভৃতি নয়টি পদার্থ নিত্য বলিয়া অঙ্গীকার করিয়াছেন। সেই নয়টির নাম দ্রব্য পদার্থ *।

---

* বৈশেষিক পণ্ডিতেরা দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায়, অভাব এই সাতটির নাম পদার্থ রাখিয়াছেন। দ্রব্য তাহারই প্রথম পদার্থ।

গুণ।—গুণ-পদার্থ চব্বিশটি; রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথকৃত্ব, সংযোগ, বিয়োগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, (১অ, ১আ, ৬সূ।) শব্দ, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার *, পাপ ও পুণ্য।

কণাদ প্রথম সতরটি গুণ পদার্থ গণনা করিয়া যান; পরে তাহার সহিত শেষ সাতটি সংযোজিত হয়।

কর্ম্ম।—সমুদায়ে পাঁচটি কর্ম্ম; উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ ও গমন।—১ অ, ১ আ, ৭সূ।

সামান্য।—বস্তুর জাতি অর্থাৎ সাধারণ ধর্ম্মকে সামান্য পদার্থ বলে; যেমন ঘটত্ব, গোত্ব, পশুত্ব ইত্যাদি। ঘট-জাতির নাম ঘটত্ব, গো-জাতির নাম গোত্ব, পশু-জাতির নাম পশুত্ব ইত্যাদি।—১ অ, ২ আ, ৩সূ।

বিশেষ।—বিশেষ-পদার্থের বিষয় পশ্চাৎ লিখিত হইবে।—১অ, ২আ, ৩সূ।

সমবায়।—সম্বন্ধ-বিশেষের নাম সমবায়; যেমন গুণের সহিত গুণ-বিশিষ্ট দ্রব্যের সম্বন্ধ, দ্রব্যের সহিত তদীয় পরমাণুর সম্বন্ধ, ঘটের সহিত মৃত্তিকার সম্বন্ধ, বস্ত্রের সহিত তদীয় সূত্রের সম্বন্ধ, দ্রব্যের সহিত তদীয় অংশের সম্বন্ধ, জাতির সহিত তদন্তর্গত ব্যক্তির সম্বন্ধ, কর্ত্তার সহিত কর্ম্মের সম্বন্ধ ইত্যাদি।—৭অ, ২আ, ২৬ সূত্র।

---

* সংস্কার তিন প্রকার; স্মরণ-শক্তি, স্থিতিস্থাপকতা ও বেগ। বেগ ক্রিয়াদি দ্বারা উৎপন্ন হয়। উহা গতির কারণ-স্বরূপ।

**পৃথিব্যাপস্তেজোবায়ুরাকাশং কালোদিগাত্মা মন ইতি দ্রব্যাণি।**

বৈশেষিক দর্শন। ১ অধ্যায়। ১ আহ্নিক। ৫ সূত্র।

পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা, মন এই গুলি দ্রব্য পদার্থ।

পূর্ব্বেই লিখিত হইয়াছে, বৈশেষিক শাস্ত্রের মতে এই নয়টি পদার্থই নিত্য *। কিন্তু তন্মধ্যে জল, বায়ু, মৃত্তিকা, তেজ এই চারি প্রকার জড় পদার্থের পরমাণু মাত্র নিত্য; আর পরমাণু-সমষ্টি-স্বরূপ ঘট পটাদি সাবয়ব দ্রব্য সমুদায় অনিত্য।

**নিত্যোঽনিত্যশ্চ সা দ্বেধা নিত্যা স্যাদণুলক্ষণা।**
**অনিত্যা তু তদন্যা স্যাৎ সৈবাবয়বযোগিনী॥**

ভাষাপরিচ্ছেদ। ৩৫ ও ৩৬ শ্লোক।

---

অভাব।—অভাবের অর্থ নিষেধ অথবা না থাকা। ইহা চারি প্রকার। প্রথমতঃ—ঘটাদি কোন বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে তাহার যে অভাব থাকে, তাহাকে প্রাগভাব বলে। দ্বিতীয়তঃ—ঘট পটাদি কোন বস্তু নষ্ট হইলে তাহার যে অভাব হয়, তাহার নাম ধ্বংসাভাব। তৃতীয়তঃ—গৃহ ঘট নয় এইরূপ কথায় দুই বস্তুর পরস্পর যে প্রভেদ বোধ হয়, তাহা ভেদাভাব বলিয়া উল্লিখিত হয়। চতুর্থতঃ—এ গৃহে বস্ত্র নাই এরূপ কথা বলিলে যে অভাব বুঝায়, তাহা অত্যন্তাভাব বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

বৈশেষিক শাস্ত্রে প্রথমে অভাব-পদার্থ পরিগণিত ছিল না; শাস্ত্র-প্রবর্ত্তক কণাদ ঋষি সূত্রের মধ্যে কেবল ছয়টি পদার্থ গণনা করিয়া যান।

**ধর্ম্মবিশেষপ্রসূতাদ্ দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষসমবায়ানাং পদার্থানাং সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যাভ্যাং তত্ত্বজ্ঞানান্নিঃশ্রেয়সম্।**

বৈশেষিক দর্শন। ১ অ। ১ আ। ৪ সূ।

ধর্ম্ম-বিশেষ হইতে তত্ত্বজ্ঞান জন্মে এবং তত্ত্বজ্ঞান হইতে নিঃশ্রেয়স অর্থাৎ আত্যন্তিক দুঃখ-নিবৃত্তি হইয়া থাকে। দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় এই কয়েক পদার্থের সাধর্ম্ম্য বৈধর্ম্ম্য হইতে ঐ তত্ত্বজ্ঞানের উৎপত্তি হয়।

জগতের যথার্থ স্বরূপ ও প্রাকৃতিক নিয়ম দৃষ্টে এ বিভাগগুলি নির্দ্ধারিত হয় নাই। অন্যান্য পদার্থের কথা দূরে থাকুক, অধুনাতন বিজ্ঞানবিৎ পণ্ডিতেরা কাল ও মৃত্তিকা এক শ্রেণী-ভুক্ত বলিয়া ভ্রমেও মনে করিতে পারেন না।

* বৈশেষিক দর্শন। ২ অধ্যায়, ২ আহ্নিক, ৭ সূত্র। ২ অ, ২ আ, ১১ সূ। ২ অ, ১ আ, ২৮ সূ। ২ অ, ১আ, ১৩ সূ। ৩ অ, ২ আ, ২ সূ। ৩ অ, ২ আ, ৫ সূ। ৪ অ, ১ আ, ১ সূ। ৭ অ, ১ আ, ৪ সূ।

পৃথিবী দুইপ্রকার; নিত্য ও অনিত্য। পৃথিবীর পরমাণু নিত্য, আর (সেই পরমাণুর সমষ্টি-স্বরূপ ঘট-পটাদি) সাবয়ব পার্থিব দ্রব্য সমুদয় অনিত্য।

**জলত্বং দ্বিবিধং নিত্যমনিত্যঞ্চ। পরমাণুরূপং নিত্যং। দ্ব্যণুকাদিকম্ সর্ব্বমনিত্যং অবয়বসমবেতঞ্চ॥**

সিদ্ধান্তমুক্তাবলী। (ভা, প, ৩৯ শ্লোকের টীকা।)

জল দুই প্রকার; নিত্য ও অনিত্য। জলের পরমাণু নিত্য, আর (তদীয় পরমাণুর সমষ্টি-স্বরূপ) দ্ব্যণুকাদি * সমুদায় সাবয়ব বস্তু অনিত্য।

**তদ্দ্বিবিধং নিত্যমনিত্যঞ্চ। নিত্যং পরমাণুরূপং। তদন্যদনিত্যং অবয়বি॥**

সিদ্ধান্তমুক্তাবলী। (ভা, প, ৪০ শ্লোকের টীকা।)

তাহা অর্থাৎ তেজ দুই প্রকার; নিত্য ও অনিত্য। তাহার পরমাণু নিত্য, আর (ঐ পরমাণুর সমষ্টি-স্বরূপ) সাবয়ব তেজ সমুদয় অনিত্য।

**বায়ুর্দ্বিবিধো নিত্যোঽনিত্যশ্চ। পরমাণুরূপোনিত্যস্তদন্যোঽনিত্যঃ সমবেতশ্চ।**

সিদ্ধান্তমুক্তাবলী। (ভা, প, ৪২ শ্লোকের টীকা।)

বায়ু দুই প্রকার; নিত্য ও অনিত্য। বায়ুর পরমাণু নিত্য, আর ঐ পরমাণুর সমষ্টি সমুদায় অনিত্য।

মনও সূক্ষ্ম পরমাণু-বিশেষ। মহর্ষি কণাদই এই পরমাণুবাদ প্রবর্ত্তিত করেন এইরূপ প্রসিদ্ধ আছে। পরমাণু রূঢ় ও মূল পদার্থ। উহা নিত্য; কাহার কর্ত্তৃক সৃষ্ট হয় নাই।

**সদকারণবন্নিত্যম্॥**

বৈশেষিক দর্শন। ৪ অ, ১ আ, ১ সূত্র।

পরমাণু সৎ-স্বরূপ নিত্য পদার্থ; তাহার আর কারণ নাই।

প্রত্যক্ষ-গোচর যাবতীয় জড়-পদার্থ উহারই সংযোগে উৎপন্ন হইয়াছে। বৃক্ষ, লতা, গুল্ম, কুণ্ডল, কটাহ প্রভৃতি সমুদয় বস্তুর আকার দেখিলেই তাহাদিগকে পরস্পর ভিন্ন বলিয়া প্রতীতি জন্মে। কিন্তু পরমাণুর তো আকার দেখা যায় না, তবে কিরূপে জল, বায়ু ও মৃত্তিকাদি ভিন্ন ভিন্ন বস্তুর পরমাণু ভিন্ন ভিন্ন প্রকার বলিয়া নিশ্চয় হয় এই প্রশ্নের সিদ্ধান্ত করিতে গিয়া কণাদ ঋষি কল্পনা করিলেন, বিশেষ বিশেষ প্রকার পরমাণুতে বিশেষ নামে একটি পদার্থ আছে, তাহারই শক্তিতে ভিন্ন ভিন্নরূপ পরমাণু ভিন্ন ভিন্ন বলিয়া নিশ্চয় হয়।

---

* দুই পরমাণু একত্র সংযুক্ত হইলে তাহাকে দ্ব্যণুক বলে।

তাঁহার মতে, অদৃষ্ট অর্থাৎ অদৃষ্ট কারণ-বিশেষ দ্বারা, উল্লিখিত পরমাণু সমুদায়ের সংযোগ হইয়া বিশ্ব-সংসার উৎপন্ন হয়। পশ্চাৎ কয়েকটি সূত্র উদ্ধৃত হইতেছে; পাঠ করিয়া দেখিলেই জানিতে পারা যাইবে।

**নোদনাভিঘাতাৎ সংযুক্তসংযোগাচ্চ পৃথিব্যাং কর্ম্ম। তদ্বিশেষেণাদৃষ্টকারিতম্॥**

৫ অ, ২ আ, ১ ও ২ সূ।

পৃথিবীতে সঞ্চালন, অভিঘাত ও সংযুক্ত বস্তুর পরস্পর সংযোগ হইতে কর্ম্মের উৎপত্তি হয়। ইহা ভিন্ন অন্যরূপে (ভূমি-কম্পাদি) যে কোন ক্রিয়ার ঘটনা হয়, অদৃষ্ট তাহার কারণ।

**বৃক্ষাভিসর্পণমিত্যদৃষ্টকারিতম্॥**

৫ অ, ২ আ, ৭ সূত্র।

বৃক্ষেতে যে রস-সঞ্চরণ হয়, অদৃষ্ট তাহার কারণ।

**অপসর্পণমুপসর্পণমশিতপীতসংযোগাঃ কার্য্যান্তরসংযোগাশ্চেত্যদৃষ্টকারিতানি॥**

৫ অ, ২ আ, ১৭ সূত্র।

অপসর্পণ*, উপসর্পণ †, ভুক্ত ও পীত বস্তুর সংযোগ, অন্য অন্য কার্য্যের সংযোগ ‡ এই সমুদায় ব্যাপার অদৃষ্ট হইতে উৎপন্ন হয়।

**অগ্নেরূর্দ্ধ্বজ্বলনং বায়োস্তির্য্যক্‌পবনমণূনাং মনসশ্চাদ্যং কর্ম্মাদৃষ্টকারিতম্॥**

৫ অ, ২ আ, ১৩ সূত্র।

অগ্নি-শিখার ঊর্দ্ধ-গমন, বায়ুর তির্য্যক্‌ গতি, পরমাণু ও অন্তঃকরণের আদিম অর্থাৎ সৃষ্টি-কালীন ¶ ক্রিয়া অদৃষ্ট হইতে উৎপন্ন হয় §।

---

* মৃত্যু-কালে দেহ হইতে মনের বহির্গমন।—শঙ্করমিশ্র-কৃত উপস্কার।

† দেহান্তরে মনের প্রবেশ।—শ, উ।

‡ কার্য্যান্তরাণামিন্দ্রিয়প্রাণানাং দেহেন সহ সংযোগাঃ॥

জয়নারায়ণ তর্কপঞ্চানন-কৃত কণাদ-সূত্র-বিবৃতি।

দেহের সহিত অন্য অন্য কার্য্যের অর্থাৎ ইন্দ্রিয় ও প্রাণের সংযোগ।

¶ আদ্যমিতি সর্গাদ্যকালীনমিত্যর্থঃ॥

৫।২।১৩ সূত্রের উপস্কার।

আদ্য শব্দের অর্থ সৃষ্টির প্রথম-কালীন।

§ অদৃষ্ট-প্রতিপাদক সূত্রগুলি পর্য্যালোচনা করিয়া দেখিলে, দুই প্রকার

এইরূপ অদৃষ্ট কারণ-বিশেষ দ্বারা, অথবা কোন কোন গ্রন্থানুসারে ঈশ্বরেচ্ছা, কাল বা অন্য কারণ দ্বারা জড়-পরমাণু সমুদায়ের সংযোগ হয়। দুই পার্থিব পরমাণু সংযুক্ত হইয়া এক দ্ব্যণুক হয়। তিন দ্ব্যণুকে এক ত্রসরেণু হয়। এইরূপ উত্তরোত্তর স্থূলতর অবয়ব উৎপন্ন হইয়া অবশেষ সমুদয় পার্থিব বস্তু বিরচিত হয়। এইপ্রকারে জলীয় পরমাণুর যোগে জলের অবয়ব, তৈজস পরমাণুর যোগে তেজের অবয়ব ও বায়বীয় পরমাণুর যোগে বায়ুর অবয়ব উৎপন্ন হইয়া থাকে। এইরূপেই বিশ্ব-সংসার সৃষ্ট হইয়াছে।

ইয়ুরোপের মধ্যে পরমাণুবাদ এখন সর্ব্ববাদি-সম্মত। শ্রীমান্ ডেলটন্ ইদানীং * ইহার পুনরুদ্ভাবন করেন্ এবং রসায়ন-বিদ্যা সংক্রান্ত বিচারক্রমে একরূপ সপ্রমাণ অথবা অতিমাত্র সম্ভাবিত করিয়া তুলেন। তাহার দুই সহস্র বৎসর অপেক্ষাও অধিক কাল পূর্ব্বে ভারতবর্ষে মহর্ষি কণাদ এই মত প্রবর্ত্তিত করেন তাহার সন্দেহ নাই। পূর্ব্বকালে গ্রীস্ দেশে শ্রীমান্ ডেমক্রিটস্ এইরূপ পরমাণুবাদ প্রকাশ করিয়া যান। কণাদের সহিত তাঁহার কিরূপ সম্বন্ধ, স্থির করা কঠিন। এই উভয়ের মধ্যে কেহ কাহার নিকট ঋণ-বন্ধনে বদ্ধ আছেন কি স্বতন্ত্র স্বতন্ত্র স্ব স্ব দেশে নিজ নিজ মত প্রচলিত করেন, নিশ্চয় বলা যায় না। ডেমক্রিটস্ গ্রীস্-দেশীয় কণাদ এবং কণাদ ভারতবর্ষীয় ডেমক্রিটস্।

অন্যান্য দর্শনকার অপেক্ষা কণাদের জড় পদার্থের জ্ঞানানুশীলনে সমধিক প্রবৃত্তি জন্মে দেখা যাইতেছে। তিনি পরমাণুবাদ সংস্থাপন করিয়া সে বিষয়ের সূত্রপাত করেন। মেঘ, বিদ্যুৎ, বজ্রাঘাত, ভূমিকম্প, বৃক্ষের রস-সঞ্চরণ, করকা ও হিমশিলা, চুম্বক ও চৌম্বকাকর্ষণ, জড়ের সংযোগ-বিভাগাদি গুণ ও গত্যাদি ক্রিয়া প্রভৃতি নানা ব্যাপারে তাঁহার চিত্তাকর্ষণ

---

অদৃষ্ট কারণ অথবা অদৃষ্ট কারণের দুই প্রকার স্বরূপ লক্ষিত হইয়া থাকে। এস্থলে যেরূপ অদৃষ্ট-ক্রিয়ার উদাহরণ সমুদয় দর্শিত হইল, তাহা জড় পদার্থের গুণ-বিশেষ বা শক্তি-বিশেষ বলিয়া অধুনাতন লোকের প্রতীয়মান হইতে পারে। আর একরূপ অদৃষ্ট যাগ-যজ্ঞাদি ক্রিয়ার অনুষ্ঠান দ্বারা উৎপন্ন হয় এইরূপ লিখিত আছে। বোধ হয়, যেরূপ কারণ দৃষ্ট হয় না তাহাই অদৃষ্ট বলিয়া উল্লিখিত হইয়াছে। টীকাকারেরাও দৃষ্ট ও অদৃষ্ট এই উভয় প্রকার কারণের পরস্পর প্রভেদ ও বৈপরীত্য প্রদর্শন করিয়াছেন এবং যে বিষয়ের কারণ দৃষ্টি-গোচর হয় না, তাহারই সেই কারণ অদৃষ্ট বলিয়া উপদেশ দিয়াছেন।

দৃষ্টে সত্যে অদৃষ্টকল্পনানবকাশাৎ ॥

ঐ উপস্কার।

কেন না, দৃষ্ট কারণ সত্ত্বে অদৃষ্ট কারণ কল্পনার প্রয়োজন নাই।

* অর্থাৎ খ্রীষ্টাব্দের উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে। তিনি ১৮৪৪ খ্রীষ্টাব্দে প্রাণত্যাগ করেন।

হয়*। কিন্তু আক্ষেপের বিষয় এই যে, সূত্রপাতেই অবশেষ হইল। অঙ্কুর রোপিত হইল, কিন্তু বর্দ্ধিত, পুষ্পিত ও ফলিত হইল না। উহা সংস্কৃত, পরিবর্দ্ধিত ও বহুলীকৃত করিয়া ফল-পুষ্প-শোভায় সুশোভিত করা ভারতভূমির ভাগ্যে ঘটিল না। কালক্রমে সে সৌভাগ্য বেকন্, কোম্ত্ ও হম্বোল্‌টের জন্মভূমিতে গিয়া প্রকাশিত ও প্রাদুর্ভূত হইয়া উঠিল। তথাপি আমাদের সুশ্রুত, চরক, আর্য্যভট্টাদির পদ-কমলে বার বার নমস্কার!

জগতের কারণ-নিরূপণ দর্শন-শাস্ত্রের একটি প্রধান উদ্দেশ্য। ইহাতে, কণাদ পদার্থ-গণনার মধ্যে আস্তিক-মাত্রেরই স্বীকৃত পরম-পদার্থ পরমেশ্বরের নাম উল্লেখ না করিলেন কেন? কেবল গণনা কেন, সমুদায় বৈশেষিক সূত্রের মধ্যে কুত্রাপি পরমেশ্বরের নাম সুস্পষ্ট উল্লিখিত নাই। উত্তরকালীন বৈশেষিক পণ্ডিতেরা দ্রব্য-পদার্থের অন্তর্গত আত্মা শব্দের দুই প্রকার অর্থ করেন; জীবাত্মা ও পরমাত্মা। টীকাকারেরা কণাদ-কৃত সূত্র-বিশেষের শব্দ-বিশেষ হইতে ঈশ্বরের বিষয় নিষ্পন্ন করেন† একথা যথার্থ বটে, কিন্তু যখন জগতের কারণ নির্দ্ধারণ করা

* বৈশেষিক দর্শনের। ১ অ, ১ আ, ৬ সূত্র। ১ অ, ১ আ, ৭ সূ। ৪ অ, ১ আ, ৭ সূ। ৫ অ, ১ আ, ১৫ সূ। ৫ অ, ২ আ, ৭ সূ। ৫ অ, ২ আ, ৮ সূ। ৫ অ, ২ আ, ৯ সূ। ৫ অ, ২ আ, ১২ সূ। ইত্যাদি।

† এ বিষয়ের একটি উদাহরণ প্রদর্শিত হইতেছে। শঙ্করমিশ্র বৈশেষিক দর্শনের তৃতীয় সূত্রের অন্তর্গত 'তৎ' শব্দের নিম্ন-লিখিতরূপ অর্থ করেন।

তদিত্যনুপক্রান্তমপি প্রসিদ্ধিসিদ্ধতয়েশ্বরং পরামৃশতি ॥

তৎশব্দের অর্থ ঈশ্বর ইহা প্রসিদ্ধই আছে, অতএব পূর্ব্বে সূচনা না থাকিলেও, এস্থলে উহা ঈশ্বর-বাচক বলিয়া বিবেচিত হইতেছে।

কিন্তু যখন উহার পূর্ব্ব সূত্রে ধর্ম্মের প্রসঙ্গ আছে, তখন এই "তৎশব্দ" ধর্ম্মবাচকই বলিতে হইবে। পশ্চাৎ উক্ত সূত্র উদ্ধৃত করিয়া যথাশ্রুত অর্থ করা হইতেছে, পাঠকগণ বিবেচনা করিয়া দেখিলেই জানিতে পারিবেন।

যতোঽভ্যুদয়নিঃশ্রেয়সসিদ্ধিঃ স ধর্ম্মঃ ॥

১ অ, ১ আ, ২ সূ।

যাহা, হইতে অভ্যুদয় ও নিঃশ্রেয়স অর্থাৎ স্বর্গ ও অপবর্গ প্রাপ্ত হওয়া যায়, তাহার নাম ধর্ম্ম।

তদ্বচনাদাম্নায়স্য প্রামাণ্যম্ ॥

১ অ, ১ আ, ৩ সূ।

বেদে তদ্বচন অর্থাৎ ধর্ম্ম-বিষয়ক বচন আছে বলিয়া, বেদ প্রামাণিক।

দর্শন-শাস্ত্রের একটি প্রধান প্রয়োজন, তখন যদি ঈশ্বরকে বিশ্ব-কারণ বলিয়া তাঁহার স্থির নিশ্চয় থাকিত, তাহা হইলে সে বিষয়ের সুস্পষ্ট বিবরণ না করা তাঁহার পক্ষে কোন মতেই সঙ্গত হইতে পারে না।

ঈশ্বর-বিষয়ে যেরূপ বিশ্বাস থাকাতে, টীকাকারেরা সূত্রের মধ্যে তদীয় প্রসঙ্গ না দেখিয়াও তাহা হইতে যোগে যাগে কোনরূপে ঈশ্বরের অস্তিত্ব নিষ্পন্ন করিবার চেষ্টা পাইয়াছেন, কণাদ ঋষির সেইরূপ বিশ্বাস থাকিলে, সূত্রের মধ্যে ঈশ্বর-প্রসঙ্গ সুস্পষ্ট না লিখিয়া তাহার অন্তর্গত শব্দ-বিশেষের অভ্যন্তর-গুহায় তাহা প্রচ্ছন্ন রাখা কি কোনরূপে সম্ভব হয়? টীকাকারেরা যদি নিজে ঐ সূত্রগুলি রচনা করিতেন, তাহা হইলে এ বিষয়ে কিরূপ ব্যবহার করিতেন, একবার ভেবে দেখিলেই হয়। বারম্বার ঈশ্বরের নাম কীর্ত্তন করিতেনই করিতেন তাঁহার সন্দেহ নাই। না করিবেনই বা কেন? যাঁহার যাহাতে দৃঢ় বিশ্বাস ও অবিচলিত ভক্তি থাকে, সুযোগ ও প্রয়োজন উপস্থিত হইলে, তিনি তাহা কীর্ত্তন না করিয়া থাকিতে পারেন না। কেবল ঈশ্বরের নাম তো অল্প কথা; তাঁহারা 'গোপবধূটীদুকূলচৌরায়' ও অন্য অন্য বিশেষণে বিশেষিত কৃষ্ণ, বিষ্ণু, ষষ্ঠী, পঞ্চানন প্রভৃতি কত কত দেবতার পদ-যুগলে প্রণিপাত করিয়া গ্রন্থের মঙ্গলাচরণ সম্পাদন করিতে পারিতেন। যদি তাঁহাদের ন্যায় কণাদ ঋষির ঈশ্বরেতে আস্থা থাকিত, তাহা হইলে তিনি পদার্থ-গণন, সৃষ্টি-প্রক্রিয়া-বর্ণন ও মুক্তি-সাধনাদি সংক্রান্ত কোন না কোন সূত্রে ঈশ্বরের বিষয় সুস্পষ্ট উল্লেখ না করিয়া থাকিতে পারিতেন না। প্রত্যুত তাঁহার মতে পরমাণু-পুঞ্জের সংযোগে জড়ময় জগতের উৎপত্তি হয়; অদৃষ্ট অর্থাৎ অদৃষ্ট কারণ-বিশেষ সেই সংযোগের প্রবর্ত্তক। তাহাতে ঈশ্বরের কর্ত্তৃত্ব-প্রসঙ্গও কিছুমাত্র লিখিত নাই। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, তিনি ঈশ্বরের অস্তিত্ব অঙ্গীকার করিতেন না এইরূপই প্রতীয়মান হইয়া উঠে।

যদিও বৈশেষিক দর্শনে অচেতন সচেতন নানাবিধ পদার্থের বিষয়ই সমধিক বর্ণিত ও বিচারিত হইয়াছে, তথাচ ধর্ম্ম-নিরূপণ ও মুক্তি-সাধনের উপায় নির্দ্ধারণই এ শাস্ত্রের প্রধান উদ্দেশ্য।

কণাদ প্রথম সূত্রেই লিখেন,

**অথাতো ধর্ম্মং ব্যাখ্যাস্যামঃ॥**

বৈশেষিক দর্শন। ১ অ, ১ আ, ১ সূত্র।

অতঃপর ধর্ম্মের বিষয় ব্যাখ্যা করিব।

ধর্ম্ম দুই প্রকার; অভ্যুদয়-হেতু ও নিঃশ্রেয়স-হেতু *। ইহার মধ্যে নিঃশ্রেয়স অর্থাৎ মুক্তি পরম পুরুষার্থ। অত্যন্ত দুঃখ-নিবৃত্তির নাম মুক্তি।

* ২০ পৃষ্ঠা দেখ।

মুক্তি-লাভ হইলে কোন কালেই কিছুমাত্র দুঃখ থাকে না। শরীরের সহিত আত্মার সম্বন্ধ-নাশ হইলেই উহার উৎপত্তি হয়।

**অথনৈব শরীরমনোবিভাগঃ।**

৬ অ, ২ আ, ১৬ সূত্রের উপস্কার।

শরীর ও মনের বিচ্ছেদই মোক্ষ।

কণাদ এ বিষয়ের নিম্ন-লিখিত সূত্রটি প্রণয়ন করেন।

**আত্মকর্ম্মসু মোক্ষো ব্যাখ্যাতঃ॥**

বৈশেষিক দর্শন। ৬ অ, ২ আ, ১৬ সূত্র।

আত্ম-কর্ম্ম সম্পন্ন হইলে মুক্তি হয় এইরূপ উক্ত হইয়াছে *।

টীকাকারেরা শ্রবণ, মনন, যোগাভ্যাস, নিদিধ্যাসন, আসন, প্রাণায়াম, শম, দম, আত্ম-সাক্ষাৎকার, পূর্ব্বোৎপন্ন ধর্ম্মাধর্ম্ম-জ্ঞান ইত্যাদি কতকগুলি বিষয় আত্ম-কর্ম্ম বলিয়া বর্ণন করিয়াছেন।

শ্রুত্যাদি-প্রতিপন্ন আত্মার গুণ ও স্বরূপ শ্রবণকে শ্রবণ বলে এবং কণাদ-প্রণীত বৈশেষিক দর্শনে উপদৃষ্ট দ্রব্য, গুণ, কর্ম্মাদি পদার্থ চিন্তনকে মনন বলে। এইরূপ মননই প্রথম আত্ম-কর্ম্ম বলিয়া উল্লিখিত হইয়াছে।

**ষড়্পদার্থতত্ত্বজ্ঞানমাদ্যমাত্মকর্ম্ম॥**

ঐ সূত্রের উপস্কার।

(পূর্ব্বোক্ত) ছয় প্রকার পদার্থের তত্ত্বজ্ঞান প্রথম আত্ম-কর্ম্ম।

এইরূপ শ্রবণ, মনন, নিদিধ্যাসনাদি সম্পন্ন হইলে তত্ত্ব-জ্ঞান জন্মে, অর্থাৎ দেহাদি যে আত্মা নয় এইরূপ নিশ্চিত জ্ঞান উৎপন্ন হয়। এই জ্ঞানের উদয় হইলে রাগ-দ্বেষ থাকে না; রাগ-দ্বেষ নষ্ট হইলে ধর্ম্মাধর্ম্মে প্রবৃত্তি জন্মে না; ধর্ম্মাধর্ম্মের প্রবৃত্তি রহিত হইলে আর পুনরায় জন্ম-গ্রহণ হয় না; তাহা হইলেই আর কিছুমাত্র কোন রূপ দুঃখ থাকে না। এইরূপ আত্যন্তিক দুঃখ-বিনাশই মোক্ষ †।

---

* আগমেনসিদ্ধিঃ॥

জয়নারায়ণ তর্কপঞ্চানন-কৃত বিবৃতি।

বেদে উক্ত হইয়াছে।

† জয়নারায়ণ তর্কপঞ্চানন-কৃত ৬ অ, ২ আ, ১৬ সূত্র-বিবৃতি।

## ন্যায় দর্শন।

মহর্ষি গোতম এই দর্শন প্রবর্ত্তিত করেন। তাঁহার অন্য একটি নাম অক্ষপাদ, এই নিমিত্ত ইহা গোতম-দর্শন ও অক্ষপাদ-দর্শন বলিয়াও প্রচলিত আছে।

গোতম ঈশ্বরের সত্ত্বা স্বীকার করিতেন এমন বোধ হয় না। পশ্চাৎ সে বিষয়ের প্রসঙ্গ উপস্থিত হইবে। উত্তরকালীন নৈয়ায়িক পণ্ডিতেরা স্পষ্টরূপে ঈশ্বরের অস্তিত্ব অঙ্গীকার করিয়াছেন; কিন্তু তাঁহাদের মতে, তিনি জগতের সৃষ্টিকর্ত্তা *নন, নির্ম্মাণকর্ত্তা।

তাঁহারাও বৈশেষিক পণ্ডিতদের সহিত একমতস্থ হইয়া, পরমাণুবাদ স্বীকার করেন, বিশেষ পদার্থ ব্যতিরেকে অপরাপর সমস্ত পদার্থ অঙ্গীকার করেন এবং মৃত্তিকাদি চারিটি জড় পদার্থের পরমাণু এবং অবশিষ্ট সমুদয় দ্রব্য-পদার্থ নিত্য বলিয়া বিশ্বাস করেন। বৈশেষিক দর্শনের বিবরণ-মধ্যে সে সমস্ত বিষয় সংক্ষেপে লিখিত হইয়াছে, অতএব এস্থলে আর পুনরুক্তি করিবার প্রয়োজন নাই।

স্থপতিরা যেমন ইষ্টকাদি লইয়া গৃহ নির্ম্মাণ করে, পরমেশ্বর সেইরূপ ঐ মৃত্তিকাদি জড়-পরমাণু লইয়াই ব্রহ্মাণ্ড রচনা করিয়াছেন। তিনি অশরীরী অর্থাৎ মনুষ্যাদির ন্যায় তাঁহার শরীর নাই, সুতরাং শরীর-সাধ্য সুখ, দুঃখ, রাগ, দ্বেষাদিও বিদ্যমান নাই। জীবের ন্যায় ক্ষণে ক্ষণে তাঁহার ইচ্ছার উৎপত্তি ও ভঙ্গ হয় না। তাঁহার জ্ঞান, ইচ্ছা, যত্নাদি সকলই নিত্য। তিনি যাহা জানিবার ও ইচ্ছা করিবার, একবারেই জানিয়া ও করিয়া রাখিয়াছেন।

বৈশেষিক শাস্ত্রোক্ত উল্লিখিত পদার্থ সমুদয় ব্যতিরেকে ন্যায়-শাস্ত্রে আর একরূপ ষোলটি পদার্থ পরিগণিত হইয়াছে। পদার্থ শব্দ শুনিয়া অনেকে মনে করিতে পারেন, ঐ ষোলটি বুঝি জল, বায়ু, মৃত্তিকাদির মত কোনরূপ জড় পদার্থ হইবে। না, তা নয়। ন্যায়-দর্শন প্রকৃত তর্ক শাস্ত্র। উহাতে তর্ক অর্থাৎ বিচার-প্রণালী বিশেষরূপে উপদৃষ্ট হইয়াছে। সেই বিচার-প্রণালী প্রদর্শনই প্রকৃত ন্যায় দর্শন। তাহারই প্রমাণ, প্রমেয়, সিদ্ধান্ত প্রভৃতি ষোলটি অঙ্গ ষোল পদার্থ বলিয়া লিখিত হইয়াছে। যাহার দ্বারা কোন বিষয়ের নির্ণয় করা যায়, তাহাকে প্রমাণ বলে; যেমন প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ।

ইহার মধ্যে প্রত্যক্ষ ও অনুমানই বলবৎ প্রমাণ। অনুমান-খণ্ড ন্যায়-

---

* প্রথমে কেবল ঈশ্বরই ছিলেন, অন্য কিছুই ছিল না, তিনি সমুদয় সৃষ্টি করেন, এইরূপ সৃষ্টিকর্ত্তা।

দর্শনের প্রধান অংশ। তাহার আন্দোলন ও তৎসংক্রান্ত বিচার-প্রণালী লইয়াই ঐ দর্শনের বাহুল্য ও গৌরব-বৃদ্ধি হইয়াছে।

অনুমানের লক্ষণ সহজ করিয়া বলিলে এইরূপ বলা যায় যে,কার্য্য দেখিয়া কারণ নিরূপণ করাকে অনুমান বলে; যেমন কুত্রাপি ধূম দৃষ্টি করিলে, তথায় তাহার কারণ-স্বরূপ অগ্নি বিদ্যমান আছে এইরূপ নিশ্চয় হয়।

অনুমানের পাঁচটি অঙ্গ, তাহার নাম অবয়ব। সেই পাঁচটির নাম প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন। পশ্চাৎ সেই সমুদায়ের উদাহরণ প্রদর্শন করা যাইতেছে। প্রত্যেক অবয়বের অর্থ ও লক্ষণ লেখা অপেক্ষায় ঐ উদাহরণ দ্বারাই তাহার তাৎপর্য্যার্থ স্পষ্ট বুঝিতে পারা যাইবে।

পর্ব্বতে ধূম দেখিয়া অগ্নির অস্তিত্ব অনুমান করা হইতেছে।

১—প্রতিজ্ঞা। পর্ব্বতে অগ্নি আছে।

২—হেতু। কেননা ইহা হইতে ধূম নির্গত হইতেছে।

৩—উদাহরণ। যাহা হইতে ধূম নির্গত হয়, তাহা অগ্নি-বিশিষ্ট; যেমন রন্ধন-শালা।

৪—উপনয়। এই পর্ব্বত হইতে ধূম নির্গত হইতেছে।

৫—নিগমন। অতএব এই পর্ব্বতে অগ্নি আছে *।

গ্রীস্-দেশীয় ন্যায়দর্শন-প্রবর্ত্তক শ্রীমান্ এরিস্টট্ল এইরূপ অনুমান-প্রণালী প্রচার করেন। গোতমের সহিত তাঁহার বিশেষ এই যে, তাঁহার তর্ক-প্রণালীতে প্রথম দুইটি অবয়ব বিদ্যমান নাই। ফলতঃ সে দুইটি তাদৃশ আবশ্যকও বোধ হয় না। গোতম-কৃত অনুমান-প্রণালী শোধন করিয়া গ্রহণ করিলে যেরূপ হয়, এ অংশে এরিস্টট্লের অনুমান-প্রণালী সেইরূপ।

কোন জ্ঞাত বস্তুর সাদৃশ্য দ্বারা কোন জ্ঞেয় বস্তুর জ্ঞান-সাধনকে উপমান বলে; যেমন গো-সদৃশ গবয়। এস্থলে গোটি জ্ঞাত অর্থাৎ জানা বস্তু এবং গবয় জ্ঞেয় বস্তু। যে ব্যক্তি পূর্ব্বে শুনিয়াছে, গবয়-পশু গো-সদৃশ, সে সহসা ঐরূপ কোন অজ্ঞাত পশু দেখিলে বুঝিতে পারে, ঐটি গবয়।

বেদাদি আপ্ত-বাক্যের উপদেশকে শব্দ বলে।

**আপ্তোপদেশঃ শব্দঃ ॥**

ন্যায়সূত্র। ১। ৭ সূত্র।

---

* ন্যায়শাস্ত্রে কার্য্য-কারণ স্থলে দুইটি পারিভাষিক শব্দ ব্যবহৃত হইয়া থাকে; ব্যাপ্য ও ব্যাপক। উক্ত উদাহরণে ধূম ব্যাপ্য এবং অগ্নি ব্যাপক। কোন স্থানে ধূম থাকিলেই তথায় অগ্নি থাকে; কুত্রাপি তাহার ব্যভিচার নাই; এই নিমিত্তে অগ্নি ধূমের ব্যাপক এবং ধূম অগ্নির ব্যাপ্য বলিয়া উল্লিখিত হয়। তদ্ভিন্ন আরও দুইটি শব্দ প্রযোজিত হয়; সাধ্য ও সাধন। উল্লিখিত উদাহরণে অগ্নি সাধ্য এবং ধূম সাধন।

আপ্ত ব্যক্তির উপদেশকে শব্দ বলে *।

প্রমাণ দ্বারা যে সকল বিষয়ের নিশ্চিত জ্ঞান হয়, তাহাকে প্রমেয় বলে; যেমন আত্মা, দুঃখ, মুক্তি ইত্যাদি। ন্যায়শাস্ত্রে দ্বাদশ প্রকার প্রমেয়ের বিষয় বিচারিত হইয়াছে।

**আত্মশরীরেন্দ্রিয়ার্থবুদ্ধিমনঃপ্রবৃত্তিদোষপ্রেত্যভাবফলদুঃখা-পবর্গাস্তু প্রমেয়ম্।**

ন্যায়সূত্র। ১ অ, ৯ সূ।

আত্মা, শরীর, ইন্দ্রিয়, ইন্দ্রিয়-বিষয়, বুদ্ধি, মন, প্রবৃত্তি, দোষ, প্রেত্যভাব (অর্থাৎ বারম্বার মরণোৎপত্তি), ফল, দুঃখ, অপবর্গ এই সমুদয় প্রমেয়।

অনিশ্চিত বিষয়ের নিশ্চয় করাকে সিদ্ধান্ত বলে। এইরূপ, সংশয়, প্রয়োজন, দৃষ্টান্ত, বাদ, বিতণ্ডা, ছল প্রভৃতি অপর তেরটি পদার্থ অর্থাৎ বিচারের অঙ্গ নির্দ্দিষ্ট হইয়াছে। তাহার মধ্যে অনেক গুলি তর্ক-প্রবাহ বৃদ্ধি করিবার প্রবল উপায়।

মোক্ষাভিলাষী ব্যক্তিদের এই ষোড়শ পদার্থের বিষয় বিশেষ রূপে জানা আবশ্যক। জানিলে কি হয়? না, শরীর যে আত্মা নয় এইটি নিঃসংশয়ে জানিতে পারা যায়। জানিলে মুক্তি লাভ হয়।

দ্বাদশ প্রকার প্রমেয় পদার্থের মধ্যে ঈশ্বর-পদার্থ পরিগণিত নাই কেন একথাটি বিবেচ্য। উত্তরকালীন নৈয়ায়িকেরা উহার অন্তর্গত আত্মা শব্দটি জীবাত্মা ও পরমাত্মা উভয়-প্রতিপাদক বলিয়াই ব্যাখ্যা করেন †। কিন্তু যখন বিশ্ব-কারণ নিরূপণ দর্শন-শাস্ত্রের একটি প্রধান প্রয়োজন, তখন প্রমেয় পদার্থের মধ্যে ঈশ্বরের নাম পৃথক্ নির্দ্দেশ না করা কোন রূপেই সঙ্গত ও সম্ভাবিত নয়। একটি সূত্রে ঈশ্বরকে কারণ বলিয়া উল্লেখ করা হইয়াছে সত্য, কিন্তু উহার পর-সূত্রেই আবার মনুষ্য-কৃত কর্ম্মকে কারণ বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। পশ্চাৎ ঐ উভয় সূত্র যথাক্রমে উদ্ধৃত হইতেছে, পাঠ করিয়া দেখিলেই জানিতে পারা যাইবে, প্রথম সূত্রটি পূর্ব্ব-পক্ষ ও পর সূত্রটি সিদ্ধান্ত।

---

* কণাদ এই চারি প্রমাণের মধ্যে উপমান ও শব্দ পরিত্যাগ করিয়া বুদ্ধি-মত্তা প্রকাশ করিয়াছেন। চার্ব্বাকেরা কেবল প্রত্যক্ষ এবং সাঙ্খ্য-পণ্ডিতেরা প্রত্যক্ষ, অনুমান ও শব্দ প্রমাণ স্বীকার করিয়া থাকেন।

† আস্তিকতাবাদী গ্রন্থ-ব্যাখ্যাতা পণ্ডিতেরা মূল গ্রন্থে সুস্পষ্ট ঈশ্বর-প্রসঙ্গ নাই দেখিলে, শব্দ-বিশেষ হইতে তদীয় সত্তা নিষ্পন্ন করিবার চেষ্টা পাইবেন ইহা অসম্ভব নয়।

পূর্ব্বপক্ষ।

**ঈশ্বরঃ কারণং পুরুষকর্ম্মাফল্যদর্শনাৎ।**

ন্যায়সূত্র। ৪ অ, ১৯ সূ।

ঈশ্বর কারণ; কেন না মনুষ্য-কৃত কর্ম্ম সর্ব্বদা সফল হয় না।

সিদ্ধান্ত।

**ন, পুরুষকর্ম্মাভাবে ফলানিষ্পত্তেঃ।**

ন্যায়সূত্র। ৪ অ, ২০সূ।

না, তা নয়। মনুষ্য-কৃত কর্ম্ম ব্যতিরেকে ফলোৎপত্তি হয় না *।

অতএব গোতম কণাদের ন্যায় নাস্তিকতাবাদী ছিলেন এইরূপ প্রতিপন্ন হইয়া উঠে। এ দিকে ত নাস্তিক, কিন্তু বেদ উভয়ের পরম শিরোধার্য্য বস্তু। এ তো একটি সামান্য কৌতুকের বিষয় নয়। ভাবিলে বোধ হয় যেন কণাদ ও গোতম নামে দুইটি গুপ্ত বুদ্ধ বেদ-বস্ত্র পরিধান করিয়া প্রচ্ছন্ন ভাবে ভূমণ্ডলে বিচরণ করিতেছেন †।

---

* গোতম অন্য সূত্রেও লিখিয়াছেন,

পূর্ব্বকৃতফলানুবন্ধাত্তদুৎপত্তিঃ।

৩। ১৩২।

পূর্ব্বজন্ম-কৃত কর্ম্ম-ফলে জীবের শরীরোৎপত্তি হয়।

বিশ্বনাথ-ভট্টাচার্য্য উপরোক্ত দুই সূত্রের টীকায় ঈশ্বর ও পুরুষ-কৃত কর্ম্ম উভয়কেই জগতের কারণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। কিন্তু তাহাতেই বা কি? একে ঈশ্বর পরমাণু প্রভৃতি মূল পদার্থের স্রষ্টা নন, তাহাতে আবার তিনি জীবের পূর্ব্ব-কৃত কর্ম্মের সহকারিতা ব্যতিরেকে কিছুই করিতে পারেন না, ইহাতে ঈশ্বরের ঈশ্বরত্ব কি রহিল? ফলতঃ ঐ উভয় সূত্রের উল্লিখিত রূপ যথাশ্রুত সরল ব্যাখ্যা শ্রবণ করিলে, গোতমকে নিরীশ্বর বলিয়া প্রতীতি জন্মে।

† বৌদ্ধ শাস্ত্রের সহিত ন্যায় বৈশেষিকাদি হিন্দু শাস্ত্রের অনেক বিষয়ে সৌসাদৃশ্য আছে। উভয় শাস্ত্রের মতেই, কর্ম্ম-ফলে জন্ম গ্রহণ ও নানাবিধ যোনি ভ্রমণ হয়; উভয়ের মতেই, জন্ম গ্রহণ করিলেই দুঃখ ভোগ করিতে হয়; উভয়ের মতেই, জীবে নিজ নিজ কর্ম্মানুসারে নানাপ্রকার নরক ও সুখাস্পদ জীবলোকে গিয়া দণ্ড পুরস্কার প্রাপ্ত হইয়া থাকে; উভয়ের মতেই, জন্ম গ্রহণ নিবৃত্তি অর্থাৎ মুক্তি *-লাভই দুঃখ হইতে পরিত্রাণ পাইবার উপায়; এবং উভয়ের মতেই, মুক্তি পরম পুরুষার্থ ও জ্ঞানো-

---

* বৌদ্ধমতানুযায়ী মুক্তির নাম নির্ব্বাণ। হিন্দুশাস্ত্রে উহা মুক্তি, মোক্ষ, নিঃশ্রেয়স, অপবর্গ ও নির্ব্বাণ বলিয়া উল্লিখিত হইয়াছে।

এই দর্শনের মতেও, তত্ত্বজ্ঞানই মুক্তির কারণ। কিন্তু এ শাস্ত্রে শরীর যে আত্মা নয় এইরূপ জ্ঞানই তত্ত্বজ্ঞান বলিয়া উল্লিখিত হইয়াছে।

দোষনিমিত্তানাং তত্ত্বজ্ঞানাদহঙ্কারনিবৃত্তিঃ।

ন্যায়সূত্র। ৪ অ, ৬৮ সূ।

দোষাকর শরীরাদির তত্ত্বজ্ঞান অর্থাৎ শরীরাদি যে আত্মা নয় এইরূপ নিশ্চিত জ্ঞান* হইলে অহঙ্কারের নিবৃত্তি হয়।

বিশ্বনাথ ভট্টাচার্য্য স্পষ্ট বলিয়াছেন, ন্যায় দর্শনের মতে জীবাত্মাকে দেহ হইতে ভিন্ন বলিয়া জানাকেই বিবেক বলে।

অস্মন্মতে তু দেহাদিভিন্নাত্মসাক্ষাৎকারঃ।

১১১ ন্যায়সূত্রের বৃত্তি।

আমাদিগের মতে দেহাদি হইতে ভিন্ন জীবাত্মার সাক্ষাৎকারই বিবেক।

সমাধি-বিশেষ অভ্যাস করিলে ঐ তত্ত্বজ্ঞান উৎপন্ন হয়†। নৈয়ায়িকেরা নিজে উহার কোন সাধন উদ্ভাবন না করিয়া যোগশাস্ত্র অবলম্বন করিয়াছেন‡।

তদর্থং যমনিয়মাভ্যামাত্মসংস্কারোযোগাচ্চাধ্যাত্মবিধ্যুপায়ৈঃ।

ন্যায়সূত্র। ৪অ, ১১১সূ।

সমাধি সাধনার্থ যম নিয়মাদি যোগানুষ্ঠান ও আত্মসাক্ষাৎকার-বিধায়ক বাক্য দ্বারা মুক্তি-লাভের ক্ষমতা জন্মে।

এক দিকে বেদ ও বেদান্ত, অপর দিকে বৌদ্ধ ও চার্ব্বাক শাস্ত্র, গোতম ও কাণাদ দর্শন ঐ উভয়ের মধ্য-স্থল-বর্ত্তী।

---

দয় হইলে তাহা প্রাপ্ত হওয়া যায়। বুদ্ধ নিরীশ্বরবাদী ইহা প্রসিদ্ধ আছে। গোতম ও কণাদও যদি তাঁহার ন্যায় নিরীশ্বরবাদী হন, তাহা হইলে, বুদ্ধের সহিত তাঁহাদের মূল বিষয়ে অধিক প্রভেদ থাকে না।

* নন্বু দোষনিমিত্তানাং শরীরাদীনাং তত্ত্বজ্ঞং অনাত্মত্বজ্ঞানাদ্বিবর্ত্ততে। বৃত্তি।

† সমাধিবিশেষাভ্যাসাৎ।

ন্যায়সূত্র। ৪ অ, ১০৩ সূ।

সমাধি-বিশেষের অভ্যাস হইলে তত্ত্বজ্ঞান হয়।

‡ বিশ্বনাথ ভট্টাচার্য্য ন্যায়সূত্র-বৃত্তির মধ্যে মুক্তি-প্রকরণে বারম্বার যোগ-সূত্র ও যোগ-মত উদ্ধৃত করিয়াছেন।

গোতমসূত্র ও কণাদসূত্র ন্যায় ও বৈশেষিক দর্শনের মূল গ্রন্থ। পরে শঙ্করমিশ্র-কৃত কণাদসূত্রোপস্কার, বল্লভাচার্য্য-কৃত লীলাবতী, উদয়নাচার্য্য-কৃত বার্ত্তিক-তাৎপর্য্য-পরিশুদ্ধি, বাচস্পতিমিশ্র-কৃত বার্ত্তিক-তাৎপর্য্য-টীকা, কেশবমিশ্র-কৃত তর্ক-ভাষা, গোবর্দ্ধনমিশ্র-কৃত তর্ক-ভাষা-প্রকাশ, কোণ্ডভট্ট-কৃত পদার্থ-দীপিকা, গঙ্গেশোপাধ্যায়-কৃত চিন্তামণি, জয়দেব-মিশ্র-কৃত ঐ চিন্তামণির আলোক নামক টীকা, জয়নারায়ণ তর্কপঞ্চানন-কৃত কণাদসূত্র-বিবৃতি ইত্যাদি অনেক গ্রন্থে ন্যায় ও বৈশেষিক দর্শনের মত ব্যাখ্যাত, সঙ্কলিত ও বিচারিত হইয়াছে।

ন্যায় দর্শনে বাঙ্গালা দেশকে ও বিশেষতঃ সরস্বতীর গৌড় পীঠ-স্বরূপ সুপ্রসিদ্ধ নবদ্বীপ ভূমিকে জগদ্বিখ্যাত করিয়া রাখিয়াছে। এক সময়ে ঐ স্থানে ঐ দর্শন ও উহার প্রিয় সহোদর বৈশেষিক দর্শনের সবিশেষ অনু-শীলন ও সমধিক আন্দোলন সহকারে উত্তরোত্তর উন্নতি লাভ হইতে-ছিল। তথায় অনেকানেক প্রধান পণ্ডিত উৎপন্ন ও প্রাদুর্ভূত হইয়া বহুতর প্রগাঢ় গ্রন্থ প্রস্তুত করিয়া যান। পণ্ডিত-প্রবর মথুরানাথ তর্কবাগীশ কৃত চিন্তামণি-টীকা *, সার-গ্রাহী ও ফল-সংগ্রাহী বিশ্বনাথ ভট্টাচার্য্য-রচিত ভাষাপরিচ্ছেদ, সিদ্ধান্তমুক্তাবলী ও ন্যায়সূত্রবৃত্তি এবং কুশাগ্র-বুদ্ধি রঘুনাথ শিরোমণি-প্রণীত চিন্তামণি-দীধিতি, এবং তদীয় সহযোগি-স্বরূপ গদাধর, জগদীশ, কৃষ্ণদাস, ভবানন্দ প্রভৃতি-বিরচিত দীধিতি-টীকা ইত্যাদি নবদ্বীপ-সম্ভূত বহুবিধ পুস্তক-রত্নে ন্যায়-ভাণ্ডার পরিপূর্ণ করিয়া রাখিয়াছে। কাশী, কাঞ্চি, দ্রাবিড়, পঞ্জাব প্রভৃতি নানাদিকের নানাস্থানের পাঠার্থিগণ ঐ সরস্বতী-পীঠ নবদ্বীপ-ভূমি সমাগমন পূর্ব্বক শিক্ষা-গুরুর আশ্রয়ে অধিবাস করেন এবং তদীয় সন্নিধানে পাঠ স্বীকার করিয়া অপ্রচলিত পুরাতন ব্রহ্মচর্য্যের যেন পুনরুদ্ভাবন করিয়া যান।

---

## মীমাংসা দর্শন।

এই দর্শন মহর্ষি জৈমিনি-প্রণীত। এই নিমিত্ত ইহাকে জৈমিনি দর্শনও বলিয়া থাকে। তর্ক-প্রণালীর উদ্ভাবন করা যেমন ন্যায়দর্শনের উদ্দেশ্য, সেইরূপ, শ্রুতি-বিশেষের অর্থ-সমর্থন ও স্থল-বিশেষে শ্রুতি ও স্মৃতির পরস্পর বিরোধ ভঞ্জন করিয়া ধর্ম্ম সংস্থাপন করা এই দর্শনের প্রধান প্রয়োজন। তদর্থ শ্রুতি-বিশেষের তাৎপর্য্যার্থ নিরূপণ এবং শ্রুতি-স্মৃতির বিরোধ সংক্রান্ত কোনরূপ সংশয় ও পূর্ব্বপক্ষ উপস্থিত করিয়া তাহার

* পূর্ব্বোক্ত গঙ্গেশোপাধ্যায়-কৃত চিন্তামণি গ্রন্থের টীকা।

বিচার ও সিদ্ধান্ত করা হইয়াছে। এই ব্যাপারকে অধিকরণ বলে*। এই দর্শনে এইরূপ অনেক অধিকরণ আছে।

এই দর্শনে কর্ম্মকাণ্ড-বিষয়ক শ্রুতিরই সবিশেষ আন্দোলন, বিচার ও সিদ্ধান্ত করা হইয়াছে। এই নিমিত্ত ইহাকে কর্ম্মমীমাংসা বলে। ইহার মতে স্বর্গভোগই মনুষ্যের পরম পুরুষার্থ। বেদোক্ত যাগ যজ্ঞাদি কর্ম্ম করিলে, উহা প্রাপ্ত হওয়া যায়। যথাবিধানে ঐ সকল কর্ম্মের অনুষ্ঠান করিলে, অবশ্যই অবশ্য ফল-লাভ ঘটে; তদ্ভিন্ন অন্য কোন ফলদাতা নাই।

পশ্চাৎ কোন কোন মীমাংসক এইরূপ মত প্রকাশ করিয়া গিয়াছেন যে, পরমেশ্বরের প্রীতি-কামনায় কর্ম্মানুষ্ঠান করা কর্ত্তব্য, অর্থাৎ যে কোন কর্ম্ম করিবে তাহা ঈশ্বরকে অর্পণ করিবে। করিলে মুক্তি লাভ হয়।

এই দর্শনের মতে বেদ নিত্য। বেদের যে অংশ যে ব্যক্তির কৃত স্পষ্টই লিখিত আছে, এবং তন্মধ্যে নানা স্থানে ও নানা কালে বিদ্যমান লোক-সমূহের ভক্তি শ্রদ্ধা, রাগ দ্বেষ, কাম ক্রোধ, বিপদ আপদ, যুদ্ধ বিবাদ, ব্যসন বাণিজ্য ইত্যাদি অশেষ প্রকার ব্যাপারের বিবিধ বৃত্তান্ত বিনি-বেশিত রহিয়াছে, তথাপি জৈমিনি মহাশয়ের মত-প্রভাবে তাহা অপৌরু-ষেয়, অর্থাৎ কোন পুরুষের কৃত নয়, স্বতঃসিদ্ধ নিত্য পদার্থ, তাহার আদিও নাই অন্তও নাই এইরূপ অঙ্গীকার করিতে হইবে। দর্শনকার বেদের নিত্যতা সপ্রমাণ করিবার উদ্দেশে শব্দও নিত্য বলিয়া স্বীকার করিয়াছেন। সেই নিত্য শব্দ, সমুদায় অনিত্য শব্দের অন্তর্ভূত রহিয়াছে।

---

* ন্যায়শাস্ত্রোক্ত অনুমানের ন্যায় মীমাংসা-শাস্ত্রোক্ত অধিকরণেরও পাঁচটি অঙ্গ; বিষয়, বিশয় (অর্থাৎ সংশয়), পূর্ব্বপক্ষ, উত্তর ও সঙ্গতি (অর্থাৎ মীমাংসা)। পশ্চাৎ এই পাঁচ অঙ্গের উদাহরণ প্রদর্শন করা যাইতেছে, তাহা পাঠ করিলেই অধিকরণের বিষয় সহজে বুঝিতে পারা যাইবে।

বেদে ব্যবস্থা আছে, ইন্দ্রযাগে ঔডুম্বরী স্পর্শ করিবে, কিন্তু কাত্যায়ন-স্মৃতিতে লিখিত আছে, ঐ যাগে ঔডুম্বরীকে আবৃত করিবে। এখন এইরূপ শ্রুতি-স্মৃতির বিরোধ-স্থলে কিরূপ অনুষ্ঠান করা কর্ত্তব্য ইহার মীমাংসা-বিষয়ক অধিকরণের পাঁচটি অঙ্গ পশ্চাৎ লিখিত হইতেছে।

বিষয়।—ঔডুম্বরী আবরণ ও স্পর্শ করণ বিষয়ক শাস্ত্রীয় বিধি।

বিশয়।—ঔডুম্বরী স্পর্শ কি আবরণ করা কর্ত্তব্য এই সংশয়।

পূর্ব্বপক্ষ।—উক্ত শ্রুতি ও স্মৃতির পরস্পর বিরোধ প্রতিপাদন করা; যেমন ঔডুম্বরী স্পর্শমাত্র করিলে স্মৃত্যুক্ত বিধি উল্লঙ্ঘন করা হয়, এবং আবরণ করিলে, শ্রুত্যুক্ত বিধানের অন্যথাচরণ করা হয়।

উত্তর।—পূর্ব্বপক্ষ খণ্ডন।

নিত্যস্তু স্যাদ্দর্শনস্য পরার্থত্বাৎ।
জৈমিনিসূত্র ১।১।১৮ সূত্র।

শব্দ নিত্য, কেননা অন্যকে উহার অর্থ-বোধ করাইবার উদ্দেশে উচ্চারণ করা হয়। যদি উচ্চারণ মাত্রেই উহার বিনাশ হইত, তাহা হইলে কেহ কাহাকে উহার অর্থ-বোধ করাইতে সমর্থ হইত না *।

এরূপ দর্শনের কাল অতীত হইয়া যে, বিজ্ঞানের অধিকার বিস্তৃত হইতেছে ইহাতে বিশুদ্ধ-বুদ্ধি সুশিক্ষিত ব্যক্তিরা এক প্রকার নিস্তার পাইতেছেন। সাধে কি রামমোহন রায় সংস্কৃতকালেজ সংস্থাপনের বিরোধী হইয়া তৎপরিবর্ত্তে ইংরেজী বিদ্যালয় স্থাপনার্থ অনুরোধ করেন † ? তিনি বলেন কেবল সংস্কৃত শিক্ষা দিলে লোককে নির্ব্বোধ করিয়া রাখা হইবে।

Neither can much improvement arise from such speculations as the following which are the themes suggested by the Vedanta ;—in what manner is the soul absorbed in the deity? What relation does it bear to the Divine Essence? Nor will youths be fitted to be better members of society by the Vedantic doctrines which teach them to believe, that all visible things have no real existence, that as father, brother

---

সঙ্গতি।—শ্রুতিতে ঔডুম্বরীর যে যে স্থান স্পর্শ-যোগ্য বলিয়া লিখিত আছে, তাহা পরিত্যাগ করিয়া অপরাপর সমস্ত স্থান আবৃত করা কর্ত্তব্য।

এই অধিকরণকে বিরোধাধিকরণ বলে। এক এক বিষয়ের অধিকরণ অবলম্বন করিয়া তৎসদৃশ অনেক বিষয়ের সিদ্ধান্ত করা হয়।

* মানুষের মনের গতি অনেক স্থানে একরূপ দেখিতে পাওয়া যায়। চীনেদেরও এরূপ একটি বচন আছে যে, একবার শব্দোচ্চারণ করিলে, গগন-মণ্ডলে চির দিন তাহার প্রতিধ্বনি চলিতে থাকে।

† ইংলণ্ডস্থ রাজপুরুষেরা এদেশীয় লোকের শিক্ষা-সাধনার্থ এক লক্ষ চল্লিশ হাজার টাকা প্রদান করেন এবং অত্রত্য রাজপুরুষেরা তদ্দ্বারা একটি সংস্কৃতকালেজ সংস্থাপন করিতে উদ্যত হন। এই সম্বাদ অবগত হইয়া, রামমোহন রায় সে সময়ের শাসনকর্ত্তা লার্ড এমূহর্স্ট কে এক খানি পত্র লেখেন। তাহাতে তিনি সংস্কৃতকালেজের পরিবর্ত্তে একটি ইংরেজী বিদ্যালয় সংস্থাপন করিয়া নানাবিধ বিজ্ঞান শিক্ষা দিতে অনুরোধ করেন এবং সংস্কৃত শাস্ত্রের অনুশীলন ও অধ্যয়ন অধ্যাপনা প্রচলিত রাখিবার উদ্দেশে এদেশীয় চতুষ্পাঠী সমুদায়ের অধ্যাপকগণের আনুকূল্য-প্রার্থনা লিখিয়া দেন।

&c. have no actual entity, they consequently deserve no real affection, and therefore the sooner we escape from them and leave the world the better. Again, no essential benefit can be derived by the student of the *Mimansa* from knowing what it is that makes the killer of a goat sinless by pronouncing certain passages of the Vedanta, and what is the real nature and operative influence of passages of the Vedas, &c.

The student of the Naya Shastra can not be said to have improved his mind after he has learned from it into how many ideal classes the objects in the universe are divided and what speculative relation the soul bears to the body, the body to the soul, the eye to the ear, &c.

In order to enable Your Lordship to appreciate the utility of encouraging such imaginary learning as above characterized, I beg Your Lordship will be pleased to compare the state of science and literature in Europe before the time of Lord Bacon with the progress of knowledge made since he wrote.

If it had been intended to keep the British nation in ignorance of real knowledge, the Baconian philosophy would not have been allowed to displace the system of the schoolmen, which was the best calculated to perpetuate ignorance. In the same manner the Sanskrit system of education would be the best calculated to keep this country in darkness, if such had been the policy of the British legislature. But as the improvement of the native population is the object of the Government, it will consequently promote a more liberal and enlightened system of instruction, embracing Mathematics, Natural Philosophy, Chemistry, Anatomy, with other useful sciences, which may be accomplished with the sums proposed by employing a few gentlemen of talents and learning educated in Europe and providing a College furnished with necessary books, instruments and other apparatus.

In representing this subject to Your Lordship, I conceive

myself discharging a solemn duty which I owe to my country-men and also to that enlightened sovereign and legislature which have extended their benevolent care to this distant land. *

সংস্কৃত একটি প্রধান ভাষা। ভারতবর্ষীয় ধর্ম্মশাস্ত্রের অধিকাংশ সেই ভাষায় রচিত। এদেশীয় লোকের তাহাতে যথেষ্ট শ্রদ্ধা আছে। অতএব উল্লিখিত বাক্যগুলি অনেকের রুচিকর না হইলে না হইতে পারে। কিন্তু না হইলেই বা কি হইবে? ঐ কথাগুলি অবিনশ্বর হীরকময় অক্ষরে লিখিত। উহার এক একটি বাক্য এক এক গাছি হীরক-মালা। "ভাষা-শিক্ষা প্রকৃত জ্ঞান-শিক্ষা নয়; জ্ঞান-শিক্ষার উপায় মাত্র। ভাষা জ্ঞানরূপ ভাণ্ডারের দ্বার-স্বরূপ। সেই দ্বার উদ্ঘাটন করিয়া জ্ঞান-ভাণ্ডারে প্রবেশ করিতে হয়। চির জীবনই কেবল দ্বার-দেশে দণ্ডায়মান থাকিলে, কিরূপে জ্ঞানরূপ মহারত্ন লাভের সম্ভাবনা থাকে? জ্ঞান-রত্ন-লাভার্থে যত্ন না করিয়া কতকগুলি ভাষা শিক্ষায় কাল-ক্ষেপ করিলে, অসিদ্ধ-কাম ভিক্ষুকের ন্যায় কেবল দ্বারে দ্বারে ভ্রমণ করা হয়†।" যে ভাষা প্রকৃত জ্ঞানরূপ বিশুদ্ধ রত্নে পরিপূর্ণ, তাহাই সমধিক আদরণীয় ও সর্ব্বতোভাবে শিক্ষণীয়। যেরূপ জ্ঞান উপার্জ্জন করিলে, বুদ্ধি মার্জ্জিত হয়, ভ্রম ও কুসংস্কার দূরীকৃত হয়, এবং জগতের প্রকৃত নিয়ম-প্রণালী অবগত হইয়া কর্ত্তব্যাকর্ত্তব্য নিরূপণ পূর্ব্বক নিজের ও জন-সমাজের সর্ব্ব-বিধ শ্রীবৃদ্ধি-সাধন করিতে সমর্থ হওয়া যায়, সেইরূপ জ্ঞান শিক্ষা করাই কর্ত্তব্য। ভ্রম, কল্পনা ও কুসংস্কার সংস্কৃত শাস্ত্রের সর্ব্ব স্থানে ওতপ্রোত-ভাবে ব্যাপ্ত রহিয়াছে। যাঁহারা ইংরেজী, ফরাশী অথবা জর্ম্মেন্ ভাষায় সুশিক্ষিত হন, প্রকৃত জ্ঞান-লাভ উদ্দেশে সংস্কৃত ভাষায় তাঁহাদের শিক্ষণীয় অল্পই বিষয় আছে। সংস্কৃত শাস্ত্রের মধ্যে প্রকৃত জ্ঞান-সংজ্ঞার উপযুক্ত যৎকিঞ্চিৎ যাহা বিদ্যমান আছে, উল্লিখিত তিনটি ইউরোপীয় ভাষার একটিতে অধিকার থাকিলে, তাহার শত সহস্রগুণ অক্লেশে একত্র প্রাপ্ত হওয়া যায়। স্তুপাকার শুভ্র অন্ন প্রস্তুত পাইলে, তুষাবঘাত করিয়া কতকগুলি কণিকামাত্র সংগ্রহ করিবার প্রয়োজন কি? তাহাও নির্ব্বাচ করিয়া লওয়া ইউরোপীয় বিদ্যায় সুশিক্ষিত বিশুদ্ধ বুদ্ধির কার্য্য। যদি কোন কৃত বিদ্য ব্যক্তি শব্দবিদ্যার বা ভারতবর্ষীয় পুরাবৃত্ত বিদ্যার অথবা অত্রত্য কোন দেশ-ভাষার শ্রীবৃদ্ধি-সাধনে কৃত-সংকল্প হন, কিম্বা ভারতবর্ষীয় চিকিৎসা শাস্ত্র হইতে উত্তম উত্তম ঔষধ সংগ্রহ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে তাঁহার সংস্কৃতাদি অন্য অন্য ভাষার অনু-

* Ram Mohun Roy's letter to Lord Amherst.

† ধর্ম্মনীতি।

শীলন করা উচিত বটে, কিন্তু জ্ঞান-রত্নের আকর-স্বরূপ পূর্ব্বোক্ত তিনটি ভাষার একটি শিক্ষা করিবার উপায় থাকিলে, প্রকৃত জ্ঞান-লাভ উদ্দেশে অপর সাধারণ সকলের সংস্কৃত শিক্ষা করিয়া কাল-ক্ষেপ ও আয়ু-ক্ষয় করিবার কিছুমাত্র প্রয়োজন নাই। ইয়ুরোপীয়েরা খৃষ্টাব্দের ঊনবিংশ শতাব্দী বলিয়া মনের তেজে যে জ্ঞানোজ্জ্বলিত সময়ের মহিমা প্রকাশ করেন, এই সেই সময়ে নিষ্প্রয়োজন কেবল ভাষা শিক্ষা করাকে বাস্তবিক শিক্ষা মনে করা উপহাসের বিষয়।

এই কারণেই রামমোহন রায় সংস্কৃত কালেজ সংস্থাপনের পরিবর্ত্তে ইংরেজী বিদ্যালয় স্থাপন করিয়া বিজ্ঞান শিক্ষা দিতে অনুরোধ করেন। তিনি কোন্ কালে কিরূপ বিজ্ঞানোৎসাহ প্রকাশ করিয়া গিয়াছেন, ভাবিলে শরীর পুলকিত হইয়া উঠে। যে সময়ে ভারতবর্ষ অন্ধকারে আচ্ছন্ন ছিল বলিলে হয়, এবং যখন হিন্দু-সমাজে ইয়ুরোপীয় বিজ্ঞানের নামোচ্চারণমাত্রও ঘটিয়াছিল কি না সন্দেহ, এই দেশে সেই অন্ধকারময় সময়ে বিজ্ঞান বিষয়ে এরূপ অনুরাগ ও উৎসাহ প্রকাশ আশ্চর্য্যের বিষয়*। ধন্য রামমোহন রায়! সেই সময়ে তোমার সতেজ বুদ্ধি-জ্যোতিঃ ঘোরতর অজ্ঞানরূপ নিবিড় জলদ-রাশি বিদীর্ণ করিয়া এতদূর বিকীর্ণ হইয়াছিল এবং তৎসহকারে তোমার সুবিমল স্বচ্ছ চিত্ত যে নিজ দেশে ও নিজ সময়ে প্রচলিত সকল প্রকার কুসংস্কার নির্ব্বাচন করিয়া পরিত্যাগ করিয়াছিল ইহা সামান্য আশ্চর্য্য ও সামান্য সাধুবাদের বিষয় নয়। তখন তোমার জ্ঞান ও ধর্ম্মোৎসাহে উৎসাহিত হৃদয় জঙ্গলময় পঙ্কিল-ভূমি-পরিবেষ্টিত একটি অগ্নিময় আগ্নেয় গিরি ছিল; তাহা হইতে পুণ্য-পবিত্র প্রচুর জ্ঞানাগ্নি সতেজে উৎক্ষিপ্ত হইয়া চতুর্দ্দিকে বিক্ষিপ্ত হইতে থাকিত। তুমি বিজ্ঞানের অনুকূল পক্ষে যে সুগভীর রণবাদ্য বাদন করিয়া গিয়াছ, তাহাতে যেন এখনও আমাদের কর্ণ-কুহর ধ্বনিত করিতেছে। সেই অত্যুন্নত গম্ভীর তূরবী-ধ্বনি অদ্যাপি বার বার প্রতিধ্বনিত হইয়া এই অযোগ্য দেশেও জয় সাধন করিয়া আসিতেছে। তুমি স্বদেশ ও বিদেশ-ব্যাপী ভ্রম ও কুসংস্কার সংহার উদ্দেশে আততায়ি-স্বরূপে রণ-দুর্ম্মদ বীর পুরুষের পরাক্রম প্রকাশ করিয়াছ, এবং বিচার-যুদ্ধে সকল বিপক্ষ পরাস্ত করিয়া নিঃসংশয়ে সম্যক্‌রূপে জয়ী হইয়াছ। তোমার উপাধি রাজা। জড়ময় ভূমি-খণ্ড তোমার রাজ্য নয়। তুমি একটি সুবিস্তর মনোরাজ্য অধিকার করিয়া রাখিয়াছ। তোমার

* এখন তো বিদ্যালোক-প্রকাশে সেই তিমির-রাশির কিয়দংশে ছেদ-ভেদ হইয়াছে, তথাপি এখনও তাঁহার সাম্প্রদায়িক লোক বলিয়া পরিচিত কয়েক ব্যক্তি আমার সমক্ষে বিলজ্জভাবে ও মুক্ত কণ্ঠে বিজ্ঞানের প্রতি বিরাগ ও বিদ্বেষ প্রকাশ করিয়াছেন। ধিক্! ধিক্! শতবার ধিক্!

সমকালীন ও বিশেষতঃ উত্তরকালীন সুমার্জ্জিত-বুদ্ধি শিক্ষিত সম্প্রদায়ে তোমাকে রাজ-মুকুট প্রদান করিয়া তোমার জয়-ধ্বনি করিয়া আসিতেছে। যাঁহারা আবহমান কাল হিন্দু জাতির মনোরাজ্যে নির্ব্বিবাদে রাজত্ব করিয়া আসিয়াছেন, তুমি তাঁহাদিগকে * পরাজয় করিয়াছ। অতএব তুমি রাজার রাজা। তোমার জয়-পতাকা তাঁহাদেরই স্বাধিকার-মধ্যে সেই যে উত্তোলিত হইয়াছে, আর পতিত হইল না, হইবেও না ; নিয়ত একভাবেই উড্ডীয়মান রহিয়াছে। পূর্ব্বে যে ভারতবর্ষীয়েরা তোমাকে পরম শত্রু বলিয়া জানিতেন, তদীয় সন্তানেরা অনেকেই এখন তোমাকে পরম বন্ধু বলিয়া বিশ্বাস করিতেছেন তাহার সন্দেহ নাই। কেবল ভারতবর্ষীয়দের বন্ধু কেন, তুমি জগতের বন্ধু।

"The promotion of human welfare and especially the improvement of his own countrymen, was the habit of his life."

Rev. Carpenter.

"an ardent well-wisher to the cause of freedom and improvement everywhere."†

এক দিকে জ্ঞান ও ধর্ম্ম ভূষণে ভূষিত করিয়া জন্ম-ভূমিকে উজ্জ্বল করিবার যত্ন করিয়াছ, অপর দিকে সঙ্কটময় সুগভীর সমুদ্র সমূহ উত্তরণ পূর্ব্বক বৃটিস্ রাজ্যের রাজধানীতে উপস্থিত হইয়া নানাবিষয়ে রাজশাসন-প্রণালীর সংশোধন ও শুভ-সাধনার্থ প্রাণপণে চেষ্টা পাইয়াছ ‡। সে সময়ের পক্ষে

* প্রচলিত হিন্দুধর্ম্ম-ব্যবস্থাপকদিগকে।

† Miss. Lucy Aikin's letter to Dr. Channing.

‡ স্বদেশের কল্যাণ-সাধন ও বিশেষতঃ ভারতবর্ষীয় রাজ্য-শাসন-প্রণালীর সংশোধনই রামমোহন রায়ের ইংলণ্ড গমনের প্রধান উদ্দেশ্য ছিল। প্রচলিত হিন্দুধর্ম্ম-পক্ষপাতী ব্যক্তিরা সহমরণ-নিবারণ-বিষয়ক রাজনিয়মের প্রতিকূল পক্ষে ইংলণ্ডে আবেদনপত্র প্রেরণ করেন ; সেই বিষয়ের সুবিচার সম্পাদন উদ্দেশে, ও ইস্ট্ ইণ্ডিয়া কোম্পানির চার্টার পরিবর্ত্তন সময়ে তৎসংক্রান্ত বিচারে লিপ্ত হইয়া যদি ভারতবর্ষীয়দের হিত-সাধন করিতে সমর্থ হন এই অভিপ্রায়ে, এবং বিশেষতঃ ইউরোপীয় বিভিন্ন জাতির আচার, ব্যবহার, ধর্ম্মাদি বিষয়ের অনুসন্ধানার্থে, তিনি ইংলণ্ড গমন করেন। দিল্লীর বাদসাহ্ একটি মোকদ্দমার ভারার্পণ করিয়া তাঁহাকে তথায় পাঠাইয়া দেন ইহাতেই তাঁহার মনোরথ-পূরণের সুবিধা ও সদুপায় ঘটিয়া উঠে। তিনি যত দিন তথায় অবস্থিতি করেন, তত দিনই ঐ সকল মহৎ ব্যাপার সাধনার্থেই ব্যস্ত ও চিন্তিত ছিলেন। তিনি

এ কি কাণ্ড! কি ব্যাপার! স্বাভাবিক শক্তির এতই মহিমা! তুমি ইংলণ্ডে গিয়া অধিষ্ঠান করিলে, তথাকার সুপণ্ডিত সাধু লোকে তোমার অসাধারণ গুণ-গ্রাম দর্শনে বিস্ময়াপন্ন হইয়া যায়। তোমার সাক্ষাৎকার লাভ করিয়া, একবার তথাকার কোন সজ্জন-সমাজে চমৎকার-সম্বলিত এরূপ একটি অপূর্ব্ব ভাবের আবির্ভাব হয়, যেন সাক্ষাৎ প্লেটো, সক্রেটিস্ বা নিউটন্ ধরণী-মণ্ডলে পুনরায় উপস্থিত হইলেন *। তুমি আপন সময়ের অতীত বস্তু। কেবল সময়েরই কেন? আপন দেশেরও অতীত। ভারতবর্ষ তোমার যোগ্য নিবাস নয়। এক ব্যক্তি বলিয়া গিয়াছেন, এরূপ

---

রাজস্ব ও বিচার-প্রণালী সংক্রান্ত অনেকগুলি প্রবন্ধ লিখিয়া বোর্ড্ অব্ কণ্ট্রোল্ নামক রাজকীয় কার্য্যালয়ে অর্পণ করেন এবং সেই কার্য্যালয়ের অধ্যক্ষেরা হৌস্ অব্ কমন্স্ নামক সভায় সেই সমস্ত পাঠাইয়া দেন। তদ্ভিন্ন, তিনি রাজপুরুষদের অনুরোধক্রমে পার্লিএমেণ্ট ভবনে নিজে বারম্বার উপস্থিত হইয়া শাসন-প্রণালী সংক্রান্ত আপন অভিপ্রায় প্রকাশ ও সৎ-পরামর্শ প্রদান করেন এবং ভারতবর্ষীয় রাজকীয় ব্যাপারের গুণাগুণ বিচার ও উত্তরকালীন শাসন-পদ্ধতি-বিষয়ক নানাবিধ প্রস্তাব, যুক্তি ও পরামর্শ লিখিয়া বিভাগাদির নকশা-সম্বলিত একখানি পুস্তক প্রস্তুত করেন। ঐ সমুদায় ব্যতিরেকে, হিন্দুদের দায়াধিকার ও ভারতবর্ষীয় বিচার-প্রণালীসংক্রান্ত অন্যান্য পুস্তকও রচনা করেন।

তিনি উল্লিখিত সমুদায় গ্রন্থ ও প্রবন্ধাদির মধ্যে ভারতবর্ষীয় লোকের পদ-বৃদ্ধির জন্য অনুরোধ ও ব্যাকুল চিত্তে কৃষিজীবীদের দুঃখ-হরণার্থ প্রার্থনা করেন।

সেই সময়ে পার্লিএমেণ্টে ভারতবর্ষের শাসন সংক্রান্ত নূতন নিয়মাবলী প্রস্তাবিত হয়; তিনি তদর্থে এত চিন্তিত থাকিতেন যে, অনেকে স্বার্থ-সাধন বিষয়েও তত চিন্তিত থাকে কি না সন্দেহ।

তাঁহার ঐ পুস্তক ও প্রবন্ধগুলি অল্প উপকারী হয় নাই। বৃটিস্ রাজপুরুষেরা তাঁহার অভিপ্রায়ানুসারে ক্রমে ক্রমে অনেক কার্য্য করিয়াছেন ও তদ্দ্বারা বিশেষ উপকারও দর্শিয়াছে তাহার সন্দেহ নাই।

"They" (Ram Mohun Roy's Communications to British Legislature) "show him to be at once the philosopher and the patriot. They are full of practical wisdom; and there is reason to believe that they were highly valued by our Government, and that they aided in the formation of the new system."

Dr. Carpenter.

* "Monthly Repository" of June, 1831.

দেশে এরূপ লোকের জন্ম-গ্রহণ অবনী-মণ্ডলে আর কখনও ঘটিয়াছিল বোধ হয় না*।

* যে সময়ে গুরুপাঠশালায় শুভঙ্করী অঙ্ক ও কচিৎ পার্সী কায়দা* শিক্ষাবধি সর্ব্বসাধারণ বিষয়ি-লোকের বিদ্যা-শিক্ষার চরম সীমা ছিল, সেই সময়ে যিনি পৃথিবীর প্রাচীন ও অপ্রাচীন বহুতর প্রধান প্রধান ভাষা প্রভৃতি দশ ভাষায় ও বিবিধ বিজ্ঞানে স্বীয় অধিকার বিস্তার করেন†; যিনি ভিন্ন ভিন্ন নানা ভাষায় স্বদেশের কল্যাণকর বিবিধ পুস্তক প্রস্তুত করেন, আপনার দেশ-ভাষায় রীতিমত গদ্য-গ্রন্থ-রচনার পথ প্রদর্শন করেন, সেই ভাষার ব্যাকরণ-রচনাদি দ্বারা তাহার শিক্ষা-প্রচলনের উপায়ানুষ্ঠান করেন এবং যেরূপ শিক্ষায় লোকের বুদ্ধি মার্জ্জিত ও কুসংস্কার বিনষ্ট হইয়া বিশুদ্ধ জ্ঞান-পথে প্রবৃত্তি জন্মে, ইংরেজী বিদ্যালয়-সংস্থাপনাদি দ্বারা স্বদেশে সেইরূপ শিক্ষা-প্রণালী প্রচলিত করিবার জন্য যথোচিত চেষ্টা পান; যে সময়ে তাহারা ঘোরতর অজ্ঞান ও অশেষ প্রকার কুসংস্কারে অন্ধ হইয়াছিল, সেই সময়ে যিনি আপনার বুদ্ধি, বিদ্যা ও তেজস্বিতা প্রভাবে সমুদায় কুসংস্কার পরিত্যাগ পূর্ব্বক স্বদেশের আচার, ব্যবহার, ধর্ম্মাদি সংশোধন করিতে কৃত-সঙ্কল্প হন, ও সে বিষয়ে সুনিপুণ ও কৃতকার্য্য হইবার উদ্দেশে স্থল-পথে ও সমুদ্র-পথে কত কত অতিদূর-স্থিত দুর্গম দেশ পরিভ্রমণ করিয়া নানা জাতির ধর্ম্ম, কর্ম্ম, রীতি, নীতি প্রভৃতি বিবিধ বিষয়ের সবিশেষ অনুসন্ধান করেন‡; যিনি স্বদেশীয় স্ত্রীলোকের ব্যথায় ব্যথিত ও কারুণ্য-রসে অভিষিক্ত হইয়া তদীয় শিক্ষা বিষয়ে সমুচিত যুক্তি প্রদর্শন ও নিতান্ত সানুকূলভাব প্রকাশ করেন, বহুবিবাহ-রীতি ও বর্ত্তমান দায়াধিকার বিষয়ক ব্যবস্থা তাহাদের অশেষ ক্লেশের মূল ও অনেক অনর্থের কারণ বলিয়া প্রচার করেন, অসঙ্গত নিগ্রহ সহ্য করিয়াও প্রাণপণে সহমরণরূপ বিষময় প্রথা নিবারণ করেন এবং দেশময় এই জন-প্রবাদ প্রচলিত হয় যে, ইংলণ্ড হইতে প্রত্যাগমন করিয়া বিধবা-বিবাহ-প্রচলনের উদ্যোগ পাইবেন এইরূপ ইচ্ছা ব্যক্ত করেন; যে সময়ে স্বদেশীয় লোকে সাধারণ হিতানুষ্ঠান-ধর্ম্মের মর্ম্ম-গ্রহ করিতেই পারিত না, সেই সময়ে যিনি ঐ ধর্ম্মটি আপনার চিরজীবনের

* পার্সী ব্যাকরণ।

† "The wide field over which his acquirements spread, comprising sciences and languages, which individual knowledge rarely associates together."

W. J. Fox.

‡ ভোট দেশে তিন বৎসর ও ইউরোপে সার্দ্ধ দুই বৎসর অবস্থিতি করেন। সে সময়ে নানাবিধ দুর্গম দেশ পরিভ্রমণ পূর্ব্বক ভোট দেশ পর্য্যন্ত গমন করা সহজ ব্যাপার ছিল না।

"Strange is it that such a man should have been given by India to the world. * * * * *
Strange is it—but he was not of India, so much as for India."

Rev. W. J. Fox's Sermon.

"Such an instance is probably unparalleled in the history of the world."

Mary Carpenter

সহমরণ-নিবারণ, ব্রাহ্মধর্ম্ম-সংস্থাপন, স্বদেশীয় লোকের পদোন্নতি-সাধন ইত্যাদি তোমার কত জয়স্তম্ভ ও কীর্ত্তিস্তম্ভ জাজ্বল্যমান রহিয়াছে। না জানি কি কল্যাণময়ী মহীয়সী কীর্ত্তি সংস্থাপন উদ্দেশে অর্দ্ধ-ভূমণ্ডল অতিক্রম করিতে* কৃত-সংকল্প ও প্রতিজ্ঞারূঢ় হইয়াছিলে। তাদৃশ সুদূর-স্থিত ভূখণ্ড-বাসী সুপ্রতিষ্ঠ সাধু লোকেও তোমার অসামান্য মহিমা জানিতে পারিয়া, প্রত্যুদ্গমন পূর্ব্বক তোমাকে সমাদর করিবার জন্য অতিমাত্র ব্যগ্র

একমাত্র নিত্যব্রত-স্বরূপ অবলম্বন করেন ও তাহাদের বিষম বিদ্বেষ ও ঘোরতর প্রতিকূলতা অতিক্রম করিয়া তাহাদেরই দুঃখ-হরণ, সুখ-বর্দ্ধন ও সর্ব্বপ্রকার উন্নতি-সাধন করিতে নিরন্তর প্রতিজ্ঞারূঢ় থাকেন; কেবল স্বজাতির শুভান্বেষণ নয়, যিনি ভূমণ্ডলের অন্যান্য প্রধান প্রধান ধর্ম্ম সংশোধন ও অন্য দেশীয় লোকের হিতানুষ্ঠান বিষয়েও উৎসাহ ও যত্ন প্রকাশ করেন; কেবল ধর্ম্মাদির পরিবর্ত্তন নয়, যিনি স্বয়ং স্বাধীন দেশের অধিবাসী ও রাজপুরুষের মধ্যে পরিগণিত না হইলেও, নিজের বুদ্ধি, বিদ্যা ও ক্ষমতা প্রভাবে রাজশাসন-প্রণালী সংশোধন ও উন্নতি সাধন করিয়া স্বদেশীয় লোকের দুঃখ-হরণ ও শ্রীবৃদ্ধি সম্পাদনার্থ অতিশয় সাহসিকতা প্রদর্শন পূর্ব্বক কায়মনোবাক্যে চেষ্টা পান, ও অসাধারণ বুদ্ধি-গৌরব, রাজনীতিজ্ঞতা, অধ্যবসায় ও উপচিকীর্ষা প্রকাশ পূর্ব্বক ঐ সমস্ত অসামান্য বিষয়ে চিরজীবন অনুরক্ত থাকিয়া সে সময়ে ও আপনার জীবিত-কাল মধ্যে যত দূর সম্ভব কৃত-কার্য্য হন, এবং যিনি উল্লিখিত-রূপ মহৎ ক্রিয়ানুষ্ঠান, সর্ব্ব-হিতৈষিতা, সদাশয়তা, শিষ্টাচার ও মিষ্টালাপ-গুণে সর্ব্বোৎকৃষ্ট সুসভ্য-জাতীয় বিশিষ্ট লোকের প্রীতি-পাত্র ও ভক্তি-ভাজন হইয়া যান, তাঁহার সদৃশ উক্তরূপ অসাধারণ বহুতর গুণালঙ্কারে অলঙ্কৃত ব্যক্তি ভূমণ্ডলে এবং বিশেষতঃ এরূপ অযোগ্য দেশে আর কখনও জন্ম গ্রহণ করিয়াছেন এপ্রকার দেখিতে পাওয়া যায় না। একাধারে এরূপ অশেষ প্রকার অসামান্য-বিষয়িণী অলোক-সামান্য বুদ্ধি, ক্ষমতা ও হিতৈষিতার একত্র সংযোগ আর কখন ঘটে নাই বোধ হয়।

* আমেরিকা গমন করিতে।

ছিল। মনে মনে কতই শুভ সংকল্প সঞ্চারিত ও কতই দয়া-স্রোত প্রবাহিত করিয়াছিলে। কিন্তু ভারতের কপাল মন্দ! সে সমুদয় কর্ম্ম-ক্ষেত্রে আসিয়া আবির্ভূত হইল না।—ব্রস্‌টল্‌!—ব্রস্‌টল্*! তুমি কি সর্ব্বনাশই করিয়াছ! আমাদিগকে একেবারেই অনাথ ও অবসন্ন করিয়া রাখিয়াছ! যাহাতে অশেষরূপ অমৃত-স্বাদ ফল-রাশি উৎপৎস্যমান হইয়া ছিল, সেই অলোক-সামান্য বৃক্ষ-মূলে সাঙ্ঘাতিক কুঠার প্রহার করিয়াছ!

সেই বিপদের দিন কি ভয়ঙ্কর দিনই গিয়াছে! আমাদের সেই দিনের মৃতাশৌচ অদ্যাপি চলিতেছে ও চিরকালই চলিবে! সেই দিন ভারতরাজ্যের কল্যাণ-শিরে বজ্রাঘাত হইয়াছে! এদেশীয় নব্য সম্প্রদায়! সেই দিন তোমরা নিরাশ্রয় ও নিঃসহায় হইয়া রণজিৎ-শূন্য শিক্ সৈন্যের অবস্থায় পতিত হইয়াছ! দুঃখ-জীবী কৃষি-জীবিগণ! যে সময়ে তোমরা স্বদেশ ও বিদেশের জন্য অপর্য্যাপ্ত অন্ন প্রস্তুত করিয়াও নিজে সচ্ছন্দ মনে ও নিরশ্রু-নয়নে অত্যপকৃষ্ট তণ্ডুল-গ্রাসও গ্রহণ করিতে পাও নাই, সেই সময়ে যিনি ঐ দুঃসহ দুঃখ-রাশি পরিহার করিয়া তোমাদের সন্তপ্ত হৃদয় শীতল করিবার জন্য ব্যাকুল ছিলেন, এবং তজ্জন্য ব্রিটিস্‌ রাজ্যের রাজধানীতে অধিষ্ঠান পূর্ব্বক তোমাদের অজ্ঞাতসারে প্রত্যেক রাজপুরুষের নিকট স্বহস্তে লিখিয়া বিশেষরূপ কাতরতা প্রকাশ করেন†, সেই দিনে তোমরা সেই করুণাময় আশ্রয়-ভূমির আশ্রয়-লাভে চিরদিনের মত বঞ্চিত হইয়াছ! ভারতবর্ষীয় চির-নিগ্রহ-ভাজন অবলাগণ! তোমাদের অশেষরূপ দুঃখ-বিমোচন ও বিশেষরূপ উন্নতি-সাধন যাঁহার অন্তঃকরণের একটি প্রধান সঙ্কল্প ছিল, এবং যে হৃদয়-বিদীর্ণ-কারী ব্যাপার স্মরণ হইলে শরীরের শোণিত শুষ্ক হইয়া হৃৎকম্প উপস্থিত হয়, যিনি নিতান্ত অযাচিত ও অশেষরূপ নিগৃহীত হইয়াও তোমাদের সেই নিদারুণ আত্মঘাত ব্যবস্থা ‡ ও তন্নিবন্ধন স্বজন-বর্গের শোক-সন্তাপ, আর্ত্ত-নাদ ও অশ্রু-বারি সমস্তই নিবারণ পূর্ব্বক ভারত-মণ্ডলের মাতৃ-হীন অনাথ বালকের সংখ্যা হ্রাস করিয়া যান, সেই দিনে তোমরা সেই দয়াময় পরম বন্ধুকে হারা হইয়াছ! বিবিধ পীড়ায় প্রপীড়িত

* ইংলণ্ডের অন্তর্গত ব্রস্‌টল্‌ নামক স্থানে রামমোহন রায়ের মৃত্যু ও সমাধি হয়।

† Appendix to the Report from the Select Committee of the House of Commons on the affairs of the East India Company, published in 1831.

‡ সহমরণ-প্রথা।

জননী ভারতভূমি! যে আশা নরলোকের জীবন-স্বরূপ, সেই দিন তোমার সেই আশাবল্লী বুঝি নির্মূল হইয়াছে!!

পূর্ব্বতন শোক-সম্বাদ নবীভূত হইয়া উঠিল! অশ্রু-জল নিবারণে একেবারেই অসমর্থ হইয়া পড়িতেছি। এসময়ে বিষয়ান্তর স্মরণ করিয়া উহা বিস্মৃত হওয়া আবশ্যক। একটি প্রবোধের বিষয়ও আছে। আমাদের রাজা একেবারে নির্ব্বাণ হইবার বস্তু নন। তিনি ভূ-লোক হইতে অন্তর্হিত হইয়াছেন, তথাচ চিরাবলম্বিত হিত-ব্রত উদ্যাপন করিয়া যান নাই। তদীয় সমাধি-ক্ষেত্র হইতে কতবার কত পরম শ্রদ্ধেয় সুপবিত্র মহানাদ বিনির্গত ও প্রতিধ্বনিত হইয়া কতই হিতোৎসাহ উদ্দীপন ও কতই শুভ সঙ্কল্প সম্পাদন করিয়া আসিয়াছে *! অতএব তিনি প্রাণত্যাগ করিয়াও আমাদিগকে পরিত্যাগ করেন নাই; জীবৎ-কালের সদভিপ্রায়-বলে ও নিজ চরিতের দৃষ্টান্ত-প্রভাবে মৃত্যুর পরেও উপকার সাধন ও উপদেশ প্রদান পূর্ব্বক আমাদের ভক্তি ও কৃতজ্ঞতা-ভাজন হইয়া রহিয়াছেন। কেবল আমাদের নয়, ইয়ুরোপ ও আমেরিকাও ভক্তি-শ্রদ্ধা সহকারে তাঁহাকে চির-স্মরণীয় করিয়া রাখিয়াছে।

"'Being dead, he yet speaketh' with a voice to which not only India but Europe and America will listen for generations."

Fox's Sermon.

"'Though dead, he yet speaketh'; and the voice will be heard impressively from the tomb, which, in his life, may have excited only the passing emotions of admiration or respect."

Dr Carpenter's Sermon,

তিনি জীবদ্দশায় স্বদেশীয় লোক কর্ত্তৃক নিগৃহীত হইয়া প্রত্যাশা করিয়াছিলেন, উত্তরকালীন লোকে তাঁহার নিকট কৃতজ্ঞ হইবে। কিন্তু একাল পর্য্যন্ত তাহার তাদৃশ কিছু দৃশ্যমান চিহ্ন প্রকাশ পায় নাই। ভাগ্যে সুবিখ্যাত দ্বারকানাথ ঠাকুর মহাশয় ইংলণ্ড ভূমিতে গমন করেন,

---

* অর্থাৎ রামমোহন রায়ের অভিপ্রেত, তাঁহা কর্ত্তৃক সূচিত, প্রস্তাবিত, অথবা তাঁহার প্রার্থনা, যত্ন ও পরিশ্রমে রাজনিয়মে বিনিবেশিত অনেক বিষয় তাঁহার মৃত্যুর পরেও আন্দোলিত, প্রচলিত বা প্রবল হয়; যেমন স্ত্রী-শিক্ষা, বিজ্ঞান-শিক্ষা, ইংরেজী শিক্ষার সুবিস্তার, ব্রাহ্মধর্ম্মের উন্নতি, বিষয়-বিশেষে স্ত্রীলোকের শ্রীবৃদ্ধি, কৃষিজীবীদের দুঃখোপশম বিষয়ক রাজনিয়ম-বিশেষ, বিচারালয়ে জুড়ি দ্বারা বিচার-সম্পাদন ইত্যাদি।

তাই তাঁহার একটি রীতিমত সমাধি-মন্দির প্রস্তুত হয়। ভাল, ভারতবর্ষীয়-গণ! তোমরা তো মধ্যে মধ্যে ব্যক্তি-বিশেষের স্মরণার্থ তদীয় প্রতিরূপাদি প্রস্তুত করিতে অগ্রসর হও, কিন্তু রামমোহন রায়ের একটি সর্ব্বাবয়ব-সম্পন্ন প্রতিমূর্ত্তি প্রস্তুত করাইয়া বেণ্টিঙ্ক্ মহোদয়ের দক্ষিণ হস্তের দিকে সংস্থাপন করিতে কি অভিলাষ হয় না? স্বদেশীয় গ্রন্থকারগণ! সবিশেষ অনুসন্ধান পূর্ব্বক তাঁহার একখানি সর্ব্বাঙ্গ-সুন্দর জীবন-চরিত সঙ্কলন করিয়া স্বীয় লেখনী সার্থক ও পবিত্র করা এবং তদ্দ্বারা তাঁহার ঋণের লক্ষাংশের একাংশ পরিশোধ করা কি অতিমাত্র উচিত বোধ হয় না? আমরা কি অকৃতজ্ঞ! কি নরাধম!

আনুষঙ্গিক কথা-প্রবাহ ক্রমশঃ বৃদ্ধি হইয়া পড়িয়াছে সত্য বটে, কিন্তু প্রিয়তম পাঠকগণ! যিনি ভারতভূমির দুঃখ হরণ ও শুভ-সাধনার্থ প্রাণ, মন, ধন সমর্পণ করেন, "মানব-কুলের হিত-সাধন করাই পরমেশ্বরের যথার্থ উপাসনা" এই মহার্থ-বোধক পরম-পবিত্র পার্সিক বচনটি যিনি সতত আ-বৃত্তি করিয়া নিজ চরিতে নিরন্তর সম্যক্‌রূপে তাহার দৃষ্টান্ত প্রদর্শন করেন, যেরূপ অসাধারণ বুদ্ধি, ক্ষমতা ও হিতৈষিতা গুণের একত্র সংযোগ ভূমণ্ডলে আর কখন ঘটিয়াছিল এমন বোধ হয় না, যিনি একাধারে সেইরূপ ঐ সমস্ত গুণ ধারণ পূর্ব্বক যাবজ্জীবন মহৎ মহৎ কল্যাণকর ক্রিয়ানুষ্ঠান করেন*, এবং ভূ-স্বর্গ সমান ইয়ুরোপ ও আমেরিকা ভক্তি পূর্ব্বক যে অসামান্য পুরুষের নিকট উপদেশ ও পরামর্শ গ্রহণ করিয়া কৃতার্থ হয়, মনের দ্বার উদ্ঘাটন পূর্ব্বক উচ্চৈঃস্বরে শ্রদ্ধা-সহকারে যাঁহার গুণ-বর্ণন ও মহিমা কীর্ত্তন করে, যাঁহার সর্ব্ব-শুভকর উদার চরিত্র আদর্শ-স্বরূপ জ্ঞান করিয়া অন্তঃকরণের সহিত তাহার অনুকরণ প্রার্থনা করে, এবং এক সময়ে যাঁহার সহিত সহবাস ও সদালাপ বহুমূল্য সম্পত্তি বিবেচনা করিয়া তল্লাভার্থে যার পর নাই আগ্রহ ও ঔৎসুক্য প্রকাশ করে, ও পরে যাঁহার অসদ্‌ভাবে শোকাকুল হইয়া দুঃসহ ক্লেশানুভব পূর্ব্বক বিলাপ ও ক্রন্দন করে, উল্লিখিত কথাগুলি তাঁহারই পুণ্য-প্রসঙ্গ বলিয়া আমারে ক্ষমা করিও। †

এখন, বেদ-প্রাণ হিন্দুমণ্ডলি! শ্রবণ কর। তোমাদের প্রাচীন মীমাংসক-গণ অর্থাৎ বেদ-মন্ত্রের মীমাংসাকারী পূর্ব্বকালীন আচার্য্যগণ না ঈশ্বরই মানিতেন, না দেবতাই স্বীকার করিতেন। তাঁহারা নির্দেব ও নিরীশ্বর।

---

* ৩৬ ও ৩৭ পৃষ্ঠা দেখ।

† এপ্রস্তাবে রামমোহন রায়ের গুণ-গ্রাম-সংক্রান্ত যে কয়েকটি কথা ইঙ্গিতমাত্রে লিখিত হইল, রেবেরেণ্ড্ কার্পেণ্টর্ ও বিশেষতঃ মেরি কার্পেণ্টর্ কর্ত্তৃক বিরচিত তদীয় জীবন-বৃত্তান্ত পাঠ করিয়া দেখিলে, তাহার সবিশেষ বৃত্তান্ত জানিতে পারা যাইবে।

যে মীমাংসায় যাগ-যজ্ঞাদি কর্ম্মকাণ্ডের ব্যবস্থা আছে এবং সেই বিষয়েরই বিধি, নিষেধ ও ফলাফল বিশেষরূপে বিচারিত হইয়াছে, সেই মীমাংসা-দর্শন যে নাস্তিকতাবাদী একথা শুনিলে আপাততঃ অনেকে বিস্ময়াপন্ন হইবেন বোধ হয়। কিন্তু একথার অন্যথা হইবার সম্ভাবনা নাই। মীমাংসা-পণ্ডিতেরা, বিশেষতঃ প্রাচীনতর মীমাংসকগণ, মুক্তকণ্ঠে ও সুস্পষ্টরূপে ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার করিয়া গিয়াছেন। পঞ্চসংখ্যক জৈমিনিসূত্রের ভাষ্যে বেদ পৌরুষেয় অর্থাৎ ঈশ্বর-প্রণীত কি না এই বিষয়ের বিচার উপস্থিত হইলে, ভাষ্যকার শবর স্বামী বৃত্তিকারের কথিত অনুক্ত অভিপ্রায় উদ্ধৃত করিয়াছেন।

**'अपौरुषेयः एषः सम्बन्धः' इति पुरुषस्य सम्बन्धाभावात्। कथं सम्बन्धोनास्ति। प्रत्यक्षस्य प्रमाणस्याभावात् तत्पूर्व्वकत्वाच्चेतरेषाम्।**

এই শব্দার্থের সম্বন্ধ* অপৌরুষেয় অর্থাৎ কোন পুরুষ কর্ত্তৃক কৃত নয়, কেননা ঐরূপ সম্বন্ধকারী পুরুষ বিদ্যমান নাই। যদি বল, সম্বন্ধকারী পুরুষ বিদ্যমান নাই কেন? তাহার উত্তর এই যে, সে বিষয়ের প্রত্যক্ষ প্রমাণ নাই। প্রত্যক্ষ প্রমাণ না থাকিলে, অন্যান্য প্রমাণেরও সম্ভাবনা থাকে না†।

পূর্ব্বেই এইরূপ উল্লিখিত হইয়াছে যে, কেবল ঈশ্বর নয়, এই দর্শনের মতে দেবতাও নাই বলিলে বলা যায়। যাবতীয় দেবতা মন্ত্র-স্বরূপ; শরীর-বিশিষ্ট নয়। মীমাংসা-দর্শনে এই অভিপ্রায়ের উপযুক্ত যুক্তি-প্রদর্শনেরও ত্রুটি হয় নাই। যদি ইন্দ্রদেব যজমানের আহ্বান গ্রহণ করিয়া ঘটে বা প্রতিমাতে অধিষ্ঠিত হইতেন, তাহা হইলে ঐরাবতের ভার-বলে ঘট ও প্রতিমা একবারে চূর্ণায়মান হইয়া যাইত।

জৈমিনিসূত্র, শবর স্বামি-কৃত শাবরভাষ্য, কুমারিল ভট্ট-কৃত বার্ত্তিক, সোমনাথ-কৃত ময়ূখমালা, পার্থসারথি-কৃত শাস্ত্রদীপিকা, ভবনাথ মিশ্র-কৃত মীমাংসান্যায়বিবেক, রাঘবানন্দ-কৃত ন্যায়াবলীদীধিতি, মাধবাচার্য্য-কৃত ন্যায়-মালাবিস্তার ইত্যাদি বহুতর গ্রন্থে এই দর্শনের মত প্রতিপাদিত হইয়াছে।

* বেদোক্ত শব্দ-বিশেষের যে অর্থ-বিশেষ নিরূপিত আছে, সেই শব্দ ও অর্থের ঐরূপ সম্বন্ধ।

† পূর্ব্বেই লিখিত হইয়াছে, মীমাংসার মতে একটি নিত্য শব্দ সকল অনিত্য শব্দের অন্তর্ভূত আছে; কেহ কেহ সেই শব্দকেই ব্রহ্ম বলেন।

## বেদান্ত।

অবশিষ্ট প্রধান দর্শনটির নাম বেদান্ত। মীমাংসা যেমন কর্ম্ম-মীমাংসা, বেদান্ত সেইরূপ ব্রহ্ম-মীমাংসা *।

যাঁহা হইতে জগতের উৎপত্তি, স্থিতি ও ভঙ্গ হয়, তিনিই ব্রহ্ম।

**জন্মাদ্যস্য যতঃ।**

বেদান্তসূত্র। ১ অ। ১ পা। ২সূ।

যাঁহা হইতে এই জগতের জন্মাদি (অর্থাৎ উৎপত্তি, স্থিতি ও ভঙ্গ) হয় তিনি ব্রহ্ম।

বেদান্তের ভাষায় ইহাকে ব্রহ্মের তটস্থ লক্ষণ বলে। তিনি সত্য-স্বরূপ, জ্ঞান-স্বরূপ ও অনন্ত-স্বরূপ। তিনি অদ্বিতীয়, অর্থাৎ তাঁহা ভিন্ন অন্য কোন বস্তু বিদ্যমান নাই। তিনিই সত্য, অপর সমস্তই মিথ্যা। যেমন রাত্রি-কালে সহসা রজ্জু দেখিলে, সর্প বলিয়া ভ্রম হইতে পারে, অথবা

---

* জৈমিনি-দর্শন পূর্ব্ব মীমাংসা এবং বেদান্ত-দর্শন উত্তর মীমাংসা বলিয়া প্রসিদ্ধ আছে। বেদান্তসূত্রের মধ্যে পুনঃপুনঃ জৈমিনির নামোল্লেখও দেখা যায় *। ইহাতে অগ্রে মীমাংসা এবং পশ্চাৎ বেদান্ত-দর্শন প্রকাশিত হয় এইরূপ প্রতীয়মান হইতে পারে, অথচ জৈমিনিসূত্রের মধ্যেই বেদান্ত-প্রণেতা বাদরায়ণ, ব্যাসের নাম বিনিবেশিত আছে। (মীমাংসা ৫ সূত্র)।

এই উভয়কে সমকালবর্ত্তী বলিয়া মনে করিলে, এ বিরোধের একরূপ ভঞ্জন হইয়া যায়। কিন্তু কেবল মীমাংসা ও বেদান্ত নয়, ভিন্ন ভিন্ন নানা দর্শনের সূত্র-গ্রন্থের মধ্যেই পরস্পরের মত-প্রসঙ্গ লক্ষিত হইয়া থাকে। বেদান্তসূত্রের অনেক স্থানে ন্যায় ও বৈশেষিক দর্শনের মত ও অভিপ্রায় উল্লিখিত আছে †, সেইরূপ আবার ন্যায়সূত্রের মধ্যেও অর্থাপত্তি প্রভৃতি ‡ বেদান্ত-মতের সুস্পষ্ট নিদর্শন দেখিতে পাওয়া যায় ¶। এই বিষয়টি বিবেচনা করিয়া দেখিলে, ঐ সমস্ত দর্শনের সমুদয় সূত্রগুলি এক সময়ে ও এক জনের কৃত বলিয়া কদাচ প্রতীয়মান হয় না।

---

* বেদান্তসূত্র। ১অ, ২পা, ২৮ ও ৩১ সূ; ১অ, ৩পা, ৩১ সূত্র ইত্যাদি।

† বেদান্তসূত্র। ২ অ। ২ পা। ১১, ১৩, ১৪ সূত্র ইত্যাদি।

‡ স্থূলকায় দেবদত্ত দিবাভাগে ভোজন করেন না একথা বলিলে এইটি বোধ হয় যে, তিনি রাত্রিযোগে ভোজন করেন; কেননা একেবারে নিরাহার থাকিলে, স্থূলকায় হওয়া সম্ভব নয়। এই বিষয়টি উল্লিখিত বাক্যের অর্থাধীন প্রাপ্ত হওয়া যাইতেছে। ইহাকেই অর্থাপত্তি-প্রমাণ বলে। পূর্ব্বোক্ত প্রত্যক্ষাদি চারি প্রমাণ ব্যতিরেকে বৈদান্তিকেরা এইরূপ অতিরিক্ত কয়েকটি প্রমাণ স্বীকার করেন। ন্যায় ও বৈশেষিকের মতে, সে গুলি বাস্তবিক স্বতন্ত্র প্রমাণ নয়।

¶ ন্যায়সূত্র। ২ অ, ৬৯ সূ। ৪ অ, ২৫ সূ। ৪ অ, ৯৭ সূ।

শুক্তিকা দেখিলে, রজত বলিয়া ভ্রান্তি জন্মিতে পারে, সেইরূপ, সৎ-স্বরূপ পরব্রহ্ম বিদ্যমান আছেন বলিয়া জগৎও বিদ্যমান আছে এইরূপ ভ্রম হইতেছে।

যিনি কোন সামগ্রী প্রস্তুত করেন, তিনি তাহার নিমিত্ত-কারণ। আর যে বস্তুতে ঐ সামগ্রী প্রস্তুত হয়, তাহা উহার উপাদান-কারণ। কুম্ভকার কলসীর নিমিত্ত-কারণ ও মৃত্তিকা উহার উপাদান-কারণ। এরূপ উপাদানকে পরিণাম-উপাদান বলে। প্রথমে একমাত্র অদ্বিতীয়-স্বরূপ পরমেশ্বরই ছিলেন, আর কিছুই ছিল না; অতএব তাঁহাকে জগতের নিমিত্ত ও উপাদান উভয় কারণই বলিতে হয়। কিন্তু তিনি নিজে পরিণত অর্থাৎ বিকৃত হইয়া জগৎ উৎপাদন করেন নাই। অতএব পূর্ব্বোক্ত উদাহরণে মৃত্তিকা যেমন কলসীর পরিণাম-উপাদান, তিনি জগতের সেরূপ পরিণাম-উপাদান হইতে পারেন না।

পূর্ব্বেই লিখিত হইয়াছে, রজ্জুতে সর্প-ভ্রমের মত পরব্রহ্মে জগদ্-ভ্রম হইতেছে *। রজ্জুকে সর্পের ও পরব্রহ্মকে জগতের উপাদান বলিতে হয় তাহার সন্দেহ নাই, কিন্তু এরূপ উপাদানকে বিবর্ত্ত-উপাদান বলে। পরব্রহ্ম জগতের বিবর্ত্ত-উপাদান কারণ।

এই মতকেই মায়াবাদ বলে। বেদে অর্থাৎ সংহিতা ও ব্রাহ্মণে এ মতের কোন নিদর্শন দেখিতে পাওয়া যায় না। উপনিষদ্-ভাগই বেদান্ত-দর্শনের প্রধান প্রমাণ। তাহাতে পরব্রহ্ম জগতের উপাদান-কারণ বলিয়া

---

* বেদান্তের ভাষায় এইরূপ ভ্রমকে অধ্যারোপ বা অধ্যারোপ-ন্যায় বলে।

**অসর্পভূতে রজ্জৌ সর্পারোপবৎ বস্তুন্যবস্ত্বারোপঃ অধ্যারোপঃ।**

বেদান্তসার।

রজ্জু সর্প নয় অথচ তাহাতে যেমন সর্প-ভ্রম হয়, সেইরূপ, পরব্রহ্মে জগদ্-ভ্রম হওয়াকে অধ্যারোপ বলে।

আর যেমন ঐ সর্প-ভ্রম দূরীকৃত হইলে রজ্জুমাত্র বোধ হয়, সেইরূপ, তত্ত্ব-জ্ঞান দ্বারা ঐ সংসার-ভ্রম বিনষ্ট হইয়া পরব্রহ্মমাত্রের স্ফূর্ত্তি থাকে। বেদান্ত-শাস্ত্রে ইহা অপবাদ বা অপবাদ-ন্যায় বলিয়া উল্লিখিত হইয়াছে।

**অপবাদো নাম রজ্জুবিবর্ত্তস্য সর্পস্য রজ্জুমাত্রত্ববৎ, বস্তুবিবর্ত্তস্যাবস্তুনো-ঽজ্ঞানাদেঃ প্রপঞ্চস্য বস্তুমাত্রত্বম্।**

বেদান্তসার।

যদি রজ্জুতে সর্প-ভ্রম হয়, তবে সেই ভ্রম বিনষ্ট হইলে যেমন রজ্জুমাত্র বোধ হয়, সেইরূপ, পরব্রহ্মেতে যে সংসার-ভ্রম জন্মিয়াছে, তাহা দূরীকৃত হইলে, ব্রহ্মমাত্রের প্রকাশ থাকে। ইহাকেই অপবাদ বলে।

বর্ণিত হইয়াছেন *, কিন্তু মায়াবাদের স্পষ্ট উল্লেখ নাই। প্রথমকার বৈদান্তিকেরাও এ মতটি প্রবর্ত্তিত করেন নাই। বেদান্তসূত্র এই দর্শনের আদি গ্রন্থ; তাহাতেও মায়াবাদের প্রসঙ্গ নাই। উত্তরকালীন শঙ্করাচার্য্য প্রভৃতি ব্যাপক বৈদান্তিকেরা উহা উদ্ভাবন বা সংগ্রহ করিয়া বেদান্তমতে বিনিবেশিত করিয়াছেন। বৌদ্ধধর্ম্ম-প্রবর্ত্তক শাক্য সিংহ এইরূপ মত প্রচার করেন; তাহা হইতে ইহা হিন্দুধর্ম্মে অবতীর্ণ হওয়া অসম্ভব নয়।

মায়া পরব্রহ্মের শক্তি-স্বরূপ; তিনি মায়াবচ্ছিন্ন হইলেই জগতের উৎপত্তি হয়। কিন্তু স্থলান্তরে তিনি আবার নিত্য-মুক্ত-স্বভাব বলিয়া উল্লিখিত হইয়াছেন। বৈদান্তিকেরা একটি উপমা দিয়া এই দুইটি পরস্পর বিরুদ্ধ কথার সামঞ্জস্য করিয়া থাকেন। যেমন বৃক্ষ-শ্রেণীর অভ্যন্তর দিয়া উহার অন্তরালস্থ মহান্ আকাশ দর্শন করিলে, সেই আকাশ খণ্ড খণ্ড দেখায়, কিন্তু বাস্তবিক তাহা খণ্ডিত হয় না, সেইরূপ ব্রহ্ম মায়াবচ্ছিন্ন হইলেও বাস্তবিক অবচ্ছিন্ন হন না; তিনি যেমন স্বভাবতঃ পূর্ণ ও মুক্ত-স্বরূপ, সেই রূপই থাকেন।

বেদান্তের মতে পরব্রহ্ম নির্গুণ, নিরাকার, নির্ব্বিকার ও চিন্ময়-স্বরূপ। জগৎ যদি ভ্রমমাত্র হইল তাহা হইলে, তিনি আর জগৎ-কর্ত্তা বলিয়া উল্লিখিত হইতে পারেন না। তবে তিনি সর্ব্বকর্ত্তা সর্ব্বনিয়ন্তা বলিয়া যে উক্ত হইয়াছেন, তাহা আরোপ মাত্র; বাস্তবিক স্বরূপ নয়। যদি জগতের সৃষ্টিই মিথ্যা হইল, তবে আর সৃষ্টিকর্ত্তা কিরূপে সম্ভবে? ঐ সকল বিশেষণ দ্বারা পূর্ব্বোক্ত অধ্যারোপ ন্যায়ানুসারে তাঁহার আরোপিত স্বরূপের বর্ণনা করা হইয়াছে। আর তিনি অকর্ত্তা, অরূপ, অস্থূল, অসূক্ষ্ম, অদীর্ঘ, অহ্রস্ব, নির্গুণ, নির্বিশেষ ও বাক্য-মনের অগোচর বলিয়া যে উক্ত হইয়াছেন ইহাই তাঁহার প্রকৃত স্বরূপের বর্ণন।

জীব বাস্তবিক পরব্রহ্ম বই আর কিছুই নয়। এই উভয়ের অভেদ-জ্ঞান সাধন পূর্ব্বক আনন্দ-লাভই এই দর্শনের প্রয়োজন। "অয়মাত্মা ব্রহ্ম" অর্থাৎ এই জীবাত্মা ব্রহ্ম, "অহং ব্রহ্মাস্মি" আমি ব্রহ্ম, "তত্ত্বমসি" তুমি সেই ব্রহ্ম এই রূপ জীব-ব্রহ্মের অভেদ-প্রতিপাদক কতকগুলি বাক্য উপনিষদের মধ্যে বিদ্যমান আছে। এই সকল বাক্যকে মহাবাক্য বলে। এইরূপ

---

* যথোর্ণনাভিঃ সৃজতে গৃহ্নতে চ যথা পৃথিব্যামোষধয়ঃ সম্ভবন্তি।
যথা সতঃ পুরুষাৎ কেশলোমানি তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বম্॥

মুণ্ডকোপনিষৎ। ১। ৭।

উর্ণনাভি যেমন উর্ণজাল সৃজন ও গ্রহণ করে, পৃথিবী হইতে যেমন ওষধি সকল উৎপন্ন হয়, এবং জীবিত মনুষ্যের শরীর হইতে কেশ ও লোম সমুদায় সমুদ্ভূত হয়, সেই রূপ, অবিনাশী পরব্রহ্ম হইতে এই জগতের উৎপত্তি হইয়া থাকে।

মহাবাক্য সমুদায়ের অর্থ চিন্তন পূর্ব্বক জীব-ব্রহ্মের অভেদ জ্ঞান করাকেই তত্ত্বজ্ঞান বলে। এই জ্ঞানের উদয় হইলেই জীব-ব্রহ্মে আর প্রভেদ থাকে না। "অহং ব্রহ্মাস্মি" অর্থাৎ আমিই ব্রহ্ম এই রূপ স্থির নিশ্চয় হইয়া কেবল চৈতন্য-স্বরূপ ব্রহ্মমাত্রেরই স্ফূর্ত্তি থাকে। এই অবস্থা হইলেই মুক্তি-লাভ হয়। ইহাকেই নির্ব্বাণ মুক্তি বলে।

যাঁহারা একেবারে এরূপ জ্ঞানাভ্যাসে অসমর্থ, তাঁহারা প্রথমে প্রণব অর্থাৎ ওঁকার অবলম্বন পূর্ব্বক পরমাত্মার উপাসনা করিবেন এইরূপ ব্যবস্থা আছে। মাণ্ডুক্যোপনিষদে এই উপাসনার সবিস্তর বিবরণ আছে। ঐ উপনিষদের সমগ্র তাৎপর্য্য এই যে, জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি এই তিন অবস্থার অধিষ্ঠাতা ও সৃষ্টি-স্থিতি-প্রলয়-কারণ অদ্বিতীয়-স্বরূপ পরমাত্মাই প্রণবের প্রতিপাদ্য। ঐ প্রণব অর্থাৎ ওঁকার অবলম্বন করিয়া তাঁহার উপাসনা করা দুর্ব্বলাধিকারী ব্রহ্ম-জিজ্ঞাসুর পক্ষে অবশ্য কর্ত্তব্য।

**एतदालम्बनं श्रेष्ठमेतदालम्बनं परम्।**
**एतदालम्बनं ज्ञात्वा ब्रह्मलोके महीयते॥**

কঠোপনিষৎ।২।১৭।

এই অর্থাৎ প্রণব অবলম্বনই শ্রেষ্ঠ অবলম্বন। ইহাই পরম অবলম্বন। এই অবলম্বন জ্ঞাত হইলে, ব্রহ্মোপাসক ব্রহ্মলোকে গিয়া পূজিত হন।

**प्रणवो धनुः शरो ह्यात्मा ब्रह्म तल्लक्ष्यमुच्यते।**
**अप्रमत्तेन वेद्धव्यं शरवत्तन्मयो भवेत्॥**

মুণ্ডকোপনিষৎ। ২। ২। ৪।

প্রণব ধনু-স্বরূপ, জীবাত্মা শর-স্বরূপ এবং ব্রহ্ম লক্ষ্য-স্বরূপ বলিয়া উল্লেখ করা হইয়াছে। অতএব প্রমাদ-শূন্য হইয়া পরব্রহ্মরূপ লক্ষ্যে জীবাত্মরূপ শর বিদ্ধ করিবে, এবং শর যেমন লক্ষ্যেতে প্রবিষ্ট হইয়া থাকে, সেইরূপ জীবাত্মা পরব্রহ্মেতে প্রবিষ্ট অর্থাৎ লীন হইয়া থাকিবে।

ব্রহ্মোপাসনায় প্রবৃত্ত হইলে, শম, দম, উপরতি, তিতিক্ষা ও সমাধি অভ্যাস করিতে হয়।

**शमदमाद्युपेतः स्यात्तथापि तु तद्विधेस्तदङ्गतया तेषामव-श्यानुष्ठेयत्वात्।**

বেদান্তসূত্র। ৩অ। ৪পা। ২৭সূ।

জ্ঞান-সাধনার্থ শম-দমাদি-বিশিষ্ট হইবে, কেন না শম-দমাদি জ্ঞান-

সাধনের অঙ্গ-স্বরূপ এই নিমিত্ত তাহার অনুষ্ঠান অবশ্য কর্ত্তব্য বলিয়া ব্যবস্থা দেওয়া হইয়াছে *।

অন্তরিন্দ্রিয় অর্থাৎ অন্তঃকরণ দমন করাকে শম, বহিরিন্দ্রিয়ের শাসন করাকে দম, জ্ঞানাভ্যাসের সময়ে কর্ম্ম ত্যাগ করাকে উপরতি, শীত-উষ্ণাদি সহ্য করাকে তিতিক্ষা, এবং আলস্য ও প্রমাদ পরিত্যাগ পূর্ব্বক একাগ্রমনে পরব্রহ্ম চিন্তন করাকে সমাধি বলে।

একটি বিষয়ে বেদান্ত শাস্ত্রের সমধিক ঔদার্য্য দেখিতে পাওয়া যায়। সেটি এই যে, হিন্দুধর্ম্মোচিত আচার ব্যবহার অবলম্বন করিয়া না চলিলেও, ব্রহ্ম-জিজ্ঞাসু ব্যক্তির তত্ত্বজ্ঞান-সাধনে সম্পূর্ণ অধিকার থাকে। আপন আপন বর্ণ ও আশ্রমের উপযুক্ত ধর্ম্মানুষ্ঠান কর আর না কর, তত্ত্বজ্ঞানানুশীলনের ইচ্ছা হইলেই, সে বিষয়ে সম্যক্ অধিকারী হইবে।

অন্তরা চাপি তু তদ্দৃষ্টেঃ।

বেদান্তসূত্র। ৩অ। ৪পা। ৯সূ।

বর্ণাশ্রমাচার পরিত্যাগ করিলেও, ব্রহ্মজ্ঞান-সাধনে অধিকার থাকে, কেন না রৈক্য বাচক্নবী প্রভৃতি বর্ণাশ্রম-রহিত ব্যক্তিদিগেরও জ্ঞানোৎপত্তি হইয়াছে দেখা গিয়াছে।

ইহার অনুরূপ অন্য একটি বিষয়েও বিশুদ্ধ বুদ্ধির অনুমোদিত তাদৃশ উদার ভাব প্রকাশিত হইয়াছে।

---

* কেবল জ্ঞান-সাধনের সময়ে কেন? পরমহংস সদানন্দের মতে শম-দমাদি-বিশিষ্ট না হইলে এ শাস্ত্রে অধিকারই হয় না। যিনি বেদ-বেদাঙ্গাদি অধ্যয়ন করিয়া বেদার্থ জানিয়াছেন, ইহ জন্মে বা জন্মান্তরে কাম্য ও নিষিদ্ধ কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক নিত্য নৈমিত্তিকাদি ক্রিয়ানুষ্ঠান দ্বারা যাঁহার পাপ-ক্ষয় ও চিত্ত-শুদ্ধি ঘটিয়াছে, এবং যাঁহার সাধন-চতুষ্টয় অর্থাৎ পশ্চাল্লিখিত চারিপ্রকার সাধন সম্পন্ন হইয়াছে, তিনি এই বেদান্ত-শাস্ত্রে অধিকারী।

সাধন-চতুষ্টয়।

(১) নিত্যানিত্য-বস্তু-বিবেক অর্থাৎ ব্রহ্মই নিত্য এবং অন্য সমুদয় বস্তু অনিত্য এইরূপ বিচার।

(২) ইহামুত্র ফল-ভোগ-বিরাগ অর্থাৎ ঐহিক ও পারত্রিক সুখ-ভোগ-বিরাগ।

(৩) শম-দমাদি সাধন-সম্পত্তি অর্থাৎ শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান অর্থাৎ ঈশ্বর-বিষয়ক শ্রবণাদিতে একাগ্রচিত্ততা এবং শ্রদ্ধা অর্থাৎ গুরূপদেশে ও বেদান্তাদি শাস্ত্রে বিশ্বাস।

(৪) মোক্ষাভিলাষ।

এই চারি সাধনকে সাধন-চতুষ্টয় বলে।—পরমহংস সদানন্দ-কৃত বেদান্তসার।

यत्रैकाग्रता तत्राविशेषात्।

বেদান্তসূত্র।৪ অ।১ পা।১১সূ।

যে স্থানে ও যে সময়ে মন স্থির হয়, সেই স্থানে ও সেই সময়েই উপাসনা করা বিধেয়; কেন না ব্রহ্মোপাসনায় দেশ-কালাদির বিচার নাই।

বিশ্ব ও বিশ্ব-কারণ সম্বন্ধে যিনি যে কোন মনঃকল্পিত মত উদ্ভাবন করুন না কেন, সংসারের দুঃখ-রাশির পরাক্রম-চিন্তা অতিক্রম করিতে সমর্থ হন না এবং বিশ্ব-বিরাজিত সুখ-দুঃখ-ঘটিত সমস্যা*-পূরণেও প্রবৃত্ত না হইয়া থাকিতে পারেন না।

পূর্ব্বেই লিখিত হইয়াছে † সাংখ্য-পণ্ডিতেরা জগতে ক্লেশ ও জীবের সুখ-দুঃখের ইতর বিশেষ দেখিয়া অন্যান্য অনেক দার্শনিক পণ্ডিতের স্বীকৃত ঈশ্বরীয় স্বরূপের প্রতি নৈর্ঘৃণ্য ও বৈষম্য দোষ অর্পণ করেন। বৈদান্তিক পণ্ডিতেরা তাহার নিম্ন-লিখিত রূপ প্রত্যুত্তর দিয়া গিয়াছেন।

জীবগণ স্বকৃত কর্ম্মানুসারে শুভাশুভ ফল ভোগ করে; পূর্ব্ব জন্মে যেরূপ কর্ম্ম করে, পর জন্মে সেইরূপ ফল প্রাপ্ত হয়। অতএব পরমেশ্বর নিরপেক্ষ হইয়া সৃষ্টি করেন না; তাহাদের সেই সমস্ত সুকৃত-দুষ্কৃত-সাপেক্ষ হইয়া কার্য্য করেন, অর্থাৎ তাহারা যেরূপ কর্ম্ম করে, তদনুরূপ সুখ-দুঃখ বিতরণ করিয়া থাকেন।

सापेक्षोहीश्वरो विषमां सृष्टिं निर्मिमीते। किमपेक्षत इति चेद्धर्म्माधर्म्मावपेक्षत इति वदामः। अतः सृज्यमानप्राणिधर्म्माधर्म्मापेक्षा विषमा सृष्टिरिति नायमीश्वरस्यापराधः। ईश्वरस्तु पर्जन्यवद्द्रष्टव्यः यथा हि पर्जन्योव्रीहियवादिसृष्टौ साधारणं कारणं भवति व्रीहियवादिवैषम्ये तु तत्तद्बीजगतान्येवासाधारणानि सामर्थ्यानि कारणानि भवन्ति एवमीश्वरो देवमनुष्यादिसृष्टौ साधारणं कारणं भवति देवमनुष्यादिवैषम्ये तु तत्तज्जीवगतान्येवासाधारणानि कर्म्माणि कारणानि भवन्ति। एवमीश्वरः सापेक्षत्वान्न वैषम्यनैर्घृण्याभ्यां दुष्यति।

শারীরিক ভাষ্য। ২অ, ১পা, ৩৪ সূত্রের ভাষ্য।

---

* যদি পরমেশ্বরের দয়াও অনন্ত এবং শক্তিও অনন্ত হইল, তবে সংসারে দুঃখ থাকে কেন এই সমস্যা।

† ২ পৃষ্ঠা দেখ।

ঈশ্বর সাপেক্ষ হইয়াই অসমান সৃষ্টি করিয়া থাকেন। যদি বল, কাহার অপেক্ষা করেন? আমরা বলি, ধর্ম্মাধর্ম্মের অপেক্ষা করেন। সৃজ্যমান প্রাণিবর্গের (পূর্ব্ব-কৃত) ধর্ম্মাধর্ম্মানুসারে এই অসমান সৃষ্টি হইয়া থাকে। ইহাতে ঈশ্বরের অপরাধ নাই। ঈশ্বরকে মেঘের ন্যায় দেখিতে হইবে। মেঘ, যেরূপ, ব্রীহি-যবাদির পুষ্টি-সাধনের সাধারণ কারণ, আর ব্রীহি-যবাদি সমুদায় যে পরস্পর সমান হয় না, তাহাদের বীজগত শক্তি-ভেদই যেমন তাহার অসাধারণ কারণ, সেইরূপ, ঈশ্বর দেব-মনুষ্যাদি-সৃষ্টির সাধারণ কারণ; আর সেই দেব-মনুষ্যাদির অবস্থা যে সমান হয় না, তাহাদের নিজ নিজ কর্ম্মই তাহার অসাধারণ কারণ। এইরূপ সাপেক্ষতা প্রযুক্ত, ঈশ্বর বৈষম্য ও নৈর্ঘৃণ্য দোষে দূষিত হইতে পারেন না।

বৈদান্তিকদের বিচার-প্রণালী একেবারে অগ্রাহ্য না করিয়া, সাংখ্য-পণ্ডিতেরা এইরূপ প্রত্যুত্তর করিতে পারেন, জীব যে সময়ে প্রথম সৃষ্ট হইল, সে সময়ে তো তাহার পূর্ব্ব-কৃত সুকৃত দুষ্কৃত থাকা কোন রূপেই সম্ভবে না। অতএব উল্লিখিত যুক্তি কিরূপে সঙ্গত হইতে পারে? বৈদান্তিকেরা বলেন, ঈশ্বরও অনাদি, সৃষ্টিও অনাদি। ইহাতে সাংখ্য-পণ্ডিতেরা এইরূপ বলিতে পারেন, যে বস্তু সৃষ্ট হইল, তাহা আবার অনাদি এ কথাটি সুনির্ম্মল সরল বুদ্ধির গম্য নয়। বিশেষতঃ বৈদান্তিক মতের প্রমাণ-ভূত উপনিষদে স্পষ্টই লিখিত আছে, প্রথমে এক মাত্র অদ্বিতীয়-স্বরূপ পরমব্রহ্মই বিদ্যমান ছিলেন, তিনি সমুদয় সৃষ্টি করিলেন।

ফলতঃ অতর্কনীয় বিষয়ে তর্ক উপস্থিত করিলেই বুদ্ধি-বিপাক ঘটিয়া উঠে। যে বিষয় অজ্ঞেয় ও অনির্ব্বচনীয়, তাহা জানিতে ও নির্ব্বাচন করিতে গিয়া, মানুষে বিপদাপন্ন হইয়া পড়ে। লোকে পরমেশ্বরকে একটি অসামান্য মনুষ্যের মত * মনে করিয়া এই বিপদ উপস্থিত করিয়াছে। রোমক-রাজ্য-বিনাশের অবিনশ্বর-ইতিহাস-রচয়িতা শ্রীমান্ গিবন্ মুসল্মান্ ধর্ম্মের বিষয়ে যে নিম্ন-লিখিত কথাটি প্রয়োগ করিয়াছেন, নিরপেক্ষ তত্ত্ব-জিজ্ঞাসু ব্যক্তিরা প্রধান প্রধান অনেক ধর্ম্মের বিষয়েই তাহা নিয়োজন করিতে পারেন।

"They struggle with the common difficulties, *how* to reconcile the prescience of God with the freedom and responsibility of man; *how* to explain the permission of evil under the reign of infinite power and infinite goodness."

Gibbon, 1820, Vol. IX, Chap. L, p. 263.

পরমার্থ-পরায়ণ ভক্ত লোকের মধ্যেও কেহ লিখিয়াছেন,

---

* মনুষ্যের যেরূপ উৎকৃষ্ট মানসিক বৃত্তি আছে, অনেকেই ঈশ্বরকেও সেইরূপ মনোবৃত্তিশালী বলিয়া বিবেচনা করেন।

"To think that god is, as we can think him to be, is blasphemy."

আমরা ঈশ্বরকে যেরূপ মনে করিতে পারি, তাঁহাকে সেই রূপ বলিয়া বিবেচনা করিলে, তাঁহার নিন্দা করা হয়।

"A God understood would be no God at all."

ঈশ্বর যদি বুদ্ধি-গম্য হইলেন, তবে তিনি আর ঈশ্বর নন।

উপনিষদ্-কর্ত্তারা সুপ্তোত্থিত ব্যক্তির ন্যায় এক একবার এ কথা স্পষ্টই লিখিয়া গিয়াছেন *।

**যতোবাচোনিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।**

তৈত্তিরীয়োপনিষদ্ ব্রহ্মবল্লী। ৯ শ্রুতি।

যাঁহাকে না পাইয়া বাক্য ও মন নিবৃত্ত হয়।

যিনি মনে করেন, আমি ব্রহ্ম-স্বরূপ জানিয়াছি, তলবকার ঋষি তাঁহাকে বলিয়া গিয়াছেন,

**যদি মন্যসে সুবেদেতি দভ্রমেবাপি নূনং ত্বং বেত্থ ব্রহ্মণো রূপম্।**

তলবকারোপনিষদ্ ।৯।

যদি মনে কর, আমি ব্রহ্মকে সুন্দররূপ জানিয়াছি, তাহা হইলে তুমি ব্রহ্ম-স্বরূপ অল্পই জানিয়াছ।

ফলতঃ অবিজ্ঞেয়-স্বরূপ বিশ্ব-কারণের অতলস্পর্শ স্বরূপ-সাগরের তল-স্পর্শ করিতে পারি এরূপ মনে করিতেও নাই। অন্য একজন অনির্ব্বচনীয় বিশ্ব-কারণকে নির্ব্বাচন করিতে গিয়া তদর্থ অপরাধ-মার্জ্জনা প্রার্থনা করিয়াছেন।

**রূপং রূপবিবর্জ্জিতস্য ভবতো ধ্যানেন যদ্বর্ণিতম্**
**স্তুত্যানির্ব্বচনীয়তাখিলগুরো দূরীকৃতা যন্ময়া।**
**ব্যাপিত্বঞ্চ বিনাশিতং ভগবতো যত্তীর্থযাত্রাদিনা**
**ক্ষন্তব্যং জগদীশ তদ্বিকলতাদোষত্রয়ং মৎকৃতম্॥**

তোমার রূপ নাই, অথচ আমি ধ্যানে তোমার রূপ বর্ণন করিয়াছি; বিশ্ব-গুরু! স্তুতি করিয়া তোমার অনির্ব্বচনীয় স্বরূপের খণ্ডন করিয়াছি; এবং তীর্থ-যাত্রাদি করিয়া তোমার সর্ব্বব্যাপিত্ব-গুণের নিরাকরণ

---

* এই পুস্তকের প্রথম ভাগের উপক্রমণিকাংশের ১০০ পৃষ্ঠা দেখ।

করিয়াছি। অতএব জগদীশ! আমার সেই বিকলতা-নিবন্ধন তিনটি অপ-রাধ মার্জ্জনা কর।

কিন্তু যদিও বিশ্ব-কারণ অজ্ঞেয়-স্বরূপ তাহার সন্দেহ নাই, তথাচ সে বিষয়ে চিন্তা না করিয়া একেবারে নিরস্ত থাকা উচিত নয়। তাহাতে স্থির-নিশ্চয় হইবার উদ্দেশে যত দূর সাধ্য জানিবার চেষ্টা করা আব-শ্যক। জ্ঞানাচল আরোহণ করিতে করিতে যখন শিখর-দেশ তিমিরময় কুজ্ঝটিকাতে আচ্ছন্ন দেখিবে, তখন জানিবে আর আরোহণ করিবার অধিকার নাই।

"Man is not born to solve the mystery of Existence; but he must nevertheless attempt it, in order that he may learn how to keep within the limits of the Knowable."

Goethe.

সাকারবাদীরাও সদসৎ পাঁচ কথা বলিতে বলিতে এক একটি অতি প্রধান কথা বলিয়া বসেন এবং কখন কখন বিশ্ব-কারণকে সুস্পষ্টরূপে অজ্ঞেয় ও অনির্ব্বচনীয়-স্বরূপ বলিয়া উল্লেখ করেন।

কে জানে কালী কেমন। ষড় দর্শনে না পায় দর্শন। * * * * প্রসাদ ভাযে, লোকে হাসে, সন্তরণে সিন্ধু-গমন। আমার মন বুঝেছে, প্রাণ বুঝে না, ধোর্বে শশী হোয়ে বামন*।

রামপ্রসাদ।

---

* রামপ্রসাদ সেন একটি সরল লোক ছিলেন; তাঁহার যখন যেরূপ নিশ্চয় বোধ হইত, সেইরূপ কীর্ত্তন করিতেন। ইয়ুরোপীয় বিজ্ঞানবিৎ প্রধানতম পণ্ডিত-সম্প্রদায়ের মধ্যে অনেকে এখন এইরূপ মত প্রকাশ করিয়াছেন যে, মানুষের ইচ্ছা স্বতন্ত্র নয়; লোকে নিজ প্রকৃতি ও অন্য অন্য কারণের বশীভূত হইয়াই কার্য্য করে। যিনি যে অবস্থায় যে কারণে যে কার্য্য করেন, তিনি কিছুতেই তাহা না করিয়া থাকিতে পারেন না। ইহা হইলে, মানুষে আর অপরাধী হইতে পারে না। রামপ্রসাদ রামপ্রসাদীভাবে ইহার অনুরূপ অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়াছেন।

মন গরিবের দোষ কি আছে? তুমি বাজীকরের মেয়ে গো শ্যামা, যেমন নাচাও তেমনি নাচে। তুমিই ধর্ম্ম কর্ম্মাকর্ম্ম মর্ম্ম-কথা বুঝা গেছে। তুমিই ক্ষিতি, তুমিই জল, ফল ফলাচ্ছ ফলাগাছে। * * *
প্রসাদ বলে, কর্ম্ম-সূত্র সূতর কাটনা কে কেটেছে। মায়াডোরে বেঁধে জীব ক্ষেপা ক্ষেপী খেল খেলেছে *। রামপ্রসাদ।

---

* এই গানটি বিশ্ব-প্রকৃতির উদ্দেশে রচিত মনে করিলে, বিশেষ অসঙ্গত বোধ হয় না।

ঈশ্বরের স্বরূপ বাক্য-মনের অগোচর, বিশুদ্ধ বুদ্ধির পক্ষে এটি অতীব সহজ কথা। তবে তাঁহার শারীরিক বা মানসিক রূপ কল্পনা করিয়া প্রবীন বয়সেও বাল্যক্রীড়ায় আসক্ত হইয়া বাল্যামোদে আমোদিত থাকিলে আর উপায় কি?

বেদান্তের কোন কোন সূত্রে * বৌদ্ধধর্ম্মের মত-প্রসঙ্গ লক্ষিত হইয়া থাকে। ভাষ্যকারেরা ও টীকাকারেরাও স্পষ্টই তাহা লিখিয়া গিয়াছেন। ঐ দর্শন ও ন্যায়দর্শনের কোন কোন স্থল † শূন্যবাদীর মত-প্রস্তাব বলিয়া পরিগণিত হইয়াছে। বৌদ্ধধর্ম্ম খৃঃ পূঃ ষষ্ঠ বা পঞ্চম শতাব্দীতে প্রবর্ত্তিত হয়। নাগার্জ্জুন যে মাধ্যমিক নামক বৌদ্ধ-সম্প্রদায় প্রবর্ত্তিত করেন, শূন্যবাদটি সেই সম্প্রদায়ের মত ‡। নাগার্জ্জুন উত্তরদেশীয় বৌদ্ধদিগের মতক্রমে বুদ্ধদেবের মৃত্যুর চারি শত বৎসর পরে এবং দক্ষিণ-দেশীয় বৌদ্ধদিগের অভিপ্রায়ানুসারে ঐ ঘটনার পাঁচ শত বৎসর পরে বিদ্যমান ছিলেন। প্রচলিত মতানুসারে, ঐ বুদ্ধ শাক্য মুনি খৃষ্টাব্দের ৫৪৩ পাঁচশত তেতাল্লিশ বৎসর পূর্ব্বে প্রাণত্যাগ করেন। তদনুসারে নাগার্জ্জুন খৃষ্টাব্দের ১৪৩ এক শত তেতাল্লিশ অথবা কেবল ৪৩ তেতাল্লিশ বৎসর পূর্ব্বে জীবিত থাকিয়া শূন্যবাদ প্রচার করেন বলিতে হয়। কিন্তু শ্রীমান্ ম, মূলরের মতে, বুদ্ধদেব খৃষ্টাব্দের ৪৭৭ চারি শত সাতাত্তর বৎসর পূর্ব্বে প্রাণত্যাগ করেন। ইহা হইলে নাগার্জ্জুন ও তাঁহার প্রবর্ত্তিত শূন্যবাদ এবং ন্যায় ও বেদান্তসূত্রের উল্লিখিত স্থল সমুদায়কে অধিকতর অপ্রাচীন বলিয়া স্বীকার করিতে হয়।

ব্যাস-কৃত ব্রহ্মসূত্র, বৌধায়ন-কৃত বলিয়া প্রচলিত তদীয় বৃত্তি, শঙ্করাচার্য্য-কৃত শারীরিকমীমাংসাভাষ্য ও উপনিষদ্ভাষ্যাদি, আনন্দগিরি-কৃত তদীয় টীকা, অদ্বৈতানন্দ-কৃত ব্রহ্মবিদ্যাভরণ, অনলানন্দ-কৃত বেদান্ত-কল্পতরু, বিদ্যানাথ ভট্টাচার্য্য-কৃত বেদান্তকল্পতরুমঞ্জরী, রঙ্গনাথ-কৃত ব্যাসসূত্রবৃত্তি, গোবিন্দানন্দ-কৃত ভাষ্যরত্নপ্রভা, ব্রহ্মানন্দ সরস্বতী-কৃত বেদান্তসূত্রমুক্তাবলী, ভাস্করাচার্য্য-কৃত ব্রহ্মসূত্রভাষ্য, ভবদেব মিশ্র-কৃত বেদান্তসূত্রব্যাখ্যাচন্দ্রিকা, ধর্ম্মরাজ দীক্ষিত-কৃত বেদান্তপরিভাষা, সদানন্দ-কৃত বেদান্তসার, রামকৃষ্ণ দীক্ষিত-কৃত বেদান্তশিখামণি, মধুসূদন-কৃত বেদান্তসিদ্ধান্তবিন্দু ও বেদান্তকল্পলতিকা ইত্যাদি অনেকানেক গ্রন্থে বেদান্ত দর্শনের মত বিবৃত হইয়াছে।

উল্লিখিত রূপ দার্শনিক গ্রন্থকারেরা অনেকেই সতেজ বুদ্ধির সুপুষ্ট

---

* বেদান্তসূত্র। ২ অ, ২ পা, ২৮, ২৯ ও ৩০ সূ ইত্যাদি।

† ন্যায়সূত্র। ৪ অ, ১৪ সূ ইত্যাদি।

‡ এই মতে কোন বস্তুই সত্য নয়; সকলই শূন্য।

বীজ লইয়া জন্ম গ্রহণ করিয়া ছিলেন। যদি তত্ত্বানুসন্ধানের প্রকৃত পথাবলম্বন পূর্ব্বক বিশুদ্ধ বিজ্ঞান-মার্গে বিচরণ করিতে পারিতেন, তবে বহুকাল পূর্ব্বে ভারত-ভূমিও ইয়ুরোপ-ভূমির ন্যায় এ অংশে ভূ-স্বর্গ-পদে অধিরূঢ় হইতেন তাহার সন্দেহ নাই। তাঁহারা বিশ্বের যথার্থ প্রকৃতি ও সেই প্রকৃতি-সিদ্ধ নিয়মাবলী নির্দ্ধারণ পূর্ব্বক কর্ত্তব্যাকর্ত্তব্য-নিরূপণের নিশ্চিত উপায় চেষ্টা না করিয়া কেবল আপনাদের অনুধ্যান-বলে দুই একটি প্রকৃত মতের সহিত অনেকগুলি মনঃকল্পিত মত উদ্ভাবন করিয়া গিয়াছেন। তাঁহাদের একটি পথ-প্রদর্শকের অভাব ছিল। একটি বেকন্—একটি বেকন্—একটি বেকন্ তাঁহাদের আবশ্যক হইয়াছিল। একটি তাদৃশ গুরুর আশ্রয়-বিরহে, তাঁহারা মেঘাচ্ছন্ন ও তিমিরাবৃত নিশীথ সময়ে দুর্গম বনস্থলে পথ-ভ্রান্ত পথিকের ন্যায় চিরজীবন পরিভ্রমণ করিয়াছেন। যদি কদাচিৎ এক একবার ক্ষণস্থায়ী বিদ্যুল্লতা প্রকাশিত হইয়া অন্ধকারের বিচ্ছেদ ঘটাইয়া দেয়, পরক্ষণেই আবার ঘোরতর তিমির-রাশি উপস্থিত হইয়া সমুদায় আচ্ছন্ন করিয়া ফেলে। তাঁহাদের চিরস্থায়ী সূর্য্য-প্রভা আবশ্যক ছিল। সহস্র সেনাদল সুসজ্জীভূত হউক, সুকৌশলক্রমে ব্যূহ সমুদায় বিরচিত হউক, সুতীক্ষ্ণ শাণিত অস্ত্রের তড়িৎ-সমান জ্যোতিঃ-প্রকাশে রণ-স্থল চকমক্ করিতে থাকুক, রণ-পণ্ডিত সেনাপতি না থাকিলে, সে সকলই বিফল ও বিশৃঙ্খল। একটি রণজিৎ—একটি বোনাপার্ত—একটি ওয়াশিংটন্ আবশ্যক! ধী-শক্তি অংশে তাদৃশ পরাক্রমশালী, দিগ্বিজয়ী, বীরপুরুষ প্রাপ্ত হইলে, ভারতভূমি অক্লেশে অজ্ঞানের অধিকার হরণ করিয়া বিজ্ঞানকে সিংহাসন প্রদান করিতে পারিতেন। কিন্তু বুঝি এ জল-বায়ু-মৃত্তিকায় প্রকৃত তত্ত্ব-পথ-প্রদর্শিনী, যুগ-প্রলয়-কারিণী, নবোদ্ভাবিনী, মহীয়সী বুদ্ধি-শক্তির সমুদ্ভাব হওয়া সম্ভব নয়! সে ব্যাপারটি বুঝি ইয়ুরোপেরই কার্য্য। রত্ন-গর্ভা ইয়ুরোপ দুই কালে যেরূপ দুইটি অমূল্য রত্ন প্রসব করিয়াছেন, সেরূপ আর কস্মিন্ কালে কুত্রাপি হয় নাই। বেকন্ ও কোম্ত্, দুই ভূ-খণ্ডের * উপর দুই সূর্য্য! ঐ দুইটি পরম পবিত্র জ্যোতির্ম্ময় শব্দ মূর্ত্তিমান্ জ্ঞানেরই সংজ্ঞা। ঐ দুইটি নামের উজ্জ্বল মহিমায় বসুন্ধরা উজ্জ্বল হইয়া রহিয়াছেন। ঐ উভয়ের অতি শুভ্র কিরণ-ঘটা বিকীর্ণ হইয়া অভূতপূর্ব্ব অদ্ভুত প্রভাব বিস্তার করিয়াছে;—নিশান্ধকারে আচ্ছন্নবৎ অপরিজ্ঞাত বিশ্ব-প্রকৃতির তিমির-পুঞ্জ হরণ করিয়া অভ্যন্তর পর্য্যন্ত প্রদীপ্ত করিয়াছে, মানব-বুদ্ধির অধিকার-সীমা নির্দ্দেশ করিয়া পরম পরিশুদ্ধ তত্ত্ব-গিরি আরোহণে সুপ্রশস্ত সরল পথ প্রকাশ করিয়াছে, এবং তদবলম্বন পূর্ব্বক সামান্য জল-কণ-সমূহে শত সহস্র মত্ত হস্তীর বল অর্পণ করিয়াছে, সুচঞ্চল বিদ্যুল্লতাকে বশবর্ত্তিনী করিয়া দূত, ভাট ও ধাবকের

* ইংলণ্ড ও ফ্রান্স দেশের।

কার্য্যে নিযুক্ত করিয়াছে, সূক্ষ্মাতিসূক্ষ্ম সূর্য্য-কিরণকে সুকৌশলক্রমে অবরুদ্ধ করিয়া সুনিপুণ চিত্রকরের ব্রতে ব্রতী করিয়াছে, বিশাল ভূধর-শ্রেণীকে এক কালের জলধি-গর্ভ বলিয়া নিঃসংশয়ে পরিচয় দান করিয়াছে ও যেন কি কুহক-বলে, অকিঞ্চিৎকর অঙ্গার-খণ্ডকে রাজ-মুকুট-বিরাজিত জগদ্বিখ্যাত কোহিনূরের পদে প্রতিষ্ঠিত করিয়াছে।—তথাপি,সুপ্রাচীন দার্শনিক পণ্ডিত-গণ! তোমরা পূর্ব্বকালীন বুদ্ধিমান্ লোকের মধ্যে অগ্রগণ্য। তোমরাই মনুষ্যের বুদ্ধি-চালনার পথ প্রদর্শন করিয়াছ। তোমাদের বিচার-প্রণালী ও তাহার ফলাফল পর্য্যালোচনা করিয়া, বিজ্ঞানবিৎ সুবুদ্ধি ব্যক্তিরা মানব-কুলের জ্ঞানাধিকারের চরম সীমা অক্লেশে নির্দ্ধারণ করিয়াছেন। কিন্তু তোমরা যে কয়েকটি মূল বিষয়ের * তত্ত্বানুসন্ধানে অনুরক্ত ছিলে, তাহা মনুষ্যের জ্ঞেয় বিষয় নয় এবং যে তীর্থ-পর্য্যটনে † প্রবৃত্ত হইয়াছিলে, তাহাও তাঁহার অধিগম্য নয়।

এই ষড় দর্শনের মধ্যে প্রায় কোন দর্শনকারই জগতের স্বতঃ-সৃষ্টিকর্ত্তা ‡ স্বীকার করেন নাই। কপিল-কৃত সাংখ্য তো সুস্পষ্ট নাস্তিকতাবাদ, পতঞ্জলী ঈশ্বরের অস্তিত্ব অঙ্গীকার করেন বটে, কিন্তু তাঁহাকে বিশ্ব-স্রষ্টা না বলিয়া বিশ্ব-নির্ম্মাতামাত্র বলিয়া গিয়াছেন। গোতম ও কণাদের মতানু-সারে জড় পরমাণু নিত্য; কাহারও কর্ত্তৃক সৃষ্ট হয় নাই। প্রাচীন মীমাংসা-পণ্ডিতেরা তো ঈশ্বরের অস্তিত্ব স্পষ্টই অস্বীকার করিয়াছেন। বেদান্তের মতে জগৎ সৃষ্টই হয় নাই, বিশ্বব্যাপার ভ্রমমাত্র, ইহাতে আর সৃষ্টিকর্ত্তার সম্ভাবনা কি?

প্রথমে কিছু ছিল না, কেবল একমাত্র অদ্বিতীয় পরমেশ্বরই বিদ্যমান ছিলেন, তিনিই পশ্চাৎ সমুদয় জগৎ সৃজন করেন, যাঁহারা কেবল ইহাকেই আস্তিকতাবাদ বলিয়া স্বীকার করিয়াছেন, তাঁহাদের মতে প্রায় সমুদয় ষড় দর্শনকে নাস্তিকতা-প্রতিপাদক বলিয়া উল্লেখ করিতে হয়। উল্লিখিত ষড় দর্শনের প্রতি অনেকানেক আস্তিক্য-বুদ্ধি ভক্তিমান্ লোকের বিশেষরূপ শ্রদ্ধা আছে। ঐ ছয়ের মধ্যে অধিকাংশই নাস্তিকতা-বাদ ও কোন কোনটির মতে সৃষ্টিকর্ত্তার অস্তিত্ব স্বীকৃত হয় নাই, এ কথা শুনিলে তাঁহারা চমৎকৃত হইয়া উঠিবেন বোধ হয়।

এই ছয় ব্যতিরেকে আরও কতকগুলি দর্শন-শাস্ত্র বিদ্যমান আছে; তাহার মধ্যেও সমুদয় আস্তিকতাবাদ নয়। চার্ব্বাক তো ঘোর নাস্তিক; না ঈশ্বরই মানেন, না পরকালই স্বীকার করেন।

---

* বিশ্ব-কারণের স্বরূপ, আদিম সৃষ্টি-প্রকরণ ইত্যাদি বিষয়ের।

† মুক্তি প্রভৃতি পারলৌকিক অবস্থার জ্ঞান-লাভে।

‡ প্রথমে একমাত্র পরমেশ্বরই ছিলেন, অপর কিছুই ছিল না, তিনিই সমুদায় সৃষ্টি করেন এইরূপ সৃষ্টিকর্ত্তা।

न स्वर्गो नापवर्गो वा नैवात्मा पारलौकिकः।
नैव वर्णाश्रमादीनां क्रियाश्च फलदायिकाः॥
अग्निहोत्रं त्रयो वेदास्त्रिदण्डं भस्मगुण्ठनम्।
बुद्धिपौरुषहीनानां जीविका धातृनिर्म्मिता॥
पशुश्चेन्निहतः स्वर्गं ज्योतिष्टोमे गमिष्यति।
स्वपिता यजमानेन तत्र कस्मान्न हिंस्यते॥
मृतानामपि जन्तूनां श्राद्धं चेत्तृप्तिकारणम्।
गच्छतामिह जन्तूनां व्यर्थं पाथेयकल्पनम्॥
स्वर्गस्थिता यदा तृप्तिं गच्छेयुस्तत्र दानतः।
प्रासादस्योपरिस्थानामत्र कस्मान्न दीयते॥
यावज्जीवेत् सुखं जीवेदृणं कृत्वा घृतं पिबेत्।
भस्मीभूतस्य देहस्य पुनरागमनं कुतः॥
यदि गच्छेत् परं लोकं देहादेष विनिर्गतः।
कस्माद्भूयो न चायाति बन्धुस्नेहसमाकुलः॥
ततश्च जीवनोपायो ब्राह्मणैर्विहितस्त्विह।
मृतानां प्रेतकार्य्याणि न त्वन्यद्विद्यते क्वचित्॥
त्रयो वेदस्य कर्त्तारो भण्डधूर्त्तनिशाचराः।
जर्फरीतुर्फरीत्यादि पण्डितानां वचः स्मृतम्॥
अश्वस्यात्र हि शिश्नन्तु पत्नीग्राह्यं प्रकीर्त्तितम्।
भण्डैस्तद्वत् परञ्चैव ग्राह्यजातं प्रकीर्त्तितम्॥
मांसानां खादनं तद्वन्निशाचरसमीरितम्॥

সর্ব্বদর্শনসংগ্রহ। চার্ব্বাক দর্শন।

স্বর্গও নাই, অপবর্গও নাই, পরলোকে আত্মাও থাকে না। ব্রাহ্মণাদি বর্ণও ব্রহ্মচর্য্যাদি আশ্রম প্রভৃতির ক্রিয়াও ফলদায়ক হয় না। অগ্নিহোত্র, ঋক্ সামাদি তিন বেদ, ত্রিদণ্ড, গাত্রে ভস্ম-লেপন এ সমুদায় বিধাতা অবোধ কাপুরুষ ব্যক্তিদের জীবনোপায় করিয়া দিয়াছেন। যদি জ্যোতিষ্টোম

যজ্ঞে পশু হনন করিলে, সে পশু স্বর্গ লাভ করে, তবে যজমান যজ্ঞে নিজ পিতাকে কেন না বধ করেন? শ্রাদ্ধ করিলে যদি মৃত ব্যক্তিদের তৃপ্তি-লাভ হয়, তবে কেহ বিদেশ যাত্রা করিলে, তাহার সঙ্গে পাথেয় দিবার ফল কি? যদি মর্ত্ত্য-লোকে দান করিলে, স্বর্গ-স্থিত ব্যক্তিদের তৃপ্তি-লাভ হয়, তবে নিম্নতলে আহার-সামগ্রী দিলে, গৃহের উপরিতলস্থ ব্যক্তিদিগের তৃপ্তি-লাভ হইতে পারে। যত কাল জীবন থাকে, ততকাল সুখে থাকিবে। ঋণ করিয়াও ঘৃত পান করিবে। দেহ ভস্মাবশেষ হইলে, তাহার আর পুনরাগমন কোথায়? যদি জীবাত্মা শরীর হইতে বিনির্গত হইয়া পরলোক গমন করিতে পারে, তবে বন্ধুগণের স্নেহ-পরবশ হইয়া পুনরাগমন না করে কেন? মৃত ব্যক্তিদের যে প্রেত-ক্রিয়ার ব্যবস্থা আছে, তাহা ব্রাহ্মণেরা স্বকীয় জীবনোপায়ার্থ কল্পনা করিয়াছে; আর কিছুই নয়। ভণ্ড, ধূর্ত্ত, রাক্ষস এই তিনে তিন বেদ রচনা করিয়াছে। জর্ফরী তুর্ফরী প্রভৃতি (অনর্থ) বেদ-বাক্য পণ্ডিতগণের বাক্য বলিয়া উক্ত হইয়াছে। সেইরূপ, এই যজ্ঞে যজমান-পত্নী অশ্বশিশ্ন গ্রহণ করিবে এই যে কথা আছে, তাহা এবং অন্যান্য ঐ রূপ গ্রাহ্য বস্তু-সমূহ ভণ্ড লোক কর্ত্তৃক উক্ত হইয়াছে। মাংস-ভোজন-পক্ষে যে সমস্ত ব্যবস্থা আছে, তাহাও ঐরূপ নিশাচর কর্ত্তৃক প্রযোজিত হইয়াছে।

যে সময়ে উপনিষদ্ ও দর্শন-চর্চ্চার প্রাদুর্ভাব ছিল, সে সময়ের মধ্যে কালবাদ স্বভাববাদ প্রভৃতি আর কতকগুলি মত প্রবর্ত্তিত হয়। সে সমুদায়ও এক একরূপ নাস্তিকতাবাদ।

**কালঃ স্বভাবোনিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিন্ত্যা।**

শ্বেতাশ্বতরোপনিষদ্। ১। ২।

কাল, স্বভাব, নিয়তি, যদৃচ্ছা, ভূত-সমূহ ও পুরুষ জগৎ-কারণ বলিয়া চিন্তিত হইয়া থাকে।

**অপরে স্বভাবকারণিকাং ব্রুবতে। কেন শুক্লীকৃতা হংসা ময়ূরাঃ কেন চিত্রিতাঃ। স্বভাবেনৈবেতি।**

সাংখ্যকারিকা। ৬১। গৌড়পাদ-কৃত ভাষ্য।

অন্য অন্য লোকে স্বভাবকে সৃষ্টির কারণ বলে। কে হংসকে শুক্লবর্ণ করিয়াছে? কেই বা ময়ূরকে চিত্রিত করিয়াছে?—স্বভাবই করিয়াছে।

কৈষাঞ্চিৎ কাল: কারণমিত্যুক্তং চ।
কাল: পঞ্চাস্তিভূতানি কাল: সংহরতে জগৎ।
কাল: সুপ্তেষু জাগর্ত্তি কালো হি দুরতিক্রম: ॥

সাংখ্যকারিকা। ৬১। গৌড়পাদ-কৃত ভাষ্য।

কেহ কেহ কালকেও জগতের কারণ বলিয়া গিয়াছেন। কাল পঞ্চ-ভূত-স্বরূপ; কাল জগতের সংহার-কারণ; সকলে নিদ্রিত হইলে, কাল জাগরিত থাকেন। কালকে কেহ অতিক্রম করিতে পারে না।*

পূর্ব্ব কালে গ্রীস্ দেশেও কতকগুলি দর্শন-শাস্ত্র প্রবর্ত্তিত হয়। তাহার সহিত ভারতবর্ষীয় দর্শনের সৌসাদৃশ্যের বিষয় ইতিপূর্ব্বেই কিছু কিছু সূচিত হইয়াছে †। ফলত: ঐ উভয় প্রকার দর্শন ঐক্য করিয়া দেখিলে, অনেক বিষয়েই সাদৃশ্য লক্ষিত হইয়া থাকে। বিশ্ব-কারণ, বিশ্ব-সৃজন, সৃষ্টি ও প্রলয়-পরম্পরা, নিয়তি, জড় পদার্থের নিত্যতা, উহার সহিত মনের সম্বন্ধ, পরমাণু-বাদ, পরমেশ্বর স্বতন্ত্র, তাঁহা হইতে জড় ও জীবাত্মার উৎপত্তি, পরমাত্মাতে জীবাত্মার লয়-প্রাপ্তি এই সমস্ত বিষয় হিন্দু ও গ্রীক্ উভয় জাতির বিভিন্ন দর্শনে উত্থাপিত ও বিচারিত হইয়াছে। একটি প্রধান বিষয়ে গোতমের সহিত গ্রীক্ পণ্ডিত এরিস্টটলের মত-সাদৃশ্য

---

* এই সমস্ত দর্শন ব্যতিরেকে, এই পুস্তকে বর্ণিত বা বর্ণনীয় কোন কোন সম্প্রদায়-প্রবর্ত্তকের সঙ্গে সঙ্গে কতকগুলি নব্য দর্শন উৎপন্ন হইয়াছে; যেমন রামানুজ দর্শন, পূর্ণপ্রজ্ঞ (অর্থাৎ মধ্বাচার্য্য) দর্শন, প্রত্যভিজ্ঞা দর্শন, শৈব দর্শন, রসেশ্বর দর্শন, নকুলীশপাশুপত দর্শন ও আর্হত দর্শন। রামানুজ দর্শন ও পূর্ণপ্রজ্ঞ দর্শন বিষ্ণু-প্রধান। প্রত্যভিজ্ঞা, শৈব, রসেশ্বর ও নকুলীশপাশুপত দর্শন শিব-প্রধান। এই সমুদায় দর্শনের মত রামানুজ, মধ্বাচারী, শৈব প্রভৃতি সম্প্রদায়ের বিবরণ-মধ্যে কিয়দংশ লিখিত হইয়াছে ও পশ্চাৎ কতক হইবার সম্ভাবনাও আছে। কোন দর্শনের * মতে বিষ্ণুর প্রীত্যর্থে অঙ্গ-বিশেষে তপ্ত মুদ্রা গ্রহণ করা এবং অপর কোন দর্শনের † মতে মহাদেবের উপাসনার্থ শরীরে ভস্ম-লেপন, ভস্ম-শয্যায় শয়ন, হ হ হা করিয়া হাস্য, ষাঁড়ের ন্যায় বিকট চীৎকার ও সুন্দরী স্ত্রীলোক দর্শনে কামাতুরের ন্যায় ভাব প্রদর্শন ও তাদৃশ অন্যান্য অনেক রূপ অনুষ্ঠান করা কর্ত্তব্য। রসেশ্বর দর্শনের মতে পারদই পরমেশ্বর ও সংসার-সমুদ্রের পার-কর্ত্তা। এই সমুদায়ও মানুষের বুদ্ধি-নিষ্পন্ন দর্শন শাস্ত্র। আর্হত দর্শন জৈনাদি-মত-প্রতিপাদক।

† ১৯ ও ২০ পৃষ্ঠা দেখ।

---

* রামানুজ দর্শনের। † নকুলীশপাশুপত দর্শনের।

পূর্ব্বেই লিখিত হইয়াছে। তাঁহার দর্শনে এবং ন্যায় ও বৈশেষিক দর্শনে জল মৃত্তিকাদি মহাভূত, ইন্দ্রিয়, জীব, কাল, দিক্ এই সমস্ত বিষয় বিচারিত হইয়াছে।

অবস্তু হইতে বস্তুর উৎপত্তি হয় না এই সাংখ্য মতটি এরিস্‌টট্‌ল্ ও লিউ্‌ক্রিশিয়স্ প্রভৃতি অনেকানেক গ্রীক্ ও রোমক দার্শনিক পণ্ডিত স্বীকার করিতেন। প্লেটো, এরিস্‌টট্‌ল্, থেলিজ্, ডায়জিনিজ্, লিউ্‌ক্রিশিয়স্, এনেক্সিমিনিজ্, হেরাক্লাইটস্, হিসিয়ড্, আনেক্সিমেণ্ডর, এম্পেডোক্লিজ্, পার্মেনাইডিজ্ ইহাঁরা সকলেই কপিল, গোতম ও কণাদাদির ন্যায় একটি অনাদি উপাদান-কারণ অঙ্গীকার করিয়া গিয়াছেন। ইলিয়েটিক্ নামক সম্প্রদায়ীরা সৃষ্টি বিষয়ে বৈদান্তিক মতের অনুরূপ একটি অভিপ্রায় প্রবর্ত্তন করেন। তাঁহারা বলিতেন, জগৎই ঈশ্বর, ঈশ্বরই জগৎ।

ভারতবর্ষীয় দার্শনিকেরা জীবের দুইটি শরীর স্বীকার করেন; স্থূল-শরীর ও সূক্ষ্ম-শরীর। স্থূল-শরীর নষ্ট হইলে, জীবাত্মা সূক্ষ্ম-শরীর লইয়া যোনি-ভ্রমণ করেন। প্লেটো ও অন্যান্য গ্রীক্ ও রোমক দার্শনিকেরা তদনুরূপ অভিপ্রায় প্রকাশ করিয়া যান। তাঁহারাও বলেন, মৃত্যুর পরে জীবাত্মা একটি সূক্ষ্ম আবরণে আবৃত হইয়া বিচরণ করিতে থাকে।

গ্রীস্ দেশীয় পিথাগোরসের মত-বৃত্তান্ত পাঠ করিলে, হিন্দুশাস্ত্রই অধ্যয়ন করিতেছি বোধ হয়। জীবাত্মা পরমাত্মার অংশ, জীবের বহুতর যোনি-ভ্রমণ ও স্বকৃত কর্ম্মের ফল-ভোগ পূর্ব্বক ঈশ্বরেতে লয়-প্রাপ্তি, দেব ও মনুষ্য ভিন্ন অন্তরীক্ষস্থ অন্য অন্য নানা প্রকার জীব-যোনির অস্তিত্ব, মন ও জীবাত্মা পরস্পর ভিন্ন পদার্থ, পরমাত্মা সর্ব্বাত্মা ও সর্ব্বত্র ব্যাপী, জীবকে দেহ-বন্ধন হইতে মুক্ত করিয়া দেব-স্বরূপে মিলিত করা দর্শন-শাস্ত্রের প্রধান উদ্দেশ্য, গুপ্ত মন্ত্রদীক্ষা, দীর্ঘ-কাল-ব্রহ্মচর্য্য, আমিষ-ভক্ষণে অশ্রদ্ধা, বৃথামাংস-ভোজনের অবৈধতা, শিষ্যদের প্রতি বৃক্ষাদি ছেদন ও তাহাতে আঘাত প্রতিষেধ এই সমস্ত মত ও অভিপ্রায় পিথাগোরস্ স্বদেশে প্রচার করেন। তাঁহার সম্প্রদায়ীরা ও বিশেষতঃ ওসেলস্ নামক গ্রীক্ পণ্ডিত বিশ্ব-সংসার তিন ভাগে বিভক্ত করেন; পৃথিবী, স্বর্গ ও ঐ উভয়ের মধ্য-স্থল। এই তিনটি হিন্দুশাস্ত্রোক্ত "ভূর্ভুবঃ স্বঃ" অর্থাৎ ভূলোক, স্বর্গলোক ও অন্তরীক্ষ বই আর কিছুই নয়। প্লেটোও পূর্ব্বোল্লিখিত কয়েকটি মত ব্যতিরেকে যোনি-ভ্রমণের বিষয়ও বিশেষরূপ ব্যবস্থা করিয়া যান। লোকে মরণোত্তর পুনরায় জন্ম গ্রহণ করিয়া ইহ জন্ম-কৃত নিজ নিজ শুভাশুভ কর্ম্মানুসারে সুখ দুঃখ ভোগ করে, তিনি কেবল এই সাধারণ নিয়ম নির্দ্দেশ করিয়া নিরস্ত হন নাই; হিন্দুশাস্ত্রের অনুরূপ এইরূপ বিধান করেন যে, তাহারা আপন আপন অজ্ঞান ও অধর্ম্মের তারতম্যানুসারে পশু, পক্ষী, মৎস্যাদি বিশেষ

বিশেষ যোনি প্রাপ্ত হইয়া থাকে। এই সমস্ত যে ভারতবর্ষীয় মত ইহা প্রসিদ্ধই আছে *।

নানা অংশে হিন্দু ও গ্রীক্ দর্শনের পরস্পর এরূপ অভেদ-ভাব বিনা কারণে সহসা সংঘটিত হইয়াছে ইহা মনে করা সুকঠিন। ভারতবর্ষীয় পণ্ডিতেরা গ্রীকদের নিকট ঐ সকল বিষয়ের উপদেশ গ্রহণ করেন ইহার কিছুমাত্র প্রমাণ ও সম্ভাবনা দেখিতে পাওয়া যায় না। প্রত্যুত, গ্রীকেরা ভারতবর্ষীয়দের নিকট দর্শন বিষয়ের উপদেশ গ্রহণ করেন ইহাই অনেকে যুক্তি-সিদ্ধ বলিয়া বিবেচনা করিয়াছে। পিথাগোরস্ স্বদেশ হইতে যাত্রা করিয়া পূর্ব্বাঞ্চলে ভ্রমণ করিতে আসিয়াছিলেন এইরূপ একটি প্রবাদও বহু কালাবধি প্রচলিত আছে।

That the Hindus derived any of their philosophical ideas from the Greeks seems very improbable; and if there is any borrowing in the case, the latter were most probably indebted to the former.

H. H. Wilson.

The Indians were in this instance teachers rather than learners.

H. T. Colebrooke. †

উপনিষদ্ ও দর্শন-শাস্ত্রে যেরূপ জ্ঞান-প্রকরণ ও যোগ-বিবরণ লিখিত হইয়াছে, তত্ত্বপথাবলম্বী অল্প লোকেই এবং বিশেষতঃ তাদৃশ উদাসীন ব্যক্তিরাই তাহা সাধন করিতে সমর্থ হন। সাধারণ লোকে কোন না কোন প্রকার সাকার দেবতার উপাসনা ও তৎসংক্রান্ত ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিয়া আসিয়াছে। অতি প্রাচীন বৈদিক ধর্ম্মে অগ্নি, বায়ু, সূর্য্য প্রভৃতি যে সমস্ত ভূতাধিষ্ঠাত্রী দেবতার উপাসনা প্রচলিত ছিল, তাহা পূর্ব্বেই

---

* এস্থলে যে সমস্ত গ্রীক-মতের নামোল্লেখ মাত্র করা হইল, Enfield's History of Philosophy, Stanley's School of Philosophy, Lewe's Biographical History of Philosophy এই সমস্ত পুস্তক পাঠ করিলে, তাহার সবিশেষ বৃত্তান্ত জানিতে পারা যাইবে।

† H. H. Wilson's preface to the Sánkhya Káriká, 1837, p. IX; H. T. Colebrooke's article in the Transactions of the Royal Asiatic Society, 1827, Vol. I. p. 579; H. M. Elphinstone's History of India, 1866, pp. 137-138; M. William's Indian Wisdom, pp. 68, 72 and 73 ইত্যাদি দেখ।

বর্ণিত হইয়াছে*। পরে অনতি প্রাচীন পৌরাণিক ধর্ম্মে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও তদীয় শক্তিগণের আরাধনাই সর্ব্ব-প্রধান বলিয়া প্রচারিত হয়। ঐ পূর্ব্বকালীন বৈদিক ধর্ম্মের প্রাদুর্ভাব-কালের অব্যবহিত পরেই যে, উক্ত রূপ পৌরাণিক ধর্ম্ম একবারেই প্রবর্ত্তিত হয় এমন নয়। ঐ উভয়ের মধ্যস্থলে হিন্দুধর্ম্মের আর একরূপ অবস্থা দেখিতে পাওয়া যায়। মনুসংহিতায় ঐ অবস্থার সবিশেষ বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। ঐ অবস্থায় ব্রহ্মা সৃষ্টি-কর্ত্তা বলিয়া পরিগণিত ছিলেন।

---

## মানব-ধর্ম্মশাস্ত্র।

যে সময়ে মনুসংহিতা রচিত ও সঙ্কলিত হয়, সে সময়ের মধ্যে হিন্দুরা হিমালয় ও বিন্ধ্যশ্রেণীর অন্তর্গত সমুদয় স্থান অধিকার পূর্ব্বক গ্রাম ও নগর নির্ম্মাণ করিয়া উপনিবেশ করিয়াছেন†, হিন্দু সমাজ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি বর্ণে ও নানাবিধ বর্ণসঙ্করে বিভক্ত হইয়াছে‡, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই তিন প্রধান জাতির মধ্যে ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, ভৈক্ষুক এই চারি আশ্রম ও ঐ সমস্ত বর্ণ ও বর্ণসঙ্করের অবলম্বিত নানাপ্রকার জীবন-বৃত্তি সুপ্রণালীক্রমে চলিয়া গিয়াছে, এবং তন্মধ্যে বাণিজ্য-ব্যবসায়ীরা সমুদ্র-যাত্রাদি অবলম্বন ও দূর দূরান্তর গমন পূর্ব্বক বিভিন্ন দেশী ও বিভিন্ন ভাষী নানাজাতীয় লোকের সহিত বিস্তৃত বাণিজ্য-ব্যবসায়ে প্রবৃত্ত হইয়াছে।¶

सारासारञ्च भाण्डानां देशानाञ्च गुणागुणान् ।
लाभालाभञ्च पण्यानां पशूनां परिवर्द्धनम् ॥
भृत्यानाञ्च भृतिं विद्यात् भाषाश्च विविधा नृणाम् ।
द्रव्याणां स्थानयोगांश्च क्रयविक्रयमेव च ॥

মনুসংহিতা। ৯। ৩৩১ ও ৩৩২।

---

* এই পুস্তকের প্রথমভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৭৪ ও ৭৫ পৃষ্ঠা দেখ।

† মনুসংহিতা। ২। ১৭—২৩।

‡ বেদসংহিতার প্রাচীনতম ভাগে যে বর্ণ-বিচার-ব্যবস্থার সুস্পষ্ট নিদর্শন লক্ষিত হয় না, মনুসংহিতা-রচনার সময়ে তাহা এরূপ প্রাচীন বলিয়া গণ্য হইয়াছিল যে, সেই ব্যবস্থাটি ব্রহ্মার কৃত বলিয়া উল্লিখিত হইতে পারিয়াছে।

¶ মনুসংহিতা। ১, ২, ৬, ৯ ও ১০।

বৈশ্যেরা দ্রব্যের উৎকর্ষাপকর্ষ, দেশের গুণাগুণ, পণ্য দ্রব্য বিক্রয় দ্বারা লাভালাভের বিষয়, পশুদিগের উৎকর্ষ-সাধন, ভৃত্যদের ভৃতি, বিবিধ প্রকার ভাষা, দ্রব্যের স্থান-যোগ অর্থাৎ কোন্ দ্রব্য কিরূপে স্থাপন করিলে বহুকাল থাকে তদ্বিষয়, ও ক্রয় বিক্রয়ের রীতি অবগত হইবে।

**সমুদ্রযানকুশলা দেশকালার্থদর্শিনঃ।**

**স্থাপয়ন্তি তু যাং বৃদ্ধিং সা তত্রাধিগমং প্রতি॥**

মনুসংহিতা। ৮। ১৫৭।

সমুদ্র-গমন বিষয়ে নিপুণ এবং দেশ, কাল ও লাভালাভদর্শী বণিকেরা ভাড়ার বিষয়ে যে ব্যবস্থা দেন, তাহাই প্রমাণ।

কিন্তু সে সময়ে যে বর্ণ যত প্রবল হউক না কেন, ব্রাহ্মণের মহিমা ও ব্রাহ্মণের প্রভুত্ব একবারে গগন স্পর্শ করিয়াছিল। এমন কি সে বিষয় পাঠ করিয়া দেখিলে, মনুসংহিতাখানি কোন স্বজাতি-পক্ষপাতী সুপণ্ডিত ব্রাহ্মণের সঙ্কলিত বলিয়া স্বতঃই প্রতীয়মান হইয়া উঠে।

**ব্রাহ্মণো জায়মানো হি পৃথিব্যামধিজায়তে।**

**ঈশ্বরঃ সর্ব্বভূতানাং ধর্ম্মকোষস্য গুপ্তয়ে॥**

মনুসংহিতা। ১। ৯৯।

ব্রাহ্মণ জন্ম গ্রহণ করিয়া ভূমণ্ডলের অধিপতি হন। তিনি সর্ব্ব ভূতের অধীশ্বর; কেননা তিনি ধর্ম্মরূপ ধনাগার রক্ষা করেন।

**লোকানন্যান্ সৃজেয়ুর্যে লোকপালাংশ্চ কোপিতাঃ।**

**দেবান্ কুর্য্যুরদেবাংশ্চ কঃ ক্ষিণ্বংস্তান্ সমৃধ্নুয়াৎ॥**

মনুসংহিতা। ৯। ৩১৫।

যাঁহারা অর্থাৎ ব্রাহ্মণেরা রুষ্ট হইলে অন্য অন্য জীব-লোক ও লোক-পাল সৃজন করিতে পারেন, এবং দেবগণকেও অভিসম্পাত করিয়া অদেব অর্থাৎ মনুষ্যাদি নিকৃষ্ট জীব করিতে পারেন। কোন্ ব্যক্তি তাঁহাদিগকে ক্লেশ দিয়া সমৃদ্ধি-শালী হইতে পারে।

এইরূপ ভূরি ভূরি বচনে ব্রাহ্মণের মহিমা বর্ণিত হইয়াছে*। অন্যে যদি ব্রাহ্মণের অনিষ্টাচরণ করিত, তাহা হইলে তাহার আর শাস্তির সীমা

* মনুসংহিতা। ১ অ, ৯৮; ১ অ, ১০০; ৮ অ, ৩৮০; ৯ অ, ৩১৩ ইত্যাদি শ্লোক দেখ।

থাকিত না। কোন অপরাধে হস্ত-চ্ছেদন, কোন অপরাধে বা পদ-চ্ছেদন, কোন অপরাধে বা মুখে ও কর্ণ-যুগলে তপ্ত তৈল-ক্ষেপণ, এবং কোন অপরাধে বা রজ্জু-বিশেষে বন্ধন করিয়া দগ্ধ করা হইত *। পরকালে তো তাহার আর নিস্তার থাকে না এইরূপ লিখিত আছে†।

সে সময়ে গর্ভাধান, জাতকর্ম্ম ও উপনয়নাদি সংস্কার, উপনয়ন-কালে প্রণব ও গায়ত্র্যুপদেশ-গ্রহণ, ব্রাহ্মণাদির নিজ গৃহে অগ্নি-স্থাপন, প্রাতঃ ও সায়ংসন্ধ্যা এবং প্রতিদিন দেবযজ্ঞ, ঋষিযজ্ঞ, ভূতযজ্ঞাদি পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করা অবশ্য কর্ত্তব্য বলিয়া পরিগণিত ছিল।

ঋষিযজ্ঞং দেবযজ্ঞং ভূতযজ্ঞঞ্চ সর্ব্বদা।
নৃযজ্ঞং পিতৃযজ্ঞঞ্চ যথাশক্তি ন হাপয়েৎ॥

মনুসংহিতা। ৪। ২১।

ঋষিযজ্ঞ ১, দেবযজ্ঞ ২, ভূতযজ্ঞ ৩, নৃযজ্ঞ ৪, পিতৃযজ্ঞ ৫ এই পঞ্চযজ্ঞ পার্য্যমাণে কখন পরিত্যাগ করিবে না।

সে সময়ে ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, পৈশাচ, রাক্ষস এই আট প্রকার বিবাহ, ভিন্ন ভিন্ন বর্ণের পরস্পর উদ্বাহ-সম্বন্ধ অর্থাৎ নিকৃষ্ট বর্ণের কন্যা গ্রহণ এবং বিধবা-বিবাহ ও বিধবা-জাত পুত্রের বিধি-বিহিত পুত্রত্ব স্বীকার প্রচলিত ছিল।

আচ্ছাদ্য চার্চ্চয়িত্বা চ শ্রুতশীলবতে স্বয়ম্।
আহূয় দানং কন্যায়া ব্রাহ্মো ধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ॥
যজ্ঞে তু বিততে সম্যগৃত্বিজে কর্ম্ম কুর্ব্বতে।
অলঙ্কৃত্য সুতাদানং দৈবং ধর্ম্মং প্রচক্ষতে॥

* মনুসংহিতা। ৮। ২৭২, ২৮৩, ৩২৫, ৩৭৭ ইত্যাদি।

† মনুসংহিতা। ১১। ২০৬ ও ২০৭।

১ অর্থাৎ অধ্যয়ন অধ্যাপনা।

২ অর্থাৎ দেবোদ্দেশে অগ্নিতে হোম।

৩ অর্থাৎ ভূতগণের উদ্দেশে বলি-প্রদান।

৪ অর্থাৎ অতিথি-সেবা।

৫ অর্থাৎ অন্ন জলাদি দ্বারা পিতৃ-লোকের তর্পণ।

একং গোমিথুনং দ্বে বা বরাদাদায় ধর্ম্মতঃ।
কন্যাপ্রদানং বিধিবদার্ষো ধর্ম্মঃ স উচ্যতে॥
সহোভৌ চরতং ধর্ম্মমিতি বাচানুভাষ্য চ।
কন্যাপ্রদানমভ্যর্চ্য প্রাজাপত্যো বিধিঃ স্মৃতঃ॥
জ্ঞাতিভ্যো দ্রবিণং দত্ত্বা কন্যায়ৈ চৈব শক্তিতঃ।
কন্যাপ্রদানং স্বাচ্ছন্দ্যাদাসুরো ধর্ম্ম উচ্যতে॥
ইচ্ছয়ান্যোন্যসংযোগঃ কন্যায়াশ্চ বরস্য চ।
গান্ধর্ব্বঃ স তু বিজ্ঞেয়ো মৈথুন্যঃ কামসম্ভবঃ॥
হত্বা ছিত্ত্বা চ ভিত্ত্বা চ ক্রোশন্তীং রুদতীং গৃহাৎ।
প্রসহ্য কন্যাহরণং রাক্ষসো বিধিরুচ্যতে॥
সুপ্তাং মত্তাং প্রমত্তাং বা রহো যত্রোপগচ্ছতি।
স পাপিষ্ঠো বিবাহানাং পৈশাচশ্চাষ্টমোঽধমঃ॥

মনুসংহিতা। ৩। ২৭—৩৪।

সদাচারী সুপণ্ডিত পাত্রকে আহ্বান করিয়া ও কন্যা-পাত্র উভয়কে বিধি-বিহিত বস্ত্র পরিধান করাইয়া সেই পাত্রকে কন্যা-দান করা হয়; ইহাকেই ব্রাহ্ম বিবাহ বলে। যে পাত্র আরব্ধ যজ্ঞে ব্রতী হইয়া ঋত্বিকের কর্ম্ম করিতেছে, সেই পাত্রে অলঙ্কার-ভূষিতা কন্যা-দান করাকে দৈব বিবাহ বলে। ধর্ম্ম-সাধনার্থ পাত্রের নিকট হইতে এক বা দুই গোমিথুন অর্থাৎ এক একটি বা দুই দুইটি বৃষ ও গাভী উভয়ই গ্রহণ করিয়া যথাবিধি কন্যা-দান করাকে আর্ষ বিবাহ বলে। উভয়ে এক সঙ্গে ধর্ম্মানুষ্ঠান কর এই কথা বলিয়া অর্চ্চনা পূর্ব্বক কন্যা-দান করাকে প্রাজাপত্য বিবাহ বলে। কন্যাকে ও কন্যার পিতা ভ্রাতা প্রভৃতিকে যথাশক্তি ধন-দান পূর্ব্বক স্বেচ্ছানুসারে কন্যা গ্রহণ করাকে আসুর বিবাহ বলে। পরস্পরের ইচ্ছা ও কামানুরাগ-বশতঃ সম্ভোগার্থ বর-কন্যার পরস্পর মিলনকে গান্ধর্ব্ব বিবাহ বলিয়া জানিবে। যে বিধানক্রমে লোকে কন্যা-পক্ষীয়দিগকে ছেদ, ভেদ ও বিনাশ পূর্ব্বক উচ্চৈঃস্বরে রোরুদ্যমানা কন্যাকে বল দ্বারা গৃহ হইতে হরণ করিয়া আনে, তাহাকে রাক্ষস বিবাহ বলে। যদি কোন কন্যা শয়ন করিয়া থাকে অথবা মদিরামত্ত বা প্রমত্ত হয়, আর কোন ব্যক্তি তাহাকে সেই সময়ে গুপ্ত ভাবে তাহার সংসর্গ করে, তাহা হইলে সেই বিবাহকে

পৈশাচ বিবাহ বলে। সেই অষ্টম প্রকার পাপময় বিবাহ সর্ব্বাপেক্ষা অধম বিবাহ।

পৈশাচ ও রাক্ষস বিবাহ নিকৃষ্ট বিবাহ বলিয়া উক্ত হইয়াছে বটে, কিন্তু বলপূর্ব্বক স্ত্রীসম্ভোগ যে বিবাহ-সংস্কারের মধ্যে পরিগণিত হইয়াছে, ইহা এক্ষণকার লোকের পক্ষে সামান্য আশ্চর্য্যের বিষয় নয়।

সবর্ণাগ্রে দ্বিজাতীনাং প্রশস্তা দারকর্ম্মণি।
কামতস্তু প্রবৃত্তানামিমাঃ স্যুঃ ক্রমশো বরাঃ॥
শূদ্রৈব ভার্য্যা শূদ্রস্য সা চ স্বা চ বিশঃ স্মৃতে।
তে চ স্বা চৈব রাজ্ঞশ্চ তাশ্চ স্বাচাগ্রজন্মনঃ॥

মনুসংহিতা। ৩। ১২ ও ১৩।

দ্বিজাতিগণের অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য বর্ণের পক্ষে অগ্রে নিজ বর্ণেতেই বিবাহ করা প্রশস্ত। কিন্তু পরে যাঁহারা যদৃচ্ছাক্রমে পুনরায় বিবাহ করিতে প্রবৃত্ত হন, তাঁহারা অনুলোম ক্রমে পশ্চাল্লিখিত নিয়মানুসারে বর্ণান্তরের কন্যা গ্রহণ করিবেন। শূদ্র-কন্যা শূদ্রের, শূদ্র ও বৈশ্য-কন্যা বৈশ্যের, শূদ্র, বৈশ্য ও ক্ষত্রিয়-কন্যা ক্ষত্রিয়ের, এবং শূদ্র, বৈশ্য, ক্ষত্রিয় ও ব্রাহ্মণ-কন্যা ব্রাহ্মণের ভার্য্যা হইতে পারে।

যস্যা ম্রিয়েত কন্যায়া বাচা সত্যে কৃতে পতিঃ।
তামনেন বিধানেন নিজো বিন্দেত দেবরঃ॥
যথাবিধ্যধিগম্যৈনাং শুক্লবস্ত্রাং শুচিব্রতাম্।
মিথো ভজেদাপ্রসবাৎ সকৃৎ সকৃদৃতাবৃতৌ॥

মনুসংহিতা। ৯। ৬৯ ও ৭০।

যে কন্যার বাগ্দান হইলে, বিবাহের পূর্ব্বে তদীয় পতির মৃত্যু হয়, তাহার দেবর এই বিধান ক্রমে তাহাকে পুত্রোৎপাদনার্থ গ্রহণ করিবে। শুক্ল-বস্ত্র-পরিধানা ও কায়মনোবাক্যে শুদ্ধাচারিণী সেই কন্যার যাবৎ সন্তান না জন্মে, তাবৎ তাহার দেবর যথাবিধি বিবাহ করিয়া প্রত্যেক ঋতু-কালে এক একবার তাহার সহিত নির্জ্জনে সহবাস করিবে।

যস্তল্পজঃ প্রমীতস্য ক্লীবস্য ব্যাধিতস্য বা।
স্বধর্ম্মেণ নিযুক্তায়াং স পুত্রঃ ক্ষেত্রজঃ স্মৃতঃ॥

মনুসংহিতা। ৯। ১৬৭।

স্বামী যদি নপুংসক, বন্ধ্য, বা মৃত হয়, তাহা হইলে ধর্ম্মশাস্ত্র-বিধান ক্রমে অন্য পুরুষ সংসর্গে গুরুজনের নিয়োগানুসারে তাহার ভার্য্যার যে পুত্র জন্মে, তাহাকে স্মৃতিকারেরা ক্ষেত্রজ পুত্র বলিয়া উল্লেখ করিয়াছেন।

**पितृवेश्मनि कन्या तु यं पुत्त्रं जनयेद्रहः।**

**तं कानीनं वदेन्नाम्ना वोढुः कन्यासमुद्भवम्॥**

মনুসংহিতা। ৯। ১৭২।

অবিবাহিতা কন্যা পিতৃ-গৃহে থাকিতে গুপ্ত ভাবে পুরুষ-সংসর্গে যে পুত্র উৎপাদন করে, তাহাকে কানীন পুত্র কহে।

**या गर्भिणी संस्क्रियते ज्ञाताज्ञातापिवा सती।**

**वोढुः स गर्भो भवति सहोढइति चोच्यते॥**

মনুসংহিতা। ৯। ১৭৩।

যে ব্যক্তি জ্ঞাত-গর্ভা বা অজ্ঞাত-গর্ভা কোন স্ত্রীলোকের পাণি-গ্রহণ করে, সেই গর্ভ-জাত পুত্র সেই ব্যক্তির সহোঢ় পুত্র বলিয়া উল্লিখিত হয়।

**या पत्या वा परित्यक्ता विधवा वा स्वयेच्छया।**

**उत्पादयेत् पुनर्भूत्वा स पौनर्भव उच्यते॥**

মনুসংহিতা। ৯। ১৭৫।

যে স্ত্রীলোক বিধবা বা পতি কর্ত্তৃক পরিত্যক্ত হয়, সে যদি স্বেচ্ছানুসারে পুনর্ব্বার বিবাহ করিয়া পুত্রোৎপাদন করে, তাহা হইলে সেই পুত্রকে পৌনর্ভব বলে।

**सा चेदक्षतयोनिः स्याद्गतप्रत्यागतापि वा।**

**पौनर्भवेण भर्त्रा सा पुनः संस्कारमर्हति॥**

মনুসংহিতা। ৯। ১৭৬।

সেই স্ত্রীলোক যদি পুরুষ-সংসর্গ না ঘটিতে অন্য ব্যক্তিকে অবলম্বন করে, অথবা পতি পরিত্যাগ পূর্ব্বক অন্য ব্যক্তির সহিত সহবাস করিয়া পুনর্ব্বার নিজ পতির নিকট প্রত্যাগমন করে, তাহা হইলে সেই ব্যক্তির বা সেই পতির সহিত তাহার পুনরায় উদ্বাহ-সংস্কার আবশ্যক।

**दास्यां वा दासदास्यां वा यः शूद्रस्य सुतोभवेत्।**

**सोऽनुज्ञातोहरेदंशमिति धर्म्मोव्यवस्थितः॥**

মনুসংহিতা। ৯। ১৭৯।

নিজ দাসীর অথবা দাস-সম্বন্ধীয় কোন স্ত্রীলোকের সংসর্গে যদি কোন শূদ্রের পুত্রোৎপত্তি হয়, তাহা হইলে সেই পুত্র নিজ পিতার আজ্ঞানুসারে তাহার বিবাহিতা পত্নীর গর্ভ-জাত পুত্রের সহিত সমান ধনাধিকারী হইবে।

উদ্বাহ-সংক্রান্ত আর একটি বিষয়ও লেখা আবশ্যক হইতেছে। পূর্ব্বকালে এক্ষণকার মত বাল্য-বিবাহের রীতিও সচরাচর প্রচলিত ছিল না। ব্রাহ্মণের পক্ষে অষ্টম অবধি ষোড়শ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত, ক্ষত্রিয়ের পক্ষে একাদশ অবধি দ্বাবিংশ বৎসর পর্য্যন্ত এবং বৈশ্যের পক্ষে দ্বাদশ অবধি চতুর্বিংশ বৎসর পর্য্যন্ত উপনয়নের কাল নিরূপিত ছিল*। তাঁহারা ঐরূপ বয়সে উপনয়ন-সংস্কার-সম্পন্ন হইয়া গুরু-গৃহে অধ্যয়ন করিতে যাইতেন; তথায় ছত্রিশ,অষ্টাদশ অথবা নয় বৎসর অধিবাস পূর্ব্বক পাঠ সমাপন করিয়া গৃহে প্রত্যাগমন করিতেন † এবং পরে ইচ্ছানুসারে যথাবিধানে দার-পরিগ্রহ করিয়া গৃহাশ্রমে প্রবিষ্ট হইতেন। এরূপ হইলে, তখন পুরুষদের এখনকার মত দশম বা দ্বাদশ বর্ষে অথবা তাদৃশ অল্প বয়সে উদ্বাহরূপ লৌহ-বন্ধনে বদ্ধ হইয়া সংসার-ভারে ভারাক্রান্ত হওয়া সম্ভবই ছিল না বলিতে হয়।

সে সময়ে এক্ষণকার মত স্ত্রীলোকেরও বাল্য-বিবাহ যে আবশ্যক ছিল না, গান্ধর্ব্ব ও স্বয়ম্বর-বিবাহাদির ব্যবস্থায় সে বিষয়ে সাক্ষ্য দান করিতেছে। একটি বচনে লিখিত আছে, কন্যা ঋতুমতী হইয়া চিরজীবন পিতৃ-গৃহে বাস করিবে সেও ভাল, তথাচ তাহাকে নির্গুণ পাত্রে দান করিবে না।

**कामममरणात्तिष्ठेद्गृहे कन्यर्त्तुमत्यपि ।**
**न चैवैनां प्रयच्छेत्तु गुणहीनाय कर्हिचित् ॥**

মনুসংহিতা। ৯। ৮৯।

কন্যা ঋতুমতী হইয়া যাবজ্জীবন পিতৃ-গৃহে বাস করে সেও ভাল, তথাচ তাহারে গুণ-হীন পাত্রে সম্প্রদান করিবে না।

সে সময়ের হিন্দু-সমাজ সর্ব্বাংশে বিশুদ্ধ ছিল না সত্য বটে, কিন্তু কোন কোন অংশে এক্ষণকার অপেক্ষা উৎকৃষ্ট ছিল। উহার কি অধোগতিই হইয়া আসিয়াছে! এখন বিধবা-বিবাহ রহিত, অসবর্ণ-বিবাহ রহিত, গান্ধর্ব্ব-বিবাহ রহিত, স্বয়ম্বর-বিবাহ রহিত, বাল্য-বিবাহের ‡ প্রাদুর্ভাব,

---

* মনুসংহিতা। ২। ৩৬ ও ৩৮।

† মনুসংহিতা। ৩। ১।

‡ কলিকাতার দক্ষিণে কোন স্থানে বর্ণ-বিশেষের সদ্যঃ-প্রসূত শিশুর বিবাহের বিষয় প্রস্তাবিত এবং দুই তিন মাসের বালক বালিকার উদ্বাহ-সম্বন্ধ নিবদ্ধ হইয়া থাকে। কোন বিষয়ের আতিশয্য ঘটিলে, তাহা উপহাস-স্থল হইয়া হাস্যোদয় করিতে থাকে। অতএব পাঠকগণ এখন এই বিষয়-সূচক ইতিবৃত্তের

ও কৌলিন্য-প্রথার পৈশাচী কাণ্ড! ফলতঃ ঐ পুরাতন সমাজটি ক্রমে ক্রমে বিকৃত হইয়া এমন পচিয়া উঠিয়াছে যে, চতুর্দ্দিকে তাহার দুর্গন্ধে আর তিষ্ঠিতে পারা যায় না।

হিন্দুধর্ম্মের এইরূপ অবস্থায় মদ্য-পান ও গো-মাংসাদি নানাবিধ মাংস-ভোজন সচরাচর প্রচলিত ছিল।

**ন মাংসভক্ষণে দোষো ন মদ্যে নচ মৈথুনে।**

**প্রবৃত্তিরেষা ভূতানাং নিবৃত্তিস্তু মহাফলা॥**

মনুসংহিতা। ৫। ৫৬।

মাংস-ভোজন, মদ্য-পান ও স্ত্রীপুরুষ-সংসর্গে দোষ নাই। এই সকল বিষয়ে প্রাণীদিগের স্বভাব-সিদ্ধ প্রবৃত্তিই আছে, কিন্তু নিবৃত্ত হইতে পারিলে মহাফল জন্মে।

**মধুপর্কে চ যজ্ঞে চ পিতৃদৈবতকর্ম্মণি।**

**অত্রৈব পশবো হিংস্যা নান্যত্রেত্যব্রবীন্মনুঃ॥**

মনুসংহিতা। ৫। ৪১।

মধুপর্কে, জ্যোতিষ্টোমাদি যজ্ঞে, পিতৃ-কৃত্যে ও দৈব-কর্ম্মে পশু বধ করা বিধেয়, কিন্তু অন্য স্থলে নয়, এই কথা মনু বলিয়াছেন।

পূর্ব্বে মধুপর্কে অতিথিকে গোমাংস দান করিবার রীতি ছিল। প্রাচীন ও অপেক্ষাকৃত অপ্রাচীন অনেকানেক গ্রন্থে এবিষয়ের ভূরি ভূরি নিদর্শন লক্ষিত হইয়া থাকে। এ নিমিত্ত অতিথির অন্য একটি নাম গোঘ্ন অর্থাৎ গোহত্যাকারী। ভবভূতি এক স্থলে এবিষয়টি অতীব স্পষ্ট করিয়া লিখিয়াছেন।

**সমাংসোমধুপর্ক ইত্যাম্নায়ং বহুমন্যমানাঃ শ্রোত্রিয়াভ্যাগতায় বৎসতরীং মহোক্ষং বা মহাজং বা নির্ব্বপন্তি গৃহমেধিন ইতি হি ধর্ম্মসূত্রকারাঃ সমামনন্তি।**

উত্তরচরিত, চতুর্থ অঙ্ক।

"সমাংসোমধুপর্কঃ" এই বেদ-বাক্যে সাতিশয় শ্রদ্ধা করিয়া গৃহস্থ

---

মধ্যে পশ্চাল্লিখিত কথাটি পাঠ করিয়া কিছু হাস্য করিতে থাকুন। সন্তান গর্ব্ভে থাকিতেই, তাহার পিতা মাতা অন্য শিশুর পিতা মাতাকে কহিয়া থাকেন, এবার আমার কন্যা হইলে তোমার পুত্রের সহিত বিবাহ দিব। কি ঘৃণা ও কি লজ্জার বিষয়!—এখন হাস্য দূরে গিয়া অনর্গল অশ্রু-পাত উপস্থিত হইল!

লোকে বেদজ্ঞ অতিথিকে একটি নই-বাছুর বা বড় বৃষ অথবা বৃহৎ ছাগল প্রদান করে ; ধর্ম্মসূত্র-রচয়িতা পণ্ডিতেরা এই ব্যবস্থা দেন। *

ফলতঃ আমাদের ঋষি-মুনি প্রভৃতি সকলেই গো-খাদক ছিলেন তাহার সন্দেহ নাই। সে বিষয়ে পাদ্রি উইল্‌সন্ ও শেখ্ অলিউল্লার সহিত ঋষি-রাজ বশিষ্ঠ ও বিশ্বামিত্রের কিছুমাত্র প্রভেদ দেখা যায় না।

তদ্ভিন্ন, সে সময়ে ছাগ, নানাপ্রকার মৃগ, শশারু, কূর্ম্ম, গণ্ডার, মেষ, বহুপ্রকার পক্ষী, শূকর ও মহিষের মাংস-ভোজন প্রচলিত ছিল। মহিষ-ভক্ষণটি বৈদিক ব্যবহার বোধ হয়† । শ্রাদ্ধ উপলক্ষে উল্লিখিত মাংস সমুদায় দ্বারা পিতৃ-লোকের তৃপ্তি-সাধন করিবার বিশেষরূপ ব্যবস্থা আছে ‡।

মনুসংহিতায় পরব্রহ্মের উপাসনা সর্ব্বপ্রধান পরিশুদ্ধ ধর্ম্ম বলিয়া পরিগণিত হইয়াছে। এমন কি দ্বিজগণ অন্য অন্য সমুদায় কর্ম্ম পরিত্যাগ করিয়া তত্ত্বজ্ঞানের অনুষ্ঠান করিবেন এইরূপ ব্যবস্থা আছে।

**সর্ব্বেষামপি চৈতেষামাত্মজ্ঞানং পরং স্মৃতম্ ।**

**তদ্ধ্যগ্র্যং সর্ব্ববিদ্যানাং প্রাপ্যতে হ্যমৃতং ততঃ ॥**

মনুসংহিতা। ১২। ৮৫।

এই সমুদায়ের মধ্যে পরমাত্ম-তত্ত্বজ্ঞানই সর্ব্ব-প্রধান বলিয়া উক্ত হইয়াছে ; কেননা আত্মবিদ্যাই সকল বিদ্যার প্রধান ; তাহা হইতে মুক্তি-লাভ হয়।

**যথোক্তান্যপি কর্ম্মাণি পরিহায় দ্বিজোত্তমঃ।**

**আত্মজ্ঞানে শমে চ স্যাদ্বেদাভ্যাসে চ যত্নবান্ ॥**

মনুসংহিতা। ১২। ৯২।

দ্বিজবরেরা শাস্ত্রোক্ত যাবতীয় কর্ম্ম পরিত্যাগ করিয়াও আত্মজ্ঞানে, ইন্দ্রিয়-নিগ্রহে ও বেদাভ্যাসে যত্নবান্ হইবেন।

---

* এদিকে আবার গো-বধে গুরুতর পাপ ও তাহার সুকঠিন প্রায়শ্চিত্তের বিষয় লিখিত হইয়াছে।—(মনুসংহিতা। ১১। ১০৮—১৭।) অতএব মনুসংহিতায় ভিন্ন ভিন্ন সময়ের ও ভিন্ন ভিন্ন মতের বচন সমুদয় একত্র সঙ্কলিত হইয়াছে বলিতে হয়।

† ঋগ্বেদসংহিতায় দেবগণের মহিষ-মাংস রন্ধন ও ভোজনের বিষয় পুনঃ পুনঃ লিখিত আছে। (৮ ম, ১২ সূ, ৮ ঋ ও ৬৬ সূ ১০ ঋ)। তাঁহারা উহা ভক্ষণ করিলে, তদীয় উপাসকেরা কেননা প্রসাদ গ্রহণ করিবেন ? বিশেষতঃ যখন মনুসংহিতায় তদ্দ্বারা পিতৃলোকের তৃপ্তি-সাধন করিবার ব্যবস্থা আছে, তখন পূর্ব্বতন হিন্দুসমাজে তাহা প্রচলিত ছিল ইহা অক্লেশেই মনে করিতে পারা যায়।

‡ মনুসংহিতা। ৩। ২৬৮—২৭২।

জপ্যেনৈব তু সংসিধ্যেৎ ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ।
কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যাৎ মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে ॥

মনুসংহিতা। ২। ৮৭।

প্রণবাদি জপ করিলেই, ব্রাহ্মণের সিদ্ধি-লাভ হয় ইহাতে সংশয় নাই। তিনি অন্য কর্ম্ম করুন বা নাই করুন, সর্ব্বপ্রাণীর মিত্র হইয়া পরব্রহ্মে লয় প্রাপ্ত হন এইরূপ উক্ত হইয়া থাকে।

মনুসংহিতায় সাংখ্য ন্যায়াদি দর্শন শাস্ত্রের ভিন্ন ভিন্ন নাম বিদ্যমান নাই বটে, কিন্তু শ্লোক-বিশেষে ঐ সকল শাস্ত্রোক্ত মত ও অভিপ্রায় প্রচলিত থাকিবার সুস্পষ্ট লক্ষণ লক্ষিত হইয়া থাকে। বচন-বিশেষে ব্যবহৃত অব্যক্ত, অহঙ্কার, মহৎ, ত্রিগুণ প্রভৃতি সাংখ্য-শাস্ত্রোক্ত পারিভাষিক শব্দে ও প্রত্যক্ষ অনুমানাদি তিন প্রকার সাংখ্য-প্রমাণের উল্লেখে ঐ শাস্ত্র-প্রচারের পরিচয় দিতেছে *। এমন কি মনুসংহিতার সৃষ্টি-প্রণালী অনেকাংশে সাংখ্য শাস্ত্রের অনুরূপ †।

শ্লোক-বিশেষে আন্বিক্ষিকী ও আত্মবিদ্যা ‡ অর্থাৎ ন্যায় শাস্ত্র ও ব্রহ্ম-বিদ্যা এবং হৈতুক ¶ ও তর্কি নামে দুই প্রকার ধর্ম্ম-মীমাংসক পণ্ডিতের নাম উল্লিখিত আছে §। কুল্লূকভট্ট এই শেষোক্ত দুইটি পদ ন্যায়জ্ঞ ও মীমাংসা-শাস্ত্রজ্ঞ বলিয়া ব্যাখা করিয়াছেন। তাঁহার মতানুসারে, মনু-সংহিতা-রচনার সময়ে বৌদ্ধাদি নাস্তিক-সম্প্রদায় প্রচলিত ছিল।

---

* মনুসংহিতা। ১ অ। ৬, ১৪, ১৫ ও ১৬ শ্লোক এবং ১২ অ। ১০৫ শ্লোক দেখ।

† বেদান্তের মতে, পরমেশ্বর জগতের উপাদান কারণ। সাংখ্য-শাস্ত্রানুসারে, প্রকৃতি হইতে মহৎ, অহঙ্কার, পঞ্চ তন্মাত্র, পঞ্চেন্দ্রিয়, পঞ্চ মহাভূত প্রভৃতি ক্রমশঃ উৎপন্ন হয়। এই দুইটি মত একত্র মিলিত হইলে যেরূপ হয়, মনুসংহিতার সৃষ্টি-প্রক্রিয়া-বর্ণন প্রায় সেইরূপ।

‡ মনুসংহিতা। ৭ অ। ৪৩ শ্লোক।

¶ স্থলান্তরে আবার হৈতুকদের যৎপরোনাস্তি নিন্দা করা হইয়াছে।

যোঽবমন্যেত তে মূলে হেতুশাস্ত্রাশ্রয়াদ্‌দ্বিজঃ।
স সাধুভির্বহিষ্কার্য্যো নাস্তিকো বেদনিন্দকঃ ॥

মনুসংহিতা। ২ অ। ১১ শ্লোক।

যে ব্যক্তি হেতু-শাস্ত্র অবলম্বন পূর্ব্বক শ্রুতি ও স্মৃতির অবমাননা করে, সেই বেদ-নিন্দক নাস্তিককে সাধু-সমাজ হইতে বহিষ্কৃত করিয়া দিবে।

§ মনুসংহিতা। ১২ অ। ১১১ শ্লোক।

পাষণ্ডিনোবেদবাহ্যব্রতলিঙ্গধারিণঃ শাক্যভিক্ষুক্ষপণকাদয়ঃ।

মনুসংহিতা। ৪ অ। ৩০ শ্লোকের ব্যাখ্যা।

পাষণ্ডী শব্দের অর্থ বেদ-বিরুদ্ধ ধর্ম্ম-চিহ্নধারী অর্থাৎ শাক্য, ভিক্ষু, ও ক্ষপণকাদি *।

---

* এই তিনই বৌদ্ধ-মতাবলম্বী। ঐ মত-প্রবর্ত্তক বুদ্ধের নাম শাক্য। মনু-সংহিতার অন্যান্য স্থলেও বেদ-বিরোধী কুতর্কী লোকের প্রতি কটাক্ষপাত আছে*; তাহারও কিয়দংশ বৌদ্ধধর্ম্ম-বিষয়ক হওয়া সম্ভব। বুদ্ধ খৃ, পূ, পঞ্চম বা ষষ্ঠ শতাব্দীতে প্রাণত্যাগ করেন। অতএব কুল্লুকভট্টের উল্লিখিত ব্যাখ্যানুসারে মনু-সংহিতা ঐ সময়ের পরে রচিত বা সঙ্কলিত বলিতে হয়। ফলতঃ ঐ সংহিতাখানি তদপেক্ষা অধিক প্রাচীন বোধ হয় না। উহা প্রস্তুত হইবার পূর্ব্বে হিন্দুসমাজ এক রূপ পুরাতন, তদীয় অবস্থা অনেকাংশে উন্নত, আর্য্যভূমিতে সভ্যতা-সুলভ দোষ সমুদয় পরিব্যাপ্ত এবং বহু-কাল-ব্যাপী বুদ্ধি-চালনার ফল-স্বরূপ ন্যায় সাংখ্যাদি দার্শনিক মতও প্রবর্ত্তিত হইয়াছিল। স্ত্রীলোকের বহুবিবাহ একটি অতি প্রাচীন বৈদিক প্রথা †। মনুসংহিতা-রচনার পূর্ব্বে তাহা একবারে বিলুপ্ত হইয়া যায়। ঐ সংহিতা যদি সমধিক প্রাচীন হইত ও সে সময়ে যদি ঐ প্রথা প্রচলিত থাকিত, তাহা হইলে পূর্ব্বোল্লিখিত বিবাহ-ব্যবস্থা ও পুত্রোৎপাদন-প্রকরণে সে বিষয়ের প্রসঙ্গ থাকিতই থাকিত। কিন্তু যখন মনুসংহিতায় বিন্ধ্যাচল আর্য্য-কুলের আবাস-ভূমির দক্ষিণ সীমা বলিয়া নির্দ্দেশিত হইয়াছে‡, তখন ঐ গ্রন্থ অধিক অপ্রাচীন হওয়াও সম্ভাবিত নয়। বরাহমিহির খ্রীষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে জীবিত ছিলেন। তিনি বৃহৎসংহিতার মধ্যে বারম্বার মনুর নামোল্লেখ ও এক স্থানে তদীয় গ্রন্থেরও প্রসঙ্গ করিয়াছেন। (বৃহৎসংহিতা। ৭৪। ৬।) খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর অনেক পূর্ব্বে কতকগুলি হিন্দু যবদ্বীপে ও পরে তথা হইতে বালিদ্বীপে গিয়া বাস করে। এখন ঐ শেষোক্ত দ্বীপে মনু-সংহিতা নামে কোন পুস্তক বিদ্যমান নাই বটে, কিন্তু তথায় প্রবুমনু আদিম ব্যবস্থাপক বলিয়া প্রসিদ্ধ আছেন¶, এবং পূর্ব্বদিগম নামে একখানি গ্রন্থও তাঁহারই প্রণীত বলিয়া প্রচলিত রহিয়াছে। হিন্দুসমাজে সহমরণ-প্রথা প্রথমে বিদ্যমান ছিল না; কালক্রমে প্রচলিত ও প্রাদুর্ভূত হইয়া

---

* যেমন। ১২ অ। ৯৫ শ্লোক।

† প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৭৯ পৃষ্ঠা দেখ।

‡ মনুসংহিতা। ২। ১৭—২৪।

¶ The Journal of the Indian Archipelago, February, 1849. p. 137.

হিন্দুধর্ম্মের উল্লিখিত অবস্থায় যেমন বৈদিক ধর্ম্ম ও বৈদিক ব্যবহারের প্রচার ছিল, সেইরূপ আবার পৌরাণিক অথবা ইদানীন্তন ধর্ম্ম ও ব্যবহারেরও

উঠে *। যে সময়ে গ্রীক্ দূত মিগেস্থিনিজ্ ভারতবর্ষে আগমন করেন, তিনি সে সময়ে, অর্থাৎ খৃ, পূ, চতুর্থ শতাব্দীতে, উল্লিখিত প্রথা মগধ পর্য্যন্ত বলবৎ দেখিতে পান। মনুসংহিতায় সে বিষয়ের প্রসঙ্গ নাই। যদি ঐ গ্রন্থ রচনা ও সঙ্কলনের সময়ে ঐ রীতি প্রচলিত থাকিত, তাহা হইলে, বর্ণাশ্রমের বিবরণ ও শ্রাদ্ধ বিবাহাদি সমুদয় সংস্কারের ব্যবস্থা করা যে শাস্ত্রের প্রধান উদ্দেশ্য, তাহাতে উল্লিখিত রীতির বিধান না থাকা কোন রূপেই সম্ভব হইত না। অতএব মনুসংহিতা ঐ সময়ের পূর্ব্ব-রচিত গ্রন্থ বলিয়া অক্লেশেই বিবেচনা করিতে পারা যায়। কিন্তু কত পূর্ব্বে, তাহা নির্দ্দিষ্ট করিয়া বলা যায় না। ঐ শাস্ত্রের প্রারম্ভে লিখিত হইয়াছে, ব্রহ্মা নিজে উহা উৎপাদন করিয়া নিজ পুত্র স্বায়ম্ভুব মনুকে অর্থাৎ প্রথম মনুষ্যকে উপদেশ প্রদান করেন, তিনি পুনরায় ভৃগু মরীচি প্রভৃতিকে শিক্ষা দেন এবং তন্মধ্যে ভৃগু ঋষিগণকে উহা শ্রবণ করান †। ঐ গ্রন্থ অতিমাত্র প্রাচীন বলিয়া প্রচার করাই একথার উদ্দেশ্য। প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৯২ পৃষ্ঠায় ঐ পুস্তক-রচনার বিষয় দেখ। তথায় উহা মানব-কল্পসূত্র হইতে সংগৃহীত বলিয়া বিবেচিত হইয়াছে। ইহা হইলে, সংগ্রহকার মানব নামক ব্রাহ্মণ-কুলের কোন

* বেদসংহিতায় সে বিষয়ের কিছুমাত্র নিদর্শন নাই। কৌতুক দেখ, যে বেদ-মন্ত্রগুলি তাহার প্রমাণ বলিয়া পরিগৃহীত হয়, তাহাতে সে প্রথার পোষকতা করা দূরে থাকুক, বিপরীত মতই সমর্থন করিয়া দিতেছে, অর্থাৎ মৃত ব্যক্তির শোকাকুল ভার্য্যাকে নিজ পতির অনুগমন-ব্যবস্থা না দিয়া পুনরায় সংসারে অর্থাৎ গৃহে প্রত্যাগমন করিতে আদেশ দিতেছে।

উদীর্ষ্ব নার্য্যভিজীবলোকং গতাসুমেতমুপশেষ এহি হস্তগ্রাভস্য দিধিষোস্তবেদং পত্যুর্জনিত্বমভিসংবভূথ ॥

ঋগ্বেদসংহিতা। ১০ ম। ২ অনু। ২ সূ। ৮ ঋ।

নারি! তুমি নির্জ্জীবের নিকট শয়ন করিয়া আছ। উত্থিত হও; জীব-লোকে (অর্থাৎ জীবিতদিগের স্থানে) আগমন কর। এস, পাণিগ্রাহী ও গর্ব্ভাধানকারী পতি হইতে তোমার জননীত্ব সম্ভূত হইয়াছে।

এই মন্ত্রের তাৎপর্য্যার্থ বিধবা পত্নীর গৃহ-প্রত্যাগমনাদেশ ব্যতিরেকে অন্য কিছুই বোধ হয় না।—The Journal of the Royal Asiatic Society, Vol. XVI. pp. 201—214 and Vol. XVII. Part I. pp. 209—220 দেখ।

† মনুসংহিতা। ১। ৫৮—৬০।

সূত্রপাত দেখিতে পাওয়া যায়। পূর্ব্বকালে যে গায়ত্রী সবিতা অর্থাৎ সূর্য্যদেবের স্তুতি-মধ্যে সন্নিবেশিত ছিল *, ঐ অবস্থায় তাহা ব্রহ্মগায়ত্রী বলিয়া পরিগণিত হয়। সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ ও কল্পাদি† কাল-বিভাগ সম্যক্‌রূপে প্রবর্ত্তিত হয়, এবং স্ত্রীজাতির বেদ-পরিচিত বহুবিবাহ একবারেই অপ্রচলিত হইয়া যায়। ঐ অবস্থায় ব্রহ্মাদি কয়েকটি পৌরাণিক দেবতাও হিন্দুদের দেব-মণ্ডলীর মধ্যে সন্নিবেশিত হন। পুরাণের মতে ব্রহ্মা, বিষ্ণু, শিব এই তিন দেবতার মধ্যে শিব ও বিষ্ণুই প্রধান দেবতা। এমন কি ঐ শাস্ত্রে তাঁহারা প্রকৃত পরমেশ্বর বলিয়াই বর্ণিত হইয়াছেন। প্রামাণিক উপনিষদ্ ও মনুসংহিতা প্রচলিত পুরাণ অপেক্ষা প্রাচীন বলিয়া প্রসিদ্ধ আছে; বাস্তবিকও তাহাই বটে। ঐ দুই শাস্ত্রে ত্রিমূর্ত্তির মধ্যে ব্রহ্মারই প্রসঙ্গ ও প্রাধান্য দেখিতে পাওয়া যায়।

**ব্রহ্মা দেবানাং প্রথমঃ সম্বভূব বিশ্বস্য কর্ত্তা ভুবনস্য গোপ্তা।**
**স ব্রহ্মবিদ্যাং সর্ব্ববিদ্যাপ্রতিষ্ঠামথর্ব্বায় জ্যেষ্ঠপুত্রায় প্রাহ॥**

মণ্ডূকোপনিষদ্। ১। ১।

দেবতাদিগের অগ্রে ব্রহ্মা উৎপন্ন হন। তিনি জগতের কর্ত্তা ও পালয়িতা। তিনি অথর্ব্ব নামক জ্যেষ্ঠ পুত্রকে সকল বিদ্যার আশ্রয়-স্বরূপ ব্রহ্মবিদ্যা কহিয়াছিলেন।

**যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ।**

শ্বেতাশ্বতরোপনিষদ্। ৬। ১৮।

যিনি পূর্ব্বে ব্রহ্মাকে সৃজন করেন ও তাঁহাতে বেদ সমুদায় সংস্থাপন করেন।

মনুসংহিতাতেও ত্রিমূর্ত্তির মধ্যে ব্রহ্মাকেই প্রথম ও প্রধান দেব বলিয়া পরিচয় দিতেছে। বেদশাস্ত্রের প্রাচীনতম ভাগে ব্রহ্মার নাম মাত্রও

---

ব্যক্তি হইবেন বোধ হয়। কিন্তু উহাতে যে নানা সময়ের রচিত বচন-সমূহ সন্নিবেশিত আছে একথা ইতিপূর্ব্বেই একবার সূচিত হইয়াছে। (৬৭পৃষ্ঠা দেখ)। টীকাকারেরা বৃদ্ধমনু ও বৃহন্মনু নামে অপর একখানি পুস্তকের নাম পুনঃ পুনঃ উল্লেখ করিয়াছেন।

* ঋগ্বেদসংহিতা। ৩ম, ৬২ সূ, ১০ ঋ।

† বেদের সর্ব্বাপেক্ষা আধুনিক ভাগে অর্থাৎ উপনিষদে কাল-বিশেষ-বাচক কল্প শব্দের প্রয়োগ আছে।

"**মহাকল্পে প্রভোদিতম্।**"

(শ্বেতাশ্বতরোপনিষদ্। ৬। ২২।

বিদ্যমান নাই, কিন্তু মনুসংহিতায় তিনিই সৃষ্টি ও সংহারের কর্ত্তা প্রধান দেব বলিয়া বর্ণিত হইয়াছেন।

**তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভম্।**

**তস্মিন্ জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ॥**

মনুসংহিতা। ১। ৯।

(স্বয়ম্ভূ কর্ত্তৃক জলে বিসৃষ্ট) সেই বীজ সহস্র সূর্য্য-সদৃশ স্বর্ণময় অণ্ডরূপে পরিণত হইল; তাহাতে সর্ব্বলোক-পিতামহ ব্রহ্মা উৎপন্ন হইলেন।

**যত্তৎকারণমব্যক্তং নিত্যং সদসদাত্মকম্।**

**তদ্বিসৃষ্টঃ স পুরুষো লোকে ব্রহ্মেতি কীর্ত্ত্যতে॥**

মনুসংহিতা। ১। ১১।

সেই সৎ ও অসৎ-স্বরূপ, নিত্য, অব্যক্ত * কারণ হইতে উৎপন্ন সেই পুরুষ ভূ-মণ্ডলে ব্রহ্মা বলিয়া প্রসিদ্ধ আছেন।

**তস্মিন্নণ্ডে স ভগবানুষিত্বা পরিবৎসরম্।**

**স্বয়মেবাত্মনোধ্যানাত্তদণ্ডমকরোদ্ দ্বিধা॥**

মনুসংহিতা। ১। ১২।

ভগবান্ ব্রহ্মা সেই অণ্ডে এক বৎসর অবস্থিতি করিয়া আপনার চিন্তা-বলে তাহা দুই ভাগে বিভক্ত করিলেন।

**তাভ্যাং স শকলাভ্যাঞ্চ দিবং ভূমিঞ্চ নির্ম্মমে।**

**মধ্যে ব্যোম দিশশ্চাষ্টাবপাং স্থানঞ্চ শাশ্বতম্॥**

মনুসংহিতা। ১। ১৩।

তিনি সেই দুই ভাগ দ্বারা ভূলোক ও দ্যুলোক এবং তাহার মধ্য-স্থলে আকাশ, অষ্টদিক্ ও নিত্য জল-স্থান নির্ম্মাণ করিলেন।

প্রথমতঃ।—প্রচলিত পুরাণ ও উপপুরাণ অপেক্ষায় প্রাচীনতর মনুসংহিতায় ব্রহ্মাই সৃষ্টিকর্ত্তা বলিয়া বর্ণিত হইয়াছেন। দ্বিতীয়তঃ—পূর্ব্বেই দৃষ্ট হইয়াছে প্রামাণিক উপনিষদেরও স্থানে স্থানে তিনি জগৎকর্ত্তা ও প্রথম দেবতা বলিয়া লিখিত হইয়াছেন। তৃতীয়তঃ।—বাল্মীকি রামায়ণ শিব-

---

* অব্যক্তং বহিরিন্দ্রিয়াগোচরং

কুল্লূকভট্ট।

অব্যক্ত শব্দের অর্থ বাহ্যেন্দ্রিয়ের অগোচর।

প্রধান ও বিষ্ণু-প্রধান প্রচলিত পুরাণ সমুদয় অপেক্ষা প্রাচীন তাহার সন্দেহ নাই। সেই রামায়ণের একখানি পুরাতন পুস্তকে * ব্রহ্মাই সমস্ত জগতের সৃজন-কর্ত্তা বলিয়া কীর্ত্তিত হইয়াছেন।

**असृजच्च जगत्सर्व्वं सह पुत्रैः कृतात्मभिः ।**

(ব্রহ্মা) কৃতাত্মা পুত্রগণ সম্বলিত সমস্ত জগৎ সৃষ্টি করিলেন।

চতুর্থতঃ।—পাঠকগণ বিষ্ণ্বতারের প্রসঙ্গে দেখিতে পাইবেন, এক্ষণকার পুরাণাদিতে যে সমস্ত কথা বিষ্ণুর মহিমা প্রকাশ উদ্দেশে নিয়োজিত হইয়াছে, প্রাচীনতর গ্রন্থে ও প্রাচীনতর উপাখ্যানে তাহা ব্রহ্মারই মাহাত্ম্য-প্রতিপাদক বলিয়া বর্ণিত আছে।

পঞ্চমতঃ।—এক্ষণে নারায়ণ বলিলে কেবল বিষ্ণুকেই বুঝায়, উক্ত সময়ে ঐ শব্দটি কেবল ব্রহ্মারই প্রতিপাদক ছিল। নারা শব্দের অর্থ জল, ব্রহ্মা জলশায়ী ছিলেন, এই নিমিত্ত তাঁহার নাম নারায়ণ।

**आपोनारा इति प्रोक्ता आपोवै नरसूनवः ।**

**ता यदस्यायनं पूर्व्वं तेन नारायणः स्मृतः ॥**

মনুসংহিতা। ১। ১০।

আপ অর্থাৎ জল নরের অর্থাৎ পরমাত্মার অপত্য-স্বরূপ এই নিমিত্ত উহা নারা বলিয়া উক্ত হইয়াছে। পূর্ব্বে ব্রহ্মা উহাকে আশ্রয় করিয়া অবস্থিত ছিলেন এই নিমিত্ত তিনি নারায়ণ বলিয়া উল্লিখিত হইয়াছেন।

এই সমস্ত কারণে স্পষ্টই বোধ হইতেছে, ত্রিমূর্ত্তির মধ্যে ব্রহ্মাই প্রথম দেবতা। ঐ তিনের মধ্যে তাঁহার মহিমা ও তাঁহার উপাসনাই সর্ব্বাগ্রে প্রাদুর্ভূত হয়। পরে শিব ও বিষ্ণুর উপাসকেরা প্রবল হইয়া তাঁহার মহিমা খর্ব্ব ও তাঁহার উপাসনা লুপ্ত-প্রায় করিয়া ফেলে। অগ্রে ব্রহ্মার পাঁচটি মস্তক ছিল, মহাদেব ক্রোধ-পরবশ হইয়া তাহার একটি ছেদন করিয়া ফেলেন এই পৌরাণিক উপাখ্যানে উল্লিখিত ব্যাপারই প্রকাশ করিতেছে বোধ হয়।

ব্রহ্মা একটি নূতন দেবতা কি কোন প্রাচীন বৈদিক দেবতার রূপান্তর ইহা সহজেই জানিতে ইচ্ছা হয়। বাজসনেয়ী সংহিতায়, ঋগ্বেদ-সংহিতার দশম মণ্ডলে ও শতপথ-ব্রাহ্মণে পুরুষ নামে একটি দেবতার প্রসঙ্গ আছে। তাঁহা হইতে এই জগৎ ও জগতের অন্তর্গত বস্তু সমুদায় উৎপন্ন হয়। সেই সৃষ্টি-প্রকরণের সহিত মনুসংহিতা-প্রোক্ত সৃষ্টি-প্রকরণের বেদ, বর্ণ, বিরাট্ প্রভৃতি কয়েকটি বিষয়ের

---

* শ্লেগেল্ কর্ত্তৃক প্রকাশিত রামায়ণের অযোধ্যাকাণ্ড, ১১০ সর্গ, তৃতীয় ও চতুর্থ শ্লোকে।

এরূপ সৌসাদৃশ্য দেখিতে পাওয়া যায় যে, ঐ উভয়কে কখনই অসম্বন্ধ বলিয়া উল্লেখ করিতে পারা যায় না। পশ্চাৎ ঐ উভয়ের অন্তর্গত সেই কয়েকটি বিষয় পার্শ্বাপার্শ্বী করিয়া লিখিত হইতেছে, দেখিলেই জানিতে পারা যাইবে।

পুরুষ

**ततः संवत्सरे पुरुषः समभवत्**
**स प्रजापतिः।**

শতপথ-ব্রাহ্মণ। ১১। ১। ৬। ২।

সম্বৎসর পরে সেই অণ্ড হইতে পুরুষ জন্ম গ্রহণ করিলেন, তিনিই প্রজাপতি।

**तस्माद्विराळजायत**
**विराजो अधिपुरुषः।**
**स जातो अत्यरिच्यत**
**पश्चाद्भूमिमथो पुरः॥**

ঋগ্বেদসংহিতা ১০ ম। ৯০ সূ*। ৫ঋ।

তাঁহা হইতে বিরাট্ জন্ম গ্রহণ করিলেন এবং বিরাট্ হইতে পুরুষ উৎপন্ন হইলেন। উৎপন্ন হইয়া, পশ্চাৎ ও সম্মুখ উভয় দিকেই ভূমণ্ডল অতিক্রম করিয়া বিস্তৃত হইলেন।

**तस्माद्यज्ञात् सर्व्वहुत-**
**ऋचः सामानि जज्ञिरे।**
**छन्दांसि जज्ञिरे तस्माद्**
**यजुस्तस्मादजायत॥**

ঋগ্বেদসংহিতা। ১০ ম। ৯০ সূ। ৯ঋ।

ব্রহ্মা

**तदण्डमभवद्धैमं**
**सहस्रांशुसमप्रभम्।**
**तस्मिन् जज्ञे स्वयं ब्रह्मा**
**सर्व्वलोकपितामहः॥**

মনুসংহিতা। ১। ৯।

সেই বীজ সহস্র-সূর্য্য-সদৃশ স্বর্ণময় অণ্ডরূপে পরিণত হইল; তাহাতে সর্ব্ব-লোক-পিতামহ ব্রহ্মা উৎপন্ন হইলেন †।

**द्विधा कृत्वात्मनो देह-**
**मर्द्धेन पुरुषोऽभवत्।**
**अर्द्धेन नारी तस्यां**
**स विराजमसृजत् प्रभुः॥**

মনুসংহিতা। ১। ৩২।

ব্রহ্মা নিজ দেহকে দুই ভাগে বিভক্ত করিয়া একার্দ্ধে পুরুষ ও অপরার্দ্ধে নারী হইলেন, এবং সেই নারী-সহযোগে বিরাট্ উৎপাদন করিলেন।

**अग्निवायुरविभ्यस्तु त्रयं**
**ब्रह्म सनातनम्।**
**दुदोह यज्ञसिद्ध्यर्थमृग्यजुः-**
**सामलक्षणम्॥**

মনুসংহিতা। ১। ২৩।

---

* এই সূক্তের নাম পুরুষসূক্ত।

† ব্রহ্মাও পুরুষের ন্যায় এক বৎসর সেই অণ্ডে অবস্থিতি করেন। ৭২ পৃষ্ঠা দেখ।

| পুরুষ | ব্রহ্মা |
| --- | --- |
| সেই সর্ব্বময় যজ্ঞ হইতে ঋক্, সাম, যজু ও ছন্দ সমুদায় উৎপন্ন হইল। | তিনি যজ্ঞ-সাধনার্থ অগ্নি, বায়ু ও সূর্য্য হইতে ঋক্, যজু, সাম এই তিন সনাতন বেদ উদ্ধৃত করিলেন। |
| **ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যঃ কৃতঃ। ঊরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত ॥** | **লোকানান্তু বিবৃদ্ধ্যর্থং মুখবাহূরুপাদতঃ। ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বৈশ্যং শূদ্রঞ্চ নিরবর্ত্তয়ৎ ॥** |
| ঋগ্বেদসংহিতা। ১০ম। ৯০সূ। ১২ঋ। | মনুসংহিতা। ১। ৩১। |
| ব্রাহ্মণ তাঁহার মুখ হইয়াছিল, ক্ষত্রিয়কে তাঁহার বাহু করা হয় এবং বৈশ্য তাঁহার উরু। শূদ্র তাঁহার পদ-যুগল হইতে উৎপন্ন হইয়াছে। | লোক-বৃদ্ধির উদ্দেশে আপনার মুখ, বাহু, উরু ও পদ হইতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র উৎপাদন করিলেন। |

পুরুষসূক্তের বচনানুসারে, পুরুষের সহস্র মস্তক *। ব্রহ্মারও চারি দিকেই মুখ। ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলের একাশী সূক্তে বিশ্বকর্ম্মার প্রসঙ্গ আছে। তাহাতে সকল দিকেই তাঁহার মুখ, সকল দিকেই চক্ষু, সকল দিকেই বাহু ও সকল দিকেই পদ এইরূপ বর্ণিত হইয়াছে। তিনিই ভূলোক ও দ্যুলোক উৎপাদন করেন।

**বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতোমুখো বিশ্বতোবাহুরুত বিশ্বতস্পাৎ।**

ঋগ্বেদসংহিতা। ১০ ম। ৮১ সূ। ৩ ঋ।

(বিশ্বকর্ম্মার) সকল দিকেই চক্ষু, সকল দিকেই মুখ, সকল দিকেই বাহু এবং সকল দিকেই পদ।

এই বচনানুসারেও ব্রহ্মার সকল দিকে মুখ ও সকল দিকে চক্ষু কল্পিত হওয়া অসম্ভব নয়।

ইতি পূর্ব্বেই দৃষ্টি করা গিয়াছে, মনুসংহিতায় যেমন অণ্ড হইতে ব্রহ্মার উৎপত্তি-প্রসঙ্গ আছে, শতপথ-ব্রাহ্মণে পুরুষের বিষয়েও অবিকল সেইরূপ লিখিত হইয়াছে। তাহাতে তিনি প্রজাপতির সহিত অভিন্ন বলিয়া বর্ণিত হইয়াছেন।

---

* ঋগ্বেদসংহিতা ১০ ম। ৯০সূ। ১ঋ।

স এব পুরুষঃ প্রজাপতিরভবদ্ অয়মেব স যোঽয়মগ্নিশ্চীয়তে।

শতপথ-ব্রাহ্মণ। ৬। ১। ১। ৫।

সেই পুরুষই প্রজাপতি হইলেন। এই যে অগ্নি প্রজ্বলিত হয়, সেই পুরুষই এই অগ্নি।

উল্লিখিত শতপথ-ব্রাহ্মণ বা তাদৃশ কোন প্রাচীন গ্রন্থের প্রমাণানুসারে মনুসংহিতায় অণ্ডোৎপত্তির বিবরণ সঙ্কলিত হইয়াছে তাহার সন্দেহ নাই। পুরুষসূক্ত ও শতপথ-ব্রাহ্মণের পুরুষ মনুসংহিতার ব্রহ্মা। সেই ব্রহ্মারও অন্য একটি নাম প্রজাপতি।

এই দুই একরূপ দেবতার মধ্যে প্রাচীনতর শাস্ত্রে পুরুষের প্রসঙ্গ ও তদপেক্ষা অপ্রাচীন শাস্ত্রে ব্রহ্মার বিবরণ সন্নিবেশিত আছে। অতএব অগ্রে পুরুষ পরে ব্রহ্মা হিন্দুদের দেব-মণ্ডলীর মধ্যে অবতীর্ণ হন। সুতরাং ব্রহ্মা পুরুষ দেবেরই পরিণাম বলিয়া সহজেই প্রতীয়মান হইয়া উঠিতেছে। ব্রহ্মার অন্য একটি নাম পুরুষ * এবং জন-সমাজে তিনি আদি-পুরুষ বলিয়া প্রবাদও আছে।

ইতি পূর্ব্বে ব্রহ্মার বিষয়ে যৎকিঞ্চিৎ যাহা লিখিত হইল, তদ্দ্বারা এইটি প্রতীয়মান হইয়া উঠিতেছে যে, পূর্ব্বকালে শিব ও বিষ্ণুর উপাসনা প্রাদুর্ভূত হইবার অগ্রে ব্রহ্মার উপাসনা প্রচলিত ছিল। গ্রন্থ-বিশেষে ব্রহ্মমহোৎসব নামে একটি মহোৎসবের বর্ণনা দেখিতে পাওয়া যায়। তদুপলক্ষে মল্লগণ নানা স্থান হইতে উপস্থিত হইয়া পরস্পর যুদ্ধ করিত এবং সিংহ, ব্যাঘ্র, হস্তী প্রভৃতি বলবান্ জন্তুর সহিতও যুদ্ধ করিয়া নিজ নিজ বল-বিক্রমের পরিচয় দিত এইরূপ লিখিত আছে †। শঙ্করাচার্য্যের সময়েও ব্রহ্মার উপাসক-সম্প্রদায় বিদ্যমান ছিল; তাহারা চতুর্ম্মুখ, কমণ্ডলু এবং শ্মশ্রু প্রভৃতি চিহ্ন ধারণ করিয়া থাকিত।

---

* ভাগবতাদি অপ্রাচীন গ্রন্থে বিষ্ণুও পুরুষ ও পুরুষের অনুরূপ গুণ-বিশিষ্ট বলিয়া বর্ণিত হইয়াছেন। (ভাগবত ২স্ক। ১, ৫ ও ৬ অ)। পাঠকগণ পশ্চাৎ দেখিতে পাইবেন, এক্ষণে যে সমস্ত উপাখ্যান বিষ্ণুর মাহাত্ম্য-প্রতিপাদক বলিয়া প্রচলিত আছে, তাহার মধ্যে কতকগুলি পূর্ব্বে ব্রহ্মার মাহাত্ম্য-প্রতিপাদক বলিয়া প্রচারিত ছিল। এস্থলেও অবিকল সেইরূপ ঘটিয়াছে। পুরুষ দেবের যে সমস্ত গুণ প্রথমে ব্রহ্মার গুণ বলিয়া বর্ণিত হয়, সেই সমস্ত পরে আবার বিষ্ণুতে আরোপ করা হইয়াছে। রামায়ণের একটি অপেক্ষাকৃত অপ্রাচীন স্থলে অর্থাৎ যুদ্ধ কাণ্ডের ১১৯ সর্গে রামও পুরুষ এবং নানা অংশে পুরুষ-গুণ-বিশিষ্ট বলিয়া উল্লিখিত হইয়াছেন।

† মহাভারত। বিরাট পর্ব্ব। ১৩ অধ্যায়।

**চতুর্ম্মুখকমণ্ডলুকূর্চ্চাদিচিহ্নধরো মুক্তঃ ক্রীড়তি।**

শঙ্করবিজয়। ১১ একাদশ প্রকরণ।

চতুর্ম্মুখ, কমণ্ডলু, শ্মশ্রু প্রভৃতি চিহ্ন-ধারী হিরণ্যগর্ভোপাসক মুক্ত হইয়া ক্রীড়া করেন।

এক্ষণে ব্রহ্মার উপাসনা এক প্রকার লুপ্ত হইয়াছে বলিলেই হয়। কেবল এদেশে গৃহ-দাহ-নিবারণ উদ্দেশে গ্রীষ্মকালে স্থানে স্থানে ব্রহ্মার অর্চ্চনা হইয়া থাকে। আজমীরের অন্তর্গত পোখর ও দোয়াবের অন্তঃপাতী বিঠূর এই দুই স্থানে অদ্যাপি কিয়ৎপরিমাণে ব্রহ্মার পূজা প্রচারিত আছে। বিঠূরের মধ্যে ব্রহ্মবর্ত্তঘাট নামে একটি ঘাট আছে, তথায় প্রতিবৎসর অগ্রহায়ণী পৌর্ণমাসীতে একটি উৎসব হইয়া থাকে। লোকের এইরূপ সংস্কার আছে যে, ব্রহ্মা সৃষ্টি-ক্রিয়া সমাপন করিয়া সেই স্থানে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেন। নবদ্বীপের সন্নিকট ব্রহ্মাণীতলা নামে একটি পীঠস্থান আছে, তথায় শ্রাবণ মাসের সংক্রান্তিতে একটি মহোৎসব হয়। চতুষ্পার্শ্বের অন্ত্যজ অবধি ব্রাহ্মণ পর্য্যন্ত সকল বর্ণেই তথায় ব্রহ্মাণীর পূজা দেয় এবং দূরদূরান্তর হইতে ব্যবসায়ী লোকে নানাবিধ দ্রব্য-জাত লইয়া বিক্রয় করিতে যায়। এই উপলক্ষে মহাসমারোহ হইয়া থাকে।

ব্রহ্মার মাহাত্ম্য-প্রতিপাদক মনুসংহিতায় শিব ও বিষ্ণুর নাম উল্লিখিত আছে বটে, কিন্তু ঐ গ্রন্থের রচনা ও সঙ্কলনের সময়ে তাঁহারা এক্ষণকার মত উন্নত পদ প্রাপ্ত হন নাই। তাঁহারা ঐ শাস্ত্রে কেবল অঙ্গ-বিশেষের অধিষ্ঠাতা বলিয়া কীর্ত্তিত হইয়াছেন।

**মনসীন্দুং দিশঃ শ্রোত্রে ক্রান্তে বিষ্ণুং বলে হরম্।**
**বাচ্যগ্নিং মিত্রমুৎসর্গে প্রজনে চ প্রজাপতিম্॥**

মনুসংহিতা। ১২। ১২১।

মনের অধিষ্ঠাতা চন্দ্র, কর্ণের অধিষ্ঠাতা দিক্, পদের অধিষ্ঠাতা বিষ্ণু, বলের অধিষ্ঠাতা হর, বাক্যের অধিষ্ঠাতা অগ্নি, পায়ু-দেশের অধিষ্ঠাতা মিত্র ও অপত্যোৎপাদন-স্থানের অধিষ্ঠাতা প্রজাপতি। এই সমস্ত দেবতাকে ঐ ঐ অঙ্গের সহিত অভিন্ন বলিয়া ভাবনা করিবে।

উক্ত শ্লোকেই দেখিতে পাওয়া যায়, অগ্নি, মিত্র প্রভৃতি প্রধান বৈদিক দেবতাদের আর পূর্ব্ব-গৌরব ছিল না; তাঁহারা সে সময়ে সামান্য দেবতার মধ্যে পরিগণিত হইয়াছিলেন। অন্যত্র ইন্দ্র, বরুণাদি অন্যান্য বৈদিক দেবতারও প্রসঙ্গ আছে, কিন্তু তাঁহারাও তথায় বেদ-প্রসিদ্ধ উচ্চ পদ

হইতে প্রচ্যুত বলিয়া প্রতীয়মান হইয়া থাকেন *। ঐ দুইটি সর্ব্ব-প্রধান বৈদিক দেব প্রত্যেকে কেবল দিগ্বিশেষের অধিষ্ঠাতা বলিয়া কীর্ত্তিত হইয়াছেন †।

বচন-বিশেষে লক্ষ্মী ও ভদ্রকালীর নাম দৃষ্ট হইয়া থাকে ‡। পৌরাণিক মতে লক্ষ্মী বিষ্ণু-শক্তি ও ভদ্রকালী শিব-শক্তি। এখন যে দুইটি বিষ্ণ্বতারের উপাসনা অতিমাত্র প্রবল হইয়া উঠিয়াছে, মনুসংহিতায় সেই রাম ও কৃষ্ণের নাম গন্ধও বিদ্যমান নাই। কিন্তু উহা রচিত হইবার পূর্ব্বে প্রতিমা-পূজা প্রবর্ত্তিত হইয়াছিল বোধ হয়। উহাতে দেব-প্রতিমা ও দেবল ব্রাহ্মণের প্রসঙ্গ আছে¶, কিন্তু দেবলের প্রতি অশ্রদ্ধা প্রকাশ করা হইয়াছে। দেবগণকে ঘৃতাহুতি প্রদান করাই প্রচলিত ছিল; এক্ষণকার মত পুষ্পচন্দন নৈবেদ্যাদি প্রদানের রীতি থাকিবার কোন নিদর্শন লক্ষিত হয় না।

যে বিষ্ণু ও শিব মনুসংহিতা-সঙ্কলনের সময়ে পদ ও বলের অধিষ্ঠাতা মাত্র বলিয়া পরিচিত ছিলেন, রামায়ণ, মহাভারত, পুরাণ ও তন্ত্রে তাঁহাদের মহিমা পরিবর্দ্ধিত করিয়া তাঁহাদিগকে পরাৎপর পরমেশ্বরের পদে প্রতিষ্ঠিত করা হইয়াছে।

---

## রামায়ণ ও মহাভারত।

রামায়ণ, মহাভারত ও বিশেষতঃ পুরাণ-প্রচারের সহিত শিব, বিষ্ণু ও তদীয় শক্তিদের উপাসনা প্রচারিত হয়। এই তিন প্রকার গ্রন্থের মধ্যে রামায়ণ সর্ব্বাপেক্ষা প্রাচীন বলিয়া প্রসিদ্ধ আছে। বাস্তবিকও তাহাই বোধ হয়।

প্রথমতঃ। যে সময়ে আদিম রামায়ণ বিরচিত হয়, সে সময়ে দক্ষিণাপথে অর্থাৎ ভারতবর্ষের দক্ষিণ খণ্ডে ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি আর্য্য-জাতীয়দের বাস-বিস্তার হয় নাই। তখন উহা অরণ্যময় ও স্থানে স্থানে অসভ্য

---

* ইন্দ্র, বায়ু, যম, বরুণ, ধন্বন্তরি, দ্যৌ, পৃথিবী, কুহূ, অনুমতি, জলদেবতা ও বনস্পতি অর্থাৎ বনদেবতার নামোল্লেখ এবং তাঁহাদের উদ্দেশে হোম ও বলি প্রদান করিবার ব্যবস্থা আছে। (মনুসংহিতা। ৩।৮৫—৮৮ এবং ৯। ৩০৩।)

† মনুসংহিতা। ৩। ৮৭।

‡ মনুসংহিতা। ৩। ৮৯।

¶ মনুসংহিতা। ৩। ১৫২ এবং ৯। ২৮৫।

অনার্য্য লোকের বাস-ভূমি ছিল *। রামায়ণে ঐ অরণ্য দণ্ডকারণ্য বলিয়া লিখিত আছে।

দ্বিতীয়তঃ। ঐ গ্রন্থের কোন কোন স্থানে উল্লিখিত আছে, ব্রাহ্মণাদি আর্য্য-জাতীয়েরা সে সময়ে সংস্কৃত ভাষায় কথোপকথন করিতেন। অরণ্যকাণ্ডে লিখিত আছে, ইল্বল নামে এক রাক্ষস ব্রাহ্মণ-রূপ ধারণ পূর্ব্বক সংস্কৃত কথা কহিয়া বিপ্রগণকে নিমন্ত্রণ করিল।

**ধারয়ন্ ব্রাহ্মণং রূপমিল্বলঃ সংস্কৃতং বদন্।**

**আমন্ত্রয়তি বিপ্রান্ স শ্রাদ্ধমুদ্দিশ্য নির্ঘৃণঃ॥**

অরণ্যকাণ্ড। ১১ সর্গ। ৫৬ শ্লোক।

নির্দ্দয়-স্বভাব ইল্বল ব্রাহ্মণ-রূপ ধারণ পূর্ব্বক সংস্কৃত কথা কহিয়া শ্রাদ্ধ-উদ্দেশে বিপ্রগণকে নিমন্ত্রণ করে।

সুন্দরকাণ্ডে লিখিত আছে, হনূমান্ লঙ্কাপুরী প্রবেশ পূর্ব্বক সীতার সহিত সাক্ষাৎকার বাসনায় ভাবিতেছেন,

**অহং হ্যতিতনুশ্চৈব বানরশ্চ বিশেষতঃ।**

**বাচঞ্চোদাহরিষ্যামি মানুষীমিহ সংস্কৃতাম্॥**

**যদি বাচং বদিষ্যামি দ্বিজাতিরিব সংস্কৃতাম্।**

**রাবণং মন্যমানা মাং সীতা ভীতা ভবিষ্যতি॥**

**অবশ্যমেব বক্তব্যং মানুষং বাক্যমর্থবৎ।**

**ময়া সান্ত্বয়িতুং শক্যা নান্যথেয়মনিন্দিতা॥**

সুন্দরকাণ্ড। ৩০ সর্গ। ১৭, ১৮ ও ১৯ শ্লোক।

আমি ক্ষুদ্রকায়, তাহাতে আবার বানর, তথাচ মনুষ্যের ন্যায় সংস্কৃত কথা কহিব। যদি আমি দ্বিজগণের ন্যায় সংস্কৃত ভাষায় কথা কই, তাহা হইলে জানকী আমাকে রাবণ বিবেচনা করিয়া ভীত হইবেন। অতএব অপর মনুষ্যের ন্যায় অর্থ-সঙ্গত (সংস্কৃত) বাক্য বলাই আমার অবশ্য কর্ত্তব্য, তদ্ভিন্ন অন্য কোন রূপে ইঁহাকে সান্ত্বনা করিতে পারিব না।

খৃ, পূ, ২৬৩ অবধি ২২৩ পর্য্যন্ত অশোক নামে একটি সুপ্রসিদ্ধ রাজা ভারতবর্ষের উত্তরখণ্ডে রাজত্ব করেন। তিনি বৌদ্ধধর্ম্ম অবলম্বন করেন এবং গির্নর, পেশোয়ার, দিল্লি, প্রয়াগ, উড়িষ্যা প্রভৃতি নানাস্থানে

---

* রামায়ণে লিখিত বানর ও রাক্ষস ঐ রূপ অনার্য্য লোক বই আর কিছুই নয়।

আপনার ধর্ম্ম ব্যবস্থা ও রাজ্য-শাসন-প্রণালী সংক্রান্ত কতকগুলি অনুশাসন-পত্র খোদিত করাইয়া যান। ঐ পত্রগুলি একরূপ পালি ভাষায় লিখিত। সংস্কৃত ভাষা ক্রমশঃ রূপান্তরিত হইয়া ঐ ভাষাটি উৎপন্ন হয় *। এরূপ ঘটনা কিছু একেবারেই ঘটিতে পারে না। ইহা সম্পন্ন হইতে অনেক কাল অতীত হইয়াছিল তাহার সন্দেহ নাই। অতএব তাঁহার সময়ে অর্থাৎ খৃ, পূ. তৃতীয় শতাব্দীতে ও সুতরাং তাহার পূর্ব্বেও ঐ ভাষা প্রচলিত অর্থাৎ সাধারণ লোকের কথোপকথনে ব্যবহৃত ছিল। রামায়ণে উল্লিখিত সংস্কৃত ভাষায় কথোপকথন-প্রসঙ্গ হিন্দুসমাজের তদপেক্ষা পূর্ব্বতন অবস্থার পরিচায়ক বলিতে হয়। যদি ঐ গ্রন্থ-রচনার সময়ে পালি ভাষা প্রচলিত থাকিত, তাহা হইলে হনূমান্ অপর মনুষ্যের ন্যায় পালি-ভাষায় কথা কহিতে কৃত-সংকল্প হইলেন এইরূপই লিখিত হইত। এই যুক্তি অনুসারে, আদি রামায়ণ খানি খৃ, পূ, তৃতীয় এবং বোধ হয় চতুর্থ শতাব্দীর পূর্ব্ব-বিরচিত বলিয়া বিবেচিত হইতে পারে। কত পূর্ব্ব তাহা নিশ্চয় করা সুকঠিন।

তৃতীয়তঃ। সে সময়ে বৈদিক ভাষা ক্রমশঃ পরিবর্ত্তিত হইয়া সংস্কৃত অর্থাৎ পরিষ্কৃত হইয়াছিল বটে, কিন্তু তখনও সর্ব্বতোভাবে সাহিত্যের ভাষায় পরিণত হয় নাই। রামায়ণের ভাষা শূদ্রক কালিদাসাদির অপেক্ষায় অনেক প্রাচীন। তাহাতে সারসিক প্রয়োগ-বিরুদ্ধ অনেকানেক পদ দেখিতে পাওয়া যায়। পশ্চাৎ উদাহরণ-স্বরূপ কতকগুলি প্রদর্শিত হইতেছে, পাঠ করিলেই জানিতে পারা যাইবে।

| সর্গ | শ্লোক | সারসিক-প্রয়োগ-বিরুদ্ধ | সারসিক |
|---|---|---|---|
| বালকাণ্ড | | | |
| ১ | ৮৫ | প্রমুমোদ | প্রমুমুদে। |
| ২ | ৯ | অনপায়িনম্ | অনপায়ি। |
| ২ | ১৪ | কঙ্কণবেদিত্বাৎ | কঙ্কণাবেদিত্বাৎ |
| ২ | ২৯ | হন্তাৎ | হতবান্। |
| ৪ | ১৭ | প্রশস্তব্যৌ | প্রশংস্তব্যৌ। |
| ৯ | ২১ | সোচ্যতাং | স-উচ্যতাং। |
| ১০ | ১৫ | আশ্রমপদঃ | আশ্রমপদং। |
| ১৬ | ৯ | পুত্রিয়াং | পুত্রীয়াং। |
| ১৭ | ৩৪ | অর্দ্দয়ন্ | আর্দ্দয়ন্। |
| ১৮ | ২৮ | লক্ষ্মিবর্দ্ধনঃ | লক্ষ্মীবর্দ্ধনঃ। |
| ১৯ | ২১ | ততোত্থায় | তত-উত্থায়। |

* Essai sur le Pali par Bournouf et Lassen.

| সর্গ …… | শ্লোক .. | সারসিক-প্রয়োগ-বিরুদ্ধ …… | সারসিক …… |
|---|---|---|---|
| ১৯ … | ২১ … | ব্যবীদত .. | ব্যবীদৎ। |
| ২১ … | ৮ … | করিষ্যেতি … | করিষ্যইতি। |
| ২১ … | ১৩ … | প্রশাসতি … | প্রশাস্তি। |
| ২১ … | ১৭ … | দুরাক্রামান্ … | দুরাক্রমান্। |
| ২৩ … | ৬ … | তপ্যতাং … | তপতাং। |
| ২৩ … | ৮ .. | বসতে … | বসতি। |
| ২৩ … | ২০ … | অভিরঞ্জয়ন্ … | অভ্যরঞ্জয়ন্। |
| ২৬ … | ২৭ … | অভিপূজয়ন্ … | অভ্যপূজয়ন্। |
| ৩৭ … | ১৯ … | অভিজায়ত … | অভ্যজায়ত। |
| ৩৮ … | ২৩ … | সমভিজায়ত .. | সমভ্যজায়ত। |
| ৩৯ … | ১৪ .. | অনুগচ্ছথ … | অনুগচ্ছত। |
| ৪০ … | ৯ … | করিষ্যাম … | করিষ্যামঃ। |
| ৪০ … | ১১ … | নিবর্ত্তত … | নিবর্ত্তধ্বং। |
| ৪৩ … | প্রথমে … | সমুপাসত … | সমুপাস্তে। |
| ৪৩ .. | ৬ … | তস্যাবলেপনং … | তস্যাঅবলেপনং। |
| ৪৩ … | ১৫ … | অনুব্রজৎ … | অন্বব্রজৎ। |
| ৪৮ … | ৯ … | উষ্য … | উষিত্বা। |
| ৪৮ … | ১১ … | দৃশ্য .. | দৃষ্ট্বা। |

অযোধ্যাকাণ্ড।

| | | | |
|---|---|---|---|
| ১ … | ৩ | স্মরতাং … | অস্মরতাং। |
| ৮ … | ২৬ | সপত্নি … | সপত্নী। |
| ১৬ … | ২১ | অভিদধ্যুষী … | অভিধ্যায়ন্তী। |
| ৩২ … | ৮ | গচ্ছতী … | গচ্ছন্তী। |
| ৩২ … | ২১ | মেখলীনাং … | মেখলিনাং। |
| ৩২ … | ৪২ | জিজ্ঞাসিতুং … | জ্ঞাতুং। |
| ৪১ … | ৯ | নপায়য়ন্ … | নাপায়য়ন্। |
| ৫১ .. | ৮ | ততোবাচ .. | তত উবাচ। |
| ৫২ … | ২৮ | বৎস্যামহেতি … | বৎস্যামহ ইতি। |
| ৫২ … | ৭৯ | প্রণমৎ … | প্রাণমৎ। |
| ৫৫ … | ৩১ | আনয়ামাস … | আনিন্যে। |
| ৫৬ … | ১৬ | অভিবাদয়ন্ … | অভ্যবাদয়ন্। |
| ৬৩ … | ৫২ | উদ্ধরং … | উদধরং। |

| সর্গ | ... | শ্লোক ... | সারসিক-প্রয়োগ-বিরুদ্ধ ...... | সারসিক ... ... |
|---|---|---|---|---|
| ৬৭ | ... | ২৬ | সংবদন্তোপতিষ্ঠন্তে | সংবদন্তউপতিষ্ঠন্তে। * |

অনেক স্থলে ছন্দের অনুরোধে এরূপ অশুদ্ধ-পদ-প্রয়োগ আবশ্যক হইয়াছিল মনে হইতে পারে, কিন্তু কালিদাসাদির সময়ে কোন বিষয়ের অনুরোধেই এরূপ ব্যবহার চলন-সহ হইতে পারিত না। অতএব, এরূপ অসারসিক-পদ-ব্যবহার সংস্কৃত ভাষার একরূপ পূর্ব্বাবস্থার পরিচায়ক বলিয়া প্রতীয়মান হয়।

চতুর্থতঃ। রামায়ণ প্রায় অনষ্টুপ্ নামক প্রাচীন সহজ ছন্দে বিরচিত। উহার ভাষা সরল, রীতি-শুদ্ধ এবং সমুচিত বিভক্তি-বিশিষ্ট। উহাতে নৈষধাদি আধুনিক সাহিত্যের ন্যায় দীর্ঘ ছন্দ, কৃত্রিমভাব, উৎকট বর্ণন এবং শব্দ ও অনুপ্রাসের আড়ম্বর নাই। এই কয় লক্ষণে উহাকে প্রাচীন বলিয়া পরিচয় দিতেছে।

রামায়ণের ভাষার প্রাচীনত্ব, তন্মধ্যে সংস্কৃত কথা-প্রচলনের নিদর্শন †, তাহাতে লিখিত আর্য্য-কুলের বাস-সীমা এই কয়েকটি বিষয় পর্য্যালোচনা করিয়া দেখিলে পুরাণাদি পূর্ব্বোল্লিখিত ত্রিবিধ গ্রন্থের মধ্যে রামায়ণ সমধিক প্রাচীন বলিয়া প্রতীয়মান হইয়া উঠে।

গ্রীক্ দূত মিগেস্থিনিজ্ যে সময়ে মহারাজ চন্দ্রগুপ্তের সভায় আগমন করেন, সে সময়ে অর্থাৎ খৃ, পূ, চতুর্থ শতাব্দীতে সহমরণ-গমনের

* যে সময়ে আমি বাল্মীকি রামায়ণ দেখিয়া যাই, সে সময়ে কুত্রাপি উহা সমগ্র মুদ্রিত হয় নাই। শ্রীমান্ গোরেশিও সমস্ত রামায়ণ মুদ্রিত করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, কিন্তু তখন তাহা সমাপ্ত হইয়া উঠে নাই। তাহার অনেক পূর্ব্বে শ্রীরামপুরে শ্রীমান্ কেরি ও মার্শ্‌ম্যেন্ দুই কাণ্ড ও তৃতীয় কাণ্ডেরও কিয়দংশ প্রচার করেন, এবং তাহার বিংশতি বৎসর পরে সুবিখ্যাত জর্ম্মেন্ পণ্ডিত শ্রীমান্ শ্লেগেল্ প্রথম দুই কাণ্ড মাত্র প্রকাশ করিয়া যান। এই নিমিত্ত আমি একখানি হস্ত-লিখিত রামায়ণ পাঠ করিয়া যাই। তাহা হইতে অন্য অন্য বিষয়ের সহিত সারসিক-প্রয়োগ-বিরুদ্ধ কতকগুলি পদ লিখিয়া রাখি। তাহারই কিয়দংশ এস্থলে উদ্ধৃত হইল। এখন আর নানারূপ মুদ্রিত পুস্তকের সহিত ঐক্য করিয়া দেখিতে পারিলাম না। রামায়ণের ভিন্ন ভিন্ন পুস্তকে পাঠ-ভেদাদি নানা বিষয়ের বিভিন্নতা দৃষ্ট হইয়া থাকে। অতএব উল্লিখিত পদগুলি যে সমস্ত শ্লোকের অন্তর্গত, রামায়ণের পুস্তক-বিশেষে তাহার পাঠান্তর, সংখ্যান্তর বা অন্য কোন রূপ ব্যতিক্রম-ঘটনা অসম্ভব নয়।

† কিষ্কিন্ধ্যাকাণ্ডে রামচন্দ্র হনুমানের অপশব্দ-শূন্য, ব্যাকরণ-শুদ্ধ, বিশুদ্ধ শিষ্টালাপের যেরূপ প্রশংসা করেন লিখিত আছে (৩ সর্গ, ২৮-৩২ শ্লোক), তাহাও পাঠ করিলে, সেই অংশটি রচিত হইবার সময়ে সংস্কৃত-ভাষা প্রচলিত ছিল এইরূপ প্রতীয়মান হইতে থাকে।

প্রথা পূর্ব্ব দিকে মগধ দেশ পর্য্যন্ত প্রবল রূপে প্রচলিত ছিল। সমগ্র রামায়ণে এবিষয়ের একটি উদাহরণও দেখিতে পাওয়া যায় না। যদি ঐ গ্রন্থ-রচনার সময়ে ঐ প্রথা বিদ্যমান থাকিত, তাহা হইলে দশরথের মৃত্যু-ঘটনার বিবরণ-স্থলে তাঁহার কোন না কোন মহিষী সহগামিনী বলিয়া বর্ণিত হইতেন *। অতএব ঐ মহাকাব্য খৃ, পূ, চতুর্থ শতাব্দীর সমধিক পূর্ব্বে বিরচিত হয় একথা সর্ব্বতোভাবে বিবেচনা-সিদ্ধ বলিতে পারা যায়।

ডিয়ন্ ক্রিসস্টোমস্ খৃষ্টাব্দের প্রথম শতাব্দীর মধ্য ভাগে জন্ম গ্রহণ করেন। তাঁহার সময়ে এইরূপ লিখিত ছিল যে, ভারতবর্ষীয়েরা হোমর্-কৃত কাব্যের অনুবাদ বা অনুকরণ-স্বরূপ মহাকাব্য-বিশেষ কীর্ত্তন করিয়া থাকেন। শ্রীমান্ ডুলেসেন্ প্রদর্শন করিয়াছেন, এই কথাগুলি মিগেস্থিনিজের গ্রন্থ হইতে সঙ্কলিত বা অনুবাদিত। হোমর্-প্রণীত ইলিয়ড্ ও অডিসি কাব্যের সহিত রামায়ণ ও মহাভারতের অনেকাংশে সৌসাদৃশ্য আছে †। পূর্ব্ব কালে লোকে রামায়ণ গান ও কীর্ত্তন করিয়া বেড়াইত ইহা ঐ গ্রন্থেই সুস্পষ্ট লিখিত আছে ‡। অতএব তাঁহার সময়ে অর্থাৎ খৃ, পূ. চতুর্থ শতাব্দীতে ও তাহার পূর্ব্বে ঐ দুই সংস্কৃত মহাকাব্যের মূল উপাখ্যান প্রচলিত ছিল বলিয়া প্রতীয়মান হয় §; তবে গ্রীকেরা যেমন দুইটি হিন্দু-দেবতাকে বেকস্ ও হরকিউলিজ্ বলিয়া উল্লেখ করেন, সেইরূপ, এস্থানে ঐ দুই ভারতবর্ষীয় মহাকাব্যকেও হোমরের অনুকরণ বা অনুবাদ বলিয়া কীর্ত্তন করিয়া যান। নতুবা হিন্দুরা গ্রীক্ কাব্যের অনুবাদ করিয়া রামায়ণ ও মহাভারত প্রস্তুত করিয়াছেন এ কথাটি কোন রূপেই যুক্তি-সিদ্ধ নয়। ফলতঃ ঐ দুই গ্রীক্ গ্রন্থকারের উল্লিখিত কথাতেও রামায়ণকে খৃ, পূ, চতুর্থ শতাব্দীর পূর্ব্ব-রচিত পুস্তক বলিয়া সাক্ষ্য দান করিতেছে।

যখন মনুসংহিতা-রচনার সময় পর্য্যন্ত শিব ও বিষ্ণুর মহিমা পরিবর্দ্ধিত

---

* অযোধ্যাকাণ্ডের ৬৬ সর্গের ১২শ্লোকে লিখিত আছে, কৌশল্যা কহিতেছেন, আজি আমি স্বামীর এই শরীর আলিঙ্গন করিয়া অগ্নি-প্রবেশ করিব। এই কথাটি কৌশল্যার প্রবল শোক-বর্ণন হওয়াই সম্ভব। যদি বাস্তবিক সহমরণ-সূচক হইত, তাহা হইলে, হয়, কৌশল্যার প্রকৃত অনুমরণ-বৃত্তান্ত, নয়, সে প্রসঙ্গের সমধিক আন্দোলনের বিষয় বর্ণিত থাকিত। বরং বানর অর্থাৎ অনার্য্য বর্ব্বর লোকের মধ্যে ঐ প্রথা-প্রচলনের সূচনা দেখিতে পাওয়া যায়। (কিষ্কিন্ধা ২১। ১৩—১৬)।

† Indian Wisdom by Monier Williams, Lecture XIV. দেখ।

‡ বালকাণ্ড। ৪ সর্গ। ৮ ও ২৮ শ্লোক।

§ Indian Wisdom by Monier Williams, P. 316. দেখ।

হয় নাই *, তখন রামায়ণোক্ত সে বিষয়ের কথা গুলি ঐ সংহিতা অপেক্ষা অপ্রাচীন ইহা সহজেই স্বীকার করিতে হয়। রামায়ণে মনুর নাম সুস্পষ্ট লিখিত ও মনুসংহিতার শ্লোক প্রায় অবিকল উদ্ধৃত হইয়াছে।

শ্রূয়তে মনুনা গীতৌ শ্লোকৌ চারিত্রবৎসলৌ।
গৃহীতৌ ধর্ম্মকুশলৈস্তথা তচ্চরিতং ময়া॥
রাজভির্ধৃতদণ্ডাস্তু কৃত্বা পাপানি মানবাঃ।
নির্ম্মলাঃ স্বর্গমায়ান্তি সন্তঃ সুকৃতিনো যথা॥
শাসনাদ্বাপি মোক্ষাদ্বা স্তেনঃ পাপাৎপ্রমুচ্যতে।
রাজা ত্বশাসন্ পাপস্য তদবাপ্নোতি কিল্বিষম্॥

কিষ্কিন্ধা। ১৮। ৩০, ৩১ ও ৩২।

ইহার মধ্যে শেষোক্ত দুইটি বচন মনুসংহিতার ৮ম অধ্যায়ের ৩১৬ ও ৩১৮ শ্লোক।

পশ্চাৎ দৃষ্ট হইবে, রামায়ণের প্রাচীনতর ভাগে বৈদিক ধর্ম্মই প্রধান ও প্রচলিত ধর্ম্ম বলিয়া বর্ণিত হইয়াছে। ঐ গ্রন্থে বৌদ্ধ ধর্ম্মের নিদর্শন অতীব বিরল। শ্রীমান্ লেসেন্ উহার প্রাচীনতর ভাগ বৌদ্ধ-ধর্ম্ম-প্রচারের পূর্ব্বতন বলিয়া বিবেচনা করিয়াছেন। যদিও উহার অন্তর্গত নিম্ন-লিখিত বচনে বুদ্ধ-দেবের প্রসঙ্গ আছে, কিন্তু সেটি প্রক্ষিপ্ত বচন বোধ হয়।

যথাহি চৌরঃ স তথাহি বুদ্ধস্তথাগতং নাস্তিকমত্র বিদ্ধি।

অযোধ্যাকাণ্ড। ১০৯ সর্গ। ৩৪ শ্লোক।

চোর যেরূপ, বুদ্ধও সেইরূপ, নাস্তিককেও সেইরূপ জানিও।

যদি এই বচন আদিম রামায়ণের অন্তর্গত হয়, তাহা হইলে ঐ গ্রন্থ খৃষ্টাব্দের ষষ্ঠ বা পঞ্চম শতাব্দীর অপেক্ষায় অপ্রাচীন হইয়া পড়ে। কিন্তু ইয়ুরোপীয় প্রধান প্রধান সংস্কৃতজ্ঞ পণ্ডিত ঐ বচনটি প্রক্ষিপ্ত বলিয়া বিবেচনা করিয়াছেন।

শাস্ত্রকারদের মতে অগ্রে রাম, পশ্চাৎ বুদ্ধাবতার। অতএব গ্রন্থকার সেই রামের উক্তির মধ্যে বুদ্ধের নাম সন্নিবেশিত করিবেন ইহা কোন রূপেই সঙ্গত ও সম্ভব নয়। জাবালি রামচন্দ্রকে চার্ব্বাক-মত উপদেশ দেন। তাহার প্রত্যুত্তর-স্থলে বুদ্ধের প্রতি বিদ্বেষ-সূচক বাক্য প্রয়োগ

---

* ৭৭ পৃষ্ঠা দেখ।

করিবার প্রয়োজন দেখিতে পাওয়া যায় না। অতএব ঐ বচনটি প্রক্ষিপ্ত হওয়াই সম্ভব *।

আদিম রামায়ণ সমধিক প্রাচীন হইলেও, অপরাপর অনেক সংস্কৃত গ্রন্থের ন্যায় ইহাতেও উল্লিখিতরূপ নূতন নূতন বচন প্রক্ষিপ্ত হইয়াছে তাহার সন্দেহ নাই†। এই জন্য, এই মহাকাব্যের ভিন্ন ভিন্ন পুস্তকে ভূরি ভূরি পাঠ-ভেদ ও মত-ভেদ দেখিতে পাওয়া যায়। এক দেশ-প্রচলিত রামায়ণের সহিত অন্য দেশ-প্রচলিত রামায়ণের সর্ব্বতোভাবে

---

* স্থলান্তরের শ্লোক-বিশেষও বৌদ্ধ-ধর্ম্ম-প্রচারের পরিচায়ক বোধ হইতে পারে। আদিকাণ্ডের চতুর্দ্দশ সর্গের দ্বাদশ শ্লোকে শ্রমণ শব্দ আছে। ঐ শব্দের অর্থ বৌদ্ধ-সন্ন্যাসী।

ব্রাহ্মণা ভুঞ্জতে নিত্যং নাথবন্তশ্চ ভুঞ্জতে।
তাপসা ভুঞ্জতে চাপি শ্রমণাশ্চৈব ভুঞ্জতে॥

ব্রাহ্মণ, শূদ্র, তপস্বী ও শ্রমণগণে নিরন্তর ভোজন করিতে লাগিল।

কিন্তু রামানুজ এই শ্রমণ শব্দ বিকল্পে সন্ন্যাসিমাত্র-বাচক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

যদ্বা শ্রমণপদং সন্ন্যাস্যুপলক্ষণম্।

বাল, ১৪, ১২ শ্লোকের টীকা।

† রামায়ণে যে মধ্যে মধ্যে নূতন নূতন শ্লোক ও সর্গ-বিশেষ সন্নিবেশিত হইয়াছে এটি একটি প্রসিদ্ধ প্রথা। টীকাকারেরাও তাহা স্বীকার করিয়াছেন ও অনেকানেক বচন ও কোন কোন সর্গ প্রক্ষিপ্ত বলিয়া অঙ্গীকার করিয়া গিয়াছেন; যেমন, আরণ্য, ৫স, ২৩; ৩১স, ৩৩ ও ৩৪; কিষ্কিন্ধ্যা, ৫৮স, ২৪ ও ২৫; সুন্দর, ১স, ৯৭ ও ৯৮; ২৪স, ৪২; ২৭স, ২০; ২৭স, ৩১ ও ৩২; ৫৭স, ৯; ৫২স, ১৮ ও ১৯ ইত্যাদি। রামচন্দ্রের অলৌকিক অথবা দেব-সদৃশ গুণ-বর্ণনাত্মক কতকগুলি শ্লোক ও তদ্বিশিষ্ট কয়েকটি সর্গ প্রক্ষিপ্ত বলিয়া কতকাদি টীকাকার তাহার ব্যাখ্যা করেন নাই।

বস্তুতস্তু এতেষাং শ্লোকানাং তদ্বতাং সর্গাণাঞ্চ প্রক্ষিপ্তত্বাৎ ন তে প্রমাণভূতাঃ অতএব তে সর্গাঃ কতকাদিভিস্তীর্থৈন চ ন ব্যাখ্যাতাঃ।

আরণ্যকাণ্ড। ৩১ সর্গের ৩৩ ও ৩৪ শ্লোকের রামানুজ-কৃত টীকা *।

---

* রামানুজ যে প্রকার রামায়ণের টীকা করেন, এই প্রবন্ধে ঐ গ্রন্থ-সম্বন্ধীয় প্রমাণ গুলির অধিকাংশ তাহা হইতেই গৃহীত হইয়াছে।

ঐক্য নাই। গৌড়ীয় রামায়ণের সহিত পশ্চিম-দেশীয় রামায়ণের এবং ঐ উভয়ের সহিত দক্ষিণ-দেশীয় রামায়ণের বিশেষ রূপ বিভিন্নতা দৃষ্ট হইয়া থাকে। কেবল এই তিন প্রকার নয়, পাঠ-ভেদ ও শ্লোক-ভেদাদি বশতঃ বহুতর প্রকার রামায়ণ উৎপন্ন হইয়া পড়িয়াছে। এই গ্রন্থ এখন যেরূপ দেখিতে পাওয়া যায়, সহস্র বা দুই সহস্র বৎসর পূর্ব্বে অবিকল সেইরূপ ছিল এমন বলিতে পারা যায় না।

কতকগুলি হিন্দু ভারতবর্ষ পরিত্যাগ পূর্ব্বক যব* ও বালিদ্বীপে গিয়া অধিবাস করেন। বালিদ্বীপে হিন্দু-ধর্ম্ম ও হিন্দু-শাস্ত্র অদ্যাপি বিদ্যমান রহিয়াছে†। তথায় কবি-ভাষায় বিরচিত এক খানি রামায়ণ আছে। ভারতবর্ষের বাল্মীকি রামায়ণ যেরূপ কাণ্ডাদি বিভাগে বিভক্ত, বালিদ্বীপের বাল্মীকি রামায়ণ সেরূপ নয়। তাহাতে ক্রমাগত সমগ্র পুস্তক একত্র বর্ণন করিয়া কয়েকটি সর্গে বিভাগ করা হইয়াছে। উত্তরকাণ্ড উহার সহিত সংযোজিত নাই; ঐ কাণ্ড খানি বাল্মীকি-কৃত একখানি স্বতন্ত্র পুস্তক বলিয়া প্রচলিত আছে। বালকাণ্ডের অন্তর্গত গঙ্গাবতরণ ও সাগর-বংশ-বর্ণন প্রভৃতি অনেকানেক উপাখ্যানও বালিদ্বীপের রামায়ণে সন্নিবেশিত

বস্তুতঃ এই সমস্ত শ্লোক ও তদ্বিশিষ্ট সর্গ সমুদায় প্রক্ষিপ্ত। অতএব সে সমস্ত প্রামাণিক নয়। এই হেতু তীর্থ ও কতকাদি পণ্ডিতেরা তাহা ব্যাখ্যা করেন নাই।

রামায়ণের পুস্তক-বিশেষে যে নূতন নূতন শ্লোক রচিত হইয়া প্রক্ষিপ্ত হইয়াছে, ইহাও টীকাকারেরা স্থানে স্থানে স্বীকার করিয়া গিয়াছেন।

অত্র মধ্যে সাণ্ডং ভুবনমিত্যাদয়ো বহবঃ শ্লোকা রামানুজ-সম্প্রদায়পুস্তকেষু দৃশ্যন্তে তে প্রক্ষিপ্তা ইতি কতকাদয়োঽন্যে চ।

সুন্দর কাণ্ড। ২৭ সর্গের ২৮ শ্লোকের রামানুজ-কৃত টীকা।

ইহার মধ্যে 'সাণ্ডং ভুবনং' ইত্যাদি বহুসংখ্যক শ্লোক রামানুজ-সম্প্রদায়ীদের পুস্তকে দৃষ্ট হইয়া থাকে। কতকাদি ও অন্য অন্য পণ্ডিতের মতে, সে সমুদায়ই প্রক্ষিপ্ত।

* যব অর্থাৎ যবদ্বীপ এই নামটি সংস্কৃতানুযায়ী। গ্রীক্ গ্রন্থকার টলেমি গ্রীক্ ভাষায় ঐ দ্বীপের নাম যেরূপ লিখিয়া গিয়াছেন, তাহারও অর্থ অবিকল যবদ্বীপ। তিনি খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীর প্রথমার্দ্ধে বিদ্যমান ছিলেন। অতএব হিন্দুরা তাহার পূর্ব্বে ঐ দ্বীপে গমন করাতে, উহার ঐ নামটি প্রচলিত হইয়াছে বোধ হয়। রামায়ণেও যবদ্বীপের প্রসঙ্গ আছে। (কিষ্কিন্ধ্যা কাণ্ড। ৪০। ৩০।) অতএব হিন্দুরা তথায় গমন করিবার পরে ঐ নামটি তাহাতে সন্নিবেশিত হয় বলিতে হইবে।

† এই পুস্তকের অন্তর্গত শৈব-সম্প্রদায়-বিবরণের ১৩—১৭ পৃষ্ঠা দেখ।

নাই *। যে সময়ে হিন্দুরা ঐ প্রাচীন গ্রন্থ সঙ্গে লইয়া যবদ্বীপে গমন করেন, সে সময়ে ভারতবর্ষীয় রামায়ণের ঐ রূপ অবস্থাই বিদ্যমান ছিল এই কথা ব্যতিরেকে আর কি বলিতে পারা যায়? উত্তরকাণ্ড সে সময় পর্য্যন্ত উহার অন্তর্নিবেশিত হয় নাই। ঐ কাণ্ড অপেক্ষাকৃত অপ্রাচীন বোধ হয়। টীকাকারেরাও উহার অন্তর্গত অনেক গুলি শ্লোক প্রক্ষিপ্ত বলিয়া তাহার টীকা করেন নাই।

হিন্দুরা অগ্রে যবদ্বীপে, পশ্চাৎ বালিদ্বীপে গিয়া বাস করেন। চিন-দেশীয় তীর্থ-যাত্রী ফাহিয়ন্ ভারতবর্ষ পরিভ্রমণ পূর্ব্বক খৃষ্টা-ব্দের পঞ্চম শতাব্দীর প্রারম্ভে ঐ যবদ্বীপে গিয়া উপস্থিত হন এবং তথায় হিন্দুধর্ম্ম প্রবল ও হিন্দুদিগকেই প্রাদুর্ভূত দেখিতে পান †। যদি তাঁহারা প্রথমেই অন্যান্য শাস্ত্রের সহিত ঐ মহাকাব্যও সঙ্গে লইয়া থাকেন, তাহা হইলে সে সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর কিয়ৎকাল পূর্ব্বে ঐ মহাকাব্যের উল্লিখিত রূপ অবস্থা ছিল বলিতে হইবে।

রামায়ণের স্থানে স্থানে ফলিত-জ্যোতিষ সংক্রান্ত বহুতর শব্দ‡ এবং তন্মধ্যে রাম, লক্ষ্মণ, ভরতাদির জন্ম-বিবরণে মীন কর্কটাদি রাশির নামও দেখিতে পাওয়া যায় ¶। পশ্চাৎ দৃষ্ট হইবে, হিন্দুরা গ্রীক্‌দের নিকট জ্যোতিষ শাস্ত্রের অন্তর্গত রাশিচক্রাদি নানা বিষয় শিক্ষা করেন। গ্রীকেরা খৃ, পূ, প্রথম শতাব্দীতে ঐ রাশিচক্রের বিষয় সম্পূর্ণ রূপ অবগত হন। অতএব রামায়ণের ঐ স্থলটি ঐ সময়ের পরে বিরচিত বলিয়া সহজেই স্বীকার করিতে হয়।

ঐ মহাকাব্যের কোন কোন স্থলে শক যবনাদির প্রসঙ্গ আছে §।

---

* The Journal of the Indian Archipelago, February 1849, pp. 131 & 132.

† The Pilgrimage of Fa Hian, 1848, pp. 358, 359 & 363.

‡ বালকাণ্ড। ৭১স, ২৪। অযোধ্যা। ৪স, ২১; ১৫স, ৩ ও ৮০স, ১৭। আরণ্য। ৬৮স, ১৩ ইত্যাদি।

¶ বালকাণ্ড। ১৮স, ৯ ও ১৫।

§ বালকাণ্ড। ৫৪স, ২১ ও ২৪ এবং ৫৫স, ৩। কিষ্কিন্ধ্যা। ৪৩স, ১২। এই উভয় স্থলে শক যবনাদির সহিত কাম্বোজদিগের নাম উল্লিখিত আছে। তাহারা ভারতবর্ষের পশ্চিমোত্তরাংশের সংস্কৃতভাষী জাতি-বিশেষ ছিল *। অদ্যাপি হিন্দুকুশ পর্ব্বতে কৌমোজি, কামতোজ, কামোজ প্রভৃতি নামে কতক-গুলি জাতির অধিবাস আছে; তাহাদেরও ভাষা সংস্কৃত-মূলক। অতএব যবন ও

---

* এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৯ পৃষ্ঠা দেখ।

যবন অর্থাৎ গ্রীক্ জাতীয়েরা খৃ, পূ, চতুর্থ শতাব্দীতে সসৈন্য ভারতবর্ষে আগমন করে, এবং পরে খৃ, পূ, তৃতীয় শতাব্দীর মধ্য-ভাগে বাহ্লিকরাজ্য স্থাপন করিয়া ভারতবর্ষেরও অন্তর্গত কয়েক প্রদেশের অধিকারী হয়। শক, জাট প্রভৃতি কতকগুলি অসভ্য জাতীয় লোকে খৃষ্টাব্দের কিছুকাল পূর্ব্ব হইতে ৫ ম অথবা ৬ ষ্ঠ শতাব্দী পর্য্যন্ত সিন্ধুনদের পশ্চিমভাগ অধিকার করিয়া থাকে *। ইহাতেই ভারতবর্ষীয়েরা ঐ সমস্ত জাতির সবিশেষ পরিচয় প্রাপ্ত হন। অতএব ঐ সমস্ত ঘটনার সূত্রপাত হইবার পর কোন সময়ে উল্লিখিত গ্রন্থের ঐ সকল স্থল রচিত হওয়া সর্ব্বতোভাবে সম্ভব।

ভিন্ন ভিন্ন স্থানের ও ভিন্ন ভিন্ন সময়ের রামায়ণে পরস্পর এত ইতর বিশেষ দেখিতে পাওয়া যায় যে, মধ্যে মধ্যে নূতন নূতন নানা বিষয় বির-চিত ও সংযোজিত হইয়া আসিয়াছে ইহা বিশ্বাস না করিয়া থাকা যায় না। উত্তরোত্তর এত বচন প্রক্ষিপ্ত হইয়াছে যে, কোন প্রকার প্রচলিত রামায়ণ অধ্যয়ন করিয়া আদিম রামায়ণের † তাৎপর্য্যার্থ নিরূপণ করা সহজ কর্ম্ম নয়। রামচন্দ্রকে বিষ্ণু-অবতার বলিয়া প্রতিপন্ন করা প্রচ-লিত রামায়ণের প্রধান উদ্দেশ্য বোধ হয়, কিন্তু প্রথমে উহার সেরূপ উদ্দেশ্য ছিল এরূপ বলিতে পারা যায় না। রাজা দশরথ পুত্র-কামনায় অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত হন ও তদর্থ ঋষ্যশৃঙ্গকে আনয়ন পূর্ব্বক বরণ করেন। ঐ যজ্ঞ সম্পন্ন হইল ; ব্রাহ্মণগণ অপর্য্যাপ্ত ধন প্রাপ্ত হইয়া প্রস্থান করিলেন ; যজ্ঞের ফল-প্রত্যাশা ব্যতিরেকে আর কিছুই বর্ণনা করিবার প্রয়োজন রহিল না। শাস্ত্রের মতে, যথাবিধানে সম্পন্ন এরূপ সর্ব্বাঙ্গ-সুন্দর অশ্বমেধের ফল অবশ্যই উৎপন্ন হয়। ঐ যজ্ঞ সম্পন্ন হইতে না হইতেই এবং নিমন্ত্রিত ব্যক্তিগণ গৃহ-প্রত্যাগমন না করিতে করিতেই, মহারাজ ঐ যজ্ঞের ফলাফল প্রতীক্ষা না করিয়াই ঐ মহর্ষিকে পুত্র-লাভার্থ পুনরায় পুত্রেষ্টি যাগে ব্রতী করেন। এই উপলক্ষে দেবগণ ভগবান্ বিষ্ণুকে রাবণ-বিনাশার্থ দেহ পরিগ্রহ করিতে অনুরোধ করেন, এবং তদনুসারে তিনি রাজমহিষী কৌশল্যার গর্ভে জন্ম গ্রহণ করিয়া ভূমণ্ডলে অবতীর্ণ হন।

বিশেষ হেতু নির্দ্দেশ ও কোন অভিনব প্রয়োজন উত্থাপন ব্যতিরেকে ঐ শেষোক্ত পুত্রেষ্টি যাগের বিবরণটি সহসা আরব্ধ হইয়াছে। উহা

---

শক শব্দে বাহ্লিক দেশস্থ গ্রীক্ ও ভারতবর্ষ-আক্রমণকারী জাতিই বুঝিতে হইবে।

* এই পুস্তকের অন্তর্গত শৈব-সম্প্রদায়ের ৯ পৃষ্ঠা দেখ।

† প্রক্ষিপ্ত অংশগুলি সংযোজিত হইবার পূর্ব্বে রামায়ণ যেরূপ অবস্থাপন্ন ছিল, এ প্রবন্ধে তাহাই আদিম রামায়ণ বলিয়া উল্লিখিত হইয়াছে।

পরিত্যাগ করিলে রামোপাখ্যানের কিছু মাত্র ব্যতিক্রম হয় না। বাল-কাণ্ডের চতুর্দ্দশ সর্গে অশ্বমেধ-বিবরণ এবং অষ্টাদশ সর্গের প্রথমে অশ্বমেধ-ভঙ্গের পর দেবগণের স্ব স্ব ভাগ গ্রহণ পূর্ব্বক স্বর্গারোহণ, রাজা দশরথ ও রাজমহিষীদের পুর-প্রবেশ ও নিমন্ত্রিত নৃপতিগণের স্বদেশ-প্রত্যাগমন-বৃত্তান্ত লিখিত হইয়াছে। মধ্যস্থলে অর্থাৎ ১৫, ১৬ ও ১৭ সর্গে পুত্রেষ্টি যাগ, বিষ্ণ্ববতরণ ও দেবগণ কর্ত্তৃক বানর-সৈন্য উৎপাদনের বিষয় বর্ণিত হইয়াছে। ঐ শেষোক্ত তিনটি সর্গ না থাকিলে, কিছুমাত্র অসঙ্গত হয় না, বরং সুসঙ্গতই হয়। যদি রামকে বিষ্ণ্ববতার বলিয়া প্রতিপন্ন করা আদিম রামায়ণের উদ্দেশ্য থাকিত, তাহা হইলে পূর্ব্বেই অর্থাৎ অশ্ব-মেধ-বর্ণনা-স্থলেই এ কথার সূচনা করা হইত। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, রাম লক্ষ্মণাদিকে বিষ্ণু-অবতার বলিয়া প্রচার করিবার উদ্দেশে, উত্তরকালে কোন ব্যক্তি রামায়ণের ঐ অংশগুলি তাহাতে সংযো-জিত করিয়া দিয়াছেন এইটি প্রতীয়মান হইয়া উঠে।

রাম আপনাকে দশরথ-পুত্র প্রাকৃত মনুষ্য বলিয়াই জানিতেন। যুদ্ধ-কাণ্ডের ১১৯শ সর্গে লিখিত আছে, তিনি যে স্বয়ং পূর্ণব্রহ্ম ভগবান্ এ কথাটি ব্রহ্মা তাঁহাকে অবগত করেন। ঐ স্থলে রাম-চন্দ্র যার পর নাই ঈশ্বরোচিত ভূরি ভূরি বিশেষণে বিশেষিত হইয়াছেন। তাঁহাকে বিষ্ণু ও সীতাকে লক্ষ্মী বলিয়া প্রতিপন্ন করাই উহার উদ্দেশ্য। উহা পাঠ করিয়া দেখিলে বোধ হয়, ঐ সর্গটি রচিত হইবার পূর্ব্বে পৌরাণিক দেব-মণ্ডলী-কল্পনা এক রূপ সম্পন্ন হইয়া যায়। রামায়ণের ঐ অংশটিও প্রক্ষিপ্ত না হইয়া যায় না। উহার মধ্যে কৃষ্ণের নামোল্লেখ থাকাতে *, এ অভিপ্রায়টি সর্ব্বতোভাবে সপ্র-মাণ হইতেছে। রামচন্দ্রের সর্ব্বত্র প্রাকৃত মনুষ্যের ন্যায় ব্যবহার বর্ণন দেখিয়া, কোন ভক্তিমান্ ব্যক্তি রামায়ণের মধ্যে উহা সন্নিবেশিত করি-য়াছেন বোধ হয়।

সুবিচক্ষণ পণ্ডিত-শিরোমণি শ্রীমান্ লেসেন্ বিবেচনা করিয়াছেন, রামায়ণ ও মহাভারতের যে যে স্থলে রাম ও কৃষ্ণ বিষ্ণ্ববতার বলিয়া বর্ণিত হইয়াছেন সেই সমুদায় স্থল এরূপ অসম্বদ্ধ ও মূল উপাখ্যান কীর্ত্তন-

---

* সীতা লক্ষ্মীর্ভবান্ বিষ্ণুর্দেবঃ কৃষ্ণঃ প্রজাপতিঃ।

যুদ্ধকাণ্ড ১১৯ সর্গ।

সীতা লক্ষ্মী এবং তুমি বিষ্ণু, দেব-কৃষ্ণ ও প্রজাপতি।

হিন্দুশাস্ত্রের মতে, রামের অনেক কাল পরে কৃষ্ণ জন্ম গ্রহণ করেন। অতএব এ স্থলে তদীয় প্রসঙ্গ এমন অসঙ্গত যে, টীকাকার ঐ শব্দের অর্থ কৃষ্ণবর্ণ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

বিষয়ে এরূপ অনাবশ্যক যে, সেই সমুদায় অপেক্ষাকৃত অপ্রাচীন মনে না করিয়া থাকা যায় না। সেই অংশগুলি আদিম রামায়ণাদির অন্তর্গত ছিল না; ঐ দুইটি বীর পুরুষের ঈশ্বরত্ব-সংস্থাপন-উদ্দেশে পশ্চাৎ প্রক্ষিপ্ত হইয়াছে। শ্রীমান্ শ্লেগেল্ বারম্বার বলিয়াছেন, যে সকল বচনে রাম বিষ্ণুবতার বলিয়া উল্লিখিত হইয়াছেন, তাহা পরিত্যাগ করিলে, রামোপাখ্যানের কিছু মাত্র ক্ষতি হয় না *। পূর্ব্বেই লিখিত হইয়াছে মনুসংহিতায় রাম কৃষ্ণের নাম-গন্ধও নাই। অতএব রামায়ণ ও মহাভারতে রাম, কৃষ্ণ, পরশুরামাদির যে ঐশী শক্তি বর্ণিত হইয়াছে, তাহা মনুসংহিতা-সঙ্কলনের পর কল্পিত হইয়াছে বোধ হয়।

রামায়ণ-সংক্রান্ত যৎকিঞ্চিৎ যাহা লিখিত হইল, সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, এই রূপ প্রতীতি জন্মিতে পারে যে, রামোপাখ্যানটি একটি সুপ্রাচীন উপাখ্যান; তাহাতে পুনঃ পুনঃ নানালোক কর্তৃক নানাবিধ বিষয় সংযোজিত হইয়া নানারূপ প্রচলিত রামায়ণ প্রস্তুত হইয়াছে। †

---

* Lassen's Indian Antiquities, Vol I. pp. 488 and 489 extracted and translated in Muir's Original Sanscrit Texts, Part IV. 1863, pp. 142 and 143.

† শ্রীমান্ বেবের্ রামায়ণ কাব্যখানি দক্ষিণাপথে আর্য্য-সভ্যতা ও বিশেষতঃ কৃষি-জ্ঞান বিস্তার বিষয়ক একটি রূপক মাত্র বলিয়া প্রকাশ করিয়াছেন। তাঁহার মতে, সীতা ব্যক্তি-বিশেষের নাম নয়, সীতা হল-পদ্ধতি এবং রাম হলধর বলরাম History of Indian Literature 1878 P. 192. তিনি ও হুইলর্ প্রভৃতি কোন কোন ইউরোপীয় পণ্ডিত রামায়ণ-রচনার বিষয়ে অনেকানেক অশ্রুতপূর্ব্ব বা অপ্রচলিত অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। কেহ বলেন, বাল্মীকি রামায়ণ বৌদ্ধদিগের দশরথজাতক* নামক গ্রন্থ হইতে সংকলিত বা তদবলম্বন পূর্ব্বক বিরচিত। কেহ বা কহেন, রামোপাখ্যানটি হিন্দু ও সিংহলস্থ বৌদ্ধদিগের পরস্পর বিবাদ-বিসম্বাদেরই বিজ্ঞাপক রূপকবিশেষ। কেহ বা লিখেন, ঐ গ্রন্থ হোমর্-কৃত গ্রীক্ কাব্যেরই অনুকরণ। কিন্তু অনেকে এই সমস্ত অভিপ্রায় উপযুক্ত যুক্তি-মূলক বলিয়া বিবেচনা করেন না; প্রত্যুত, একবারেই অস্বীকার করিয়া থাকেন।

বেদ-শাস্ত্রেও এক সীতার প্রসঙ্গ দেখিতে পাওয়া যায়। তৈত্তিরীয়

* ঐ গ্রন্থানুসারে রাম সীতার সহোদর; তিনি বনবাসের পর স্বদেশ প্রত্যাগমন করিয়া আপনার সেই সহোদরাকে বিবাহ করেন। শ্রীমান্ বেবের ঐ গ্রন্থ ও প্রচলিত বাল্মীকি রামায়ণের কতক গুলি শ্লোক এক রূপ অভিন্ন বলিয়া প্রদর্শন করিয়াছেন।

মহাভারত বেদব্যাস-প্রণীত বলিয়া প্রচলিত আছে, কিন্তু সমগ্র মহাভারত এক সময়েরও রচিত নয়, এক জন কর্ত্তৃকও সঙ্কলিত হয় নাই। মহাভারত-কর্ত্তারা নিজেই এ কথা স্বীকার করিয়া গিয়াছেন।

मन्वादि भारतं केचिदास्तिकादि तथापरे।

तथोपरिचराद्यन्ये विप्राः सम्यगधीयते॥

विविधं संहिताज्ञानं दीपयन्ति मनीषिणः।

व्याख्यातुं कुशलाः केचिद्ग्रन्थान् धारयितुं परे॥

আদিপর্ব্ব। ১ম অধ্যায়। ৫২ ও ৫৩ শ্লোক।

কোন কোন ব্রাহ্মণ প্রথম মন্ত্র অবধি, কেহ কেহ আস্তিক পর্ব্ব অবধি, কেহবা উপরিচর রাজার উপাখ্যান অবধি এই ভারতের আরম্ভ বিবেচনা করিয়া অধ্যয়ন করেন। পণ্ডিত ব্যক্তিরা অশেষ প্রকারে সংহিতার ভাবার্থ প্রকাশ করেন। কেহ কেহ গ্রন্থ ব্যাখ্যা বিষয়ে পটু, কেহবা গ্রন্থার্থ ধারণা বিষয়ে নিপুণ।

কাজে কাজেই বলিতে হয়, যিনি এই দুইটি বচন রচনা করেন, তিনি মহাভারতের উল্লিখিত দুই প্রকার অবস্থা ঘটনার পরেও নিজের রচিত শ্লোক গুলি তাহাতে সন্নিবেশিত করিয়া যান। আরও দেখ, ঐ

---

ব্রাহ্মণে * লিখিত আছে, সীতা সবিতার অর্থাৎ প্রজাপতির কন্যা; চন্দ্রের প্রতি তাঁহার প্রণয়-সঞ্চার হয়; এ দিকে চন্দ্র শ্রদ্ধাকে ভাল বাসেন। ইহাতে সীতা প্রজাপতি-সমীপে গমন করিয়া আপনার মনস্কামনা অবগত করিলেন এবং প্রজাপতি মন্ত্র পাঠ করিয়া গন্ধ-দ্রব্য-বিশেষ দ্বারা তাঁহার অঙ্গরাগ করিয়া দিলেন। অনন্তর তিনি চন্দ্র-সন্নিধানে উপস্থিত হইলে, চন্দ্র তাঁহার প্রতি অনুরক্ত হইলেন।

सीता सावित्री सोमं राजानं चकमे। श्रद्धामु स चकमे।
* * आस्तान्तं वव्राज। तांहोवाच। उपमावर्त्तस्वेति।

প্রজাপতি কন্যা সীতা চন্দ্রের প্রতি অনুরক্ত হন। কিন্তু চন্দ্র শ্রদ্ধার প্রতি প্রণয়াসক্ত ছিলেন। * * * * সীতা চন্দ্রের নিকট গমন করিলেন। তাঁহাকে দেখিয়া চন্দ্র বলিলেন, তুমি আমার সমীপে অবস্থিতি কর।

এই উপাখ্যান অনুসারে, সীতা চন্দ্রের পত্নী। রামায়ণে রামও স্থল-বিশেষে রাম 'চন্দ্র' বলিয়া কীর্ত্তিত হইয়াছেন।

---

* তৈত্তিরীয় ব্রাহ্মণ। ২। ৩, ১০, ১—৩।

গ্রন্থেরই অন্তর্গত অনুক্ত বচনে লিখিত আছে, প্রথমে ভারত-সংহিতা চতুর্ব্বিংশতি-সহস্র-শ্লোকময়ী ছিল। অতএব বোধ হয়, কোন সময়ের পণ্ডিতেরা মহাভারত চতুর্ব্বিংশতি-সহস্র-শ্লোক-বিশিষ্ট বলিয়া বিশ্বাস করিতেন, পরে সময়ে সময়ে অনেকানেক বচন ও উপাখ্যান সঙ্কলিত ও প্রক্ষিপ্ত হওয়াতে, উহা লক্ষাধিক শ্লোক বিশিষ্ট এতাদৃশ বৃহৎ হইয়া পড়িয়াছে।

চতুর্বিংশতিসাহস্রীং চক্রে ভারত-সংহিতাম্।
উপাখ্যানৈর্বিনা তাবদ্ভারতং প্রোচ্যতে বুধৈঃ॥
ততোঽধ্যর্দ্ধশতং ভূয়ঃ সংক্ষেপং কৃতবানৃষিঃ।
অনুক্রমণিকাধ্যায়ং বৃত্তান্তানাং সপর্ব্বণাম্॥

আদিপর্ব্ব। ১ ম অধ্যায়। ১০১ ও ১০২ শ্লোক।

প্রথমে ব্যাসদেব চতুর্ব্বিংশতি-সহস্র-শ্লোকময়ী ভারত-সংহিতা রচনা করিয়াছিলেন। পণ্ডিতেরা কহেন, উপাখ্যান-ভাগ পরিত্যাগ করিলে ভারতের সংখ্যা এইরূপ হয়। অনন্তর তিনি সংক্ষেপে সর্ব্বার্থ সঙ্কলন পূর্ব্বক সার্দ্ধ-শত-শ্লোক-বিশিষ্ট অনুক্রমণিকা রচনা করিলেন।

এই শ্লোকে মহাভারতের অনুক্রমণিকা-ভাগ ১৫০ শ্লোক বিশিষ্ট বলিয়া লিখিত আছে। কিন্তু এইক্ষণকার মহাভারতের অনুক্রমণিকাধ্যায়ে ন্যূনাধিক ২৬৮ টা শ্লোক প্রাপ্ত হওয়া যায়। আর মহাভারতের পর্ব্বসংগ্রহে ৯৬৮৩৬ শ্লোক লিখিত আছে, কিন্তু প্রচলিত মহাভারত গণনা করিয়া দেখিলে ১০৭৩৯০ শ্লোক দেখিতে পাওয়া যায়। পর্ব্বসংগ্রহে প্রতিপর্ব্বে যেরূপ শ্লোক-সংখ্যা নির্দ্দিষ্ট আছে, আর এক্ষণে গণনা করিয়া সেই সেই পর্ব্বে যত শ্লোক প্রাপ্ত হওয়া যায়, উভয়ই পশ্চাৎ লিখিত হইতেছে। পাঠ করিয়া দেখিলেই জানিতে পারা যাইবে।

| পর্ব্ব | | পর্ব্বসংগ্রহে লিখিত শ্লোক-সংখ্যা | | | গণিত শ্লোক-সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ আদি | পর্ব্ব | ৮৮৮৪ | ... | ... | ৮৪৭৯ |
| ২ সভা | " | ২৫১১ | ... | ... | ২৭০৯ |
| ৩ বন | " | ১১৬৬৪ | ... | ... | ১৭৪৭৮ |
| ৪ বিরাট | " | ২০৫০ | ... | ... | ২৩৭৬ |
| ৫ উদ্যোগ | " | ৬৬৯৮ | ... | ... | ৭৬৫৬॥ |
| ৬ ভীষ্ম | " | ৫৮৮৪ | ... | ... | ৫৮৫৬ |
| ৭ দ্রোণ | " | ৮৯০৯ | ... | ... | ৯৬৪৯ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ কর্ণ | " | ৪৯৬৪ | ... | .. | ৫০৪৬ |
| ৯ শৈল্য | " | ৩২২০ | ... | ... | ৩৬৭১ |
| ১০ সৌপ্তিক | " | ৮৭০ | ... | ... | ৮১১ |
| ১১ স্ত্রী | " | ৭৭৫ | ... | ... | ৮২৭॥ |
| ১২ শান্তি | " | ১৪৭৩২ | ... | ... | ১৩৯৪৩ |
| ১৩ অনুশাসন | " | ৮০০০ | ... | ... | ৭৭৯৬ |
| ১৪ অশ্বমেধিক | " | ৩৩২০ | .. | .. | ২৯০০ |
| ১৫ আশ্রমবাসিক | " | ১৫০৬ | .. | ... | ১১০৫ |
| ১৬ মৌষল | " | ৩২০ | ... | ... | ২৯২ |
| ১৭ মহাপ্রস্থানিক | " | ৩২০ | ... | ... | ১০৯ |
| ১৮ স্বর্গারোহণ | " | ২০৯ | .. | ... | ৩১২ |
| ১৯ খিলহরিবংশ | " | ১২০০০ | ... | ... | ১৬৩৭৪ |
| | | ৯৬৮৩৬ | ... | ... | ১০৭৩৯০ |

অতএব পর্ব্বসংগ্রহ সমাপ্ত হইবার পরেও অনেক স্থান পরিবর্ত্তিত ও অনেক বচন প্রক্ষিপ্ত হইয়াছে। আদিপর্ব্বের অন্য এক স্থানে * লিখিত আছে, ভূমণ্ডলে লক্ষ-শ্লোক-বিশিষ্ট মহাভারত প্রচারিত হয়। এটি একটি প্রকৃত কথা বলিয়া বিবেচনা করিলে, ইহাকে ঐ গ্রন্থের অন্য এক অবস্থার পরিচায়ক বলিয়া অঙ্গীকার করিতে হয়।

বালি দ্বীপের কবি-ভাষায় মহাভারতীয় ভিন্ন ভিন্ন পর্ব্বের অনুবাদ আছে। ঐ সকল পর্ব্বের নাম যে মহাভারত, তথাকার লোকেরা তাহা অবগত নয় †। ঐ গ্রন্থ যে সময়ে যবদ্বীপে নীত হয়, সেই সময়ে কি ঐ পর্ব্ব সমুদায় একত্র সঙ্কলিত হইয়া মহাভারত নামে প্রচলিত হয় নাই? পরিমাণ-বিষয়ে ঐ সমস্ত পর্ব্বের সহিত এক্ষণ-কার প্রচলিত সংস্কৃত মহাভারতীয় পর্ব্বের অনেক ইতর বিশেষ দেখিতে পাওয়া যায়। ঐ সমুদায় যে সংস্কৃত গ্রন্থের অনুবাদ, হয়ত, তাহা ঐরূপ অবস্থাপন্ন ছিল।

মহাভারতেরই অন্তর্গত উল্লিখিত কয়েকটি প্রমাণ অনুসারে ঐ গ্রন্থের চারি পাঁচ প্রকার অবস্থা লক্ষিত হইতেছে। ফলতঃ ঐ সমস্ত প্রমাণ দ্বারা যৎকিঞ্চিৎ যাহা জানিতে পারা যায় এবং পশ্চাৎ ঐ গ্রন্থের বিষয়ে যাহা কিছু লিখিত হইবে, তদ্দ্বারা এইটি প্রতীয়মান হইয়া উঠিতেছে যে,

* আদিপর্ব্ব, ১ম অধ্যায়, ১০৫ শ্লোক।

† The Journal of the Indian Archipelago, February 1849, p. 135.

ক্রমাগতই নূতন নূতন উপাখ্যান ও নূতন নূতন শ্লোক রচিত ও সংযোজিত হইয়া ঐ গ্রন্থকে এরূপ বৃহদাকার করিয়া তুলিয়াছে।

যিনি মনোযোগ পূর্ব্বক মহাভারতের ১০।১৫ অধ্যায় আনুপূর্ব্বিক পাঠ করিয়াছেন, তিনি আর কখনই তাহা এক গ্রন্থকর্ত্তার প্রণীত বোধ করিতে পারেন না। তাহাতে এক এক বিষয় পুনঃ পুনঃ লিখিত হইয়াছে *, এক উপাখ্যান কথিত হইতে হইতে বিশিষ্ট কারণ ব্যতিরেকে অন্য উপাখ্যান উত্থাপিত হইয়াছে †, পূর্ব্ব সূচনা ব্যতিরেকে সহসা ব্যক্তি-বিশেষের বাক্য সমাবিষ্ট হইয়াছে ‡, এবং পরস্পর অসম্বদ্ধ উপাখ্যান সমুদায় একত্র স্থাপিত হইয়াছে ¶। এক্ষণকার প্রচলিত সমগ্র মহাভারত এক ব্যক্তি কর্ত্তৃক প্রণীত হইলে এরূপ অব্যবস্থা কখনই হইতে পারে না। প্রত্যুত, এরূপ বিশৃঙ্খলায় উল্লিখিত গ্রন্থে ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন লেখনী-চালনারই পরিচয় দান করিতেছে।

আদি পর্ব্বে সুস্পষ্ট লিখিত আছে §, ঐ গ্রন্থ বেদব্যাস প্রথমে বাচনিক বলেন, বৈসম্পায়নও উহা জনমেজয়ের সর্প-যজ্ঞে বাচনিক কীর্ত্তন করেন, উগ্রশ্রবা নৈমিষারণ্য-বাসী ঋষিগণকে উহা বাচনিক শ্রবণ করান, এবং অন্য অন্য কত কত পণ্ডিতও ঐ পুস্তক বাচনিক বর্ণন করিয়া যান। ইহাতে এইপ্রকার জানিতে পারা যাইতেছে যে, আদিম রামায়ণের ন্যায় ** আদিম মহাভারতও প্রথমে লিপি-বদ্ধ ছিল না; শ্রুতি-পরম্পরা ক্রমে বাচনিক উপদেশ দ্বারা চলিয়া আইসে।

---

* যেমন আদিপর্ব্বের ১৩ হইতে ১৫ অধ্যায় এবং ৪৫ হইতে ৪৮ অধ্যায় পর্য্যন্ত জরৎকারুর উপাখ্যান।

† যেমন পৌষ্য পর্ব্বে আরুণি ও উপমন্যুর উপাখ্যান।

‡ যেমন আদি পর্ব্বে চতুর্ব্বিংশ অধ্যায়ে রুরু ও প্রমতির কথোপকথন। দ্বাদশ অধ্যায়ের শেষে এরূপ উক্তি আছে বটে যে, রুরু স্বীয় পিতা প্রমতির নিকট আস্তীকোপাখ্যান শ্রবণ করিয়াছিলেন, কিন্তু তৎপরে তাহার আর কোন প্রসঙ্গ নাই, প্রত্যুত, ত্রয়োদশ অধ্যায়ে উগ্রশ্রবা কহিতেছেন, আমি পিতা লোমহর্ষণের নিকট আস্তীকোপাখ্যান যেরূপ শ্রবণ করিয়াছি, অবিকল সেইরূপ বর্ণনা করিতেছি।

¶ যেমন পৌষ্য পর্ব্বে সর্প-সত্রানুষ্ঠান-সূচনার পরেই পৌলম পর্ব্বে ভৃগু-বংশের বর্ণনা।

§ আদিপর্ব্ব ১। ১০, ১১, ১৭, ২০ ও ২৬।

** শ্রীমান্ বেবের্ বিবেচনা করেন, রামায়ণ প্রথমে লিপি-বদ্ধ ছিল না বলিয়াই, দেশ-ভেদে তাহার এ প্রকার পাঠ-ভেদ ও অবস্থা-ভেদ ঘটিয়াছে।—Weber's History of Indian Literature, 1878, P. 194.

ইদানী কেহ কেহ রামায়ণকে মহাভারত অপেক্ষা আধুনিক বলিয়া বিবেচনা করেন, কিন্তু তাঁহাদের এ মতে অনেকগুলি আপত্তি উপস্থিত আছে। মহাভারতে তো বহুকাল ব্যাপিয়া ক্রমাগতই নূতন নূতন নানা বিষয় সন্নিবেশিত হইয়া আসিয়াছে। রামায়ণেও মধ্যে মধ্যে সর্গ ও শ্লোক প্রক্ষিপ্ত হয় ইহা পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে। ইহাতে, এই উভয়ের মধ্যে অমুক গ্রন্থ প্রাচীনতর অথবা অমুক গ্রন্থ খানি অপ্রাচীনতর এরূপ নির্দ্দেশ করাই সঙ্গত বোধ হয় না; তথাচ এই দুই পুস্তকের পরস্পর তুলনা করিয়া দেখিলে, রামায়ণের অধিকাংশ মহাভারতের অধিকাংশ অপেক্ষা প্রাচীনতর বলিয়া প্রতীয়মান হইতে থাকে।

প্রথমতঃ পূর্ব্বেই লিখিত হইয়াছে, রামায়ণ-রচনার সময়ে আর্য্য-বংশীয়েরা পূর্ব্ব দিকে অঙ্গ ও মিথিলা এবং দক্ষিণে কেবল যমুনা-তট পর্য্যন্ত উপনিবেশ করেন; সে সময়ে সমস্ত দক্ষিণাপথ কেবল অরণ্য ও স্থানে স্থানে অসভ্য অনার্য্য লোকের আবাস-ভূমি ছিল *। কিন্তু মহাভারতে দেখিতে পাওয়া যায়, তাঁহারা উহার মধ্যে অনেকানেক জনপদে, এমন কি প্রায় উহার দক্ষিণ সীমা পর্য্যন্তও, আপনাদের আবাস ও আধিপত্য বিস্তার করিয়াছেন। যত কাল ব্যাপিয়া মহাভারত রচিত ও সঙ্কলিত হয়, তন্মধ্যে আর্য্য-বংশীয়েরা দক্ষিণাপথে অন্য অন্য নানা দেশ ও নানা রাজ্যের সহিত কলিঙ্গ, দ্রাবিড়, পাণ্ড্য † ও কেরল এবং পূর্ব্ব দিকে অঙ্গ, বঙ্গ, প্রাগ্‌জ্যোতিষ, মণিপুর ও সাগর-তট পর্য্যন্ত আপনাদের বাস ও অধিকার বিস্তার করেন এইরূপ লিখিত আছে ‡। মহাভারত পাঠ করিয়া গেলে, ভারতবর্ষের অধিকাংশেই আর্য্য-বাস, আর্য্য-ধর্ম্ম ও আর্য্য-সভ্যতা বিস্তারের বিষয় দেখিতে পাওয়া যায়। ঐ গ্রন্থের যে সকল স্থলে এই বিষয় বর্ণিত রহিয়াছে, ঐ সমুদায় স্থান ঐ ঐ নামে বিখ্যাত হইবার পরে তাহা রচিত হইয়াছে বলিতে হইবে।

দ্বিতীয়তঃ। যদিও ভাষা-বিষয়ে মহাভারতের বহুতর স্থলের সহিত রামায়ণের সম্পূর্ণ সাদৃশ্য আছে; এমন কি, উভয়েতেই সারসিক-প্রয়োগ-বিরুদ্ধ প্রাচীন পদাদি দৃষ্ট হইয়া থাকে, তথাচ অনেক ইতর বিশেষ দেখিতে পাওয়া যায়। মহাভারতের ভাষা সরল বটে, কিন্তু অনেক স্থানে রামায়ণের অপেক্ষা রচনার বৈচিত্র্য ও চাতুর্য্য দৃষ্ট হইয়া থাকে।

---

* ৭৮ পৃষ্ঠা দেখ।

† পাণ্ড্যরাজ্য খৃ, পূ, ষষ্ঠ অথবা পঞ্চম শতাব্দীতে সংস্থাপিত হয় বলিয়া বিবেচিত হইয়াছে। শৈব-সম্প্রদায় ১১ পৃষ্ঠা দেখ।

‡ সভাপর্ব্ব, ২৫—৩০ এবং ৫০—৫১ অধ্যায়; উদ্যোগপর্ব্ব, ১৯৬ ও ১৯৭ অধ্যায়; আশ্বমেধিক পর্ব্ব, ৭৩—৮৪ অধ্যায় ইত্যাদি।

যদিও অধিকাংশই সুপ্রাচীন অনুষ্টুপ্ * ছন্দেই রচিত, কিন্তু স্থল-বিশেষে অপেক্ষাকৃত ইন্দ্রবজ্রাদি দীর্ঘ ছন্দও ব্যবহৃত হইয়াছে। বাল্মীকি রামায়ণেরও প্রতি সর্গের শেষে এক একটি সুমধুর দীর্ঘ ছন্দের কবিতা আছে এবং তাহা সাহিত্য-রচনার বহুকাল-সাধ্য সমুন্নতি ও পরিপাটীর পরিচায়ক বলিয়া গণ্য করিতে হয় সত্য বটে, কিন্তু মহাভারতের বহুতর স্থলে উল্লিখিতরূপ দীর্ঘ-ছন্দ শ্লোকাবলি ক্রমাগত চলিয়া গিয়াছে। এমন কি, এক এক বা উপর্য্যুপরি বহু অধ্যায় তাদৃশ শ্লোক সমূহে পরিপূর্ণ দেখিতে পাওয়া যায় †।

তৃতীয়তঃ। সহমরণ ধর্ম্মটি হিন্দুজাতির আদিম ধর্ম্ম নয় ইহা পূর্ব্বেই নির্দ্দেশিত হইয়াছে ‡। রামায়ণে আর্য্যবংশীয়দের মধ্যে উহা প্রচলিত থাকিবার কিছুমাত্র নিদর্শন নাই, কিন্তু মহাভারতে ঐ প্রথা-প্রচলনের সুস্পষ্ট প্রমাণ বিদ্যমান রহিয়াছে। পাণ্ডু রাজার মৃত্যু হইলে তদীয় প্রিয় পত্নী মাদ্রী তাঁহার চিতারোহণ করিয়া প্রাণত্যাগ করেন ¶।

চতুর্থতঃ। রামায়ণে আন্বীক্ষিকীর § উল্লেখ ও লোকায়তিক দর্শনের প্রসঙ্গ আছে**; কিন্তু মহাভারতে সাংখ্য, পাতঞ্জল, বেদান্তাদি দর্শনের সবিস্তর বিবরণ ও রাজনীতি, ধর্ম্মনীতি ও অন্য অন্য নানা বিদ্যার বহুল বৃত্তান্ত বিনিবেশিত রহিয়াছে ††। রামায়ণ-রচনার সময়ে ঐ সকল শাস্ত্র উৎপন্ন বা সমুন্নত হয় নাই বোধ হয়। অতএব এ বিষয়টিও মহাভারতের অপেক্ষাকৃত অপ্রাচীনত্বের পরিচায়ক বলিতে হইবে।

পঞ্চমতঃ। মহাভারতের মধ্যেই রামোপাখ্যান সন্নিবেশিত আছে ‡‡। যদিও তাহাতে বাল্মীকির নাম বিদ্যমান নাই, এবং কোন কোন অংশে বাল্মীকি রামায়ণের সহিত তাহার ঐক্যও দেখিতে পাওয়া

---

* মনু, রামায়ণ ও মহাভারতাদি অনতিপ্রাচীন গ্রন্থের মধ্যে যে সকল ছন্দ ব্যবহৃত হইয়াছে, তাহারই মধ্যে অনুষ্টুপ্ ছন্দ প্রাচীন। ঐ সকল শাস্ত্রেই ঐ ছন্দের শ্লোকাবলী দৃষ্ট হইয়া থাকে। বেদ-মন্ত্র-রচনার সময়ে তাদৃশ রচনা-প্রণালীর সৃষ্টি হয় নাই।

† আদিপর্ব্ব, ১ অ, ১৪৮—২১৫ শ্লোক ও ৮৭ অ—৯৩ অ, সভাপর্ব্ব, ৫৫—৫৭ অ; বনপর্ব্ব, ১১৯, ১২০ ও ২৬৭ অ ইত্যাদি।

‡ ৬৯ ও ৭০ পৃষ্ঠা। ¶ আদিপর্ব্ব, ১২৬ অধ্যায়, ৩০ ও ৩১ শ্লোক।

§ অযোধ্যাকাণ্ড ১০০। ৩৯। ** অযোধ্যাকাণ্ড ১০৮।

†† সভাপর্ব্ব, ৫ অধ্যায়; ভীষ্মপর্ব্ব, ১৩—৪২ অধ্যায়; শান্তিপর্ব্ব, রাজধর্ম্ম, মোক্ষধর্ম্ম ও আপদ্ধর্ম্মের অন্তর্গত বহুতর স্থল ইত্যাদি।

‡‡ বনপর্ব্ব ২৭৩—২৯১ অধ্যায়।

যায় না *; কিন্তু ঐ গ্রন্থের অন্য অন্য স্থলে পুনঃ পুনঃ তাঁহার প্রসঙ্গ দৃষ্ট হইয়া থাকে।

**অপিচায়ং পুরা গীতঃ শ্লোকো বাল্মীকিনা ভুবি।**

**ন হন্তব্যাঃ স্ত্রিয় ইতি যদ্ব্রবীষি প্লবঙ্গম ॥**

দ্রোণপর্ব্ব। ১৪৩ অধ্যায়। ৬৯ শ্লোক।

পূর্ব্বকালে বাল্মীকিও ভূমণ্ডলে এই শ্লোক বলিয়া গিয়াছেন যে, বানর! যাহা বলিতেছ, স্ত্রীলোকের প্রাণ বধ করা কদাচ কর্ত্তব্য নয়।

**শ্লোকশ্চায়ং পুরা গীতো ভার্গবেন মহাত্মনা।**

**আখ্যানে রামচরিতে নৃপতিং প্রতি ভারত ॥**

শান্তিপর্ব্ব। ৫৭ অধ্যায়। ৪০ শ্লোক।

ভারত! পূর্ব্বকালে ভার্গব অর্থাৎ বাল্মীকিও রামোপাখ্যানের মধ্যে নৃপতিকে উদ্দেশ করিয়া এই শ্লোক বলিয়াছেন।

এই উভয় শ্লোকেই বাল্মীকি পূর্ব্বকালের লোক বলিয়া কীর্ত্তিত

---

* ঐ রামায়ণের মতে রাম ও লক্ষ্মণ শর-জালে বদ্ধ হইলে, হনূমান্ ঔষধ আনয়ন করিয়া তাহার প্রতিকার সাধন করে, কিন্তু মহাভারতীয় উপাখ্যানানুসারে, কপিরাজ সুগ্রীব বিশল্য নামক মহৌষধ প্রদান পূর্ব্বক শল্য বিমোচন করিয়া দেয় *। বাল্মীকি রামায়ণে লিখিত আছে, রাবণ-বধ সম্পন্ন হইলে, রামচন্দ্র সীতার সতীত্ব বিষয়ে সন্দেহ করিয়া পশ্চাৎ অগ্নি-পরীক্ষা দ্বারা তাঁহাকে গ্রহণ করেন। কিন্তু মহাভারতানুসারে, রামচন্দ্র সীতাকে পরিত্যাগ করিতে কৃত-সংকল্প হইলে, সীতা অগ্নি, বায়ু, বরুণাদি দেবগণকে স্মরণ করেন; তাঁহারা উপস্থিত হইয়া সীতার সচ্চরিত্রতার বিষয়ে নিঃসংশয়ে সাক্ষ্য দেন, এবং তদনুসারে রামচন্দ্র তাঁহার সহিত সম্মিলিত হইয়া অযোধ্যা পুরী প্রত্যাগমন করেন †।

এইরূপ অন্যান্য কোন কোন অংশেও ঐ উভয় উপাখ্যানের পরস্পর বিভিন্নতা দৃষ্ট হইয়া থাকে। উভয়ের পরস্পর ঐরূপ বিভিন্নতা দেখিয়া বোধ হয়, পূর্ব্বে একটি প্রাচীন রামোপাখ্যান বিদ্যমান ছিল, তাহা ক্রমশঃ পরিবর্ত্তিত হইয়া এক দিকে বাল্মীকি রামায়ণে ও অপর দিকে ঐ মহাভারতীয় রামোপাখ্যানে পরিণত হইয়াছে। যাহা হউক মহাভারতের এই অংশটি সংগৃহীত হইবার পূর্ব্বে একরূপ রামোপাখ্যান বিদ্যমান ছিল ইহাতে আর সন্দেহ রহিল না।

---

* বনপর্ব্ব। ২৮৮ অধ্যায়। † বনপর্ব্ব। ২৯০ অধ্যায়।

হইয়াছেন। তদ্ভিন্ন, আদি পর্ব্বের ৫৫ অধ্যায়ের ১৪ শ্লোকে, সভা পর্ব্বের ৭ অধ্যায়ের ১৫ শ্লোকে, উদ্যোগ পর্ব্বের ৮২ অধ্যায়ের ২৭ শ্লোকে ও শান্তি পর্ব্বের ২০৭ অধ্যায়ের ৪ শ্লোকে বাল্মীকির নাম লিখিত আছে। এ সমস্ত ব্যতিরেকে, বন পর্ব্বের ১৪৭ অধ্যায়ে ও দ্রোণ পর্ব্বের ৫৯ অধ্যায়ে রামোপাখ্যান বর্ণিত হইয়াছে। অতএব মহাভারতের এই সমুদায় উপাখ্যান সঙ্কলিত হইবার পূর্ব্বে একরূপ রামোপাখ্যান প্রচলিত হয় এবং উল্লিখিত বাল্মীকির সংজ্ঞা-বিশিষ্ট স্থলগুলি এবং তাহার পূর্ব্ব ও সমকালে রচিত সমুদায় স্থল বিরচিত হইবার পূর্ব্বে বাল্মীকি-কৃত কোনরূপ রামায়ণ বিদ্যমান থাকে ইহাতে আর সন্দেহ রহিল না। মহাভারতীয় উপাখ্যানের স্থানে স্থানে রামচন্দ্র বিষ্ণ্বতার বলিয়া বর্ণিত হইয়াছেন *। অতএব রামকে বিষ্ণ্বতার বলিয়া প্রতিপন্ন করা যখন আদিম রামায়ণের উদ্দেশ্য ছিল না বোধ হইতেছে ¶, তখন মহাভারতীয় উপাখ্যান বা তাহার অন্তর্গত ঐ সকল স্থল উহার অপেক্ষা অপ্রাচীন বলিয়া স্বীকার করিতে হয়। যখন মহাভারতে রামোপাখ্যান পুনঃ পুনঃ কীর্ত্তিত হইয়াছে, ও বাল্মীকি-কৃত রামায়ণের বিষয় সুস্পষ্ট লিখিত হইয়াছে, অথচ রামায়ণে মহাভারতীয় মূল উপাখ্যানের কোন অঙ্গ বিদ্যমান নাই, তখন রামায়ণকে প্রাচীনতর গ্রন্থ বলিয়া সহজেই মনে হইতে পারে। এই সমস্ত কথার সহিত এবিষয়ের চির-প্রবাদ † ও পূর্ব্বোক্ত যুক্তি সমূহের ঐক্য করিয়া দেখিলে, ঐ গ্রন্থের অধিকাংশ মহাভারতের অধিকাংশ অপেক্ষা প্রাচীন বলিয়া প্রতীয়মান হয়।

রামায়ণের অযোধ্যা-বর্ণনাদি কতকগুলি বিষয় মহাভারতোক্ত কুরু-পাণ্ডবের বৃত্তান্ত অপেক্ষায় সভ্যতা-সঞ্চারের পরিচায়ক বোধ হয়। তাদৃশ পূর্ব্বকালে বিস্তৃত ভারতভূমির সমস্ত জন-সমাজ কিছু একবারে সমানরূপ সভ্য হইয়া উঠে নাই। তন্মধ্যে অপেক্ষা-কৃত উন্নত জনপদ-বিশেষের উপাখ্যান লইয়া রামায়ণ রচিত হইলে এরূপ হইতে পারে। পূর্ব্বকালীন পারসিকদের অবস্তা শাস্ত্রে সরযূ নদীর নামোল্লেখ থাকাতে ‡, ভারতবর্ষ মধ্যে অযোধ্যা প্রদেশ আর্য্য-কুলের একটি প্রাচীন আবাস-ভূমি বলিয়া প্রতিপন্ন হইতেছে। কোন দেশ অগ্রে উপনিবিষ্ট হইলে ও তাহার শ্রীবৃদ্ধি-সাধনের অনুকূল কারণ ঘটিলে, অগ্রে উন্নত হওয়া সর্ব্বতোভাবে সম্ভব।

রামায়ণের ন্যায় মহাভারত-রচনারও প্রকৃত সময় নির্দ্ধারণ করা সুকঠিন।

---

* বন পর্ব্ব, ৯৯ অধ্যায়, ৪৩, ৬৩, ৬৭ ও ৭৪ শ্লোক, ১৪৭ অধ্যায়, ৩১ শ্লোক ও ২৭৫ অধ্যায়, ৫ শ্লোক। ¶ ৮৮—৯০ পৃষ্ঠা দেখ।

† মহাভারতের অপেক্ষায় রামায়ণ সমধিক প্রাচীন গ্রন্থ এই প্রচলিত প্রবাদ।

‡ প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ২৮ পৃষ্ঠা।

আশ্বলায়নাদি কল্পসূত্রে বৈদিক ধর্ম্মেরই সবিস্তর বৃত্তান্ত সন্নিবেশিত আছে, আর রামায়ণাদিতে অভিনব ধর্ম্ম-প্রণালী সঞ্চারিত হইয়াছে, ইহা দেখিয়া অনেকে বিবেচনা করিতে পারেন, রামায়ণ ও মহাভারত সমগ্রই কল্পসূত্র সমুদায় সমাপ্ত হইবার সমধিক কাল পরে বিরচিত হয়। কিন্তু এরূপ মীমাংসা কদাচ সুযুক্তি-সম্ভূত নহে। বেদের অন্তর্গত ব্রাহ্মণ-ভাগ যেমন সংহিতা-ভাগ-সাপেক্ষ, কল্পসূত্র সমুদায় সেইরূপ ব্রাহ্মণ-ভাগ-সাপেক্ষ। অতএব এই তিনের পারম্পর্য্য বিষয়ে সংশয় হইবার সম্ভাবনা নাই। কিন্তু রামায়ণ ও মহাভারত সেরূপ কল্পসূত্র-সাপেক্ষ নয়। অতএব কল্পসূত্রের সহিত ঐ উভয়ের সেরূপ পারম্পর্য্য-সম্বন্ধ নির্দ্ধারিত হইতে পারে না। রামায়ণ ও মহাভারতের প্রাচীনতর অংশ-বিশেষ কল্পসূত্র অপেক্ষা প্রাচীন হওয়া অসম্ভব ও অসঙ্গত নয়। মনুসংহিতা ও আশ্বলায়নাদির গৃহ্যসূত্রেও ইতিহাস-পাঠের ব্যবস্থা আছে *। মহাভারত ইতিহাস বলিয়া পরিগণিত। তদনুসারে কুল্লুক ভট্ট ঐ ইতিহাস শব্দের অর্থ মহাভারতাদি বলিয়া ব্যাখ্যা করেন †। কিন্তু সেটি সন্দেহ-স্থল। ঐ বর্ত্তমান বৃহৎ পুস্তকের অনেকাংশ শিব ও বিষ্ণুর মহিমা-বর্ণনে পরিপূর্ণ। যদি ঐ পুস্তক মনুসংহিতা রচনা বা সঙ্কলনের সময়ে প্রচলিত থাকিত, তাহা হইলে তাহাতেও ঐ উভয় দেবতার মাহাত্ম্য-বিবরণ ও উপাসনা-প্রসঙ্গ সন্নিবেশিত হইত। তবে ঐ ইতিহাস শব্দ বর্ত্তমান মহাভারত-বাচক না হউক, উহার অন্তর্ভূত মূল উপাখ্যান ও অন্য অন্য প্রাচীন উপাখ্যান-বিশেষ-প্রতিপাদক হওয়া সম্ভব। পশ্চাৎ পুরাণ-প্রসঙ্গে দৃষ্ট হইবে, প্রচলিত পুরাণ ও মহাভারত রচিত ও সঙ্কলিত হইবার পূর্ব্বে প্রাচীনতর গ্রন্থ বা প্রবন্ধ-বিশেষ পুরাণ ও ইতিহাস বলিয়া প্রসিদ্ধ ছিল। সেই সমস্ত ইতিহাস এক্ষণকার প্রচলিত মহাভারতের অন্তর্নিবিষ্ট থাকা সর্ব্বতোভাবে সম্ভব। এরূপ জনপ্রবাদই আছে যে, "ভারত ছাড়া কথা নাই।"

পশ্চাৎ হরিবংশের প্রসঙ্গে দৃষ্ট হইবে, বাসবদত্তা-রচয়িতা সুবন্ধু খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রারম্ভে অথবা তাহার কিছু পূর্ব্বে বিদ্যমান ছিলেন ও তাঁহার সময়ে হরিবংশ-পুস্তকও সচরাচর প্রচলিত ছিল। মহাভারতের অপরাপর অংশ তদপেক্ষায় প্রাচীন ইহাও ঐ স্থলে দেখিতে পাওয়া যাইবে। অতএব আদি, সভা, বন প্রভৃতি অষ্টাদশ পর্ব্ব ঐ সময়ের বহু পূর্ব্বে সংকলিত ও বিরচিত হয় তাহার সন্দেহ নাই। বাসবদত্তার অন্তর্গত কুরু-বংশ, ভরত-বংশ, শান্তনু-সন্তান, ভীম, অর্জ্জুন, দ্রোণ, কর্ণ, কৃষ্ণ, কৃষ্ণা, ধৃষ্টদ্যুম্ন, কীচক, বৃহন্নলা, বিরাট, উত্তরগোগ্রহ, উত্তর-গোগ্রহে বৃহন্নলার প্রকাশ, ভারত-যুদ্ধ, মহাভারত-যুদ্ধ, দ্যূত-ক্রীড়ায়

* আশ্বলায়ন গৃহ্যসূত্র। ৩।৩। † মনুসংহিতা। ৩।২৩২ শ্লোকের টীকা।

পাণ্ডবগণের রাজ্য-চ্যুতি, দুর্য্যোধনের ঊরু-ভঙ্গ, ভীষ্মের শর-শয্যা, উলূক, দ্রোণ ও শকুনি ধৃতরাষ্ট্রের পুত্রগণ সম্বলিত কুরু-সৈন্যের অধ্যক্ষ, অর্জ্জুনের বাণ দ্বারা কুরু-সৈন্য সমাক্রান্ত ইত্যাদি মহাভারতীয় মূলোপাখ্যান সংক্রান্ত প্রধান প্রধান ব্যক্তির নাম ও যুদ্ধাদি নানা বিষয়ের উল্লেখ এবং ঐ গ্রন্থের প্রসঙ্গাধীন উপস্থিত নহুস, পুরোরবা, দুষ্মন্ত ও শকুন্তলা-প্রসঙ্গ, নল ও দময়ন্তী-প্রস্তাব প্রভৃতি মহাভারত সংক্রান্ত বিষয়ের প্রসঙ্গে উল্লিখিত অনুমান একরূপ সপ্রমাণ করিয়া দিতেছে। সুবন্ধুর ঐ পুস্তকে এইরূপ বিষয় সমস্ত উত্তরোত্তর পাঠ করিতে করিতে, তাঁহার সময়ে কোনরূপ অবস্থাপন্ন বর্ত্তমান মহাভারতই প্রচলিত ছিল এই রূপ প্রতীতি হইতে থাকে। ফলতঃ ঐ গ্রন্থে পর্ব্ব-সম্বলিত মহাভারতের নামও সুস্পষ্ট লিখিত আছে।

"भारतेनेव सुपर्व्वणा । *"

ধার্‌বার্‌ প্রদেশের অন্তর্গত ইবল্লী নামক স্থানের একটি শৈব মন্দিরে খোদিত শিলালিপি-বিশেষে কালিদাস ও ভারবির নাম উল্লেখিত আছে। ঐ সময়ের মধ্যে তাঁহাদিগের যশঃ-সৌরভ চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া যায়। উহা পাঁচ শত ছয় শকাব্দে অর্থাৎ পাঁচ শত চুরাশী খৃষ্টাব্দে খোদিত হয় †। অতএব তাঁহারা ঐ সময়ের পূর্ব্বতন লোক। যখন বাসবদত্তার প্রমাণানুসারে খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রারম্ভে ও তাহার পূর্ব্বে মহাভারত বিদ্যমান ছিল স্বীকার করিতে হইতেছে, তখন উহার দুই এক শত বৎসর পূর্ব্বের

---

* ঐ সময়ে একরূপ রামায়ণও বিদ্যমান ছিল। বাসবদত্তায় কেবল রাম, লক্ষ্মণ, ভরত, শত্রুঘ্ন, জনক, জনক-যজ্ঞভূমি, সীতা, দশরথ, রাবণ, কনক-মৃগ কর্ত্তৃক রামের চিত্তাকর্ষণ, সুগ্রীব, সুগ্রীব-সেনা, তারাপতি প্রভৃতি রামায়ণ সংক্রান্ত প্রধান প্রধান ব্যক্তির নাম ও তৎসংক্রান্ত কিছু কিছু উপাখ্যান-সূচনা সন্নিবেশিত আছে এমন নয়, বাল্মীকি কর্ত্তৃক ইক্ষ্বাকু-বংশ-বর্ণন-বিষয়ক গ্রন্থ-রচনা এবং রামায়ণ ও তাহার অন্তর্গত সুন্দরকাণ্ডের নাম সুস্পষ্ট লিখিত হইয়াছে।

"रामायणेनेव सुन्दरकाण्डचारुणा ।"

অতএব সুবন্ধুর সময়ে ও তাহার কিছু পূর্ব্বে অর্থাৎ ন্যূনাধিক চৌদ্দ শত বৎসর পূর্ব্বে কোনরূপ অবস্থাপন্ন বর্ত্তমান রামায়ণ ও মহাভারত সচরাচর প্রচলিত ছিল ইহাতে আর কিছুমাত্র সন্দেহ নাই। যে দেশ-সম্বন্ধীয় কোন প্রাচীন বিষয়ের সময় নিরূপণ করা দুঃসাধ্য বা অসাধ্য ব্যাপার, সে দেশের পক্ষে এটি একটি আদরণীয় কথা।

† The Journal of the Bombay Branch of the Royal Asiatic Society, Vol. IX, p. 315.

গ্রন্থকারেরা * নিজ সময়ে প্রচলিত মহাভারতীয় উপাখ্যান অবলম্বন করিয়া অভিজ্ঞানশকুন্তল ও কিরাতার্জ্জুনীয় রচনা করিয়াছেন এ কথাও সর্ব্বতোভাবে সম্ভাবিত ও যুক্তি-সিদ্ধ বলিতে হয়। মৃচ্ছকটিক এই সমুদায় অপেক্ষায় প্রাচীন গ্রন্থ †। এমন কি, খৃষ্টাব্দের দ্বিতীয় বা তৃতীয় শতাব্দী অপেক্ষায় কোন মতেই অপ্রাচীন বোধ হয় না। তাহাতেও রামায়ণোক্ত রাম ও হনুমানাদির ন্যায় মহাভারতোক্ত ধৃতরাষ্ট্র, যুধিষ্ঠির, দ্রৌপদী, সুভদ্রাদির ‡ নাম সন্নিবেশিত আছে। পশ্চাল্লিখিত শ্লোকটিতে কুরু ও পাণ্ডব বংশীয়দের প্রসঙ্গ-সহকারে যুধিষ্ঠিরের দ্যূত-ক্রীড়ায় পরাজয় ও পাণ্ডবদিগের বনবাস পর্য্যন্ত সুস্পষ্ট লিখিত হইয়াছে।

एतत्तद्धृतराष्ट्रचक्रसदृशं मेघान्धकारं नभो
हृष्टो गर्ज्जति चापि दर्पितबलो दुर्य्योधनो वा शिखी।
अक्षद्यूतजितोयुधिष्ठिर इवाध्वानं गतः कोकिलो
हंसाः सम्प्रति पाण्डवा इव वनादज्ञातचर्य्यं गताः॥

মৃচ্ছকটিক পঞ্চম অঙ্ক।

মেঘান্ধকারময় গগনমণ্ডল ধৃতরাষ্ট্রের কৌশল-চক্রের সদৃশ হইয়াছে। ময়ূর বল-দর্পে দর্পিত দুর্য্যোধনের ন্যায় হৃষ্ট মনে গর্জ্জন করিতেছে। কোকিল দ্যূত-ক্রীড়ায় পরাজিত যুধিষ্ঠিরের ন্যায় বন-মধ্যে গমন করিয়াছে। পাণ্ডবেরা যেরূপ বনবাস পরিত্যাগ করিয়া অজ্ঞাতবাসে অবস্থিতি করেন, সম্প্রতি হংসগণ সেইরূপ বন (অর্থাৎ জল) পরিত্যাগ করিয়া অজ্ঞাত-চর (অর্থাৎ অদৃশ্য) হইয়াছে।

এই গ্রন্থে রামায়ণ ও মহাভারতোক্ত উল্লিখিতরূপ বিষয় সমূহ সন্নিবেশিত থাকিয়া মৃচ্ছকটিক-প্রণয়ন-কালে ও তাহার কিছু পূর্ব্বে ঐ দুই মহাকাব্য বা তদীয় মূলোপাখ্যান-প্রচলন পক্ষে সাক্ষ্য দান করিতেছে।

ঐ ইবল্লীর খোদিত লিপির তারিখে ভারত-যুদ্ধের সুস্পষ্ট উল্লেখ

---

* অভিজ্ঞানশকুন্তল-প্রণেতা সুপ্রসিদ্ধ কবি কালিদাস খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীর পর ও ষষ্ঠ শতাব্দীর পূর্ব্বে বিদ্যমান ছিলেন। পরিশিষ্টে এবিষয় পর্য্যালোচনা করিবার ইচ্ছা আছে।

† শৈব-সম্প্রদায় পৃষ্ঠা দেখ। তথায় মৃচ্ছকটিক কেনর্কি অর্থাৎ সংস্কৃত শাস্ত্রোক্ত কনিষ্ক রাজার উত্তরকালে রচিত বলিয়া বিবেচিত হইয়াছে। শ্রীমান্ লেসেনের বিচারানুসারে বিবেচনা হয়, ঐ রাজা খৃষ্টাব্দের প্রথম শতাব্দীর প্রথম ভাগে রাজত্ব করেন।

‡ প্রথম অঙ্কে শকারের উক্তি দেখ।

আছে। ঐ লিপি ঐ যুদ্ধের ৩৭৩০ তিন হাজার সাতশত ত্রিশ বৎসর পরে খোদিত বলিয়া লিখিত রহিয়াছে। ইহার পূর্ব্বে খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দীর প্রথমার্দ্ধে খোদিত চালুক্য ও গুর্জ্জর রাজ-বংশীয়দের তাম্রপত্রে কতকগুলি শ্লোক সন্নিবেশিত আছে; তাহা যুধিষ্ঠিরকে সম্বোধন পূর্ব্বক লিখিত ও বেদব্যাস কর্ত্তৃক বিরচিত * বলিয়া উল্লিখিত হইয়াছে †। অতএব ঐ সমুদায় তাম্রপত্রাদি খোদিত হইবার সময়ে মহাভারতীয় মূল উপাখ্যানটি, এবং ব্যাসোক্তির উল্লেখ থাকাতে বোধ হয় যে, এক রূপ মহাভারত গ্রন্থই প্রচলিত ছিল। আর নাসিক নামক স্থানের গিরি-গুহায় খ্রীষ্টাব্দের প্রথম বা চতুর্থ শতাব্দীতে ‡ খোদিত কতকগুলি লিপি বিদ্যমান আছে, তাহার এক খানিতে ভীম, অর্জ্জুন, জনমেজয়ের সহিত মহারাজ গোতমী-পুত্রের তুলনা করা হইয়াছে ¶।

অষ্টাদশ পর্ব্বের কোন পর্ব্বে ন্যূনাধিক সতর শত বৎসরের মধ্যে সংঘটিত কোন সুনির্দ্দিষ্ট ঘটনা ও সুনিশ্চিত বিষয়ের কিছুমাত্র নিদর্শন লক্ষিত হয় না। অতএব ঐ সমস্ত ঐ সময়ের মধ্যে বিরচিত বলিয়া অনুমান করিবার কোন কারণ নাই।

পশ্চাৎ দৃষ্ট হইবে, পূর্ব্বোল্লিখিত কল্পসূত্রকার আশ্বলায়ন ও বৈয়াকরণ পাণিনি প্রায় এক সময়ে অথবা কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ জীবিত ছিলেন। সেই পাণিনির ব্যাকরণে মহাভারতীয় মূলোপাখ্যানের বহুবিধ বিষয় লক্ষিত হইয়া থাকে। তদীয় সূত্রের মধ্যেই কুরু-বংশ, অর্জ্জুন, যুধিষ্ঠির, বাসুদেব ও মহাভারতাদি নামের প্রসঙ্গ বা সুস্পষ্ট নিদর্শন বিদ্যমান রহিয়াছে।

ऋष्यन्धकवृष्णिकुरुभ्यश्च ॥ (৪।১।১৪৪।)

---

* "उक्तञ्च भगवता वेदव्यासेन व्यासेन"।

† The Journal of the Royal Asiatic Society, New Series, vol. I. pp. 269, 270 and 276.

‡ উহার তারিখ ঊনবিংশ সংবৎসর বলিয়া লিখিত আছে। উটি প্রচলিত সংবৎ হইলে, সাতাত্তর খৃষ্টাব্দ এবং বল্লভি অব্দ হইলে তিন শত সাইত্রিশ খৃষ্টাব্দ হয়।

¶ राम केसवे अुन भीमसेन तुल्यपरकमस * * * * * * नभाग नहुस जनमेजय सकर (सारि ?) ययाति राम बलदेव समतेजस।

রাম, কেশব, অর্জ্জুন ও ভীমসেনের তুল্য পরাক্রমশালী * * * *। নভাগ, নহুস, জনমেজয়, শকারি অর্থাৎ বিক্রমাদিত্য, যযাতি ও বলরামের তুল্য তেজস্বী। Journal of the Bombay Branch of the Royal Asiatic Society, vol. V. p. 41.

ঋবি, অন্ধক, বৃষ্ণি, কুরু এই সমস্ত বংশ-বাচক শব্দের উত্তর অপত্যার্থে অণ্ হয়; যেমন বাসুদেব, নাকুল, সাহদেব ইত্যাদি।

**वासुदेवार्जुनाभ्यां वुन्।** (৪।৩।৯৮।)

বাসুদেব ও অর্জ্জুন এই দুই শব্দের পর ষষ্ঠার্থে বুন্ আদেশ হয়; যেমন বাসুদেবের প্রতি যাহার ভক্তি, সে বাসুদেবক, এবং অর্জ্জুনের প্রতি যাহার ভক্তি, সে অর্জ্জুনক।

**महान् व्रीह्यपराह्णगृष्टीष्वासजाबालभारभारतहैलिहिलरौरवप्रवृद्धेषु।** (৬।২।৩৮।)

ব্রীহি, অপরাহ্ণ, গৃষ্টী, ঘাস, জাবাল, ভার, ভারত, হৈলিহিল, রৌরব, প্রবৃদ্ধ এই দশ শব্দ পরে থাকিলে, তাহাদের পূর্ব্বে মহৎ শব্দ সংযুক্ত হয়; যেমন মহাব্রীহি, মহাপরাহ্ণ, মহাভারত * ইত্যাদি।

**नभ्राज्नपान्नवेदानासत्यानमुचिनकुलनखनपुंसकनक्षत्रनक्रनाकेषु प्रकृत्या।** (৬।৩।৭৫।)

নভ্রাজ্, নপাত্, নবেদস্, নাসত্যা, নমুচি, নকুল, নখ, নপুংসক, নক্ষত্র, নক্র, নাক এই সকল শব্দের প্রকৃতি-ভূত নঞ্ অর্থাৎ নিষেধার্থক নকারের লোপ হয় না; যেমন যার কুল নাই, সে নকুল ইত্যাদি।

**गवियुधिभ्यां स्थिरः।** (৮।৩।৯৫।)

গবি ও যুধি শব্দের উত্তর স্থির শব্দের সকার স্থানে ষকারের আদেশ হয়; যেমন গবিষ্ঠির ও যুধিষ্ঠির।

এই কয়েকটি সূত্রের মধ্যে দ্বিতীয় সূত্রে প্রকাশ করিতেছে, পাণিনির সময়ে অর্থাৎ তাদৃশ পূর্ব্বকালেও অর্জ্জুন ও বাসুদেব পূজাস্পদ ও শ্রদ্ধাস্পদ এবং সুতরাং পূর্ব্বকালীন মহাপুরুষ বলিয়া পরিগণিত ছিলেন। পাণিনি-সূত্রের ব্যাখ্যাতে উল্লিখিত সমুদায় নাম এবং ভীম, সহদেব, কুন্তী,

---

* শ্রীমান্ বেবের এস্থলের মহাভারত শব্দটি ভরত-কুলোদ্ভব প্রধান ব্যক্তি-বাচক বলিয়া বিবেচনা করিয়াছেন। (History of Indian Literature translated by Mann and Zachariae, p. 185.) ইহা হইলে, মহাভারতে বর্ণিত ভারত-বংশের বিষয় পাণিনির সময়ে সুপ্রসিদ্ধ ছিল ইহাই বিজ্ঞাপন করা এই সূত্র উদ্ধৃত করিবার উদ্দেশ্য মনে করিতে হইবে।

মাদ্রী ও সুভদ্রার নাম ও ভারত-সংগ্রামের বিষয় সুস্পষ্ট লিখিত আছে *। ফলতঃ পাণিনি ব্যাকরণ পাঠ করিয়া গেলে, তাহা রচিত হইবার সময়ে মহাভারতীয় মূল উপাখ্যানটি একটি লোক-প্রসিদ্ধ পুরাতন কথা বলিয়া প্রচলিত ছিল ইহা স্বতই প্রতীয়মান হইতে থাকে।

পতঞ্জলি ঐ পাণিনি-সূত্রের মহাভাষ্যের মধ্যে নকুল, সহদেব, ভীমসেন, দুঃশাসন ও দুর্য্যোধনের নাম লিখিয়া গিয়াছেন †। তিনি ভীম, নকুল ও সহদেবকে কুরু-বংশীয় এবং যুধিষ্ঠিরকে অর্জ্জুনের জ্যেষ্ঠ সহোদর বলিয়া বর্ণন করিয়াছেন ‡। তাঁহার সময়ে ঐ সমস্ত ব্যক্তির নাম সর্ব্বলোক-প্রসিদ্ধ ছিল এইরূপ প্রকাশ করিয়া গিয়াছেন ¶। কেবল কৌরব ও পাণ্ডবগণের নামোল্লেখ করিয়া নিরস্ত হন নাই; ভারত-যুদ্ধের বিষয়ও কীর্ত্তন করিয়াছেন।

**धर्म्मेण स्म कुरवो युध्यन्ते**। (৩।২।১১৮ সূত্রের ভাষ্য।)

কুরু-বংশীয়েরা ন্যায়-সঙ্গত যুদ্ধ করিয়াছিলেন।

এইরূপ প্রচুর প্রমাণ ব্যতিরেকেও, মহাভাষ্যের মধ্যে একটি স্থলে § গ্রন্থ-বিশেষ হইতে উদ্ধৃত ও পাণ্ডব-যুদ্ধের বর্ণনাত্মক একটি বাক্য পদ্য-ছন্দে রচিত দেখিয়া, রামকৃষ্ণগোপাল ভাণ্ডারকর বিবেচনা করিয়াছেন, পতঞ্জলির সময়ে মহাভারতীয় উপাখ্যান বিষয়ক কাব্য-বিশেষ বিদ্যমান ছিল, তাহা হইতে তিনি উক্ত চরণটি উদ্ধৃত করেন। সে চরণটি এই,

**असिद्वितीयोऽनुससार पाण्डवम्**।

খড়্গ হস্তে করিয়া পাণ্ডবের পশ্চাৎ পশ্চাৎ গমন করিয়াছিলেন ‖।

ঐ মহাভাষ্য-রচয়িতা মহাভারতীয় উপাখ্যান বিষয়ক গ্রন্থ-বিশেষ অবগত ছিলেন এমন নয়, যেমন, তৈত্তিরীয় আরণ্যকে ও সামবিধান ব্রাহ্মণে

---

* পাণিনি ।৪।১।৬৫, ১৭৬ ও ১৭৭॥ ৪।১।১১৪॥ ৪।২।৫৬॥ ৪।৩।৮৭॥ ৬।১।২০৫॥ † ৪, ১, ৪ এবং ৩, ৩, ১ সংখ্যক পাণিনি-সূত্রের ভাষ্যে।

‡ ২, ২, ৩৪ সংখ্যক পাণিনি-সূত্রের ভাষ্যে।

¶ ৮, ১, ১৫ সংখ্যক পাণিনি-সূত্রের ভাষ্যে।

§ পাণিনির দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় পাদের চব্বিশ সূত্রের ভাষ্যে।

‖ পতঞ্জলির ও তাঁহার পূর্ব্বতন গ্রন্থকার-বিশেষের গ্রন্থে পাণ্ডব শব্দ দেখিতে পাওয়া যাইতেছে। কাত্যায়নও পাণ্ডু ও পাণ্ডু-সন্তান-বাচক পাণ্ড্য শব্দ ব্যবহার করিয়াছেন। কিন্তু পাণিনি-সূত্রে পাণ্ডু ও পাণ্ডব নাম বিদ্যমান নাই। বেদ শাস্ত্রে কুরু ও ভারত-বংশীয়দিগের নাম সন্নিবেশিত আছে, কিন্তু পাণ্ডব নাম দেখিতে পাওয়া যায় না। উহাতে কুরু-পাণ্ডবের যুদ্ধ-প্রসঙ্গও দৃষ্ট হয় না।
—Muller's Ancient Sanskrit Literature, p, 44.

সন্নিবিষ্ট 'ব্যাস পারাশর্য্য' শব্দ দৃষ্টে প্রতীতি হয়, তাদৃশ প্রাচীন গ্রন্থকারেরাও ব্যাস-সংক্রান্ত কথা জানিতেন, সেইরূপ, ঐ ভাষ্যের অন্তর্গত

---

বৌদ্ধ-গ্রন্থকারেরা পাণ্ডব নামে পর্ব্বত-বাসী একটি জাতির নাম উল্লেখ করিয়া গিয়াছেন; তাহারা উজ্জয়িনী ও কোশল-বাসীদের শক্র ছিল। (Weber's H. I. Literature 1878, P. 185.) মহাভারতে পাণ্ডবদিগকে হস্তিনাপুর-বাসী বলিয়া বর্ণন করা হইয়াছে বটে, কিন্তু ঐ গ্রন্থেরও স্থল-বিশেষে লিখিত আছে, প্রথমে তাঁহারা হিমালয় পর্ব্বতে থাকিয়া পরিবর্দ্ধিত হন।

এবং পাণ্ডোঃ সুতাঃ পঞ্চ দেবদত্তা মহাবলাঃ। * * *

* * বিবৃদ্ধিমাগতাস্তে তত্র পুণ্যে হৈমবতে গিরৌ॥

আদিপর্ব্ব। ১২৪। ২৭—২৯।

এই রূপে, পাণ্ডুর দেব-দত্ত পাঁচটি মহাবল পুত্র * * * সেই পবিত্র হিমালয় পর্ব্বতে পরিবর্দ্ধিত হইতে থাকেন।

প্লিনি ও সোলিনস্ নামে গ্রীক্ গ্রন্থকারেরা ভারতবর্ষের পশ্চিমোত্তর দিকে বাহ্লীক দেশের উত্তরাংশে সোগ্‌ডিয়েনা দেশের একটি নগরের নাম পাণ্ড্য বলিয়া উল্লেখ করিয়াছেন এবং সিন্ধু নদীর মুখ-সমীপস্থ জাতি-বিশেষকেও পাণ্ড্য বলিয়া লিখিয়া গিয়াছেন। ভূগোলবিৎ টলেমি পাণ্ড্য নামক লোক-বিশেষকে বিতস্তা নদীর সমীপস্থ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। কাত্যায়ন একটি পাণিনিসূত্রের বার্ত্তিকে পাণ্ডু হইতে পাণ্ড্য শব্দ নিষ্পন্ন করিয়াছেন *। লক্ষ্মীধর স্বকৃত ষড়্‌ভাষাচন্দ্রিকার মধ্যে কেকয় বাহ্লীকাদি উত্তর দিকস্থ কতকগুলি জনপদের সহিত পাণ্ড্য দেশের নাম উল্লেখ করিয়াছেন এবং সে সমুদায়কে পিশাচ অর্থাৎ অসভ্য দেশ-বিশেষ বলিয়া কীর্ত্তন করিয়া গিয়াছেন।

"পাণ্ড্যকেকয়বাহ্লীক * * * * এতে পৈশাচদেশাঃ স্যুঃ।"

হরিবংশে দক্ষিণ দিকস্থ চোল কেরলাদির সহিত পাণ্ড্য দেশের নাম উল্লিখিত আছে। (হরিবংশ, ৩২অ, ১২৪ শ্লো।) অতএব উহা দক্ষিণাপথের অন্তর্গত পাণ্ড্য দেশ। শ্রীমান্ উইল্‌সন্ বিবেচনা করেন, ঐ জাতীয় লোক প্রথমে সোগ্‌ডিয়েনা দেশের অধিবাসী ছিল; তথা হইতে ক্রমশঃ ভারতবর্ষে আসিয়া বাস করে এবং উত্তরোত্তর ঐ সমস্ত ভিন্ন ভিন্ন স্থানে অধিবাস করিয়া পশ্চাৎ হস্তিনা-পুর-বাসী হয়, ও অবশেষে দক্ষিণাপথে গিয়া পাণ্ড্য রাজ্য সংস্থাপন করে।—Asiatic Researches, Vol. XV. pp. 95 and 96.

রাজতরঙ্গিনীর মতে, কাশ্মীর রাজ্যের প্রথম রাজারা কুরু-বংশীয়। অতএব ঐ প্রদেশ হইতে পাণ্ডবদের হস্তিনায় আসিয়া উপনিবেশ করা সম্ভব। তাঁহারা মধ্যদেশ-বাসী অথচ কিরূপে পাণ্ডব বলিয়া পরিচিত হইলেন এই সমস্যা-পূরণা-

---

* পাণ্ডোর্ড্যণ্ বক্তব্যঃ।—বার্ত্তিক।

'শুক বৈয়াসকি' শব্দ পাঠে জানিতে পারা যায়, পতঞ্জলি ব্যাস-বিষয়ক উপাখ্যানও জ্ঞাত ছিলেন তাহার সন্দেহ নাই *।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, এইটি প্রতীয়মান হইয়া উঠে যে, পতঞ্জলি ও পাণিনির সময়ে মহাভারতের মূল বৃত্তান্তটি একটি পুরাতন কথা বলিয়া প্রচলিত ছিল। পাণিনি ব্যাকরণ-সূত্র ও কাত্যায়ন তাহার বার্ত্তিক করেন, এবং পতঞ্জলি ঐ উভয় লক্ষ্য করিয়া মহাভাষ্য প্রস্তুত করিয়া যান। পতঞ্জলি খৃ, পূ, দ্বিতীয় শতাব্দীতে বিদ্যমান ছিলেন †।

---

থেই কি পাণ্ডু-পুত্র পাণ্ডব বলিয়া ক্রমশঃ একটি জনপ্রবাদ প্রচারিত হইল? তাঁহাদের জন্ম-বৃত্তান্ত-ঘটিত গোলযোগ প্রসিদ্ধই আছে। লোকেও তাহাতে সংশয় প্রকাশ করিয়াছিল তাহারও নিদর্শন পাওয়া যায়।

চিরমৃতঃ পাণ্ডুঃ কথং তস্যেতি চাপরে।

আদিপর্ব্ব। ১। ১১৭।

অন্য অন্য লোকে বলিল, বহুকাল অতীত হইল, পাণ্ডু প্রাণ ত্যাগ করিয়াছেন; অতএব ইঁহারা কিরূপে তদীয় পুত্র হইতে পারেন?

ইয়ুরোপীয় কোন কোন প্রধান গ্রন্থকার অনুমান করেন, পাণ্ডু ও পাণ্ডব শব্দ সংক্রান্ত কথাগুলি প্রথমকার মহাভারতে সন্নিবিষ্ট ছিল না।—Müller's Ancient Sanskrit Literature, pp. 44—45 দেখ।

* Weber's History of Indian Literature, P. 184 দেখ।

কেবল হিন্দুরা নয়, হিন্দু-দ্বেষী বৌদ্ধেরাও ব্যাস নামের মহিমা স্বীকার করিতে ত্রুটি করেন নাই। তাঁহাদের বুদ্ধ দেবের একটি জন্মান্তরীণ নাম কৃষ্ণ-দ্বৈপায়ন। এটি কৃষ্ণ-দ্বৈপায়নের রূপান্তর বই আর কিছুই নয়।—Ibid.

† ১৩ পৃষ্ঠা দেখ। পতঞ্জলি মগধ-রাজ্যের মৌর্য্যবংশীয় রাজাদের বিষয় যেরূপ লিখিয়াছেন*, তাহাতে বোধ হয়, তিনি সেই সমস্ত নৃপতিকে অথবা তন্মধ্যে কতকগুলিকে পূর্ব্বতন লোক বলিয়া জানিতেন। তাঁহারা খৃ, পূ, তিনশত পোনর হইতে খৃ, পূ, এক শত পঁচানব্বই বৎসর পর্য্যন্ত রাজত্ব করেন। এ কথাটির সহিত উল্লিখিত অভিপ্রায় সর্ব্বতোভাবে সঙ্গত দেখা যাইতেছে। রাজতরঙ্গিণীর ১। ১৭৬ শ্লোকে লিখিত আছে, কাশ্মীরের রাজা অভিমন্যুর সময়ে ঐ রাজ্যে মহাভাষ্যের অধ্যয়ন-অধ্যাপনা প্রবর্ত্তিত হয়। তিনি চৌষট্টি খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। অতএব এবিষয়টির সহিতও ঐ সিদ্ধান্তের কিছুমাত্র অসঙ্গতি নাই। মহাভাষ্যের রচনা-কালটি পূর্ব্বরূপ কৌশল-ক্রমে একরূপ নির্দ্ধারিত

---

* মৌর্য্যৈর্হিরণ্যার্থিভিরর্চ্চাঃ প্রকল্পিতাঃ।

৫। ৩। ৯৯ পাণিনি-সূত্রের ভাষ্য।

সুবর্ণাভিলাষী মৌর্য্যবংশীয়েরা দেব-প্রতিমা প্রস্তুত করেন।

পাণিনি তাঁহার বহু পূর্ব্বের লোক তাহার সন্দেহ নাই। হিন্দুজাতির প্রাচীন ইতিহাস সম্বন্ধে অনেক বিষয়েরই সময় নিরূপণ করা দুঃসাধ্য বা অসাধ্য ব্যাপার। পাণিনির সময়টিও তাহার মধ্যে পরিগণিত। কথা-সরিৎসাগরে লিখিত আছে, পাণিনি ও কাত্যায়ন উভয়েই মহারাজ নন্দের সমকালবর্ত্তী ছিলেন। নন্দ খৃ, পূ, চতুর্থ শতাব্দীতে মগধ-রাজ্যে রাজত্ব করেন। অতএব ঐ কথানুসারে পাণিনিও সেই সময়ে জীবিত ছিলেন বলিতে হয়। একখানি উপাখ্যান-গ্রন্থের উপাখ্যান-বিশেষের উপর নির্ভর করিয়া এই সিদ্ধান্তটি করা হইয়াছে। কিন্তু কাত্যায়ন যখন পাণিনি-সূত্রের বার্ত্তিক অর্থাৎ অর্থ পরিষ্কার করেন, তখন পাণিনি তাঁহার অপেক্ষায় পূর্ব্বতন লোক হওয়া সর্ব্বতোভাবে সম্ভব। কাত্যায়নের পূর্ব্বে পাণিনি-সূত্রের অর্থ-স্বরূপ কতকগুলি পরিভাষা প্রচলিত হয়; কাত্যায়ন মধ্যে মধ্যে তাহা উদ্ধৃত করিয়া যান *। সেই সমস্ত পরিভাষা-রচয়িতা-দের নাম লুপ্ত হইয়া গিয়াছে। কাত্যায়নও তাহা অবগত ছিলেন না। অতএব তাঁহার সময়েও সে সমুদায় পুরাতন বলিয়া গণ্য হইয়াছিল। অতএব পাণিনির ঠিক পরেই যে কাত্যায়ন বার্ত্তিক করেন এমন নয়; তাঁহার পূর্ব্বে ঐ সমস্ত পরিভাষা বিরচিত হয়। ইহা হইলে ঐ উভ-য়কে কোন মতেই সমকালবর্ত্তী বলিয়া বিবেচনা করা যায় না। কথাসরিৎ-সাগরের বচনানুসারে তাহার অন্যথা স্বীকার করিবার প্রয়োজন নাই। সংস্কৃত গ্রন্থকারেরা ও বিশেষতঃ উপন্যাস-রচয়িতারা ভিন্ন ভিন্ন সময়ের

---

হইলেও, তাহা একেবারে অবিসম্বাদিত নাই। শ্রীমান্ বেবের্ ভারতবর্ষীয় অনেক বিষয়েরই প্রাচীনত্ব-সম্ভাবনার প্রতিকূল পক্ষে অবিচলিত ভাবে দণ্ডায়মান রহি-য়াছেন। তিনি এবং বর্নেল্ * ঐ গ্রন্থকে এক খানি অপ্রাচীন সংগ্রহ-পুস্তক ও এমন কি, খৃষ্টাব্দের সপ্তম বা অষ্টম শতাব্দীতে সংকলিত বলিয়া ব্যক্ত করিয়া-ছেন। এই শেষোক্ত কথাটির তো কিছুমাত্র প্রমাণ দেখিতে পাওয়া যায় না। শ্রীমান্ কিল্‌হরন্ ও রামকৃষ্ণ গোপাল ভাণ্ডারকর তাঁহাদের যুক্তিগুলি একাদি-ক্রমে পর্য্যালোচনা করিয়া সতেজ ভাবে উত্তর প্রদান করিয়াছেন। এইপ্রকারে এবিষয়ে অনেক দিন ব্যাপিয়া উভয় পক্ষের বাদানুবাদ চলিয়া আসিয়াছে।— Indian Antiquary August 1876, pp. 241-251, December 1876, pp. 345-350. October 1877. pp 301-307, Kielhorn's Essay on Kátyáyana and Patanjali, December 1876 এই সমস্ত দেখিও।

* যেমন ১।১।৬৫ পাণিনিসূত্রের বার্ত্তিকে উক্ত "নানর্থকে অলোঽন্ত্যবিধিঃ" ইত্যাদি পরিভাষা।

---

* In his Essay on the Aindra School of Grammarians, p. 91.

ব্যক্তিদিগকে একত্র মিলিত ও পরস্পর সাক্ষাৎ করাইয়া দেন এবিষয়ের উদাহরণের অসদ্ভাব নাই। শ্রীমান্ গোল্ড্‌স্টুকর্ পাণিনিকে কাত্যায়ন অপেক্ষা বহু পূর্ব্বের লোক এবং এমন কি, বৌদ্ধধর্ম্ম-প্রচারেরও পূর্ব্বকালীন মনুষ্য বলিয়া বিবেচনা করিয়াছেন।

পাণিনির সময়ে যে সকল শব্দরূপ প্রচলিত ছিল, কাত্যায়নের পূর্ব্বে তাহার মধ্যে কতকগুলি অপ্রচলিত বা অশুদ্ধ বলিয়া গণ্য হয়; যেমন বাগ্ময়, ত্বগ্ময় ও ক্লীবলিঙ্গ-বাচক একতরদ্ *। পাণিনির সময়ে যে শব্দের যে অর্থ প্রচলিত ছিল, কাত্যায়নের পূর্ব্বে তাহার মধ্যে কতকগুলির অর্থান্তর উপস্থিত হয়; যেমন ভক্ষ্য ও পেয় উভয় অর্থে ভক্ষ্য শব্দ †। পাণিনির সময়ে প্রচলিত অনেক শব্দ ও শব্দার্থ কাত্যায়নের সময় মধ্যে অব্যবহার্য্য হইয়া যায়; যেমন ভক্ষণার্থ প্রত্যবসান শব্দ ‡, বেদমন্ত্র-বাচক ঋষি শব্দ ¶, ঋত্বিক্-বাচক হোত্রা শব্দ§। কাত্যায়নের সময়ে কোন কোন প্রচলিত শাস্ত্রই পাণিনির সময় পর্য্যন্ত প্রবর্ত্তিত হয় নাই; যেমন আরণ্যক ‖ উপনিষদ্, বাজসনেয়ি সংহিতা ও শতপথ-ব্রাহ্মণ। পাণিনি আরণ্যক ও উপনিষদ্ ** শব্দের অন্যরূপ অর্থ করিয়াছেন; শাস্ত্র-বিশেষ বলিয়া ব্যক্ত করেন নাই। তাঁহার সময়ে ঐ দুই শাস্ত্র প্রচলিত থাকিলে, তাহা না করা কোনরূপেই সম্ভব নয়। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে পাণিনিকে কাত্যায়নের বহু পূর্ব্বের লোক বলিয়া সহজেই বিশ্বাস করিতে হয়। এমন কি শতাধিক বৎসর অপেক্ষা অল্প পূর্ব্বের মনে করিতে পারা যায় না। পাণিনি-সূত্রের কোন স্থানে বৌদ্ধধর্ম্ম-প্রবর্ত্তক শাক্য মুনির নাম উল্লিখিত নাই। বৌদ্ধমতানুযায়ী মুক্তির নাম নির্ব্বাণ। পাণিনি একটি সূত্রে (অর্থাৎ ৮।২।৫০ সূত্রে) ঐ শব্দের অন্যরূপ অর্থ করেন; উল্লিখিত রূপ মুক্তি বলিয়া উল্লেখ করেন নাই। তাঁহার সময়ে বৌদ্ধধর্ম্ম প্রচলিত থাকিলে, তাহা না করা কোন মতেই সম্ভব নয়। বৌদ্ধশাস্ত্রোক্ত নির্ব্বাণটি ক্লীবলিঙ্গ-বাচক বিশেষ্য-পদ, কিন্তু পাণিনি-প্রোক্ত নির্ব্বাণ শব্দটি ত্রিলিঙ্গ-বাচক বিশেষণ। অতএব তাঁহাকে ঐ ধর্ম্ম-প্রচলনের অর্থাৎ খৃ, পূ, পঞ্চম শতাব্দীর পূর্ব্বতন লোক বলিয়া বিবেচনা করাই যুক্তি-সিদ্ধ বোধ হয়। ††

---

* পাণিনি-সূত্র। ৭।১।২৫ ও ৮।৪।৪৫। † ৭।৩।৬৯। ‡ ৩।৪।৭৬।

¶ ৪।৪।৯৬। § ৫।১।১৩৫।

‖ এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৮৬ পৃষ্ঠা দেখ।

** পাণিনিসূত্র। ১।৪।৭৯।

†† Goldstücker's Mánava-Kalpa-Sútra, Preface pp. 112—140.

যাহা হউক, খৃ, পূ, পঞ্চম বা ষষ্ঠ শতাব্দীতে মহাভারতের মূল উপাখ্যানটি একটি পুরাতন উপাখ্যান বলিয়া প্রচলিত ছিল এ কথা অক্লেশেই স্বীকার করা যায়। পূর্ব্বেও মিগেস্থিনিজ্ ভারতবর্ষীয় মহাকাব্য-কীর্ত্তনের বিষয় যাহা লিখিয়া গিয়াছেন, তাহাতেও ইহার সম্পূর্ণ পোষকতা করিয়া দিতেছে *। ইহা হইলে আদিম মহাভারতের বয়ঃক্রম চব্বিশ বা পঁচিশ শত বৎসর অপেক্ষা ন্যূন হয় না।

উল্লিখিত বৈয়াকরণ কাত্যায়নই কল্পসূত্রকার কাত্যায়ন। তিনি যেমন পাণিনিসূত্রের বার্ত্তিক করেন, সেইরূপ কল্পসূত্র প্রভৃতি অন্যান্য অনেক পুস্তকও প্রস্তুত করিয়া যান এইরূপ লিখিত আছে। পণ্ডিত-সমাজেও তাহা স্বীকৃত হইয়া থাকে। ষড়্গুরুশিষ্য কাত্যায়ন-কৃত সর্ব্বানুক্র মুনির বিবরণে লিখিয়া গিয়াছেন,

कात्यायनमुनिर्मेने त्रयोदशकमत्र तु ॥
शौनकीयं च दशकं तच्छिष्यस्य त्रिकं तथा ।
द्वादशाध्यायकं सूत्रं चतुष्कं गृह्यमेव च ॥
चतुर्थारण्यकं चेति ह्याश्वलायनसूत्रकं ।
सशिष्यशौनकाचार्य्यत्रयोदशकविन्मुनिः ॥
वाजिनां सूत्रकृत्साम्नामुपग्रन्थस्य कारकः ।
स्मृतेश्च कर्त्ता श्लोकानां भ्राजमानां च कारकः ॥
चयर्व्वणां निर्ममे यः सम्यग्वै ब्राह्मकारिकाः ।
महावार्त्तिकनौकारः पाणिनीयमहार्णवे ॥

কাত্যায়ন মুনি ত্রয়োদশ খানি সূত্র-গ্রন্থ স্বীকার করেন; তন্মধ্যে দশখানি শৌনকের কৃত ও তিনখানি তদীয় শিষ্য আশ্বলায়নের † প্রণীত। দ্বাদশ-অধ্যায়-বিশিষ্ট সূত্র, চারি-অধ্যায়-বিশিষ্ট গৃহ্যসূত্র এবং চতুর্থ আরণ্যক এই তিন প্রকার গ্রন্থ আশ্বলায়নের কৃত। শৌনক ও তদীয়

---

* ৮৩ পৃষ্ঠা দেখ।

† शौनकस्य तु शिष्योऽभूद्भगवानाश्वलायनः ।
स तस्माच्छ्रुतवान् यः सूत्रं कृत्वा न्यवेदयत् ।
षड्गुरुशिष्य ।

শিষ্য আশ্বলায়নের ত্রয়োদশ খানি গ্রন্থ অবগত হইয়া, কাত্যায়ন মুনি বাজিন্ নামক শুক্ল-যজুর্ব্বেদী আচার্য্যদিগের সূত্র সমুদয়, সামবেদের উপ-গ্রন্থ, স্মৃতির শ্লোক. * * * অথর্ব্বণদিগের সম্যক্ ব্রহ্মকারিকা এবং পাণিনি-সূত্র-রূপ মহাসাগরের পোত-স্বরূপ মহাবার্ত্তিক প্রস্তুত করেন।

ইহাতে স্পষ্ট দেখিতে পাওয়া যাইতেছে, আশ্বলায়ন কাত্যায়নের পূর্ব্ব-তন লোক। অগ্রে শৌনক, পরে আশ্বলায়ন, অনন্তর কাত্যায়ন কল্পসূত্র রচনা করেন। যদি কাত্যায়ন খৃ, পূ, চতুর্থ শতাব্দীর লোক হন, তাহা হইলে আশ্বলায়নকে তদপেক্ষা প্রাচীন বলিতে হইবে। কত প্রাচীন, তাহা নিশ্চয় বলা যায় না। চরক* ও বৃহদ্দেবতাদি অপেক্ষাকৃত প্রাচীন গ্রন্থে আশ্বলা-য়নের নাম উল্লিখিত আছে। ঋগ্বেদপ্রাতিশাখ্য আশ্বলায়ন-গুরু শৌনকের প্রণীত বলিয়া কীর্ত্তিত হইয়াছে। গ্রন্থ-বিশেষের স্থানে স্থানে আশ্বলায়ন-ব্রাহ্মণ নামক ব্রাহ্মণ-বিশেষের বচন উদ্ধৃত হইয়াছে। একখানি আরণ্যকের নাম আশ্বলায়ন-আরণ্যক†। এই সমস্ত প্রমাণানুসারে, আশ্বলায়নকে একটি সমধিক প্রাচীন গ্রন্থকার বলিয়া প্রতীতি জন্মে। কিন্তু পাণিনির সময় পর্য্যন্ত আরণ্যক-শাস্ত্রের সৃষ্টি হয় নাই‡। অতএব পাণিনিকে ঐ আরণ্যক রচয়িতা আশ্বলায়ন অপেক্ষা পূর্ব্বতন লোক বলিয়া মনে হয়। কিন্তু অধিক পূর্ব্বতনও বোধ হয় না। পাণিনি তদীয় গুরু শৌনকের নাম উল্লেখ করিয়াছেন¶। ইহা হইলে পাণিনি ও আশ্বলায়ন উভয়কে প্রায় সমকালবর্ত্তী বলিয়া বিবেচনা করিতে হয়। তবে আশ্বলায়ন কিছু পরে প্রাদুর্ভূত হইয়া থাকিবেন। সেই আশ্বলায়ন গৃহ্যসূত্রের মধ্যে মহাভারতের নামোল্লেখ করিয়া গিয়াছেন। উপনয়ন-কালে যজ্ঞোপবীত গ্রহণ করিবার সময় ঋষিদিগের তৃপ্তি-সাধন করিবার ব্যবস্থা আছে, তাহার মধ্যে অন্য অন্য ঋষির সহিত ভারত বা মহাভারত-ধর্ম্মাচার্য্যগণের নাম সন্নিবেশিত হইয়াছে।

সুমন্তুজৈমিনিবৈশম্পায়নপৈলসূত্রভাষ্যভারতধর্ম্মাচার্য্যাঃ §
* * * * * যে চান্যে আচার্য্যাস্তে সর্ব্বে তৃপ্যন্ত্বিতি।

আশ্বলায়ন-গৃহ্যসূত্র। ৩। ৪।

---

* চরকসংহিতা। ১অ, ৭ শ্লোক।

† ঐতরেয় আরণ্যক পাঁচ ভাগে বিভক্ত; তাহারই চতুর্থ ভাগ আশ্বলায়ন-আরণ্যক বলিয়া উল্লিখিত হইয়াছে।

‡ প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৮৬ পৃষ্ঠা।

¶ এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৬১পৃষ্ঠা দেখ।

§ আশ্বলায়ন-সূত্রের কোন কোন পুস্তকে মহাভারতাচার্য্য বলিয়া লিখিত

সুমন্ত, জৈমিনি, বৈশম্পায়ন, পৈলসূত্রভাষ্য, ভারত-ধর্ম্মাচার্য্য এবং অন্যান্য যত আচার্য্য সকলে তৃপ্ত হউন।

ভারত-বক্তা বলিয়া কীর্ত্তিত ঐ বৈশম্পায়নের নাম সাংখ্যায়ন-গৃহ্যসূত্রেও উল্লিখিত আছে। কল্পসূত্র বৈদিক ধর্ম্মের বিবরণ-বিষয়ক। পশ্চাৎ দৃষ্ট হইবে বর্ত্তমান মহাভারতে তাহার সহিত অনারূপ নূতনতর ধর্ম্ম-বিবরণ মিশ্রিত রহিয়াছে। অতএব কল্পসূত্রকার আশ্বলায়নের উল্লিখিত মহাভারত এক্ষণকার এই বৃহদাকার প্রচলিত মহাভারত বোধ হয় না; তবে ইহার অন্তর্নিবিষ্ট থাকিতে পারে। তাহাই ক্রমাগত পরিবর্দ্ধিত ও নূতন নূতন সংকলিত বিষয়ের সহিত সংযোজিত হইয়া এরূপ অবস্থা প্রাপ্ত হইয়া থাকিবে *। আশ্বলায়নের সময় অপেক্ষা অনেকানেক অপ্রাচীনতর ঘটনা ইহার মধ্যে সন্নিবেশিত দেখা যায়। ন্যূনাধিক দুই সহস্র বৎসর পূর্ব্ব-ঘটিত অথবা তদপেক্ষাও অপ্রাচীন অনেক বিষয় ইহাতে প্রক্ষিপ্ত হইয়াছে। মহাভারতের মধ্যে যবন-জাতি ও যবন-ভূমির পুনঃ পুনঃ উল্লেখ দেখিতে পাওয়া যায় †। এমন কি, ভারত-যুদ্ধে শক ও যবন সৈন্য কুরুসৈন্যের মধ্যে সন্নিবেশিত হয় বলিয়া বর্ণিত হইয়াছে। যবনদিগের সহিত আলাপ পরিচয় ও বিশেষরূপ ঘনিষ্ঠতা না থাকিলে গ্রন্থের মধ্যে এরূপ বর্ণন করা সম্ভব হয় না। কেবল আত্মীয়তা ও ঘনিষ্ঠতা নয়, বচন-বিশেষে পরস্পর প্রতিকূলতারও সুস্পষ্ট নিদর্শন প্রাপ্ত হওয়া যায়।

কাম্বোজরাজ: কমঠ: কম্পনশ্চ মহাবল:।
সততং কম্পয়ামাস যবনানেক এব য:॥

সভাপর্ব্ব। ৪।২২।

কাম্বোজরাজ কমঠ ও মহাবল কম্পন (রাজসূয় যজ্ঞের সভায় উপ-

---

আছে।—Müller's Ancient Sanskrit Literature, pp. 42—43 দেখ।

* শ্রীমান্ মুলর্ বলেন, পাণিনি ব্যাকরণে পাণ্ডু ও পাণ্ডব শব্দ বিদ্যমান নাই; অতএব তাঁহার সমকালবর্ত্তী অথবা কিছু অগ্র পশ্চাৎ জীবিত আশ্বলায়নের গ্রন্থে যে মহাভারতের নাম লিখিত আছে, তাহা এক্ষণকার মহাভারত হইতে অবশ্যই ভিন্ন হইবে। (A. S. L. pp. 44 and 45.) শ্রীমান্ বেবের্ ঐ আশ্বলায়নোক্ত মহাভারতকে বর্ত্তমান মহাভারতের মূল স্বরূপ একখানি অনুরূপ গ্রন্থ বলিয়া বিবেচনা করিয়াছেন।—History of Indian Literature, 1878, p. 57.

† সভাপর্ব্ব, ৪ অ, ২২ ও ২৫; ৫০ অ, ১৪; ৩০ অ, ৭১। উদ্যোগ পর্ব্ব, ১৯ অ, ২। আশ্বমেধিক পর্ব্ব, ৭৩ অ, ২৭।

ষ্ঠিত হয়)। কম্পন রাজা একাকী যবনদিগকে সতত যুদ্ধে কম্পমান করিয়াছিলেন।

এই বচনটি হিন্দু-যবনের দ্বন্দ্ব-ঘটনার বিজ্ঞাপক বোধ হয়। পূর্ব্বকালে ভারতবর্ষীয়েরা গ্রীকদিগকেই যবন বলিয়া জানিতেন *। ভারতবর্ষের

* ইদানীন্তন সংস্কৃত গ্রন্থকারেরা পাঠান, আরব, তুর্ক প্রভৃতি সকল জাতীয় মোসলমানদিগকে যবন বলিয়া উল্লেখ করিয়াছেন। কিন্তু মোসলমান-ধর্ম্ম-প্রবর্ত্তনের পূর্ব্বকালীন রামায়ণ মহাভারতাদি অনেকানেক গ্রন্থে জাতি-বিশেষকে যবন বলা হইয়াছে। অতএব সে যবন কদাচ মোসলমান হইতে পারে না। বৌদ্ধধর্ম্মাবলম্বী অশোক রাজা স্থানে স্থানে কতকগুলি অনুশাসন-পত্র খোদিত করিয়া দেন; তাহার মধ্যে লিখিত আছে,

"অন্তিয়োক নাম যোন লাজয় বাপি তস অন্তিয়কস সামন্তা লাজানে ইবা-নম্পিয়স পিয়দসিনো লাজো দ্বে চিকিছা কতা।"

অন্তিয়োক নামক যোন রাজার রাজ্যে তদীয় সামন্তেরা রাজ্য করিতেন, সেই রাজ্য পর্য্যন্ত সর্ব্বত্র দেব-প্রিয় পিয়দসি অশোক রাজার দুই প্রকার চিকিৎসা স্থাপিত হইল *।

গ্রীক্ ও পারসিক ইতিহাসে এই (অর্থাৎ Antiochus) নামে একটি গ্রীক্ রাজার রাজত্ব-বিবরণ সন্নিবেশিত আছে। তাঁহার রাজত্ব-কাল ও তৎসংক্রান্ত

* শ্রীমান্ জেম্‌স্ প্রিন্‌সেপ্ এই বাক্যের এই রূপ অর্থ করিয়া যান। (Journal A. S. No. 74.) কিন্তু হ, হ, উইলসন্ ইহার কিছু অন্যথা করিয়া ব্যাখ্যা করিয়াছেন। উভয়ের ব্যাখ্যাতেই যোন অর্থাৎ যবন রাজা অন্তিয়োক গ্রীক্ রাজা এণ্টিয়োকস্ বলিয়া উক্ত হইয়াছে। পূর্ব্বোক্ত অনুশাসন-পত্র দেব-প্রিয় পিয়দসির কৃত বলিয়া লিখিত আছে। উল্লিখিত প্রিন্‌সেপ্ ঐ পত্রের অর্থোচ্ছেদ করেন। তিনি এবং শ্রীমান্ লেসেন্ প্রভৃতি অন্য অন্য পণ্ডিতেরা নানারূপ যুক্তি-সহকারে ঐ পিয়দসিকে মগধ রাজ্যের অধীশ্বর অশোক রাজা বলিয়া একরূপ অবধারণ করেন। তাঁহাদের সেই অভিপ্রায়টি প্রথমাবধি সর্ব্বত্র পরিগৃহীত হইয়া আসিয়াছে। মধ্যে শ্রীমান্ হ, হ, উইলসন্ সে বিষয়ে সংশয় প্রকাশ করিয়া একটি প্রবন্ধ রচনা করেন।—Royal Asiatic Society's Journal, Vol. XII, 1850, pp. 153—251 and Vol. XVI, 1856, pp. 357—367 দেখ। শ্রীমান্ কর্ন্ সেই সমস্ত লিপির পুনর্ব্বার অনুবাদ করিয়াছেন। তিনি তাহা অশোক রাজার পত্র বলিয়া লিখিয়াছেন, কিন্তু বৌদ্ধ শাস্ত্রে ও অন্য অন্য স্থলে ঐ রাজার যেরূপ বর্ণন আছে, তাহার সহিত অনুশাসন-পত্রোক্ত অশোকের প্রকৃতি ও ব্যবহার পরস্পর ভিন্ন বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন।—Indian Antiquary, vol. III. pp. 77-81, and vol. V. pp 257-276.

পশ্চিমোত্তরাংশে বাহ্লীক অর্থাৎ বাল্‌খ্ প্রদেশে গ্রীক্‌দিগের একটি রাজ্য

অন্য অন্য ব্যাপারের সহিত অশোক রাজার রাজত্ব-কালাদির ঐক্য করিয়া এই স্থির করা হইয়াছে যে, অশোক রাজার অনুশাসন-পত্রে ঐ গ্রীক্ রাজাই যোন রাজা বলিয়া লিখিত হয়। কেবল এণ্টিয়োকস্ নয়, তুরমায়ো, অন্তিকোন, মকো ও অলিকস্থনরি নামে আর চারিটি রাজার উল্লেখ আছে। ইহারা টলেমি, এণ্টিগোনস্, মেগেস্ ও এলেগ্‌জেণ্ডর্ নামক সুপ্রসিদ্ধ গ্রীক্ রাজা বই আর কেহই নয়। উল্লিখিত অনুশাসন-পত্রগুলি ভিন্ন ভিন্ন তিন প্রকার প্রাকৃত অর্থাৎ দেশভাষায় বিরচিত। প্রাকৃত ভাষার যোন শব্দ সংস্কৃত যবন শব্দেরই রূপান্তর। অতএব ভারতবর্ষীয় প্রাচীন গ্রন্থকারেরা গ্রীক্‌দিগকেই যবন বলিয়া উল্লেখ করিয়াছেন ইহাতে আর সন্দেহ রহিল না।

সুপ্রসিদ্ধ জ্যোতির্ব্বিৎ গর্গ যবনদিগকে জ্যোতিষ-শাস্ত্রে পারদর্শী বলিয়া বর্ণন করিয়াছেন।

> ম্লেচ্ছা হি যবনাস্তেষু সম্যক্ শাস্ত্রমিদং স্থিতম্।
>
> ঋষিবত্তেঽপি পূজ্যন্তে কিং পুনর্দ্দৈববিদ্ দ্বিজঃ॥
>
> গর্গসংহিতা।

যবনেরা অবশ্যই ম্লেচ্ছ: তাঁহাদের মধ্যে এই শাস্ত্র সম্যক্‌রূপে প্রচলিত আছে; অতএব তাঁহারাও ঋষির ন্যায় পূজিত হইয়া থাকেন। ইহাতে জ্যোতিঃ-শাস্ত্রজ্ঞ দ্বিজ কেন না হইবেন?

এক দিকে গর্গ মুনি যেমন যবনদের যথেষ্ট প্রশংসা করিয়াছেন, অপর দিকে সেইরূপ পুরাণ-বিশেষে গার্গ্যের সহিত যবন-জাতীয় নৃপতি-বিশেষের সমধিক ঘনিষ্ঠতার বিষয় বর্ণিত রহিয়াছে।—বিষ্ণুপুরাণ। ৫ অংশ। ২৩ অধ্যায়। ১—৫ শ্লোক।

যাঁহারা ভূমণ্ডলের প্রাচীন ইতিবৃত্ত অবগত আছেন, তাঁহারা অক্লেশেই বুঝিতে পারিবেন, গ্রীকেরাই এইরূপ জ্যোতিষজ্ঞ যবন জাতি হওয়া সর্ব্বতোভাবে সম্ভব। সংস্কৃত শাস্ত্রে এবিষয়ের আরও ভূরি ভূরি প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

বরাহমিহির-কৃত বৃহৎসংহিতাদি গ্রন্থে পুলিশসিদ্ধান্ত, রোমকসিদ্ধান্ত ও মনিত্থ নামে গ্রন্থ ও গ্রন্থকারের নাম লিখিত আছে। পুলিশ সংস্কৃত শব্দ নয়; হয় গ্রীক্, নয় রোমক। অল্‌বীরূনী তাঁহাকে গ্রীক্ বলিয়া উল্লেখ করিয়াছেন। আর একখানি গ্রন্থ মনিত্থ-কৃত বলিয়া লিখিত আছে। একটি গ্রীক্ জ্যোতির্ব্বিদের নাম মানীথো ছিল। পূর্ব্বোক্ত মনিত্থ সেই মানীথো বলিয়া বিবেচিত হইয়াছেন। দিন-গণনারম্ভ-প্রসঙ্গে যবনপুর নামে একটি নগরের নাম লিখিত আছে। শ্রীমান্ কর্ন্ বরাহমিহির প্রভৃতি জ্যোতির্ব্বিদের অভিপ্রায় অবলম্বন পূর্ব্বক উহা এলেগ্‌জেণ্ড্রিয়া বলিয়া বিবেচনা করিয়াছেন। বরাহমিহির-কৃত বৃহৎসংহিতায় ছত্রিশটি গ্রীক্ শব্দ সন্নিবেশিত আছে; যেমন ক্রিয়, তাবুরি,

সংস্থাপিত হয়। তাহা কিয়ৎকাল ভারতবর্ষ মধ্যে পঞ্জাব ও দক্ষিণে

---

জিতুম, হেলি, হিম্ন, কোণ, হোরা, কেন্দ্র, দ্রেক্কাণ, লিপ্তা, অনফা, সুনফা ইত্যাদি। বাদরায়ণের কৃত বলিয়া লিখিত একখানি জাতকে আপোক্লিম, পণফর প্রভৃতি কতকগুলি গ্রীক্ শব্দ বিদ্যমান আছে।—Transactions of the Madras Literary Society Part 1. pp. 67—73, Madras Journal, vol. 14, p. 151, Asiatic Society's Journal, No 167, p. 109 and Kern's Preface to the Brihat Sanhitá of Varáha-mihira, pp. 28, 29, 48, 51, 52 and 54.

সমধিক প্রাচীন সংস্কৃত গ্রন্থে রাশিচক্রের কিছুমাত্র প্রসঙ্গ নাই। সুবিচক্ষণ জর্ম্মন্ পণ্ডিত শ্রীমান্ হলট্জ্মেন্ গ্রীক্ ও সংস্কৃত শাস্ত্রোক্ত রাশিচক্রের ইতিবৃত্ত পর্য্যালোচনা করিয়া স্থির করিয়াছেন, হিন্দুরা গ্রীক্‌দিগের নিকট ঐ বিষয় শিক্ষা করেন। এইরূপ কারণবশতই ভারতবর্ষীয় গ্রন্থকারেরা তাঁহাদের প্রতি ভক্তি শ্রদ্ধা প্রকাশ করিয়াছেন তাহার সন্দেহ নাই। বরাহমিহির-কৃত একখানি গ্রন্থের নামের অর্দ্ধাংশ গ্রীক্ ভাষা। এখানির নাম হোরাশাস্ত্র। হোরাটি গ্রীক্ শব্দ। ঐ শাস্ত্রে তিনি গ্রহ ও রাশি সমুদায়ের গ্রীক্ নাম ব্যবহার করেন, গ্রহগণের সংস্কৃত নামের সহিত গ্রীক্ নাম প্রয়োগ করেন, এবং রাশি-গণের গ্রীক্ নাম সংস্কৃত ভাষায় অনুবাদ করিয়া লিখেন *।—Transactions of M. L. Society, pp. 72 and 73 and Weber's H. I. Literature, p. 254.

এক দিকে হিন্দুরা যেমন উল্লিখিত রূপে যবনদের অর্থাৎ গ্রীক্‌দের নিকট জ্যোতিষ-বিদ্যা-বিষয়ক উপদেশ গ্রহণের বিষয় স্বীকার করেন, ও নিজ গ্রন্থে গ্রীক্ শব্দ প্রয়োগ ও গ্রীক্ জ্যোতিষের অন্তর্গত বহুতর বিষয় সন্নিবেশিত করিয়া যান, আর দিকে গ্রীকেরাও সেইরূপ স্পষ্টাক্ষরে লিখিয়া গিয়াছেন, হিন্দুরা গ্রীক্ শাস্ত্রে সবিশেষ শ্রদ্ধা করেন ও উচ্চশ্রেণীস্থ ব্যক্তি সকলে উহা শিক্ষা করিয়া থাকেন †।—Weber's History of Indian Literature, p. 252.

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, গর্গ মুনির পূজাস্পদ ও শ্রদ্ধাস্পদ জ্যোতির্ব্বিৎ যবনেরা যে গ্রীক্ জাতি এবং সুতরাং প্রাকৃত যোন ও সংস্কৃত

* শ্রীমান্ লেট্রোন্ অবধারণ করেন, গ্রীক্‌দের রাশিচক্র-বিষয়ক জ্ঞান খৃ, পূ, প্রথম শতাব্দীর পূর্ব্বে সম্পূর্ণ হয় নাই। অতএব হিন্দুরা ঐ সময়ের কিছু পরে স্বীয় গ্রন্থে ঐ বিষয় সংগ্রহ করেন তাহার সন্দেহ নাই। ইহা হইলে, খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে বিদ্যমান বরাহমিহিরাদির পুস্তকে এ বিষয় সন্নিবেশিত হওয়া সর্ব্বতোভাবেই সম্ভব; কোন রূপেই অসঙ্গত নয়।

† ফিলস্ট্রেটস্ নামক গ্রন্থকার খ্রীষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীতে এপলোনিয়স্ নামক পণ্ডিত-বিশেষের জীবনচরিতের মধ্যে এই কথা লিখিয়া যান।

গুজরাট পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া থাকে। ঐ গ্রীকদিগেরই সহিত হিন্দুদের আলাপ-পরিচয়, বিবাদ-বিসম্বাদ ও আত্মীয়তা-ঘনিষ্ঠতা সংঘটিত হওয়া সম্ভব। নানা গ্রন্থে যবন ও কাম্বোজের নাম একত্র লিখিত দেখা যায়। পূর্ব্বোক্ত পিয়দসি রাজার অনুশাসন-পত্রেও উহাদের নাম ঐরূপ দৃষ্ট হইয়া থাকে *।

১১১ পৃষ্ঠায় উদ্ধৃত মহাভারতীয় শ্লোকে কাম্বোজ-রাজের পরেই যবন-বৈরী কম্পনের নাম সন্নিবেশিত রহিয়াছে। কাম্বোজেরা ভারতবর্ষের পশ্চিমোত্তর প্রদেশীয় লোক †। অতএব তাঁহাকেও ঐ প্রদেশীয় নৃপতি-

যবন শব্দটি যে গ্রীকজাতি-প্রতিপাদক ইহাতে আর কিছুমাত্র সন্দেহ থাকে না।

আযোনিয়া-দেশীয় সুবিখ্যাত গ্রীকদিগের নাম হইতেই এই শব্দটি উৎপন্ন হইয়া থাকিবে। হিব্রু ভাষায় উঁহাদের নাম যবন, পারসী ও আরবীতে য়ুনানী, এবং পারসীক দেশের প্রাচীন কীলরূপা শিল্পলিপির ভাষায় যুনা বলিয়া উল্লিখিত হইয়া আসিয়াছে। দরায়ুস্ নামে সুপ্রসিদ্ধ পারসীক নরপতি খৃ, পূ, ৫২১ হইতে ৪৮৫ বৎসর পর্য্যন্ত রাজত্ব করেন। তাঁহার সেনাদল মধ্যে ভারতবর্ষীয় সৈন্য সন্নিবেশিত ছিল। অতএব যখন গ্রীকদের পারসীক ও ভারতবর্ষীয় নাম প্রায় একরূপ, তখন ঐ ভারতবর্ষীয় সৈন্যেরা পারসীকদের নিকট ঐ নামটি অবগত হইয়া আসিয়াছে ইহাই সমধিক সম্ভব বোধ হয়।

গ্রীকদের পঞ্জাবাধিকারের উত্তর কালে আরব ও পারসীক প্রভৃতি অন্য অন্য জাতি ও অবশেষে সকল জাতীয় মোসলমান্ এবং এমন কি মোসল্মান্-ধর্ম্মাবলম্বী ভারতবর্ষীয়েরাও যবন বলিয়া উল্লিখিত হইয়াছে। কালিদাস পারসীক স্ত্রীলোকদিগকে যবনী বলিয়া কীর্ত্তন করিয়াছেন।

যবনীমুখপদ্মানাং সেহে মধুমদং ন সঃ।

রঘুবংশ।৪।৬১।

তিনি যবনীগণের মদ্য-পান-নিবন্ধন মুখ-পদ্ম-রাগ সহ্য করিতে পারিলেন না।

দশকুমারচরিতের প্রথম ও চতুর্থ উচ্ছ্বাসে কালযবনদ্বীপ এবং ষষ্ঠ উচ্ছ্বাসে যবন ও যবন-পোতের প্রসঙ্গ আছে। হ, হ, উইল্সন্ ঐ যবন-জাতি ও যবন-পোতকে আরব-জাতি ও আরব-পোত বলিয়া বিবেচনা করিয়াছেন।—H. H. Wilson's Introduction to the Dasa Kumára Charita reprinted in his Essays, Vol. I., 1864, p. 371.

* The Khálsi Inscription in Cunningham's Archæological Survey, I. 247, Pl. XLI., line 7.

† এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৯ পৃষ্ঠা এবং দ্বিতীয় অর্থাৎ এই ভাগের উপক্রমণিকাংশের ৮৭ পৃষ্ঠা দেখ। শেষোক্ত পৃষ্ঠায় কাম্বোজ-বংশীয় বলিয়া অনুমিত সিন্ধুকূল-নিবাসী কোমোজি, কামতোজ,

বিশেষ বিবেচনা করাই মহাভারত-রচয়িতাদিগের অভিপ্রেত হইবে। তাহা হইলে তিনি যে যবন জাতির সহিত যুদ্ধ করেন, তাহারা এবং অন্যান্য স্থলে উল্লিখিত যবন-জাতীয়েরা ঐ দিকের ঐ বাহ্লীক রাজ্যের যবন অর্থাৎ গ্রীক্ ব্যতিরেকে অন্য লোক হওয়া সম্ভব নয়। ঐ রাজ্য খৃ,পূ, প্রায় সার্দ্ধ দুই শত বৎসর হইতে খৃ, পূ, ন্যূনাধিক সাতান্ন বৎসর পর্য্যন্ত বিদ্যমান ছিল। অতএব মহাভারতের অন্তর্গত যবন-সংক্রান্ত কথাগুলি ঐরূপ সময়ে অথবা উহার কিছু পরে লিখিত হইয়াছে বলিতে হয় *।

রামায়ণের ন্যায় মহাভারতেও স্থানে স্থানে † শক ও পহ্লব নামক

কাম্বোজ প্রভৃতি নামে পরিচিত যে সমস্ত লোকের বিবর লিখিত হইয়াছে, তাহাদের মধ্যে এইরূপ প্রবাদ প্রচলিত আছে যে, তাহারা মোসলমানদের কর্তৃক কান্দাহারের সন্নিহিত দেশ-বিশেষ হইতে বহিষ্কৃত হইয়া ঐ পর্ব্বতে গিয়া বাস করিতেছে।—Journal R. A. S. No. 13, and Elphinstone's Cabul, vol. 2, p. 376.

* কিন্তু ঐ বাহ্লীক রাজ্য সংস্থাপনের পূর্ব্বেও গ্রীক্দিগের ভারতবর্ষে গমনাগমন ছিল। গ্রীক্ রাজারা মগধ-রাজ্যাধিপতি মহারাজ চন্দ্রগুপ্তাদির সভায় বারম্বার দূত প্রেরণ করেন। গ্রীক্ নৃপতি সিলিউকস্ খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের প্রায় তিন শত বৎসর পূর্ব্বে চন্দ্রগুপ্তের সভায় মিগেস্থিনিজ্‌কে প্রেরণ করেন। পরে এণ্টিয়োকস্ ডিইমাকস্ নামক এক ব্যক্তিকে এবং দ্বিতীয় টলেমি ডিয়োনিসিয়স্‌কে ও বোধ হয় ব্রেসিলিস্ নামক অন্য এক দূতকে ঐ চন্দ্রগুপ্তের পুত্র অমিত্রঘাতের নিকট পাঠাইয়া দেন। এণ্টিয়োকস্ একটি ভারতবর্ষীয় রাজার সহিত সন্ধিবন্ধন করেন। ঐ রাজা সুভগসেন বলিয়া অনুমিত হইয়াছেন। উল্লিখিত সিলিউকস্ চন্দ্রগুপ্তকে নিজ কন্যা সম্প্রদান করেন। ঐ কন্যার সহচরী বা পরিচারিকা স্বরূপ অপরাপর গ্রীক্ স্ত্রীলোক মগধ রাজ্যের রাজধানী পাটলিপুত্রে আগমন করিয়াছিল তাহার সন্দেহ নাই। ভারতবর্ষের কোন কোন খোদিত লিপিতে যবনীগণকে অর্থাৎ গ্রীক্ যুবতীদিগকে উপঢৌকন স্বরূপ প্রদান করিবার বিষয় বর্ণিত রহিয়াছে।—(Weber's H. I. Literature, p. 251. দেখ) অতএব বাহ্লীক-রাজ্য সংস্থাপনের পূর্ব্বেও গ্রীক্দিগের সহিত হিন্দুদের আলাপ পরিচয় ও ঘনিষ্ঠতা ছিল তাহার সন্দেহ নাই। কিন্তু ভারতবর্ষীয় সৈন্যের মধ্যে গ্রীক্ সৈন্য সন্নিবেশাদি কতকগুলি বিষয়ের কথা নিকটস্থ বাহ্লীক রাজ্যের গ্রীক্দিগের সহিত আলাপ পরিচয়ের বিজ্ঞাপক হওয়াই সর্ব্বতোভাবে সম্ভব। কাম্বোজাদি শব্দের নিকটে যবনদিগের নাম উল্লিখিত থাকাতে, তাহাই সপ্রমাণ হইতেছে ইহা পূর্ব্বেই লিখিত হইয়াছে।

† সভাপর্ব্ব। ৩১। ১৭॥ ৫০। ২৩॥ ৫১। ১৫ ও ১৬॥ উদ্যোগপর্ব্ব। ১১৬। ৭॥ ভীষ্মপর্ব্ব। ৯। ৪৪, ৪৭ ও ৫১॥

দুইটি জাতির প্রসঙ্গ আছে। যবন, কাম্বোজ ও পারদ * জাতির সহিত ঐ দুইটি জাতির নাম নানা সংস্কৃত গ্রন্থে একত্র লিখিত হইয়া থাকে †। ইহারা সকলেই ভারতবর্ষের পশ্চিমোত্তর-নিবাসী লোক। খৃষ্টাব্দের প্রায় দেড় শত বৎসর পূর্ব্বে শকেরা ভারতবর্ষের পশ্চিম প্রদেশ অধিকার করিয়া ক্রমশঃ উত্তরে হিন্দুকোহ পর্ব্বত হইতে দক্ষিণে সিন্ধুনদের মোহানা পর্য্যন্ত আপনাদের আধিপত্য বিস্তার করে। পূর্ব্বে তাহাদের বিষয় যেরূপ লিখিত হইয়াছে ‡, তদনুসারে মহাভারতের ঐ স্থল গুলি দুই সহস্র অথবা তদপেক্ষাও অল্প কালের মধ্যেই বিরচিত বলিয়া স্বীকার করিতে হইবে।

ইদানী পহ্লব্ জাতির পহ্লব্ নামটি খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের পর প্রবর্ত্তিত বলিয়া বিবেচিত হইয়াছে ‖। ইহা হইলে রামায়ণ, মহাভারত ও মনু-সংহিতার যে যে স্থলে ¶ পহ্লব্ শব্দ সন্নিবিষ্ট আছে, তাহা ঐ সময়ের পরে প্রক্ষিপ্ত হইয়াছে বলিতে হয়।

রামায়ণ ও মহাভারত মুক্তাবলী-সমাকীর্ণ দুর্ব্বাময় শাদ্বল-বিশেষ। ঐ উভয়ে বৈদিক ও পৌরাণিক ধর্ম্মের বিষয় ওতপ্রোত ভাবে পরিব্যাপ্ত রহিয়াছে। এক দিকে বৈদিক ধর্ম্ম ও বৈদিক উপাখ্যান বিদ্যমান থাকিয়া নিজ নিজ পূর্ব্ব গৌরব প্রকাশ করিতেছে, অপর দিকে পৌরাণিক ধর্ম্ম ও পৌরাণিক উপাখ্যান অবতীর্ণ হইয়া বিষ্ণু শিবাদি পৌরাণিক দেবতা-

* কোন কোন গ্রন্থে পারদ-জাতি পরান্ত এবং পহ্লব-জাতি পল্লব ও পহ্নব বলিয়া লিখিত আছে।—Wilson's Vishnu Purána. 1840, pp. 189, 194, 195 and 374.

† মনু। ১০। ৪৪ ॥ বিষ্ণুপুরাণ। ৪। ৩।

‡ ৮৮ পৃষ্ঠা।

‖ জর্ম্মেন্ পণ্ডিত শ্রীমান্ অলস্‌হজেন্ বিবেচনা করেন, সংস্কৃত শাস্ত্রোক্ত পহ্লব শব্দটি পহ্লবী ভাষার পহ্লব্ শব্দ হইতে উৎপন্ন এবং ঐ পহ্লব্ পর্থব্* শব্দের অপভ্রংশ। শ্রীমান্ নেল্‌ডিকিও ১৮৭৫ খৃষ্টাব্দের শেষ ভাগে এই বিষয়-সম্বন্ধীয় ও বিশেষতঃ ঐ অপভ্রংশ-ঘটনার কাল-নিরূপণ-সংক্রান্ত একটি প্রবন্ধ প্রকাশ করেন। এস্থলে পর্থব্ শব্দের থকারের স্থানে হকার ও রকারের স্থানে লকার আদিষ্ট হইয়া পহ্লব্ শব্দটি নিষ্পন্ন হইয়াছে। এইরূপ থকারের স্থানে হকার আদেশ হওয়াটি খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের পূর্ব্বে ঘটিবার কোন প্রমাণ দেখিতে পাওয়া যায় না। শ্রীমান বেবের্ অনুমান করেন, খৃষ্টাব্দের প্রথম শতাব্দীর পর ও পঞ্চম শতাব্দীর পূর্ব্বে ঐ শব্দটি ভারতবর্ষে আসিয়া ব্যবহৃত হয়।—Weber's H. I. Literature pp. 187, 188 and 318,

¶ বালকাণ্ড। ৫৪।২০॥ সভাপর্ব্ব।৩১। ১৭ ও ৫১।১৫॥ মনুসংহিতা।১০।৪৪॥

* Parthians.

দিগকে হিন্দু সমাজস্থ ধর্ম্ম-বেদির উপরে প্রতিষ্ঠিত করিয়া দিতেছে। উভয় গ্রন্থেই বৈদিক ধর্ম্ম সমধিক প্রবল দৃষ্ট হয়। রামায়ণের মধ্যে স্থানে স্থানে দেবগণের সংখ্যা তেত্রিশটি বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে।

**যথাক্রমেণ শপসি বরং মম দদাসি চ।**

**তৎ শৃণ্বন্তু ত্রয়স্ত্রিংশদ্দেবাঃ সেন্দ্রপুরোগমাঃ॥**

অযোধ্যাকাণ্ড। ১১। ১৩।

তুমি যথাক্রমে শপথ করিয়া আমাকে বর প্রদান করিতেছ ইহা ইন্দ্রাদি তেত্রিশ দেবতা শ্রবণ করুন।

**অদিত্যাং জজ্ঞিরে দেবাস্ত্রয়স্ত্রিংশদরিন্দম।**

**আদিত্যা বসবো রুদ্রা অশ্বিনৌ চ পরন্তপ॥**

আরণ্যকাণ্ড। ১৪। ১৪ ও ১৫।

অদিতির গর্ভে আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, অশ্বিন্-যুগল এই রূপ তেত্রিশটি দেবতা জন্ম গ্রহণ করিলেন।

দেবগণের এই সংখ্যাটি বেদোক্ত ও অতি প্রাচীন তাহার সন্দেহ নাই *। পুরাণোক্ত তেত্রিশ কোটি দেব-সংখ্যা কল্পিত হইবার বহু পূর্ব্বে উল্লিখিত সংখ্যাটি প্রচলিত ছিল। ঐ তেত্রিশটি দেবতাও বৈদিক দেবতা। পূর্ব্বোক্ত শ্লোকের অন্তর্গত "ইন্দ্রপুরোগমাঃ" পদে তাহাই সপ্রমাণ করিয়া দিতেছে। অতএব এই কথাটি নিতান্ত বেদানুগত ও অতিমাত্র প্রাচীন কথা। দশরথ, রামচন্দ্র, যুধিষ্ঠিরাদি রাজগণ কর্ত্তৃক অনুষ্ঠিত বলিয়া বর্ণিত অশ্বমেধ-যজ্ঞ, রাজসূয়-যজ্ঞ, পুত্রেষ্টি-যাগ এই সমুদায়ই বৈদিক ক্রিয়া। পূর্ব্বতন হিন্দু সমাজে প্রচলিত বলিয়া পরিকীর্ত্তিত স্বয়ম্বর ১, বিধবা-বিবাহ ২, স্বামি-সহোদরের সংসর্গ দ্বারা সন্তানোৎপত্তি ৩, গান্ধর্ব্ব-বিবাহ ৪,

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৩৪ পৃষ্ঠা।

১ যেমন দময়ন্তী ও দ্রৌপদীর বিবাহ।—বনপর্ব্ব। ৫৪—৫৭ ও আদিপর্ব্ব। ১৮৪-১৯২ অ।

২ যেমন নাগরাজ ঐরাবতের বিধবা কন্যার সহিত অর্জ্জুনের বিবাহ।—ভীষ্মপর্ব্ব। ৯১। ৮ ও ৯।

৩ যেমন বিচিত্রবীর্য্যের পত্নী অম্বিকা ও অম্বালিকার গর্ভে ও ব্যাস দেবের ঔরসে ধৃতরাষ্ট্র ও পাণ্ডুর জন্ম-গ্রহণ।—আদিপর্ব্ব। ১০৬ অ।

৪ যেমন শকুন্তলার সহিত দুষ্মন্তের বিবাহ।—আদিপর্ব্ব। ৭৩অ।

অসবর্ণ-বিবাহ ৫, স্ত্রীলোকের বহুবিবাহ ৬, ও বয়ঃস্থা হইয়া বিবাহ ৭, অবিবাহিতাবস্থায় স্ত্রীগণের সন্তানোৎপত্তি-প্রচলন ৮, পতি নিরুদ্দেশ হইলে তাহাদের পুনর্ব্বার বিবাহ ৯, বলপূর্ব্বক কন্যাপহরণ-প্রথা ১০,

৫ যেমন অঙ্গরাজ-লোমপাদ-কন্যা শান্তার সহিত ঋষ্যশৃঙ্গ ঋষির ও বৈশ্য-কন্যা-বিশেষের সহিত ধৃতরাষ্ট্রের বিবাহ।—রামায়ণ, ১।১০।৩২। মহাভারত। ১। ১১৫। ১।

৬ যেমন পঞ্চ পাণ্ডবের সহিত দ্রৌপদীর বিবাহ। মহাভারতে ঐ প্রথাটি সনাতন ধর্ম্ম বলিয়া উল্লিখিত ও উহার অন্যান্য উদাহরণও প্রদর্শিত হইয়াছে।

এষ ধর্ম্মো ধ্রুবো রাজংশ্চরৈনমবিচারয়ন্।

আদিপর্ব্ব। ১৯৫। ৩১।

রাজন্! ইহা (অর্থাৎ স্ত্রীলোকের বহুবিবাহ) সনাতন ধর্ম্ম। ইহার অনুষ্ঠান করুন; আর বিচার করিবেন না।

শ্রূয়তে হি পুরাণেঽপি জটিলা নাম গৌতমী।
ঋষীনধ্যাসিতবতী সপ্ত ধর্ম্মভৃতাম্বরা॥
তথৈব মুনিজা বার্ক্ষী তপোভির্ভাবিতাত্মনঃ।
সংগতাভূদ্দশ ভ্রাতৄনেকনাম্নঃ প্রচেতসঃ॥

আদিপর্ব্ব। ১৯৬। ১৪ ও ১৫।

এইরূপ পুরাণ কথাও শুনিতে পাওয়া যায় যে, জটিলা নামে গৌতম-বংশীয় একটি ধর্ম্ম-পরায়ণা কন্যা সাত ঋষিকে বিবাহ করেন। সেইরূপ, বার্ক্ষী নামে একটি মুনি-কন্যা প্রচেতা নামক তপস্বি-প্রধান দশ সহোদরের সহধর্ম্মিণী হন।

৭ যেমন কুন্তী, শকুন্তলা, দ্রৌপদী ও দময়ন্তীর বিবাহ।

৮ যেমন কন্যা-কালে কুন্তীর গর্ভে কর্ণের ও সত্যবতীর গর্ভে ব্যাসের জন্ম।—আদি পর্ব্ব। ১১১। আদি পর্ব্ব। ৬৩। ৬৪—৮১।

৯ যেমন নল নিরুদ্দেশ হইলে, দময়ন্তীর পুনঃ স্বয়ম্বর-কল্পনা।—বনপর্ব্ব। ৭০। ২৪ ইত্যাদি।

১০ যেমন অর্জ্জুন কর্ত্তৃক সুভদ্রা-হরণ এবং ভীষ্ম কর্ত্তৃক কাশীরাজ-কন্যা অম্বা, অম্বিকা ও অম্বালিকার অপহরণ এবং দুর্য্যোধন কর্ত্তৃক কলিঙ্গ দেশের রাজা চিত্রাঙ্গদের কন্যা-হরণ।—আদিপর্ব্ব। ২১৯, ২২০ ও ১০২ অধ্যায় এবং শান্তি-পর্ব্ব, রাজধর্ম্মানুশাসন পর্ব্বাধ্যায়, ৪র্থ অধ্যায়।

পূর্ব্বতন হিন্দু সমাজে বল পূর্ব্বক কন্যাপহরণ সাতিশয় প্রশংসনীয় বলিয়া গণ্য ছিল।

পরক্ষেত্রে ১১ ও দাসী-গর্ভে ১২ সন্তানোৎপাদন, সচরাচর মদ্য-পান ও গোমাংসাদি নানা বিধ মাংস-ভক্ষণ ১৩ এ সমস্তও বেদোক্ত ও মনুসংহিতা-প্রোক্ত ধর্ম্ম-ব্যবহার। বেদসংহিতায় ইহার অধিকাংশেরই সুস্পষ্ট প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

স্বয়ম্বর।—কিয়তি যোষা মর্য়তো বধূয়োঃ পরিপ্রীতা পন্যসা বার্য্যেণ। ভদ্রাবধূর্ভবতি যৎ সুপেশাঃ স্বয়ং সা মিত্রং বনুতে জনে চিৎ॥

ঋ—সং। ১০ম, ২৭সূ। ১২।

প্রমথ্য তু হৃতামাহুর্জ্জ্যায়সীং ধর্ম্মবাদিনঃ।

আদিপর্ব্ব। ১০২। ১২।

ধর্ম্মবাদী পণ্ডিতেরা বল পূর্ব্বক অপহৃত কন্যাকে সর্ব্ব-শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন।

১১ যেমন বলিরাজের মহিষী সুদেষ্ণা ও তদীয় ধাত্রেয়ী শূদ্রার গর্ভে দীর্ঘতম ঋষির দ্বারা সন্তানোৎপাদন।—আদিপর্ব্ব। ১০৪ অ।

যে সময়ে লোক-সংখ্যা অল্প ছিল, সেই সময়ে এইরূপ ব্যবহারের সূত্রপাত হইয়া থাকিবে। জনসমাজের যখন যেরূপ অবস্থা ঘটিয়া উঠে, অনেক স্থলে সেইরূপ ধর্ম্ম প্রবর্ত্তিত হইতে দেখা যায়। জাতীয় ধর্ম্মের তো এই দশা।

১২ যেমন দাসী-গর্ভে ও ব্যাসের ঔরসে বিদুরের উৎপত্তি।—আদিপর্ব্ব। ১০৬ অ।

১৩ যেমন অযোধ্যাকাণ্ডের ৯১ একানব্বই সর্গে ভরত-সৈন্য-ভোজন-বৃত্তান্তে এবং সভাপর্ব্বের ৩২ বত্রিশ অধ্যায়ে রাজসূয়-যজ্ঞ-বিবরণে ও শান্তি-পর্ব্বের ২৯ উনত্রিংশ অধ্যায়ে রন্তিদেব রাজার উপাখ্যানে নানাবিধ মদ্য ও ছাগ, মৃগ, শূকর, গো, কুক্কুটাদির মাংস-ব্যবহারের প্রসঙ্গ।

পূর্ব্বতন ও অধুনাতন হিন্দু-সমাজে স্বর্গ-মর্ত্ত্য-প্রভেদ। ঐ উভয়ের ব্যবহার দৃষ্টে, এ জাতি যেন সে জাতি নয় বোধ হয়। ইতিপূর্ব্বে মহিষ-মাংসের বিষয় লিখিত হইয়াছে *। চরকাদি প্রাচীন বৈদ্যক শাস্ত্রে গো, বরাহ, কুক্কুট মাংসাদি ভোজনের ভূরি ভূরি ব্যবস্থা আছে। চরকের অন্নপানবিধ্যধ্যায়ের তৃতীয় সর্গে ঐ সমস্ত ও মহিষাদি অন্য অন্য বহুবিধ মাংসের গুণ-সমূহ বর্ণিত হইয়াছে। চরকের স্নেহাধ্যায়ে লিখিত আছে,

---

* ৬৭ পৃষ্ঠা দেখ।

যদি মন্ত্রক্ষ ঘন্সতে মহস্রং মহিষাঁ অঘঃ।

আদিত্ত ইন্দ্রিয়ং মহি প্র বাবৃধে।

ঋ—সং। ৮। ১২। ৮।

হে সৎপতি মহান্ ইন্দ্র! যখন তুমি সহস্র-সংখ্যক মহিষ ভক্ষণ কর, তখন তোমার বীর্য্য বহুপ্রকার হইয়া বৃদ্ধি পায়।

কত স্ত্রীলোক আপনার প্রণয়াভিলাষী ঐশ্বর্য্য-ভোগ-শালী মনুষ্যের প্রতি অনুরক্ত হয়। যে নারী রূপবতী, সেই ভাগ্যবতী। সে নিজে লোক মধ্যে আপনার বন্ধুরে বরণ করে।

মাধবাচার্য্য এই ঋকের ভাষ্যে নল ও অর্জ্জুন এবং দময়ন্তী ও দ্রৌপদীর নাম উদাহরণ স্বরূপ উল্লেখ করিয়াছেন।

দেবর-সংসর্গ।—কো বাং শয়ুত্রা বিধবেব দেবরং মর্য্যং ন যোষা কৃণুতে সধস্থ আ।

ঋ-সং। ১০ম। ৪০সূ। ২ ঋ।

(অশ্বিন্!) যেমত বিধবা স্ত্রীলোকে আপন শয্যায় দেবরকে আকর্ষণ করে, অথবা যেমন নারী নরকে আকর্ষণ করে, সেইরূপ কে তোমাদিগকে আকর্ষণ করিয়া থাকে?

---

লাবতিত্তিরিমায়ূরহংসবারাহকৌক্কুটাঃ।
গব্যাজাবিকমাৎস্যাশ্চ যোঃ স্যুঃ স্নেহনে হিতাঃ।

স্নেহাধ্যায়। ৮৪।

লাবপক্ষী, তিত্তিরপক্ষী, ময়ূর, হংস, বরাহ, কুক্কুট, গো, অজা, মেষ, মৎস্য এই সকল পশুপক্ষ্যাদির ক্কাথ স্নেহ-পান বিষয়ে হিতকারী।

ভাবপ্রকাশ, রাজনির্ঘণ্ট, রাজবল্লভ এই সমস্ত গ্রন্থ-রচয়িতারা প্রত্যেকে গোমাংস বা কুক্কুট-মাংসের নানারূপ স্বাস্থ্যকর গুণ বর্ণন করিয়াছেন। রাজা রাধাকান্ত দেব বাহাদুর নিজ গ্রন্থে সে সমস্ত উদ্ধৃত করিয়া যান *।

এবিষয়ের একটি কৌতুকাবহ উপাখ্যান আছে। রন্তিদেব নামে একটি রাজা যার পর নাই ধার্ম্মিক ও ক্রিয়াবান্ ছিলেন। রাত্রি-কালে তদীয় গৃহে অতিথি-সমাগম হইলে, তাঁহাদের ভোজনার্থে বিংশতি সহস্র একশত সংখ্যক গো-বধ করা হইত, ইহাতেও তাঁহাদের সকলের সমাবেশ ও তৃপ্তি-সাধন হইত না। পাচকেরা এই বলিয়া চীৎকার করিত যে, অদ্য আপনারা সূপ-সম্বলিত অন্নমাত্র ভোজন করুন; পূর্ব্বের মত মাংস ভক্ষণ করিতে পাইবেন না †। লিখিত আছে, ঐ রাজার যজ্ঞে এরূপ বহুসংখ্যক পশু-বধ হয় যে, সেই সমস্ত পশুর চর্ম্ম-ক্লেদ হইতে একটি মহানদী উৎপন্ন হইয়াছে। তাহার নাম চর্ম্মণ্বতী ‡। ঐ চর্ম্মণ্বতীর বর্ত্তমান নাম চম্বল। মেঘদূত-প্রণেতা কালিদাস উহাকে রন্তিদেবের "সুরভিতনয়ালম্ভজাং" অর্থাৎ গোবধ-জনিত রক্তোদ্ভবা নদী বলিয়া বর্ণন করিয়াছেন।—(মেঘদূত। ৪৬।)

---

* শব্দকল্পদ্রুম গো ও কুক্কুট শব্দ।

† শান্তিপর্ব্ব। ২৯। ১২৮ ও ১২৯। ‡ শান্তিপর্ব্ব। ২৯। ১২৪।

মাধবাচার্য্য এই ঋকের ভাষ্যে দ্বিতীয় বর বলিয়া দেবর শব্দের ব্যুৎপত্তি করিয়াছেন।

অসবর্ণ-বিবাহ ও স্ত্রীলোকের বহুবিবাহ।—**উত যৎ পতয়ো দশ স্ত্রিয়াঃ পূর্ব্বে অব্রাহ্মণাঃ। ব্রহ্মা চেদ্ধস্তং অগ্রহীৎ স এব পতিরেকধা॥**

অথর্ব্ববেদ।৫।১৭।৮।

এবং কোন স্ত্রীলোকের ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতীয় দশটি পূর্ব্বস্বামী থাকিতে, যদি কোন ব্রাহ্মণ তাহার পাণি-গ্রহণ করেন, তাহা হইলে তিনিই তাহার পতি। *

স্ত্রীলোকের অধিক বয়সে বিবাহ।—**যুবং নরা স্তুবতে কৃষ্ণিয়ায় বিষ্ণাপ্বং দদথুর্বিশ্বকায়। ঘোষায়ৈ চিৎপিতৃষদে দুরোণে পতিং জূর্য্যন্ত্যা অশ্বিনাবদত্তং।**

ঋ-সং। ১ম। ১১৭সূ। ৭ ঋ।

অধিনায়ক অশ্বিন্-যুগল! তোমাদের স্তবকর্ত্তা কৃষ্ণ-তনয় বিশ্বককে তাহার বিষ্ণাপ্ব নামক বিনষ্ট পুত্র দান করিয়াছিলে। ঘোষা নামে (একটি স্ত্রীলোক) জরা-গ্রস্ত অর্থাৎ প্রাচীন হইতেছিল; তোমরা তাহাকে পতি প্রদান করিয়াছিলে।

বিধবা-বিবাহ ও গান্ধর্ব্ব বিবাহ।—যখন স্ত্রীলোকে স্বামীসত্বে অন্য পুরুষকে বিবাহ করিতে পারিত, তখন বিধবা স্ত্রীর পুনঃ সংস্কারের প্রথা প্রচলিত থাকা সর্ব্বতোভাবেই সম্ভব। এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের মধ্যে † এ বিষয় একবার আলোচিত হইয়াছে। ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলের অন্তর্গত দশম সূক্তে সন্নিবেশিত যম্-যমী-সংবাদ গান্ধর্ব্ববিবাহ-প্রচলনেরই বিজ্ঞাপক বলিয়া প্রতীয়মান হইতে পারে। তাহাতে লিখিত আছে, যমী যমের প্রতি কামানুরক্ত হইয়া বিবাহার্থে প্রার্থনা করিতেছেন, কিন্তু যম কিছুতেই সে বিষয় স্বীকার পাইতেছেন না।

বলপূর্ব্বক কন্যাহরণ।—**যস্যানক্ষা দুহিতা জাত্বাস কস্তাং বিদ্বাঁ অভিমন্যাতে অন্ধাং। কতরো মেনিম্ প্রতি তম্ মুচাতে য ঈম্ বহাতে য ঈম্ বা বরেয়াৎ।**

ঋ—সং। ১০ম। ২৭সূ। ১১ঋ।

---

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৭৯ পৃষ্ঠা দেখ। † ৮৮ পৃষ্ঠায়।

যাহার দুহিতা দৃষ্টি-হীন, কে জ্ঞাতসারে তাহার সেই অন্ধ দুহিতাকে অভিলাষ করে? যে ব্যক্তি এরূপ কন্যাকে লইয়া যায় বা তাহার সহিত বিবাহ কামনা করে, কে তাহার প্রতি মেনি * নিক্ষেপ করে?

**দাসী-গর্ভে সন্তানোৎপাদন।**—কবষ ঋষি ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলের অন্তর্গত কতকগুলি সূক্ত রচনা করেন। তিনি দাসী-পুত্র। ঐতরেয় ও কৌষীতকি-ব্রাহ্মণে তাঁহার প্রসঙ্গ আছে। † যজ্ঞ-স্থলে ঋষি-গণ তাঁহাকে বলেন,

**দাস্যা বৈ ত্বং পুত্রো৽সি ন বয়ং ত্বয়া সহ ভক্ষয়িষ্যাম:।**

কৌষীতকি-ব্রাহ্মণ ।১১।

তুমি দাসী-পুত্র। আমরা তোমার সহিত একত্র ভোজন করিব না।

কক্ষীবান্‌ও ঐ সংহিতার প্রথম মণ্ডলের একটি ঋষি; তিনি দীর্ঘতমার ঔরসে ও অঙ্গরাজমহিষীর দাসীর গর্ভে জন্ম গ্রহণ করেন এইরূপ লিখিত আছে ‡।

**মদ্যপান।**—**হৃৎসু পীতাসো যুধ্যন্তে দুর্মদাসো ন সুরায়াং। ঊধর্ন নগ্না জরন্তে॥**

ঋ—সং। ৮ম। ২সূ। ১২ ঋ।

(ইন্দ্র!) তুমি সোম সমস্ত পান করিলে, তাহারা তোমার উদরে গিয়া মদোন্মত্ত ব্যক্তিদের মত যুদ্ধ করিতে থাকে। তুমি দুগ্ধ-পূর্ণ গোস্ত-নের সদৃশ হও। স্তোতৃগণ তোমার স্তুতি করে।

**নকী রেবন্তং সখ্যায় বিন্দসে পীয়ন্তি তে সুরাশ্বঃ।**

ঋ-সং।৮ম। ২১সূ। ১৪ ঋ।

ইন্দ্র! তুমি কোন ধনী ব্যক্তিকে বন্ধু-ভাবে প্রাপ্ত হও না। সুরাসক্ত ব্যক্তিরা তোমায় দ্বেষ করে।

**গোমাংসভক্ষণ।**—**শকময়ং ধূমমারাদপশ্যং বিষূবতা পর এনাবরেণ। উক্ষাণং পৃশ্নিমপচন্ত বীরাস্তানি ধর্মাণি প্রথমা-ন্যাসন্।**

ঋ—সং। ১ম। ১৬৪ সূ। ৪৩ ঋ।

অনতিদূরে গোময়-ধূম দেখিতেছি এবং সেই ব্যাপ্তিমান্ নিকৃষ্ট ধূম দ্বারা অগ্নি দর্শন করিতেছি। ঋত্বিকেরা শুক্রবর্ণ বৃষ রন্ধন করিতেছেন। সে সমুদায় প্রথমকার ধর্ম।

---

* অস্ত্র-বিশেষ। † ঐতরেয় ব্রাহ্মণ। ২।১৯ ও কৌষীতকি-ব্রাহ্মণ। ১১।

‡ মুদ্রিত ঋগ্বেদসংহিতার প্রথম খণ্ডের ৯১৭ পৃষ্ঠা।

কি আশ্চর্য্য! এই অবসন্ন-প্রায় নিস্তেজ হিন্দু জাতি কি এতই বীর্য্যবান্ ও এতই তেজীয়ান্ ছিল যে, অশ্বমেধ, রাজসূয়, ব্রহ্মোৎসব, সর্পসত্র, স্বয়ম্বর, লক্ষ্যভেদ, ধনুর্ভঙ্গপণ এই শব্দগুলি পরমার্থ-বোধক ও সামাজিক ব্যবহার-প্রতিপাদক হইলেও, তাহাতে কেবল বল-বিক্রম ও শৌর্য্য-বীর্য্যই প্রকাশ করিতেছে! ফলতঃ রামায়ণের সমধিক ভাগ রণ-প্রতিজ্ঞা, রণোদ্যোগ, রণোৎসাহ ও রণ-ক্রিয়ার বিবরণেই পরিপূর্ণ বলিলে, অসঙ্গত হয় না। একটি ভয়ানক যুদ্ধ-বর্ণনই সমগ্র মহাভারতের মূল উদ্দেশ্য। বালি দ্বীপে ঐ গ্রন্থ ভারতযুধ্ বলিয়াই প্রসিদ্ধ। মূর্ত্তিমান্ বীর্য্য-স্বরূপ চির-প্রসিদ্ধ কুরুক্ষেত্র চির-দিনের নিমিত্ত হিন্দু জাতির পরম পবিত্র মহাতীর্থ বলিয়া পরিগণিত রহিয়াছে। উহাতে কত বীর-দম্ভ ও কিরূপ শূর-কীর্ত্তি প্রকাশিত হয় কে জানে? ঐ নামটি উচ্চারণ মাত্র, বল, বীর্য্য, বিক্রমাদিকে মস্তকে করিয়া উৎসাহ-তরঙ্গ উল্লম্ফন করিতে থাকে। ভীম ও অর্জ্জুন, ভীষ্ম ও কর্ণ, কৃপ ও দ্রোণ, রাম ও পরশুরাম * এই তেজোময় শব্দ গুলিতে সে সময়ের কি অপূর্ব্ব প্রভাব ও অপূর্ব্ব সৌরভই প্রকাশ করিতেছে! তাঁহাদের নামোচ্চারণ মাত্র শরীরের শিরা সমুদয় চঞ্চল হয়, শোণিত-প্রবাহ প্রবল হইয়া উঠে, নয়ন-যুগল অরুণ-প্রভাব প্রকাশ করে, গাত্র হইতে যেন অগ্নি-স্ফুলিঙ্গ সকল নির্গত হয় এবং চির-নির্ব্বাণ আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের ন্যায় উৎসাহানল প্রধাবিত হইতে থাকে। আমাদেরও কত মেরাথন্ ও কত থর্ম্মপলির † নাম লুপ্ত হইয়া গিয়াছে কে জানে? কত লিওনাইডস্ ‡ ও কত কোড্রস্ ¶ এই বীরভূমিতে জন্ম গ্রহণ করিয়াছিলেন তাহাই বা কে বলিতে পারে? একটি হিরোডোটসের অসদ্ভাবে সে সমস্ত বীর-কীর্ত্তি হয় তো একবারে লুপ্ত হইয়া গিয়াছে।

---

* হিন্দু জাতির তো প্রকৃত ইতিহাস নাই। সুতরাং ভীমার্জ্জুন প্রভৃতি যে কিরূপ গুণ-শালী ছিলেন, কে নিশ্চয় বলিতে পারে? তবে, পাঠকগণ! পূর্ব্বকালে যে সমস্ত বীরপুরুষ বীর-প্রসূতা ভারতভূমির স্বাধীনত্ব-সুখ সঞ্চার করিয়া যান, ঐ উৎসাহ-প্রদীপক সংজ্ঞাগুলি তাঁহাদেরই বিজ্ঞাপক বলিয়া বিবেচনা করিতে হইবে। কবিত্ব-রূপ-সুরম্য-গগন-মণ্ডলে যতই উড্ডীয়মান হও না কেন, তত্ত্ব-পথ বিস্মৃত হইও না।

† গ্রীকেরা পারসীকদের সহিত সংগ্রাম-কালে এই দুই স্থানে অসাধারণ শৌর্য্য-বীর্য্য ও স্বদেশ-হিতৈষিতা প্রকাশ করেন।

‡ লিওনাইডস্ নামক গ্রীক্ বীর পারসীকদের সহিত যুদ্ধ-উপলক্ষে রণক্ষেত্রে অভূতপূর্ব্ব অদ্ভুত বীরত্ব ও অসামান্য দেশ-হিতৈষিতা প্রদর্শন করেন।

¶ কোড্রস্ নামে গ্রীক্ রাজা স্বদেশের স্বাধীনত্ব-সুখ-রক্ষণার্থ স্বেচ্ছানুসারে কৌশল ক্রমে প্রাণত্যাগ করেন।

There is not a petty state in Rajasthan that has not had its Thermopylæ, and scarcely a city that has not produced its Leonidas; but the mantle of ages has shrouded from view what the magic pen of the historian might have consecrated to endless admiration: Somnath might have rivalled Delphos; the spoils of Hind might have vied with the wealth of the Lybian king; and compared with the array of the Pandus, the array of Xerxes would have dwindled into insignificance. But the Hindus either never had or have unfortunately lost their Herodotus and Xenophon.—Tod, Vol. I. Introduction.

এক কালে বীর-কেশরী গ্রীকেরা ভারতবর্ষীয়দের বীরত্ব ও রণ-পাণ্ডিত্য দর্শনে চমৎকৃত হইয়া মুক্তকণ্ঠে যেরূপ গুণ-কীর্ত্তন করিয়াছেন, এবং তাঁহাদিগকে যেরূপ দীর্ঘ-কায়, পরাক্রম-শালী ও রণ-পণ্ডিত বলিয়া বর্ণন করিয়াছেন *, এখন তাহা কেবল পুরাবৃত্তের বিষয় ও উপাখ্যানের স্থল হইয়া পড়িয়াছে। সে আকার নাই, প্রকার নাই, বীর্য্য নাই ও আত্ম-রক্ষারও ক্ষমতা নাই †। ভারতভূমি! তোমার মহিমা-সূর্য্য একবারেই

* Elphinstone's History of India, 1866, p. 266.

† এস্থলে একটি আশ্চর্য্য ব্যাপার স্মরণ হইতেছে। ইদানী একশত বৎসরের মধ্যে ভারতবর্ষীয়দের যেরূপ বল-ক্ষয় ও বীর্য্য-ক্ষয় ঘটিয়াছে, পূর্ব্বে সহস্র বৎসরেও কোন কারণে সেরূপ কিছুই হয় নাই। বাঙ্গালা-দেশীয়েরা তো এবিষয়ে একটি অতিমাত্র হীন জাতি হইয়া পড়িয়াছে। ৫০।৬০ পঞ্চাশ ষাট্ বৎসর পূর্ব্বেও এদেশে যেরূপ বলবান্ লোক বিদ্যমান ছিল, এখন তাহার কিছুই নাই। এদেশীয় গ্রন্থকারদিগের মধ্যে কেহ যদি স্বদেশীয় পূর্ব্বতন লোকের শারীরিক অবস্থা ও তৎসংক্রান্ত রাজা রঘুরাম, রামচন্দ্র *, রাধা-গোয়ালা, আশানন্দ ঢেঁকি, রামদাস বাবু, তারিণী চট্টোপাধ্যায় প্রভৃতি বলিষ্ঠ ব্যক্তিদের ইতিবৃত্ত সংগ্রহ করিয়া প্রকাশ করিতে পারেন, তাহা হইলে সেই সমস্ত বিষয় লোকের স্মৃতি-পথ হইতে একেবারে অন্তর্হিত হয় না। কেবল উপন্যাস লিখিয়া ও যাত্রা করিয়া আয়ুঃশেষ করা কি গ্রন্থকারের কার্য্য?

অর্দ্ধ শতাব্দীর মধ্যে এদেশীয় লোকের শরীর কোন স্থলে অর্দ্ধ-হস্ত ও কোথাওবা এক-হস্ত প্রমাণ হ্রস্ব হইয়া পড়িয়াছে। বল-বীর্য্যের পরিমাণের

* রঘুরাম ও রামচন্দ্র সুপ্রসিদ্ধ রাজা কৃষ্ণচন্দ্রের পূর্ব্ব-পুরুষ। তিনি ঐ রঘুরামেরই পুত্র। শ্রীযুত কার্ত্তিকচন্দ্র রায় বাবুর প্রণীত ক্ষিতীশ-বংশাবলির ৮৭ ও ৯২-৯৫ পৃষ্ঠায় ইহাঁদের বল-বিক্রমের বিষয় দেখিতে পাইবে।

অস্ত গিয়াছে! তোমার কীর্ত্তি-চন্দ্র আর সঞ্চরণ করে না! কেবল তোমার ভুবন-বিখ্যাত বহুমূল্য দৃশ্যমান কোহিনূরই অন্তরিত হইয়াছে এমন নয়, তাহার বহু পূর্ব্বে চির-সঞ্চিত অমূল্য অন্তরস্থ কোহিনূর* একেবারে অন্তর্হিত হইয়া গিয়াছে। দীর্ঘ কায় এখন অতি ক্ষীণ হ্রস্ব কায়ে পরিণত হইয়াছে। কোথায় সিংহ-শার্দুলের ভয়াবহ গর্জ্জন-ধ্বনি, আর কোথায় ঝিল্লীগণের মৃদু-মন্দ আর্ত্ত-স্বর! কোথায় বীরগণের বীর-দর্প ও স্পর্দ্ধা-সহকৃত সাহঙ্কার হুঙ্কার-ধ্বনি, আর কোথায় দীন হীন আশ্রিত জনের কৃতাঞ্জলিপুটে কৃপা-প্রার্থনা! সেই হিন্দু এখন এই হিন্দু! এক কালের সিংহ-শার্দুল-প্রসবিনী ভারতভূমি এখন শশ-মূষিক-প্রসবিনী হইয়া কতই লাঞ্ছিত হইতেছেন। তদীয় পূর্ব্ব-প্রতাপের চিতাগ্নি হইতে কি সুদীর্ঘ শিখা ও ঘনীভূত ধূমাবলী উত্থিত হইতেছে! তাহার বর্ত্তমান অবস্থা অগ্নিময়; ভবিষ্যৎ গাঢ়তর ধূমে আচ্ছন্ন।

বৃদ্ধ-কায় ভারতভূমি আর অধর্ম্মের ভার বহন করিয়া কুপোষ্য-পোষণ করিতে সমর্থ হন না। ভীম-জননী ও অর্জ্জুন-মাতা আর কাহার মুখাবলোকন করিয়া আশা-পথ অবলম্বন করিবেন? গগনস্পর্শিবৎ হিমালয় ও আর্য্যাবর্ত্তের বপ্র-বিশেষ বিন্ধ্যাচল যাহাদের বল ও বিক্রম, বীর্য্য ও উৎসাহ এবং ধর্ম্ম ও প্রতিষ্ঠা রুদ্ধ করিয়া রাখিতে পারে নাই, সেই মহাপুরুষদের বংশে এখন এই অধম পামর-স্বরূপ আমরাই জন্ম গ্রহণ করিয়াছি। তাঁহাদের শোণিত-কণা হিন্দু জাতির রক্ত-শিরা হইতে একবারেই অন্তর্হিত হইয়াছে। তদীয় চিতা-ভস্ম-কণাও বিদ্যমান নাই। সে সমস্ত পুরাতন মহত্তর পদার্থ একেবারেই অদৃশ্য হইয়া

---

তো কথাই নাই। বাঙ্গালা-দেশীয় পল্লীগ্রামস্থ পাঠকগণ! নিজ নিজ গ্রাম ও অন্য অন্য পরিচিত স্থানের প্রতি দৃষ্টি-পাত করিয়া দেখিবেন দেখি, ভদ্র-লোকের সংখ্যা হ্রাস হইতেছে কি না? ও বংশ-বিশেষের লোপাপত্তি-সম্ভাবনা ঘটিয়াছে কি না? আমি নিজে এবিষয় যত দূর জানিতে পারিয়াছি, তাহা কোনরূপেই শুভ-সূচক নয়। কোন কোন বিচক্ষণ আত্মীয় ব্যক্তিকে জিজ্ঞাসা করিয়া যাহা জানিয়াছি, তাহাও সেইরূপ। অনেকস্থলে ইতর লোকের বিষয়ও সেইরূপ দৃষ্ট হইয়া থাকে। এক এক স্থানের বৃত্তান্ত অতীব শোচনীয়। স্বজাতির উন্নতি-প্রত্যাশার পূর্ব্বে তদীয় শারীরিক অবস্থা ও জন্ম-স্থিতি-লয়ের বিষয় একবার লক্ষ্য করা আবশ্যক। শারীরিক উন্নতি সকল উন্নতির মূলীভূত।

"বিচিত্র করিতে গৃহ যত্ন কর মনে মনে।
কিন্তু গৃহ ক্ষয়-যুক্ত হইতেছে দিনে দিনে॥"

ফলতঃ, সম্মুখে ঘোর অন্ধকার! ঘোর অন্ধকার! ঘোর অন্ধকার!

---

* জ্যোতিঃ-পর্ব্বত অর্থাৎ তেজোরাশি।

গিয়াছে। তাহার সহিত আর কণামাত্রও সংযোজিত হইল না, কখনও হইবেও না! তাহার কিছু কিছু কেবল ভারত-কথায় পরিণত হইয়াছে ও শ্রুতি-পথমাত্রে অবস্থিত রহিয়াছে। অস্ত্র-শিক্ষা ও অস্ত্র-পরীক্ষা যে জাতির বালক-সমূহের ধর্ম্ম-কর্ম্ম বলিয়া পরিগণিত ও আবাল-বৃদ্ধ-বনিতা সকলেরই উৎসাহ-স্থল ছিল এবং প্রধান প্রধান ধর্ম্ম-ক্রিয়া ও সামাজিক ব্যবহার বল-বিক্রম, তেজস্বিতা ও রণোৎসাহেরই পরিচায়ক ছিল, * সেই হিন্দু এখন এই হিন্দু! যে জাতীয় লোকের সমগ্র তৃতীয়াংশ যুদ্ধ-ব্যবসায়ে প্রবৃত্ত, যুদ্ধামোদে আমোদিত ও যুদ্ধ-মদে উন্মত্ত ছিল, যাহারা যুদ্ধে বিমুখ ও যুদ্ধ-স্থলে ভয় প্রাপ্ত হইলে, ক্ষত্রিয়-কুল-বহির্ভূত কুলাঙ্গার বলিয়া ঘৃণিত ও তিরস্কৃত হইত, ধর্ম্ম-যুদ্ধে প্রাণ ত্যাগ করিলে নিশ্চয়ই স্বর্গ-লাভ হইবে বলিয়া যাহারা বিশ্বাস করিত এবং সুসভ্য বিদেশীয় বীর পুরুষেরা যাহাদিগকে মহাপরাক্রমশালী প্রধান যোদ্ধা বলিয়া বর্ণন করিয়া গিয়াছেন, † সেই হিন্দু এখন এই হিন্দু! যাহারা অভূতপূর্ব্ব প্রভূত শৌর্য্য-বীর্য্য ও পরাক্রম প্রভাবে তুষার-মণ্ডিত হিমালয় অবধি সমুদ্র-সলিল-সুস্নিগ্ধ কন্যাকুমারী ও সাগর-পার-স্থিত দ্বীপ-দ্বীপান্তর পর্য্যন্ত আপনাদের জয়-পতাকা ও ধর্ম্ম-পতাকা উড্ডীয়মান করিয়া অতুল কীর্ত্তি প্রকাশ করিয়াছে এবং বলবৎ নদী-প্রবাহের পুরস্থিত তৃণ-পুঞ্জ-সদৃশ আদিম নিবাসীদিগকে নির্ভয়ে ও নৃশংস-ভাবে গহন ও গিরি-গুহায় তাড়িত করিয়া যার পর নাই রণ-প্রতাপ ও জিগীষা-প্রভাব প্রদর্শন করিয়াছে, সেই হিন্দু এখন এই হিন্দু! তদীয় পূর্ব্ব-প্রভাব ও পূর্ব্ব-মহিমার ভগ্নাবশেষও বিদ্যমান নাই! সমস্ত বাষ্পীভূত হইয়া গিয়াছে! কোথায় সে হস্তিনা ও ইন্দ্রপ্রস্থ? কোথায় বা সে মথুরা ও উত্তরকোশলা? কোথায় বা সে উজ্জয়িনী ও পাটলিপুত্র? নাম আছে, কিন্তু পদার্থ নাই। অঙ্গার আছে, তাহাতে অগ্নি নাই। দেহ আছে, তাহাতে জীবন নাই। সাকারবাদীর অশ্বত্থ-মূল-বিদ্ধ কবাট-শূন্য জরা-জীর্ণ দেবমন্দির বিদ্যমান রহিয়াছে, তাহাতে দেব-বিগ্রহ বিরাজমান নাই। জয়শ্রী ও রাজশ্রী দেবী একেবারে অন্তর্হিত হইয়া গিয়াছেন।—মামুদ্ শা ও সবক্তিজীন্ ‡! তোমরা ঐরাবতের পদে লৌহ-শৃঙ্খল বদ্ধ করিয়াছ! তাহার আর মোচন হইল না; বোধ হয় হইবেও না। মোগোল্ ও পাঠান্-কুল!—দুর্দ্ধর্ষযবন-রাজ-কুল! তোমরা ক্রমাগতই তদীয় কঠিন বন্ধনের উপর কঠিনতর বন্ধন সংঘটন করাইয়াছ। তাহার আর পদ-চারণ ও পার্শ্ব-পরিবর্ত্তনেরও সামর্থ্য নাই। তোমরা তাহাকে পরবশতারূপ কঠিন কারাগৃহে চির কালের মত বদ্ধ করিয়া ফেলিয়াছ।

---

* ১২৪ পৃষ্ঠা দেখ। † দশনামী-সম্প্রদায়-বিবরণের ৪২ পৃষ্ঠা দেখ।

‡ মোসলমান্ রাজাদের মধ্যে প্রথমে এই দুই জনে ভারতবর্ষ আক্রমণ করেন।

এস্থলে পরবশ কি ভয়ানক শব্দ! হিন্দুদের নরক, খৃষ্টীয়দের হেল্ ও মোসলমান্‌দের জাহান্নম্‌ও বুঝি সেরূপ ভয়ানক নয়! নর-কুলের কাল-স্বরূপ জঙ্গিজ্, তৈমুর্ ও নাদির্ শার ভীষণ নামও সেরূপ ভীষণ-তর ভাব ধারণ করিতে পারে না! যে দিন তোমরা তাঁহাকে * স্পর্শ করিয়াছ, সেই দিন তাহার স্বাধীনতা-সুখের মৃত্যু-দিবস!—জননী ভারতভূমি! সেই দিন তোমার চির-দিনের মত দুর্দ্দিন উপস্থিত হইল। সেই দিন তোমার চির-সঞ্চিত সুপ্রসন্ন ভাগ্য-জ্যোতিঃ ঘোরান্ধকারে পরিণত হইল। সেই দিন আমাদের ভারত-গৃহে অসীম-কাল-ব্যাপী মৃতাশৌচের ক্রন্দন-কোলাহল উত্থিত হইতে আরম্ভ হইল। তোমার অবিশ্রান্ত অশ্রু-বর্ষণ আর নিরস্ত হইল না! কত শিলা-পাত, ঝন্‌ঝাবাত ও বজ্রাঘাত † প্রভাবে সুমহান্ আশা-বৃক্ষ একেবারে উন্মুলিত ও বিনষ্ট হইয়া আকাশ-পথে উড্ডীয়মান ও অন্তর্হিত হইয়া গেল। জননী! এখন অভিষেক-বারির পরিবর্ত্তে কেবল অশ্রু-জলে তোমার চরণ-যুগল অভিষিক্ত করিতেছি!—একি!—জাগ্রত্-স্বপ্ন! প্রবল চিন্তা-বেগে মনের ভাবকে মূর্ত্তি-মান্ করিয়া তোলে। সম্মুখে যেন একটি মহীয়সী মূর্ত্তি প্রত্যক্ষ-গোচর হইল। বিদ্যুতের ন্যায় নিমেষ মাত্রে আবির্ভূত ও তিরোহিত হইয়া গেল। মূর্ত্তিখানি পরম পবিত্র, কিন্তু শোক-দুঃখে সমাকীর্ণ হইয়া অতিমাত্র ম্লান হইয়া গিয়াছে। মলিন বদন, সজল নয়ন, দুই চক্ষে শত-ধারা বহিতেছে, ও চক্ষের জল বক্ষঃস্থলে আসিয়া শ্রম-ক্লেশ-জনিত স্বেদ-ধারায় মিলিতেছে। যেন কতই দুঃখ ও কতই মনস্তাপ ঘটিয়াছে। মুখে বাক্য স্ফুরিতেছে না। যেন উপস্থিত বিপদ-চিন্তায় ও উত্তর-কালীন অশুভ আশঙ্কায় মুখ-মণ্ডল বিবর্ণ ও ললাট-দেশ কুঞ্চিত হইয়া গিয়াছে। দেখিলে বোধ হয় যেন কোন রাজরাজেশ্বরী রাজমহিষী ভাগ্য-দোষে রাজ্য-চ্যুত হইয়া কুপোষ্যবর্গের প্রতিপালনার্থ পর-পরিচর্য্যা অবলম্বন করিয়াছেন। দেখিয়া কোন দৃশ্যমান উৎকট পীড়ায় পীড়িত বোধ হয় না। কিন্তু যেন কোন অন্তর্ভূত ক্ষয়কর রোগে শরীর ক্রমশঃ ক্ষয় করিয়া আনিতেছে।—কি দুঃসহ দর্শনই সংঘটিত হইল!—চক্ষের জল বক্ষঃস্থলের স্বেদ-ধারায় আসিয়া মিলিতেছে!—ভারতভূমির ‡ এমনি শ্রম-ক্লেশই ঘটিয়াছে বটে!—এক সময়ের রাজ-সিংহাসন-বিলাসিনী এখন দেশ-কাল-বিরুদ্ধ নিয়মাবলির বশবর্ত্তিনী হইয়া শরীর-পাত করি-তেছেন, তথাচ রাজ-ভক্তি-গুণে মুখ-ব্যাদান করেন না; নিরন্তরই ভয় ও ভাবনায় কাতর হইয়া আপনার অশ্রু-জলে আপনিই প্লাবিত হইতেছেন।—

* ভারতবর্ষকে।

† তৈমুর্, নাদির্ শা প্রভৃতির ভয়ঙ্কর উপদ্রব স্মরণ কর।

‡ অর্থাৎ ভারতবর্ষীয়দের।

ইংলণ্ড্! ইংলণ্ড্! তুমি অক্লেশে দুঃসাধ্য বিষয় সিদ্ধ করিয়াছ। বহু-দূর-স্থিত লক্ষ্য অনায়াসে বিদ্ধ করিয়াছ। জগজ্জনের চির-বাঞ্ছিত সম্পত্তি সুকৌশলে করস্থ করিয়াছ। বলিতে কি, তুমি অসাধ্য-সাধন ও অঘটন-সংঘটন করিয়া বিশ্ব-জনের নয়ন-যুগল বিস্ফারিত করিয়াছ। সমগ্র ভারতভূমিকে একচ্ছত্রা করিয়া ভারতবর্ষীয় কবীন্দ্রগণের মনঃ-কল্পনা সফল করিয়াছ এবং বাল্মীকি, কালিদাস, কণাদ ও আর্য্যভট্টের স্বজা-তীয়বর্গকে পদাবনত করিয়া নিজ সিংহাসন উজ্জ্বল ও উন্নত করি-য়াছ। আমরা মন্ত্রণা-বলে তোমাকে রাজ-সিংহাসনে অধিরূঢ় করিয়া রাজমুকুট প্রদান করিয়াছি ও প্রীত মনে তোমারে ধন-প্রাণ সমর্পণ করিয়া তোমার বশতাপন্ন হইয়া রহিয়াছি। একবার ভাবিয়া দেখ, কত কোটি লোকের সুখ দুঃখ, ধর্ম্মাধর্ম্ম, ভদ্রাভদ্র, মানাপমান ও এমন কি, জীবন-মরণও তোমার হস্তে সমর্পিত রহিয়াছে। তোমার অধিকারে আমাদের স্বাস্থ্য-ক্ষয়, বল-ক্ষয়, আয়ুঃ-ক্ষয় ও ধর্ম্ম-ক্ষয় ঘটিতেছে। তুমি অধিক বিতরণ কি সংহরণ করিতেছ, কে বলিতে পারে? তুমি শিক্ষা দান করিতে গিয়া স্বাস্থ্য হরণ করিতেছ *, অর্থোপার্জ্জনের বিবিধ পথ প্রস্তুত করিতে গিয়া শ্রমাতিশয় ও তাহার বিষময় ফল-পুঞ্জ উৎপাদন করিতেছ, বাণিজ্য-বৃত্তি প্রসারণ করিতে গিয়া অশেষ-দোষাকর দুর্মূল্যতা-দোষ † ও তৎসহকৃত অধর্ম্ম-বংশের বৃদ্ধি করিতেছ, এবং সভ্যতা-সুখের পরিচায়ক সুখ-সামগ্রী সকলের সংঘটন করিতে গিয়া ভোগাভিলাষ প্রদীপন পূর্ব্বক পাপের স্রোত প্রবল করিতেছ। ভারত-রাজ্যের আব্‌গারি-ব্যবস্থার কলঙ্কময় ফল-পুঞ্জে তোমার রাজমুকুট-বিরাজিত উজ্জ্বল হীরক-খণ্ড সমুদায়কে গাঢ়তর কলুষ-কালিমায় প্রকৃত অঙ্গার-

* অধুনাতন যেরূপ শিক্ষা-প্রণালীকে বিশ্ববিদ্যালয়-প্রণালী বলে, তাহা প্রবর্ত্তিত হইবার পূর্ব্বেও এইরূপ ঘটে; পরে ক্রমশঃ বৃদ্ধি হইয়া আসিয়াছে। পঠদ্দশাতেই এ বিষয়টি সুস্পষ্ট জানিতে পারি, এবং ত্রিশ বৎসরের অধিক হইল, প্রবন্ধ-বিশেষের মধ্যে ইহার প্রসঙ্গ করি। (তত্ত্ববোধিনী পত্রিকা ১৭৭১ শক, পৌষ, ১৩৯ পৃষ্ঠা ও ১৭৭২ শক, আশ্বিন, ৯৮ পৃষ্ঠা দেখ।)

† There seems to be a vague idea, that when prices rise, values rise also, and every one grows richer. But such a thing as a general rise of *values* is impossible; and with regard to the rise of prices, instead of being an advantage, it is a great evil.—The elements of Social Science, 1865, p.569.

খণ্ড করিয়া ফেলিয়াছে। ফলতঃ তোমার প্রজারা স্বচ্ছন্দে নাই। প্রায় যাবৎ জাগ্রৎ-কাল নানারূপ ক্লেশ করিয়া কষ্ট-শ্রেষ্ঠে দিনপাত করা কোটি কোটি ব্যক্তির জীবন-ব্রত হইয়া উঠিয়াছে। বহুতর স্থলেই দেখিতে ও শুনিতে পাই, প্রায় সকলেই রুগ্ন, সকলেই বিব্রত এবং সকলেই নানা চিন্তায় চিন্তাকুল। একটু আরাম নাই, আরাম নাই, আরাম নাই! দুর্মূল্যতা-দোষে অনেকেই উচিতমত ও আবশ্যকমত আহার-সামগ্রী প্রাপ্ত হয় না। ইহাতে, ধর্ম্ম-চিন্তা, ধর্ম্মানুশীলন ও ধর্ম্ম-নিষ্ঠা যেন একবারে উঠিয়া যাইতেছে। নর-কুলের নিতান্ত আবশ্যক নিয়মিত ধর্ম্মালোচনা ও ধর্ম্মোপদেশ-শ্রবণের তো সম্পর্কই নাই। বিদ্যালয়ে অধর্ম্মের সঞ্চার, লোকালয়ে তাহার সুপ্রকাশ ও বহু-বিস্তার এবং বিচারালয়ে তাহার পরীক্ষা ও প্রাদুর্ভাব হইয়া থাকে। দুর্ব্বিনীত বাল্য-কালের পাপ যৌবনে পরিপক্ক হয় এবং সঙ্গের সঙ্গী হইয়া বার্দ্ধক্য পর্য্যন্ত চলিয়া থাকে। কেবল বিদ্যালয়ের কথা কেন? তাহার বাহিরেই বা কি?—ততোধিক।* ইতর লোকের কুব্যবহারে ভদ্র লোকে অস্থির হইতেছে। পল্লী-মধ্যেই প্রবিষ্ট হই বা রাজপথেই ভ্রমণ করি, প্রায়ই, স্বার্থ-সূচক, বিরোধ-বোধক ও ব্যসন-বিজ্ঞাপক বই অন্য শব্দ কর্ণ-কুহরে প্রবেশ করে না। যাবতীয় জাগ্রৎকাল পয়সা টাকা, দর দাম, আকাল আক্রা, দলিল দস্তাবেজ, সাক্ষী সাবুদ, উকিল কৌন্সিলি, কোর্ট মোকদ্দমা, জাল

---

* ১৮৭৯ খৃষ্টাব্দে এই পৃষ্ঠা মুদ্রিত হইল। ইহার পূর্ব্ব আট বৎসরের প্রত্যেক বৎসর যত লোকের কারা-প্রবেশ ও রাজদণ্ড হয়, তাহা নির্দ্দেশ করা যাইতেছে।

| খৃষ্টাব্দ | ১৮৭১ | ১৮৭২ | ১৮৭৩ | ১৮৭৪ | ১৮৭৫ | ১৮৭৬ | ১৮৭৭ | ১৮৭৮ |
|---|---|---|---|---|---|---|---|---|
| লোকসংখ্যা | ৫৭৯২৬ | ৬৭৮৯১ | ৬৮৮৩৩ | ৮২২০৭ | ৭৩৫৮৫ | ৭৫২২১ | ৬৮৭৭ | ৭৮০৪৫ |

—Administration Report on the Jails of Bengal for 1871—1878.

১৮৭১ খৃষ্টাব্দে সাতান্ন হাজার নয় শত ছাব্বিশ এবং ১৮৭৮ খৃষ্টাব্দে আটাত্তর হাজার পঁয়তাল্লিশ ব্যক্তিকে রুদ্ধ করা হয়, যে সমস্ত দোষের সুকঠিন রাজ-দণ্ড নিরূপিত আছে, তাহারও পরিমাণ কিরূপ বৃদ্ধি হইয়া আসিয়াছে দেখ। যে সমুদায় দোষের সেরূপ রাজ-দণ্ডের ব্যবস্থা নাই, তাহার তো বন্যা আসিয়াছে! সেই পাপময় বন্যায় বাঙ্গলা দেশ প্লাবিত হইয়া গেল!

জালিয়াত এই সমস্ত অভিচার-মন্ত্রাদি জপ ও পুরশ্চরণ করাই কি মানব-কুলের পরম পুরুষার্থ হইল? ধর্ম্ম-চিন্তা ও ধর্ম্মোপদেশ-গ্রহণের অবসর ও অভিলাষ উভয়ই অন্তর্হিত হইতেছে। এই সমুদায় প্রত্যক্ষ-ভূত বাস্তবিক ব্যাপার। ইহার অন্যথা হইবার বিষয় নাই। যে সুসভ্য বা সভ্যতাভিমানী রাজার রাজ্যতন্ত্রে মানবীয় মনের এরূপ দুরবস্থা সংঘটিত হয়, সে রাজারও কলঙ্ক, সে রাজ্যেরও কলঙ্ক, সে সভ্যতারও কলঙ্ক।—দেখিতে দেখিতে কি পরিবর্ত্তনই ঘটিয়া উঠিল! সে বিষয়ের পূর্ব্বাপর অবস্থা পর্য্যালোচনা ও প্রদর্শন করা আমার এ নিস্তেজ মনের কার্য্য নয়। তাহা করিতে হইলে, সুদীর্ঘ-কায় সতেজ জনসমাজের পরিবর্ত্তে মানব-নামের অযোগ্য একটি রোগ-জীর্ণ বামন-সমাজের উৎ-পত্তি-প্রসঙ্গ ও তদীয় ভয়ঙ্কর পরিণাম-সম্ভাবনা কীর্ত্তন করিতে হয়, সুমূ-ল্যতা-সুখে সুখী, স্বচ্ছন্দ-চিত্ত, প্রশান্ত লোকের শান্ত ভাব প্রকাশের পরিবর্ত্তে দুর্মূল্যতারূপ অগ্নি-শিখায় চির-দগ্ধ, রাজকীয় কর-পুঞ্জ-ভারে ভারাক্রান্ত, ব্যতিব্যস্ত, অস্থির প্রজা-মণ্ডলের হাহাকার ধ্বনির প্রতিধ্বনি করিতে হয়, গুণ-গ্রাহী, গুণোৎসাহী, গুণাশ্রয়, আত্ম-পর-হিতৈষী, স্বধর্ম্ম-নিষ্ঠ, দান-শীল পূর্ব্বতন ধনি-সম্প্রদায়ের পরিবর্ত্তে আহার্য্য-শোভানু-রক্ত, বিলাস-প্রিয়, স্বকীয় স্বাস্থ্য ও সম্পত্তি-বিনাশক অন্য এক রূপ লঘু-চেতা ধনি-সম্প্রদায়ের জীবন-বৃত্তান্ত প্রণয়ন করিতে হয়, নদী-তরঙ্গে নিমজ্জ্যমান তরী সমূহের ন্যায় সুরা-নদীর তরঙ্গ-প্রবাহে প্লবমান ও মজ্জ্যমান লক্ষ লক্ষ সুরাসক্ত লোকের অঙ্গ-ভঙ্গি, মুখ-বৈকল্য এবং শারীরিক, মানসিক ও বৈষয়িক নিতান্ত অধঃপাতের চিত্র-পট প্রস্তুত করিতে হয়, অস্থি, পঞ্জর ও চিতা-ভস্ম দ্বারা, বারম্বার দুর্ভিক্ষ-পীড়ায় প্রপীড়িত, উৎকলদেশাদি-সমন্বিত, বর্ত্তমান ভারত-রাজ্যের অত্যুন্নত কীর্ত্তিস্তম্ভ নির্ম্মাণ করিতে হয়, এবং মারিভয়-সমাক্রান্ত, অশ্বত্থ-মূল-বিদ্ধ, বন্য-তৃণাদি-সমাকীর্ণ, বিষাদ-চ্ছায়ায় সমাবৃত, পরিত্যক্ত গৃহসমূহের ভগ্নভাব-দর্শনে, শোক-মুগ্ধ ও বিক্ষিপ্ত-চিত্ত হইয়া বক্ষঃ-স্থলে করাঘাত পূর্ব্বক হাহাকার রবে নিরন্তর মাতম্ * করিতে হয়। এসমুদায়ই মনুষ্যের শারীরিক ও মানসিক দুরবস্থার পরিচায়ক। আহার্য্য শোভা ও বাহ্য আড়ম্বরে কি ইহার প্রতিকার হইতে পারে? স্বাস্থ্য-নাশ ও ধর্ম্ম-নাশের কি প্রতিশোধ আছে? উভয়ের কি ভীষণ পরিণাম! কি ভীষণ পরিণাম! যাহা হউক, ইংলণ্ড! তোমার দয়া-প্রকাশ ব্যতিরেকে আর আমাদের উপায় নাই। আমরা কৃপা-পাত্র; আমা-

---

* শোকার্ত্ত হইয়া বিলাপ করাকে মাতম্ বলে। মোসলমানেরা মহরমের সময়ে মাতম্ করিয়া থাকে।

দিগকে কৃপা-দৃষ্টে দৃষ্টি কর এই প্রার্থনা। আমাদের রীতিমত রোদন-স্বর নির্গত করিবারও সামর্থ্য নাই। তুমি অনুসন্ধান করিয়া আমাদের বেদনা সমুদায় নিরূপণ ও নিবারণ কর। তুমি আমাদের প্রতি নির্দ্দয় নও ইহা প্রসিদ্ধই আছে। তোমার বিদ্যালয়, চিকিৎসালয়, রাজপথ, বাষ্পীয়রথ, অপূর্ব্ব সেতু ইত্যাদি কত বস্তু ও কত ব্যাপার সে বিষয়ে সাক্ষ্য দান করিতেছে। কিন্তু আমাদের সন্নিপাতের তৃষ্ণা। প্রদোষ-কালের কিছু পূর্ব্বে কোন বিহঙ্গম সূর্য্যাভিমুখে বৃক্ষ-শাখায় উপবিষ্ট হইয়া মধুর স্বরে গান করিতেছিল শুনিয়া, ভাব-সিন্ধু ফরাশী গ্রন্থকার মিশ্‌লে ভুবন-বিখ্যাত পণ্ডিত-শিরোমণি কবীন্দ্র গেটির মৃত্যু-কালীন একটি কথা * স্মরণ পূর্ব্বক মানব-কুলের অজ্ঞান-বিমোচন-প্রার্থনায় বলিয়া উঠেন, "জ্যোতিঃ! জগদীশ! আরও জ্যোতিঃ!" † সেইরূপ, ইংলণ্ড্! আমরাও ঘোর রজনী সম্মুখীন দেখিয়া আরও দয়া আরও দয়া বলিয়া তোমার চরণ-সন্নিধানে রোদন করিতেছি।

এক কালে যিনি অপর্য্যাপ্ত অন্ন-বস্ত্র ও নানাবিধ বিলাস-দ্রব্য বিতরণ করিয়া কত কত নর-কুলের রক্ষণ, পরিপালন ও সুখ-সাধন করিয়াছেন ‡; যিনি জ্ঞান-জ্যোতিঃ বিস্তার ও আরোগ্য-ব্যবস্থা প্রদান করিয়া, বিদেশীয় লোকের অজ্ঞান বিমোচন ও রোগ, মৃত্যু ও তন্নি-

---

* গেটি মুমূর্ষাবস্থায় সর্ব্বশেষে "জ্যোতিঃ! আরও জ্যোতিঃ!" এই কথাটি উচ্চারণ করিয়াছিলেন।

† The People by J. Michelet, 1846, p. 46.

‡ বহু পূর্ব্বাবধি ভারতবর্ষের বিবিধ প্রদেশ হইতে পশ্চিম দিকে পারসীক, বেবিলন্, আরব, ফিনিশিয়া, কৃষ্ণসাগরের সমীপস্থ বহুতর নগর, মিশর, ইয়ুরোপের অন্তর্গত রোমক প্রভৃতি বহুতর দেশ এবং উত্তর ও পূর্ব্বদিকে বোখারা, সমরকন্দ্, তাতার, চীন, বর্মা, যবদ্বীপাদি নানা দ্বীপ ইত্যাদি বিভিন্ন দেশে ধান্য, কার্পাস, শর্করা, নীল, লাক্ষা, তিল-তৈল, কাশ্মীরি শাল, পৈষ্টিক সুরা, তাল-মদ্য, স্বর্ণ, রৌপ্য, বৈদূর্য্যাদি বহুমূল্য রত্ন, চন্দন, দারুচিনি, ত্বচ্, এলাচ্ প্রভৃতি তেজস্কর গন্ধদ্রব্য, লোবানাদি আত্রেয় গন্ধদ্রব্য, শৃঙ্গ, কেন্দু, জটামাংসী, বানর, কুক্কুর ইত্যাদি ভক্ষ্য, পেয়, ব্যবহার্য্য ও কৌতুক-প্রদ নানাবিধ বিভিন্ন পণ্য-সামগ্রী নীত ও প্রেরিত হইয়া আসিয়াছে।

অনেক কাল অতীত হইল, তত্ত্ববোধিনী পত্রিকায় এই বিষয়-সংক্রান্ত একটি প্রবন্ধ প্রকাশ করি, তাহাতে সবিশেষ বৃত্তান্ত লিখিত আছে। এই পুস্তকের এইভাগ প্রচারিত হইবার কিছু পরে, অন্য দুই একটি প্রবন্ধ-সম্বলিত তাহা পুনরায় মুদ্রিত করাইবার ইচ্ছা রহিল।

বন্ধন অশেষবিধ দুঃসহ যন্ত্রণা নিবারণ করিয়াছেন *; যাঁহার

* ভারতবর্ষীয় গণিত, জ্যোতিষ ও চিকিৎসা-শাস্ত্র বিষয়ক বহুতর পুস্তক আরব ও পারসীক দেশের ভাষায় অনুবাদিত হইয়া সেই সেই দেশে প্রচারিত হয়। উয়ুন্ অল্ অম্বা ফি তল্ কাতুল্ অতবা নামক একখানি গ্রন্থে লিখিত আছে, ভারতবর্ষীয় পণ্ডিতেরা আরবের অন্তর্গত বোগদাদের রাজসভায় উপস্থিত হইয়া জ্যোতিষ ও বৈদ্যক-শাস্ত্রাদি শিক্ষা দেন। ইহার মধ্যে কাহারও নাম মঙ্কঃ, কাহারও বা কঙ্কঃ, কাহারও নাম বা বাখর্ বলিয়া লিখিত আছে। মঙ্কঃ মাণিক্য এবং বাখর্ ভাস্কর (অর্থাৎ ভাস্করাচার্য্য) বলিয়া অনুমিত হইয়াছেন। আরব-রাজ্যেশ্বর হরূন্ অল্ রষীদের উৎকট পীড়া হয়। কোন রূপেই তাহার প্রতীকার না হওয়াতে, তিনি ভারতবর্ষ হইতে ঐ মঙ্কঃকে চিকিৎসার্থ লইয়া যান ও তদীয় চিকিৎসার গুণে সে রোগ হইতে মুক্ত হন। তদ্ভিন্ন, ঐ আরবী পুস্তকে দাহর্, জব্হর্, রাহঃ, অঙ্কর্, অন্দি, সকঃ, জঙ্কল্, জারি, জওদর্, যানাক্, সন্জহল্ এই সমস্ত জ্যোতিষজ্ঞ ও চিকিৎসা-শাস্ত্রজ্ঞ ভারতবর্ষীয় পণ্ডিতের বিষয় বর্ণিত হইয়াছে। ইঁহাদের প্রণীত অনেক গ্রন্থ আরবী ও পারসী ভাষায় অনুবাদিত হয়। পূর্ব্বোক্ত আরবী গ্রন্থে ঐ নাম গুলি বিকৃত করিয়া লিখিত হইয়াছে তাহার সন্দেহ নাই। উহাতে আরব দেশে নীত সিরক্, সসর্দ ও যেদান্ নামে তিন খানি ভারতবর্ষীয় বৈদ্যক-গ্রন্থের বৃত্তান্ত আছে; তাহা সংস্কৃত চরক, সুশ্রুত ও নিদান বই আর কিছুই নয়। ৭৭৩ খৃষ্টাব্দে বা কিছু পরে অল্মনুস্থর্ নামক আরবীয় নরপতির অনুমতি ক্রমে আরবী ভাষায় এক খানি জ্যোতিষ-শাস্ত্র অনুবাদিত হয়; উহার আরবী নাম সিন্দ্ হিন্দ্। কোল্‌ব্রুক্ উহাকে সংস্কৃত ব্রহ্মসিদ্ধান্ত বলিয়া বিবেচনা করেন। যাকুব্ নামে একটি গ্রন্থকার ঐ সিন্দ্ হিন্দ্ পুস্তক অবলম্বন করিয়া একখানি জ্যোতিষ-শাস্ত্র প্রস্তুত করেন। বীজগণিত বিদ্যা প্রথমে ভারতবর্ষেই প্রবর্ত্তিত হয়। ডায়োফেন্টস্ নামে একটি গ্রীক্ গণিতবেত্তা গ্রীস্ দেশে ঐ বিদ্যা প্রথম প্রচার করেন; তিনি নিজ পুস্তকে ভারতবর্ষীয় বীজগণিত শাস্ত্রের প্রমাণ বারম্বার উদ্ধৃত করিয়াছেন *। অতএব গ্রীকেরা এবিষয়েও হিন্দুদের নিকট ঋণী আছেন। অল্মামুন্ নামক বাদসাহের সময়ে একখানি সংস্কৃত বীজগণিত আরবীতে অনুবাদিত হয়। ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ এই নয় অঙ্ক-মূর্ত্তি এবং একং দশং শতং সহস্রং ইত্যাদি দশগুণোত্তর সংখ্যা গণনার যেরূপ প্রণালী সর্ব্বত্র প্রচলিত রহিয়াছে, ভারতবর্ষীয় আর্য্যেরাই তাহা উদ্ভাবন করেন। আরবী ও পারসীক পাটীগণিত-প্রণেতারা সকলেই একবাক্যে তাহা স্বীকার করিয়া গিয়াছেন। (A. R. vol. XII., pp. 183 and 184.) আরবীয়েরা

* Asiatic Researches, vol. XII. pp. 161—164.

সমীপে হিতোপদেশ ও ধর্ম্মোপদেশ প্রাপ্ত হইয়া, সভ্য ও

---

হিন্দুদের নিকট উহা শিক্ষা করিয়া স্বদেশে প্রকাশ করিয়া দেন ও তদ্বিষয়ক গ্রন্থ-রচনা ও বাণিজ্য-বিস্তার দ্বারা বোগদাদ্ নগর হইতে স্পেনের অন্তর্গত করডোবা নগর পর্য্যন্ত প্রচার করিয়া যান। খুলাসৎ-উল্-হিসাব্ নামক আরবী পুস্তকের ভূমিকায় ও অন্যান্য পারসীক গ্রন্থে তাঁহাদের ঐ অঙ্ক-প্রণালী-শিক্ষার বিষয় সুস্পষ্ট লিখিত আছে। সুবিখ্যাত গ্রীক্ পণ্ডিত পিথাগোরস্ একখানি গ্রন্থে অঙ্ক-গণনার যেরূপ পদ্ধতি প্রকাশ করেন এবং বিথিয়সের জ্যামিতি শাস্ত্রে তাহা যেরূপ ব্যাখ্যাত হইয়াছে, তাহা ঐ ভারতবর্ষীয় অঙ্ক-প্রণালীর সহিত একরূপ অভিন্ন। একটি ফরাশী গণিতজ্ঞ পণ্ডিত * বিচার করিয়া দেখিয়াছেন, পশ্চিমাঞ্চলের খৃষ্টানেরা আরবীয়দের পূর্ব্বেও ভারতবর্ষীয় অঙ্ক-প্রণালী অবগত হইয়াছিলেন। ৭৮৬—৮০৯ খৃষ্টাব্দে আরবীয় নরপতি হরূন্ অল্ রষীদের আদেশানুসারে পূর্ব্বোক্ত সুশ্রুত ও চানক্য-কৃত বিষ-চিকিৎসা বিষয়ক একখানি গ্রন্থ উল্লিখিত মঙ্কঃ কর্ত্তৃক পারসীক ভাষায় অনুবাদিত হয়। চানক্য-কৃত বলিয়া লিখিত পশু-চিকিৎসা বিষয়ক একখানি গ্রন্থ আরবী ভাষায় এবং চরক নামক সুপ্রসিদ্ধ বৈদ্যক-শাস্ত্রও আরবী ও পারসীক উভয় ভাষাতেই অনুবাদিত হইয়া প্রচলিত হয়। ১৩৮১ খৃষ্টাব্দে সুশ্রুত-গুরু কর্ত্তৃক প্রণীত বলিয়া উল্লিখিত পশু-চিকিৎসা বিষয়ক অপর একখানি সংস্কৃত গ্রন্থ অনুবাদিত হয়। অলবীরুনী নামক আরবীয় পণ্ডিত ৯৭০ খৃষ্টাব্দে জন্ম গ্রহণ করিয়া ১০৩৮ খৃষ্টাব্দে প্রাণত্যাগ করেন। তিনি জ্যোতিষ শাস্ত্রের উপদেশ-গ্রহণ উদ্দেশে ভারতবর্ষে আসিয়া উপস্থিত হন, সাংখ্য ও যোগ শাস্ত্র বিষয়ক এক এক খানি গ্রন্থ আরবী ভাষায় অনুবাদ করেন এবং হিন্দুদের সাহিত্য ও বিজ্ঞান-শাস্ত্রের বিবরণাত্মক অন্য একখানি পুস্তক রচনা করিয়া যান। ১১৫০ খৃষ্টাব্দে আবু সালেহ্ রাজগণের শিক্ষা বিষয়ক একখানি সংস্কৃত গ্রন্থ আরবী ভাষায় অনুবাদ করেন। এই সমস্ত গণিত ও চিকিৎসা বিদ্যা আরব হইতে পুনরায় মিশর দেশীয় এলেগজেণ্ড্রিয়া নগরের বিদ্যালয় সমূহে প্রচলিত হয়, এবং মোসলমানেরা স্পেন্ দেশ অধিকার করিয়া তথায় বিদ্যালয় সংস্থাপন করিলে, তাহাতে আরবী ভাষায় বিরচিত ভারতবর্ষীয় ঐ সমস্ত জ্যোতিষাদি শাস্ত্রের অধ্যয়ন-অধ্যাপনা প্রবর্ত্তিত হইয়া ইয়ুরোপে প্রসারিত হইয়া যায়। পীজানগর-নিবাসী লিয়োনার্ড্ নামে একটি পণ্ডিত বার্বারি দেশে গিয়া আরবী ভাষায় বিরচিত বীজগণিত শিক্ষা করেন এবং ১২০২ খৃষ্টাব্দে তাহা লাটিন ভাষায় অনুবাদ করিয়া স্বদেশে প্রচার করিয়া যান। জগদ্বিখ্যাত জর্ম্মেন্ পণ্ডিত হম্বোল্ট্ বলিয়া গিয়াছেন, আরবীয়দের কর্ত্তৃক ভারতবর্ষীয় অঙ্ক-প্রণালী এবং

---

* Chasles.

অসভ্য কত কত নর-জাতি আপনাদিগকে বিশুদ্ধ ও চরিতার্থ জ্ঞান.

গ্রীস্ ও ভারতবর্ষ উভয় দেশীয় বীজগণিত প্রচারিত হইয়া প্রাকৃতিক বিজ্ঞানের গণিতাংশের বিশেষরূপ উন্নতি-সাধন করিয়াছে এবং জ্যোতিষ, দৃষ্টিবিজ্ঞান, প্রাকৃতিক ভূগোল, তেজোবিজ্ঞান ও চুম্বকবিজ্ঞানের দুরূহতর ভাগ সমুদায় মনুষ্যের বুদ্ধি-গম্য করিয়া দিয়াছে। নচেৎ, ঐ সকল বিদ্যার ঐ সমস্ত অংশের, হয়ত, দ্বারোদ্ঘাটনই হইত না *। না হইলে, দুরারোহ বিজ্ঞান-বেদীর ঐ দুইটি ভারতবর্ষীয় অনশ্বর সোপানের অসদ্ভাবে অনেকানেক অতীব গুরুতর অংশে মানবীয় বুদ্ধির অসামান্য মহিমা প্রকাশই পাইত না। পশ্চিমের ন্যায় পূর্ব্বদিকেও ভারতবর্ষীয় গণিত-বিদ্যা প্রচলিত হয়। শ্রীমান্ রেনো নামে একটি ফরাসী পণ্ডিত প্রদর্শন করিয়াছেন, ঐ বিদ্যা ৭২০ খৃষ্টাব্দে চীনদেশ পর্য্যন্ত পরিব্যাপ্ত হইয়া যায় †। মোগল সম্রাট্ আকবর রামায়ণ, মহাভারত, অমরকোষ এবং অথর্ব্ববেদ (বা কতকগুলি উপনিষদ) পারসীক ভাষায় অনুবাদ করান। তাঁহার প্রপৌত্র দারা ১৬৫৭ খৃষ্টাব্দে পারসীক ভাষায় উপনিষদ্ সকল অনুবাদ করেন, এবং পশ্চাৎ আঁকেতীই দু পেরঁ কর্ত্তৃক ঐ পারসীক অনুবাদের লাটিন ও ফরাসী অনুবাদ সম্পন্ন হয়।—Revd. W. Cureton's Extract from the Arabic work entitled Ayun ul Amba &c with H. H. Wilson's remarks in the Journal of the Royal Asiatic Society, vol. 6, pp. 105—119, Max Müller's Lectures on the science of Language, first series, 1862, pp. 145—153, Colebrooke's dissertation on the Arithmetic and Algebra of the Hindus, Strachey's early History of Algebra in the Asiatic Researches, vol. XII., pp. 159—185, Alexander Von Humboldt's Cosmos translated by E. C. Otté, vol. II.,

* Both these effects—the simultaneous diffusion of the knowledge of the science of numbers and of numerical symbols with value by position—have variously, but powerfully favored the advance of the mathematical portion of natural science, and facilitated access to the more abstruse departments of astronomy, optics, physical geography, and the theories of heat and magnetism, which, without such aids, would have remained unopened.—Cosmos translated by E. C. Otté, vol. II., 1849, pp. 599 and 600.

† Relation des Voyages faits par les Arabes dans l' Inde et à la Chine, par Reinaud, tome I., p. cix ; tome II., p. 36.

করিয়াছে *; যাঁহার যশঃ-সৌরভে বিমুগ্ধ হইয়া ও তদর্থ যাঁহার উদ্দেশে

---

1849, pp. 535 and 593—600, Mémoire sur l' Inde, par Reinaud, pp. 312—322 and Elliot's Historians of India, pp. 259 and 260.

গ্রীকেরা হিন্দুদের নিকট দর্শন শাস্ত্রের উপদেশ গ্রহণ করেন ইহা সর্ব্বতোভাবে বিবেচনা-সিদ্ধ বলিয়া ইতিপূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। (৫৬—৫৮ পৃষ্ঠা দেখ।)

শ্যাম-দেশীয় ভাষায় বিরচিত বিশেষ বিশেষ পুস্তকের অন্তর্গত রাম ও লক্ষ্মণ-চরিত্র, রাবণ কর্ত্তৃক সীতা-হরণ, রাম-রাবণের যুদ্ধ-বর্ণন, অনিরুদ্ধ-উপাখ্যান, ভগবতী-মাহাত্ম্য-কথন, সুগ্রীব-সহোদর বালী রাজার বৃত্তান্ত, এবং কামধেনু, নাগ-কন্যা, যক্ষ, রাক্ষসাদি সংক্রান্ত নানা বিষয়ক প্রস্তাবে সংস্কৃত শাস্ত্রেরই সম্পূর্ণ কার্য্যকারিত্ব লক্ষিত হইয়া থাকে। ব্রহ্মদেশের ভাষায়ও রাম-চরিত্রাদি বিষয়ক অনেক গ্রন্থ দেখিতে পাওয়া যায়। উল্লিখিত উভয় ভাষাতেই ঐ সমস্ত বিষয় সংক্রান্ত বহুতর কাব্য ও নাটক বিদ্যমান আছে। ঐ সমুদায়ই ভারতবর্ষীয়, অতএব মুখ্য বা গৌণ রূপে সংস্কৃত শাস্ত্র হইতে সংকলিত তাহার সন্দেহ নাই।—Asiatic Researches, London, vol. X., 1811, pp. 234 and 248—251.

* সংস্কৃত পঞ্চতন্ত্র একখানি সুন্দর নীতি-গ্রন্থ। ইহা হইতেই প্রচলিত হিতোপদেশ সংকলিত হয়। এই পঞ্চতন্ত্র গ্রীক্, লাটিন্, পহ্লবী, আরবী, পারসীক, সীরিয়িক, হিব্রু, স্পেনিশ্, ইটালিক, জর্ম্মন্, ফরাশী, ইংরেজী, তাতার্, তুরকী, মঙ্গোল এই সমস্ত বিদেশীয় ভাষায় অনুবাদিত হইয়া ভূমণ্ডলের বহুতর অংশে নীতি-বিদ্যা প্রচার করে। ইহার ও কথাসরিৎসাগরের অন্তর্গত বহুতর উপন্যাস আরবীক ও পারসীক বিবিধ পুস্তকে পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছে। সুপ্রসিদ্ধ আরব্য উপন্যাস অনেক স্থলে এই ভূষণে বিভূষিত। এমন কি, ঐ উপন্যাস-পুস্তকের প্রথম উপাখ্যানই অর্থাৎ শাহরিয়ার্ ও শাহ্‌জেমানের কথাই সংস্কৃত কথাসরিৎসাগর হইতে সঙ্কলিত। ঐটি উক্ত সংস্কৃত গ্রন্থে লিখিত দুই যুবা ব্রাহ্মণ ও এক যক্ষের উপাখ্যান বই আর কিছুই নয় *। তদ্ভিন্ন, ঐ আরবী পুস্তকের অন্তর্গত এস্-সিন্দিবাদের আখ্যান, রাজা, রাজপুত্র, যুবতী ও সপ্ত মন্ত্রীর উপন্যাস, জেলীয়াদ্, তদীয় পুত্র ও মন্ত্রী বেখাদের উপকথা ইত্যাদি উপাখ্যান এ বিষয়ে সুস্পষ্ট সাক্ষ্য দান করিতেছে।——The Oriental Magazine and Calcutta Review, vol. I., pp. 493—506, H. H. Wilson's Essays on subjects connected with Sanskrit Literature, vol. II., 1864, pp. 1—80, Colebrooke's Introductory remarks to his

---

* British and foreign Review, No. XXI., p. 266.

অগাধ সিন্ধু সন্তরণ করিয়া সুসভ্য জাতীয়েরা অর্দ্ধ ভূমণ্ডলের আবিস্ক্রিয়া ও তদীয় অতুল ঐশ্বর্য্য লাভ করিয়াছেন; এবং ইংলণ্ড! তুমি ও তোমার সহোদরাগণে বহুকালাবধি যাহার অনুগ্রহ-প্রত্যাশায় প্রত্যাশাপন্ন ছিলে, এই সেই এক কালের রাজমহিষী মহীয়সী ভারতভূমি এখন নিতান্ত

edition of the Hitopadesa, Essai sur les Fables Indiennes, Par M. Loiseleur Des Longchamps, British and foreign Review vol. XI., p. 227 ff. and The Thousand and one Nights, translated by E. W. Lane, vol. III., 1841, pp. 1—117, 160 and 741—747.

ভারতবর্ষীয় রাজনীতি, ধর্ম্মনীতি, ধর্ম্মশাস্ত্র, সাহিত্য শাস্ত্র প্রভৃতি সমুদ্র অতিক্রম পূর্ব্বক যবদ্বীপ ও বালি দ্বীপে নীত হইয়া ধর্ম্ম ও নীতি প্রকাশ করিয়াছে। (এই পুস্তকের অন্তর্গত শৈব-সম্প্রদায়-বিবরণের ১৩—১৭ পৃষ্ঠা দেখ।) কেবল যব ও বালি দ্বীপে নয়, ঐ অঞ্চলের অন্যান্য দ্বীপস্থ লোকেরও শিক্ষা ও সভ্যতা সাধন বিষয়ে যে হিন্দুদিগের বিশেষরূপ কার্য্যকারিত্ব ছিল, নানা বিষয়ে তাহার অনেকানেক নিদর্শন দেখিতে পাওয়া যায়। এমন কি সুমাত্রা, সেম্বা, সেলিবিজ প্রভৃতি দ্বীপের বর্ণাবলীও দেবনাগরাদি ভারতবর্ষীয় অক্ষরের ন্যায় কবর্গ চবর্গাদি বর্ণ-বিভাগের নিয়মানুসারে বিভক্ত দেখা যায়।—The Journal of the Indian Archipelago, vol. II., No XII., pp. 770—774.

যে বৌদ্ধ-সম্প্রদায় অদ্যাপি ভূমণ্ডলের অন্য অন্য ধর্ম্ম-সম্প্রদায় অপেক্ষা বিস্তৃত বলিয়া বিবেচিত হইয়াছে *, ভারতবর্ষেই তাহা প্রবর্ত্তিত হইয়াছিল। এই স্থান হইতে তাহা চীন, জাপান, বর্ম্মা, সিংহল, তাতার প্রভৃতি নানা দেশে প্রচারিত হয়। বৌদ্ধধর্ম্ম-প্রচারকেরা সেই সমস্ত দেশে উৎসাহ সহকারে গমন পূর্ব্বক স্বধর্ম্ম প্রচার করিয়া আইসে।

খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দী হইতে দশম শতাব্দী পর্য্যন্ত চীন দেশীয় ভূরি ভূরি তীর্থযাত্রী ভারতবর্ষে আগমন পূর্ব্বক ধর্ম্ম-পুস্তকাদি সংগ্রহ করিয়া লইয়া যায়।

আমেরিকা খণ্ডের অন্তঃপাতী পিরুবিয়া দেশে প্রচলিত 'রামসিতোয়া' নামক মহোৎসব ও ঐ দেশীয় নৃপতিগণের সূর্য্যবংশ হইতে উৎপত্তি-প্রবাদ †, ঐ খণ্ডের মধ্যস্থলবাসী কতকগুলি জাতির ভাষায় ঈশ্বরের নাম সিবু, আসিয়ার অন্তর্গত ফিজিয়া দেশীয়দের একটি উপাস্য দেবতার নাম সেবা বা সেবাজিয়স, ঐ দেবোপাসকদের দীক্ষা-কালে সর্প-ঘটিত ব্যাপার-বিশেষের অনুষ্ঠান-প্রথা,

* এখন প্রায় ৪৫৫০০০০০০ পঁয়তাল্লিশ কোটী পঞ্চাশ লক্ষ লোক বৌদ্ধধর্ম্ম স্বীকার করে।—Physical Atlas by Berghaus extracted in Max Müller's "Chips from a German Workshop," 1868, Vol. I., p. 216 দেখ।

† A. R. vol. I., p. 426.

দীন ভাবে তোমার শরণাগত ও চরণাবনত হইয়া ত্রাহি ত্রাহি বলিয়া কাতর স্বরে ক্রন্দন করিতেছেন। এখন, ইংলণ্ড! তোমার উচিত কর্ম্ম তুমি কর। বিজ্ঞান-বিশোধিত দয়া প্রকাশ কর, দেশ-কাল-পাত্র বিবেচনা করিয়া ব্যবস্থা কর, রাজভাবকে এক পার্শ্বে রাখিয়া প্রজাগণের প্রতি মাতৃভাব প্রদর্শন কর, এবং যদি সম্ভব হয়, অবসন্ন-প্রায় ভারতভূমিকে রক্ষা করিয়া তাহার অশ্রু-জল বিমোচন কর।

ভাল এক অপ্রাসঙ্গিক প্রস্তাব উপস্থিত করিয়া অধীর হইয়া পড়িতেছি। শোচনীয় বিষয়ের প্রসঙ্গ ও হৃদয়-ভেদী আর্ত্ত-নাদের উদ্গিরণ আর সহ্য হইতেছে না। এখন আমার অন্তঃকরণ একটি জাজ্বল্যমান অগ্নি-ক্ষেত্র হইয়াছে! আমার হৃদয়-স্থল একটি ভয়ানক আগ্নেয়গিরি হইয়া উঠিয়াছে! আমার জ্বলিত মস্তক ভস্মীভূত হইয়া যাইতেছে! ব্যথার ব্যথিত পাঠকগণ! কি বিষাগ্নি-স্রোতই প্রবাহিত করিয়া তোমাদিগকে দগ্ধ করিতেছি! এখন অপেক্ষাকৃত শীতলতর প্রকৃত প্রস্তাবের অনুসরণ করাই শ্রেয়ঃ।

রামায়ণ ও মহাভারতে পূর্ব্ব-লিখিত বৈদিক ধর্ম্ম ও বৈদিক ব্যবহার-

মিশর্ দেশীয়দের একটি দেবতার নাম সেব্ বা সেব্রা বা সোবক্ * এই সমস্ত কথা এই প্রস্তাব-সম্বন্ধে লিখিয়া রাখা অসঙ্গত নয়।

ভারতভূমি ভূমণ্ডলে কেবল জ্ঞান, ধর্ম্ম ও আরোগ্য বিস্তার করিয়াই নিরস্ত হন নাই, বিদেশীয়দিগকে দোষ-শূন্য আমোদ-প্রমোদের উপায়ও শিক্ষা দিয়াছেন। তারীখুল্ হোকমা নামক গ্রন্থে লিখিত আছে, আরবীয়েরা এখান হইতে সঙ্গীত-শাস্ত্র-বিশেষ সংগ্রহ করিয়া স্বদেশে প্রচার করেন। উহার নাম বিয়াকর্ অর্থাৎ বিদ্যাফল বলিয়া লিখিত আছে। বহুকালাবধি অনেকানেক সভ্য জাতীয়েরা যে শতরঞ্চ-ক্রীড়ার আমোদে আমোদিত হইয়া আসিতেছেন ও জ্ঞানোজ্জ্বলিত ইউরোপ খণ্ডেও অধুনা যে আমোদ-তরঙ্গের প্রবাহ চলিতেছে, তাহা ভারতবর্ষে উৎপন্ন হয়। পারসীক গ্রন্থকারেরা এ বিষয় একবাক্যে স্বীকার করিয়া গিয়াছেন। তাঁহারা বলেন, খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে ভারতবর্ষের পশ্চিম খণ্ড হইতে ঐ ক্রীড়াটি পঞ্চতন্ত্রের সহিত পারস্যে নীত হয়। উহার সংস্কৃত নাম চতুরঙ্গ। প্রাচীন পারসীকেরা উহাকে বিকৃত করিয়া চত্রঙ্গ্ করেন এবং আরবী ভাষায় ঐ শব্দের আদ্যস্থ অক্ষর না থাকাতে, আরবীয়েরা পরে উহা শত্রঞ্জ্ বলিয়া উচ্চারণ করেন। তদনুসারে, পারস্যে ও ভারতবর্ষে উহা শতরঞ্চ বলিয়া প্রচলিত হয়।—Asiatic Researches, London vol. II., pp. 159—165.

* Serpent and Siva worship and Mythology in Central America, Africa and Asia, by Hyde Clarke, pp. 10—11.

বৃত্তান্তের ন্যায় অন্যান্য অনেক রূপ সুপ্রাচীন বৈদিক কথা-প্রসঙ্গও বিদ্যমান আছে। জনক, জনমেজয়, পরিক্ষিৎ প্রভৃতি বৈদিক সময়ের * লোক। যে সময়ে তাঁহারা জীবিত ছিলেন, বেদের ব্রাহ্মণ-ভাগ সে সময়ের পূর্ব্বে প্রবর্ত্তিত হইয়াছিল কি না বলা যায় না, কিন্তু সম্পন্ন হয় নাই। ঐতরেয় ও শতপথব্রাহ্মণে পরিক্ষিৎ জনমেজয়াদির প্রসঙ্গ দেখিতে পাওয়া যায়। অতএব তাঁহারা ও তদীয় পূর্ব্বপুরুষ ভীমার্জ্জুন যুধিষ্ঠিরাদি ঐ ব্রাহ্মণ-রচনার পূর্ব্বতন লোক স্পষ্টই জানা যাইতেছে।

**एतेन ह्वा ऐंद्रेण महाभिषेकेन तुरः कावषेयो जनमेजयं पारिक्षितमभिषिषेच तस्मादु जनमेजयः पारिक्षितः समंतं सर्वतः पृथिवीं जयन् परीयाय।**

ঐতরেয় ব্রাহ্মণ। ৮ পঞ্চিকা। ২১।

কবষ†-পুত্র তুর এই ঐন্দ্র মহাভিষেক-ক্রিয়া দ্বারা পরিক্ষিৎ-পুত্র জনমেজয়ের অভিষেক-কার্য্য সম্পন্ন করিয়া দেন। তদীয় ফলে পরিক্ষিৎ-পুত্র জনমেজয় সমস্ত ভূমণ্ডল সর্ব্বাংশে জয় করিয়া পরিভ্রমণ করেন।

**एतेन ह्वा ऐंद्रेण महाभिषेकेन दीर्घतमा मामतेयो भरतं दौष्मंतिमभिषिषेच तस्मादु भरतो दौष्मंतिः समन्तं सर्व्वतः पृथिवीं जयन् परीयाय।**

ঐতরেয় ব্রাহ্মণ। ৮ পঞ্চিকা। ২৩।

মমতা-পুত্র দীর্ঘতমা এই ঐন্দ্র মহাভিষেক দ্বারা দুষ্মন্ত-তনয় ভরতের

---

* যে সময়ে কেবল বৈদিক ধর্ম্ম ও বৈদিক আচার ব্যবহার প্রচলিত ছিল; পৌরাণিক ধর্ম্ম প্রবর্ত্তিত হয় নাই, সেই সময়কে বৈদিক সময় বলিয়া উল্লেখ করা গেল।

† ঋষি-বিশেষের নাম কবষ। ঋগ্বেদের মন্ত্র-বিশেষের মধ্যেও কবষের নাম সন্নিবেশিত আছে।

अध श्रुतं कवषं वृद्धमप्स्वनु द्रुह्युं नि वृणग्वज्रबाहुः। (৭ম। ১৮সূ। ১২ঋ)

বজ্রবাহু ইন্দ্র শ্রুত, কবষ, বৃদ্ধ ও দ্রুহ্যুকে যথাক্রমে জল-মগ্ন করিয়াছিলেন। তিনি দাসী-পুত্র। ঐতরেয়* ও কৌষীতকি ব্রাহ্মণে তাঁহার প্রসঙ্গ আছে। লিখিত আছে, একবার সরস্বতী-তীরে যজ্ঞ-স্থলে তিনি উপস্থিত ছিলেন; ঋষিগণ তাঁহাকে দাসী-পুত্র বলিয়া অবজ্ঞা প্রকাশ পূর্ব্বক বলেন,

---

* ঐতরেয় ব্রাহ্মণ। ২। ১৯।

রাজ্যাভিষেক-ক্রিয়া সম্পাদন করিয়া দেন। তদীয় ফলে দুষ্মন্ত-পুত্র ভরত সমস্ত ভূমণ্ডল জয় করিয়া পরিভ্রমণ করেন।

---

দাস্যা বৈ ত্বং পুত্রোঽসি ন বয়ং ত্বয়া সহ ভক্ষয়িষ্যামঃ।

কৌষীতকি ব্রাহ্মণ। ১১।

তুমি দাসী-পুত্র; আমরা তোমার সহিত ভোজন করিব না।

এই কবষ ঋষি ঋগবেদ-সংহিতার দশম মণ্ডলের অন্তর্গত ৩০ত্রিংশ, ৩১ একত্রিংশ, ৩২ দ্বাত্রিংশ, ৩৩ ত্রয়স্ত্রিংশ ও ৩৪ চতুস্ত্রিংশ* সূক্ত রচনা করেন, ও তদীয় পুত্র তুর পরিক্ষিৎ-তনয় মহারাজ জনমেজয়ের রাজ্যাভিষেক-ক্রিয়া সম্পাদন করিয়া দেন। পশ্চাৎ দৃষ্ট হইবে, কক্ষীবান্ ঋষি ঋগ্বেদ-সংহিতার কতকগুলি সূক্ত রচনা করেন; তিনিও একটি দাসী-পুত্র †। ছান্দোগ্যোপনিষদে চতুর্থ প্রপাঠকের অন্তর্গত জানশ্রুতি আখ্যায়িকায় লিখিত আছে, রৈক্য ঋষি জানশ্রুতি রাজাকে শূদ্র জানিয়া ও বার বার তাঁহাকে শূদ্র সম্বোধন করিয়া পশ্চাৎ বেদবাক্য দ্বারা সংবর্গ বিদ্যা উপদেশ দেন।

হ তস্মৈ হোবাচ বায়ুর্বাব সংবর্গঃ (ইত্যাদি)।

তিনি (অর্থাৎ রৈক্য) তাঁহাকে (অর্থাৎ শূদ্র-কুলোদ্ভব জানশ্রুতিকে) বলিলেন, বায়ুই সংবর্গ ইত্যাদি।

বিশ্ববারা, রোমশা, যমী, উর্ব্বশী প্রভৃতি স্ত্রীলোকেরাও বেদ-মন্ত্রের রচয়িত্রী বলিয়া উল্লিখিত হইয়াছেন। ইঁহারা সকলেই ঋগ্বেদ-মন্ত্র ‡ প্রণয়ন করেন। ইঁহাদের বাক্যই বেদ হইয়া গিয়াছে। এইরূপ বৃহদারণ্যকোপনিষদের তৃতীয় অধ্যায়ের অষ্টম ব্রাহ্মণে ও চতুর্থ অধ্যায়ের পঞ্চম ব্রাহ্মণে বিনিবেশিত গার্গী ও মৈত্রেয়ীর বাক্যগুলিও বেদ বলিয়া পরিগণিত হয়। কি আশ্চর্য্য! ব্রাহ্মণেরা যে স্ত্রী-শূদ্রের বিরচিত বেদ-মন্ত্র কণ্ঠস্থ করিয়া আপনাদিগকে কৃতার্থ মনে করিয়া আসিয়াছেন, পশ্চাৎ তাহাদিগকেই বেদাধিকারে একেবারে বঞ্চিত করিয়া রাখিয়াছেন। তাহাদের পক্ষে বেদ পাঠ দূরে থাকুক, শ্রবণও বিষম পাতক। ভাল! ব্রাহ্মণ ঠাকুর! ভাল!

---

* ৩৪ চৌত্রিশ সূক্তটি কবষ বা মুজবৎ-পুত্র অক্ষ ঋষির কৃত বলিয়া লিখিত আছে।

† ভবিষ্যদ্ধর্ম্মাৎ বা অঙ্গরাজস্য মহিষ্যা দাস্যাং দীর্ঘতমসোৎপাদিতঃ কক্ষীবানস্য সূক্তস্য ঋষিঃ।—সর্ব্বানুক্রম।

‡ পঞ্চম মণ্ডলের ২৮ সূক্ত, ও প্রথম মণ্ডলের ১২৬ সূক্তের সপ্তম ঋক্ এবং দশম মণ্ডলের ১০ ও ৯৫ সূক্তের অন্তর্গত মন্ত্রসমূহ।

**এতেন হৈন্দ্রোতো দৈবাপঃ শৌনকঃ। জনমেজয়ং পারিক্ষিতং যাজয়াঞ্চকার তেনেষ্ট্বা সর্ব্বাং পাপকৃত্যাং সর্ব্বাং ব্রহ্মহত্যামপজঘান।**

শতপথ ব্রাহ্মণ। ১৩। ৫। ৪। ১।

ইন্দ্রোতো দৈবাপ শৌনক পরিক্ষিৎ-পুত্র জনমেজয়ের অশ্বমেধ-যজ্ঞে যাজন করেন। তদ্দ্বারা জনমেজয় সমস্ত পাপ ও সমস্ত ব্রহ্মহত্যা হইতে মুক্ত হন।

মহাভারতের সম্ভব পর্ব্বাধ্যায় অনুসারে, পরিক্ষিতের অপর তিন পুত্রের নাম ভীমসেন, উগ্রসেন ও সুসেন*। শতপথ ব্রাহ্মণের ত্রয়োদশ কাণ্ডের পঞ্চম অধ্যায়েও তাঁহাদের প্রসঙ্গ আছে; বিশেষ এই যে, মহাভারতোক্ত সুসেনের পরিবর্ত্তে শ্রুতসেন সন্নিবেশিত দেখা যায়। ইহাঁরা সকলেই অশ্বমেধের অনুষ্ঠান দ্বারা গুরুতর পাপ হইতে মুক্ত হন এইরূপ লিখিত আছে †। ইহাতে স্পষ্টই বোধ হইতেছে, ঐ ব্রাহ্মণ-রচয়িতা তাঁহাদিগকে পূর্ব্বকালীন লোক বলিয়া অবগত ছিলেন।

এইরূপ, জনক-বৈদেহ অর্থাৎ মিথিলাধিপতি জনক, দুষ্মন্ত, শকুন্তলা ‡ ও তদীয় পুত্র ভরত, রাজা ধৃতরাষ্ট্র ¶ ইত্যাদি রামায়ণ ও মহাভারতের মূলোপাখ্যানোক্ত নানা ব্যক্তি সম্বন্ধীয় নানা বিষয় শতপথ ব্রাহ্মণাদির মধ্যে সূচিত দেখা যায়।

মহাভারতানুসারে, অর্জ্জুন কৃষ্ণ-ভগিনী সুভদ্রাকে হরণ করেন এবং ভীষ্ম কাশীরাজ-কন্যা অম্বা, অম্বিকা ও অম্বালিকাকে বল-পূর্ব্বক অপহরণ করিয়া আনেন § এবং তদীয় ভ্রাতা বিচিত্রবীর্য্যের সহিত অম্বিকা ও অম্বালিকার পাণিগ্রহণ সম্পন্ন করিয়া দেন। অম্বিকার গর্ভে ধৃতরাষ্ট্র ও অম্বালিকার গর্ভে পাণ্ডু জন্ম গ্রহণ করেন ‖। বাজসনেয়িসংহিতার অন্তর্গত অশ্বমেধ যজ্ঞের প্রকরণে ঐ চারিটি স্ত্রীলোকেরই নাম একত্র সন্নিবেশিত আছে। রাজমহিষী বলিতেছেন,

---

* আদিপর্ব্ব। ৯৪। ৫৩ ও ৫৪।

† শতপথ ব্রাহ্মণ। ১৩। ৫। ৪। ৩ কণ্ডিকা।

‡ শতপথ ব্রাহ্মণে শকুন্তলা অপ্সরা বলিয়া লিখিত হইয়াছে। "শকুন্তলা নাডপিত্যপ্সরা ভরতং দধে" (শ, প, ব্রা। ১৩। ৫। ৪। ১৩)। "তেন হৈতেন ভরতো দৌঃষন্তিরীজে" (শ, প, ব্রা। ১৩। ৫। ৪। ১১)।

¶ আদিপর্ব্বের ৯৪ অধ্যায়ের ৫৫ শ্লোক অনুসারে, জনমেজয়ের এক পুত্রের নাম ধৃতরাষ্ট্র। § ১১৭ পৃষ্ঠা দেখ। ‖ আদিপর্ব্ব ১০৬।

**অম্বেঽম্বিকেঽম্বালিকে ন মা নয়তি কশ্চন।**

**সসস্ত্যশ্বকঃ সুভদ্রিকাং কাম্পীলবাসিনীম্ ॥**

বাজসনেয়িসংহিতা। ২৩। ১৮।

অম্বে! অম্বিকে! অম্বালিকে! কেহ আমাকে অশ্ব-সন্নিধানে লইয়া যায় না। (যদি আমি নিজে না যাই), তাহা হইলে, সেই নিন্দিত অশ্ব কাম্পীল-নগর-নিবাসিনী বিনিন্দিত সুভদ্রার মত অন্যের সহিত সহবাস করিবে।

একত্র সন্নিবেশিত এই সমস্ত নামাদির সহিত মহাভারতোক্ত ঐ সমস্ত ব্যক্তির নামাদি কোনরূপেই অসম্বদ্ধ মনে করিতে পারা যায় না। বাজসনেয়িসংহিতার একটি মন্ত্রে (১০।২১) অর্জ্জুনের নাম আছে, কিন্তু সেটি ইন্দ্র-বাচক। মহাভারতোক্ত অর্জ্জুনও ইন্দ্র-পুত্র বলিয়া পরিগণিত। এইরূপ রামায়ণ ও মহাভারতের আনুষঙ্গিক কথা সংক্রান্ত বশিষ্ঠ, বিশ্বামিত্র, যাজ্ঞবল্ক্য, দীর্ঘতমা, কক্ষীবান্ প্রভৃতি অনেক অনেক ঋষির প্রসঙ্গ, এবং জল-প্রলয়-বৃত্তান্ত, পুরুরবা ও উর্ব্বশীর উপাখ্যান, শুনঃশেপের বিষয়, চ্যবনের পুনঃ যৌবন-প্রাপ্তি ইত্যাদি বহুতর উপাখ্যানও বেদ-মূলক। বেদের মন্ত্র ও ব্রাহ্মণ উভয় ভাগের মধ্যেই এই সমস্ত বিষয় বিনিবেশিত আছে। পশ্চাৎ পার্শ্বাপার্শ্বী করিয়া তাহার কয়েকটি উদাহরণ প্রদর্শিত হইতেছে, পাঠ করিলেই জানিতে পারা যাইবে।

| বেদ। | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| বসিষ্ঠ (বশিষ্ঠ)। | |
| সর্ব্বানুক্রমানুসারে, ঋগ্বেদ সংহিতার সপ্তম মণ্ডলের অন্তর্গত এক হইতে একশত চারি পর্য্যন্ত প্রায় সমুদায় সূক্তের রচয়িতা। বসিষ্ঠ ও বসিষ্ঠ সন্তানেরা ঐ সংহিতার প্রথম মণ্ডলের ১১২ সূ, ৯ ঋ; এবং সপ্তম মণ্ডলের ৭ সূ, ৭ ঋ; ৯, ৬; ১২, ৩; ১৮, ৪; ২৩, ১; ২৬, ৫; ৩৩, ১—১৪; ৩৭, ৪ ইত্যাদি বহুতর ঋকে উল্লিখিত। তৈত্তিরীয় সংহিতার সপ্তমাষ্টক, ঐতরেয় ব্রাহ্মণ (৮, ২১), কৌষীতকি ব্রাহ্মণের ৪র্থ অধ্যায়, শতপথ ব্রাহ্মণের দ্বাদশ কাণ্ডের ষষ্ঠাধ্যায় (১, ৩৮), | বালকাণ্ডের ৫২ — ৫৬ ও অন্য অন্য নানা সর্গের নানা স্থানে এবং আদি পর্ব্বের ৯৪ অধ্যায়ের ৪২ শ্লোকে ও ৯৯ অ, ৫ শ্লোকে এবং ১৭৩, ১৭৪, ও ১৭৫ অধ্যায়ে ও অন্য অন্য স্থানে উপাখ্যাত। শান্তি পর্ব্বের ৩০৩—৩০৯ অধ্যায়ে জ্ঞান ও ধর্ম্মের উপদেষ্টা স্বরূপে পরিকীর্ত্তিত। |

**বেদ**

সামবেদের ষড়্‌বিংশ ব্রাহ্মণ (১, ৫) ইত্যাদি বহুতর বেদ-শাস্ত্রে কীর্ত্তিত ও উপাখ্যাত।

**রামায়ণ ও মহাভারত।**

## বিশ্বামিত্র।

**বেদ**

সর্ব্বানুক্রমানুসারে, ঋগ্বেদ সংহিতার তৃতীয় মণ্ডলের অন্তর্গত ১ এক হইতে ১২ বার এবং ২৪ চব্বিশ হইতে ৬২ বাষট্টি পর্য্যন্ত প্রায় সমুদায় সূক্তের রচয়িতা*। ঋ-সং, ৩ম, ১ সূ, ২১ ঋ; ৩ম, ১৮সূ, ৪ঋ; ৩ম, ৫৩সূ, ৭, ১২ ও ১৩ঋ ; ১০ম, ৮৯সূ ১৭ঋ ; ১০ম, ১৬৭ সূ, ৪ঋ ইত্যাদি ঋকে এবং ঐতরেয় ব্রাহ্মণের সপ্তম পঞ্চিকার অন্তর্গত শুনঃশেপ-প্রস্তাবে (১৩—১৮) উল্লিখিত ও পরিকীর্ত্তিত। ঐ ব্রাহ্মণের ঐ স্থলে বিশ্বামিত্র-সন্তানেরা নানা প্রকার দস্যু বলিয়া লিখিত আছে। (বৈশ্বামিত্রা দস্যূনাং ভূয়িষ্ঠাঃ।)

**রামায়ণ ও মহাভারত।**

বালকাণ্ডের অষ্টাদশ সর্গের ৩৯ শ্লোক অবধি ৭৪ সর্গের ১ প্রথম শ্লোক পর্য্যন্ত এবং আদি পর্ব্বের ১৭৫ একশত পঁচাত্তর অধ্যায়ে উপাখ্যাত বালকাণ্ডের ৬২ সর্গের ১৭ শ্লোকে বিশ্বামিত্র নিজ সন্তানগণকে নীচ জাতি প্রাপ্ত হইবি বলিয়া অভিসম্পাত করেন এইরূপ উক্ত হইয়াছে।

---

* ইহার মধ্যে, দুর্গাচার্য্য নিরুক্ত ভাষ্যে তৃতীয় মণ্ডলের ৫৩ সূক্তের ২৩ ঋক্‌টি 'বসিষ্ঠ-দ্বেষিণী' এবং সায়নাচার্য্য উহার ২১, ২২, ২৩, ২৪ এই চারিটি ঋক্‌ই 'বসিষ্ঠ-দ্বেষিণ্য' অর্থাৎ বশিষ্ঠের প্রতি বিদ্বেষ-সূচক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। অতএব রামায়ণ ও মহাভারতে বশিষ্ঠ-বিশ্বামিত্রের যে বিরোধ বর্ণন আছে, উল্লিখিত উভয় ভাষ্যকারের অভিপ্রায়ানুসারে বেদসংহিতার মধ্যেও তাহার নিদর্শন পাওয়া যাইতেছে বলিতে হয়। রাজা সুদাস্ কখন বসিষ্ঠকে ও কখন বিশ্বামিত্রকে আপনার পৌরহিত্য পদে নিযুক্ত করেন (ঋ-সং, ৭, ১৮, ৪ ও ৫ এবং ২১—২৫ ; ৮, ৩৩, ১—৬ ; ঐ, ব্রা, ৮, ২১ ; এবং ঋ-সং, ৩, ৫৩, ৯—১৩)। কিন্তু আবার বিশ্বামিত্রকে দূরীভূত করিয়া দেন ও কোন সময়ে বসিষ্ঠ-তনয়ের প্রাণনাশ করেন এইরূপ লিখিত আছে (ঋ-সং, ৭, ৩৩, ৬ ; তৈত্তিরীয় সংহিতা, ৭ অষ্ট ; কৌষীতকি ব্রাহ্মণ, ৪ অ ; এবং সায়নাচার্য্য কর্ত্তৃক ঋ-সং, ৭ম, ৩২ সূক্তের ভাষ্যে উদ্ধৃত শাট্যায়ন ও তাণ্ড্য ব্রাহ্মণ)। (Muir's S. texts, vol. I., 1872, pp. 371—375 দেখ)। এই ব্যাপারটি ঐ উভয় ঋষির পরস্পর প্রতিযোগিতা ও বিবাদ-বিসম্বাদের সঙ্কারক ও বিজ্ঞাপক বলিয়া অনুমিত হইতে পারে।

### যাজ্ঞবল্ক্য।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| শুক্লযজুর্ব্বেদীয় শতপথ ব্রাহ্মণের ১, ২, ৩, ৪, ৫, ১১, ১২, ১৩ ও ১৪ কাণ্ডের নানা স্থানে উপদেষ্টা স্বরূপে উপাখ্যাত। | শান্তি পর্ব্বের ৩১১—৩১৯অধ্যায়ে উপদেষ্টা ও যজুর্ব্বেদ-প্রকাশক বলিয়া উপাখ্যাত। |

### দীর্ঘতমা।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| সর্ব্বানুক্রমানুসারে, ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের অন্তর্গত ১৪০ হইতে ১৬৪ পর্য্যন্ত সমুদায় সূক্তের রচয়িতা। | আদি পর্ব্বের ১০৪ অধ্যায়ে উপাখ্যাত। |

### কক্ষীবান্।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| সর্ব্বানুক্রমানুসারে, ঋ, সংহিতার ১ম, ১১৬—১২৬ * সূক্তের রচয়িতা। | সভাপর্ব্ব, ৪অ, ১৭ শ্লোক এবং অনুশাসন পর্ব্ব, ১৫০অ, ৩০ শ্লোক ও ১৬৫অ, ৩৭ শ্লোকে উল্লিখিত। |

### জলপ্রলয়।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| শতপথ ব্রাহ্মণের প্রথম কাণ্ডের অষ্টমাধ্যায়ে উপাখ্যাত। | বনপর্ব্বের ১৮৭ অধ্যায়ে বর্ণিত। |

### পুরুরবা ও উর্ব্বশী।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| ঋগ্বেদ-সংহিতার ১০ম, ৯৫ সূক্ত; বাজসনেয়সংহিতার ৫, ২; ১৫, ১৯; শতপথ ব্রাহ্মণের ৩, ৪, ১, ২২; ১১, ৫, ১, ১ এই সকল স্থলে প্রস্তাবিত। | আদি পর্ব্বের ৭৫ অধ্যায়ের ১৮—২৪ শ্লোকে, বন পর্ব্বের ৯০অধ্যায়ের ৩৫ শ্লোকে এবং শান্তি পর্ব্বের ৭২ ও ৭৩ অধ্যায়ে উপাখ্যাত বা উল্লিখিত। |

### শুনঃশেপ।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| ঋগ্বেদ সংহিতার প্রথম মণ্ডলের ষষ্ঠানুবাকের ১—৭ সূক্ত-প্রণেতা ও ঐতরেয় ব্রাহ্মণের সপ্তম পঞ্চিকায় (১৩—১৮) উপাখ্যাত। | বালকাণ্ডের ৬১ ও ৬২ সর্গে উপাখ্যাত। |

### অশ্বিন-যুগলের প্রসাদে চ্যবন বা চ্যবানের পুনর্যৌবন-প্রাপ্তি।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| ঋ-সংহিতার ১, ১১৭, ১৩ (**যুবং চ্যবানমশ্বিনা জরন্তং পুনর্যুবানং চক্রথুঃ শচীভিঃ**); ১, ১১৮, ৬; ৫, ৭৫, ৫; ৭, ৬৮, ৬; এবং ৭, ৭১, ৫ ঋকে পরিকীর্ত্তিত। | বনপর্ব্বের, ১২২ ও ১২৩ অধ্যায়ে বর্ণিত। |

---

* ১২৬ সূক্তের সপ্তম ঋক্‌টি রোমশা কর্ত্তৃক বিরচিত।

| বেদ | রামায়ণ ও মহাভারত। |
|---|---|
| উদ্দালক-আরুণি ও শ্বেতকেতু। | |
| ঐতরেয় ব্রাহ্মণ, ৮, ৭; শতপথ ব্রাহ্মণ, ১, ১, ২, ১১ : ২, ৩, ১, ৩১ ; ৩, ৩, ৪, ১৯; ৪. ৫, ৭, ৯; ৫. ৫, ৫, ১৪; ১১, ২, ৬, ১২; ১১, ৪, ১, ১; ১১, ৫, ৩, ১ : ১২, ২, ২, ১৩; ১৪, ৯, ৩, ১৫; ১৪, ৯, ৪, ৩৩; বৃহদারণ্যকোপনিষদ্, ৩, ৭, ১ : এবং কঠোপনিষদ্, ১, ১১ শ্রুতিতে কথিত। | আদি পর্ব্বের, ৩ ও ১২২ অধ্যায়ে উপাখ্যাত। |

ফলতঃ মহাভারতের মধ্যে এরূপ প্রাচীনতম কথা বিনিবেশিত আছে যে, বেদ ভিন্ন অন্য কোন গ্রন্থে সেরূপ বিদ্যমান নাই। হয় ত, অন্য অন্য সকল শাস্ত্রেরই অপেক্ষা অধিকতর পূর্ব্বতন কথা ভারতের মধ্যে সন্নিবিষ্ট আছে। যে সময়ে আর্য্য-বংশে দম্পতির সম্বন্ধ-বন্ধন অত্যন্ত শিথিল ছিল, মহাভারতে সে সময়েরও স্মরণ-সূচক উপাখ্যান দেখিতে পাওয়া যায়। এইরূপ একটি উপাখ্যান আছে যে, সে সময়ে স্ত্রীলোকেরা পরপুরুষ গমন করিলে প্রত্যবায় হইত না; পরে উদ্দালক-পুত্র শ্বেতকেতু নিজ জননীকে অন্য পুরুষ কর্ত্তৃক আক্রান্ত দেখিয়া এই নিয়ম করিলেন, অদ্যাবধি যে স্ত্রীলোক পরপুরুষ-সংসর্গ করিবে, এবং যে পুরুষ পতিব্রতা স্ত্রীকে পরিত্যাগ করিয়া পরস্ত্রীতে অনুরক্ত হইবে, উভয়েই ভ্রূণহত্যা সদৃশ গুরুতর পাপে পরিলিপ্ত হইবে *। স্ত্রী-পুরুষের উল্লিখিতরূপ স্বেচ্ছাচার-প্রথা যদি একটি বাস্তবিক কথা হয়, তাহা হইলে এই উপাখ্যানটি হিন্দু-সমাজের একটি অতীব প্রাচীন অবস্থার পরিচায়ক বলিয়া গণ্য করিতে হইবে।

রামায়ণ ও মহাভারতে যে সমস্ত উপাখ্যানের সবিস্তর বর্ণন আছে, বেদ শাস্ত্রে তাহার অনেকগুলির সূত্রপাত মাত্র, কতকগুলির বা অপেক্ষাকৃত অল্প প্রসঙ্গ, ও কোন কোনটির বা সবিশেষ বৃত্তান্তও বিদ্যমান দেখা যায়। অনেক অনেক বৈদিক উপাখ্যান নানা অংশে পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়া ঐ দুই মহাকাব্যের মধ্যে সন্নিবেশিত হইয়াছে একথা বলা বাহুল্য। এই সমুদায়ের মধ্যে কোন কোন প্রাচীনতর বৈদিক কথা অপেক্ষাকৃত অপ্রাচীনতর পৌরাণিক দেব-বিশেষের মহিমা-প্রকাশ বিষয়ে নিয়োজিত হইয়া অভিনব রূপ ধারণ করিয়াছে। পশ্চাৎ বিষ্ণ্বতারের প্রসঙ্গ মধ্যে তাহার কিছু কিছু উদাহরণ প্রদর্শিত হইবে।

* আদিপর্ব্ব। ১২২। ৯—১৭।

মহাভারতীয় অনেক উপাখ্যানে বেদোক্ত ধর্ম্ম-লক্ষণই লক্ষিত হইয়া থাকে। নলোপাখ্যান ও বিশেষতঃ দময়ন্তীর স্বয়ম্বর-বৃত্তান্তটি একটি প্রাচীন প্রবন্ধ। শতপথ ব্রাহ্মণে নিষধ-পতি নল "নলনৈষিধ" বলিয়া উক্ত হইয়াছেন। উল্লিখিত স্বয়ম্বর-সভার বর্ণনায় ইন্দ্র, অগ্নি, যম ও বায়ুকে দেখিতে পাইবে। তাঁহারা দময়ন্তীর প্রণয়াভিলাষী হইয়া তথায় উপস্থিত হন। ঐ স্বয়ম্বর-বৃত্তান্ত-রচনার সময়ে পৌরাণিক ধর্ম্ম প্রচলিত থাকিলে, গণপতি হস্তি-শুণ্ড লইয়া গমন করিতে পারুন আর না পারুন, রূপের সাগর কার্ত্তিক সর্ব্বাগ্রে সভাস্থ হইয়া গল-দেশ প্রসারিত করিয়া উপবিষ্ট ছিলেন এইরূপ বর্ণিত হইতই হইত তাহার সন্দেহ নাই।

প্রথমে আর্য্য-সমাজে বর্ণ-বিচার ছিল না; কালক্রমে উহা প্রবর্ত্তিত হয়। হইলে, ব্রাহ্মণেরা ক্রমশঃ প্রবল হইয়া উঠেন। তাঁহারা যাজন-ধর্ম্মানুসারে ক্ষত্রিয়াদির পৌরহিত্য-পদে নিযুক্ত হইয়া উদ্বাহাদি সংস্কার সমুদায় সম্পন্ন করিয়া দিতে থাকেন। নলোপাখ্যানে দেখিতে পাওয়া যায়, তাঁহারা দৌত্য-কর্ম্মে ব্রতী হইয়া নলের অন্বেষণে চতুর্দ্দিকে গমন করেন, কিন্তু তাঁহাদের পৌরহিত্য-পদ-লাভের উল্লেখ নাই। পুরোহিত ধৌম্য যেমন যুধিষ্ঠিরাদির সহিত দ্রৌপদীর উদ্বাহ-ক্রিয়া সম্পন্ন করিয়া দেন, নলদময়ন্তীর বিবাহ সেরূপ কোন ব্রাহ্মণ-পুরোহিতের দ্বারা সম্পন্ন হইবার কথা লিখিত নাই; রাজা নিজেই কন্যা সম্প্রদান করেন। যখন মহাভারতীয় নলোপাখ্যানের প্রাচীনত্ব-বোধক পূর্ব্বলিখিত অন্য অন্য লক্ষণ বিদ্যমান রহিয়াছে, তখন এ বিষয়টিকেও তাদৃশ একটি লক্ষণ বলিয়া মনে করিতে পারা যায়। মনুসংহিতা-রচনার সময়ে ব্রাহ্মণের মহিমা ও ব্রাহ্মণের প্রভুত্ব গগন স্পর্শ করিয়াছিল ইহা পূর্ব্বেই দৃষ্ট হইয়াছে *। অতএব নলোপাখ্যানের মূল বৃত্তান্তটি ঐ সময়ের পূর্ব্বে উৎপন্ন বলিয়া সহজেই প্রতীয়মান হইয়া উঠে। যযাতি ও দেবযানীর উপাখ্যানে ব্রাহ্মণ-বর্ণের মহিমা ও গরিমা অতিমাত্র প্রবল দেখিতে পাওয়া যায় †। অতএব সে উপাখ্যান এবং তাদৃশ অন্য অন্য উপাখ্যান অপেক্ষাকৃত অপ্রাচীন বলিয়া বিবেচিত হইয়াছে ‡।

রামায়ণ ও মহাভারতে বর্ণিত কতকগুলি সামাজিক রীতি নীতি

---

* ৬০ পৃষ্ঠা দেখ।

† আদিপর্ব্ব। ৮১ অধ্যায়।

‡ Talboys Wheeler's History of India, vol. I., 1867, Part III, Chapters II and III দেখ।

অত্যন্ত প্রাচীন এ কথা পূর্ব্বেই একরূপ লিখিত হইয়াছে। এমন কি, মনুসংহিতা-প্রোক্ত ধর্ম্ম-প্রণালী প্রচারিত হইবার পূর্ব্বেও তাহার কোন কোন বিষয় প্রচলিত ছিল। যে সময়ে রামায়ণ ও মহাভারতে সেই সমস্ত বিষয়ের উপাখ্যান সঙ্কলিত হয়, সে সময়ের পূর্ব্বে হিন্দু-সমাজ হইতে সে সমস্ত তিরোহিত হইয়া যায়। এই নিমিত্ত ঐ উভয় গ্রন্থ-সংগ্রহ-কারেরা সেই উপাখ্যানগুলি পরিবর্ত্তন পুরঃসর নিজ সময়ের উপযুক্ত ও নিজ মতের প্রতিপোষক করিয়া বর্ণন করিয়াছেন। এ স্থলে এ বিষয়ের দুই একটি উদাহরণ প্রদর্শিত হইতেছে; পাঠ করিলেই জানিতে পারা যাইবে।

স্ত্রীলোকের বহুবিবাহ হিন্দু-সমাজের একটি প্রচলিত প্রথা ছিল। বেদসংহিতায় সে বিষয়ের প্রসঙ্গ আছে ও মহাভারতের মধ্যেও তাহার নিদর্শন রহিয়াছে *। তদনুসারে, যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব এক দ্রৌপদীর পাণিগ্রহণ করেন। মহাভারতে ঐ উপাখ্যান সঙ্কলিত হইবার পূর্ব্বে উল্লিখিত উদ্বাহ-ব্যবস্থা নিবারিত হইয়া যায়। এই নিমিত্ত সংগ্রহ-কার এস্থলে লিখিলেন, পাণ্ডবেরা দ্রৌপদী-সমভিব্যাহারে গৃহ-প্রত্যা-গমন পূর্ব্বক নিজ জননীকে কহিলেন, মা! আমরা অদ্য অমূল্য নিধি লাভ করিয়াছি। তদীয় মাতা এই পর্য্যন্ত শুনিয়াই কহিলেন, বৎস! তোমরা পাঁচ সহোদরে উহা বিভাগ করিয়া লও। মাতৃ-আজ্ঞা লঙ্ঘন করিতে নাই, অতএব পাঁচ সহোদরে এক দ্রৌপদীর পাণিগ্রহণ করিলেন †।

---

* ১১৯ ও ১২২ পৃষ্ঠা দেখ।

† বৈদিক সমাজে স্ত্রীলোকের বহুবিবাহ একটি প্রচলিত প্রথা ছিল। দ্রৌপদীর পঞ্চস্বামি-গ্রহণ যদি একটি বাস্তবিক ঘটনা হইয়া থাকে, তাহা হইলে ঐ প্রাচীন সমাজেই উহা সম্পন্ন হইয়াছিল তাহার সন্দেহ নাই। কালক্রমে উহা অপ্রচলিত হইয়া গেলে, মহাভারত-সংগ্রহকার পণ্ডিত-বিশেষ মহাভারতের মধ্যে দ্রৌপদীর বহুবিবাহটি কৌশলক্রমে প্রচলিত-প্রথা-বিরুদ্ধ একটি অসামান্য ব্যাপার বলিয়া বর্ণন করিয়াছেন। ভোট দেশে স্ত্রীলোকের বহুবিবাহ অদ্যাপি প্রচলিত আছে। তথাকার ঐ প্রথাটি দ্রৌপদীর পঞ্চস্বামি-গ্রহণেরই অবিকল অনুরূপ। সচরাচর দুই কিম্বা তিন সহোদরে এক ভার্য্যা লইয়া একত্র সংসার-ধর্ম্ম করে এইরূপ দেখা যায়। কোন কোন পরিবারের মধ্যে পাঁচ ছয় সহো-দরকেও এক স্ত্রীর পাণিগ্রহণ করিতে দেখা গিয়াছে। সিংহল দ্বীপে ও বিশেষতঃ তথাকার ধনি-লোকের মধ্যে এই প্রথা প্রচলিত আছে। কিন্তু তথায় সহোদর ব্যতিরেকে স্বপরিবারস্থ অপরাপর স্বসম্পর্কীয় ব্যক্তিতেও এক স্ত্রীকে বিবাহ করিয়া থাকে। কালমুখ, টাস্‌মেনিয়াবাসী, উত্তর আমেরিকাবাসী ইরাকোয়া

রামায়ণে লিখিত আছে, রাজা দশরথ একটি ঋষি-কুমারের প্রাণবধ করেন। কিন্তু শাস্ত্রানুসারে ব্রহ্ম-বধের পর গুরুতর দুষ্কর্ম্ম আর কিছুই নাই *। রাজা দশরথ পরম ধার্ম্মিক পুণ্যাত্মা পুরুষ; তাঁহার এইরূপ অযশস্কর অসঙ্গত পাপ-কর্ম্ম-সংঘটন সম্ভব নয়। এই নিমিত্ত লিখিত হইয়াছে, সেই ঋষি-কুমার ব্রাহ্মণ-তনয় নয়; বৈশ্যের ঔরসে ও শূদ্রার গর্ভে তাহার জন্ম হয় †; তাহারে বধ করিলে ব্রহ্ম-হত্যার ফলভাগী হইতে হয় না।

পূর্ব্বে হিন্দু-সমাজে স্ত্রীলোকেরও অধিক বয়সে বিবাহ-প্রথা প্রচলিত ছিল। কখন কখন কন্যা-কালেও পুরুষ-সংসর্গ ঘটিয়া সন্তান জন্মিলে, সেই সন্তান কানীন বলিয়া উল্লিখিত হইত। মনুসংহিতায় এবিষয়ের প্রসঙ্গ ও ব্যবস্থা আছে ‡। কর্ণ কুন্তীর কানীন পুত্র। যে সময়ে এ বিষয়ের বৃত্তান্ত বিরচিত ও মহাভারতে সন্নিবেশিত হয়, সে সময়ের পূর্ব্বে ঐ ব্যবহারটি রহিত হইয়া যায়। এই নিমিত্ত লিখিত হইয়াছে, দুর্ব্বাসা কুন্তীর অতিথি-সংকারে সন্তুষ্ট হইয়া তাঁহাকে পুত্রোৎপাদন-বিষয়ের একটি মন্ত্র উপদেশ দেন; কুন্তী কন্যা-কালেই সেই মন্ত্র পাঠ দ্বারা সূর্য্য-দেবকে আহ্বান করেন; সূর্য্য সেই মন্ত্র-প্রভাবে তৎসন্নিধানে উপস্থিত হইয়া তাঁহার গর্ভাধান করিয়া যান, এবং মহাবীর কর্ণ সেই গর্ভে জন্ম গ্রহণ করিয়া নিজ জননীর উদ্বাহ-সংস্কার সম্পন্ন হইবার পূর্ব্বেই ভূমিষ্ঠ হন ¶। অতীব পূর্ব্বে হিন্দু-সমাজে যে সমস্ত আচার ব্যবহার সচরাচর প্রচলিত ছিল, তদনুযায়ী ক্রিয়া-বিশেষ যখন ব্যক্তি-বিশেষের কারণা-ধীন দৈব-ঘটনা বলিয়া বর্ণিত হইয়াছে, তখন তাহার উল্লিখিত রূপ মীমাংসা ব্যতিরেকে অন্য কোন রূপ মীমাংসা সম্ভব ও সঙ্গত হয় না।

রামায়ণ ও মহাভারত কেবল বৈদিক ধর্ম্মের বৃত্তান্ত নয়। এই উভয়ই বৃক্ষরুহা-সমাকীর্ণ বিশাল বৃক্ষের ভূমিস্বরূপ। বৈদিক ধর্ম্ম রূপ প্রাচীন তর তরু-স্কন্ধে পৌরাণিক ধর্ম্মরূপ প্রবল বৃক্ষরুহা বদ্ধমূল হইয়া, ঐ মহা-

---

ইত্যাদি বহুদূরস্থ জাতির মধ্যে এই কৌতুকাবহ রীতি বিদ্যমান বলিয়া লিখিত হইয়াছে। তোদা নামক দাক্ষিণাত্য লোকের মধ্যে অদ্যাপি ইহা বিলক্ষণ চলিত রহিয়াছে। ভুবন-বিখ্যাত রোমক-সম্রাট্ সিজর্ বলিয়া গিয়াছেন, গ্রেট-ব্রিটেনেও এই প্রথা প্রচলিত আছে *।

* মনুসংহিতা। ৮। ৩৮১।

† অযোধ্যাকাণ্ড। ৬৩ সর্গ। ৫১ শ্লোক।

‡ ৬৪ পৃষ্ঠা দেখ।

¶ আদিপর্ব্ব। ১১১ অধ্যায়।

---

* The Abode of Snow by A. Wilson 1875, pp. 224—236 দেখ।

বৃক্ষকে নিস্তেজ করিয়া ফেলিতেছে এইরূপই দৃষ্ট হইয়া থাকে। ঐ অভিনব ধর্ম্মের মতে ব্রহ্মা, বিষ্ণু, শিব ও তদীয় শক্তি সমুদায়ই প্রধান দেবতা ও মনুষ্যের প্রধান উপাস্য। ঐ তিনটি দেবতার সমবেত নাম ত্রিমূর্ত্তি। পৌরাণিক ও তান্ত্রিক মতানুযায়ী ব্যাখ্যানুসারে, ঐ ত্রিমূর্ত্তি ওঙ্কারের প্রতিপাদ্য। পশ্চাৎ পুরাণ-প্রসঙ্গের পর ঐ বিষ্ণু শিবাদির মূল বৃত্তান্তের বিষয় বিবেচিত হইবে। মহাভারতে ব্রহ্মার মহিমা অপেক্ষাকৃত খর্ব্ব দেখা যায়; শিব ও বিষ্ণু-উপাসনারই প্রাদুর্ভাব দৃষ্ট হয়। স্থানে স্থানে ব্রহ্মার পূর্ব্ব মহিমার কিছু কিছু নিদর্শনও লক্ষিত হইয়া থাকে। এই অনতিপ্রাচীন মতে বৈদিক দেবগণ একবারে অগ্রাহ্য নয়; কিন্তু অপেক্ষাকৃত নিকৃষ্ট পদে অবস্থাপিত হইয়াছেন। ইন্দ্র দেবরাজ বলিয়া লিখিত বটে, কিন্তু ব্রহ্মা, বিষ্ণু ও শিব তদপেক্ষা অতিমাত্র উচ্চতর পদে প্রতিষ্ঠিত। বরুণ আর্য্য-কুলের অতিপ্রাচীন প্রধান দেবতা *। বেদ-মন্ত্রে দৃষ্ট হইতেছে, তিনি কখনও ভূলোক ও দ্যুলোক সৃজন ও রক্ষণ এবং রাজা ও সম্রাট্ সংজ্ঞা গ্রহণ পূর্ব্বক প্রজাপুঞ্জের শাসন করিতেছেন [১], কখনওবা নিশাধিপতি হইয়া চন্দ্রমণ্ডল পরিচালন এবং নক্ষত্রগণ প্রকটন ও অপ্রকটন করিতেছেন [২], কখনওবা মিত্র দেবের সহিত সম্মিলিত হইয়া নভোমণ্ডল প্রদীপ্ত ও সূর্য্যমণ্ডলের পথ প্রশস্ত করিতেছেন [৩], কখনওবা সর্ব্বজ্ঞ, সর্ব্বদর্শী ও পাপ-পুণ্যের শাস্তা ও পুরস্কর্ত্তা স্বরূপে লোকের সত্য-মিথ্যা ও শুভাশুভ ক্রিয়া সমুদায় অনুসন্ধান পূর্ব্বক দণ্ড-পুরস্কার বিধান করিতেছেন, এবং কখনওবা অপরাধী ব্যক্তির স্তুতি-শ্রবণে পরিতুষ্ট হইয়া গুরুতর অপরাধও মার্জ্জনা করিতেছেন [৪]। কিন্তু ঐ অভিনব ধর্ম্ম-প্রণালীর বিবরণে দৃষ্ট হয়, তিনি এই সমস্ত বিভিন্ন ক্ষমতা-ধারণে বঞ্চিত হইয়া কেবল জল-দেবতাস্বরূপে অবস্থিতি করিতেছেন। অতএব রামায়ণ ও মহাভারতের যে সকল স্থলে বিষ্ণু শিবাদি পৌরাণিক দেবাদির মাহাত্ম্য-কথন ও তন্মধ্যে রাম-কৃষ্ণের ঈশ্বরত্ব-প্রতিপাদন-কথা বিনিবেশিত হইয়াছে, অথবা সেই সকল স্থলের যে সকল অংশে ঐ সমুদায় বিষয় সুস্পষ্ট উল্লিখিত রহিয়াছে, তাহা অপেক্ষাকৃত অপ্রাচীন বলিয়া অক্লেশেই নির্দ্দেশ করিতে পারা যায়।

---

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ১৯—২১ এবং ৭৫—৭৬ পৃষ্ঠা দেখ।

১। ঋগ্বেদ-সংহিতা। ৪। ৪২। ৩ ও ৪॥ ৫। ৮৫। ১॥ ৬। ৭০। ১॥ ৭। ৮৬। ১॥ ৭। ৮৭। ৫ ও ৬ ইত্যাদি।

২। ঋগ্বেদ-সংহিতা। ১। ২৪। ১০॥ ১। ৪৪। ১৪॥ ২। ১। ৪॥ ৩। ৫৪। ১৮ ইত্যাদি।

৩। ঋগ্বেদ-সংহিতা। ১। ২৪। ৮॥ ১০। ৬৫। ৫ ইত্যাদি।

৪। ঋগ্বেদ-সংহিতা। ১। ২৫। ৭, ৯ ও ১১॥ ২। ২৮। ৫, ৭ ও ৯॥ ৭। ৪৯। ৩॥ ১০। ৮৫। ২৪ ইত্যাদি। অথর্ব-সংহিতা। ৪। ১৬॥

কিরাত-অর্জ্জুন-সংবাদ [১], যুধিষ্ঠির-কৃত বলিয়া উল্লিখিত দুর্গা-স্তুতি [২], ঐরূপ দক্ষ-কৃত শিব-স্তোত্র [৩], অর্জ্জুন-কৃত দুর্গা-স্তব, মহাদেব কর্ত্তৃক পাণ্ডব-শিবিরের দ্বার-রক্ষা ও অশ্বত্থামার সহিত তাঁহার যুদ্ধ ও তৎকর্ত্তৃক শিব-স্তোত্রাদি-বর্ণন [৪], বিষ্ণুর রামরূপে অবতরণ [৬], কৃষ্ণ-মাহাত্ম্য-বিশিষ্ট ভগবদ্গীতা [৭], শুক্রাচার্য্য-কথিত বিষ্ণু-মাহাত্ম্য [৮], অন্য অন্য নানাস্থলে লিখিত বিষ্ণু ও কৃষ্ণের নানারূপ মাহাত্ম্য-বর্ণন [৯], ইত্যাদি রামায়ণ ও মহাভারতোক্ত অনেকানেক বিষয় অপেক্ষাকৃত অপ্রাচীন ধর্ম্ম-প্রতি-পাদক অপ্রাচীনতর কথা বলিয়া অঙ্গীকার করিতে হয়। ত্রিমূর্ত্তির উপাসনা সহকারে তাঁহাদের বিশেষ বিশেষ অবতার [১০], কল্প-ভেদ [১১], সত্যত্রেতাদি যুগ-ভেদ ও যুগ-ধর্ম্ম [১২], মনুষ্যের অসম্ভব ও অসঙ্গত পরমায়ুঃ-

---

১। বনপর্ব্ব। ৩৮—৪১ অধ্যায়।

২। বিরাটপর্ব্ব। ৬ অধ্যায়।

৩। শান্তিপর্ব্ব। ২৮৫ অধ্যায়।

৪। ভীষ্মপর্ব্ব। ২৩। ৪—১৬।

৫। সৌপ্তিক পর্ব্ব। ৬ ও ৭ অধ্যায়।

৬। রামায়ণ। বালকাণ্ড। ১৬ ও ১৭ সর্গ।

৭। ভীষ্মপর্ব্ব। ১৩—৪২ অধ্যায়।

৮। শান্তিপর্ব্ব। ২৮০ অধ্যায়।

৯। সভাপর্ব্ব। ৩৭ ও ৩৮ অধ্যায়॥ উদ্‌যোগ পর্ব্ব। ১২৯ ও ১৩০ অধ্যায়॥ শান্তিপর্ব্ব। ২০৭ অধ্যায় ইত্যাদি।

১০। মৎস্য, কূর্ম্ম, বরাহ, রাম, কৃষ্ণাদি।

১১। শান্তিপর্ব্ব। ২৮০, ৩০৩ ও ৩১২ অধ্যায়।

১২। শান্তিপর্ব্ব। ২৩১। বাজসনেয় সংহিতার ত্রিংশ অধ্যায়ের অষ্টাদশ অনুবাকে কৃত, ত্রেতা, দ্বাপর এই তিনটি শব্দ বিদ্যমান আছে, কিন্তু তাহা অক্ষ-বাচক। সায়নাচার্য্য তৈত্তিরীয় ব্রাহ্মণের প্রথমাষ্টকের পঞ্চমাধ্যায়ের একাদশ অনুবাকে বিশেষ বিশেষ চারি স্তোমের নাম কৃত ও অপর একটি স্তোমের নাম কলি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

যে বৈ চত্বারস্তোমাঃ কৃতং তৎ।

অথ যে পঞ্চ কলিঃ সঃ।

সায়নাচার্য্য উহার ভাষ্যে ঐ স্তোমগুলিকে কৃত-যুগ স্বরূপ ও কলিযুগ স্বরূপ বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। তাঁহার বহু পূর্ব্বে শঙ্করাচার্য্য ও আনন্দগিরি ছান্দোগ্যোপনিষদের ভাষ্য ও টীকার মধ্যে ঐ সকল শব্দ অক্ষ-বিশেষ-বাচক বলিয়া বিশেষরূপে ব্যাখ্যা করিয়াছেন।

সংখ্যা এই সমস্ত অপেক্ষাকৃত অভিনব বিষয় প্রচলিত হয়। লোকে সহস্র বৎসর ও তন্মধ্যে কেহবা দশসহস্র বর্ষ বা ততোধিক কাল জীবিত ছিল এইরূপ লিখিত আছে [১]। কেহ সহস্র [২], কেহ বা দশ সহস্র, অপর কেহ ষষ্টি সহস্র বৎসর [৩] তপস্যা করেন এইরূপ বর্ণিত হইয়াছে। একথা গুলি অতীব প্রাচীন নয়। অতিপূর্ব্বে হিন্দু-সমাজে শতায়ুঃই দীর্ঘায়ুঃ বলিয়া পরিগণিত ছিল। প্রাচীনতম সংস্কৃত শাস্ত্রে ও তাদৃশ অপর বৈদিক শাস্ত্রে ঊর্দ্ধসংখ্যা শতবর্ষই লোকের দীর্ঘায়ুঃ বলিয়া কীর্ত্তিত রহিয়াছে। (এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৪৬ পৃষ্ঠা দেখ)।

**পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃশতম্।**

ঋ—সং। ৭। ৬৬। ১৬।

আমরা যেন শত-সংখ্যক শরৎ দর্শন করি। যেন শতসংখ্যক শরৎ জীবিত থাকি।

**কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।**

বাজসনেয়সংহিতোপনিষদ্। ২।

ক্রিয়া-কলাপের অনুষ্ঠান পূর্ব্বক ইহ লোকে শত বৎসর জীবিত থাকিতে ইচ্ছা করিবে।

মহাভারতে বৌদ্ধধর্ম্ম হইতেও কোন কোন মত গৃহীত হয়। শান্তি-পর্ব্বে অহিংসা-ধর্ম্মের বিস্তর প্রশংসা আছে [৪]। কিন্তু এটি হিন্দু-দিগের আদিম ধর্ম্মের অন্তর্ভূত ছিল না। সংহিতা ও ব্রাহ্মণ উভয়েতেই অশ্বমেধ, গোমেধাদি হিংসা-ক্রিয়ার ভূরি ভূরি ব্যবস্থা আছে।

---

"কৃতায়" কৃতোনাম যো হ্যুতসময়ে প্রসিদ্ধশ্চতুরঙ্কঃ।

ছান্দোগ্যোপনিষদ্, ৪ প্র পা, ৪ শ্রুতির শঙ্কর-ভাষ্য।

দ্যূত-সঙ্কেত বিষয়ে যে অঙ্কভাগ চারি চিহ্ন বিশিষ্ট, তাহাকে কৃত বলে।

অথচস্য যস্মিন্ ভাগে ত্রয়োঽঙ্কাঃ স ত্রেতানামায়ো ভবতি। যত্র তু দ্বাবঙ্কৌ স দ্বাপরনামকঃ। যত্রৈকোঽঙ্কঃ স কলিসংজ্ঞ ইতি বিভাগঃ।

উল্লিখিত শ্রুতির আনন্দগিরি-কৃত টীকা।

অঙ্কের যে ভাগে তিন চিহ্ন থাকে, তাহা ত্রেতা, যে ভাগে দুই অঙ্ক থাকে, তাহা দ্বাপর, আর যে ভাগে এক অঙ্ক থাকে, তাহা কলি বলিয়া উল্লিখিত হয়।

১ শান্তিপর্ব্ব। ২৯। ৫৬, ৬২ ও ১১৫ ॥ ৩০। ২॥

২ যেমন বিশ্বামিত্র। বালকাণ্ড। ৫৭। ৪।

৩ যেমন গৌতম। শান্তিপর্ব্ব। ১২৯। ৫।

৪ শান্তিপর্ব্ব। ২৭২।

বৌদ্ধেরাই প্রথমে অহিংসা-ধর্ম্ম প্রচার করিয়া যায়; সুতরাং তাহা হইতেই এটি হিন্দু-ধর্ম্মে সঙ্কলিত হইয়াছে বলিতে হয়। এইরূপ মায়াবাদ ও নির্ব্বাণ-মুক্তিও* বৌদ্ধধর্ম্ম হইতে পরিগৃহীত হইয়াছে।

মহাভারতের বিষয়ে এপর্য্যন্ত যাহা কিছু লিখিত হইল, সমস্তই অষ্টাদশ পর্ব্ব বিষয়ক জানিতে হইবে। হরিবংশ একখানি স্বতন্ত্র গ্রন্থ। উহা উত্তর কালে বিরচিত; এই নিমিত্তই উহার নাম খিল হরিবংশ। খিল শব্দের অর্থ উত্তর কালে সংযোজিত †। অষ্টাদশ পর্ব্বের সহিত হরিবংশের অভিধেয় বিষয়ের তুলনা করিয়া দেখিলে, ইহা অন্য সময়ের অপ্রাচীনতর পুস্তক বলিয়া স্বতই প্রতীতি জন্মে। বস্তুতঃ এখানি একখানি বৈষ্ণব-সম্প্রদায়ী পুস্তক বলিলেই হয়।

যদিও ইহা অষ্টাদশ পর্ব্ব অপেক্ষা অপ্রাচীন, তথাচ নিতান্ত আধুনিক গ্রন্থ নয়। খৃষ্টাব্দের একাদশ শতাব্দীতে পূর্ব্বোক্ত আরবীয় গ্রন্থকার অল্‌বীরুনী নিজ গ্রন্থে ইহার প্রসঙ্গ করিয়া গিয়াছেন ¶। কিছু পরেই দেখিতে পাওয়া যাইবে, ঐ সময়েরও অনেক পূর্ব্বে বাসবদত্তা-প্রণেতা সুবন্ধু উপমা-স্থলে ইহার নামোল্লেখ করিয়া যান। কাদম্বরী ও হর্ষ-চরিত-রচয়িতা বাণভট্ট বাসবদত্তার বিস্তর প্রশংসা করিয়াছেন।

কবীনামগলদ্দর্পো নূনং বাসবদত্তয়া।

হর্ষচরিত। ২ শ্লোক।

বাসবদত্তা প্রকাশ হইলে, কবিগণের দর্প একবারেই চূর্ণ হইয়া গেল।

অতএব বাণভট্টের সময় নিরূপিত হইলেই সুবন্ধুর সময় নিরূপণের উপায় নির্দ্ধারিত হইতে পারিবে। হিউএন্‌থ্‌সঙ্‌ নামক চীন-দেশীয় তীর্থযাত্রী খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রারম্ভে ভারতবর্ষে আসিয়া ভ্রমণ করেন। তিনি লিখিয়া গিয়াছেন, কান্যকুব্জের রাজা শিলাদিত্য ত্রিশ বৎসরের অধিক কাল রাজত্ব করিয়া ৬৫০ ছয় শত পঞ্চাশ খৃষ্টাব্দে প্রাণত্যাগ করেন। ঐ শিলাদিত্যের অন্য নাম হর্ষবর্দ্ধন ও তদীয় পিতার নাম প্রভাকরবর্দ্ধন। এদিকে শ্রীমান্ ফ. হল্ হর্ষচরিতের মধ্যে প্রতাপ-শীল প্রভাকরবর্দ্ধন ও তদীয় পুত্র হর্ষবর্দ্ধনের নাম প্রাপ্ত হইয়া স্বপ্রকাশিত বাসবদত্তার উপক্রমণিকার মধ্যে তাহার প্রসঙ্গ উপস্থিত করেন। অন্য এক পুত্রের নাম রাজ্যবর্দ্ধন ও কন্যার নাম মহাদেবী বা রাজ্যশ্রী। হর্ষচরিতের চতুর্থ উচ্ছ্বাসে ইহাঁদের জন্ম-বৃত্তান্তাদি বিনিবেশিত আছে।

---

* ভীষ্মপর্ব্ব। ২৬। ৭২॥ ৩১। ১৪॥

† পূর্ব্বানুক্তপরিশিষ্টে।

¶ Journal Asiatique, Tome IV, August 1844, p. 130.

চীন দেশীয় উল্লিখিত তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্তের ফরাশী-অনুবাদক শ্রীমান্ জুলিঐ এক স্থলে * লিখেন, দুই পুরুষে তিন রাজা। একথাটিও সুন্দররূপ সঙ্গত হইতেছে। প্রভাকরবর্দ্ধন উর্দ্ধতন পুরুষ এবং হর্ষবর্দ্ধন ও রাজ্যবর্দ্ধন তাঁহার অধস্তন পুরুষ। অতএব প্রভাকরবর্দ্ধন, রাজ্যবর্দ্ধন ও হর্ষবর্দ্ধন † এই তিন পিতা পুত্রের সংজ্ঞা বিষয়ে হর্ষচরিতের সহিত উল্লিখিত তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্তের সম্পূর্ণ ঐক্য দেখা যাইতেছে। হিউএন্ থ্সঙ্গ্ ও বাণভট্টের প্রদর্শিত প্রমাণ পার্শ্বাপার্শ্বী করিয়া লিখিত হইতেছে, দেখিলেই সুস্পষ্ট জানিতে পারা যাইবে।

উল্লিখিত তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্ত অনুসারে, হর্ষবর্দ্ধন খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে বিদ্যমান ছিলেন। দক্ষিণাপথের চালুক্য-বংশীয় রাজা বিজয়াদিত্যের তাম্রপত্রে খোদিত দান-পত্রে লিখিত আছে, তদীয় প্রপিতামহ রাজা সত্যাশ্রয় উত্তরদেশীয় হর্ষবর্দ্ধনকে পরাভব করেন। বিজয়াদিত্য ৬২৭ শকাব্দে অর্থাৎ ৭০৫।৬ খৃষ্টাব্দে জীবিত ছিলেন। এই প্রমাণ অনুসারেও, খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে বা প্রথম চতুর্থাংশে শ্রীহর্ষবর্দ্ধনের বিদ্যমান থাকা সর্ব্বতোভাবে সম্ভব ও সঙ্গত হয় ‡। আর একটি প্রমাণে এ বিষয়টি একরূপ নিঃসংশয় করিয়া তুলিতেছে। বাণ-কৃত হর্ষচরিতে লিখিত আছে, হর্ষবর্দ্ধন প্রাগজ্যোতিষে অর্থাৎ কামরূপে উপস্থিত হইয়া অব-

---

* Voyages des Pelerins Bouddhistes par Stanislas Julien, Vol. II., p. 247.

† শ্রীহর্ষের নাম কোন স্থলে কেবল হর্ষ, কুত্রাপি হর্ষদেব ও কোন কোন স্থলে সুস্পষ্ট হর্ষবর্দ্ধন বলিয়া লিখিত হইয়াছে।

রাজ্যবর্দ্ধন ইতি হর্ষবর্দ্ধন ইতি সর্ব্বস্যামেব পৃথিব্যামাবির্ভূতঃ যস্য প্রাদুর্ভাবৌ যল্পং যশৈর্ কালেন দ্বীপান্তরেষ্বপি প্রকাশতাম্ভুক্ততঃ।

হর্ষচরিত। চতুর্থ উচ্ছ্বাস।

‡ The Journal of the Bombay Branch of the Royal Asiatic Society, 1851, pp. 203—210.

শেষে তদীয় রাজা ভাস্কর বর্ম্মার সহিত মিত্রতা করেন *। ও দিকে উল্লিখিত চীন-দেশীয় তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্তে দেখিতে পাওয়া যায়, তিনিও কামরূপের অধীশ্বর ভাস্কর বর্ম্মার সহিত সাক্ষাৎ করেন †। প্রাগ্‌জ্যোতিষের অন্য এক নাম কামরূপ। পশ্চাৎ বাম ভাগে হর্ষচরিতের অন্তর্গত উক্ত বিষয়ের প্রমাণ ও দক্ষিণ ভাগে চীনদেশীয় তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্তে লিখিত ঐ ভাস্কর বর্ম্মা-সংক্রান্ত কথাগুলির তাৎপর্য্যার্থের ইংরেজী অনুবাদ উদ্ধৃত হইতেছে; দেখিলেই, বিশেষরূপ হৃদয়ঙ্গম হইবে তাহার সন্দেহ নাই।

### হর্ষচরিত সপ্তমোচ্ছ্বাস।

প্রাগ্‌জ্যোতিষাধিপতি ভাস্কর বর্ম্মার প্রেরিত হংসবেগ নামক দূত কান্যকুব্জাধিপতি হর্ষবর্দ্ধনকে কহিলেন,

× × × **তস্য চ সুগৃহীতনাম্নো দেবস্য মহাদেব্যাং শ্যামাদেব্যাং ভাস্করদ্যুতির্ভাস্করবর্ম্মাপরনামা শান্তনো স্তনয়ো ভীষ্ম ইব কুমারঃ সমভবৎ।**

× × × সেই (মৃগাঙ্ক নামক) সুবিখ্যাত রাজার ঔরসে মহাদেবী শ্যামাদেবীর গর্ভে শান্তনু-পুত্র ভীষ্মের মত সূর্য্য-সদৃশ তেজোবিশিষ্ট কুমার জন্ম গ্রহণ করিলেন; তাঁহার অন্য এক নাম ভাস্কর বর্ম্মা।

× × **প্রাগ্‌জ্যোতিষেশ্বরো দেবেন সহ × × অজর্য্যমিতমিচ্ছতি।**

প্রাগজ্যোতিষের (অর্থাৎ কামরূপের) অধীশ্বর, মহারাজের সহিত

### উল্লিখিত চীনদেশীয় তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্তের প্রমাণ।

Hiouen Thsang × × × × thence proceeds eastward to Kamarupa (Assam). × × × × Its king was a Brahman, named Bhaskaravarma, and he bore the title of Kumara; although not a follower of Buddha, he received Hiouen Thsang with kindness and treated him with every mark of respect. *Elphinstone's History of India, edited by E. B. Cowell*, 1866, p. 294.

হিউএন্ থ্‌সঙ্গ্ × × × × তথা হইতে পূর্ব্ব মুখে কামরূপ যাত্রা করেন। × × × × ভাস্কর বর্ম্মা নামে এক ব্রাহ্মণ তথাকার রাজা ছিলেন; তাঁহার উপাধি কুমার।

---

* হর্ষচরিত। সপ্তমোচ্ছ্বাস।

† Voyages des Pelerins Bouddhistes, Vol. I., pp. 390—391; and Vol. III., pp. 76—77.

### হর্ষচরিত সপ্তমোচ্ছ্বাস।

× × × × অজয্যামিত্রতা * করিতে অভিলাষ করেন।

হংসবেগ এই কথা বলিলে পর, হর্ষবর্দ্ধন কহিলেন,

**হংসবেগ! কথমিব তাদৃশি মহাত্মনি × × × × পরোক্ষসুহৃদি স্নিহ্যতি সতি মদ্বিধস্যান্যথা স্বপ্নেঽপি বর্ত্তনে।**

হংসবেগ! তাদৃশ মহাত্মা যখন সুহৃদের অসাক্ষাৎকারে স্নেহ প্রকাশ করিতেছেন তখন মাদৃশ ব্যক্তির স্বপ্নেও কিরূপে তাহার অন্যথাচরণ করা যাইতে পারে?

হর্ষচরিতের সপ্তমোচ্ছ্বাসের নানা স্থানে ভাস্কর বর্ম্মার নামান্তর বা উপাধি-বিশেষ কেবল কুমার বলিয়া উল্লিখিত হইয়াছে।

**নরেন্দ্রস্তাবদিতি বিসৃজ্যানুজীবিনো হংসবেগমাদিষ্টবান্ কথং কুমারসন্দেশ ইতি।**

রাজা আশ্রিত ব্যক্তিদিগকে পরিত্যাগ করিয়া হংসবেগকে কহিলেন, কুমারের কথা কি?

### উল্লিখিত চীনদেশীয় তীর্থযাত্রীর ভ্রমণ-বৃত্তান্তের প্রমাণ।

তিনি বৌদ্ধ-সম্প্রদায়ী ছিলেন না, তথাচ হিউএন্ থ্ সঙ্গের প্রতি সদয়ভাব প্রকাশ ও সর্ব্বতোভাবে সম্মান-চিহ্ন প্রদর্শন করেন।

এরূপ অসম্বদ্ধ, বিভিন্ন, দূর-দেশীয় গ্রন্থ হইতে তিমিরাচ্ছন্ন অবিদিতপূর্ব্ব বিষয়ের সর্ব্বাংশে পরস্পর এমন নিতান্ত নির্ব্বিশেষ প্রমাণ-যুগল প্রাপ্ত হওয়া তত্ত্ব-জিজ্ঞাসুদের পক্ষে সৌভাগ্যের বিষয়। উক্ত প্রমাণানুসারে, হিউএন্ থ্সঙ্গ, ভাস্কর বর্ম্মা, হর্ষবর্দ্ধন ও তাঁহার সভাসদ্ বাণভট্ট এক সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে † বিদ্যমান ছিলেন

* দুর্জ্জয় শত্রুর সহিত মিত্রতাকে অজয্যামিত্রতা বলে।

† হিউএন্ থ্সঙ্গ ৬২৯ খৃষ্টাব্দে স্বদেশ হইতে যাত্রা করিয়া ভারতবর্ষ পরিভ্রমণ পূর্ব্বক ৬৪৫ খৃষ্টাব্দের বসন্তকালে নিজ গৃহে প্রত্যাগত হন।

ইহা নিঃসংশয়ে নির্দ্ধারিত বলিতে পারা যায়। সুতরাং ঐ বাণ কর্ত্তৃক উল্লিখিত বাসবদত্তা-প্রণেতা সুবন্ধু তাঁহার সমকালীন বা কিছু পূর্ব্বকালীন লোক হইতে পারেন। যাহা হউক, উভয়ের রচনা এরূপ সুসদৃশ যে, কোনমতেই অধিক পূর্ব্বতন বলিয়া মনে হয় না। বিশেষণ-ঘটা, উপমা-চ্ছটা, দূরান্বয়-দোষ, কৃত্রিম ভাবের প্রাদুর্ভাব, সারল্য-ভাবের বৈলক্ষণ্য ইত্যাদি অসরল ও অস্বাভাবিক রচনা-চাতুর্য্য উভয়েরই গ্রন্থে জাজ্বল্যমান রহিয়াছে। কালিদাসাদি * পূর্ব্বতন কবির রচনায় সেরূপ কুত্রাপি দৃষ্ট হয় না। অতএব বাণ ও সুবন্ধু যদিও সমকালবর্ত্তী না হন, তথাচ পরস্পর নিকট সময়ে প্রাদুর্ভূত হন বলিতে হয়; অগ্রে সুবন্ধু, পরে বাণভট্ট। †

ঐ সুবন্ধু এক স্থলে হরিবংশ ও তাহার অন্তর্গত পুষ্করোপাখ্যানের বিষয় উল্লেখ করেন।

হরিবংশৈরিব পুষ্করপ্রাদুর্ভাবরমণীয়ৈঃ।

বাসবদত্তা। ফ্ হল্ কর্ত্তৃক মুদ্রিত পুস্তকের ৯৩ ও ৯৪ পৃষ্ঠা।

গ্রন্থ-ব্যাখ্যাতা ত্রিপাঠি শিবরাম এস্থলে পুষ্কর শব্দের অর্থ হরিবংশ পক্ষে পুষ্করোপাখ্যান বলিয়া ব্যাখ্যা করিয়াছেন ‡। হরিবংশের ১৯৭ অধ্যায় অবধি ৩১৩ অধ্যায় পর্য্যন্ত সুবিস্তৃত পুষ্করোপাখ্যান বর্ণিত হইয়াছে। অতএব খৃষ্টাব্দের ষষ্ঠ ও পঞ্চম শতাব্দীতে কোন রূপ

---

* কালিদাস বাণের ন্যায় সুবন্ধুরও পূর্ব্বকালীন কবি ছিলেন। ইহার প্রমাণ উভয়েরই গ্রন্থে দেদীপ্যমান রহিয়াছে। বাণ যেমন হর্ষচরিতের প্রারম্ভে কালিদাসের প্রসঙ্গ করেন, সুবন্ধু সেইরূপ বাসবদত্তার মধ্য স্থলে অভিজ্ঞান-শকুন্তলের অন্তর্গত শকুন্তলার প্রতি দুর্ব্বাসার অভিশাপ-বৃত্তান্ত উল্লেখ করিয়া যান °। এ বিষয়টি ঐ কালিদাসের কৃত সুপ্রসিদ্ধ নাটকেরই কথা; মহাভারতীয় শকুন্তলোপাখ্যানের কথা নয়।

† Fitz Edward Hall's preface to Vásavadattá, 1859, pp. 11—17 and 51—52, and the first article of the Journal of the Asiatic Society of Bengal for 1862 পাঠ কর।

‡ হরিবংশৈরিব পুষ্করপ্রাদুর্ভাব আখ্যানবিশেষকৈঃ।

পূর্ব্বোক্ত মুদ্রিত বাসবদত্তা। ৯৩ ও ৯৪ পৃষ্ঠা।

---

° অকলমিব দুষ্মন্তেন কৃতা শকুন্তলা। দুর্বাসসঃ শাপমনুবভূব।

বাসবদত্তা। ফ্ হল্ কর্ত্তৃক প্রকাশিত পুস্তকের ১৫৩ পৃষ্ঠা।

অবস্থাপন্ন বর্ত্তমান হরিবংশই অথবা তাহার প্রচুর ভাগ প্রচলিত ছিল ইহাতে আর সন্দেহ রহিল না।

এখানি একখানি বিষ্ণু-প্রধান পুরাণ-বিশেষ এরূপ কথা পূর্ব্বেই একরূপ সূচিত হইয়াছে। ইহার ভূরি ভাগ বিষ্ণুর বরাহ, বামন, নৃসিংহাদি অবতার, নানা প্রকার দৈত্য দানবাদির সহিত যুদ্ধ ও অন্য অন্য বিবিধ সৎকীর্ত্তি বর্ণনে পরিপূর্ণ। বিশেষতঃ ৬০ ষাট্ অধ্যায় অবধি ৩০৬ অর্থাৎ শেষ অধ্যায় পর্য্যন্ত প্রায়ই কৃষ্ণের জন্ম, বৃন্দাবন-লীলা, মাথুর-লীলা, দ্বারকা-কীর্ত্তি প্রভৃতি তদীয় মাহাত্ম্য-বিবরণ বই আর কিছুই নয়।

---

## পুরাণ।

সমস্ত পুরাণ ও উপপুরাণ একত্র করিলে একটি স্তূপ হইয়া উঠে। সুবিখ্যাত উইল্‌সন্ ও বিওর্নুফ্ সে সমস্ত বিলোড়ন করিয়া তৎ-সংক্রান্ত বহুতর তত্ত্ব উদ্ভাবন করিয়াছেন। পুরাণ শব্দের অর্থ পূর্ব্বতন: তদনুসারে পূর্ব্বতন ঘটনাদির বিবরণ করা পুরাণের উদ্দেশ্য হইতে পারে। পশ্চাৎ দেখিতে পাওয়া যাইবে, প্রচলিত পুরাণ সমুদয় কোনরূপেই অধিক প্রাচীন নয়, কিন্তু অন্য প্রকার গ্রন্থ বা প্রবন্ধ-বিশেষ-বাচক পুরাণ শব্দটি সমধিক প্রাচীন। ব্রাহ্মণ, কল্পসূত্র ও প্রামাণিক উপনিষদ্ প্রভৃতি যে সমস্ত গ্রন্থ প্রচলিত পুরাণ ও উপপুরাণ অপেক্ষায় প্রাচীনতর বলিয়া প্রসিদ্ধ আছে, তাহারও মধ্যে কোন কোন গ্রন্থে গ্রন্থ-বিশেষ বা প্রবন্ধ-বিশেষ পুরাণ বলিয়া উল্লিখিত হইয়াছে।

শতপথ ও গোপথ-ব্রাহ্মণে এবং সাংখ্যায়ন ও আশ্বলায়ন-সূত্রে * পুরাণবেদ বলিয়া একরূপ শাস্ত্রের প্রসঙ্গ আছে। অশ্বমেধ যজ্ঞের নবম দিবসে অধ্বর্য্যু তাহা আবৃত্তি করেন।

**অধ্বর্য্যুস্তার্ক্ষ্যো বৈপশ্যতো রাজেত্যাহ * * * ***

**পুরাণং বেদঃ সোঽয়মিতি কিঞ্চিৎ পুরাণমাচক্ষীত।**

শতপথব্রাহ্মণ। ১৩। ৪। ৩। ১৩।

অধ্বর্য্যু "তার্ক্ষ্যো বৈপশ্যতোরাজা" ইত্যাদি কথা বলিতে থাকেন। * * * * পুরাণ বেদ; এই সেই বেদ; এই কথা বলিয়া পুরাণ-বিশেষ কীর্ত্তন করিতে থাকেন।

এইরূপ, শতপথব্রাহ্মণের অন্যান্য স্থানে ও অথর্ব্বসংহিতাদি অপরা-

---

* গোপথ-ব্রাহ্মণ। ১। ১০। সাংখ্যায়ন-সূত্র। ১৬। ১। আশ্বলায়ন-সূত্র। ১০। ৭।

পর বৈদিক গ্রন্থেও নানাবিধ শাস্ত্র-সংজ্ঞার মধ্যে পুরাণ ইতিহাসাদির উল্লেখ আছে।

**"ঋগ্বেদো যজুর্বেদ: সামবেদোঽথর্বাঙ্গিরস ইতিহাস: পুরাণং বিদ্যা উপনিষদ: শ্লোকা: সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানি।"**

শতপথ-ব্রাহ্মণ। ১৪। ৬। ১০। ৬।

**"ইতিহাসস্য পুরাণং চ গাথাশ্চ নারাশংসীশ্চ।"**

অথর্ব্ব-সংহিতা। ১৫। ৬।

**"ব্রাহ্মণানীতিহাসান্ পুরাণানি কল্পান্ গাথানারাশংসী:।"**

তৈত্তিরীয় আরণ্যক। ২। ৯।

**"ইতিহাস: পুরাণং বিদ্যা উপনিষদ: শ্লোকা: সূত্রাণ্যনুব্যাখ্যানানি ব্যাখ্যানানি।"**

বৃহদারণ্যক। ২। ৪। ১০।

যদিও বেদের উপনিষদ্ ভাগ অন্যান্য ভাগের অপেক্ষা নব্য, কিন্তু ভারতবর্ষীয় পণ্ডিতদিগের মতে তৎসমুদায়ও পুরাণের অপেক্ষায় প্রাচীন। বাস্তবিকও এক্ষণে যে সকল পুরাণ ও উপপুরাণ প্রচলিত আছে, তাহা প্রামাণিক উপনিষদ্ সমুদায়ের পরে সঙ্কলিত হইয়াছে। উল্লিখিতরূপ কোন কোন উপনিষদের মধ্যেও পুরাণ শাস্ত্রের সুস্পষ্ট উল্লেখ আছে।

**সহোবাচ ঋগ্বেদং ভগবোঽধ্যেমি যজুর্ব্বেদং সামবেদমাথর্ব্বণং চতুর্থমিতিহাসপুরাণং পঞ্চমং।**

ছান্দোগ্যোপনিষদ্। সপ্তম প্রপাঠক।

তিনি কহিলেন, ভগবন্! আমি ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, আথর্ব্বণ নামক চতুর্থ বেদ এবং পঞ্চম বেদ-স্বরূপ ইতিহাস-পুরাণ জ্ঞাত আছি।

**অস্য মহতোভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদোযজুর্ব্বেদ: সামবেদোঽথর্ব্বাঙ্গিরস ইতিহাস: পুরাণং।**

বৃহদারণ্যকোপনিষদ্।

এই পরমাত্মা হইতে ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, ইতিহাস ও পুরাণ উৎপন্ন হইয়াছে।

হিন্দু সমাজে রামায়ণ ও মনুসংহিতা পুরাণ অপেক্ষায় পুরাতন গ্রন্থ বলিয়া প্রবাদ আছে। বাস্তবিকও, তাহাই বটে। রামায়ণের স্থানে স্থানে অযোধ্যাধিপতি রাজা দশরথের সারথি সুমন্ত্র পুরাণবিৎ বলিয়া বারম্বার পরিকীর্ত্তিত হইয়াছে।

**इत्युक्त्वान्तःपुरद्वारमाजगाम पुराणवित्।**
**सदासक्तञ्च तद्वेश्म सुमन्त्रः प्रविवेश च॥**

অযোধ্যাকাণ্ড। ১৫ সর্গ। ১৯ শ্লোক।

এই কথা বলিয়া, পুরাণজ্ঞ সুমন্ত্র অন্তঃপুরের দ্বার-দেশে উপস্থিত হইলেন এবং সেই সতত-অবারিত-দ্বার গৃহ মধ্যে প্রবেশ করিলেন।

এইরূপ, উক্ত কাণ্ডের ষোড়শ সর্গের প্রথম শ্লোকে সুমন্ত্রের পুরাণাভিজ্ঞতা, বালকাণ্ডের নবম সর্গের প্রথম শ্লোকে সুমন্ত্র কর্ত্তৃক পুরাণ-কথন এবং ঐ কাণ্ডের অষ্টাদশ সর্গের বিংশ শ্লোকের ও অযোধ্যাকাণ্ডের ষষ্ঠ সর্গের ষষ্ঠ শ্লোকের টীকায় "সূতাঃ পৌরাণিকাঃ" বলিয়া সূতগণের পুরাণ-ব্যবসায় উল্লিখিত হইয়াছে। এই সকল স্থলের পুরাণ শব্দ কদাচ বর্ত্তমান পুরাণ-বাচক হওয়া সম্ভব নয়। এইরূপ, মনুসংহিতার মধ্যেও পুরাণ ও ইতিহাস অধ্যয়নের ব্যবস্থা আছে।

**स्वाध्यायं श्रावयेत् पित्रे धर्म्मशास्त्राणि चैव हि।**
**आख्यानानीतिहासांश्च पुराणानि खिलानि च॥**

মনু। ৩ অ। ২৩২ শ্লোক।

শ্রাদ্ধ-ক্রিয়াতে ব্রাহ্মণদিগকে বেদ, ধর্ম্মশাস্ত্র, আখ্যান, ইতিহাস, পুরাণ ও খিল * নামক শাস্ত্র শ্রবণ করাইবে।

অতএব প্রচলিত পুরাণ সমুদায় অপেক্ষায় প্রাচীনতর বলিয়া সুপ্রসিদ্ধ সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক, কল্পসূত্র, উপনিষদ্, রামায়ণ ও মনুসংহিতায় যখন পুরাণের প্রসঙ্গ আছে, তখন সেই পুরাণ কদাচ প্রচলিত পুরাণ হইতে পারে না। অধুনাতন অষ্টাদশ মহাপুরাণ ও অষ্টাদশ উপপুরাণ রচিত বা সঙ্কলিত হইবার পূর্ব্বে অন্যরূপ গ্রন্থবিশেষ পুরাণ বলিয়া প্রচলিত ছিল বলিতে হইবে।

মহাভারতেরও মধ্যে লিখিত আছে, ইহাতে ইতিহাস ও পুরাণের অর্থ সমর্থন করা গিয়াছে † এবং মহাভারতে বর্ণিত অনেকানেক নির্দ্দিষ্ট উপাখ্যান পৌরাণিক কথা বলিয়া লিখিত হইয়াছে।

---

* কুল্লুকভট্ট লিখিয়াছেন, শ্রীসূক্ত, শিবসঙ্কল্প প্রভৃতি শাস্ত্রের নাম খিল।

† **साङ्गोपनिषदाञ्चैव वेदानां विस्तरक्रिया:।**
**इतिहासपुराणानामुन्मेषं निर्म्मितञ्च यत्।**

মহাভারত। আদিপর্ব্ব। ৬৬ ও ৬৭ শ্লোক।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে স্পষ্ট প্রতীতি হয়, এক্ষণকার প্রচলিত পুরাণ ও মহাভারত রচিত বা সঙ্কলিত হইবার পূর্ব্বে পুরাতন কথা বিষয়ক গ্রন্থ-বিশেষ পুরাণ ও ইতিহাস নামে প্রসিদ্ধ ছিল। ফলতঃ পূর্ব্বে যে অন্য পুরাণ ছিল, এক্ষণকার প্রচলিত পুরাণের মধ্যেও তাহা স্পষ্টরূপ লিখিত আছে। কিছু পরেই দৃষ্ট হইবে, পুরাণের মধ্যেই এরূপ একটি উপাখ্যান সন্নিবেশিত আছে যে, প্রথমে বেদব্যাস একখানি পুরাণ-সংহিতা প্রস্তুত করিয়া সূত-কুলোদ্ভব লোমহর্ষণকে প্রদান করেন; লোমহর্ষণ তদনুসারে এক সংহিতা এবং তাঁহার তিন শিষ্য তিন সংহিতা প্রস্তুত করেন; এই চারি সংহিতার সার সঙ্কলন পূর্ব্বক বিষ্ণুপুরাণ রচিত হয়।

পুরাণ ও ইতিহাস বিষয়ক যে সকল শ্লোক উদ্ধৃত হইল, তাহার কোন বচনে পুরাণ ও ইতিহাসের সংখ্যা নিরূপিত নাই। ইহাতে বোধ হইতে পারে, পূর্ব্বে ঐ উভয়েরই সংখ্যা নির্দ্দিষ্ট ছিল না; নানা প্রকার পুরাতন কথা ঐ ঐ নামে প্রচলিত ছিল। ভারতবর্ষীয় বিচক্ষণ পণ্ডিতেরাও কেহ কেহ ঐরূপ আদি পুরাণের অস্তিত্ব অঙ্গীকার করিয়া গিয়াছেন। উপনিষদের মধ্যে যে পুরাণ ইতিহাসের প্রসঙ্গ আছে, তদ্বিষয়ে সায়নাচার্য্য লিখিয়াছেন, বেদের অন্তর্গত দেবাসুরের যুদ্ধ বর্ণনা প্রভৃতির নাম ইতিহাস, আর সৃষ্টিপ্রক্রিয়া-বিবরণের নাম পুরাণ।

देवासुराः संयत्ता आसन्नित्यादय इतिहासाः। इदं वा अग्रे नैव किञ्चिदासीदित्यादिकं जगतः प्रागवस्थामुपक्रम्य सर्गप्रतिपादकं वाक्यजातं पुराणं।

ঋগ্বেদোপোদ্ঘাত।

শঙ্করাচার্য্যও পুরাণের বিষয় এইরূপ লিখিয়াছেন। তিনি বলেন, উর্ব্বশী পুরুরবার কথোপকথনাদি স্বরূপ ব্রাহ্মণ-ভাগের নাম ইতিহাস আর সৃষ্টিপ্রক্রিয়া-ঘটিত বৃত্তান্তের নাম পুরাণ।

इतिहास इत्युर्वशीपुरूरवसोः संवादादिरुर्वशी हाप्सरा इत्यादि ब्राह्मणमेव पुराणमसद्वा इदमग्र आसीदित्यादि।

বৃহদারণ্যকোপনিষদের চতুর্থ ব্রাহ্মণের ভাষ্য।

অতএব, শঙ্করাচার্য্য ও সায়নাচার্য্যের অভিপ্রায়ানুসারে, বেদের অন্তর্গত সৃষ্টিপ্রক্রিয়া-ঘটিত কথা সমুদায়ের নাম পুরাণ এবং দেব, অপ্সর, গন্ধর্ব্ব, মনুষ্যাদির কার্য্য সম্বন্ধীয় পরম্পরাগত পুরাবৃত্তের নাম ইতিহাস ছিল। রামায়ণের বালকাণ্ডের নবম সর্গ অবধি একাদশ সর্গের একাদশ

শ্লোক পর্য্যন্ত ঋষ্যশৃঙ্গের চরিত্র, লোমপাদ রাজার রাজ্যে অনাবৃষ্টি, তাঁহার কন্যা শান্তার সহিত ঋষ্যশৃঙ্গ ঋষির বিবাহ ইত্যাদি পুরাতন ব্যাপার সকল পুরাণ বলিয়া বর্ণিত আছে। যেরূপ স্থলে যে প্রকারে সেই সমস্ত বিষয় পুরাণোক্ত বলিয়া লিখিত হইয়াছে, তাহাতে রামায়ণ-রচনার সময়ে পুরাবৃত্ত-বিষয়ক গ্রন্থ ও উপাখ্যান-বিশেষের নাম যে পুরাণ ছিল, ইহা একরূপ অবধারিত বলিতে হয়।

রামায়ণে সূত সুমন্ত্র পুনঃ পুনঃ পুরাণবিৎ বলিয়া লিখিত আছে টীকাকারেরাও সূতদিগকে পৌরাণিক বলিয়া নির্দ্ধারণ করিয়াছেন ইহা ইতিপূর্ব্বেই উল্লিখিত হইয়াছে*। অধুনাতন পুরাণ সমুদায়ে এই প্রকার বর্ণনা আছে যে, বেদব্যাস পুরাণ প্রস্তুত করিয়া সূত লোমহর্ষণকে সমর্পণ করেন, এই হেতু তিনি পুরাণ-বক্তা হন। তদনুসারে অনেকের এরূপ সংস্কার আছে যে, কেবল ব্যাস-শিষ্য লোমহর্ষণই পুরাণ-বক্তা; তাঁহার অন্য একটি নাম সূত: তদীয় পূর্ব্বপুরুষদিগের সে ব্যবসায় ছিল না; তবে তাঁহার পুত্র উগ্রশ্রবাঃ যে পুরাণ-বক্তা হন, তাহার কারণ এই যে, বলদেব ঋষিদিগের অনুরোধে তাঁহাকে তদ্বিষয়ে অধিকারী করেন। কিন্তু এসমুদায় অভিপ্রায় যুক্তিসিদ্ধ বোধ হয় না। এই সকল কথা কত দূর প্রামাণিক তাহা নিশ্চয় করা দুষ্কর, কিন্তু সূত-কুলোদ্ভব লোমহর্ষণ ও উগ্রশ্রবার পুরাণ-ব্যবসায়-বিষয়ক বৃত্তান্তের সহিত সূত সুমন্ত্রোক্ত পুরাণ-বিষয়ক উপাখ্যানের ঐক্য করিয়া দেখিলে প্রতীতি হয়, পুরাণ-কথন সূত জাতির একটি ব্যবসায় ছিল। আর যদি ব্যাসদেব যথার্থই পুরাণ সঙ্কলন পূর্ব্বক তাহা ব্রাহ্মণ-ক্ষত্রিয়কে শিক্ষা না দিয়া লোমহর্ষণকে সমর্পণ করিয়া থাকেন, তাহারও কারণ এই যে, লোমহর্ষণ পুরাণ-ব্যবসায়ী সূতের সন্তান। সূত যে জাতি-বিশেষের নাম, স্মৃতি ও পুরাণে তাহার যথেষ্ট প্রমাণ আছে। তাহা যে লোমহর্ষণের কৌলিক নাম, প্রকৃত নাম নয়, তাহারও বিস্তর উদাহরণ প্রাপ্ত হওয়া যায়।

তথা স্বৈরৈ সূতপুত্রো নিহতো লোমহর্ষণঃ।
বলরামাস্ত্রযুক্তাত্মা নৈমিষেঽভূৎ স্ববাঞ্ছয়া॥

কল্কিপুরাণ। ২৭ অধ্যায়।

সেইরূপ, সূত-পুত্র লোমহর্ষণ স্বেচ্ছানুসারে নৈমিষ ক্ষেত্রে বলরামের অস্ত্র দ্বারা হত হইয়াছিলেন।

আজগাম মহাতেজাঃ সূতপুত্রো মহামতিঃ।

---

* ১৫৯ পৃষ্ঠা দেখ।

व्यासशिष्यः पुराणज्ञो रोमहर्षणसंज्ञकः ॥

নারসিংহ পুরাণ। প্রথম অধ্যায়।

সূত-পুত্র, ব্যাস-শিষ্য, মহামতি, মহাতেজস্বী, পৌরাণিক লোমহর্ষণ * আগমন করিলেন।

व्यासशिष्यं सुखासीनं सूतं वै रोमहर्षणम्।

तं पप्रच्छ भरद्वाजो मुनीनामग्रतस्तदा ॥

নৃসিংহ পুরাণ। প্রথম অধ্যায়।

ব্যাস-শিষ্য সূত লোমহর্ষণ সচ্ছন্দে উপবিষ্ট হইলে, সর্ব্বাগ্রে ভরদ্বাজ মুনি তাঁহাকে জিজ্ঞাসা করিলেন।

এই দুই বচন প্রমাণে লোমহর্ষণ সূতের পুত্র। তাঁহার নিজ নামও যে সূত ইহা এক প্রকার প্রসিদ্ধ আছে এবং তাহার যথেষ্ট প্রমাণও প্রাপ্ত হওয়া যায়।

सत्रान्ते सूतमनघं नैमिषीयामहर्षयः।

पुराणसंहितां पुण्यां पप्रच्छ लोमहर्षणम् ॥

त्वया सूत महाबुद्धे भगवान् ब्रह्मवित्तमः।

इतिहासपुराणार्थं व्यासः सम्यगुपासितः ॥

কূর্ম্মপুরাণ। প্রথম অধ্যায়। ২ ও ৩ শ্লোক।

যজ্ঞ সাঙ্গ হইলে পর, নৈমিষারণ্যবাসী মহর্ষিগণ নিষ্পাপ-শরীর সূত লোমহর্ষণকে পবিত্র পুরাণসংহিতা জিজ্ঞাসা করিলেন। মহামতি সূত! তুমি ইতিহাস পুরাণ শিক্ষার্থে পরম ব্রহ্মজ্ঞ ভগবান ব্যাস দেবের উপাসনা করিয়াছিলে।

লোমহর্ষণের ন্যায় তাঁহার পুত্র উগ্রশ্রবারও সূত সংজ্ঞা প্রাপ্ত হওয়া যায় †।

* ইহাঁর নাম কোন কোন স্থানে লোমহর্ষণ এবং কোন কোন স্থানে রোমহর্ষণ বলিয়া লিখিত আছে।

† মহাভারতের আদিপর্ব্ব ১ অধ্যায় ৯৩ শ্লোক, ৫ অধ্যায় ৪ শ্লোক, ৮ অধ্যায় ১, ১৭ অধ্যায় ১, ১৮ অধ্যায় ৩৩, ২৩ অধ্যায় ১, ৩৬ অধ্যায় ২, ৪০ অধ্যায় ৬, ৪২ অধ্যায় ২৩, ৪৪ অধ্যায় ১, ৪৫ অধ্যায় ১, ৪৬ অধ্যায় ১১, ৫০ অধ্যায় ৪১, ৫৮ অধ্যায় ২৭, আর ভাগবতের ১ স্কন্ধ ১ অধ্যায় ৫ শ্লোক, ১ স্কন্ধ ২ অধ্যায় ২ শ্লোক, ১ স্কন্ধ ৪ অধ্যায় ১ ও ২ শ্লোক, ৩ স্কন্ধ ২০ অধ্যায় ৮ শ্লোক ইত্যাদি।

শৌনক উবাচ।

সূত সূত মহাভাগ বদ নো বদতাং বর।

কথাং ভাগবতীং পুণ্যাং যদাহ ভগবান্ শুকঃ॥

ভাগবত। ১ স্কন্ধ। ৪ অধ্যায়। ২ শ্লোক।

শৌনক উগ্রশ্রবাকে কহিলেন, সূত! তুমি অতি ভাগ্যবান্ এবং সদ্বক্তাদিগের মধ্যে অগ্রগণ্য। ভগবান শুকদেব যে পবিত্র ভাগবত-কথা কীর্ত্তন করিয়াছিলেন, তুমি আমাদিগের সমীপে তাহা বর্ণন কর।

শৌনক উবাচ।

উক্তং নাম যথা পূর্ব্বং সর্ব্বং তচ্ছ্রুতবানহম্।

যথা তু জাতো হ্যাস্তীক এতদিচ্ছামি বেদিতুম্।

তচ্ছ্রুত্বা বচনং তস্য সূতঃ প্রোবাচ শাস্ত্রতঃ॥

মহাভারত। আদিপর্ব্ব। ৪০ অধ্যায়। ৬ শ্লোক।

শৌনক কহিলেন, তুমি যাহা যাহা কহিলে, সমুদায় শ্রবণ করিলাম। এক্ষণে আস্তীকের জন্ম-বৃত্তান্ত জানিতে অভিলাষ হইয়াছে। সূত উগ্রশ্রবা এই বাক্য শ্রবণ করিয়া শাস্ত্রানুসারে কহিতে লাগিলেন।

কূর্ম্ম পুরাণে লিখিত আছে, সূত-বংশোদ্ভব লোমহর্ষণ কহিতেছেন,

মদন্বয়ে চ যে সূতাঃ সম্ভূতা বেদবর্জ্জিতাঃ॥

তেষাং পুরাণবক্তৃত্বং বৃত্তিরাসীদজাজ্ঞয়া॥

কূর্ম্মপুরাণ। ১২ অধ্যায়। ৩৮ ও ৩৯ শ্লোক।

আমার বংশে যে সকল সূতের উৎপত্তি হইয়াছিল, তাঁহাদের বেদে অধিকার ছিল না; তাঁহারা ভগবানের আজ্ঞানুসারে পুরাণ-ব্যবসায় করিতেন।

অতএব, কেবল সূত নামক ব্যক্তি-বিশেষ পুরাণ-বক্তা ছিলেন এ কথা কোন ক্রমেই প্রামাণিক নয়। প্রত্যুত, পুরাণ-কথন সূত নামক জাতি-বিশেষের ব্যবসায় ছিল ইহাই সর্ব্বতোভাবে যুক্তি-সিদ্ধ। সুমন্ত্র, লোমহর্ষণ, উগ্রশ্রবা ইহাঁরা সূত-কুলোদ্ভব, অতএব পৌরাণিক ছিলেন। ইহাঁরা কি প্রকার পুরাণ-ব্যবসায় করিতেন, তাহা অনুসন্ধান করা কর্ত্তব্য। পুরাণে সূত জাতির যেরূপ বৃত্তি নিরূপিত আছে, তাহা

বিবেচনা করিয়া দেখিলেই প্রথমকার পুরাণের স্বরূপ ও তাৎপর্য্যার্থ অবশ্যই কিছু না কিছু জ্ঞাত হওয়া যাইতে পারে।

তস্য বৈ জাতমাত্রস্য যজ্ঞে পৈতামহে শুভে।
সূতঃ সূত্যাং সমুৎপন্নঃ সৌত্যেঽহনি মহামতিঃ।
তস্মিন্নেব মহাযজ্ঞে জজ্ঞে প্রাজ্ঞোঽথ মাগধঃ॥
প্রোক্তৌ তদা মুনিবরৈস্তাবুভৌ সূতমাগধৌ॥
স্তূয়তামেষ নৃপতিঃ পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্।
কর্ম্মৈতদনুরূপং বাং পাত্রং স্তোত্রস্য চাপ্যয়ম্॥

বিষ্ণুপুরাণ। ১ অংশ। ১৩ অধ্যায়। ৫০—৫৩ শ্লোক।

সদ্যোজাত পৃথু রাজার শুভ যজ্ঞে সোমাভিষব-ভূমিতে ভূপতির জন্ম-দিবসেই সূতের উৎপত্তি হইল এবং জ্ঞানবান্ মাগধও সেই মহাযজ্ঞে উৎপন্ন হইলেন। পিতামহ ব্রহ্মা এই যজ্ঞের দেবতা। তখন মুনি সকলে তাঁহাদের উভয়কে কহিলেন, তোমরা এই বেণ-তনয় পৃথু রাজার স্তুতি কর, ইহাই তোমাদের যথার্থ কার্য্য এবং ইনি তোমাদের স্তুতির উপযুক্ত পাত্র।

তে ঊচুর্ঋষয়ঃ সর্ব্বে স্তূয়তামেষ পার্থিবঃ॥
তৈর্নিযুক্তৌ সুকর্ম্মাণি পৃথোর্যানি মহাত্মনঃ।
তুষ্টুবুস্তানি সর্ব্বাণি আশীর্ব্বাদাংস্ততঃ পরান্॥

বহ্নিপুরাণ। পৃথুর উপাখ্যান নামক অধ্যায়।

সেই ঋষিগণ সূত ও মাগধকে কহিলেন, তোমরা এই ভূপতির স্তব কর। সূত ও মাগধ তাঁহাদের কর্ত্তৃক নিযুক্ত হইয়া মহাত্মা পৃথুর সৎকীর্ত্তি সমুদায় কীর্ত্তন করিয়া তদীয় কল্যাণ কামনা করিলেন।

বায়ু ও পদ্মপুরাণেও সূতের এই প্রকার বৃত্তান্ত আছে। এই দুই পুরাণে লিখিত আছে, সূতের দুই প্রকার বৃত্তি নিরূপিত ছিল; পুরাণ-কীর্ত্তন ও ক্ষাত্রিয়-কর্ম্ম *। রামায়ণ ও মহাভারতেও তাহাদের

* যত্র জাতান্ সমভবন্ ব্রাহ্মণ্যাং স্ব স্ব যোনিতঃ।
পূর্ব্বেণৈব তু সাধর্ম্ম্যাৎ তুল্যধর্ম্মাস্তু কীর্ত্তিতাঃ॥
মধ্যমো হ্যেষ সূতস্য ধর্ম্মঃ ক্ষত্রোপজীবিনঃ।
পুরাণেষ্বধিকারো মে দৃষ্টো ব্রাহ্মণপঙ্‌ক্তিষু॥

সৃষ্টিখণ্ড। প্রথমাধ্যায়।

সারথ্য কর্ম্ম ও রাজবংশের যশো বর্ণন এই উভয় বৃত্তি থাকিবার প্রচুর প্রমাণ প্রাপ্ত হওয়া যায় *। এইরূপে তাহাদেরই কর্ত্তৃক রাজ-বংশাবলি-বিবরণ ও তৎসংক্রান্ত কিছু কিছু পুরাবৃত্ত রক্ষিত হইয়া পুরাণ নামে প্রসিদ্ধ হয়। রামায়ণের অন্তর্গত সুমন্ত্রোক্ত পৌরাণিক কথা তাহার দৃষ্টান্ত-স্থল। আর মহাভারতের অনেক স্থানে বংশ-বিশেষের কীর্ত্তনই যে পুরাণ বলিয়া লিখিত আছে তাহারও এই কারণ।

মহর্ষি শৌনক কহিলেন,

**পুরাণে হি কথা দিব্যা আদিবংশাশ্চ ধীমতাম্।**

**কথ্যন্তে যে পুরাস্মাভিঃ শ্রুতপূর্ব্বাঃ পিতুস্তব॥**

মহাভারত। আদি পর্ব্ব। পঞ্চমাধ্যায়। ২ শ্লোক।

পুরাণে সমুদায় মনোহর কথা ও বুদ্ধিমান্ ব্যক্তিদিগের আদি-বংশের বৃত্তান্ত আছে। পূর্ব্বে আমরা তোমার পিতার সন্নিধানে সে সমস্ত কথা শ্রবণ করিয়াছি।

ভারত-বক্তা উগ্রশ্রবা কহিলেন,

**ইমং বংশমহং পূর্ব্বং ভার্গবন্তে মহামুনে॥**

**নিগদামি যথাযুক্তং পুরাণাশ্রয়সংযুতম্।**

আদি পর্ব্ব। পঞ্চমাধ্যায়। ৬ ও ৭ শ্লোক।

মহামুনি! পুরাণে এই পুরাতন ভৃগু-বংশের যেরূপ বৃত্তান্ত আছে, আমি তাহা যথোপযুক্ত বর্ণন করি।

---

पठन्ति पाणिस्वनिकामागधामधुपर्क्किकाः ।
वैतालिकाश्च सूताश्च तुष्टुवुः पुरुषर्षभम् ॥
মহাভারত। দ্রোণ পর্ব্ব। ৮২ অধ্যায়। ২ শ্লোক।

तं शब्दं तुमुलं श्रुत्वा द्रोणीयन्तारमब्रवीत् ॥
एष सूत रणे क्रुद्धः सात्वतानां महारथः ।
दारयन् बहुधा सैन्यं रणे चरति कालवत् ।
यत्रैष शब्दस्तुमुलस्तत्र सूत रथं नय ॥
দ্রোণ পর্ব্ব। ১২১ অধ্যায়। ৪৭—৪৯ শ্লোক।

उपस्थितैर्मागधसूतवन्दिभिस्तथैव वैतालिकसौख्यशायिकैः ।
अभिष्टुवद्भिर्गुणतो नृपात्मजं समाहितं द्वारपथं ददर्श सः ॥
(গোরেশিও-প্রচারিত) রামায়ণ। ২। ১২। ৩৬।

মহাভারতের আদিপর্ব্বের প্রথমাধ্যায়ে স্পষ্ট লিখিত আছে, পুরু, কুরু, যদু, শূর, বিশ্ব, অনুহ, যুবনাশ্ব, ককুৎস্থ, রঘু, বিজয়, বীতিহোত্র, অঙ্গ, ভব, শ্বেত, বৃহদ্গুরু, উশীনর, শতরথ, কঙ্ক, দলিদুহ, দ্রুম, দম্ভোদ্ভব, বেণ, সগর, সঙ্কৃতি, নিমি, অজেয়, পরশু, পুণ্ড্র, শম্ভু, দেবাবৃধ, দেবাহ্বয়, সুপ্রতিম, সুপ্রতীক, বৃহদ্রথ, সুক্রতু, নিষধাধিপতি নল, সত্যব্রত, শান্তভয়, সুমিত্র, সুবল, জানুজঙ্ঘ, অনরণ্য, অর্ক, বলবন্ধু, নিরামর্দ্দ, কেতুশৃঙ্গ, বৃহদ্বল, ধৃষ্টকেতু, বৃহৎকেতু, দীপ্তকেতু, অবিক্ষিৎ, চপল, ধূর্ত্ত, কৃতবন্ধু, দৃঢ়েষুধি, মহাপুরাণসম্ভাব্য, প্রত্যঙ্গ, পরহা, শ্রুতি ইত্যাদি সহস্র সহস্র নরপতির কর্ম্ম, বিক্রম, দান, মাহাত্ম্য, আস্তিক্য, সত্য, শৌচ, দয়া ও আর্জ্জব বিদ্যাবান্ সৎকবিগণ কর্ত্তৃক পুরাণে বর্ণিত হইয়াছে *। অতএব পূর্ব্বোক্ত প্রমাণানুসারে সূত জাতির যেরূপ বৃত্তি নিরূপিত ছিল এবং রামায়ণে ও মহাভারতের স্থানে স্থানে যে প্রকার উপাখ্যান পৌরাণিক কথা বলিয়া লিখিত আছে, তাহা সবিশেষ পর্য্যালোচনা করিয়া প্রতীতি হইতেছে, প্রথমে বংশ-বিশেষের যশোবর্ণনা এবং তাহার আনুষঙ্গিক কোন কোন পুরাতন কথা কীর্ত্তন করা সূত জাতির এক প্রকার ব্যবসায় ছিল।

এক্ষণে বেদ-শাস্ত্রের যেরূপ বিভাগ ও শৃঙ্খলা প্রচলিত আছে, তাহা কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসের কৃত বলিয়া প্রসিদ্ধ। সমুদায় অষ্টাদশ পুরাণ ও সমগ্র মহাভারত তাঁহারই প্রণীত বলিয়া বিখ্যাত আছে। কিন্তু রচনা ও ধর্ম্ম সম্বন্ধীয় মতামত প্রভৃতি বহুবিধ বিষয়ে ভিন্ন ভিন্ন পুরাণের এতাদৃ-ভিন্নতা দেখিতে পাওয়া যায় যে, সমস্ত পুরাণ এক জনের রচিত বলিয়া কোন ক্রমেই স্বীকার করা যায় না। ফলতঃ এক্ষণকার অষ্টাদশ পুরাণের এক পুরাণও যে বেদব্যাসের রচিত নয়, তাহা পশ্চাৎ নিঃসংশয়ে প্রতিপন্ন হইবে। মহাভারত যে এক জনের বিরচিত নয় ইহা ইতি পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে। বেদব্যাস অষ্টাদশ পুরাণের রচনাকর্ত্তা এ প্রবাদও যে অপেক্ষাকৃত আধুনিক, পুরাণের মধ্যেই তাহার নিদর্শন লক্ষিত হইয়া থাকে। তাহাতে এইরূপ লিখিত আছে যে, বেদব্যাস একখানি পুরাণ-সংহিতা প্রস্তুত করিয়া সূত-কুলোদ্ভব লোমহর্ষণকে প্রদান করেন, এবং লোমহর্ষণ তাহা স্বীয় শিষ্যদিগকে শিক্ষা দেন। বিষ্ণু, ভাগবত ও আগ্নেয় পুরাণে এই কথাটি সুস্পষ্টরূপ লিখিত আছে। এস্থলে বিষ্ণুপুরাণ হইতে উদ্ধৃত হইতেছে।

आख्यानैश्चाप्युपाख्यानैर्गाथाभिः कल्पशुद्धिभिः।
पुराणसंहितां चक्रे पुराणार्थविशारदः॥

---

* আদিপর্ব্ব। ১ অধ্যায়। ২২৫—২৩৬ শ্লোক।

প্রখ্যাতো ব্যাসশিষ্যোঽভূৎ সূতো বৈ লোমহর্ষণঃ।
পুরাণসংহিতাং তস্মৈ দদৌ ব্যাসো মহামুনিঃ॥
সুমতিশ্চাগ্নিবর্চ্চাশ্চ মিত্রায়ুঃ শাংশপায়নঃ।
অকৃতব্রণোঽথ সাবর্ণিঃ ষট্ শিষ্যাস্তস্য চাভবন্॥
কাশ্যপঃ সংহিতাকর্ত্তা সাবর্ণিঃ শাংশপায়নঃ।
লৌমহর্ষণিকা চান্যা তিসৃণাং মূলসংহিতা॥

বিষ্ণুপুরাণ। ৩ অংশ। ৬ অধ্যায়। ১৬—১৯ শ্লোক।

পুরাণার্থবিৎ বেদব্যাস আখ্যান, উপাখ্যান, গাথা ও কল্পশুদ্ধি লইয়া একখানি পুরাণ-সংহিতা রচনা পূর্ব্বক সুপ্রসিদ্ধ শিষ্য সূত-কুলোদ্ভব, লোমহর্ষণকে প্রদান করিলেন। সুমতি, অগ্নিবর্চ্চাঃ, মিত্রায়ু, শাংশপায়ন, অকৃতব্রণ ও সাবর্ণি নামে তাঁহার ছয় শিষ্য ছিল। তন্মধ্যে কাশ্যপ, সাবর্ণি, শাংশপায়ন ইহাঁরা এক একখানি পুরাণ-সংহিতা করেন। লোমহর্ষণ লৌমহর্ষণিকা নামে যে সংহিতা প্রস্তুত করিয়াছিলেন, তাহাই এ তিনের মূল।

ভাগবতোক্ত পুরাণ-সঙ্কলন-বিষয়ক উপাখ্যানও প্রায় এইরূপ। শ্রীধর স্বামী তাহার টীকায় এই প্রকার লিখিয়াছেন যে, বেদব্যাস ছয় খানি পুরাণসংহিতা প্রস্তুত করিয়া লোমহর্ষণকে প্রদান করেন, লোমহর্ষণ তাহা ত্রয্যারুণি প্রভৃতি ছয় শিষ্যকে অধ্যয়ন করান এবং উগ্রশ্রবা তাঁহাদের নিকট ঐ ছয়খানি সংহিতাই শিক্ষা করেন *। বেদব্যাস এক, কি চারি, কি ছয়খানি সংহিতা সঙ্কলন করিয়াছিলেন, পশ্চাৎ তাহা বিবেচিত হইবে।

উল্লিখিত পুরাণ-সঙ্কলন বিষয়ক উপাখ্যানের সমুদায় কথা যথার্থ কি না, তাহা নিঃসংশয়ে নিরূপণ করা সুকঠিন বটে, কিন্তু কোন সময়ের পণ্ডিতেরা যে বেদব্যাসকে কেবল একখানি পুরাণসংহিতার কর্ত্তা বলিয়া বিশ্বাস করিতেন এবং তাঁহার অষ্টাদশ পুরাণ রচনা বিষয়ক উপাখ্যান যে তাহার বহুকাল পরে কল্পিত হয়, ইহা পূর্ব্বোক্ত বচন-দর্শনে স্পষ্ট প্রতীত হইতেছে। তিনি যে ছয় খানি সংহিতা করিয়াছিলেন,

* প্রথমং ব্যাসঃ ষট্ সংহিতাঃ কৃত্বা মৎপিত্রে রোমহর্ষণায় প্রাদাৎ তস্য চ মুখাদেতে ত্রয্যারুণ্যাদয়ঃ একৈকাং সংহিতামধীয়ন্ত এতেষাং ষণ্ণাং শিষ্যোঽহং তাঃ ষড়্পিঃ সমধীতবান্।

১২ স্কন্ধের ৭ অধ্যায়ের ৫ শ্লোকের টীকা।

ইহা কোন পুরাণে লিখিত নাই *। বরং বিষ্ণুপুরাণের অন্তর্গত পূর্ব্বোক্ত বচনে স্পষ্ট লিখিত আছে, বেদব্যাস একখানি পুরাণসংহিতা করিয়া লোমহর্ষণকে প্রদান করেন। লোমহর্ষণ তদনুযায়ী একখানি সংহিতা রচনা করেন এবং তদীয় শিষ্য কাশ্যপ, সাবর্ণি ও শাংশপায়ন তদ্দৃষ্টে এক একখানি সংহিতা প্রস্তুত করিয়া যান।

অধুনাতন পণ্ডিতেরা সকলেই সমুদায় অষ্টাদশ পুরাণ বেদব্যাস-প্রণীত বলিয়া বিশ্বাস করেন; অতএব ব্যাস-কর্ত্তৃক একমাত্র পুরাণ-সঙ্কলন বিষয়ক পূর্ব্বোক্ত বচন তাঁহাদের মতের বিরোধী বিনা কখনও পোষক হইতে পারে না; সুতরাং ঐ বচন তাঁহাদের কর্ত্তৃক কল্পিত হওয়া কোনক্রমেই সম্ভাবিত নয়। যাঁহারা ভাগবত, আগ্নেয় ও বিষ্ণু-পুরাণ সঙ্কলন পূর্ব্বক বেদব্যাস-প্রণীত বলিয়া প্রচার করিয়াছেন, তাঁহাদেরও কর্ত্তৃক ঐ কথা কল্পিত হইবার নহে। একারণ ঐ উপাখ্যানটি কোনক্রমেই আধুনিক বোধ হয় না এবং উহা যেস্থলে যেরূপে বর্ণিত আছে, তাহাতে নিতান্ত অমূলকও জ্ঞান হয় না। বোধ হয়, পুরাতন গ্রন্থ-বিশেষে লিখিত ছিল, পরে অধুনাতন পুরাণকর্ত্তারা স্ব স্ব গ্রন্থে উহা উদ্ধৃত করিয়া লইয়াছেন। যিনি বেদ সমুদায় সংগ্রহ ও বিভাগ

---

* বিষ্ণুপুরাণের বচন পূর্ব্বে উদ্ধৃত হইয়াছে, এবং ভাগবত ও অগ্নি-পুরাণের তদ্বিষয়ক বচন পশ্চাৎ লিখিত হইতেছে, তাহা পাঠ করিয়া দেখিলেই জানিতে পারা যাইবে।

त्रय्यारुणिः कश्यपश्च सावर्णिरकृतव्रणः ।
शिंशपायनहारीतौ षड्वै पौराणिका इमे ॥
अधीयन्त व्यासशिष्यात् संहितां मत्पितुर्मुखात् ।
एकैकामहमेतेषां शिष्यः सर्व्वाः समध्यगाम् ॥
काश्यपोऽहञ्च सावर्णी रामशिष्योऽकृतव्रणः ।
अधीमहि व्यासशिष्याच्चत्वारो मूलसंहिताः ॥

ভাগবত। ১২ স্কন্ধ। ৭ অধ্যায়। ৪—৬ শ্লোক।

प्राप्य व्यासात् पुराणादि सूतो वै लोमहर्षणः ।
सुमतिश्चाग्निवर्चाश्च मित्रायुः शांशपायनः ॥
कृतव्रतोऽथ सावर्णिः शिष्यास्तस्य चाभवन् ।
शांशपायनादयश्चक्रुः पुराणानान्तु संहिताः ॥

অগ্নিপুরাণ।

করেন, তাঁহার পুরাণ ও ইতিহাস সঙ্কলন করিতেও প্রবৃত্তি হইলে হইতে পারে। সে সময়ে সূতেরা যে সমস্ত পরম্পরাগত পুরাতন ব্যাপার কীর্ত্তন করিত, তিনি তাহা সঙ্কলিত ও শৃঙ্খলাবদ্ধ করিয়া তাহার অধ্যয়ন-অধ্যাপনা বিষয়ে উৎসাহ প্রদান করিবেন ইহা অসম্ভব নয়। যাহা হউক, এক সময়ে একখানি মাত্র পুরাণ প্রচলিত ছিল, উল্লিখিত বচনে ইহাই প্রদর্শন করিতেছে।

বিষ্ণুপুরাণোক্ত ঐ পুরাণ-সংহিতা কিরূপ ছিল, তাহা এত দিন পরে নিরূপণ করা একরূপ অসাধ্য বলিতে হয়। বিষ্ণুপুরাণকর্ত্তা লিখিয়াছেন, বেদব্যাস আখ্যান, উপাখ্যান, গাথা, কল্পশুদ্ধি এই চারি বিষয় লইয়া পুরাণ-সংহিতা প্রস্তুত করেন। ঐ পুরাণের টীকাকার লেখেন, স্বয়ং দৃষ্টি করিয়া যে সকল বিষয় কথিত হইয়াছে তাহার নাম আখ্যান, পরম্পরা শ্রুত কথার নাম উপাখ্যান, পিতৃ-বিষয়ক ও পৃথ্বী-বিষয়ক গীত ও অন্যান্য কোন কোন গীতের নাম গাথা এবং শ্রাদ্ধ-কল্পাদি-নিরূপণের নাম কল্পশুদ্ধি *। বেদব্যাস পুরাণ-সংহিতা প্রস্তুত করুন বা নাই করুন, যে সময়ে পূর্ব্বোক্ত পুরাণ-সঙ্কলন-বিষয়ক আখ্যানটি রচিত হইয়াছিল, সে সময়ের প্রচলিত পুরাণ এইরূপ ছিল বলিতে হয়।

বহুকাল পূর্ব্বে পুরাণের এইরূপ অবস্থা থাকা সম্যক্ সম্ভব, কিন্তু তাহার পরেই যে অধুনাতন পুরাণ সমুদায় সঙ্কলিত হইয়াছে এমনও নয়। পুরাণ সমুদায় ক্রমাগত পরিবর্ত্তিত হইয়া আসিয়াছে এবং তাহাতে কালে কালে নূতন নূতন বিষয় বিনিবেশিত হইয়াছে। অমরসিংহ অমরকোষে লিখিয়াছেন, পুরাণের পাঁচ লক্ষণ, "পুরাণং পঞ্চলক্ষণং।" সেই পাঁচ লক্ষণ কি কি, তাহা ঐ গ্রন্থের টীকাকারেরা সকলেই সবিশেষ বর্ণন করিয়াছেন।

सर्गश्च प्रतिसर्गश्च वंशोमन्वन्तराणि च।
वंशानुचरितञ्चैव पुराणं पञ्चलक्षणम्॥

এই বচন-প্রমাণে প্রতীতি হইতেছে, অমরসিংহের সময়ে যে সমস্ত পুরাণ প্রচলিত ছিল, তাহাতে সৃষ্টি, বিশেষ সৃষ্টি†, বংশ-বিবরণ, মন্ব-

---

* स्वयंदृष्टार्थकथनं प्राहुराख्यानकं बुधाः।
श्रुतस्यार्थस्य कथनमुपाख्यानं प्रचक्षते॥
गाथास्तु पितृपृथ्वीप्रभृतिगीतयः।
कल्पशुद्धिः श्राद्धकल्पादिनिर्णयः॥

† ভাগবতের এক স্থলে সৃষ্টি ও প্রতিসৃষ্টি সর্গ ও বিসর্গ বলিয়া উক্ত হই-

গুর-বর্ণনা এবং প্রধান প্রধান বংশোদ্ভব ব্যক্তিদের চরিত্র-বিষয়ের বৃত্তান্ত সন্নিবেশিত ছিল। ধর্ম্ম-সংক্রান্ত ক্রিয়াকলাপাদি উপদেশ করা ইহার একটি বিষয়েরও উদ্দেশ্য নয়। কিন্তু এক্ষণকার প্রচলিত পুরাণ ও উপপুরাণ সমুদায় দেবদেবীর মাহাত্ম্য-কথন, দেবার্চ্চনা, দেবোৎসব ও ব্রত-নিয়মাদির বিবরণেতেই পরিপূর্ণ। তাহাতে পূর্ব্বোক্ত পঞ্চ লক্ষণের অন্তর্গত যে যে বিষয় প্রাপ্ত হওয়া যায়, তাহা আনুষঙ্গিক মাত্র †। যদি ধর্ম্মোপদেশ-দান ইদানীন্তন প্রচলিত পুরাণের ন্যায় পূর্ব্বতন পুরাণেরও উদ্দেশ্য থাকিত, তাহা হইলে উহা সূত জাতির ব্যবসায় না হইয়া অধুনাতন ব্রাহ্মণ কথকের ন্যায় ষট্‌কর্ম্মশালী ব্রাহ্মণ-বর্ণেরই বৃত্তি-বিশেষ বলিয়া ব্যবস্থিত হইত। ঋষি মুনি ও অপর সাধারণ ব্রাহ্মণগণকে ধর্ম্ম-শিক্ষা দেওয়া সূতাদি নিকৃষ্ট জাতির ব্যবসায় হওয়া কদাচ সম্ভব নয়। অতএব অমরসিংহের সময়ে, অর্থাৎ ন্যূনাধিক ত্রয়োদশ শত বৎসর পূর্ব্বে যে সকল পুরাণ প্রচারিত ছিল, তাহার সহিত অধুনাতন পুরাণ সমুদায়ের আকাশ-পাতাল প্রভেদ দেখিতে পাওয়া যায়। সুতরাং বলিতে হয়, এই সকল পুরাণ অমরসিংহের পরে সঙ্কলিত হইয়াছে, অথবা তাঁহার উল্লিখিত পঞ্চ-লক্ষণাক্রান্ত পুরাণ সমুদায় এত পরিবর্ত্তিত হইয়া আসিয়াছে এবং তাহাতে এত নূতন নূতন প্রস্তাব প্রক্ষিপ্ত হইয়াছে যে, সে সকলকে এক প্রকার নূতন সঙ্কলিত বলা যাইতে পারে।

ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে মহাপুরাণ দশাধিক লক্ষণাক্রান্ত বলিয়া লিখিত আছে। তন্মধ্যে শ্রীহরির গুণ-কীর্ত্তন একটি লক্ষণ ও অন্যান্য দেবতাদির

---

হইয়াছে। পরমেশ্বর কর্তৃক পৃথিব্যাদি পঞ্চভূত, রূপ-রসাদি গুণ-সমগ্র ও ইন্দ্রিয়াদি-সৃষ্টির নাম সর্গ এবং ব্রহ্মা কর্তৃক চরাচর-সৃষ্টির নাম বিসর্গ।

ভূতমাত্রেন্দ্রিয়ধিয়াং জন্ম সর্গ উদাহৃতঃ।
ব্রহ্মণো গুণবৈষম্যাদ্বিসর্গঃ পৌরুষঃ স্মৃতঃ॥
ভাগবত। ২। ১০। ৪॥

গুণ-ত্রয়ের বৈষম্যাবস্থা প্রযুক্ত পরমেশ্বর কর্তৃক পৃথিব্যাদি পঞ্চভূত, শব্দাদি পঞ্চতন্মাত্র, ইন্দ্রিয় সমূহ, মহত্তত্ত্ব ও অহঙ্কারতত্ত্বের যে সৃষ্টি, তাহার নাম সর্গ। পৌরুষ সৃষ্টি (অর্থাৎ ব্রহ্মা কর্তৃক চরাচর-সৃষ্টি) বিসর্গ বলিয়া উক্ত হয়।

† তবে সকল পুরাণ সমান নয়। বিষ্ণু ও বায়ু-পুরাণে ঐ পঞ্চ লক্ষণের প্রায় সমুদায় বা অধিক ভাগ আছে। কিন্তু তদ্ভিন্ন অনেকানেক নূতন বিষয়ও তাহাতে বিনিবেশিত হইয়াছে। অপরাপর অনেক পুরাণে ঐ পঞ্চ লক্ষণের অল্পই নিদর্শন পাওয়া যায়। তাহার পরিবর্ত্তে দেবদেবীর মাহাত্ম্য ও ব্রত-নিয়মাদি অন্যান্য পারমার্থিক বিষয় সবিশেষ বর্ণিত হইয়াছে।

বর্ণনা অপর একটি লক্ষণ *। শ্রীকৃষ্ণের গুণ-কীর্ত্তন ও মাহাত্ম্য-বর্ণন করা ব্রহ্মবৈবর্ত্ত পুরাণকর্ত্তার উদ্দেশ্য। তাঁহার কৃত ও অন্য কর্ত্তৃক বিরচিত সমুদায় প্রচলিত পুরাণ অমর-লিখিত পঞ্চ লক্ষণের অনুযায়ী নয় দেখিয়া, তাঁহাকে উল্লিখিত দশবিধ লক্ষণ কল্পনা করিতে হইয়াছে তাহার সন্দেহ নাই †। যে ব্যক্তি যে গ্রন্থ রচনা করে, সে ব্যক্তি অবশ্যই সে গ্রন্থের তদনুযায়ী লক্ষণ করিয়া থাকে। অতএব তাঁহার কৃত লক্ষণ দ্বারা সে গ্রন্থের প্রামাণ্য ও প্রাচীনত্ব অবধারণ করা যায় না। অমরসিংহ এক জন অভিধানকর্ত্তা; পুরাণের লক্ষণ কল্পনা করা তাঁহার পক্ষে আবশ্যক ও সম্ভাবিত নয়। করিলে, তাঁহার পক্ষে অপকার ভিন্ন কিছুমাত্র উপকার নাই। তাঁহার সময়ে যে প্রকার পুরাণ প্রচলিত ছিল, তিনি তাহারই তদনুযায়ী লক্ষণ করিয়াছেন। বিশেষতঃ যদি পূর্ব্বে পুরাণের ঐ পঞ্চ লক্ষণ সর্ব্ববাদি-সম্মত না হইত, তবে অধুনাতন পুরাণকর্ত্তারা তাহার প্রতিবাদ করিতে ত্রুটি করিতেন না। প্রত্যুত, ভাগবত, ব্রহ্মবৈবর্ত্ত প্রভৃতি কয়েক পুরাণে ঐ পঞ্চ লক্ষণ উদ্ধৃত বা উল্লিখিত হইয়াছে ‡। অতএব অধুনাতন পুরাণ সকল সঙ্কলিত বা রচিত হইবার পূর্ব্বকার পুরাণ সমুদয় পূর্ব্বোক্ত

---

* सर्गश्च प्रतिसर्गश्च वंशो मन्वन्तराणि च ।
वंशानुचरितं विप्र पुराणं पञ्चलक्षणम् ॥
एतदुपपुराणानां लक्षणञ्च विदुर्बुधाः ।
महताञ्च पुराणानां लक्षणं कथयामि ते ॥
सृष्टिश्चापि विसृष्टिश्च स्थितिस्तेषाञ्च पालनम् ।
कर्म्मणां वासना वार्त्ता मनूनाञ्च क्रमेण च ॥
वर्णनं प्रलयानाञ्च मोक्षस्य च निरूपणम् ।
उत्कीर्त्तनं हरेरेव देवानाञ्च पृथक् पृथक् ॥
दशाधिकं लक्षणञ्च महतां परिकीर्त्तितम् ।
संख्यानञ्च पुराणानां निबोध कथयामि ते ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ। শ্রীকৃষ্ণ-জন্ম-খণ্ড। ১৩২ অধ্যায়।

† ভাগবতের দ্বাদশ স্কন্ধে সপ্তমাধ্যায়ে পুরাণের যে দশ লক্ষণ লিখিত আছে, বিশেষতঃ শ্রীধরস্বামী তাহার যেরূপ ব্যাখ্যা করিয়াছেন, তাহা প্রায় ব্রহ্মবৈবর্ত্তপুরাণোক্ত দশবিধ লক্ষণের তুল্য, কিন্তু তাদৃশ সুস্পষ্ট নয়।

‡ दशभिर्लक्षणैर्युक्तं पुराणं तद्विदो विदुः ।
केचित् पञ्चविधं ब्रह्मन् महदल्पव्यवस्थया ॥

ভাগবত। ১২ স্কন্ধ। ৭ অধ্যায়। ৯ শ্লোক।

পঞ্চ লক্ষণাক্রান্ত অন্যরূপ পুরাণ ছিল এরূপ মীমাংসা করা কোন মতেই যুক্তি-বিরুদ্ধ নয়।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণকর্ত্তা স্বপ্রণীত পুরাণানুযায়ী লক্ষণ কল্পনা করিলেন এবং পূর্ব্ব পরম্পরা ক্রমে পুরাণের যে পঞ্চ লক্ষণ প্রসিদ্ধ আছে, তাহার কোন প্রকার মীমাংসা করা আবশ্যক বিবেচনা করিয়া এই রূপ একটি কল্পিত কথা লিখিলেন যে, উপপুরাণ সকল পঞ্চ-লক্ষণাক্রান্ত, আর মহাপুরাণ সকল দশাধিক-লক্ষণযুক্ত। কিন্তু এক্ষণে যে সকল গ্রন্থ উপপুরাণ বলিয়া প্রসিদ্ধ আছে, তাহা অমরকোষোক্ত পঞ্চ-লক্ষণাক্রান্ত হওয়া দূরে থাকুক, অমরসিংহের সময়ে যে সে সকল রচিত হইয়াছিল এমন বোধ হয় না। উপপুরাণ সমুদায় যে উল্লিখিতরূপ পঞ্চ-লক্ষণাক্রান্ত নয়, পাঠ করিয়া দেখিলেই তাহা অক্লেশে জানিতে পারা যায়। পুরাণে ঐ পঞ্চলক্ষণের যাহা কিছু আছে, উপপুরাণে তাহাও নাই। এস্থলে সে বিষয়ের দুই একটি উদাহরণ প্রদর্শন করা যাইতেছে। একখানি উপপুরাণের নাম কালিকাপুরাণ। তাহার চতুর্থ অধ্যায় হইতে একাদশ অধ্যায় পর্য্যন্ত শিবের বিবাহ-মন্ত্রণা, সতীর জন্ম-কথন, সতীর শিবারাধনা ও শিবের সহিত তাঁহার বিবাহ, চতুর্দ্দশ ও পঞ্চদশ অধ্যায়ে শিবের সহিত সতীর কৈলাস-গমন ও তাঁহা-দিগের নানারূপ ক্রীড়াকৌতুক-বর্ণন, ষোড়শ, সপ্তদশ ও অষ্টাদশ অধ্যায়ে দক্ষযজ্ঞের অনুষ্ঠান, সেই যজ্ঞে সতীর প্রাণ-ত্যাগ, সতী-শোকে শিবের বিলাপ ও উন্মাদ, সতীর মৃত দেহ খণ্ডন দ্বারা পীঠস্থানের উৎপত্তি ও কামরূপাদি ঐ সমস্ত তীর্থ-ভূমির মাহাত্ম্য-বিবরণ, চতু-র্ব্বিংশ অধ্যায়ে শিবের তপস্যাবলম্বন, ব্রহ্মাদি কর্ত্তৃক মায়ার স্তুতি এবং জগৎ-প্রপঞ্চের অসারত্ব চিন্তা করিয়া সার বস্তুতে শিবের চিত্তা-র্পণ, বত্রিশ অধ্যায় হইতে সাঁইত্রিশ অধ্যায় পর্য্যন্ত মৎস্য, কূর্ম্ম, বরা-হাদি অবতার-প্রস্তাব ইত্যাদি শিব, শক্তি ও অন্যান্য দেবতা-প্রসঙ্গেই এই উপপুরাণ পরিপূর্ণ। কল্কি নামে একখানি উপপুরাণের অধিকাংশ বিষ্ণ্বতরণ, কল্কিরূপী বিষ্ণুর জন্ম, উপনয়ন, বিবাহ, শিব-স্তোত্র, শিব-সমীপে অশ্ব-করবালাদি-প্রাপ্তি এবং বৌদ্ধ, জৈন, ম্লেচ্ছাদির সহিত যুদ্ধ, রাম, পরশুরাম ও কৃষ্ণাবতার-কীর্ত্তন, হরিভক্তির লক্ষণ ইত্যাদি দেব-চরিত ও দেব-ভক্তিরই বিবরণ মাত্র। অপর একখানি উপপুরাণের নাম শিবপুরাণ। তাহা শিব ও শিবলিঙ্গের মাহাত্ম্য ও পূজা-প্রকরণ, নানা-প্রকার শিব-মূর্ত্তি ও শিবোপাখ্যান, শিব-তীর্থ ও যোগ-সাধন ইত্যাদি শিব-মহিমা ও শিবোপাসনা-সংক্রান্ত বিষয় বর্ণনা বই আর কিছুই নয় *।

---

* নরসিংহাদি দুই এক খানি উপপুরাণ অনেকাংশে মহাপুরাণের সদৃশ বলিতে পারা যায়।

এক্ষণে এই পর্য্যন্ত জানা যাইতেছে যে, পুরাণের ঐ পৃথক্ পৃথক্ দুই লক্ষণ দ্বারা তাহার দুই সময়ের অবস্থা প্রকাশ পাইতেছে। সৃষ্টি-বিবরণ ও বংশ-বর্ণনা পূর্ব্বকার পঞ্চ-লক্ষণাক্রান্ত পুরাণের উদ্দেশ্য ছিল, আর এক্ষণকার দশ-লক্ষণাক্রান্ত পুরাণ সমুদায় দেবদেবীর মাহাত্ম্য প্রভৃতি ধর্ম্ম-সংক্রান্ত ব্যাপারের বিবরণে পরিপূর্ণ। প্রচলিত পুরাণ সমুদায় যে দেবদেবীর মাহাত্ম্য-প্রচার উদ্দেশেই বিরচিত, তদীয় বিভাগ-কল্পনাতেও তাহা সুস্পষ্ট প্রকাশিত রহিয়াছে। কতকগুলি বিষ্ণু-প্রধান, কতকগুলি শক্তি-প্রধান ও অপর কতকগুলি শিব-প্রধান। এখন না অমর লিখিত পঞ্চলক্ষণাক্রান্ত পুরাণই বিদ্যমান আছে, না বিষ্ণুপুরাণোক্ত সংহিতাই কুত্রাপি দৃষ্ট হইয়া থাকে। পূর্ব্বেই লিখিত হইয়াছে *, সংহিতা, ব্রাহ্মণ, উপনিষদ্, কল্পসূত্র, রামায়ণ, মনুসংহিতা প্রভৃতি যে সমস্ত প্রাচীনতর গ্রন্থে পুরাণ শব্দের উল্লেখ আছে, তাহার কোন স্থানে পুরাণের সংখ্যা নিরূপিত নাই †। তাহাতে আবার বিষ্ণুপুরাণে স্পষ্টই লিখিত হইয়াছে, বেদব্যাস একখানি মাত্র পুরাণ-সংহিতা প্রস্তুত করেন। অতএব পুনর্ব্বার উল্লেখ করিতে হইতেছে, তিনি অষ্টাদশ পুরাণ ও উপপুরাণ প্রস্তুত করেন একথাটি কোন-রূপেই সমধিক প্রাচীন নয়। ঐ সমুদায়ের রচনা-সম্পত্তিতে বেদব্যাসের অংশ লক্ষিত হয় না। ঐ অষ্টাদশই যে পুরাণ ও উপপুরাণ সংখ্যার শেষসীমা তাহাও নয়। বর্ত্তমান উপাসক-সম্প্রদায়ের বৃদ্ধি বা প্রাদুর্ভাব সহকারে তদীয় সাম্প্রদায়িক গ্রন্থের বৃদ্ধি হইয়া আসিয়াছে। পশ্চাৎ, বিদ্যমান পুরাণ ও উপপুরাণ সমুদায়ের নামোল্লেখ করা যাইতেছে, পাঠ করিলেই জানিতে পারা যাইবে, ক্রমশঃ উভয়ের প্রত্যেকের সংখ্যা অষ্টাদশ অপেক্ষাও অধিক হইয়া পড়িয়াছে।

---

* ১৬০ পৃষ্ঠা।

† ফলতঃ সে সমস্ত প্রাচীন পুরাণ অন্যরূপ; তাহা এখন আর স্বতন্ত্র বিদ্যমান নাই। কত সুপ্রাচীন সংস্কৃত গ্রন্থই লুপ্ত হইয়া গিয়াছে! সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্ ও কল্পসূত্রে পুরাণ, ইতিহাস, নারাশংসী, আখ্যান, পুরাণ-বেদ, ইতিহাস-বেদ, সর্প-বেদ, পিশাচ-বেদ, অসুর-বেদ * প্রভৃতি যে সমস্ত বিভিন্ন শাস্ত্রের নাম প্রাপ্ত হওয়া যায় †, এখন আর তাহার পৃথক্ অস্তিত্ব আছে এমন বোধ হয় না। যদি সে সমুদায় অপর গ্রন্থের অন্তর্নিবিষ্ট থাকে, তাহাও সুস্পষ্ট পরিজ্ঞাত হওয়া সুকঠিন।

---

* এই শেষোক্ত তিনটি সংজ্ঞা গোপথ ব্রাহ্মণে (১।১০।) দেখিতে পাওয়া যায়।

† ১৫৭ ও ১৫৮ পৃষ্ঠা।

## পুরাণ।

| | | | |
|---|---|---|---|
| ১ বিষ্ণুপুরাণ। | ৬ বারাহ॥ | ১১ ভবিষ্য। | ১৬ অগ্নি। |
| ২ ভাগবত। | ৭ ব্রাহ্ম। | ১২ বামন॥ | ১৭ মৎস্য। |
| ৩ নারদীয়। | ৮ ব্রহ্মাণ্ড। | ১৩ শিব বা বায়ু। | ১৮ কূর্ম্ম॥ |
| ৪ গরুড়। | ৯ ব্রহ্মবৈবর্ত্ত। | ১৪ লিঙ্গ। | ১৯ দেবীভাগবত। |
| ৫ পদ্ম। | ১০ মার্কণ্ডেয়। | ১৫ স্কন্দ। | ২০ বহ্নি। |
| | | | ২১ পূর্ব্বতন ব্রহ্মবৈবর্ত্ত। |

এই পুরাণ-নামাবলি অনুসারে, পুরাণের সংখ্যা একবিংশতি হয়। অগ্নি ও বহ্নি এই দুইটি এক পর্য্যায়ের শব্দ; কিন্তু অগ্নিপুরাণ ও বহ্নি-পুরাণ দুইখানি স্বতন্ত্র স্বতন্ত্র গ্রন্থ। পশ্চাৎ ব্রহ্মবৈবর্ত্তপুরাণ-রচনার সময়-বিবেচনা-স্থলে পূর্ব্বকার ব্রহ্মবৈবর্ত্তপুরাণের বিষয় লিখিত হইবে। তদ্ভিন্ন, কতকগুলি ভিন্ন ভিন্ন পুরাণ স্কন্দপুরাণের খণ্ড-বিশেষ বলিয়া প্রসিদ্ধ আছে; যেমন কাশিখণ্ড, উৎকলখণ্ড, কুমারিকাখণ্ড, ভীমখণ্ড, রেবাখণ্ড ইত্যাদি। স্বতন্ত্র স্কন্দপুরাণ বিদ্যমান নাই। পুরাণ অষ্টাদশ এই সংখ্যাটি নিরূপিত হইবার উত্তরকালে, স্বমতানুযায়ী ধর্ম্ম-প্রণালী প্রচার উদ্দেশে, ঐ সমস্ত পুরাণ অর্থাৎ দেবতা-মাহাত্ম্য-প্রতিপাদক গ্রন্থ ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন লোক কর্তৃক বিরচিত ও স্কন্দপুরাণের খণ্ড-বিশেষ বলিয়া প্রকাশিত হইয়াছে এইরূপই অনুমান-সিদ্ধ বোধ হয়। কেবল খণ্ড নয়; মাহাত্ম্য নামে স্তূপাকার গ্রন্থ ব্যাস-প্রণীত বিশেষ বিশেষ পুরাণের অন্তর্গত বলিয়া প্রচারিত হইয়াছে; যেমন ব্রহ্মাণ্ড-পুরাণের অন্তর্গত বলিয়া লিখিত অগ্নীশ্বরমাহাত্ম্য, অঞ্জনাদ্রিমাহাত্ম্য, অনন্তশয়নমাহাত্ম্য, অদিপুরমাহাত্ম্য, অর্জ্জুনপুরমাহাত্ম্য, কঠোরাগিরি-মাহাত্ম্য ও তুঙ্গভদ্রামাহাত্ম্য; অগ্নিপুরাণের অন্তর্ভূত বলিয়া প্রচারিত অর্জ্জুনপুরমাহাত্ম্য ও কাবেরীমাহাত্ম্য; স্কন্দপুরাণের অংশ-বিশেষ বলিয়া উল্লিখিত ইন্দ্রাবতারক্ষেত্রমাহাত্ম্য, কদম্ববনমাহাত্ম্য, কমলালয়মাহাত্ম্য, কলসক্ষেত্রমাহাত্ম্য, কাল্লেশ্বরমাহাত্ম্য, কার্ত্তিকমাহাত্ম্য, কুমারক্ষেত্রমাহাত্ম্য, কৃষ্ণমাহাত্ম্য, গোকর্ণমাহাত্ম্য, চিদম্বরমাহাত্ম্য, ঐরাবতক্ষেত্রমাহাত্ম্য ও ক্ষীরিণিবনমাহাত্ম্য; ব্রহ্মবৈবর্ত্তপুরাণীয় বলিয়া প্রকাশিত গরুড়াচল-মাহাত্ম্য, ঘটিকাচলমাহাত্ম্য, আদরত্নেশ্বরমাহাত্ম্য, তাপসতীর্থমাহাত্ম্য ইত্যাদি। এইরূপ শতাতিরিক্ত বহুসংখ্যক গ্রন্থ বিদ্যমান আছে*। কিন্তু এই সমুদায় কখন কোন পুরাণের অন্তর্নিবিষ্ট ছিল না এবং এখনও নাই। দেবীভাগবত ও রেবাখণ্ড প্রত্যেকে অষ্টাদশ উপপুরাণের

* H. H. Wilson's Mackenzie Collection, 1828, vol. I., pp. 61—91.

নাম লিখিত আছে। কিন্তু ঐ উভয়ে কিছু কিছু বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। ঐ উভয় ঐক্য করিয়া নিম্ন-লিখিত নামগুলি সংগৃহীত হইল।

## উপপুরাণ।

১ সনৎকুমার।
২ নরসিংহ বা নৃসিংহ।
৩ নারদীয় বা বৃহন্নারদীয়।
৪ শিব।
৫ দুর্ব্বাসস।
৬ কাপিল।
৭ মানব।
৮ ঔশনস।
৯ বারুণ।
১০ কালিকা।
১১ শাম্ব।
১২ নন্দি বা নন্দা।
১৩ সৌর।
১৪ পারাশর।
১৫ আদিত্য।
১৬ মাহেশ্বর।
১৭ ভার্গব বা ভাগবত।
১৮ বাশিষ্ঠ।
১৯ ভবিষ্য।
২০ ব্রহ্মাণ্ড।
২১ কৌর্ম্ম *।

ইহা ভিন্ন, ২২ আদি, ২৩ মুদ্গল †, ২৪ কল্কি, ২৫ ভবিষ্যোত্তর ও ২৬ বৃহদ্ধর্ম্ম নামে আর কয়েকখানি উপপুরাণ দেখিতে পাওয়া যায়। অতএব বেদব্যাস অষ্টাদশ উপপুরাণ করেন এই প্রবাদ প্রচলিত হইবার পরেও অনেকগুলি উপপুরাণ রচিত হইয়াছে তাহার সন্দেহ নাই।

দেবদেবীর মাহাত্ম্য-প্রতিপাদনই যে প্রচলিত পুরাণ সমুদায়ের প্রধান উদ্দেশ্য, শিবপুরাণ, শৈবপুরাণ, বিষ্ণুপুরাণ, লিঙ্গপুরাণ, ভাগবত, দেবীভাগবত প্রভৃতি নামেতেই তাহার স্পষ্ট পরিচয় দিতেছে। বিশেষ বিশেষ পুরাণ বিশেষ বিশেষ দেবতার বিশিষ্টরূপ মাহাত্ম্য-প্রতিপাদক। বিষ্ণুভাগবতাদি বিষ্ণু-প্রধান ও মৎস্য কূর্ম্ম লিঙ্গাদি শিব-প্রধান। মার্কণ্ডেয়াদি কতকগুলি পুরাণে শক্তি-মাহাত্ম্য সবিশেষ বর্ণিত আছে ‡। পদ্মপুরাণকর্ত্তা অষ্টাদশ পুরাণ তিন ভাগে বিভক্ত করিয়াছেন; সাত্ত্বিক, রাজসিক ও তামসিক। বিষ্ণু-প্রধান পুরাণগুলি সাত্ত্বিক এবং শিব-প্রধান গুলি তামসিক। তিনি এই শেষোক্ত

* ব্রহ্মাণ্ড, ভাগবত, ভবিষ্য, কৌর্ম্ম এ গুলি মহাপুরাণ, অথচ আবার উপপুরাণের নামাবলীর মধ্যেও সন্নিবিষ্ট দেখা যাইতেছে। অতএব এ বিষয়ে সাতিশয় গোলযোগ ঘটিয়া রহিয়াছে।

† Mackenzie Collection by H. H. Wilson, 1828, vol. I., p. 50.

‡ ব্রাহ্ম, ব্রহ্মাণ্ড, ব্রহ্মবৈবর্ত্ত, মার্কণ্ডেয়, ভবিষ্য ও বামন এই পুরাণগুলির নাম রাজস পুরাণ। এ সমুদায়ে কেবল শক্তি-মাহাত্ম্য নয়, ব্রহ্মা, বিষ্ণু, শিব, শক্তি চারি দেবতারই মাহাত্ম্য-বর্ণন আছে।

গুলিকে কেবল তামস বলিয়া নিরস্ত হন নাই, সে সমুদায়কে নরক-সাধন বলিয়া ঘৃণা করিয়াছেন।

নৈব তামসাইভি নিরয়প্রাপ্তিহেতব:।

শব্দকল্পদ্রুম-ধৃত পদ্মপুরাণের উত্তর খণ্ডের ৪৩ অধ্যায়ের বচন।

প্রচলিত পুরাণ ও উপপুরাণ সমুদায় যদি অমরকোষে লিখিত পঞ্চ-লক্ষণাক্রান্ত না হইল, তবে উহার উত্তরকালীন গ্রন্থ তাহার সন্দেহ নাই। ঐ অভিধানকর্ত্তা অমরসিংহের সময় নিরূপিত হইলেই, ঐ সমস্ত পুরাণ ও উপপুরাণের রচনা-কালের এরূপ একটি পূর্ব্বসীমা নির্দ্ধারিত হইবে যে, ঐ সমুদায় তাহার পরে ব্যতিরেকে কোনরূপেই পূর্ব্বে রচিত হওয়া সম্ভব ও সঙ্গত নয়।

বুদ্ধগয়ার একটি বিহারে অর্থাৎ বৌদ্ধ দেবালয়ে খোদিত আছে, রাজা বিক্রমাদিত্যের নয় জন সভাসদ ছিলেন; তাঁহারা নবরত্ন বলিয়া বিখ্যাত; অমরদেব সেই নবরত্নের এক রত্ন: তিনি একটি অসাধারণ বুদ্ধিশালী প্রধান পণ্ডিত এবং মহারাজের শ্রেষ্ঠ মন্ত্রী ও প্রিয়পাত্র; তিনি এই বিহার প্রস্তুত করেন *। যখন তিনি নবরত্নের এক রত্ন বলিয়া লিখিত হইয়াছেন, তখন তিনিই অভিধানকর্ত্তা অমরসিংহ †। উল্লিখিত লিপি-রচয়িতা লিখিয়াছেন অমরদেবই যে এই বুদ্ধ-নিকেতন প্রতিষ্ঠা করেন এই কথা পণ্ডিতগণকে জানাইবার উদ্দেশে, আমি প্রস্তরোপরি ১০০৫ দশশত পাঁচ সম্বতের (অর্থাৎ ৯৪৮ নয়শত আটচল্লিশ খৃষ্টাব্দের) চৈত্রমাসের শুক্লপক্ষীয় চতুর্থী শুক্রবারে এই পত্র খোদিত করিলাম ‡। অতএব অমরসিংহ ঐ সময়ের পূর্ব্বতন লোক ইহা নিঃসংশয় অবধারিত হইতেছে। শ্রীমান্ কনিংহেম্ বুদ্ধগয়ার ঐ বিহার পর্য্যবেক্ষণ করিয়া প্রতিপন্ন করিয়াছেন¶, চীন দেশীয় তীর্থযাত্রী হিউএনথসঙ্গ ৬২৮ ছয়শত আটাশ খৃষ্টাব্দের পর ও ৬৪৩ ছয়শত তেতাল্লিশ খৃষ্টাব্দের পূর্ব্বে উক্ত বিহার দর্শন করিয়া যান। তিনি দেখেন, ঐ বিহারের বুদ্ধ-প্রতিমা পূর্ব্বমুখে প্রতিষ্ঠিত। এখনও ঐ দেবালয় পূর্ব্বদ্বারীই দেখিতে পাওয়া যায়। তিনি উল্লিখিত বুদ্ধ-প্রতিমার বেদির যেরূপ পরিমাণ সৃষ্টি করেন, কর্ণেল্ কনিংহেম্ তাহা বর্ত্তমান

---

* Asiatic Researches, vol. I., p. 286.

† অভিধানকর্ত্তা অমরসিংহ যে বৌদ্ধ ছিলেন, অমরকোষের উপক্রমেই তাহার সুস্পষ্ট প্রমাণ বিদ্যমান রহিয়াছে।

‡ Asiatic Researches, vol. I., p. 287.

¶ Colonel A. Cunningham's Archæological Survey Report, published in the Supplementary Number of the Asiatic Society of Bengal for 1863, pp. VII—X.

বেদির সহিত বিশেষ বিভিন্ন মত্ত করেন না। ফা হিয়ন্ নামে চীন-দেশীয় অন্য এক তীর্থযাত্রী ৩৯৯ তিন শত নিরনব্বই খৃষ্টাব্দে ভারতবর্ষে আগমন পূর্ব্বক ৪১৪ চারি শত চৌদ্দ খৃষ্টাব্দ পর্য্যন্ত তীর্থ-ভ্রমণ করেন। তাঁহার সময়ে তথায় ঐ বিহার বিদ্যমান ছিল না। অতএব অমরসিংহ খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দীর পর সপ্তম শতাব্দীর পূর্ব্বে কোন সময়ে প্রাদুর্ভূত হন এইটি প্রতীয়মান হইতেছে। এই পুস্তকের প্রথম ভাগে প্রদর্শিত হইয়াছে*. নবরত্নের অন্য এক রত্ন বরাহমিহির শকাব্দের পঞ্চম শতাব্দীর শেষার্দ্ধে অর্থাৎ খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর মধ্য-ভাগে জীবিত ছিলেন। অমরসিংহ তাঁহার সমকালবর্ত্তী একথাটি কোন মতে অসঙ্গত বোধ হইতেছে না।

পূর্ব্বোক্ত খোদিত লিপিতে অমরও বিক্রমাদিত্যের নবরত্নের এক রত্ন বলিয়া লিখিত আছে। ভারতবর্ষে বিক্রমাদিত্য নামে অনেক গুলি রাজা রাজ্য ভোগ করিয়া গিয়াছেন। এক্ষণে যে বিক্রমাদিত্যের সম্বতের বিংশ শতাব্দী চলিতেছে, অমর. কালিদাস, বরাহমিহিরাদি নয় জন সুবিখ্যাত পণ্ডিত তাঁহারই সভাসদ্ ছিলেন এইরূপ প্রবাদ সর্ব্বত্র প্রচলিত আছে। কিন্তু ঐ বরাহমিহিরের সময় নিঃসংশয়ে নির্দ্ধারিত হওয়াতেই, এই জন-প্রবাদের মুণ্ডোপরি বজ্রাঘাত ঘটিয়াছে। তিনি শকাব্দের পঞ্চম ও ষষ্ঠ এবং খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে বিদ্যমান ছিলেন তাহার সন্দেহ নাই†। তবে অমর বরাহমিহিরাদি কোন্ বিক্রমাদিত্যের সভাসদ্? শত্রুঞ্জয়মাহাত্ম্য নামে জৈন-সম্প্রদায়ের এক-খানি গ্রন্থ আছে। কর্নেল উইল্‌ফোর্ড প্রথমে তাহার প্রসঙ্গ উপস্থিত করেন এবং শ্রীমান্ বেবের্ ১৮৫৮ খৃষ্টাব্দে জর্ম্মেন অনুবাদ সম্বলিত তাহার সারাংশ-সংগ্রহ প্রচার করিয়া দেন। তাহাতে লিখিত আছে, অন্য এক বিক্রমাদিত্য ৪৬৬ শকাব্দে অর্থাৎ ৫৪৪ খৃষ্টাব্দে রাজ্যাভিষিক্ত হন ‡। অতএব তাঁহার সময়ের সহিত অমর ও বরাহ-মিহিরের সময়ের কিছুমাত্র অনৈক্য দেখা যায় না। যখন অধুনাতন পুরাণ সমুদায় অমরসিংহ-লিখিত পঞ্চ-লক্ষণাক্রান্ত নয়, তখন সে সমুদায় অর্থাৎ প্রচলিত অষ্টাদশাধিক পুরাণ ও উপপুরাণ তাঁহার সময়ের অর্থাৎ খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর উত্তর কালে লিখিত হয় ইহা অক্লেশেই অঙ্গীকার করিতে পারা যায়। রঘুনন্দন ভট্টাচার্য্য কিঞ্চিদূন চারি শত

* এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৫২ পৃষ্ঠা দেখ।

† ঐ ঐ ঐ।

‡ Asiatic Researches, Vol. IX., p. 156.

বৎসর পূর্ব্বে * তিথিতত্ত্বের দুর্গোৎসব-প্রকরণে অষ্টাদশ পুরাণের অস্তিত্ব অঙ্গীকার করিয়াছেন ও ভিন্ন ভিন্ন তত্ত্বের মধ্যে অনেকানেক পুরাণের বচনও উদ্ধৃত করিয়া গিয়াছেন। তিনি বিশেষ বিশেষ প্রকরণে যে সমস্ত পুরাণ ও উপপুরাণ-সংজ্ঞা উল্লেখ করিয়াছেন, তাহা বর্ত্তমান পুরাণ ও উপপুরাণেরই নাম †। সুতরাং বলিতে হয়, অমরসিংহের উত্তরকালে অর্থাৎ খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর পর এবং রঘুনন্দনের সময়ের অর্থাৎ খৃষ্টাব্দের চতুর্দ্দশ বা ত্রয়োদশ শতাব্দীর পূর্ব্বে ঐ সমুদায় গ্রন্থ প্রস্তুত হয় তাহার সন্দেহ নাই। ফলতঃ সে সমুদায় যে, অমরের অনেক পরে সঙ্কলিত ও বিরচিত হইয়াছে ইহা পশ্চাৎ কিছু কিছু প্রদর্শিত হইতেছে।

ব্রাহ্মপুরাণ।—ব্রাহ্মপুরাণের বিংশ অবধি ষট্চত্বারিংশ অধ্যায় পর্য্যন্ত তীর্থ-বিবরণ এবং উৎকল-মাহাত্ম্য, শিব, সূর্য্য ও বিষ্ণুর মহিমা ও তাহার আনুষঙ্গিক নানাবিধ পৌরাণিক উপাখ্যানের বর্ণনা আছে। তন্মধ্যে শিব, সূর্য্য ও জগন্নাথের মন্দিরের বিষয় বর্ণিত রহিয়াছে। ঐ সকল দেবালয়ে খোদিত আছে, শিব-মন্দির খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে, সূর্য্য-মন্দির খৃষ্টাব্দের ত্রয়োদশ শতাব্দীতে ও জগন্নাথের মন্দির খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে নির্ম্মিত হয় ‡। এই পুরাণানুসারে, ঐ শিবক্ষেত্রের নাম একাম্রকানন। এক্ষণে উহা ভুবনেশ্বর বলিয়া প্রসিদ্ধ আছে। উৎকলাধিপতি ললিত ইন্দ্র কেশরী ৬৫৭ ছয় শত সাতান্ন খৃষ্টাব্দে ঐ স্থানের বৃহৎ শিব-মন্দিরটি প্রতিষ্ঠা করেন। সুপ্রসিদ্ধ জগন্নাথের মন্দির ১১৯৮ এগারশ আটানব্বই খৃষ্টাব্দে নির্ম্মিত হয়। উৎকলের অন্তঃপাতী কনার্ক নামক স্থানে একটি সূর্য্য-মন্দির বিদ্যমান আছে; লাঙ্গোর নরসিংহ দেও ১২৪১ বার শত একচল্লিশ

---

* চৈতন্য, রঘুনন্দন, রঘুনাথ শিরোমণি এই তিন জন সহাধ্যায়ী ছিলেন এইরূপ পরম্পরাগত প্রবাদ প্রচলিত আছে। তাঁহারা নবদ্বীপ-সন্নিহিত বিদ্যানগর গ্রামে বাসুদেব সার্ব্বভৌমের চতুষ্পাঠীতে অধ্যয়ন করিয়াছিলেন। চৈতন্য ১৪০৭ শকে জন্মগ্রহণ করিয়া ১৪৫৫ শকে প্রাণত্যাগ করেন।—এই পুস্তকের প্রথম ভাগ, চৈতন্য-সম্প্রদায়, ১৩৭ পৃষ্ঠা।

† যেমন তিথিতত্ত্বের দুর্গোৎসব-প্রকরণে মার্কণ্ডেয়, দেবী, কালিকা, লিঙ্গ, বিষ্ণু, মৎস্য, ভবিষ্য, ব্রহ্ম, বরাহ, স্কন্দ ও কূর্ম্ম পুরাণ; শ্রাদ্ধতত্ত্বের মত্ত-প্রকরণে ব্রহ্ম ও বায়ুপুরাণ; অমুক্তা-প্রকরণে ব্রহ্মাণ্ড ও গরুড়পুরাণ; আহ্নিকতত্ত্বের দ্বিতীয়যামার্দ্ধকৃত্য-প্রকরণে অগ্নি, মৎস্য ও বিষ্ণুপুরাণ; প্রায়শ্চিত্ততত্ত্বে নারদীয়, বরাহ, ব্রহ্ম ও স্কন্দপুরাণ ইত্যাদি।

‡ Account of Orissa Proper, or Cuttack, by A. Stirling: Asiatic Researches, vol. XV., pp. 310, 327 and 315.

খৃষ্টাব্দে তাহা নির্ম্মাণ করান। অতএব যখন ব্রহ্মপুরাণে ঐ সকল দেবালয়ের প্রসঙ্গ ও বৃত্তান্ত রহিয়াছে, তখন এই পুরাণ খৃষ্টীয় অব্দের ত্রয়োদশ বা চতুর্দ্দশ শতাব্দীর পূর্ব্বে প্রস্তুত হয় নাই ইহা সহজেই জানিতে পারা যাইতেছে।

পদ্মপুরাণ।—পদ্মপুরাণের উত্তরখণ্ডে দক্ষিণাপথের অন্তর্গত শ্রীরঙ্গ ও বেঙ্কটাদ্রি নামক দুই স্থানের বিষ্ণু-মন্দির* ও তুঙ্গভদ্রা নদী-তীরস্থ হরিপুর নগরের প্রসঙ্গ আছে। এই পুরাণে বেঙ্কটাদ্রির তিলক-মৃত্তিকা অতিমাত্র প্রশস্ত বলিয়া নির্দ্দেশিত হইয়াছে।

**আদায় পরয়া ভক্ত্যা বেঙ্কটাদ্রৌ স্থিতং হৃদম্।**
**ধারয়েদূর্দ্ধপুণ্ড্রাণি হরিসালোক্যসিদ্ধয়ে॥**

উত্তরখণ্ড।

এই পুস্তকের প্রথম ভাগের অন্তর্গত রামানুজ-সম্প্রদায়ের বিবরণ-মধ্যে দেখিতে পাইবে, ঐ বেঙ্কটাদ্রির মন্দির প্রথমে শিবালয় ছিল, রামানুজ খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে তাহাতে বিষ্ণু-বিগ্রহ প্রতিষ্ঠা করেন†। নানাপ্রমাণানুসারে, হরিপুরের অন্য একটি নাম বিজয়-নগর বলিয়া বিবেচিত হইয়াছে। চিত্রদুর্গের পিত্তলপত্রে এই প্রকার খোদিত আছে ও এরূপ প্রবাদও প্রচলিত রহিয়াছে যে, দক্ষিণাপ-থের অন্তর্গত রাজ্য-বিশেষের অধীশ্বর হরিহর ও বুকরায় খৃষ্টাব্দের চতুর্দ্দশ শতাব্দীতে এই নগর পত্তন করেন। হরিহরেরই নামানুসারে হরিপুর নামটি উৎপন্ন হইয়া থাকিবে‡। অতএব এই পুরাণের অনেক অংশ ঐ সময়ের পরে বিরচিত হয় তাহার সন্দেহ নাই। ইহার উত্তরখণ্ডের মধ্যে রামানুজ প্রভৃতি চারিটি প্রধান বৈষ্ণব-সম্প্রদায়ের নামও উল্লিখিত আছে।

**সম্প্রদায়বিহীনা যে মন্ত্রাস্তে নিষ্ফলামতাঃ।**
**অতঃ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ॥**

---

* মান্দ্রাজের প্রায় ত্রিশ ক্রোশ পশ্চিমোত্তরে বেঙ্কটগিরি এবং শ্রীরঙ্গ ত্রিচীনপল্লির অন্তর্গত তীর্থ-স্থান-বিশেষ।

† এই পুস্তকের প্রথম ভাগের অন্তর্গত বৈষ্ণব-সম্প্রদায়-বিবরণের ৬ পৃষ্ঠা।

‡ Asiatic Researches, Vol. IX., pp. 413—423. H. H. Wilson's Sanskrit and English Dictionary, 1819, Preface, p. XVII.

শ্রীমাধ্বী ব্রহ্ম সনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ ॥

শব্দকল্পদ্রুমের সম্প্রদায় শব্দে উদ্ধৃত পদ্মপুরাণীয় বচন।

এই চারিটি সম্প্রদায় রামানুজ*, বল্লভাচারী, নিমাৎ ও মধ্বাচারী †। এই পুস্তকের প্রথম ভাগে দেখিতে পাইবে, সম্প্রদায়-প্রবর্ত্তক রামানুজ খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে, মধ্বাচারী উহার ত্রয়োদশ শতাব্দীতে এবং বল্লভাচারী উহার ষোড়শ শতাব্দীতে প্রাদুর্ভূত হন ‡। তদনুসারে পদ্মপুরাণের উত্তরখণ্ড খৃষ্টাব্দের ষোড়শ শতাব্দীর পরে বিরচিত বলিয়া স্বীকার করিতে হয়। ঐ খণ্ডে শৈব বৈষ্ণবের বিবাদ-সূচক বিস্তর কথা আছে। দক্ষিণাপথে প্রচলিত নানা বৃত্তান্তে দেখিতে পাওয়া যায়, খৃষ্টাব্দের একাদশ ও দ্বাদশ শতাব্দীতে অথবা তাহার কিছু অগ্র পশ্চাৎ এই বিষময় বিসম্বাদ সংঘটিত হয় §। এই সমস্ত যুক্তি অনুসারেও, এই পুরাণের অথবা ইহার এই খণ্ডের পূর্ব্বোক্ত রচনা-কালই নির্দ্ধারিত হইতেছে। শ্রীমান্ হ, হ, উইল্‌সন্ লিখিয়া গিয়াছেন, এই পুরাণের কোন স্থল খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীর অপেক্ষা প্রাচীন নয়।

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।—পূর্ব্বে ব্রহ্মবৈবর্ত্ত নামে একখানি পুরাণ প্রচলিত ছিল; মৎস্যপুরাণে তাহার নিম্ন-লিখিত লক্ষণ লিখিত আছে।

রথন্তরস্য কল্পস্য বৃত্তান্তমধিকৃত্য যৎ।
সাবর্ণিনা নারদায় কৃষ্ণমাহাত্ম্যসংযুতম্।
যত্র ব্রহ্মবরাহস্য চরিতং বর্ণ্যতে মুহুঃ।
তদষ্টাদশসাহস্রং ব্রহ্মবৈবর্ত্তমুচ্যতে ॥

যে পুরাণ সাবর্ণি নারদ-সমীপে কীর্ত্তন করেন এবং যাহাতে শ্রীকৃষ্ণের মাহাত্ম্য, রথন্তর কল্পের বৃত্তান্ত ও বারম্বার ব্রহ্মবরাহের উপাখ্যান বর্ণিত হইয়াছে, সেই অষ্টাদশ সহস্র শ্লোক বিশিষ্ট পুরাণকে ব্রহ্মবৈবর্ত্তপুরাণ বলে।

কিন্তু এক্ষণে যে ব্রহ্মবৈবর্ত্তপুরাণ বিদ্যমান আছে, তাহাতে না

---

* শব্দকল্পদ্রুমোদ্ধৃত পদ্মপুরাণীয় বচন-বিশেষে রামানুজের নাম স্পষ্ট বিদ্যমান রহিয়াছে। এই পুস্তকের প্রথম ভাগের ১২ পৃষ্ঠা দেখ।

† এই পুস্তকের প্রথম ভাগ, বৈষ্ণব-সম্প্রদায়, ৪ পৃষ্ঠা।

‡ এই পুস্তকের প্রথম ভাগ, বৈষ্ণব-সম্প্রদায়, ৬, ১০২ ও ১১১ পৃষ্ঠা।

§ Mackenzie Collection, Introduction, pp. LXII and LXIII. H. H. Wilson's Essays, vol. 1., 1864. pp. 80 and 81.

রথন্তর কল্পই আছে, না ব্রহ্মবরাহের বৃত্তান্তই দৃষ্ট হয়, না তাহা সাবর্ণি ঋষি কর্ত্তৃকই কথিত হইয়াছে। এখান একখানি স্বতন্ত্র গ্রন্থ; রাধা-কৃষ্ণের বৃন্দাবন-লীলা ও তদীয় যুগলরূপের উপাসনা-বৃত্তান্তেই পরিপূর্ণ। হিন্দুধর্ম্মের এই অঙ্গটি অত্যন্ত আধুনিক ও সুতরাং এই পুরাণের বয়ঃক্রমও সেইরূপ। ভাগবতে রাধার নাম গন্ধ কিছুই নাই। এই কৃষ্ণলীলা-প্রধান বৈষ্ণব-পুরাণ রচনার সময়ে তাঁহার উপাখ্যান প্রচারিত থাকিলে, ইহাতে তাহা সন্নিবেশিত না হওয়া কোন মতেই সম্ভব ও সঙ্গত নয়। অতএব রাধা-সংক্রান্ত কথা গুলি এই পুরাণ অপেক্ষা আধুনিক। কিছু-পরেই দৃষ্ট হইবে, ভাগবতের বয়ঃক্রম এখন ন্যূনাধিক ছয় শত বৎসর। সুতরাং ব্রহ্মবৈবর্ত্তপুরাণ তদপেক্ষা অপ্রাচীন। বল্লভাচারী বৈষ্ণব-সম্প্রদায় হইতেই রাধাকৃষ্ণের এইরূপ উপাসনা প্রচারিত হয়। বল্লভাচার্য্য শকাব্দের পঞ্চদশ শতাব্দীর মধ্য-ভাগে সবিশেষ যত্ন-সহকারে ঐ মত প্রচার করেন*। অতএব ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ তদপেক্ষা অপ্রাচীন। এই পুরাণের কৃষ্ণজন্মখণ্ডের ১২৭ অধ্যায়ে ভবিষ্যৎ-কথন-চ্ছলে ম্লেচ্ছ রাজার অধিকার†, লোকের ম্লেচ্ছাচার-অবলম্বন‡, দেবতা ও বর্ণবিচারে অনাস্থা ও হিন্দুধর্ম্ম-বিরুদ্ধ অন্য অন্য কতকগুলি বিষয় বর্ণিত হইয়াছে। এগুলি মোসলমান্দের ভারত-বর্ষাধিকার-প্রবর্ত্তন ও তাহার উত্তরকালীন হিন্দুসমাজের বর্ণনা বই আর কিছু বোধ হয় না। ঐ সময়ে ভারতবর্ষীয় অনেক লোকে মোসলমান্ ধর্ম্মে প্রবর্ত্তিত হয় ও প্রদেশ-বিশেষে বর্ণবিচার-বিরুদ্ধ আচার ব্যবহারও প্রচলিত হইয়া যায়। ঐ সময়ে প্রবর্ত্তিত অনেকানেক উপাসক-সম্প্রদায়েও বর্ণভেদ-ব্যবস্থা পরিত্যাগ করে। পশ্চিমোত্তর প্রদেশের দিল্লি প্রভৃতি নানাস্থানে অদ্যাপি "পানপানির বিচার নাই" একথা সর্ব্বত্র প্রসিদ্ধ আছে। ঐ অঞ্চলের হিন্দুরা নিজ বাটিতে তাজিয়া অর্থাৎ গোয়ারা করে, পূর্ব্বকৃত মানসিক অনুসারে মহরমের সময় ফকির হয় ও মোসলমান্-ধর্ম্মোচিত অন্য অন্যরূপ অনুষ্ঠানও করিয়া থাকে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণের উল্লিখিত অধ্যায়ে হিন্দুদের মিথ্যা, প্রবঞ্চনা, পিতা, মাতা ও গুরুর প্রতি অসদ্ব্যবহার ইত্যাদি কতকগুলি দুর্নীতির বিবরণ সন্নিবেশিত আছে। তাদৃশ অধর্ম্মাচরণ ভারতবর্ষে মোসলমান্ রাজাদের অধিকার-সময়ে

---

* এই পুস্তকের প্রথম ভাগের অন্তর্গত বল্লভাচারি-সম্প্রদায়-বিবরণের ১১১পৃষ্ঠা।

† জাতিহীনাজনাः সর্বে ম্লেচ্ছোভূপো ভবিষ্যতি ।

কৃষ্ণজন্মখণ্ড। ১২৭। ২৫ ॥

‡ চাণ্ডালান্নং চ নবরী (?) তুর্য্যং গঙ্গোদকং তথা ।

ন স্পৃশেয়ুর্মানবা ধূর্ত্তা ম্লেচ্ছাচাররতৈঃ সদা ॥

কৃষ্ণজন্মখণ্ড। ১২৭। ২৪ ॥

সমধিক প্রচলিত হয় *। কবীর খৃষ্টাব্দের পঞ্চদশ শতাব্দীতে প্রাদুর্ভূত হন। তিনি নিজ সময়ে বিদ্যমান কত লোকের অবিকল ঐরূপ ব্যবহার কীর্ত্তন করিয়া গিয়াছেন।

ব্রহ্মবৈবর্ত্ত।

**भृत्यवत्ताडयेत्तातं पुत्रः**

**शिष्यस्तथा गुरुम्।**

পুত্র পিতাকে এবং শিষ্য
গুরুকে ভৃত্যের ন্যায় তাড়না
করিবে।

কবীর-কৃত ভজন।

**कहू सतावे माता पिता गुरु**

**लिया बुलायके।**

কেহবা দার পরিগ্রহ
করিয়া পিতা মাতা ও গুরুকে
পীড়ন করে।

কৃষ্ণজন্মখণ্ডের উল্লিখিত অধ্যায় ও কবীরের গ্রন্থে † ভারতবর্ষীয় লোকের এইরূপ নানাপ্রকার কুচরিত্র-বর্ণনার অতিমাত্র সাদৃশ্য দৃষ্ট হইয়া থাকে। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে ব্রহ্মবৈবর্ত্ত পুরাণোক্ত ম্লেচ্ছ রাজা মোসলমান্ রাজা বলিয়াই প্রতীয়মান হয়। ইহা হইলে, ভারতবর্ষে মোসলমান্-অধিকার বিস্তৃত ও বদ্ধমূল হইবার পর, বর্ত্তমান ব্রহ্মবৈবর্ত্তপুরাণ বিরচিত ও সঙ্কলিত হইয়াছে বলিতে হইবে।

স্কন্দপুরাণ।—পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে, নানাবিধ ভিন্ন ভিন্ন গ্রন্থ স্কন্দপুরাণের খণ্ড-বিশেষ বলিয়া প্রচলিত আছে; যেমন কাশিখণ্ড, উৎকলখণ্ড, রেবাখণ্ড, ব্রহ্মোত্তরখণ্ড ইত্যাদি। উৎকলখণ্ডে পুরুষোত্তম-ক্ষেত্র ও ভুবনেশ্বর শিবের মন্দিরাদির বর্ণন আছে। ঐ দুই মন্দির খৃষ্টাব্দের দ্বাদশ ও সপ্তম শতাব্দীতে প্রস্তুত হয় ইহা ইতিপূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে ‡। অতএব ঐ খণ্ড খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দী অপেক্ষাও আধুনিক বলিয়া স্বীকার করিতে হয়।

কূর্ম্মপুরাণ।—কূর্ম্মপুরাণে ভৈরব, বাম, যামল প্রভৃতি তন্ত্র-শাস্ত্রের উল্লেখ আছে।

**एवं सम्बोधितो रुद्रो माधवेन मुरारिणा।**

**चकार मोहशास्त्राणि केशवोऽपि शिवेरितः॥**

**कापालं नाकुलं वामं भैरवं पूर्ब्बपश्चिमम्।**

---

* এই পুস্তকের দশনামি-সম্প্রদায়-বিবরণের ৪৩ পৃষ্ঠায় অধিকতর পূর্ব্বকালীন ভারতবর্ষীয় লোকের চরিত্রের বিষয় দেখ।

† এই পুস্তকের প্রথম ভাগের কবীরপন্থি-বিবরণের ৫৫ ও পরিশিষ্টের ২০৭ ও ২০৮ পৃষ্ঠা দেখ।

‡ ১৭৮ পৃষ্ঠা।

पञ्चरात्रं पाशुपतं तथान्यानि सहस्रशः ॥

কূর্ম্মপুরাণ। ১৪ অধ্যায়।

শিব বিষ্ণু কর্ত্তৃক এইরূপ সম্বোধিত ও বিষ্ণু শিব কর্ত্তৃক নিয়োজিত হইয়া কাপাল, নাকুল, বাম, পূর্ব্ব পশ্চিম ভৈরব, পঞ্চরাত্র, পাশুপত এবং অন্য সহস্র সহস্র মোহশাস্ত্র রচনা করেন।

এই পুরাণের বচনান্তরেও যামল, করাল, ভৈরব প্রভৃতি তন্ত্রের নাম আছে। তন্ত্র-শাস্ত্র সমধিক প্রাচীন নয়। ঐ শাস্ত্রের মধ্যেই উহা যে কলিযুগের শাস্ত্র বলিয়া লিখিত আছে * এ কথাটিও বিজ্ঞ ব্যক্তিরা উহার আধুনিকত্বের পরিচায়ক বিবেচনা করিতে পারেন। অমরসিংহ স্বর্গবর্গের মধ্যে যে স্থলে ভিন্ন ভিন্ন সংস্কৃত শাস্ত্রের নামো-ল্লেখ করিয়াছেন, তথায় তন্ত্রের নাম সন্নিবেশিত নাই †। ঐ শাস্ত্র সে সময়ে প্রচলিত থাকিলে, তাহা না থাকা কোন রূপেই সম্ভব ও সঙ্গত হইত না। তিনি খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে বিদ্যমান ছিলেন ‡। অতএব উল্লিখিত যামল ভৈরবাদি তন্ত্র-শাস্ত্র তদপেক্ষা অনেক অপ্রাচীন। সুতরাং কূর্ম্মপুরাণও সেইরূপ নব্য গ্রন্থ বলিতে হয়। খৃষ্টাব্দের অষ্টম বা নবম শতাব্দীর পর বিরচিত বা সঙ্কলিত বিষ্ণুপুরাণের ¶ তৃতীয় অংশের ষষ্ঠাধ্যায়ে ভিন্ন ভিন্ন সংস্কৃত শাস্ত্রের নাম নির্দ্দেশিত আছে, কিন্তু তাহার মধ্যে তন্ত্রের নাম বিদ্যমান নাই। এই সমস্ত যুক্তি অনুসারে, তন্ত্রের বয়ঃক্রম সহস্র বৎসর অপেক্ষা বড় অধিক হওয়া সম্ভব নয়। অনেক

---

* निर्वीर्य्याः श्रौतजातीया विषहीनोरगाइव ।
सत्यादौ सफला आसन् कलौ ते मृतकाइव ॥

মহানির্ব্বাণতন্ত্র।

तन्त्रोक्तं ध्यानमन्त्रञ्च प्रशस्तं भारते कलौ ।

পুরশ্চরণরসোল্লাসতন্ত্র। ৩ পটল।

† অমরকোষের অন্তর্গত নানার্থের মধ্যে তন্ত্র শব্দ বিদ্যমান আছে বটে, কিন্তু তাহার অর্থ তন্ত্র-শাস্ত্র নয়; প্রধান, সিদ্ধান্ত, পরিচ্ছদ ও সূত্রবাপ অর্থাৎ তাঁত।

"तन्त्रं प्रधाने सिद्धान्ते सूत्रवापे परिच्छदे ।"

যদি গ্রন্থকারের সময়ে তন্ত্রশাস্ত্র প্রচলিত থাকিত, তাহা হইলে তিনি তাহা অবশ্যই অবশ্য লিখিতেন তাহার সন্দেহ নাই। অতএব অমরসিংহের সময় পর্য্যন্ত ঐ শাস্ত্র প্রবর্ত্তিত হয় নাই ইহা নিঃসংশয়ে নিরূপিত হইল।

‡ ৭৭ পৃষ্ঠা দেখ।

¶ কিছু পরেই বিষ্ণুপুরাণ-রচনার সময়-নিরূপণ বিষয়ক প্রস্তাব দেখিবে।

তন্ত্র যে বাঙ্গালা দেশেই প্রবর্ত্তিত হয়, উহার মধ্যেই সে বিষয়ের বহুতর নিদর্শন লক্ষিত হইয়া থাকে। কামধেনু ও বর্ণোদ্ধার তন্ত্রে বর্ণ সমুদায়ের যেরূপ বর্ণন আছে, তাহা বাঙ্গালা অক্ষরের বিষয়েই অধিক সঙ্গত হয়। কেবল বর্ণনা কেন? তন্ত্র-বিশেষে বর্ণোচ্চারণের যেরূপ ব্যবস্থা আছে, তাহা বাঙ্গালা-দেশীয়। বিশেষতঃ বাঙ্গাল-দেশীয় অর্থাৎ বাঙ্গালার পূর্ব্ব-খণ্ডবাসী পণ্ডিতেরা যেরূপ উচ্চারণ করেন, উহাতে সেই রূপই ব্যবস্থিত হইয়াছে।

हुतूर्ध्वं ध्वनितामेति यादिस्थे परमेश्वरि ।
पुतूर्ध्वं ध्वनितामेति वादिस्थे तु विशेषतः ॥

বরদাতন্ত্র। দশম পটল।

হকার যদি যকারের পূর্ব্বে অবস্থিত হয়, তাহা হইলে তাহার উচ্চারণ ঝকারের সদৃশ হইবে, (যেমন উহ্য, বাহ্য ইত্যাদি)। আর বকারের পূর্ব্বস্থিত হইলে, ভকারের ন্যায় উচ্চারিত হইবে; (যেমন আহ্বান)।

यकारस्य तृतीयत्वं पदादौ सर्व्वदा भवेत् ।
केयूरादावपि तथा अन्यत्र कण्ठमात्रगः ॥

বরদাতন্ত্র, দশম পটল ও প্রপঞ্চসার, তৃতীয় পটল।

পদের প্রথমে যকার থাকিলে, জকারের ন্যায় উচ্চারিত হয়; (যেমন যদি, যব ইত্যাদি)। কেয়ূরাদি শব্দ স্থিত যকারেরও ঐরূপ উচ্চারণ হয়। অন্য অন্য স্থলে ইহা কণ্ঠ-দেশ হইতে উচ্চারিত হইয়া থাকে।

যে প্রিন্সেপ সাহেব অতি প্রাচীন অপ্রচলিত অক্ষরে খোদিত অশোকরাজার অনুশাসন-পত্রের অর্থোদ্ভেদ করিয়া জগদ্বিখ্যাত হইয়া যান, তিনি নানা সময়ের খোদিত লিপির বর্ণাবলী পর্য্যালোচনা করিয়া নির্দ্ধারণ করেন, খৃষ্টাব্দের দশম শতাব্দীতে বাঙ্গালা অক্ষর প্রচলিত হয় *। অতএব কামধেনু, বর্ণোদ্ধার, বরদা, প্রপঞ্চসার ও সেই সমুদায়ের সমকালবর্ত্তী ও তাহার উত্তর কালে বিরচিত অন্য অন্য বহুতর তন্ত্রশাস্ত্র ঐ সময়ের পর প্রস্তুত হয় তাহার সন্দেহ নাই।

বঙ্গদেশীয় পণ্ডিতেরা কেয়ূরকে কেজুর এবং আহ্বানকে আভ্ভান বলিয়া উচ্চারণ করেন। অতএব এইরূপ উচ্চারণ-বিধায়ক বরদাতন্ত্র, প্রপঞ্চসার ও তাদৃশ অন্য অন্য তন্ত্র বাঙ্গালার পূর্ব্ব-খণ্ডে বিরচিত হইয়াছে ইহাতে আর সন্দেহ রহিল না। ঐ অঞ্চলে তান্ত্রিক ক্রিয়ারও অধিক

* Useful tables by James Prinsep or Journal of the Asia tic Society of Bengal, vol. VII., part I., pp. XIII and XIV.

প্রাদুর্ভাব দেখিতে ও শুনিতে পাওয়া যায়। ফলতঃ অনেক অনেক তন্ত্র যে ঐ প্রদেশে বিরচিত হয় ইহা সর্ব্বতোভাবে সম্ভব ও সঙ্গত। বাঙ্গালা ভাষার সহিত সংস্কৃত-বিভক্তি সংযোগ করিলে যেরূপ হয়, তন্ত্রের কোন কোন স্থলের ভাষা প্রায় সেইরূপ। পাঁচ শত বৎসর পূর্ব্বে বাঙ্গালা দেশে সংস্কৃত গ্রন্থ রচিত হইয়াছিল ইহার কোন নিদর্শনই লক্ষিত হয় না। অতএব বাঙ্গালা দেশে প্রস্তুত ঐ সমস্ত তন্ত্র-গ্রন্থ ঐ সময়ের অপেক্ষা প্রাচীনতর হওয়া কোন মতেই সম্ভব নয়। কিন্তু উহার পূর্ব্বে ভারতবর্ষে যে ঐ শাস্ত্র একেবারে প্রচারিত ছিল না এরূপও বলিতে পারা যায় না। নবদ্বীপ-নিবাসী রঘুনন্দন ভট্টাচার্য্য কিঞ্চিদূন চারিশত বৎসর পূর্ব্বে বিদ্যমান ছিলেন। তিনি তিথিতত্ত্বের অন্তর্গত দুর্গোৎসব-প্রকরণে ও মলমাসতত্ত্বের অন্তর্ভূত দীক্ষা-প্রকরণে মৎস্যসূক্ত, বারাহীতন্ত্র, করাল, ভৈরব, যামল ও বীরতন্ত্র এবং জ্ঞানমালা, তত্ত্বসার, সারসংগ্রহ, প্রয়োগসার, মন্ত্রমুক্তাবলী প্রভৃতি বিবিধ তন্ত্র-সংগ্রহের নামোল্লেখ বা বচন উদ্ধৃত করিয়াছেন *। অতএব ন্যূন কল্পে পাঁচ ছয় শত বৎসর পূর্ব্বে অনেক গুলি তন্ত্র-গ্রন্থ প্রচলিত ছিল তাহার সন্দেহ নাই। গাজিপুরের কীর্ত্তিস্তম্ভে ন্যূনাধিক আট শত বৎসর পূর্ব্বে অথবা তাহারও পরে খোদিত লিপি-বিশেষে তন্ত্রের নাম বিনিবেশিত আছে †। ঐ শব্দটি তন্ত্র-শাস্ত্র-বাচক হইলে, সে প্রদেশে ঐ শাস্ত্র ঐ সময়ে প্রচারিত ছিল বলিতে হয়। কিন্তু কোন কোন তন্ত্র আবার অতীব আধুনিক; এমন কি, এক শতাব্দী অপেক্ষা অধিক প্রাচীন নয়। একখানি তন্ত্রে ভবিষ্যৎ-কথা-কীর্ত্তন-চ্ছলে লণ্ডন নগর ও লণ্ডন-বাসী ইংরেজদের নাম পর্য্যন্ত বিনিবেশিত হইয়াছে ‡। পাঠ করিলে অক্লেশেই বুঝিতে পারা যায়, ঐ তন্ত্র ইংরেজদের ভারতবর্ষাধিকার-প্রবর্ত্তনের উত্তর কালে বিরচিত হয়।

পূর্ব্বাম্নায়ে নবশতং ষড়শীতি সকীর্ত্তিতাঃ।

* ১৮৩৪ খৃষ্টাব্দে শ্রীরামপুর মুদ্রাযন্ত্রে মুদ্রিত অষ্টাবিংশতি তত্ত্বের প্রথম ভাগের ৪৪, ৪৫ ও ৪৫৩—৪৫৫ পৃষ্ঠা।

† ঐ লিপির মধ্যে স্কন্দগুপ্ত তন্ত্রবিদ্যাদর্শী বলিয়া উল্লিখিত হইয়াছেন। "তান্ত্রধীর্দ্দর্শিকীর্ত্তিঃ।"— The Journal of the Asiatic Society of Bengal, Vol. VI, p. 5.

‡ লণ্ডন নগরের ফরাসী নাম ( Londres ) লঁদ্রঁ। তন্ত্রকার তদনুসারেই পশ্চাল্লিখিত বচনে ঐ নামের বর্ণ-বিন্যাস করিয়াছেন দেখা যাইতেছে। উচ্চারণ জানিতেন না বোধ হয়।

**ফিরিঙ্গিভাষয়া মন্ত্রাস্তেষাং সংসাধনাৎ কলৌ ॥**
**অধিপা মণ্ডলানাঞ্চ সংগ্রামেষ্বপরাজিতাঃ।**
**ইংরেজা নবষট্‌পঞ্চ লণ্ড্রজাশ্চাপি ভাবিনঃ ॥**

শব্দকল্পদ্রুমের হিন্দু শব্দে ধৃত মেরু তন্ত্রের
ত্রয়োবিংশ প্রকাশের বচন।

পূর্ব্বাম্নায়ে ফিরিঙ্গি-ভাষায় বিরচিত নয় শত ছিয়াশীটি মন্ত্র উক্ত হইয়াছে। লণ্ডন-নগর-জাত পাঁচশত উনসোত্তর জন ইংরেজ সেই সমস্ত মন্ত্র সাধন পূর্ব্বক যুদ্ধজয়ী হইয়া বহু রাজ্যের অধীশ্বর হইবে।

যাহা হউক, যখন অমরকোষ ও বিষ্ণুপুরাণে সংস্কৃত শাস্ত্রের নামাবলির মধ্যে তন্ত্র-শাস্ত্রের নাম সন্নিবিষ্ট নাই, তখন উহার বয়ঃক্রম সহস্র বৎসর অপেক্ষা অধিক হওয়া বিবেচনা-সিদ্ধ হয় না। সুতরাং যে কূর্ম্মপুরাণে ভিন্ন ভিন্ন তন্ত্রের নাম উল্লিখিত আছে, তাহাও তদপেক্ষা অপ্রাচীন বই প্রাচীন হওয়া কোন মতেই সম্ভাবিত নয়।

বিষ্ণুপুরাণ।—বিষ্ণুপুরাণের তৃতীয় অংশের অষ্টাদশ অধ্যায়ে বৌদ্ধ ও অর্হত্ অর্থাৎ জৈন সম্প্রদায় সংক্রান্ত একটি উপাখ্যান আছে। ঐ উপাখ্যানটি বৌদ্ধ ও জৈন ধর্ম্মের নিন্দা ও বিদ্বেষ-সূচক। বৌদ্ধ ধর্ম্ম এখানে প্রচলিত না থাকিলে, তাদৃশ বদ্ধ-মূল বিদ্বেষ-প্রকাশক উপাখ্যান-বিশেষ কল্পনা করা সম্ভব বোধ হয় না। বৌদ্ধেরা খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতেও ভারতবর্ষের কোন কোন স্থলে বিদ্যমান ছিল তাহার সন্দেহ নাই। অতএব বিষ্ণুপুরাণ অথবা তাহার এই সকল স্থল উক্ত সময়ের পূর্ব্বে বিরচিত হয়।

অন্যান্য কতকগুলি পুরাণের ন্যায় বিষ্ণুপুরাণের চতুর্থ অংশের চতুর্বিংশ অধ্যায়ে ভবিষ্যৎ-কথন-চ্ছলে মৌর্য্য, সুঙ্গ, কণ্ব, অন্ধ্রাদি রাজবংশের প্রসঙ্গ আছে। এই সমস্ত বংশাবলী যে মনঃকল্পিত নয়, নানাস্থলে লব্ধ মুদ্রা ও খোদিত লিপিতে তাহা সপ্রমাণ করিয়া দিয়াছে। মৌর্য্য-রাজ্য-প্রবর্ত্তক চন্দ্রগুপ্ত খৃষ্টাব্দের ৩১২ তিনশত বার বৎসর পূর্ব্বে বিদ্যমান ছিলেন ইহা গ্রীক্ গ্রন্থকারদিগের গ্রন্থ-প্রমাণে নিঃসংশয়ে নিরূপিত হইয়াছে। মৌর্য্যবংশীয় রাজারা ১৩৭ একশত সাঁইত্রিশ, সুঙ্গবংশীয়েরা ১১২ একশত বার, কণ্ববংশীয়েরা ৪৫ পঁয়তাল্লিশ ও অন্ধ্রবংশীয়েরা ৪৩৬ চারিশত ছত্রিশ বৎসর মগধ রাজ্যে রাজত্ব করেন*।

---

* বায়ু, ভাগবত ও বিষ্ণুপুরাণে অন্ধ্রবংশীয় ত্রিশ জন রাজা ৪৫৬ চারিশত ছাপ্পান্ন বৎসর রাজত্ব করেন এইরূপ লিখিত আছে। কিন্তু ঐ প্রত্যেক পুরাণে উল্লিখিত সমস্ত নৃপতির নাম গণিয়া দেখিলে, ত্রিশ অপেক্ষায় অনেক

এই লিপি অনুসারে, ঐ চারি বংশের রাজত্ব-কাল ৭৩০ সাত শত ত্রিশ বৎসর হয়। চন্দ্রগুপ্তের সময় হইতে গণনা করিয়া দেখিলে, ৪১৮ চারি শত আঠার খৃষ্টাব্দে অন্ধ্র বংশীয় রাজাদের রাজ্যাধিকার নিঃশেষিত হইয়া যায়।

চারি বংশের রাজত্ব-কাল ....................................৭৩০
চন্দ্রগুপ্তের সময় ............................................. খৃ, পূ, ৩১২

খৃষ্টাব্দ ৪১৮

অন্ধ্র বংশীয় দুইটি রাজার নাম যজ্ঞশ্রী ও পুলিমান্*। মৎস্যপুরাণে এই শেষোক্ত নামটি পুলোমান্ বলিয়া লিখিত আছে। চীন গ্রন্থকারেরাও এই দুইটি নরপতির নাম লিখিয়া গিয়াছেন; তদনুসারে, যজ্ঞশ্রী ৪০৮ চারিশত আট ও পুলোমা ৬২১ ছয় শত একুশ খৃষ্টাব্দে রাজত্ব করেন। যজ্ঞশ্রীর সময় বিষয়ে পুরাণ ও চীন গ্রন্থের সম্পূর্ণ ঐক্য দেখা যাইতেছে। পুলোমার বিষয়ে যে প্রভেদ দৃষ্ট হইতেছে, তাহা পুরাণ-সংগ্রহকারদের ভ্রমপ্রমাদ জন্য সংঘটিত হওয়াই সম্ভব। কিন্তু পুরাণ-শাস্ত্রোক্ত ও চীন-গ্রন্থ-লিখিত পুলোমা যে এক ব্যক্তি, ইহাতে সন্দেহ করিবার কোন কারণ নাই। চীন গ্রন্থকার পুলোমার রাজধানী কুসুমপুর ও পাটলিপুত্র বলিয়া উল্লেখ করিয়াছেন। উহা যে মগধ রাজ্যের রাজধানী ছিল, ইহা প্রসিদ্ধই আছে। অতএব বিষ্ণুপুরাণে খৃষ্টাব্দের পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম শতাব্দীর বৃত্তান্ত সন্নিবেশিত রহিয়াছে। এই পুরাণে শক যবনাদি ম্লেচ্ছ জাতীয়দের ভারতবর্ষীয় রাজত্বেরও প্রসঙ্গ আছে †। শকাদি কতকগুলি অসভ্য জাতীয় লোকে খৃষ্টাব্দের কিছুকাল পূর্ব্ব

---

ন্যূন হয়। মৎস্যপুরাণে উনত্রিশ জন রাজার প্রত্যেকের নাম ও রাজত্ব-কাল বিশেষরূপ নির্দ্দেশিত হইয়াছে। সেই সমস্ত রাজত্ব-কালের সমষ্টি করিলে, চারিশত পঁয়ত্রিশ বৎসর ছয় মাস হয়।

* ततस्त गोमतीपुत्रः, तत्पुत्रः पुलिमान्, तस्यापि शातकर्णी शिवश्रीः, ततः शिवस्कन्धः, तस्मात् यज्ञश्रीः।

বিষ্ণুপুরাণ। ৪। ২৪। ১৩।

তাঁহার (অর্থাৎ শিবস্বাতির) পুত্র গোমতীপুত্র, গোমতীপুত্রের পুত্র পুলিমান্, পুলিমানের পুত্র শিবশ্রী শাতকর্ণী, শিবশ্রীর পুত্র শিবস্কন্ধ, শিবস্কন্ধের পুত্র যজ্ঞশ্রী।

† "ततः षोड़श शकाभूभुजोभवितारः। ततश्च अष्टौ यवनाः चतुर्द्दश तुरुष्काः" इत्यादि।

বিষ্ণুপুরাণ। ৪। ২৪। ১৪।

হইতে পঞ্চম অথবা ষষ্ঠ শতাব্দী পর্য্যন্ত রাজত্ব করে ইহা স্থলান্তরে লিখিত হইয়াছে *। পশ্চাৎ গুপ্তনামক রাজবংশের বিষয়ও উল্লিখিত হইয়াছে।

অনুগঙ্গাপ্রয়াগং মাগধা গুপ্তাশ্চ ভোক্ষ্যন্তি।

বিষ্ণুপুরাণ। ৪। ২৪। ১৮॥

মগধ-দেশীয় গুপ্তবংশীয়েরা গঙ্গা নদীর সমীপে প্রয়াগ পর্য্যন্ত সমস্ত দেশ অধিকার করিবেন।

তাঁহারা খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর পর পর্য্যন্ত রাজত্ব করেন †। অতএব এই পুরাণ অথবা ইহার যে অংশে তাঁহাদের প্রসঙ্গ আছে, তাহা তদপেক্ষা অপ্রাচীন। ইহার কিছু পরেই লিখিত আছে, ম্লেচ্ছাদি নিকৃষ্ট জাতীয়েরা সিন্ধুতট, দার্ব্বিকভূমি, চন্দ্রভাগা ও কাশ্মীর দেশ ভোগ করিবেন।

সিন্ধুতট-দার্ব্বিকোর্ব্বী-চন্দ্রভাগা-কাশ্মীরবিষয়ান্ ব্রাত্যা ম্লেচ্ছাদয়ঃ শূদ্রাঃ ভোক্ষ্যন্তি।

বিষ্ণুপুরাণ। ৪। ২৪। ১৮॥

ব্রাত্য শূদ্র ও ম্লেচ্ছাদি জাতীয়েরা সিন্ধুতট, দার্ব্বিকভূমি, চন্দ্রভাগা ও কাশ্মীর দেশ ভোগ করিবেন।

এই ম্লেচ্ছ শব্দ মোসলমান হওয়াই সম্ভব। মোসলমানেরা প্রথমে খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর প্রারম্ভে পঞ্জাব দেশ আক্রমণ করে এবং ঐ শতাব্দীর শেষে অথবা নবম শতাব্দীর প্রথম ভাগে তাহার কিয়দংশ অধিকার করিয়া থাকে। চীনদিগের গ্রন্থ-বিশেষে লিখিত আছে, আরবীয়দের কর্ত্তৃক আক্রান্ত হইয়া কাশ্মীরের রাজা ৭১৩ সাত শত তের খৃষ্টাব্দে চীন-দেশীয় নৃপতির সমীপে সাহায্য প্রার্থনা করিয়া পাঠান। অতএব বিষ্ণুপুরাণ অথবা তাহার উল্লিখিত স্থল সমুদয় খৃষ্টাব্দের অষ্টম বা নবম শতাব্দীর পর বিরচিত হয় বলিতে হইবেক ‡।

---

* ৮৮ পৃষ্ঠা।

† Asiatic Researches, vol. XVII. pl. I. fig. 5,7,13 and 19; Journal of the Asiatic Society of Bengal, Vol. III., pp. 262 and 339; Vol. V., p. 661; Vol. VI., pp. 1—17,454—458 and 970—980; Vol. VII., pp. 37 and 634 &c. Ariana Antiqua, by H. H. Wilson. 1841, pp. 419, 422, 425, 427, 410 &c.

‡ Wilson's Vishnu Purana, 1840, pp. 473—481 দেখ।

বায়ু, মৎস্য ও ভাগবত পুরাণ।—সর্ব্বাপেক্ষা বায়ু * পুরাণে পঞ্চ-লক্ষণাক্রান্ত পুরাণের সমধিক লক্ষণ লক্ষিত হইয়া থাকে। ইহার বিভাগের নাম পাদ। কেবল প্রাচীন গ্রন্থেতেই এই বিভাগ-সংজ্ঞাটি দেখিতে পাওয়া যায়; অতএব এটিও ঐ পুরাণের প্রাচীনত্বের পরিচায়ক। এই পুরাণখানি অন্যান্য সমুদায় পুরাণ অপেক্ষা পূর্ব্বতন বলিয়া অনুমিত হইলেও, ইহাতে এবং মৎস্য ও ভাগবত † পুরাণে পূর্ব্বোল্লিখিত বিষ্ণুপুরাণোক্ত সমস্ত বংশাবলির বিবরণ ও শক যবনাদির রাজত্ব-প্রসঙ্গ বিদ্যমান আছে। অতএব এই সমস্ত পুরাণ বা এই সমুদায়ের ঐ সকল স্থল তাদৃশ অপ্রাচীন বলিয়া স্বীকার করিতে হয়।

ভাগবতে যখন ম্লেচ্ছগণ কর্ত্তৃক সিন্ধুতট, চন্দ্রভাগা ও কাশ্মীর-মণ্ডলাধিকারের প্রসঙ্গ আছে ‡, তখন পূর্ব্বোক্ত যুক্তি অনুসারে ¶ ঐ পুরাণ খৃষ্টাব্দের অষ্টম বা নবম শতাব্দীর পরে রচিত বলিতে হইবে।

---

* ভিন্ন ভিন্ন গ্রন্থে উল্লিখিত পুরাণ-নামাবলীর মধ্যে কোন স্থলে বায়ু বা বায়বীয় এবং কোন স্থলে বা তৎপরিবর্ত্তে শিব বা শৈব পুরাণের নাম সন্নিবেশিত আছে। ঐ উভয়ই এক পুরাণের নাম।

चतुर्थं वायुना प्रोक्तं वायवीयमिति स्मृतम् ।
शिवभक्तिसमायोगाच्छैवं तच्चापराख्यया ॥

রেবামাহাত্ম্য।

বায়ু কর্ত্তৃক কীর্ত্তিত চতুর্থ পুরাণের নাম বায়বীয় পুরাণ। তাহাতে শিব-ভক্তির উপদেশ আছে এই নিমিত্ত তাহার অন্য একটি নাম শৈব।

† ভাগবতে পূর্ব্বোক্ত গুপ্ত-কুলোদ্ভব রাজগণের প্রসঙ্গ-সংক্রান্ত শ্লোকটির কিছুর বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। তাহাতে লিখিত আছে, বিশ্বস্ফূর্জ্জি নামে এক রাজা পদ্মাবতী নগরে অনুগঙ্গ-প্রদেশে (অর্থাৎ হরিদ্বার হইতে প্রয়াগ পর্য্যন্ত গঙ্গা-সমীপস্থ দেশে) রাজত্ব করেন। সেই শ্লোকে গুপ্ত শব্দটি মেদিনীর বিশেষণ-স্বরূপ প্রয়োগ করা হইয়াছে।

अनुगङ्गामाप्रयागं गुप्तां भोक्ष्यति मेदिनीम् ।

ভাগবত। ১২। ১। ২০॥

কিরূপে এরূপ পাঠান্তর ঘটিয়াছে, বলিতে পারা যায় না।

‡ सिन्धोस्तटं चन्द्रभागां कौन्तीं काश्मीरमण्डलम् ।
भोक्ष्यन्ति शूद्रा व्रात्याद्या म्लेच्छाश्चाब्रह्मवर्चसः ॥

ভাগবত। ১২। ১। ২২॥

¶ ১৮৮ পৃষ্ঠা দেখ।

পশ্চাৎ দৃষ্ট হইবে ঐ পুরাণ উহারও অনেক পরে প্রস্তুত হইয়াছে বলিয়া প্রতীয়মান হয়। ক্রমশঃ তাহার প্রমাণ প্রদর্শিত হইতেছে।

রচনা-প্রণালী বিষয়ে পূর্ব্বোক্ত বিষ্ণু ও বায়ুপুরাণাদির সহিত ভাগবতের বিশেষ বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। উহার ভাষা কোন মতেই প্রাচীন নয়। হিন্দুসমাজে ভাগবত ও মহাভারত এক গ্রন্থকারেরই প্রণীত বলিয়া প্রচলিত আছে। কিন্তু উভয়ের ভাষা পরস্পর বিস্তর বিভিন্ন। একের রচনা অত্যন্ত নব্য; অপরের অপেক্ষাকৃত প্রাচীন। মহাভারত সরল, ওজস্বী ও মধ্যে মধ্যে সমধিক গাম্ভীর্য্যশালী। কিন্তু ভাগবত অসরল, কঠিন, অলঙ্কৃত, বিবিধ ছন্দোবিশিষ্ট ও সমধিক চিন্তা-সমুদ্ভূত। শেষোক্ত গুণ গুলি নিতান্ত অপ্রাচীন রচনারই লক্ষণ*। ভাগবতেরই প্রথম স্কন্ধের চতুর্থ অধ্যায়ে স্পষ্ট লিখিত আছে, ব্যাস প্রথমে পুরাণ ও ইতিহাস প্রস্তুত করেন†, তাহাতে পরিতৃপ্ত না হইয়া পশ্চাৎ এই ভাগবত রচনা করিয়া যান। অতএব ভাগবতেরই প্রমাণানুসারে, ভাগবত পুরাণ হইতে পারে না। উহা রচিত হইবার পূর্ব্বে পুরাণ সমুদায় প্রচলিত ছিল বলিয়াই, ভাগবত-রচয়িতাকে একথা লিখিতে হইয়াছে তাহার সন্দেহ নাই। ভাগবত অষ্টাদশ পুরাণের অন্তর্গত নয়। বৈয়াকরণ বোপদেব ইহা রচনা করেন এইরূপ একটি প্রবাদও বহুকালাবধি চলিয়া আসিয়াছে। লোকসমাজে এই পুরাণ বিষয়ে যে সংশয় প্রচলিত ছিল, শ্রীধরস্বামীর টীকাতেও তাহা বিলক্ষণ লক্ষিত হইতেছে। তিনি লিখেন,

भागवतं नामान्यदित्यपि नाशङ्कनीयम्।

প্রথম শ্লোকের টীকা।

ভাগবত নামে অন্য পুস্তক আছে এরূপ সংশয় করা কর্ত্তব্য নয়।

---

* তবে গ্রন্থকার যে যে স্থলে নিজের ভক্তিভাবাদি প্রকাশ করিয়াছেন, তথায় উল্লিখিত লক্ষণের ব্যভিচার দেখিতে পাওয়া যায়। আর যে যে স্থল প্রাচীনতর গ্রন্থ হইতে সঙ্কলিত, তথায় মধ্যে মধ্যে সেই গ্রন্থের পদ-সমূহও উদ্ধৃত হইয়াছে।

† ऋग्यजुःसामाथर्वाख्या वेदाश्चत्वार उद्धृताः।
इतिहासः पुराणञ्च पञ्चमो वेद उच्यते॥

ভাগবত। ১। ৪। ২০॥

(ব্যাসদেব) ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারি বেদ পৃথক্ করিলেন এবং পঞ্চম বেদ বলিয়া উল্লিখিত পুরাণ ও ইতিহাসও সঙ্কলন করিলেন।

শ্রীধর স্বামী যে পুরাণের টীকা করেন, তাহাই অর্থাৎ বিষ্ণুপ্রধান প্রচলিত ভাগবতই প্রকৃত ভাগবত এ বিষয়ে সংশয় না থাকিলে, তিনি কেনই বা এরূপ কথা উপস্থিত করিবেন? সেই গ্রন্থের অনুকূল ও প্রতিকূল পক্ষে ঘোরতর বিবাদ বিসম্বাদও ঘটিয়া গিয়াছে। সেই বিবাদ কিরূপ বিদ্বেষ-সূচক ও বদ্ধমূল হয়, উভয়-পক্ষের বিরচিত দুর্জ্জন-মুখচপেটিকা, দুর্জ্জনমুখপদ্মপাদুকা, ভাগবতস্বরূপবিষয়শঙ্কানিরাস-ত্রয়োদশ ইত্যাদি বহুতর গ্রন্থের নামেতেই তাহার স্পষ্ট পরিচয় দিতেছে। কিছু মূল না থাকিলে, উক্তরূপ প্রবাদ কেনই বা প্রচারিত হইবে? বোপদেব যে সাতিশয় বিষ্ণু-ভক্ত ছিলেন ইহা তাঁহার ব্যাকরণেই সুস্পষ্ট প্রকাশিত আছে। অতএব ঐ প্রবাদ কোন রূপেই অসঙ্গত নয়।

ভাগবত সংক্রান্ত উল্লিখিত কয়েক খানি গ্রন্থের দুই খানিতে লিখিত আছে, বোপদেব হেমাদ্রির আশ্রিত ব্যক্তি ছিলেন। ঐ হেমাদ্রি দেবগিরির (অর্থাৎ দৌলতাবাদের) রাজা রামচন্দ্রের মন্ত্রী। অনেক গুলি গ্রন্থ হেমাদ্রির কৃত বলিয়া প্রচলিত রহিয়াছে। সে সমুদায় তাঁহার অনুরোধে বোপদেব কর্ত্তৃক বিরচিত এইরূপ জন-প্রবাদ আছে; যেমন দানহেমাদ্রি. হেমাদ্রিশান্তি, হেমাদ্রিব্রতবিধি ইত্যাদি *। ভুবন-বিখ্যাত কোলব্রুক্ বোপদেব-কৃত হরলীলাক্রমণী নামক গ্রন্থের প্রসঙ্গ মধ্যে লিখিয়াছেন, এই গ্রন্থ দেবগিরি রাজ্যের রাজা রামচন্দ্রের মন্ত্রী হেমাদ্রির অনুরোধে বোপদেব কর্ত্তৃক বিরচিত। শ্রীমান্ ওয়াল্টর্ এলিয়ট্ দক্ষিণাপথের অন্তর্গত নানাস্থানের বহু-সংখ্যক খোদিত লিপির তাৎপর্য্যার্থ ব্যাখ্যা করেন। তন্মধ্যে দেব-গিরির যদুবংশীয় নৃপতিগণের দানপত্র-বিবরণে দেখিতে পাওয়া যায়, উল্লিখিত রাজা রামচন্দ্র ১১৯৩ এগার শত তিরনব্বই শকে অর্থাৎ ১২৭১ বার শত একাত্তর খৃষ্টাব্দে দেবগিরির রাজসিংহাসনে অধিরোহণ করেন †। অতএব তিনি, তদীয় মন্ত্রী হেমাদ্রি ও হেমাদ্রির পণ্ডিত বোপদেব খৃষ্টাব্দের ত্রয়োদশ শতাব্দীর শেষার্দ্ধে বিদ্যমান ছিলেন। সুতরাং বোপদেব-প্রণীত ভাগবতও ঐ সময়ে অর্থাৎ ন্যূনাধিক ছয় শত বৎসর পূর্ব্বে বিরচিত হয় বলিতে হইবে। ‡

---

* H. H. Wilson's Mackenzie collection, Vol. I., pp. 32 and 34.

† Royal Asiatic Society's Journal. vol. IV., pp. 26—28.

‡ Le Bhágavata Purána, par E. Burnouf, Preface, pp. LIX—CIV.

ভারতবর্ষে বৌদ্ধধর্ম্ম এক সময়ে অতীব প্রবল হইয়া উঠে। পশ্চাৎ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দী হইতে সপ্তম শতাব্দী পর্য্যন্ত ক্রমশঃ ক্ষীণ হইয়া আইসে এবং অষ্টম শতাব্দী হইতে উত্তরোত্তর অতি শীঘ্র হ্রাস পাইয়া দ্বাদশ শতাব্দীর পরে ভারতবর্ষ হইতে একবারে অন্তরিত হইয়া যায়। যে সময়ে ঐ ধর্ম্ম এখানে সমধিক ক্ষীণ হইয়া আসিয়াছিল, সেই সময়ে ও তাহারও উত্তর কালে পুরাণ সকল রচিত হয় দেখিতে পাওয়া যাইতেছে। অতএব এই ধর্ম্মকে দুর্ব্বল করিয়া হিন্দুধর্ম্মকে সমধিক প্রবল করাই পুরাণকর্ত্তাদের উদ্দেশ্য হইতে পারে। পুরাণে এবিষয়ের সুস্পষ্ট নিদর্শন স্বরূপ উপাখ্যান-বিশেষও দৃষ্ট হইয়া থাকে *। ঐ শাস্ত্রে বৌদ্ধধর্ম্মের পর হিন্দুধর্ম্মের পুনরুদ্দীপন করিয়াছে তাহাতে সন্দেহ নাই। পণ্ডিত-প্রবর কুমারিল বৌদ্ধ-সম্প্রদায়ের একটি প্রবল বিপক্ষ এবং শঙ্কর ও রামানুজ এই পুনরুদ্দীপ্ত হিন্দু-ধর্ম্ম-প্রণালীর প্রধান প্রবর্ত্তক। কুমারিল ভট্ট খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে † বিদ্যমান ছিলেন। তিনি নিজ গ্রন্থে পুনঃ পুনঃ বৌদ্ধ-মতের প্রতিবাদ করেন এবং বৌদ্ধদের প্রতি

* বিষ্ণুপুরাণ। ১ অংশ, ৬ অধ্যায় এবং ৩ অংশ, ১৮ অধ্যায়।

† দক্ষিণাপথের অন্তর্গত মলয়বর দেশে কুমারিল ভট্টের বৃত্তান্ত-বিষয়ক অনেক প্রমাণ প্রচলিত আছে এবং তদনুসারে ঐ দেশীয় কেরল-উৎপত্তি নামক গ্রন্থে এইরূপ লিখিত হয় যে, তিনি শঙ্করাচার্য্যের একশত বৎসর পূর্ব্বে মলয়বরে প্রাদুর্ভূত হন এবং তথা হইতে বৌদ্ধগণকে নিষ্কাশিত করিয়া দেন। দক্ষিণাপথের অন্য অন্য গ্রন্থেও এবিষয়ের সুস্পষ্ট প্রমাণ আছে। তুলবা-দেশীয় ব্রাহ্মণেরা প্রথমে ঐ কুমারিল ভট্টেরই সম্প্রদায়-ভুক্ত ছিলেন; তাঁহা-দের এইরূপ দৃঢ় সংস্কার আছে যে, কুমারিল ভট্ট শঙ্করাচার্য্যের কিছু পূর্ব্বে বৌদ্ধগণকে নিগ্রহ ও পরাভব করেন। ব্রহ্মসূত্রের শঙ্করভাষ্যে কুমারিলের নাম সুস্পষ্ট লিখিত না থাকুক, কিন্তু ক, ট, কোল্‌ব্রুক্ বিচার করিয়া দেখিয়াছেন, ঐ গ্রন্থে তাঁহার মত-প্রসঙ্গ বিদ্যমান আছে। অতএব তিনি শঙ্করা-চার্য্যের পূর্ব্বতন লোক তাহার সন্দেহ নাই। শঙ্কর খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর শেষ বা নবম শতাব্দীর প্রথম ভাগে বিদ্যমান ছিলেন। অতএব কুমারি-লকে ঐ অব্দের সপ্তম শতাব্দীর লোক বলিয়া নির্দ্ধারণ করিতে পারা যায়। এই সিদ্ধান্তের বিরুদ্ধ কোন যুক্তি ও কোন প্রমাণই উপস্থিত হয় নাই। প্রত্যুত, তাঁহার সংক্রান্ত সকল কথাতেই ইহা সপ্রমাণ করিয়া আসিতেছে।*

* H. H. Wilson's Sanscrit and English Dictionary, 1819, Preface, pp. xviii and xix and Mackenzie Collection, Vol. I. p. lxxv. H. T. Colebrooke's Miscellaneous Essays, 1873, Vol. I, p. 323. Buchanan's Mysore, Vol. III, p. 91.

যার পর নাই বিদ্বেষ প্রকাশ করিয়া যান *। শঙ্করাচার্য্য খৃষ্টাব্দের অষ্টম বা নবম শতাব্দীতে নির্দ্দিষ্ট নিয়ম-ক্রমে শৈব-ধর্ম্ম প্রচার করেন এবং রামানুজাচার্য্য উহার দ্বাদশ শতাব্দীতে রীতি-বিশেষ অনুসারে বৈষ্ণব-ধর্ম্ম প্রচলিত করিয়া যান। অতএব তাদৃশ অভিনব ধর্ম্ম-প্রণালীর উদ্দীপনকারী বর্ত্তমান পুরাণ গুলি ঐ ঐ সময়ের পরে রচিত ও সঙ্কলিত হওয়াই সর্ব্বতোভাবে সম্ভব। ইতিপূর্ব্বে ঐ সমস্ত পুরাণ-রচনার সময় যেরূপ বিবেচিত ও নির্দ্ধারিত হইয়াছে, তাহার সহিত এই অভিপ্রায়ের সুন্দর সঙ্গতি দেখা যাইতেছে।

প্রচলিত পুরাণগুলি এরূপ অপ্রাচীন হইলেও, তদীয় রচয়িতারা

* হিন্দুরা যে, বৌদ্ধদিগকে নৃশংসভাবে নিগ্রহ করেন, তাহার ভূরি ভূরি প্রমাণ ও বিস্তর বিস্তর নিদর্শন প্রাপ্ত হওয়া যায়। কাশীর সমীপস্থ সর্নাথ বৌদ্ধ-সম্প্রদায়ের একটি প্রধান স্থান ছিল। বুদ্ধ বর্ত্তমান থাকিতেই সর্নাথের বিহার প্রস্তুত হয়। তথায় বৌদ্ধদের অনেক দেবালয় ও দেব-প্রতিমূর্ত্তি এবং একটি অত্যুৎকৃষ্ট বিদ্যালয় ছিল। ঐ সর্নাথ একেবারে নষ্ট হইয়া গিয়াছে। তাহার চারি দিকে এরূপ প্রভূত ভস্ম-রাশি বিদ্যমান আছে যে, দেখিয়া বোধ হয়, বৌদ্ধ-দ্বেষী শত্রু-পক্ষীয়েরা সমুদায় ভস্মীভূত করিয়াছে *।

জগৎসিং, কনিংহেম্, কিটো, টমস্ ও হল্ ঐ স্থান খনন ও অনুসন্ধান করিয়া প্রত্যক্ষ দেখিয়াছেন, অস্থি, লৌহ, অর্দ্ধদ্রব লৌহরাশি, পিত্তলপিণ্ড, কাষ্ঠ, প্রস্তর, প্রস্তুত রুটি, দগ্ধ শস্য ও অগ্নিময় অন্ন একত্র রাশীকৃত রহিয়াছে। মনুষ্য, দেবালয় ও দেব-প্রতিমূর্ত্তি যে একত্র ধ্বংস করা হয়, ঐ সমুদায় তাহারই নিদর্শন। দক্ষিণাপথে কুমারিল ভট্ট বৌদ্ধদিগকে অত্যন্ত পীড়ন ও সর্ব্বতোভাবে পরাভব করিয়া স্বদেশ হইতে বহিষ্কৃত করিয়া দেন। মাধবাচার্য্য লিখিয়াছেন, কুমারিলের সহায়-ভূত সুধন্বা রাজা বৌদ্ধ-সম্প্রদায় সংহার উদ্দেশে এই আদেশ দেন যে,

আসেতোরাতুষারাদ্রে র্বৌদ্ধানাং বৃদ্ধবালকং।
ন হন্তি যঃ স হন্তব্যো ভৃত্যানিত্যন্বশান্নৃপঃ॥

রাজা স্বকীয় কর্ম্মচারিগণকে আদেশ করিলেন, এক দিকে সেতুবন্ধ রামেশ্বর, অপর দিকে হিমালয় পর্ব্বত, ইহার মধ্যে আবাল-বৃদ্ধ যত বৌদ্ধ আছে, সকলকে সংহার কর। যাহারা বধ করে না, তাহাদিগকে বধ কর।

* Asiatic Researches, vol. V., p. 131. Miss E. Robert's Views in India, China, and the Red Sea, vol. II., p. 8. Cunningham's Bhilsa Topes, chapter XII and also his Archælogical Survey Report published in the Supplementary Number

সর্ব্বসাধারণের চির-প্রসিদ্ধ বাস্তবিক অভিপ্রায় অতিক্রম করিয়া সেই সমস্ত স্বরচিত গ্রন্থের মহিমা-বর্দ্ধন-চেষ্টার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। কেহ কহেন, পুরাণ স্বতঃসিদ্ধ নিত্য পদার্থ। কেহ কেহ বলেন, উহা বেদের অপেক্ষাও প্রাচীন; অগ্রে পুরাণ, পশ্চাৎ বেদ প্রবর্ত্তিত হয়। কেহ বা নির্ভয়ে ও নির্লজ্জভাবে বলিয়া যান, তাঁহার বিরচিত গ্রন্থখানিতে বেদের দোষ সমুদায় সংশোধন করিয়াছে।

पुराणं सर्व्वशास्त्राणां प्रथमं ब्रह्मणा स्मृतम् ।

পদ্মপুরাণ।

ব্রহ্মা সর্ব্বাগ্রে পুরাণ-শাস্ত্র ব্যক্ত করেন।

प्रथमं सर्व्वशास्त्राणां पुराणं ब्रह्मणा स्मृतम् ।
अनन्तरं च वक्त्रेभ्यो वेदास्तस्य विनिःसृताः ॥

বায়ুপুরাণ। ১। ৫৬।

ব্রহ্মা সর্ব্বপ্রথমে পুরাণ-শাস্ত্র প্রকাশ করেন। পরে বেদ সমুদায় তাঁহার মুখ হইতে বিনির্গত হয়।

पुराणं सर्व्वशास्त्राणां प्रथमं ब्रह्मणा स्मृतम् ।
नित्यं शब्दमयं पुण्यं शतकोटिप्रविस्तरम् ॥
अनन्तरं च वक्त्रेभ्यो वेदास्तस्य विनिःसृताः ।
मीमांसा न्यायविद्या च प्रमाणाष्टकसंयुता ॥

মৎস্যপুরাণ। ৩। ৩ও ৪।

ব্রহ্মা সমুদায় শাস্ত্রের মধ্যে প্রথমে শতকোটি শ্লোক-বিশিষ্ট, নিত্য, পবিত্র ও শব্দময় পুরাণ-শাস্ত্র প্রকটন করেন। পরে সমস্ত বেদ, মীমাংসা ও অষ্টপ্রকার প্রমাণ-সংযুক্ত ন্যায়-বিদ্যা তাঁহার মুখ হইতে নিঃসৃত হয়।

भगवन् यत्त्वया दृष्टं ज्ञातं सर्व्वमभीप्सितम् ।
सारभूतं पुराणेषु ब्रह्मवैवर्त्तमुत्तमम् ॥
पुराणोपपुराणानां वेदानां भ्रमभञ्जनम् ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ। ১। ৪৮।

---

of the Journal of the Asiatic Society of Bengal for 1863, pp. xciv—cxix.

ভগবন্! আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছেন ও যাহা ইচ্ছা করেন, আমি সেই সকল পুরাণের সার-স্বরূপ সর্ব্বোত্তম ব্রহ্মবৈবর্ত্তপুরাণ অবগত আছি। তাহাতে পুরাণ, উপপুরাণ ও বেদ সমুদায়ের ভ্রম ভঞ্জন করিয়াছে।

যিনি বেদ-বেদান্তের অভ্রান্ততাবাদী হিন্দু-মণ্ডলীর অন্তর্গত হইয়াও অকুতোভয়ে ও অম্লান বদনে এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, তাঁহার অপার সাহস।

পুরাণের বিষয় যাহা কিছু লিখিত হইল, সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, বেদব্যাসকে প্রচলিত পুরাণ সমুদায়ের রচয়িতা বলিয়া কোন মতে বিশ্বাস করা যায় না; প্রত্যুত, স্বধর্ম্মানুরক্ত পণ্ডিতগণ কর্ত্তৃক স্ব স্ব মতানুযায়ী ধর্ম্ম-প্রণালী-প্রচলন উদ্দেশে তাঁহার নামে সেই সমস্ত প্রচার করা হইয়াছে এইটিই প্রতীয়মান হইয়া উঠে। আর এক রূপ প্রমাণেও তাহাই প্রতিপন্ন করিয়া দিতেছে। ভিন্ন ভিন্ন পুরাণে পরস্পর এরূপ বিরুদ্ধ মত, ঘোরতর নিন্দাবাদ ও বিষময় বিদ্বেষভাব প্রকাশিত রহিয়াছে যে, সে সমুদায় এক মতাবলম্বী এক ব্যক্তি কর্ত্তৃক বিরচিত হওয়া কোন রূপেই সম্ভব নয়। শিব-প্রধান সমুদায় পুরাণের প্রতি পদ্মপুরাণ-প্রণেতার অভিসম্পাত-প্রসঙ্গ ইতিপূর্ব্বেই উপস্থিত হইয়াছে *। পশ্চাৎ উল্লিখিত বিষয়ের আর দুই চারিটি উদাহরণ প্রদর্শন করা যাইতেছে; দেখিলেই জানিতে পারা যাইবে।

**मोहाद्यः पूजयेदन्यं स पाषण्डी भविष्यति ।**
**इतरेषान्तु देवानां निर्माल्यं गर्हितं भवेत् ॥**
**सकृदेव हि योऽश्नाति ब्राह्मणो ज्ञानदुर्ब्बलः ।**
**निर्माल्यं शङ्करादीनां स चाण्डालो भवेत् ध्रुवम् ॥**
**कल्पकोटीसहस्राणि पच्यते नरकाग्निना ॥**

পদ্মপুরাণ। উত্তর খণ্ড। ৭৮ অধ্যায়।

যে ব্যক্তি মোহবশতঃ বিষ্ণু ভিন্ন অন্য দেবতার উপাসনা করে, সে পাষণ্ড হইবে। বিষ্ণু ভিন্ন অন্যের নির্ম্মাল্য গর্হিত। যে অজ্ঞ ব্রাহ্মণ একবার মাত্রও শিবাদির প্রসাদ-সামগ্রী ভোজন করে, সে নিশ্চিত চণ্ডাল। সে নরকাগ্নিতে কোটিসহস্র কল্প দগ্ধ হয়।

**सौरस्य गाणपत्यस्य शैवाद्यैर्भूरिमानिनः ।**
**शाक्तस्य वैष्णवोवारि हस्तेन्नञ्च परित्यजेत् ॥**

* ১৭৫ ও ১৭৬ পৃষ্ঠা।

**সঙ্গং বিবর্জ্জয়েৎ শৈবশাক্তাদীনান্তু বৈষ্ণবঃ।**
**ন কার্য্যা প্রার্থনা তেভ্যস্তেষাং দ্রব্যমমেধ্যবৎ ॥**

পদ্মপুরাণ। উত্তর খণ্ড। ১০০ অধ্যায়।

সৌর, গাণপত্য, শাক্ত, শৈবাদির হস্তে বৈষ্ণবে অন্নজল গ্রহণ করিবে না। বিষ্ণু-ভক্তে শৈব-শাক্তাদির সংসর্গ করিবে না ও তাহারদিগের নিকট প্রার্থনাও করিবে না। তাহাদিগের দ্রব্য পুরীষ-তুল্য।

**ধ্যানং হোমস্তপস্তপ্তং জ্ঞানং যজ্ঞাদিকোবিধিঃ।**
**তেষাং বিনশ্যতি ক্ষিপ্রং যে নিন্দন্তি পিনাকিনম্ ॥**

কূর্ম্মপুরাণ। ২৫ অধ্যায়।

যাঁহারা শিব-নিন্দা করেন, তাঁহাদিগের ধ্যান, হোম, তপ, জ্ঞান ও যজ্ঞাদি বিধি সমুদায় শীঘ্র নষ্ট হয়।

**তথান্যদেবতাভক্তির্ব্রাহ্মণস্য বিগর্হিতা।**
**বিদূরমতিবিপ্রাণাং চাণ্ডালত্বং প্রযচ্ছতি ॥**
**তস্য সর্ব্বাণি নশ্যন্তি পিতরং নরকং নয়েৎ ॥**

পদ্মপুরাণ। উত্তর খণ্ড। ১০৩ অধ্যায়।

বিষ্ণু ভিন্ন অন্য দেবতাকে ভক্তি করা ব্রাহ্মণের পক্ষে অতি গর্হিত। তাহা করিলে, দুর্বুদ্ধি ব্রাহ্মণ চণ্ডাল হয়, তাহার সমুদায় নষ্ট হইয়া যায় ও তাহার পিতা নরকে গমন করে।

**ভগবত্যাঃ কালিকায়া মাহাত্ম্যং যত্র বর্ণ্যতে।**
**নানাদৈত্যবধোপেতং তদ্বৈ ভাগবতং বিদুঃ ॥**
**কলৌ কেচিৎ দুরাত্মানো ধূর্ত্তা বৈষ্ণবমানিনঃ।**
**অন্যদ্ভাগবতং নাম কল্পয়িষ্যন্তি মানবাঃ ॥**

স্কন্দ পুরাণ।

যে গ্রন্থেতে অনেকানেক অসুর-বধের সহিত ভগবতী কালিকার মাহাত্ম্য-বর্ণন আছে, পণ্ডিতেরা তাহাকেই ভাগবত বলিয়া জানেন। কলিযুগে বৈষ্ণবাভিমানী ধূর্ত্ত দুরাত্মা লোক সকল ভগবতীর মাহাত্ম্য-যুক্ত গ্রন্থকে ভাগবত না বলিয়া অন্য ভাগবত কল্পনা করিবে।

**যেঽন্যদেবং পরত্বেন বদন্ত্যজ্ঞানমোহিতাঃ।**

नारायणाज्जगद्वन्द्यं ते वै पाषण्डिनस्तथा ॥
रुद्राक्षेन्द्राक्षभद्राक्षस्फाटिकाक्षादिधारिणः ।
जटिला भस्मलिप्ताङ्गास्ते वै पाषण्डिनः प्रिये ॥

পদ্মপুরাণ। উত্তর খণ্ড। ৪২ অধ্যায়।

যে সকল অজ্ঞানী ব্যক্তি বিষ্ণু ভিন্ন অন্য দেবতাকে শ্রেষ্ঠ ও জগৎ-পূজ্য বলিয়া ব্যক্ত করে এবং রুদ্রাক্ষ, ইন্দ্রাক্ষ, ভদ্রাক্ষ, স্ফাটিকাক্ষ, জটা, ভস্মাদি ধারণ করে, তাহারা নিশ্চিত পাষণ্ড।

তন্ত্রকারেরাও এই ধর্ম্ম (বা অধর্ম্ম)—যুদ্ধে শৈব ও শাক্ত পক্ষ অবলম্বন করিয়া বচন-বাণ নিক্ষেপ করিতে ত্রুটি করেন নাই।

गोलोकाधिपतिर्देवीस्तुतिभक्तिपरायणः ।
कालीपदप्रसादेन सोऽभवल्लोकपालकः ॥

নির্ব্বাণতন্ত্র।

কালিকার স্তুতি-ভক্তি-পরায়ণ গোলোকাধিপতি শ্রীকৃষ্ণ, কালী-পদ-প্রসাদে লোকের পালনকর্ত্তা হন।

वेदाविनिन्दिता यस्मात् विष्णुना बुद्धरूपिणा ।
हरेर्नाम न गृह्णीयात् न स्पृशेत् तुलसीदलम् ॥
न स्पृशेत् तुलसीपत्रं शालग्रामञ्च नार्चयेत् ।

কুলাবতীতন্ত্র।

বিষ্ণু বুদ্ধরূপ ধারণ করিয়া বেদের নিন্দা করিয়াছেন, অতএব হরিনাম গ্রহণ করিবে না, তুলসী-পত্র স্পর্শ করিবে না ও শালগ্রামশিলা পূজা করিবে না।

যিনি উল্লিখিতরূপ পরস্পর-বিরুদ্ধ পুরাণ-বচন ও বিদ্বেষ-সূচক অভিপ্রায় এক লেখনীর মুখ হইতে বিনির্গত বলিয়া প্রত্যয় যান, এমন অবাস্তব বিষয় কিছুই নাই যে, তিনি তাহা বিশ্বাস করিতে না পারেন।

সামবিধান ব্রাহ্মণে ও তৈত্তিরীয় আরণ্যকে ব্যাসের নাম সুস্পষ্ট লিখিত আছে এবং পরাশর-পুত্র বলিয়াও তাঁহার পরিচয় দেওয়া হইয়াছে *। বেদশাস্ত্রের মধ্যে সেই দুই গ্রন্থ সমধিক প্রাচীন না হউক,

---

* সামবিধান ব্রাহ্মণের তৃতীয় প্রপাঠকে একরূপ শিষ্য-প্রণালীর মধ্যে পরাশর-পুত্র ব্যাসের নাম বিনিবেশিত আছে।

सोऽयं प्राजापत्यो विधिस्तमिमं प्रजापतिर्बृहस्पतये प्रोवाच

সেই উভয়ের প্রমাণানুসারে বোধ হয়, ব্যাস তদীয় রচয়িতাদের বহু পূর্ব্বের লোক। ইহা হইলে, তাঁহার সময়ের ভাষায় ও অধুনাতন প্রচলিত পুরাণের সংস্কৃতে বিস্তর বিভিন্নতা মানিতে হয়। বেদান্তর্গত ব্রাহ্মণ-বিশেষ-প্রণয়নের সমধিক পূর্ব্বকালীন মুনি-বিশেষ প্রচলিত পুরাণ, উপপুরাণ ও পৌরাণিক ধর্ম্ম প্রচার করেন, হিন্দু-ধর্ম্মের ইতিবৃত্ত-পটু বিচক্ষণ ব্যক্তিদের মতে এটি একটি অসম্ভব, অসঙ্গত ও অলীক বাক্য।

পুরাণ ও উপপুরাণ কেবল মনঃ-কল্পিত অভিনব বিষয়েই পরিপূর্ণ এমন নয়। ঐ সমুদায় এবং তাদৃশ পুনরুদ্দীপ্ত ধর্ম্ম-প্রণালীর অনুযায়ী অন্য অন্য গ্রন্থ-রচয়িতারা পূর্ব্বতন ঋষি, মুনি, রাজগণাদি সংক্রান্ত প্রাচীন বিষয় সমুদায় সঙ্কলন পূর্ব্বক নিজ নিজ গ্রন্থে সন্নিবেশ করিয়াছেন এবং শৈব-বৈষ্ণবাদি নূতন নূতন উপাসক-সম্প্রদায় সংক্রান্ত বহুবিধ বিষয়ের সহিত সংযুক্ত করিয়া তাহাদের নানারূপ অভিনব বেশ সম্পাদন করিয়া গিয়াছেন।

ব্রহ্মা, বিষ্ণু, শিব এই ত্রিমূর্ত্তির উপাসনা প্রচার ও বিশেষতঃ শিব, বিষ্ণু ও তদীয় শক্তিগণের মহিমা-কীর্ত্তন ও আরাধনা-প্রচলন করাই সমস্ত পুরাণ ও উপপুরাণের প্রধান উদ্দেশ্য। মহাভারত ও পুরাণ-

---

बृहस्पतिर्नारदाय नारदो विष्वक्सेनाय विष्वक्सेनो व्यासाय पाराशर्य्याय व्यासः-पाराशर्य्यो जैमिनये जैमिनिः पौष्पिण्ड्याय पौष्पिण्ड्यः पाराशर्य्यायणाय पाराशर्य्यायणो बादरायणाय बादरायणस्ताण्डिशाट्यायनिभ्यां ताण्डिशाट्यायनी बहुभ्यः।

৩ প্রপাঠক। ৯ খণ্ড।

এই সেই বিধি প্রজাপতি কর্ত্তৃক প্রকাশিত হয়। প্রজাপতি তাহা বৃহস্পতিকে, বৃহস্পতি নারদকে, নারদ বিষ্বক্সেনকে, বিষ্বক্সেন পরাশর-পুত্র ব্যাসকে, পরাশর-পুত্র ব্যাস জৈমিনিকে, জৈমিনি পৌষ্পিণ্ডকে, পৌষ্পিণ্ড পারাশর্য্যায়নকে, পারাশর্য্যায়ন বাদরায়নকে, বাদরায়ন তাণ্ডি ও শাট্যায়নীকে এবং তাণ্ডী ও শাট্যায়নী অনেক অনেক ব্যক্তিকে উপদেশ দেন।

এই শিষ্য-প্রণালী অনুসারে বলিতে পারা যায়, যে সময়ে সামবিধান ব্রাহ্মণ বিরচিত হয়, সে সময়ে ব্যাসের পরও অনেকগুলি পুরুষ গত হইয়া গিয়াছে। তদনুসারে, ব্যাস সামবিধান ব্রাহ্মণের বহু পূর্ব্বের লোক। তৈত্তিরীয় আরণ্যকেও অপঘাত-মৃত্যুর কষ্টত্ব-প্রতিপাদন-প্রকরণে লিখিত আছে,

सहोवाच व्यासः पाराशर्य्यः।

১ প্রপাঠক। ৯ অনুবাক।

কর্ত্তাদের নিজ নিজ মত-প্রভাব-প্রচার ও সম্প্রদায়-বর্দ্ধন-সাধন উদ্দেশে পুরাণ-বিশেষে ও উপাখ্যান-বিশেষে দেবতা-বিশেষের সমধিক মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। এই হেতু, অমাবস্যা ও পৌর্ণমাসী পরস্পর যেরূপ বিপরীত পদার্থ, ভিন্ন ভিন্ন পুরাণে সেইরূপ পরস্পর-বিরুদ্ধ মত সমুদায় প্রবর্ত্তিত হইয়াছে। শৈব গ্রন্থকার মহাদেবকে ব্রহ্মা ও বিষ্ণুর স্রষ্টা, বৈষ্ণব গ্রন্থকার বিষ্ণুকে ব্রহ্মা ও মহাদেবের সৃজন-কর্ত্তা এবং শাক্ত গ্রন্থকার ভগবতীকে ব্রহ্মা, বিষ্ণু, শিব, তিনেরই উৎপাদন-কর্ত্রী বলিয়া বর্ণন করিয়াছেন। লিঙ্গপুরাণের মতে, শিব ব্রহ্মা ও বিষ্ণুর জন্মদাতা।

अथोवाच महादेवः प्रीतोऽहं सुरसत्तमौ।
पश्यतं मां महादेवं भयं सर्व्वं विमुच्यताम्॥
युवां प्रसूतौ गात्राभ्यां मम पूर्व्वं महाबलौ।
अयं मे दक्षिणे पार्श्वे ब्रह्मा लोकपितामहः॥
वामे पार्श्वे च मे विष्णु र्विश्वात्मा हृदयोद्भवः।

লিঙ্গপুরাণ। ১৭। ১—৩॥

পরে মহাদেব বলিলেন, সুরশ্রেষ্ঠ (ব্রহ্মা ও বিষ্ণু)! আমি (নারায়ণের স্তবে) সন্তুষ্ট হইয়াছি। আমি মহাদেব; আমারে নির্ভয়ে দর্শন কর। পূর্ব্বকালে, তোমরা দুই মহাবল (পুরুষ) আমার শরীর হইতে উৎপন্ন হইয়াছ। এই লোক-পিতামহ ব্রহ্মা আমার দক্ষিণ পার্শ্বে ও জগতের আত্মাস্বরূপ হৃদয়োদ্ভব বিষ্ণু আমার বাম পার্শ্বে প্রসূত হন।

ঐ পুরাণে দেখিতে পাওয়া যায়, নিকৃষ্ট সম্পর্কীয়কে যেরূপ সম্বোধন করিতে হয়, মহাদেব বিষ্ণুকে সেইরূপ বাছা! বাছা! বলিয়া সম্বোধন করেন।

वत्स वत्स हरे विष्णो पालयैतच्चराचरम्।

লিঙ্গপুরাণ। ১৭। ১১॥

বৎস! বৎস! হরি! বিষ্ণু! তুমি এই চরাচর জগৎ পালন কর।

ভাগবত-কর্ত্তা ইহার বিপরীত কি লিখিয়াছেন দেখ।

सृजामि तन्नियुक्तोऽहं हरो हरति तद्वशः।

ভাগবত। ২। ৬। ৩০॥

আমি (অর্থাৎ ব্রহ্মা) তাঁহা (অর্থাৎ বিষ্ণু) কর্ত্তৃক নিযুক্ত হইয়া সৃজন করিতেছি এবং মহাদেব তাঁহার নিদেশক্রমে সংহার করিতেছেন।

भ्रुकुटीकुटिलात् तस्य ललाटात् क्रोधदीपितात्।
समुत्पन्नस्तदा रुद्रो मध्याह्नार्कसमप्रभः॥

বিষ্ণুপুরাণ। ১।৭।১০॥

তাঁহার (অর্থাৎ ব্রহ্মার) ক্রোধানলে প্রদীপ্ত ভ্রূকুটী-কুটিল ললাট-দেশ হইতে মধ্যাহ্ন কালের সূর্য্য-প্রভার ন্যায় প্রভা-বিশিষ্ট রুদ্র উৎপন্ন হইলেন।

ब्रह्मा तस्योदरभवस्तथाचाहं शिरोभवः।

মহাভারত। অনুশাসনপর্ব্ব। ১৪৭। ৪॥

ব্রহ্মা কৃষ্ণের উদর হইতে উৎপন্ন হন এবং আমি (অর্থাৎ মহাদেব) তাঁহার শিরোদেশ হইতে জন্ম গ্রহণ করি।

अशक्तोऽहं गुणान् वक्तुं महादेवस्य धीमतः।
योहि सर्व्वगतो देवो न च सर्व्वत्र दृश्यते॥
ब्रह्मविष्णुसुरेशानां स्रष्टा च प्रभुरेव च।
ब्रह्मादयः पिशाचान्ता यं हि देवा उपासते॥
प्रकृतीनां परत्वेन पुरुषस्य च यः परः।
चिन्त्यते यो योगविद्भिर्ऋषिभिस्तत्त्वदर्शिभिः॥

অনুশাসনপর্ব্ব। ১৪। ৩—৫॥

যিনি সর্ব্বত্র-ব্যাপী অথচ কুত্রাপি দৃষ্টি-গোচর নন, যিনি ব্রহ্মা, বিষ্ণু ও দেবরাজের সৃষ্টিকর্ত্তা ও প্রভু এবং ব্রহ্মা অবধি পিশাচ পর্য্যন্ত দেবগণ যাঁহার উপাসনা করেন, আমি সেই ধীমান্ মহাদেবের গুণ-বর্ণনে অশক্ত।

वासुदेवात् परोब्रह्मन् न चान्योऽर्थोऽस्ति तत्त्वतः।

नारायणपरावेदा देवानारायणाङ्गजाः।

*    *    *    *    *    *

सृजं सृजामि सृष्टोऽहमीशयैवाभिचोदितः।

ভাগবত। ২।৫।১৪, ১৫ ও ১৭॥

ব্রহ্মন্! বাসুদেবের অপেক্ষায় কেহই বাস্তবিক শ্রেষ্ঠ নাই। নারায়ণ

হইতে বেদের উৎপত্তি হয় ও দেবগণ নারায়ণের অঙ্গ হইতে জন্মগ্রহণ করেন। * * * * * * তিনি আমার (অর্থাৎ ব্রহ্মার) সৃষ্টিকর্ত্তা। আমি তাঁহার কটাক্ষপাত মাত্র আদেশ পাইয়া তাঁহারই সৃষ্ট বস্তু সমুদায় পুনরায় সৃষ্টি করিতেছি।

ভগবতী শিব-ভার্য্যা একথা অনেক পুরাণেই লিখিত আছে, কিন্তু আবার ব্রহ্মা, বিষ্ণু, শিব তিনেরই জননী বলিয়া বর্ণিত হইয়াছেন।

**বিষ্ণুঃ শরীরগ্রহণমহমীশান এব চ।**

**কারিতা যে যতোঽতস্ত্বাং কঃ স্তোতুং শক্তিমান্ ভবেৎ॥**

মার্কণ্ডেয় পুরাণ। দেবীমাহাত্ম্য চণ্ডী। মধুকৈটভবধ-প্রকরণ। ৮৩ ও ৮৪ শ্লোক।

তুমি আমার (অর্থাৎ ব্রহ্মার), বিষ্ণুর ও মহাদেবের শরীর উৎপাদন করিয়াছ। অতএব কে তোমার স্তব করিতে সক্ষম হইতে পারে?

**সর্ব্বমন্ত্রময়ী ত্বং হি ব্রহ্মাদ্যাত্মভবসমুদ্ভবাঃ।**

**চতুর্ব্বর্গাত্মিকা ত্বং বৈ চতুর্ব্বর্গফলোদয়া॥**

কাশীখণ্ড।

তুমি সর্ব্বমন্ত্রময়ী, ব্রহ্মাদির উদ্ভব-কারিণী, চতুর্ব্বর্গাত্মিকা এবং চতুর্ব্বর্গ-ফল-দায়িকা।

এইরূপ, ভক্ত-বিশেষের ভক্তি-প্রভাবে, কোন উপাখ্যানে শিব, কুত্রাপি বিষ্ণু ও কোথাও বা ভগবতী সর্ব্ব-প্রধান দেবতা বলিয়া পরিকীর্ত্তিত হইয়াছেন। স্বমত-পক্ষপাতী পর-মত-দ্বেষী পণ্ডিতেরা প্রতিকূল পক্ষীয়দের উপাস্য দেবের মহিমা খর্ব্ব করিয়া নিজ নিজ উপাস্য দেবতার মহিমা-পরিবর্দ্ধন উদ্দেশে ঐ সমস্ত উপাখ্যান ও পরস্পর-বিরুদ্ধ পূর্ব্বোল্লিখিত মত সমুদায় উদ্ভাবন করিয়াছেন তাহার সন্দেহ নাই। পশ্চাৎ দ্বেষ-বুদ্ধি-শূন্য অন্যান্য পণ্ডিতেরা সেই সমুদায় আপনাদের রুচি-বিরুদ্ধ দেখিয়া সামঞ্জস্য-সাধন উদ্দেশে এইরূপ ভাব প্রকাশ করিয়াছেন যে, যিনিই ব্রহ্মা, তিনিই বিষ্ণু, তিনিই মহেশ্বর। ব্রহ্মা, বিষ্ণু, শিব এই ত্রিমূর্ত্তির মধ্যে প্রথম দেবতা ব্রহ্মার বিষয় পূর্ব্বে প্রস্তাবিত হইয়াছে*। অপর দুইটি দেবতা বিষ্ণু ও শিব। বেদসংহিতায় বিষ্ণু নামে একটি দেবতার প্রসঙ্গ আছে, কিন্তু তিনি পুরাণোক্ত শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধারী চতুর্ভুজ বিষ্ণু নন। তিনি আট্ আদিত্যের একটি আদিত্যমাত্র†; না পরমেশ্বর, না গোকুল ও

* ৭১—৭৭ পৃষ্ঠা।

† পুরাণের মতেও আদিত্য-বিশেষের নাম বিষ্ণু।—বিষ্ণুপুরাণ।১।১৫।১৩১॥

বৈকুণ্ঠ-বাসী। যদি ঐ বেদোক্ত আদিত্য-রূপী বিষ্ণু উত্তর কালে পৌরাণিক বিষ্ণুরূপে পরিণত হইয়া থাকেন, তথাচ সেটি ক্রমশঃ ঘটিয়াছে। বেদের ব্রাহ্মণ-ভাগে তাঁহার পদোন্নতির সূচনা দেখিতে পাওয়া যায়। শতপথ ব্রাহ্মণে লিখিত আছে, দেবগণ বলিলেন,

**যোনঃ শ্রমেণ তপসা শ্রদ্ধয়া যজ্ঞেনাহুতিভির্যজ্ঞস্য উদৃচং পূর্ব্বোবগচ্ছাত্ স নঃ শ্রেষ্ঠো সত্ তদু ত নঃ সর্ব্বেষাং সহেতি তথেতি। তদ্বিষ্ণুঃ প্রথমঃ প্রাপ। স দেবানাং শ্রেষ্ঠোঽভবত্। তস্মাদাহুর্বিষ্ণুর্দেবানাং শ্রেষ্ঠ ইতি।**

শতপথব্রাহ্মণ। ১৪। ১। ১। ৪ ও ৫॥

আমাদিগের মধ্যে যিনি শ্রম, তপস্যা, শ্রদ্ধা, যজ্ঞ ও আহুতি দ্বারা প্রথমে যজ্ঞ-ফল জানিতে পারেন, তিনি শ্রেষ্ঠ। ইহাতে আমাদের সকলেরই অধিকার থাকিবে। তাঁহারা তথাস্তু বলিয়া সম্মত হইলেন। বিষ্ণু সর্ব্ব-প্রথমে ইহা সাধন করিলেন। তিনি দেবগণের শ্রেষ্ঠ হইলেন। এই হেতু লোকে বলে, বিষ্ণু সকল দেবতার প্রধান।

যে সময়ের হিন্দু-শাস্ত্রে পৌরাণিক বিষ্ণুর আবির্ভাব হয় নাই, অথবা যে সময়ের শাস্ত্রে বিষ্ণু-দেবের পুরাণোক্ত প্রকৃতি-কুসুম বিকসিত হয় নাই, সেই সময়ের রচিত অনেক অনেক উপাখ্যান উত্তর কালে ঐ গোলক-বাসী ও বৈকুণ্ঠ-বাসী চতুর্ভুজ বিষ্ণু-দেবের গুণ-কীর্ত্তন অভিপ্রায়ে নিয়োজিত হইয়াছে। এমন কি, পূর্ব্বতন দেবতা-বিশেষের নাম পর্য্যন্ত পরে বিষ্ণু-নামাবলি-মধ্যে সন্নিবেশিত হইয়াছে। এক্ষণে নারায়ণ-শব্দটি বিষ্ণু-বাচক বলিয়া প্রচলিত আছে। লক্ষ্মীনারায়ণ পদের অর্থ লক্ষ্মী ও বিষ্ণু। কিন্তু ঐটি প্রথমে ব্রহ্মার নাম ছিল ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে*। শতপথ ব্রাহ্মণের একস্থলে বেদোক্ত পুরুষ-দেবতা নারায়ণ বলিয়া উক্ত হইয়াছেন।

**পুরুষো হ নারায়ণোঽকাময়তাতিতিষ্ঠেয়ম্। সর্ব্বাণি ভূতান্যহমেবেদং সর্ব্বং স্যামিতি।**

শতপথব্রাহ্মণ। ১৩। ৬। ৬। ১॥

পুরুষ-নারায়ণ কামনা করিলেন, আমি যেন যাবতীয় বস্তু অতিক্রম করি ও আমিই যেন এই সমস্ত বস্তু হই।

---

* ৭৩ পৃষ্ঠা।

নারায়ণ শব্দের ইতিবৃত্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে এইটিই প্রতীয়মান হইয়া উঠে যে, প্রথমে বেদোক্ত পুরুষ, পরে ব্রহ্মা এবং সর্ব্বশেষে বিষ্ণু ঐ আখ্যাটি লাভ করেন। পুরাণের মতে, বিষ্ণু প্রলয়-কালে জলশায়ী থাকেন, কিন্তু প্রাচীনতর গ্রন্থ-প্রমাণে দেখিতে পাওয়া যায়, বেদোক্ত পুরুষ (প্রজাপতি) ও ব্রহ্মা জলশায়ী ছিলেন এই মতই পূর্ব্বে প্রচলিত ছিল *।

**নাহ তর্হি কাচন প্রতিষ্ঠাস। তদেনমিদমেব হিরণ্ময়মাণ্ডং যাবত্ সম্বৎসরস্য বেলা আসীত্ তাবদ্ বিপর্য্যপ্লবত।**

শতপথব্রাহ্মণ। ১১। ১। ৬। ২॥

তখন তাঁহার (অর্থাৎ প্রজাপতি-সংজ্ঞক পুরুষের) অবস্থিতি করিবার স্থান ছিল না। এই হেতু তিনি এই হিরণ্ময় অণ্ডে অবস্থান পূর্ব্বক সম্বৎসর কাল সলিলে ইতস্ততঃ প্লবমান হইয়া ছিলেন।

বাজসনেয়ীসংহিতায়, ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলে ও শতপথ ব্রাহ্মণে পুরুষ নামক বৈদিক দেবতা-বিশেষের যে সমস্ত গুণ ও শক্তি বর্ণিত আছে, পরে মনুসংহিতায় যাহা ব্রহ্মার গুণ বলিয়া বর্ণিত হয় †, অবশেষে ভাগবতে বিষ্ণু ও কৃষ্ণ স্বরূপে সেই সমুদায় আরোপিত হইয়াছে। পুরাণোক্ত বিষ্ণু সেই বেদোক্ত পুরুষের মত সহস্র-শীর্ষ, সহস্র-পাদ ও সহস্র-লোচন। পুরুষের ন্যায় বিষ্ণু ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত বস্তু। পুরুষের ন্যায় বিষ্ণু হইতে বিরাটের সৃষ্টি এবং ঋক্ সামাদি বেদ ও ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই চারি বর্ণের উৎপত্তি হয়। দেবগণাদি যেমন পুরুষকে বা পুরুষের অঙ্গ সমুদায়কে যজ্ঞ-সামগ্রী করিয়া যজ্ঞের অনুষ্ঠান করেন, সেইরূপ, বিষ্ণুর অঙ্গ হইতে যজ্ঞ-সামগ্রী সকল আহরণ করিয়া তাঁহারই যজ্ঞ করা হয়। এই সমস্ত বিষয় বেদে বেদোক্ত পুরুষ-দেবের, এবং পরে ভাগবতে পুরাণোক্ত বিষ্ণুর, মাহাত্ম্য-প্রতিপাদক বলিয়া কীর্ত্তিত হইয়াছে।

| বেদোক্ত পুরুষ। | ভাগবতোক্ত বিষ্ণু ও বাসুদেব। |
| --- | --- |
| **সহস্রশীর্ষা পুরুষঃ** | **সহস্রোর্বঙ্ঘ্রিবাহ্বক্ষঃ** |
| **সহস্রাক্ষঃ সহস্রপাৎ** | **সহস্রাননশীর্ষবান্।** |
| ঋ-সং। ১০। ৯০। ১॥ | ভাগবত। ২। ৫। ৩৫॥ |

---

* ৭১ পৃষ্ঠা দেখ।

† ৭৪ ও ৭৫ পৃষ্ঠা।

| বেদোক্ত পুরুষ। | ভাগবতোক্ত বিষ্ণু ও বাসুদেব। |
| --- | --- |
| পুরুষ এবেদং সর্ব্বং<br>যদ্ভূতং যচ্চ ভাব্যম্।<br>ঐ। ঐ। ঐ। ২॥ | সর্ব্বং পুরুষ এবেদং<br>ভূতং ভব্যং ভবচ্চ যৎ।<br>ভাগবত। ২। ৬। ১৫॥ |
| সভূমিং বিশ্বতোবৃত্বা-<br>ত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্।<br>ঐ। ঐ। ঐ। ১॥ | তেনেদমাবৃতং বিশ্বং<br>বিতস্তি* মধিতিষ্ঠতি।<br>ভাগবত। ২। ৬। ১৫॥ |
| তস্মাদ্বিরাড়জায়ত<br>বিরাজো অধিপুরুষঃ।<br>ঐ। ঐ। ঐ। ৫॥ | অণ্ডকোষে শরীরেঽস্মিন্ সপ্তাবরণসংযুতে। বৈরাজঃ পুরুষো যোঽসৌ ভগবান্ধারণাশ্রয়ঃ॥<br>ভাগবত। ২। ১। ২৫॥ |
| তস্মাদ্ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ ঋচঃ সামানি জজ্ঞিরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্ যজুঃ তস্মাদজায়ত।<br>ঐ। ঐ। ঐ। ৯॥ | ঋচো যজূংষি সামানি<br>চাতুর্হোত্রঞ্চ সত্তম।<br>ভাগবত। ২। ৬। ২৪॥ |
| ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যঃ কৃতঃ। ঊরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত॥<br>ঐ। ঐ। ঐ। ১২॥ | পুরুষস্য মুখং ব্রহ্ম ক্ষত্রমেতস্য বাহবঃ। ঊর্ব্বোর্বৈশ্যো ভগবতঃ পদ্ভ্যাং শূদ্রোহ্যজায়ত॥<br>ভাগবত। ২। ৫। ৩৭॥ |
| যৎ পুরুষেণ হবিষা দেবা<br>যজ্ঞমতন্বত।<br>ঐ। ঐ। ঐ। ৬। | পুরুষাবয়বৈরেতে<br>সম্ভারাঃ সম্ভৃতা ময়া।<br>ভাগবত। ২। ৬। ২৬॥ |
| তং যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্ পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অযজন্ত সাধ্যাঃ ঋষয়শ্চ যে॥<br>ঐ। ঐ। ঐ। ৭†। | ইতি সম্ভৃতসম্ভারঃ পুরুষাবয়বৈরহম্। তমেব পুরুষং যজ্ঞং তেনৈবাযজমীশ্বরম্।<br>ভাগবত। ২। ৬। ২৭॥ |

---

* বিতস্তিমিতি দশাঙ্গুলস্য।
শ্রীধরস্বামী।

† এই শেষোক্ত দুই (অর্থাৎ ষষ্ঠ ও সপ্তম) শ্লোকের তাৎপর্য্যার্থ ভাগবতের

উল্লিখিত উভয় গ্রন্থের বচন গুলি ঐক্য করিয়া দেখিলে, ঐ সমস্ত যে এক গ্রন্থ হইতে অন্য গ্রন্থে সংকলিত হইয়াছে ইহাতে সন্দেহ থাকে না। কে বা উত্তমর্ণ ও কে বা অধমর্ণ তাহা অপরিজ্ঞাত থাকিবার বিষয় নয়। বিষ্ণু ও কৃষ্ণকে সৃষ্টি-স্থিতি-প্রলয়-কর্ত্তা পরমেশ্বর বলিয়া পতিপন্ন করা ভাগবত-প্রণেতার প্রধান উদ্দেশ্য, কিন্তু পূর্ব্ব পূর্ব্ব গ্রন্থে লিখিত আছে, ব্রহ্মা সৃজনকর্ত্তা ও মহাদেব সংহারকর্ত্তা। ইহাতে ভাগবত-রচয়িতাকে অনেক সংকটে পতিত হইতে ও বিস্তর কৌশল প্রকাশ করিতে হইয়াছে। তিনি এই বিরোধ-ভঞ্জন-উদ্দেশে লিখিলেন, বিষ্ণু কর্ত্তৃক নিয়োজিত হইয়া ব্রহ্মা ও শিব সৃজন ও সংহার করেন *। বিষ্ণু ভূমণ্ডলের ভার-মোচনার্থ মৎস্য, কূর্ম্ম, বরাহাদিরূপে অবতীর্ণ হন এ বিষয় রামায়ণ, মহাভারত ও পুরাণে সবিস্তর বর্ণিত হইয়াছে। কিন্তু প্রাচীনতর শাস্ত্র বা উপাখ্যান-বিশেষে ঐ গুলি ব্রহ্মা বা প্রজাপতির অবতার বলিয়া কীর্ত্তিত হয়।

মৎস্যাবতার।—শতপথ ব্রাহ্মণে মৎস্যাবতারের একটি অপূর্ব্ব উপাখ্যান আছে †। হিন্দুশাস্ত্রে ঐ বিষয়ের যত বৃত্তান্ত দেখা যায়, ঐ উপাখ্যানটি সর্ব্বাপেক্ষা প্রাচীন। মৎস্য-অবতার কোন্ দেবের অবতার, ঐ উপাখ্যানে তাহা কিছুমাত্র উল্লিখিত নাই। কিন্তু বেদোক্ত উপাখ্যান বৈদিক দেবতাভিন্ন অন্য দেবতার মাহাত্ম্য-প্রতিপাদক হওয়া কোন রূপেই সম্ভব ও সঙ্গত নয়। বিষ্ণু মৎস্যরূপে অবতীর্ণ হন একথা বেদের কোন অংশে দৃষ্ট হয় না। ঐ বৈদিক উপাখ্যান অপেক্ষায় অপ্রাচীন মহাভারতীয় উপাখ্যানে লিখিত আছে, মৎস্য ব্রহ্মার অবতার।

**অহং প্রজাপতির্ব্রহ্মা যৎপরং নাধিগম্যতে।**
**মৎস্যরূপেণ যূয়ঞ্চ ময়াঽস্মান্মোক্ষিতা ভয়াৎ॥**

বনপর্ব্ব। ১৮৭। ৫২॥

(মৎস্য ঋষিগণকে কহিলেন,) আমি প্রজাপতি ব্রহ্মা; মৎস্যরূপ পরিগ্রহ পূর্ব্বক তোমাদিগকে এই ভয় হইতে মুক্ত করিলাম।

যে সময়ে ব্রহ্মার উপাসনা প্রাদুর্ভূত ছিল, সেই সময়ে বনপর্ব্বের এই কথাটি বিরচিত হয় তাহার সন্দেহ নাই। মহাভারত অপেক্ষায় অপ্রাচীন ভাগবত পুরাণে উল্লিখিত হইয়াছে, ঐ মৎস্য বিষ্ণুর অবতার।

---

দ্বিতীয় স্কন্ধের ষষ্ঠ অধ্যায়ের ২২ অবধি ২৯ পর্য্যন্ত কয়েক শ্লোকে পরিবর্দ্ধিত ও বহুলীকৃত করিয়া বর্ণন করা হইয়াছে।

* ১৯৯ পৃষ্ঠা দেখ।

† শতপথব্রাহ্মণ। ১। ৮॥

হিন্দুদের জাতীয় ধর্ম্ম কেমন পরিবর্ত্তিত হইয়া আসিয়াছে দেখ। এক উপাখ্যান ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন দেবতার মহিমা-প্রকাশ উদ্দেশে নিয়োজিত হইয়াছে। ব্রহ্মার মহিমাকে খর্ব্ব করিয়া বিষ্ণু-উপাসনার প্রচার যেমন বৃদ্ধি পাইতে লাগিল, তদীয় উপাসকেরা ব্রহ্মাদি অন্য অন্য দেবতার মাহাত্ম্য-সূচক প্রাচীনতর উপাখ্যান সমুদায় কিছু কিছু পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত করিয়া আপনাদের উপাস্য দেবের মহিমা-কীর্ত্তনে নিয়োজিত করিতে লাগিলেন। তদনুসারে, মহাভারতের অন্তর্গত ব্রহ্মার মাহাত্ম্য-বোধক ঐ উপাখ্যান ভাগবত আদি পুরাণে বিষ্ণুর মাহাত্ম্য-প্রতিপাদক বলিয়া বর্ণিত হইয়াছে*। শতপথব্রাহ্মণের মত এই যে, জল-প্রলয়ের উপক্রম হইলে, মৎস্য মনুর সমীপে উপস্থিত হন। মনু তাঁহার সমীপে প্রলয়-সংবাদ শ্রবণ করিয়া এক খানি অতি বৃহৎ অর্ণবযানে আরোহণ করেন, কিন্তু তাহাতে পশু, পক্ষী, বীজাদি সঙ্গে লইবার প্রসঙ্গ নাই। কিন্তু ভাগবতে লিখিত আছে, মৎস্যরূপী ভগবান্ রাজা সত্যব্রত-সন্নিধানে উপনীত হন। প্রলয়-কাল উপস্থিত হইলে, তিনি ভগবানের আদেশ অনুসারে মুনিগণ সঙ্গে ওষধি ও বীজাদি সমভিব্যাহারে করিয়া একখানি বৃহৎ তরণীতে আরোহণ করেন। প্রলয়-কাল অতীত হইলে, বিশ্বপাতা ভগবান্ ব্রহ্মার সহিত প্রলয়-সমুদ্র হইতে উত্থিত হইয়া হয়গ্রীব অসুরকে বিনাশ পূর্ব্বক বেদ সমগ্র উদ্ধার করেন†।

---

* ভাগবত। ৮ স্কন্ধ। ২৪ অধ্যায়।

† এই উপাখ্যান অনুসারে ব্রহ্মার নিশা-কাল উপস্থিত হইলে, ভগবান্ বিষ্ণু বেদ-উদ্ধার জন্য মৎস্য-রূপ ধারণ করেন, তদনুসারে এই প্রলয় নৈমিত্তিক প্রলয় হইতে পারে*। কিন্তু এই পুরাণের প্রথম স্কন্ধে লিখিত আছে,

"রূপং স জগৃহে মাৎস্যং চাক্ষুষোদধিসংপ্লবে।" (ভাগবত।১।৩।১৫॥)

"চাক্ষুষ মনুর অধিকার-কালে সমুদ্র-বৃদ্ধি হইয়া জলপ্লাবন ঘটিলে পর, বিষ্ণু মৎস্য-রূপ ধারণ করিয়াছিলেন।"

ব্রহ্মার দিবাকালে চতুর্দ্দশ মনুর অধিকার হয়, তন্মধ্যে চাক্ষুষ ষষ্ঠ মনুমাত্র, সুতরাং তৎকাল ব্রহ্মার নিশাকাল কি প্রকারে হইতে পারে? এবং তৎ-কালে নৈমিত্তিক প্রলয়ই বা কিপ্রকারে সম্ভবে? অতএব ভাগবতের দুই স্থানের এই দুইটি কথা পরস্পর-বিরুদ্ধ।

এইরূপ একটি পৃথিবী-ব্যাপী জল-প্রলয়-বৃত্তান্ত অন্যান্য নানাদেশের নানাজাতীয় শাস্ত্রে সন্নিবেশিত রহিয়াছে। কেল্‌ডীয়া দেশের ইতিহাস-

---

* ভাগবতের টীকায় শ্রীধরস্বামী ইহাকে মাত্রিক প্রলয় বলিয়া উক্ত করিয়াছেন।

মৎস্য পুরাণের প্রারম্ভেই বিষ্ণুর মৎস্যাবতার-বৃত্তান্ত সন্নিবেশিত হইয়াছে। তাহাতে লিখিত আছে, তিনি মৎস্যরূপ পরিগ্রহ করিয়া মনুকে এই পুরাণ উপদেশ দেন। ঐ বৃত্তান্ত মহাভারতীয় উপাখ্যানের অনুরূপ।

---

মধ্যে লিখিত আছে, ঐ দেশীয় জিসথ্রস্ নামে এক নৃপতি দেবতা-বিশেষের আদেশক্রমে একখানি বৃহত্তর অর্ণবপোত নির্ম্মাণ করিয়া জল-প্রলয়ের সময়ে সপরিবারে ও সবান্ধবে পশু, পক্ষী ও খাদ্য-সামগ্রী সমুদায় সমভিব্যাহারে তাহাতে আরোহণ পূর্ব্বক প্রাণ-রক্ষা করেন। ঐ দেশীয় ওনিস্ নামক দেবতা-বিশেষ ভারতবর্ষীয় মৎস্যাবতারের মত অর্দ্ধাঙ্গ মৎস্যাকৃতি ও অপর অর্দ্ধাঙ্গ মনুষ্যাকৃতি।—Maurice's Hindustan, 1795, Vol. I., p. 543.

সীরিয়া দেশের শাস্ত্রেও ইহার অবিকল অনুরূপ একটি উপাখ্যান আছে। তথাকার যে রাজা জল-প্রলয়ের সময়ে স্বজন ও পশুপক্ষ্যাদি সঙ্গে উল্লিখিত-রূপ এক খানি অর্ণবযানে আরোহণ করিয়া রক্ষা পান, তাহার নাম ডিউ্ কলিয়ন্ বলিয়া লিখিত আছে।—Lucian quoted in Maurice's Hindustan. Vol. I. p. 548.

খৃষ্টীয় সম্প্রদায়ের বাইবেল্ নামক ধর্ম্মশাস্ত্রে এবিষয়ের যে অবিকল এইরূপ একটি উপাখ্যান সবিস্তর বর্ণিত রহিয়াছে, তাহা প্রসিদ্ধই আছে। যিনি ঈশ্বরের প্রত্যাদেশ ক্রমে সপরিবারে পশু, পক্ষী ও খাদ্য-সামগ্রী সঙ্গে সমুদ্রপোতে আরোহণ করিয়া রক্ষিত হন, তাঁহার নাম নোয়া বলিয়া উল্লিখিত হইয়াছে।—Bible Genesis. chap. 6. 7. 8.

আমেরিকাখণ্ডেও এ বিষয়ের বিশেষ বিশেষ বৃত্তান্ত প্রচলিত আছে। ব্রাজীল্-দেশীয় লোকের মধ্যে এইরূপ জনশ্রুতি আছে যে, এককালে সমস্ত লোক জলপ্লাবনে বিনষ্ট হয়; কেবল একটি পুরুষ ও তাহার গর্ব্ভবতী ভগিনী রক্ষা পায়। তাহাদের হইতেই পুনরায় মনুষ্য-কুলের বৃদ্ধি হয়। কুবা-দ্বীপে এইরূপ প্রবাদ প্রচলিত আছে যে, কোন সময়ে একটি প্রধান-পদস্থ বৃদ্ধ লোক প্রলয়-ঘটনার প্রসঙ্গ অগ্রে জ্ঞাত হইয়া একখানি সমুদ্রপোত নির্ম্মাণ পূর্ব্বক স্বীয় পরিবার ও অন্য অন্য বহু প্রাণী সমভিব্যাহারে তাহাতে আরোহণ করেন। টেরাফর্ম্মা-দেশীয় কতকগুলি লোকে কহে, প্রলয়-কালে সমস্ত নরকুল ধ্বংস হইয়া কেবল একটিমাত্র মনুষ্য সপরিবারে রক্ষা পায়; পশ্চাৎ তাহাদের হইতেই পুনরায় মনুষ্য-প্রবাহ বৃদ্ধি হইয়া আইসে। এই সমস্ত ব্যতিরেকেও, আমেরিকাখণ্ডের অন্তর্গত মেক্সিকো, পেরুবিয়া প্রভৃতি নানাদেশে অসাধারণ বন্যা-ঘটনার নানা উপাখ্যান প্রচলিত আছে।—Encyclopedia Britannica. 7th Edn. Article on Deluge.

এসিরিয়া দেশের অন্তর্গত কৌয়ুঞ্জিক্ নামক স্থানে চেলডীয়া দেশীয় জল-প্রলয়-বৃত্তান্ত খোদিত ছিল। কয়েক বৎসর হইল, শ্রীমান্ লেয়ার্ড্ এবং স্মিথ্

কূর্ম্মাবতার।—পুরাণাদি অপেক্ষা প্রাচীনতর শাস্ত্রের মতে, কূর্ম্ম প্রজাপতির অবতার।

**স যত্কূর্ম্মো নাম এতদ্বৈ রূপং কৃত্বা প্রজাপতিঃ প্রজা অসৃজত যদসৃজতাকরোত্তদ্যদকরোত্তস্মাৎ কূর্ম্মঃ কশ্যপো বৈ কূর্ম্মস্তস্মাদাহুঃ সর্ব্বাঃ প্রজাঃ কাশ্যপ্য ইতি। স যঃ স কূর্ম্মোঽসৌ স আদিত্যঃ।**

শতপথ ব্রাহ্মণ। ৭। ৪। ৩। ৫॥

প্রজাপতি কূর্ম্ম-রূপ ধারণ করিয়া সন্তান উৎপাদন করিলেন। যাহা তিনি সৃজন করিলেন, তাহা (অকরোৎ) অর্থাৎ করিলেন এই নিমিত্তই তাঁহাকে কূর্ম্ম বলে। কশ্যপ শব্দে কূর্ম্ম বুঝায় এই নিমিত্ত লোকে কহে, সকল জীব কশ্যপের সন্তান। সেই কূর্ম্মও যিনি, আদিত্যও তিনি।

এই বৈদিক উপাখ্যান অনুসারে, কূর্ম্ম আদিত্য-স্বরূপ ও প্রজাপতির অবতার। এটি অপেক্ষাকৃত প্রাচীন কথা তাহার সন্দেহ নাই। পশ্চাৎ বিষ্ণু-উপাসনার প্রাদুর্ভাব হইলে, পুরাণে কূর্ম্ম বিষ্ণ্বতার বলিয়া প্রচারিত হয়। দেবাসুরে একত্র হইয়া সমুদ্র মন্থন করেন, তাহাতে মন্দর মন্থন-দণ্ড ও বাসুকি রজ্জু হয় এবং বিষ্ণু কূর্ম্ম-রূপ পরিগ্রহ পূর্ব্বক পৃষ্ঠো-

---

তাহা অনুসন্ধান করিয়া আনেন এবং স্মিথ্ তাহার অর্থোদ্ভেদ করিয়া ১৮৭২ খৃষ্টাব্দের ৩রা ডিসেম্বর একটি সভায় * তাহা পাঠ করেন। ইহা পূর্ব্বোল্লিখিত নানা উপাখ্যানের অনুরূপ। যিনি স্বগণ এবং পশু-পক্ষ্যাদি সমন্বিত অর্ণবযান আরোহণ করিয়া প্রাণ-রক্ষা পান, তাঁহার নাম হসিসত্র †।

গ্রীস্‌দেশীয় শাস্ত্রেও এইরূপ একটি অসামান্য জলপ্লাবনের কথা বিনিবেশিত আছে, কিন্তু উল্লিখিত উপাখ্যান সমুদায়ের সহিত কোন কোন অংশে তাহার কিছু কিছু অসাদৃশ্য দৃষ্ট হইয়া থাকে। তাহাতে এইরূপ লিখিত আছে যে, ডিউকেলিয়ন্ নামক নৃপতি-বিশেষের সময়ে মহাবন্যা উপস্থিত হইয়া মনুষ্য-কুল বিনষ্ট হইয়া যায়। জল-প্রলয় নিবৃত্ত হইয়া ভূমি প্রকাশ পাইলে, দেবগণ মৃত্তিকা দিয়া নর-মূর্ত্তি সমুদায় নির্ম্মাণ করেন এবং বায়ু-প্রবেশ দ্বারা সেই সমুদায়কে সজীব করিয়া দেন। ‡

---

* Society of Biblical Archæology.

† The Year book of Facts of Science and the arts, for 1875, p. 285 and 286.

‡ Encyclopedia Britannica. 7th Edn. Vol. 7.

পরি মন্দর ধারণ করেন। এ বিষয়ের পৌরাণিক উপাখ্যান হিন্দু-সমাজে সর্ব্বত্র প্রসিদ্ধ আছে এবং অনেকানেক বাঙ্গালা গ্রন্থেও তাহা প্রচারিত হইয়াছে। অতএব এ স্থলে সবিস্তর বিবরণ করিয়া গ্রন্থ-বাহুল্য করিবার প্রয়োজন নাই। রামায়ণের বালকাণ্ডের ৪৫ সর্গে, আদিপর্ব্বের ১৭-১৯ অধ্যায়ে, মৎস্যপুরাণের ২৪৮-২৫০ অধ্যায়ে, বিষ্ণুপুরাণের প্রথম অংশের নবম অধ্যায়ে, পদ্মপুরাণের সৃষ্টিখণ্ডের চতুর্থ অধ্যায়ে ও উত্তরখণ্ডের লক্ষ্ম্যুৎপত্তি নামক অধ্যায়ে, ভাগবতের অষ্টমস্কন্ধের সপ্তম অধ্যায়ে ও অগ্নিপুরাণের তৃতীয় অধ্যায়ে এবিষয়ের উপাখ্যান সবিশেষ বর্ণিত হইয়াছে। সেই সমস্ত উপাখ্যানের পরস্পর বিস্তর অনৈক্য ও বিভিন্নতা দেখিতে পাওয়া যায়, অথচ সে সমুদায়ই একমতাবলম্বী এক গ্রন্থকারের বিরচিত বলিয়া প্রচলিত আছে ইহা সামান্য কৌতুকের বিষয় নয়।

বরাহাবতার।—এইরূপ, বরাহও বেদ-শাস্ত্রে প্রজাপতির অবতার বলিয়া বর্ণিত হইয়াছে। এ বিষয়ে তৈত্তিরীয়সংহিতার প্রমাণই সর্ব্বাপেক্ষা প্রাচীন বোধ হয়।

**আপোবা ইদমগ্রে সলিলমাসীত্। তস্মিন্ প্রজাপতির্বায়ুর্ভূত্বাচরত্। স ইমাম্ অপশ্যত্। তাম্ বরাহো ভূত্বাহরত্।**

তৈত্তিরীয়সংহিতা। ৭। ১। ৫॥

এই জগৎ প্রথমে জলময় ছিল। প্রজাপতি বায়ু স্বরূপ হইয়া তাহাতে বিচরণ করেন। তিনি এই পৃথিবী দর্শন করিলেন ও বরাহরূপ পরিগ্রহ পূর্ব্বক উদ্ধার করিলেন।

**আপোবা ইদমগ্রে সলিলমাসীত্। তেন প্রজাপতিরশ্রাম্যত্। কথমিদꣳ স্যাদিতি। সোঽপশ্যত্ পুষ্করপর্ণং তিষ্ঠত্। সোঽমন্যত। অস্তি বৈ তত্। যস্মিন্নিদমধিতিষ্ঠতীতি। স বরাহোরূপং কৃত্বোপন্যমজ্জত্। স পৃথিবীমধ আর্চ্ছত্। তস্যা উপহৃত্যোদমজ্জত্। তত্ পুষ্করপর্ণে প্রথয়ত্। যদপ্রথয়ত্ তত্ পৃথিব্যৈ পৃথিবিত্বম্।**

তৈত্তিরীয় ব্রাহ্মণ। প্রথমাষ্টক। প্রথমাধ্যায়। তৃতীয়ানুবাক।

এই জগৎ অগ্রে জলময় ছিল। প্রজাপতি সৃষ্টি করিবার ইচ্ছা করিয়া

বিবেচনা করিলেন *, কিরূপে ইহাতে জগৎ নির্ম্মিত হইবে? তিনি দেখিলেন, একটি পদ্মপত্র রহিয়াছে। মনে করিলেন, অবশ্যই ইহার আধার-স্বরূপ কোন বস্তু বিদ্যমান আছে। তিনি বরাহরূপ ধারণ করিয়া সলিলে নিমগ্ন হইলেন এবং নীচে গিয়া পৃথিবী প্রাপ্ত হইলেন। তাহা হইতে দন্ত দ্বারা মৃত্তিকা খনন করিয়া লইয়া উত্থিত হইলেন †। ঐ মৃত্তিকা পদ্মপত্রে প্রথিত অর্থাৎ প্রসারিত করিয়া রাখিলেন। সেই মৃত্তিকা প্রথিত হয় বলিয়া তাহার নাম পৃথিবী হইল ‡।

---

* **“अभ्यध्यायत्” पर्य्यालोचनरूपं तपोऽकुरुत** ।—সায়ন-ভাষ্য।

† **“उपहत्योदमज्जत्” कियतीमधाद्भूमिं स्फुटं स्वदंष्ट्रया उद्धृत्य सलिलस्योपर्य्युन्मज्जनं कृतवान्** ।—সায়ন-ভাষ্য।

‡ শতপথ ব্রাহ্মণের মধ্যেও এইরূপ বরাহ কর্ত্তৃক পৃথিবী-উদ্ধারের প্রসঙ্গ আছে।

**इयती ह वै इयमग्रे पृथिव्यास प्रादेशमात्री। तामेमूष इति वराह उज्जघान।**

শতপথ ব্রাহ্মণ। ১৪।১।২।১১॥

অগ্রে এই পৃথিবী এক প্রাদেশমাত্র ছিল। একটি এমূষ নামক বরাহ তাহাকে উদ্ধার করে।

এই উপাখ্যানেরও সহিত প্রজাপতির সম্বন্ধ দেখিতে পাওয়া যায়, কেননা এই কথার পরেই লিখিত আছে,

**सोऽस्याः पतिः प्रजापतिस्तेनैवैनमेतन्मिथुनेन प्रियेण धाम्ना समर्द्धयति कृत्स्नं करोति।**

পৃথ্বী-পতি প্রজাপতি এই এমূষকে ইহার এই প্রীতি-নিকেতন মিথুন প্রদান দ্বারা সমৃদ্ধ ও সম্পূর্ণ করিয়া দেন।

তৈত্তিরীয় আরণ্যকে মৃত্তিকা-ভমন্ত্রণ-প্রকরণে লিখিত আছে,

**भूमिर्धेनुर्धरणी लोकधारिणी। उद्धृतासि वराहेण * कृष्णेन शत-बाहुना।**

তৈত্তিরীয় আরণ্যক।১০।১।৮॥

(মৃত্তিকে)! তুমি পৃথিবী-স্বরূপা ও ধেনু (অর্থাৎ কামধেনু-সদৃশী) এবং সকল ও প্রাণিগণের ধারণকর্ত্রী। একটি কৃষ্ণবর্ণ শতবাহু বরাহ তোমাকে উদ্ধার করে।

---

* **वराहावतारेण**।—সায়নাচার্য্য।

তৈত্তিরীয় ব্রাহ্মণে বরাহ অবতারের বিষয় এইরূপ বর্ণিত হইয়াছে। রামায়ণে বরাহ ব্রহ্মার অবতার বলিয়া স্পষ্ট লিখিত আছে।

সর্ব্বং সলিলমেবাসীৎ পৃথিবী তত্র নির্ম্মিতা।
ততঃ সমভবদ্ ব্রহ্মা স্বয়ম্ভূর্দ্দৈবতৈঃ সহ॥
স বরাহস্ততো ভূত্বা প্রোজ্জহার বসুন্ধরাম্।
অসৃজচ্চ জগৎ সর্ব্বং সহ পুত্রৈঃ কৃতাত্মভিঃ॥

রামায়ণ। ২। ১১০। ৩ ও ৪॥

প্রথমে সমুদয় জলময় ছিল; তাহাতেই পৃথিবী নির্ম্মিত হয়। পরে স্বয়ম্ভূ ব্রহ্মা দেবগণ সমভিব্যাহারে উৎপন্ন হন। অনন্তর তিনি বরাহ-রূপ ধারণ করিয়া পৃথিবীকে উদ্ধার করেন ও আপনার কৃতাত্মা পুত্র-গণকে সঙ্গে লইয়া সমস্ত জগৎ সৃষ্টি করিয়া ফেলেন।

রাত্রৌ চৈকার্ণবে ব্রহ্মা নষ্টে স্থাবরজঙ্গমে।
সুষ্বাপাম্ভসি যত্তস্মান্নারায়ণ ইতি স্মৃতঃ॥
শর্ব্বর্য্যন্তে প্রবুদ্ধো বৈ দৃষ্ট্বা শূন্যং চরাচরম্।
স্রষ্টুং তদা মতিং চক্রে ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ॥
উদকৈরাপ্লুতাং ক্ষ্মাং তাং সমাদায় সনাতনঃ।
পূর্ব্ববৎ স্থাপয়ামাস বারাহং রূপমাস্থিতঃ॥

লিঙ্গপুরাণ। ৪। ৪৫—৪৮॥

রাত্রিকালে স্থাবর জঙ্গম সমুদয় বস্তু একার্ণবে নষ্ট হইলে পর, ব্রহ্মা সলিলোপরি শয়ন করিয়াছিলেন। এই নিমিত্ত তিনি নারায়ণ * বলিয়া উক্ত হইয়াছেন। রাত্রি-শেষে ব্রহ্মবিত্তম ব্রহ্মা জাগরিত হইলেন এবং চরাচর জগৎ শূন্য দেখিয়া সৃষ্টি করিতে মানস করিলেন। ধরণী-মণ্ডল জলে পরিপ্লুত ছিল; সনাতন ব্রহ্মা বরাহ-রূপ ধারণ পূর্ব্বক তাহাকে গ্রহণ করিয়া পূর্ব্ববৎ স্থাপন করিলেন।

তৈত্তিরীয়সংহিতা, তৈত্তিরীয়ব্রাহ্মণ ও রামায়ণোক্ত উল্লিখিত উপাখ্যান এবিষয়ের নানা পৌরাণিক উপাখ্যান অপেক্ষা প্রাচীন তাহার সন্দেহ নাই। ঐ উভয়ে বরাহ প্রজাপতি ও ব্রহ্মার অবতার বলিয়া নির্দ্দে-

---

* ১৭ পৃষ্ঠায় এই শব্দের ব্যুৎপত্তি দেখ।

শিত হইয়াছে। লিঙ্গপুরাণ শিব-প্রধান; বিষ্ণু-মহিমা প্রচার করা তাহার উদ্দেশ্য নয়; অতএব তাহাতে প্রাচীনতর উপাখ্যানানুসারে, বরাহ ব্রহ্মারই অবতার বলিয়া নির্দ্দেশিত হইয়াছে। পশ্চাৎ বিষ্ণুপুরাণ, বহ্নিপুরাণ, পদ্ম-পুরাণ ও হরিবংশে ঐ উপাখ্যান পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত করিয়া বিষ্ণুর মহিমা-প্রতিপাদন বিষয়ে নিয়োজিত করা হইয়াছে। এই সকল পুরাণ ও হরিবংশের মতে, বরাহ বিষ্ণুরই অবতার। মূলোপাখ্যান এত পরি-বর্ত্তিত হইয়াছে যে, অবতীর্ণ হইবার মূল উদ্দেশ্য পর্য্যন্ত বিভিন্ন হইয়া গিয়াছে। এই সমস্ত উপাখ্যান দুই প্রকারে বিভক্ত হইতে পারে; এক প্রকার এই যে, বিষ্ণু রসাতল হইতে পৃথিবীকে উদ্ধার করিবার উদ্দেশে বরাহ-রূপ ধারণ করেন, আর দ্বিতীয় এই যে, তিনি দৈত্য-বধ দ্বারা ভূমণ্ডলের ভার মোচন করিবার অভিপ্রায়ে ঐরূপে অবতীর্ণ হন। বিষ্ণু ও পদ্মপ্রভৃতি পুরাণে রসাতল হইতে পৃথিবী-উদ্ধারের বিবরণ আছে, আর মহাভারতে এবং লিঙ্গ, বহ্নি প্রভৃতি পুরাণে বরাহ দ্বারা দৈত্য-বধেরই বিষয় বর্ণিত হইয়াছে। হরিবংশে এবং মৎস্য-পুরাণে ঐ উভয় প্রকার উপাখ্যানই কিয়দংশে মিশ্রিত হইয়া গিয়াছে। ঐ উভয়ে বরাহ দ্বারা রসাতল-মগ্না পৃথিবীকে উদ্ধার করিবার আখ্যানও আছে এবং তন্মধ্যে পৃথিবী-কৃত বিষ্ণু-স্তবে এইরূপ উক্তিও আছে যে, "ভগবন্! আমি দানবগণ কর্ত্তৃক আক্রান্ত হইয়া তোমার শরণাপন্ন হই-য়াছি; আমাকে পরিত্রাণ কর" *।

বিষ্ণুভাগবতাদি পুরাণে যজ্ঞবরাহ নামক একটি বরাহ-প্রসঙ্গ আছে। সেটি যজ্ঞের রূপক বই আর কিছুই নয়। তদীয় বর্ণনায় চারি বেদ তাঁহার চারি পাদ, যূপ তাঁহার দংষ্ট্রা, অগ্নি জিহ্বা, কুশ গাত্র-লোম, অহোরাত্র নেত্র-যুগল, পরব্রহ্ম মস্তক, বৈদিক সূক্ত সমুদায় জটা-রাশি, বেদচ্ছন্দ গাত্র-ত্বক্, যজ্ঞ-ঘৃত নাসিকা, চমস-পাত্র কর্ণ-রন্ধ্র, সাম-গান গভীর নাদ, যজ্ঞসমূহ অঙ্গ-সন্ধি ইত্যাদি রূপক বর্ণনাই দৃষ্ট হইয়া থাকে। এবিষয়ে ভাগবত ও বিষ্ণুপুরাণে পরস্পর কিছু কিছু বিভিন্নতা দেখিতে পাওয়া যায় †।

মহাভারতীয় শান্তিপর্ব্বের অন্তর্গত মোক্ষধর্ম্মপর্ব্বের ২০৯ অধ্যায়ে, ভাগবতের তৃতীয় স্কন্দের ১৮ ও ১৯ অধ্যায়ে, লিঙ্গপুরাণের ১৭

---

* দানবৈস্তৈরহমাক্রান্তা রসাতলতলং গতাম্।
ত্রায়স্ব মাং সুরশ্রেষ্ঠ ত্বামেব শরণং গতাম্॥
হরিবংশ। ২২৪। ২৩॥

† বিষ্ণুপুরাণ, ১, ৪ এবং ভাগবত, ৩, ১৩ দেখ।

অধ্যায়ে, অগ্নিপুরাণের চতুর্থ অধ্যায়ে, বিষ্ণুপুরাণের প্রথম অংশের চতুর্থ অধ্যায়ে, পদ্মপুরাণের সৃষ্টিখণ্ডের তৃতীয় অধ্যায়ে, হরিবংশের ২২৪ অধ্যায়ে, কালিকা উপপুরাণের ২৮ ও ২৯ অধ্যায়ে, মৎস্যপুরাণের ২৪৬ ও ২৪৭ অধ্যায়ে এবং বহ্নি ও গরুড়পুরাণে বিষ্ণুর বরাহ-রূপ-ধারণ বিষয়ের নানাপ্রকার উপাখ্যান বিদ্যমান আছে।

বামন।—ঋগ্বেদের এক স্থলে লিখিত আছে, বিষ্ণু অর্থাৎ আদিত্য-বিশেষ এই জগন্মণ্ডলে ত্রিপদ বিক্ষেপ করেন।

**ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদং। সমূঢ়মস্য পাংসুরে।**

ঋ—সং। ১। ২২। ১৭॥

বিষ্ণু এই জগতে তিন পদ বিক্ষেপ করিয়াছিলেন; সমুদায় জগৎ তাঁহার ধূলি-যুক্ত পদ দ্বারা ব্যাপ্ত হইয়া রহিয়াছে।

**ত্রীণি পদা বিচক্রমে বিষ্ণুর্গোপা অদাভ্যঃ। অতো ধর্ম্মাণি ধারয়ন্।** ঋ-সং। ১।২২। ১৮॥

দুর্দ্ধর্ষ ও সকল জগতের রক্ষাকারী বিষ্ণু ধর্ম্মের পুষ্টি-সম্পাদন পূর্ব্বক পৃথিবী প্রভৃতি স্থানে তিন পদ বিক্ষেপ করিয়াছিলেন।

নিরুক্তকার যাস্ক ঋষি এই দুই ঋকের যেরূপ ব্যাখ্যা করেন, পশ্চাৎ লিখিত হইতেছে।

**যদিদং কিঞ্চ তদ্বিচক্রমে বিষ্ণুঃ। ত্রিধা নিধত্তে পদং ত্রেধাভাবায় পৃথিব্যামন্তরিক্ষে দিবীতি শাকপূণিঃ। সমারোহণে বিষ্ণুপদে গয়শিরসীত্যৌর্ণনাভঃ।**

নিরুক্ত। ১২। ১৯॥

বিষ্ণু এই সমগ্র জগৎ পরিক্রম করেন। তিনি তিন প্রকার ভাব গ্রহণার্থ তিনবার পদ-বিক্ষেপ করেন। শাকপূণি বলেন, (বিষ্ণু) ভূর্লোক, ভুবর্লোক ও স্বর্গলোকে পদ-বিক্ষেপ করেন। ঔর্ণনাভ কহেন, উদয়-স্থানে, মধ্যাকাশে ও অস্ত-গমন-স্থলে পদার্পণ করেন।

অতএব ঔর্ণনাভের মতে, এই বিষ্ণু সূর্য্য ও তাঁহার ত্রিপাদ-বিক্ষেপ উদয়, অস্ত ও মধ্যাহ্নকালের গতি বই আর কিছুই নয়। দুর্গাচার্য্য নিরুক্ত-ভাষ্যে এই কথাটি সুস্পষ্ট লিখিয়াছেন।

**বিষ্ণুরাদিত্যঃ। কথমিতি যত আহ ত্রেধা নিদধে**

পদম্ নিধত্তে পদম্ নিধানং পদৈঃ। ক্ব তৎ তাবৎ।
পৃথিব্যামন্তরিক্ষে দিবীতি শাকপূণিঃ॥ পার্থিবোঽগ্নি-
র্ভূত্বা পৃথিব্যাং যৎকিঞ্চিদস্তি তদ্বিক্রমতে তদধিতিষ্ঠতি
অন্তরিক্ষে বৈদ্যুতাত্মনা দিবি সূর্য্যাত্মনা॥ যদুক্তম্ 'তমূ
অকৃণ্বন্ ত্রেধা ভুবে কম্'। (ঋ—সং।১০।৮৮।১০।)
সমারোহণে উদয়গিরাবুদ্যন্ পদমেকন্নিধত্তে॥ বি-
ষ্ণুপদে মধ্যন্দিনেঽন্তরিক্ষে। গয়শিরস্যস্তং গিরাবিত্যৌ-
র্ণনাভ আচার্য্যো মন্যতে॥

দুর্গাচার্য্য।

বিষ্ণু সূর্য্য, কেননা তিনি তিনবার পদ-বিক্ষেপ করেন। কোথায়?—শাকপূণি বলেন, ভূলোক, দ্যুলোক ও অন্তরীক্ষে। তিনি পার্থিব অগ্নি-স্বরূপ হইয়া পৃথিবীতে যৎকিঞ্চিৎ গমন ও অধিষ্ঠান করেন। অন্তরীক্ষে বিদ্যুৎ-স্বরূপ ও দ্যুলোকে সূর্য্য-স্বরূপ হইয়া গমন ও অধিষ্ঠান করেন। শ্রুতিতে উক্ত হইয়াছে, 'দেবগণ সেই (সূর্য্য-স্বরূপ) অগ্নিকে তিন প্রকার ভাবে বিদ্যমান করিয়া দেন।' ঔর্ণনাভ আচার্য্য বিবেচনা করেন, উদয়-কালে উদয়াচলে উদয়-স্থানে এক পাদ বিক্ষেপ করেন, মধ্যাহ্ন-কালে বিষ্ণুপাদে অর্থাৎ মধ্যাকাশে অপর একপাদ এবং অস্তাচলে গয়শিরে * অর্থাৎ অস্তগমন-স্থলে অন্য একপাদ বিক্ষেপ করেন।

পুরাণে বামনাবতারের উপাখ্যান মধ্যে লিখিত আছে, বিষ্ণু বামন-রূপ ধারণ পূর্ব্বক বলি রাজাকে ছলনা করিতে গিয়া ভূতলে একপাদ, অন্তরীক্ষে একপাদ ও অবশেষে বলির মস্তকোপরি একপাদ অর্পণ করেন। এই নিমিত্ত এই অবতারকে ত্রিবিক্রমাবতারও বলে। সায়না-চার্য্য উল্লিখিত দুই ঋকের ব্যাখ্যায় পৌরাণিক বিষ্ণুর ঐ অবতারের

* এই গয়শির শব্দ পাইয়াই কি গয়া-মাহাত্ম্য ও গয়াসুরের উপাখ্যান বিরচিত হইয়াছে? যখন বিষ্ণু নামক আদিত্য-বিশেষের অর্থাৎ সূর্য্যের গয়-শিরে (অর্থাৎ অস্তগমন-স্থলে) পদ-বিক্ষেপের প্রসঙ্গ আছে এবং যখন পৌরা-ণিক বিষ্ণুরও গয়শিরে (অর্থাৎ গয়াসুরের মস্তকে) পদার্পণের কথা লিখিত রহিয়াছে, তখন এ অনুমান কোন রূপেই অসম্ভব ও অসঙ্গত নয়।

প্রসঙ্গ করিয়াছেন। কিন্তু বেদোক্ত বিষ্ণু বলি-বঞ্চক পৌরাণিক বিষ্ণু নন, মূলেও কোন অবতারের প্রসঙ্গ নাই এবং পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যেরাও তাহার সেরূপ অর্থ করেন নাই। বরং বেদোক্ত বিষ্ণু নামক আদিত্য-বিশেষের উল্লিখিত ত্রিপাদ-বিক্রমের প্রসঙ্গ হইতেই পৌরাণিক বিষ্ণুর বামনাবতারের উপাখ্যান উদ্ভোধিত হইয়াছে এই কথাই সর্ব্বতোভাবে সম্ভব।

শতপথব্রাহ্মণে এক যজ্ঞ-বাচক বামন-রূপী বিষ্ণুর উপাখ্যান আছে; তিনি অসুরগণের নিকট হইতে কৌশলক্রমে সমস্ত ভূমণ্ডল অধিকার করিয়া লন। সেই উপাখ্যানটি এই স্থলে অবিকল উদ্ধৃত হইতেছে।

देवाश्च वा असुराश्च उभये प्राजापत्याः पस्पृधिरे। ततो देवा अनुव्यमिवासुरथहासुरा मेनिरेऽस्माकमेवेदं खलु भुवनमिति ॥ १ ॥ ते होचुर्हन्तेमां पृथिवीं विभजामहै तां विभज्योपजीवामेति। तामौक्ष्णैश्चर्मभिः पश्चात्प्राञ्चो विभजमाना अभीयुः ॥ २ ॥ तद्वै देवाः शुश्रुवुर्विभजन्ते ह वा इमामसुराः पृथिवीं प्रेत तदेष्यामो यत्रेमामसुरा विभजन्ते। के ततः स्याम यदस्यै न भजेमहीति। ते यज्ञमेव विष्णुं पुरस्कृत्येयुः ॥ ३ ॥ ते होचुः अनु नोऽस्यां पृथिव्यामाभजतास्त्वेव नोऽप्यस्यां भाग इति। तेऽसुरा असूयन्त इवोचुर्यावदेवैष विष्णुरभिशेते तावद्वो दद्म इति ॥ ४ ॥ वामनो ह विष्णुरास। तद्देवा न जिहीडिरे महद्वै नोऽदुर्ये नो यज्ञसम्मितमदुरिति ॥ ५ ॥ ते प्राञ्चं विष्णुं निपाद्य छन्दोभिरभितः पर्य्यगृह्णन् गायत्रेण त्वा छन्दसा परिगृह्णामीति दक्षिणतस्त्रैष्टुभेन त्वा छन्दसा परिगृह्णामीति पश्चाज्जागतेन त्वा छन्दसा परिगृह्णामीत्युत्तरतः ॥ ६ ॥ तं छन्दोभिरभितः परिगृह्य अग्निं पुरस्तात् समाधाय तेनार्चन्तः श्राम्यन्तश्चेरुस्तेने मां सर्व्वां पृथिवीं समविन्दन्त।

শতপথব্রাহ্মণ। ১। ২। ৫। ১—৭॥

দেবগণ ও অসুরগণ উভয়ে প্রজাপতির সন্তান। তাঁহারা পরস্পর বিরোধ করিয়াছিলেন; তাহাতে দেবতারা পরাস্ত হন। অসুরেরা বিবেচনা করিল, এই পৃথিবী নিশ্চয় আমাদেরই। তৎপরে তাহারা বলিল, এস আমরা এই পৃথিবী ভাগ করি; করিয়া তদ্দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে থাকি। তদনুসারে, তাহারা বৃষ-চর্ম্ম দিয়া পূর্ব্ব-পশ্চিমে বিভাগ করিতে লাগিল। দেবগণ শুনিয়া কহিলেন, অসুরেরা পৃথিবী বিভাগ করিতেছে, অতএব এস, আমরা বিভাগ-স্থলে গমন করি। যদি আমরা উহার অংশ না পাই, তাহা হইলে, আমাদের কি হইবে? তাঁহারা যজ্ঞরূপী বিষ্ণুকে পুরোবর্ত্তী করিয়া তথায় চলিলেন এবং বলিলেন, আমাদিগকে পৃথিবীর অধিকারী কর; আমাদিগকেও ইহার অংশ দান কর। অসুরেরা অসূয়া-পরবশ হইয়া প্রত্যুত্তর করিল, বিষ্ণু যে প্রমাণ স্থান ব্যাপিয়া থাকিতে পারেন, তাহাই দিব। বিষ্ণু বামন ছিলেন। দেবগণ তাহাতে অস্বীকার করিলেন না; কিন্তু আপনাদের মধ্যে এইকথা বলিলেন, অসুরেরা আমাদিগকে যজ্ঞ-পরিমিত স্থান দান করিয়াছে। তাহারা যথেষ্ট দিয়াছে। পরে তাঁহারা (অর্থাৎ দেবগণ) বিষ্ণুকে পূর্ব্বদিকে স্থাপিত করিয়া ছন্দসমূহে পরিবেষ্টিত করিলেন; বলিলেন, তোমাকে দক্ষিণ দিকে গায়ত্রীচ্ছন্দে পরিবেষ্টিত করি, পশ্চিম দিকে ত্রিষ্টুভচ্ছন্দে পরিবেষ্টিত করি এবং উত্তর দিকে জগতীচ্ছন্দে পরিবেষ্টিত করি। এইরূপে তাঁহাকে চতুর্দ্দিকে ছন্দে পরিবেষ্টিত করিয়া, তাঁহারা অগ্নিকে পূর্ব্ব দিকে স্থাপিত করিলেন, এবং অর্চ্চনা ও শ্রম করিতে করিতে বিচরণ করিতে লাগিলেন। তদ্দ্বারা তাঁহারা সমস্ত ভুবন প্রাপ্ত হইলেন।

এ বিষয়ের বৈদিক প্রমাণ যাহা কিছু উদ্ধৃত হইল, তাহার ফলিতার্থ এই যে, ঋগ্বেদসংহিতানুসারে, আদিত্য-বিশেষ বিষ্ণু অর্থাৎ সূর্য্য উদয়-কালে উদয়-গিরিতে, মধ্যাহ্নকালে অন্তরীক্ষে, এবং অস্ত-কালে অস্ত-গমন-স্থলে পদ-বিক্ষেপ করেন; আর শতপথ ব্রাহ্মণ অনুসারে, যজ্ঞস্বরূপ বামন-রূপী বিষ্ণু কৌশলক্রমে অসুরগণকে ছলনা পূর্ব্বক অবনিমণ্ডল অধিকার করিয়া লন। এই সৌর-কীর্ত্তি ও যজ্ঞ মহিমা-প্রতিপাদক বৈদিক উপাখ্যান হইতে সৃষ্টি-স্থিতি-প্রলয়কর্ত্তা বৈকুণ্ঠ-বাসী পৌরাণিক বিষ্ণুর বামনাবতার-বিষয়ক কি অদ্ভুত উপাখ্যানই উদ্ভাবিত হইয়াছে! হিন্দু-সমাজে তাহা সুপ্রসিদ্ধই আছে, অতএব বাহুল্য-ভয়ে এস্থলে আর লিখিত হইল না। ভাগবতের অষ্টমস্কন্ধের সপ্তদশ অবধি ত্রয়োবিংশ অধ্যায় পর্য্যন্ত, পদ্মপুরাণের উত্তরখণ্ডের আটচল্লিশ ও উনপঞ্চাশ অধ্যায় এবং বামনপুরাণের পঁচাত্তর অধ্যায় পাঠ করিলেই সবিশেষ জানিতে পারা যাইবে। সেই উপাখ্যানের মধ্যে বৈদিক ও পৌরাণিক বিষ্ণুর

অভেদ-প্রতিপাদন উদ্দেশে একটি কৌশলও প্রকাশ করা হইয়াছে। বৈদিক বিষ্ণু আদিত্য-বিশেষ। বামন-রূপী পৌরাণিক বিষ্ণু অদিতির পুত্র; সুতরাং তিনিও আদিত্য। ইহা হইলে, উভয় বিষ্ণুতে এ অংশে সুন্দর ঐক্য রহিয়া যায়।

এ পর্য্যন্ত বিষ্ণুর বিষয় যৎকিঞ্চিৎ যাহা লিখিত হইল, সমস্ত পাঠ করিলে দেখিতে পাওয়া যায়, প্রাচীনতর শাস্ত্র-প্রমাণে, পুরুষ ও ব্রহ্মার নামই নারায়ণ, পশ্চাৎ অপ্রাচীনতর গ্রন্থে তাহা বিষ্ণুর নামাবলী মধ্যে সন্নিবেশিত হইয়াছে; প্রাচীনতর শাস্ত্রের মত এই যে, ব্রহ্মা ও প্রজাপতি-সংজ্ঞক পুরুষ জলশায়ী ছিলেন, তৎপরিবর্ত্তে অপ্রাচীনতর গ্রন্থে বিষ্ণুই সমুদ্রশায়ী বলিয়া বর্ণিত হইয়াছেন; প্রাচীনতর শাস্ত্রানুসারে, বেদ, বিরাট্ ও বর্ণের সৃষ্টি প্রভৃতি যে কতকগুলি বিষয় ব্রহ্মা ও পুরুষ দেবের ক্রিয়া বলিয়া হিন্দুমণ্ডলীর সংস্কার ছিল, অপ্রাচীনতর গ্রন্থে তাহাও বিষ্ণুর ক্রিয়া বলিয়া প্রকাশিত হইয়াছে, এবং প্রাচীনতর শাস্ত্র প্রমাণে, পূর্ব্বতন হিন্দুরা মৎস্য কূর্ম্মাদি কতকগুলি দেবাবতারকে ব্রহ্মা ও প্রজাপতির অবতার বলিয়া বিশ্বাস করিতেন, অপ্রাচীনতর শাস্ত্রানুসারে, ইদানীন্তন হিন্দুরা সে সমুদায়কে বিষ্ণুর অবতার বলিয়া প্রত্যয় যাইতেছেন। ফলতঃ পূর্ব্বতন দেবতা-বিশেষের অনেকানেক উপাখ্যান পশ্চাৎ রূপান্তরিত ও পরিবর্দ্ধিত করিয়া পৌরাণিক বিষ্ণুর মহিমা-প্রকাশ উদ্দেশে নিয়োজিত হইয়াছে ইহা হিন্দু-শাস্ত্রের বহুতর স্থলে দেদীপ্যমান দেখিতে পাওয়া যায়। ভক্ত জনেরা অন্যদীয় সুশোভন অলঙ্কার অপহরণ করিয়া আপন আপন ইষ্টদেবের মনোমত সজ্জা প্রস্তুত করিয়া দিয়াছেন। এইরূপে, 'উদোর পিণ্ড বুধোর স্কন্ধে' স্থাপন করিয়া হিন্দু-ধর্ম্মের অভিনব রূপ উৎপাদন করা হইয়াছে। হিন্দু-শাস্ত্র ক্রমশঃ কত পরিবর্ত্তিত ও কি বিপর্য্যস্তই হইয়া গিয়াছে!

রাম-পরশুরামাদি।—বিষ্ণ্বতারের মধ্যে হিন্দুসমাজে এখন রাম-কৃষ্ণের উপাসনাই প্রচলিত ও প্রবল। পূর্ব্ব কালে অসাধারণ বীর-পুরুষদের অর্চ্চনা নানাদেশে প্রচারিত হয়। সেইরূপ, ভারতবর্ষেও রাম-পরশুরামাদি বীর-পুরুষ দেবতা বলিয়া কীর্ত্তিত ও পূজিত হইয়া আসিয়াছেন। রামচন্দ্র দক্ষিণাপথে ও লঙ্কায় অর্থাৎ সিংহল দ্বীপে * গমন করিয়া শৌর্য্য-বীর্য্য প্রকাশ করেন ইহাই কীর্ত্তন করা রামায়ণ-রচনার প্রধান উদ্দেশ্য। পরশুরামও ঐ অঞ্চলে পরিভ্রমণ পূর্ব্বক কেরলরাজ্য

* পূর্ব্বে সিংহল দ্বীপেরই নাম লঙ্কা ছিল একথাটি নিতান্ত আধুনিক অনুমান নয়। পালিভাষায় বিরচিত একখানি পুরাতন গ্রন্থে এ বিষয়ের একটি প্রবাদ লিপিবদ্ধ আছে।

সীহবাহু নরিন্দো সো যেন সীহং হনামাসী। তেন তস্সত্মজানস্সা সীহল

সংস্থাপন ও তথায় বারম্বার আর্য্য-বংশ ও আর্য্য-ধর্ম্ম প্রতিষ্ঠা করেন এইরূপ বর্ণিত আছে *। হয়ত, ইনি ভারতবর্ষের দক্ষিণখণ্ডে আর্য্য-বাস ও আর্য্য-ধর্ম্ম-সংস্থাপনের সূত্রপাত করিয়া যান। ফলতঃ, রাম পরশুরাম উভয়েরই উল্লিখিত রূপ পরিকীর্ত্তিত বীরত্ব-গুণ-প্রচারেই তাঁহাদিগকে বিষ্ণ্বতার করিয়া তুলিয়াছে।

---

जातिमदन्तरे ॥ सीहलेन अयं लङ्का गहिता तेन वासिना। तेनेव सीहलन्-नाम सञ्जातं सीहलन्तु ता ॥

মহাবংশ। সপ্তম পরিচ্ছেদ।

সীহবাহু রাজা সিংহ বধ করেন, এই হেতু তদীয় পুত্রগণ সীহল বলিয়া উল্লিখিত হয়। সেই সীহলেরা এই লঙ্কা অধিকার করিয়া তাহাতে অধিবাস করেন, এই নিমিত্ত ইহার নাম সীহল হইল।

পালিভাষার সীহল শব্দ সংস্কৃতভাষার সিংহল শব্দের রূপান্তর।

* পরশুরাম বারম্বার ক্ষত্রিয়-কুল ধ্বংস করেন এ প্রবাদ অপর সাধারণ সকলেরই বিদিত আছে। তদ্ভিন্ন, তাঁহার দক্ষিণাপথ-সংক্রান্ত কীর্ত্তি-বিষয়ক অন্য একটি কথাও লিপিবদ্ধ রহিয়াছে। তিনি যে ঐ অঞ্চলে গিয়া অবস্থিতি করেন, মহাভারতের স্থল-বিশেষে তাহার সূচনা আছে।

गच्छ तीरं समुद्रस्य दक्षिणस्य महामुने ।
न ते मद्विषये राम वस्तव्यमिह कर्हिचित् ॥
ततः शूर्पारकं देशं सागरस्तस्य निर्ममे ।
सहसा जामदग्न्यस्य सोऽपरान्तमहीतलं ॥

শান্তিপর্ব্ব। রাজধর্ম্ম। ৪৯। ৬৬—৬৮॥

মহামুনি রাম! আমার অধিকারে বাস করা কদাচ তোমার উচিত নয়। অতএব তুমি দক্ষিণসমুদ্র-তীরে গমন কর। তৎপরেই সাগর তাঁহার নিমিত্তে শূর্পারক দেশ নির্ম্মাণ করিয়া দিলেন। তিনি পৃথিবীর অপরান্ত দেশে গমন করিলেন।

স্কন্দ পুরাণের সহ্যাদ্রি খণ্ডে লিখিত আছে,

समस्तपर्य्ये तदा देशे कैवर्त्तान् प्रेक्ष्य भार्गवः ।
× × × यज्ञसूत्रमकल्पयत् ॥
स्थापयित्वा स्वकीये स क्षेत्रे विप्रान् प्रकल्पितान् ।
जामदग्न्यस्तदोवाच सुप्रीतेनान्तरात्मना ॥ (ইত্যাদি)।

স্কন্দপুরাণীয় সহ্যাদ্রিখণ্ডের উত্তর কাণ্ড।

কৃষ্ণ।—বেদের মধ্যে শ্রীকৃষ্ণের প্রসঙ্গ প্রায়ই নাই; কেবল উহার সর্ব্বাপেক্ষা অপ্রাচীন অংশে অর্থাৎ উপনিষদ্-ভাগে তাঁহার নাম উল্লিখিত আছে *। তদ্ভিন্ন, ঐ শাস্ত্রের কোন স্থানে তিনি সৃষ্টি-স্থিতি-প্রলয়-কর্ত্তা পরমেশ্বর অথবা একটি প্রধান দেবতা বলিয়া বর্ণিত হন নাই।

তখন পরশুরাম সেই ব্রাহ্মণ-বর্জ্জিত দেশে কৈবর্ত্তদিগকে দেখিয়া যজ্ঞসূত্র প্রদান করিলেন এবং সেই কৃত-ব্রাহ্মণদিগকে নিজ ক্ষেত্রে স্থাপন করিয়া সুপ্রীত মনে বলিলেন, (ইত্যাদি)।

কেরল-উৎপত্তি নামক গ্রন্থে পরশুরামের দক্ষিণাপথ-সংক্রান্ত কীর্ত্তি সমুদায় সবিশেষ বর্ণিত হইয়াছে। Taylor's Oriental Manuscripts, Vol. 2. ও Wilson's Mackenzie Collection, Vol. 2. এই দুই পুস্তক পাঠ করিলে এবিষয়ের অনেক কথা প্রাপ্ত হওয়া যাইবে।

* तद्धैतद्घोर आङ्गिरसः कृष्णाय देवकीपुत्रायोक्त्वोवाच । अपिपास एव स बभूव । सोऽन्तवेलायामेतत्त्रयं प्रतिपद्येताक्षितमस्यच्युतमसि प्राणसंशितमसीति ॥

ছান্দোগ্যোপনিষদ্। ৩ প্রপাঠক। ১৭ খণ্ড॥

অঙ্গিরার বংশোদ্ভব ঘোর ঋষি দেবকী-পুত্র কৃষ্ণকে তাহা উপদেশ দিয়া বলিলেন। তিনি (শ্রবণ করিয়া) তৃষ্ণা-রহিত অর্থাৎ কামনা-শূন্য হইলেন। তাহা এই, অন্ত-কালে অর্থাৎ মৃত্যু-সময়ে এই তিন বাক্য অবলম্বন করিবে, অক্ষিতমসি, অচ্যুতমসি ও প্রাণসংশিতমসি।

তৈত্তিরীয় আরণ্যকে বাসুদেবের প্রসঙ্গ আছে বটে *, কিন্তু তাহাও কৃষ্ণ-বিষয়ের অধিক প্রাচীনত্বের পরিচায়ক নয়। একেতো, বেদের সমস্ত আরণ্যক-ভাগ অপেক্ষাকৃত অপ্রাচীন †; তাহাতে আবার, যে কাল পর্য্যন্ত কেবল বৈদিক ধর্ম্মই ভারতবর্ষীয় আর্য্যবংশীয়দের জাতীয় ধর্ম্ম ছিল, তৈত্তিরীয় আরণ্যকে তাহার উত্তরকালীন ধর্ম্ম-কর্ম্মাদি বিনিবেশিত রহিয়াছে ‡। অতএব ঐ আরণ্যক সমধিক অপ্রাচীন। উহার যে অংশে বাসুদেবের নাম লিখিত আছে,

* তৈত্তিরীয় আরণ্যক। ১০। ১। ৬॥

† এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৮৯ পৃষ্ঠা দেখ।

‡ তৈত্তিরীয় আরণ্যকের দশম প্রপাঠক পাঠ করিলেই এরূপ অনেক বিষয় দেখিতে পাওয়া যাইবে।

রামায়ণের প্রথম প্রণয়ন-কালে রাম ও মহাভারতের * প্রথম রচনা-কালে কৃষ্ণ বিষ্ণ্বতার বলিয়া পরিগণিত ছিলেন না এই অনুমানের বিষয় ইতি পূর্ব্বে লিখিত হইয়াছে †। এক সময়ে যে, কৃষ্ণ ঈশ্বরাবতার বলিয়া লোকের সংস্কার ছিল না, মহাভারতের মধ্যে তাহার বহুতর নিদর্শন লক্ষিত

যাজ্ঞিকী উপনিষদ্। তাহা পূর্ব্বোক্ত সুপ্রসিদ্ধ দশোপনিষদের অন্তর্গত ছান্দোগ্যোপনিষদ্ অপেক্ষা আধুনিক তাহার সন্দেহ নাই *।

* অর্থাৎ মহাভারতীয় অষ্টাদশ পর্ব্বের।

† ৮৯ ও ৯০ পৃষ্ঠা।

মহাভারতে শ্রীকৃষ্ণের ঈশ্বরত্ব-প্রতিপাদক অনেক স্থলই যে পশ্চাৎ বিনিবেশিত হয় ইহা একরূপ স্পষ্ট দেখিতে পাওয়া যায়। মহাভারতীয় মূল উপাখ্যানের সহিত কৃষ্ণ-প্রধান ভগবদ্গীতার কোনরূপ সম্বন্ধ নাই। ঘোরতর যুদ্ধবর্ণনার মধ্যে একখানি পরমার্থ-প্রধান সঙ্কলিত দর্শন-শাস্ত্র সন্নিবেশিত করা হইয়াছে। প্রকৃত, "হাটের মাঝে ব্রহ্মজ্ঞান"। ঐ প্রবন্ধ-রচনার উদ্দেশ্য কি জান? জীবাত্মার ধ্বংস হয় না, অতএব যত ইচ্ছা নর-হত্যা কর, তাহাতে কিছুমাত্র পাতক নাই। শান্তিপর্ব্বের ২০৭ অধ্যায়ের উপাখ্যানটি কেবলই বিষ্ণু-মহিমা-কীর্ত্তন; তাহার মধ্যে কয়েকটি স্থলে কৃষ্ণবাচক শব্দ বিদ্যমান আছে এবং সর্ব্বশেষের দুইটি শ্লোকে বিষ্ণু ও কৃষ্ণের অভেদ বর্ণন করা হইয়াছে। পাঠ করিলে, ঐ শেষ টুকু পশ্চাৎ সংযোজিত বলিয়া সহজেই অনুমান হয়। এই স্থল গুলি রহিত করিলে, উল্লিখিত উপাখ্যানের কিছুমাত্র অপচয় হয় না। শান্তিপর্ব্বের ২৮০ অধ্যায়ে বিষ্ণুর মহিমা-কীর্ত্তনই চলিতেছে; প্রথমে তাহার মধ্যে কোন স্থলে কৃষ্ণ-প্রসঙ্গ উপস্থিত নাই; সর্ব্বশেষে যুধিষ্ঠির কোন উপলক্ষ বা প্রয়োজন সূচনা ব্যতিরেকে ভীষ্মকে জিজ্ঞাসা করিলেন, পিতামহ! এই কৃষ্ণই কি সেই ভগবান্ নারায়ণ? এই শেষ অংশ টুকু পরিত্যাগ করিলে ঐ উপাখ্যানের কিছুমাত্র হানি হয় না। ঐ উপাখ্যানটি আদ্যোপান্ত পাঠ করিয়া দেখিলে বোধ হয়, যেন কৃষ্ণকে পূর্ণব্রহ্ম ভগবান্ বলিয়া প্রতিপন্ন করিবার উদ্দেশেই এই অংশ টুকু পশ্চাৎ প্রক্ষিপ্ত হইয়াছে।

* যাজ্ঞিকী উপনিষদের নানাপ্রকার পাঠ আছে; দ্রাবিড়, আন্ধ্র, কার্ণাটক ইত্যাদি। ঐ কয়েকটি দেশ দক্ষিণাপথের অন্তর্গত। অতএব এ বিষয়টিও ঐ উপনিষদের বা ঐ আরণ্যকের অতিমাত্র আধুনিকত্বের পরিচায়ক। বেদের প্রাচীনতর অংশ-সমুদায়-রচনার সময়ে দক্ষিণাপথে আর্য্যবংশীয়দের বাসবিস্তার হয় নাই। সেই সমস্ত অংশে ঐ দক্ষিণ খণ্ডের অন্তর্গত কোন স্থান ও কোন বস্তুর কিছুমাত্র নামগন্ধ নাই।——এই গ্রন্থের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৮৬ পৃষ্ঠা।

হইয়া থাকে। দুর্য্যোধন, দুঃশাসন, কর্ণ ও শকুনি শ্রীকৃষ্ণকে বন্ধন করিতে কৃত-সংকল্প হন *। কর্ণ মদ্ররাজ শল্যকে কৃষ্ণ অপেক্ষা গুণবান্, বলবান্ ও বীর্য্যবান্ বলিয়া বর্ণন করেন †। দুর্য্যোধন শল্যকে কৃষ্ণ অপেক্ষা গুণশালী, বল-বীর্য্য-সম্পন্ন ও অশ্ববিদ্যায় নৈপুণ্যশালী বলিয়া প্রশংসা করেন ‡। যুধিষ্ঠির রাজসূয় সভায় কৃষ্ণকে অর্ঘ্য প্রদান করাতে, শিশুপাল যুধিষ্ঠিরাদিকে যার পর নাই ভর্ৎসনা করেন এবং সেই সঙ্গে কৃষ্ণকে একটি নিতান্ত নিকৃষ্ট সামান্য লোক বলিয়া অবজ্ঞা ও অশ্রদ্ধা প্রকাশ করিতে থাকেন ¶। এই সমস্ত বিষয় যে সময় প্রথম কথিত, রচিত বা প্রচারিত হয়, সে সময়ে শ্রীকৃষ্ণকে দেবাবতার বলিয়া সর্ব্বসাধারণের বিশ্বাস থাকা কোন মতেই সঙ্গত নয়। ভাগবত ও ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে শ্রীকৃষ্ণ স্বয়ং বিষ্ণু অর্থাৎ পরাৎপর পরমেশ্বর বলিয়াই বর্ণিত হইয়াছেন। "কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং" §। এমন কি, তাঁহারে অবতারের মধ্যে গণ্য করিলে, তাঁহার অবমাননা করা হয়। এজন্য বিষ্ণ্বতারের চিত্রপটে শ্রীকৃষ্ণের প্রতিরূপ চিত্রিত হয় না। কিন্তু তিনি একেবারেই এরূপ উন্নত পদ প্রাপ্ত হন নাই। স্বয়ং বিষ্ণু দূরে থাকুক, প্রথমে তদীয় অংশ বলিয়াও পরিগৃহীত ছিলেন না। বিষ্ণু-প্রধান বিষ্ণুপুরাণে লিখিত আছে, কৃষ্ণ বিষ্ণুর অংশের একটু অংশমাত্র।

मैत्रेय श्रूयतामेतद् यत् पृष्टोऽहमिदं त्वया।
विष्णोरंशांशसम्भूतिचरितं जगतो हितम्॥

বিষ্ণুপুরাণ। ৫। ১। ৪॥

মৈত্রেয়! বিষ্ণুর অংশের অংশ স্বরূপ (শ্রীকৃষ্ণ) জন্ম গ্রহণ করিয়া জগতের যে সমস্ত হিতকর কার্য্য সাধন করিয়াছেন, তুমি আমার নিকট তাহা জানিতে ইচ্ছা করিয়াছ; শ্রবণ কর।

মহাভারতের স্থল-বিশেষে দেখিতে পাওয়া যায়, তিনি এক সময়ে বিষ্ণুর অষ্টমাংশ মাত্র বলিয়া গণ্য ছিলেন।

तुरीयार्द्धेन तस्येमं विद्धि केशवमच्युतम्।

* উদ্যোগ পর্ব্ব। ১২৯। ৫ ইত্যাদি।

† কর্ণপর্ব্ব। ৩১। ৬১—৬৬॥

‡ কর্ণপর্ব্ব। ৩২। ৬১—৬৪॥

¶ সভাপর্ব্ব। ৩৬॥

§ ভাগবত। ১ স্কন্ধ। ৩ অধ্যায়। ২৮ শ্লোক॥

তুরীয়ার্দ্ধেন লোকাংস্ত্রীন্ ভাবয়ত্যেব বুদ্ধিমান্ ॥

শান্তিপর্ব্ব। ২৮১। ৬৪॥

এই অবিনশ্বর কেশব তাঁহারই অষ্টম অংশ স্বরূপ জানিবে। সেই বুদ্ধিমান্ পুরুষের অষ্টমাংশ হইতে লোকত্রয় উৎপন্ন হয়।

শ্রীভাগবতের সমুদায় কথা কিছু তদীয় প্রণেতার স্বকপোল-কল্পিত নয়। অন্যান্য পুরাণকর্ত্তার ন্যায় তাঁহাকেও পূর্ব্ব পূর্ব্ব উপাখ্যান সঙ্কলন করিয়া তাহার অভিনবরূপ বেশ-বিন্যাস করিতে হইয়াছে। অতএব, শ্রীকৃষ্ণকে পরাৎপর-পূর্ণস্বরূপ স্বয়ং ভগবান্ বলিয়া প্রচার করা তাঁহার প্রধান উদ্দেশ্য হইলেও, কৃষ্ণ যে বিষ্ণুর অংশ মাত্র এই অপেক্ষাকৃত পূর্ব্বতন কথাও ভাগবতের মধ্যে রহিয়া গিয়াছে।

সংস্থাপনায় ধর্ম্মস্য প্রশমায়েতরস্য চ।
অবতীর্ণোহি ভগবানংশেন জগদীশ্বরঃ ॥

ভাগবত। ১০। ৩৩। ২৭॥

অধর্ম্ম-দমন ও ধর্ম্ম-সংস্থাপন উদ্দেশে ভগবান্ পরমেশ্বর অংশাবতার (অর্থাৎ নিজ অংশস্বরূপ কৃষ্ণাবতার) হইয়াছেন।

স্থলান্তরে লিখিত আছে, কৃষ্ণ বিষ্ণুর একগাছি কেশ মাত্র।

এবং সংস্তূয়মানস্তু ভগবান্ পরমেশ্বরঃ।
উজ্জহারাত্মনঃ কেশৌ সিতকৃষ্ণৌ মহামুনে ॥
উবাচ চ সুরানেতৌ মৎকেশৌ বসুধাতলে।
অবতীর্য্য ভুবোভারক্লেশহানিং করিষ্যতঃ ॥
× × × × × ×
বসুদেবস্য যা পত্নী দেবকী দেবতোপমা।
তস্যায়মষ্টমো গর্ভো মৎকেশো ভবিতা সুরাঃ ॥
অবতীর্য্য চ তত্রায়ং কংসং ঘাতয়িতা ভুবি।
কালনেমিং সমুদ্ভূতমিত্যুক্ত্বান্তর্দধে হরিঃ ॥

বিষ্ণুপুরাণ। ৫। ১। ৫৯, ৬০, ৬৩ ও ৬৪॥

মহামুনি! ভগবান্ পরমেশ্বর (দেবগণ কর্ত্তৃক) এইরূপ স্তূয়মান হইয়া আপনার শুক্ল ও কৃষ্ণ দুইগাছি কেশ উৎপাটন করিলেন এবং দেবগণকে বলিলেন, আমার এই কেশদ্বয় ভূতলে অবতীর্ণ হইয়া ভূলোকের ভার

ও ক্লেশ মোচন করিবে। × × × × × × দেবগণ! বসুদেবের দেবকী নামে দেবতা-সদৃশী যে এক ভার্য্যা আছে, আমার এই কেশ তাহার অষ্টম গর্ভে জন্মগ্রহণ করিবে। এই কেশ তথায় অবতীর্ণ হইয়া কংসরূপে সমুৎপন্ন কালনেমিকে সংহার করিবে। এই কথা বলিয়া বিষ্ণু অন্তর্হিত হইলেন।

এক সময়ে যিনি এইরূপ বিষ্ণুর অংশের অংশমাত্র বলিয়া গণ্য ছিলেন, পশ্চাৎ ভক্তগণের ভক্তি-প্রভাবে উত্তরোত্তর তাঁহার অতিমাত্র উন্নত পদ প্রকল্পিত হইয়া আসিয়াছে। মহাভারতে তিনি সচরাচর রাজা ও বীর-পুরুষ, কুত্রাপি উপাস্য এবং কোথাও বা কঠোর তপস্যায় অনুরক্ত উপাসক বলিয়া বর্ণিত হইয়াছেন। উহার কোন স্থানে তাঁহা কর্ত্তৃক শিবোপাসনা-বৃত্তান্ত *, কুত্রাপি শিব-কৃষ্ণের বিবাদ-প্রসঙ্গ †, এবং কোথাও বা ঐ উভয়ের অভেদ ভাব‡-বর্ণন সন্নিবেশিত আছে। নরনারায়ণের অবতার-প্রসঙ্গে লিখিত আছে, নারায়ণ মহাদেবের গলা টিপিয়া ধরেন, ইহাতেই তাঁহার কণ্ঠদেশ নীলবর্ণ হইয়া যায়।

ততঃ এনং সমুদ্ভূতং কণ্ঠে জগ্রাহ পাণিনা।
নারায়ণঃ স বিশ্বাত্মা তেনাস্য শিতিকণ্ঠতা॥

শান্তিপর্ব্ব। ৩৪৪। ৮৬ ও ৮৭॥

পরে সেই বিশ্বের আত্মাস্বরূপ নারায়ণ এই অদ্ভুতস্বরূপ মহাদেবের কণ্ঠদেশ হস্ত দ্বারা ধারণ করেন, ইহাতে তাঁহার গলদেশ কৃষ্ণবর্ণ হইয়া যায়।

শান্তিপর্ব্বের উক্ত অধ্যায়েরই ১০৭ শ্লোকে লিখিত আছে, মহাদেব নারায়ণের বক্ষঃস্থলে শূল-প্রহার করেন, তাহাতে একটি চিহ্ন হয়, সেই চিহ্নের নাম শ্রীবৎস চিহ্ন। দেবতা-বিশেষের ভক্ত-বিশেষের ভক্তি-ভাব অনুসারে ভিন্ন ভিন্ন সময়ে এই সমস্ত বিরচিত হইয়াছে তাহার সন্দেহ নাই।

কৃষ্ণ বৈদিক দেবতা নন একথা ইতিপূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। কোন কোন পুরাণকর্ত্তার গুণের পরিসীমা নাই। তাঁহারা কৃষ্ণ দূরে থাকুক, রাধাকেও বৈদিক দেবতা এবং বেদ-শাস্ত্রকে ঐ উভয়ের মহিমা-বর্ণনায় পরিপূর্ণ বলিয়া প্রকাশ করিয়াছেন। রাধার বিষয় বেদের মধ্যে থাকা দূরে থাকুক, হরিবংশ, ভাগবত, বিষ্ণুপুরাণ এই সমস্ত বিষ্ণু প্রধান শ্রেষ্ঠ

* দ্রোণপর্ব্ব। ৮০। ৪৩॥ শান্তিপর্ব্ব। ৩৪৩। ২৪—২৯॥

† শান্তিপর্ব্ব। ৩৪৪। ৮৫—১০৭॥ হরিবংশ। ১৮৩। ১৭ ইত্যাদি।

‡ শান্তিপর্ব্ব। ৩৪৩। ২৬ ও ২৭॥ হরিবংশ। ১৮৪। ১২।

পুরাণাদিতেও বিদ্যমান নাই, বেদ-শাস্ত্রের সর্ব্বাপেক্ষা অপ্রাচীন (উপনিষদ্) ভাগের মীমাংসাকারী শঙ্করাচার্য্য রাধার বিষয় জানিতেন না। ন্যূনাধিক সহস্র বৎসর হইল, তদীয় শিষ্য আনন্দগিরি শঙ্করবিজয় নামে শঙ্করাচার্য্যের জীবন-বৃত্তান্ত রচনা করেন; তাহাতে সে সময়ে প্রচলিত বলিয়া উল্লিখিত শৈব, শাক্ত, বৈষ্ণবাদি হিন্দু-শাস্ত্রোক্ত সমুদায় প্রকার উপাসক-সম্প্রদায়ের প্রসঙ্গ আছে *; তন্মধ্যে লক্ষ্মী. সরস্বতী প্রভৃতি বিষ্ণু-শক্তি ও বাসুদেবের কথাও সন্নিবেশিত রহিয়াছে †, কিন্তু রাধার নাম-গন্ধ কিছুই নাই। যদি সে সময় রাধার বিষয় প্রচারিত থাকিত, তাহা হইলে ঐ গ্রন্থে তাহার প্রসঙ্গ না থাকা কোন মতেই সম্ভব ও সঙ্গত নয়। ফলতঃ রাধার উপাখ্যানটি নিতান্ত আধুনিক। অথচ ব্রহ্মবৈবর্ত্তপুরাণের রচয়িতা মহাশয় লজ্জা-ভয় পরিত্যাগ করিয়া অম্লান বদনে বলিয়াছেন,

রাধাশব্দস্য ব্যুৎপত্তিঃ সামবেদে নিরূপিতা।

রেফোহি কোটিজন্মাঘং কর্ম্মভোগং শুভাশুভম্।
আকারো গর্ভবাসঞ্চ মৃত্যুঞ্চ রোগমুৎসৃজেৎ॥
ধকারমায়ুষোহানিমাকারো ভববন্ধনম্।
শ্রবণস্মরণোক্তিভ্যঃ প্রণশ্যতি ন সংশয়ঃ॥
রেফোহি নিশ্চলাং ভক্তিং দাস্যং কৃষ্ণপদাম্বুজে।
সর্ব্বেপ্সিতং সদানন্দং × × ×
ধকারঃ সহবাসঞ্চ তত্তুল্যকালমেব চ।
দদাতি সার্ষ্টিং সারূপ্যং তত্ত্বজ্ঞানং হরেঃ স্বয়ম্॥
আকারস্তেজসোরাশিং দানশক্তিং হরৌ যথা।
যোগশক্তিং যোগমতিং সর্ব্বকালহরিস্মৃতিম্।
শ্রুত্যুক্তিঃ স্মরণাদ্যোগান্মোহজালঞ্চ কিল্বিষম্।
রোগশোকমৃত্যুমযা বেপন্তে নাত্রসংশয়ঃ॥

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ। শ্রীকৃষ্ণজন্মখণ্ড। ১৩ অধ্যায়।

* শঙ্করবিজয়। ৪—৫১ প্রকরণ। † শ, বি, ৬, ২০ ও ২১ প্রকরণ।

সামবেদে রাধা শব্দের ব্যুৎপত্তি নিরূপিত আছে। × × × × রাধা শব্দ উচ্চারণ, শ্রবণ ও স্মরণ করিলে, উহার অন্তর্গত রকারে কোটি-জন্মার্জ্জিত পাপ ও শুভাশুভ কর্ম্ম-ভোগ নিবৃত্ত করে, আকারে গর্ভবাস অর্থাৎ পুনর্জ্জন্ম এবং রোগ ও মৃত্যু নিবারণ করে এবং ধকারে আয়ুঃক্ষয় ও আকারে সংসার-বন্ধন হইতে মুক্ত করে ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই। রকারে শ্রীকৃষ্ণের পদ-কমলে নিশ্চলা ভক্তি, দাস্য-ভাব, সমস্ত অভীষ্ট বিষয় ও সদানন্দ × × × প্রদান করে। ধকারে স্বয়ং হরির সহিত সহবাস, সার্ষ্টি ও স্বারূপ্য মুক্তি এবং তত্ত্বজ্ঞান প্রদান করে। আকারে হরিসদৃশ তেজোরাশি, দান-শক্তি, যোগ-শক্তি, যোগ-মতি ও নিরন্তর হরি-স্মরণ সম্পাদন করে। রাধা শব্দ স্মরণ ও মনন করিলে, মোহ, পাপ, রোগ, শোক ও মৃত্যু কম্পিত হইতে থাকে ইহাতে সংশয় নাই, এই বেদের উক্তি।

যে দেশ হইতে বেদ-বিদ্যা একেবারে অন্তর্হিত হইয়াছে, তদ্ভিন্ন অন্য দেশে এরূপ অভিপ্রায় প্রচার করা কোন রূপেই সম্ভব নয়। কোন বেদ-বিদ্যা-বিশারদ নিরপেক্ষ পণ্ডিত এ বিবরটি পর্য্যালোচনা করিয়া ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের রচয়িতাকে কি বিশেষণে বিশেষিত করিবেন বলিতে পারি না।

শঙ্করবিজয় খৃষ্টাব্দের নবম শতাব্দীতে বিরচিত হয়; তাহাতে বাসুদেব এবং শ্রীকৃষ্ণের নাম ও তদীয় উপাসনা-প্রসঙ্গ সন্নিবিষ্ট আছে। তিনি ভক্ত নামক বৈষ্ণব-সম্প্রদায়ের উপাস্য বলিয়া উল্লিখিত হইয়াছেন।

> आदौ भक्ता इदमूचुः । स्वामिन् वासुदेवः परमपुरुषः सर्व्वदा जगद्रक्षणपरः सर्व्वज्ञः सर्व्वदेवकारणः सन् रामकृष्णाद्यवतारविभेदेन भूभारं निवर्त्तयितुं शिष्टावनमशिष्टसंहारं च कुर्व्वन् पुण्यस्थलेषु निजाविर्भूतमूर्त्तिप्रतिष्ठामाचकार । मूढा वयं किल तदीयपादपङ्कजसेवया विगतपापा ब्रह्मलोकगतं प्राप्स्यामः ।

শঙ্করবিজয়। ষষ্ঠ প্রকরণ।

বরাহমিহিরের সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে হিন্দুধর্ম্মের যেরূপ অবস্থা ছিল, তিনি সে বিষয়ের একখানি গ্রন্থ লিখিয়া যান এবং একটি আরবীয় গ্রন্থকার আরবী ভাষায় তাহার অনুবাদ করেন। সেই পুস্তকে দেখিতে পাওয়া যায়, সে সময়ে এক্ষণকার ন্যায় শিব, বিষ্ণু প্রভৃতি সাকার দেবতার আরাধনা প্রচলিত ছিল, কিন্তু তাহাতে

কৃষ্ণোপাসনার কিছুমাত্র প্রসঙ্গ নাই*। অতএব এই প্রমাণানুসারে, সে সময় পর্য্যন্ত কোন কৃষ্ণোপাসক-সম্প্রদায় প্রবর্ত্তিত হয় নাই বলিতে হয়। ফা-হিয়ন্ নামক চীন-দেশীয় তীর্থযাত্রী খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর প্রারম্ভে ভারতবর্ষে বৌদ্ধ-তীর্থ দর্শন করিতে আসিয়া মথুরায় বৌদ্ধ ধর্ম্মেরই প্রাদুর্ভাব দেখিতে পান†। তিনি স্পষ্ট লিখিয়া গিয়াছেন, শাক্য মুনির মৃত্যু-ঘটনার পর বৌদ্ধ ধর্ম্ম বিনা ব্যাঘাতে প্রবল হইয়া আসিয়াছে। ঐ নগরীতে বৌদ্ধদের বিরচিত কয়েকখানি খোদিত-লিপি পর্য্যন্তও প্রাপ্ত হওয়া গিয়াছে‡। অতএব যে মথুরা এখন কৃষ্ণোপাসনার আকর-ভূমি, সে সময়ে তাহাতে বৌদ্ধ ধর্ম্মের প্রাদুর্ভাব ছিল। হিউএন্ থ্সঙ্ও খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে তথায় বিংশতিটি বৌদ্ধ-বিহার ও দুই সহস্র বৌদ্ধ উদাসীন দর্শন করেন। এই সমস্ত কথা বরাহমিহিরের উক্ত গ্রন্থের পোষক বলিয়া মনে হইতে পারে। কিন্তু তাঁহার বহু পূর্ব্বে কৃষ্ণ হিন্দুদের দেবমণ্ডলী মধ্যে পরিগণিত হইয়াছিলেন তাহার সন্দেহ নাই। উক্ত জ্যোতির্ব্বিদের সমকালবর্ত্তী বলিয়া উল্লিখিত কবীন্দ্র কালিদাস দুই এক স্থলে শ্রীকৃষ্ণের দেবত্ব-প্রসঙ্গ উপস্থিত করিয়াছেন। এই পুস্তকের পরিশিষ্টে দেখিতে পাইবে, ঐ কবি-কেশরী কখনই খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর উত্তরকালীন লোক ছিলেন না¶।

> রত্নচ্ছায়াব্যতিকর ইব প্রেক্ষ্যমেতত্ পুরস্তাত্
>
> বল্মীকাগ্রাত্ প্রভবতি ধনুঃখণ্ডমাখণ্ডলস্য।
>
> যেন শ্যামং বপুরতিতরাং কান্তিমাপৎস্যতে তে
>
> বর্হেণেব স্ফুরিতরুচিনা গোপবেশস্য বিষ্ণোঃ ॥
>
> মেঘদূত। পূর্ব্বমেঘ। ১৫ শ্লোক ॥

একত্র-মিলিত বহুবিধ রত্ন-প্রভার সদৃশ পরিদৃশ্যমান ইন্দ্রধনুঃ-খণ্ড ঐ সম্মুখস্থিত বল্মীকের শিরোদেশ হইতে প্রকাশ পাইতেছে। গোপ-রূপধারী বিষ্ণু (অর্থাৎ শ্রীকৃষ্ণ) যেমন উজ্জ্বল-কান্তি ময়ূরপুচ্ছ দ্বারা সুশোভিত হন, সেইরূপ, তোমার কৃষ্ণবর্ণ শরীর সেই ইন্দ্রধনু দ্বারা সাতিশয় শোভা প্রাপ্ত হইবে।

* Journal Asiatique, Tom. 8, IV. Serie, p. 305.

† Pilgrimage of Fa Hian, 1848, pp. 99 and 102.

‡ Journal of the Asiatic Society of Bengal. for 1878, p. 130.

¶ পরিশিষ্ট। ২৭৩ পৃষ্ঠা।

খৃষ্টাব্দের নানা শতাব্দীর খোদিতলিপিতে কৃষ্ণ-প্রসঙ্গ আছে *, তন্মধ্যে চতুর্থ শতাব্দীতে খোদিত গুর্জ্জর-বংশীয় নৃপতি-বিশেষের একখানি দানপত্র অপেক্ষাকৃত প্রাচীন। তাহাতে উপমাস্থলে শ্রীকৃষ্ণ ও তৎসংক্রান্ত লক্ষ্মী ও কৌস্তুভ মণির নাম উল্লিখিত রহিয়াছে †।

শ্রীসহজন্মা কৃষ্ণহৃদয়াধিষ্ঠিতাস্পদঃ কৌস্তুভমণিরিব।

লক্ষ্মীসহকারে উৎপন্ন ও কৃষ্ণ-হৃদয়ে প্রতিষ্ঠিত কৌস্তুভ মণির সদৃশ।

অতএব ঐ লিপিতে যখন লক্ষ্মী ও কৌস্তুভ মণির নাম সহকারে কৃষ্ণের নাম বিদ্যমান রহিয়াছে, তখন তিনি ঐ সময়ের পূর্ব্বে এক্ষণকার মত একটি প্রধান দেবতা বলিয়া পরিগণিত ছিলেন বলিতে হইবে। যত সময়ের খোদিতলিপিতে কৃষ্ণ-নাম সন্নিবিষ্ট দেখিতে পাওয়া যায়, তাহার মধ্যে দ্বিতীয় শতাব্দীর প্রথমার্দ্ধের খোদিতলিপি খানিই সর্ব্বাপেক্ষা প্রাচীন। ঐ লিপির তাৎপর্য্যার্থ-প্রকাশক উহাতে উল্লিখিত কৃষ্ণ শব্দটি ‡ হিন্দু-শাস্ত্রোক্ত কৃষ্ণের নাম বলিয়াই বিবেচনা করিয়াছেন। ইহা হইলে, ঐ সময়ে হিন্দু সমাজে তাঁহার দেবত্ব-প্রবাদ প্রচলিত ছিল তাহাতে কিছুমাত্র সংশয় থাকে না।

বাসুদেব নামক একটি নৃপতি খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীতে রাজত্ব করেন। তাঁহার কতকগুলি মুদ্রাও প্রাপ্ত হওয়া গিয়াছে ¶। বসুদেব-পুত্র বাসুদেব দেবের উপাখ্যান পূর্ব্বে প্রচলিত ছিল, তদনুসারে প্রচলিত রীতি ক্রমে ঐ রাজার নাম রাখা হয় ইহাই সম্ভব।

রামকৃষ্ণ গোপাল ভাণ্ডারকর প্রদর্শন করিয়াছেন, খৃ, পূ, দ্বিতীয় শতাব্দীতে কৃষ্ণোপাখ্যান হিন্দু সমাজে প্রচলিত ছিল। বস্তুতঃ ঐ সময়ে বিরচিত মহাভাষ্যের মধ্যে উদাহরণ-স্থলে কৃষ্ণ ও কৃষ্ণ সংক্রান্ত অক্রূর শঙ্কর্ষণাদির নাম এবং কৃষ্ণ কর্ত্তৃক কংস-বধের উপাখ্যান যেরূপ প্রস্তাবিত হইয়াছে, তাহা পাঠ করিলে উল্লিখিত অভিপ্রায়ে সংশয় হইবার বিষয় থাকে না।

* Journal of the Asiatic society of Bengal, Vol. IV., pp. 376 and 377, Vol. V., p. 725, Vol. VI., p. 88 &c.

† Journal of the Royal Asiatic Society, New Series, 1865, Vol. I., Part 2., p. 273.

‡ "কৃষ্ণযশস আরাম" 'কৃষ্ণযশসঃ আরাম"—
Journal of the Asiatic society of Bengal, 1854, pp. 57 and 58.

¶ Indian Antiquary, August 1881, pp. 213—217.

কংসবধমাচষ্টে কংসং ঘাতয়তি।

পাণিনি। ৩।১।২৬ সূত্রের ভাষ্য।

কংস-বধ বর্ণন করিতেছে এই অর্থে 'কংসং ঘাতয়তি' হয়।

জঘান কংসং কিল বাসুদেবঃ।

পাণিনি। ৩।২।১১১ সূত্রের ভাষ্য।

বাসুদেব কংসকে নিশ্চিত বধ করেন।

বক্তা যে ঘটনা দর্শন করেন নাই, উল্লিখিত বাক্যটি তাহারই উদাহরণ। অতএব পতঞ্জলির সময়ে উটি একটি প্রাচীন উপাখ্যান বলিয়া প্রচলিত ছিল।

অসাধুর্মাতুলে কৃষ্ণঃ।

পাণিনি। ২।৩।৩৬ সূত্রের ভাষ্য।

কৃষ্ণ মাতুলের প্রতি বিরূপ ছিলেন।

সঙ্কর্ষণদ্বিতীয়স্য বলং কৃষ্ণস্য বর্দ্ধতাম্।

পাণিনি। ২।২।২৩ সূত্রের ভাষ্য।

সঙ্কর্ষণ-সহকৃত কৃষ্ণের বল-বৃদ্ধি হউক।

অক্রূরবর্গ্যঃ অক্রূরবর্গীণঃ।

বাসুদেববর্গ্যঃ বাসুদেববর্গীণঃ।

পাণিনি। ৪।৩।৬৪ সূত্রের ভাষ্য।

অক্রূর-পক্ষীয়। বাসুদেব-পক্ষীয়।

জনার্দনস্ত্বাত্মচতুর্থ এব।

পাণিনি। ৬।৩।৬ সূত্রের ভাষ্য।

জনার্দ্দন (অর্থাৎ কৃষ্ণ) নিজে চতুর্থ ব্যক্তি। অর্থাৎ তাঁহার আর তিনটি সঙ্গী ছিল।

এই সমস্ত উদাহরণের কোনটি অনুষ্টুপ্ ও কোনটি উপেন্দ্রবজ্র ছন্দে বিরচিত। অতএব বলিতে হয়, পতঞ্জলি বিশেষ বিশেষ পদ্য গ্রন্থ হইতে ঐ সমস্ত উদাহরণ সংগ্রহ করিয়াছেন। এই সমুদায় পর্য্যালোচনা করিয়া দেখিলে এইটি প্রতীয়মান হইয়া উঠে যে, পতঞ্জলির সময়ে অর্থাৎ খৃ, পূ, দ্বিতীয় শতাব্দীতে হিন্দু-সমাজে কৃষ্ণোপাখ্যান সচরাচর প্রচলিত ছিল; এমন কি, ঐ সময়ের পূর্ব্বে কৃষ্ণ-বিষয় অবলম্বন করিয়া ভিন্ন ভিন্ন কাব্য-গ্রন্থও প্রচারিত হয় তাহার সন্দেহ নাই। কেবল উপা-

খ্যান ও গ্রন্থ প্রচলিত নয়, তাদৃশ সময়ে এবং তাহারও পূর্ব্বে ক্লষ্ণের উপাসনাও প্রচলিত ছিল বোধ হয়। পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে, * পাণিনি নিজেই একটি সূত্রে বাসুদেব-ভক্তের উল্লেখ করিয়াছেন †। যে পাণিনি-সূত্রে বাসুদেবভক্ত-বাচক বাসুদেবক পদ সিদ্ধ করা হয়, পতঞ্জলি তদীয় ভাষ্যের মধ্যে যুক্তি-প্রসঙ্গে বাসুদেব ভগবানের একটি নাম বলিয়া উল্লেখ করিয়াছেন।

অথবা নৈষা ক্ষত্রিয়াখ্যা সংজ্ঞৈষা তত্রভগবতঃ।

অথবা ইহা ক্ষত্রিয়ের নাম নয়; ভগবানের নাম।

গ্রীক্ গ্রন্থকারেরা ভারতবর্ষীয় দেবতাগণকে গ্রীক্ দেবতার নাম দিয়া বর্ণন করিয়াছেন। তাঁহাদের দেশে হেরাক্লিজ্ নামে একটি দেবতার উপাসনা প্রচলিত ছিল। খৃ,পূ, চতুর্থ শতাব্দীতে মিগেস্থিনিজ্ ভারতবর্ষে আগমন করিয়া যে সমস্ত বিষয়-বৃত্তান্ত লিখিয়া রাখেন, তাহার মধ্যে একটি ভারতবর্ষীয় প্রধান দেবতাকে সেই দেবতার নাম দিয়া তৎ- সংক্রান্ত কতকগুলি উপাখ্যান বর্ণন করিয়াছেন। তিনি বহুদারপরিগ্রহ পূর্ব্বক বহুপুত্র উৎপাদন করেন, বলবীর্য্য বিষয়ে সকল লোককে অতিক্রম পূর্ব্বক দৈত্য বধ করিয়া পৃথিবীর ভার মোচন করিয়া যান, মথুরা-প্রদেশীয় লোক কর্ত্তৃক বিশেষ রূপ শ্রদ্ধা-ভাজন হন, সেই প্রদেশ দিয়া একটি প্রবল নদী প্রবাহিত হয়, মিগেস্থিনিজ্ কর্ত্তৃক লিখিত এই সমস্ত কথা ‡ ক্লষ্ণবিষয়ে যেমন সম্ভব ও সঙ্গত হয়, অন্য কোন দেবতার বিষয়ে সেরূপ হয় না। উল্লিখিত গ্রীক্ পণ্ডিত ঐ হেরাক্লিজ্ এবং পাণ্ডিয়া ও পাণ্ডিয়া-রাজ্য সম্বন্ধীয় অপর কতকগুলি বিষয়ের বিবরণ করেন ¶। এরিয়ন্, প্লিনি, টলেমি প্রভৃতি গ্রীক্ গ্রন্থকারদের গ্রন্থে সেই সমুদায় সন্নিবিষ্ট রহিয়াছে। শ্রীমান্ লেসেন্ সেই সমস্ত পর্য্যালোচনা পূর্ব্বক মহাভারতোক্ত ক্লষ্ণ-পাণ্ডবের সম্বন্ধ-বিজ্ঞাপক বলিয়া অনুমান করেন; সুতরাং মিগে-

* উপক্রমণিকা ১০৩ পৃষ্ঠা।

† ১ অ, ৪ পা, ৯২ ও ৪ অ, ১ পা, ১১৪ সূত্রের উদাহরণে ক্লষ্ণ এবং বৃষ্ণি-বংশীয় বাসুদেবের নাম উল্লিখিত আছে। আর ৫ অ, ৩ পা, ৯৯ সূত্রের উদাহরণে শিব ও আদিত্যের সহিত বাসুদেবের নাম উক্ত হইয়াছে।

‡ Ancient India as described by Megasthenes and Arrian, by J. W. McCrindle, 1877, pp. 39 and 201.

¶ Ancient India as described by Megasthines and Arrian, by J. W. McCrindle, pp. 158 and 201—203.

স্থির নিজের সময়ে অর্থাৎ খৃ, পূ, চতুর্থ শতাব্দীতে ঐ বিষয়ের সুপ্রসিদ্ধ উপাখ্যান প্রচলিত ছিল এইরূপ বিবেচনা করিয়া থাকেন *।

বৌদ্ধ-শাস্ত্র মধ্যে সূত্রপীটক সর্ব্বাপেক্ষা প্রাচীন। তাহাতে কৃষ্ণ নামে অসুর বা দৈত্য-বিশেষের পুনঃ পুনঃ প্রসঙ্গ আছে †। বেদেতেও অসুর কৃষ্ণের নাম সন্নিবেশিত রহিয়াছে। শ্রীমান্ বেবের্ বিবেচনা করেন, হয়তো ঐ অসুর কৃষ্ণই হিন্দু-সমাজের কৃষ্ণ-দেব ‡। কিন্তু অনেকে তাঁহার সে মতে অনুমোদন করেন না ¶। সেই বেদোক্ত অসুর কৃষ্ণ দশ সহস্র দল বল সঙ্গে লইয়া পৃথিবীতে ভয়ানক উপদ্রব করিতে থাকে, পরে ইন্দ্র তাহাকে পরাভব ও সংহার করেন। অন্যান্য সূক্তে লিখিত আছে, তাহার বংশ-লোপ উদ্দেশে তদীয় গর্ভবতী স্ত্রীগণকেও নষ্ট করা হয়। অপর এক সূক্তে পঞ্চাশ সহস্র কৃষ্ণের প্রাণ নাশ করিবার প্রসঙ্গ রহিয়াছে। ভারতবর্ষের আদিম নিবাসী কৃষ্ণবর্ণ লোকই এই কৃষ্ণ শব্দের প্রতিপাদ্য বোধ হয়। বেদসংহিতায় কৃষ্ণ নামে একটি ঋষিরও প্রসঙ্গ আছে। তিনি বাসুদেব অর্থাৎ বসুদেব-পুত্র নন; আঙ্গিরস কুলে জন্ম গ্রহণ § করিয়া ঋগ্বেদসংহিতার অষ্টম মণ্ডলের ৮৫—৮৭ ও দশম মণ্ডলের ৪২—৪৪ সূক্ত প্রণয়ন করেন। এ সমুদায় কৃষ্ণের সহিত যদুপতি ও রাধাপতি কৃষ্ণের কিছুমাত্র সম্বন্ধ নাই। ফলতঃ বহু কালাবধি বৌদ্ধ-শাস্ত্রে কৃষ্ণ-প্রসঙ্গ না দেখিয়া অনেকে বিবেচনা করিয়াছেন, কৃষ্ণোপাসনাটি আধুনিক ধর্ম্ম। বিল্সন্ স্পষ্টই লিখিয়াছেন, বৌদ্ধ-শাস্ত্রে কৃষ্ণ-নাম না পাইলে, ঐ শাস্ত্র-প্রচারের উত্তর কালে কৃষ্ণোপাসনা প্রবর্ত্তিত হয় বিবেচনা করিতে হইবে।

বিশেষ বিশেষ বৌদ্ধ-গ্রন্থে কংহ, মহাকংহ অর্থাৎ কংস, মহাকংস,

---

* Lassen's Indischen Alterthumskunde, i. 647 ff., alluded to and remarked on in Weber's History of Indian Literature, 1878, p. 136.

† ললিতবিস্তর। ২১ অধ্যায় (মু, পু, ৪৩৫ পৃষ্ঠা)।

‡ Weber's History of Indian Literature, 1878, p. 304.

¶ F. Max Muller in the Indian Antiquary, November 1880, p. 289.

§ কৃষ্ণো নামাঙ্গিরসঋষিঃ।

(ঋ-সং, ৮ম, ৮৫সূ, অনুক্রম।)

কেশব প্রভৃতি নাম সন্নিবিষ্ট আছে *। পূর্ব্বজন্ম-বিশেষে বুদ্ধের নাম কণ্হ অর্থাৎ কংস ছিল এইরূপ উল্লিখিত হইয়াছে। রথপালসূত্রসন্নে নামক এক খানি গ্রন্থে লিখিত আছে, রাজা কোরব্য ভিক্ষ্বাশ্রম-প্রবেশোন্মুখ রথপালকে বলিতেছেন, তুমি প্রাচীন নও; আজিও তরুণ-বয়স্ক; তোমার কেশ কৃষ্ণের কেশ-সদৃশ †। কিন্তু শ্রীমান্ বেবের্ এই সমুদায় নামের সহিত হিন্দু-শাস্ত্রোক্ত কৃষ্ণের কোন সম্বন্ধ আছে এরূপ মনে করেন না ‡। সে যাহা হউক, কিছু দিন হইল, এ বিষয়ের সমস্ত সংশয় দূরীকৃত হইয়াছে। সুপ্রাচীন বৌদ্ধ-শাস্ত্রে কৃষ্ণের নাম সুস্পষ্ট প্রাপ্ত হওয়া গিয়াছে। ললিতবিস্তর নামক বুদ্ধ-চরিতে ইন্দ্র, চন্দ্র, সূর্য্য, কুবের, রুদ্রাদি দেবগণের সহিত কৃষ্ণের নাম উল্লিখিত আছে। সে স্থলে কৃষ্ণ দেবতা ভিন্ন কদাচ অসুর-বাচক হওয়া সম্ভব নয়। ললিতবিস্তরের অন্তর্গত গাথাগুলি সমধিক প্রাচীন। সেই গাথার মধ্যেই ঐ নাম সন্নিবেশিত রহিয়াছে।

রূপং বৈশ্রবণাতিরেকধরং ব্যক্তং কুবেরোহ্যয়ম্
আহো বজ্রধরস্য বৈষ প্রতিমা চন্দ্রোহ্য সূর্য্যোহ্যয়ম্।
কামোহক্ষাধিপতিশ্চ বা প্রতিকৃতী রুদ্রস্য কৃষ্ণস্য বা
শ্রীমান্ লক্ষণচিত্রিতাঙ্গ অনঘো বুদ্ধোহথবা হ্যাদয়ম্॥

ললিতবিস্তর। ১১ অধ্যায়।

ঐ গাথার অব্যবহিত পূর্ব্বেই তিনি মহোৎসাহ বলিয়া বর্ণিত হইয়াছেন।

অথ কৃষ্ণমহোৎসাহঃ।

এ বিশেষণটি কৃষ্ণের বৃন্দাবন-লীলা অপেক্ষা মহাভারতোক্ত চরিত-বর্ণনার সহিতই সম্পূর্ণ সঙ্গত হয়। রাধা-ঘটিত উপাখ্যান ও বর্ত্তমান কৃষ্ণোপাসক-সম্প্রদায় সমুদায় তাদৃশ প্রাচীন নয় বটে, কিন্তু কৃষ্ণের দেবত্ব-কথা অপেক্ষাকৃত প্রাচীন তাহার সন্দেহ নাই। বৌদ্ধ-শাস্ত্রে

---

* Westergaard's Catalogue of the Copenhagen Indian MSS. 1846, pp. 40 and 41.

† Hardy's Eastern Monachism, 1850, p. 41.

‡ Weber's History of Indian Literature, 1878, p. 304.

কৃষ্ণ-প্রসঙ্গ না দেখিয়া, অনেকে বিবেচনা করিতেন, মহাভারতের অন্তর্গত ভগবদ্গীতাদি কৃষ্ণ-বিষয়ক প্রবন্ধ বৌদ্ধ-শাস্ত্র প্রণয়নের অর্থাৎ খৃ. পূ. পঞ্চম বা ষষ্ঠ শতাব্দীর উত্তর-কালীন গ্রন্থ *। কিন্তু এখন আর উক্ত কারণে সেরূপ নিশ্চয় করিবার সম্ভাবনা রহিল না। †

কৃষ্ণ-বিষয় ভারতবর্ষীয়দের নানা অংশে একটি পরম সুখের বিষয় হইয়া রহিয়াছে। বৃন্দাবন-লীলার উপাখ্যানটি ভারতবর্ষীয় কবিত্ব-রসের একটি অপূর্ব্ব প্রস্রবণ। উহা পুরাণ, সংহিতা, কীর্ত্তন, কবি, যাত্রাদি নানারূপ ধারণ করিয়া সখ্য, বাৎসল্য, মাধুর্য্যাদি ভাবে ভারতভূমি মুগ্ধ করিয়া রাখিয়াছে। ভূমণ্ডলের অন্য কোন দেশের কোন একটি উপাখ্যানে এরূপ বিভিন্ন ভাব-প্রবাহ ও বিচিত্র রস-তরঙ্গিনী একত্র প্রবাহিত করিয়াছে এরূপ দেখিতে পাওয়া যায় না। রস-ভাব-পরিপূর্ণ কীর্ত্তন শ্রবণ করিলে যাহার অন্তঃকরণ দ্রবীভূত হইয়া অশ্রুজলে পরিণত না হয়, তাহার চিত্ত পাষাণ অপেক্ষায় কঠিনতর পদার্থে বিনির্ম্মিত তাহার সন্দেহ নাই। ভাব-প্রবীণ পাঠকগণ! একটি সখ্যভাবের সঙ্গীত শ্রবণ কর। এইরূপ উপাখ্যান আছে যে, শ্রীকৃষ্ণ একবার কালীয়দহে মগ্ন হন। ছিদাম তথায় দ্রুতবেগে গমন পূর্ব্বক তাঁহাকে মৃত বা মুমূর্ষু জ্ঞান করিয়া বলিতেছেন,

"একবার আয়, ভাই! নফর ছিদাম ডাকে, দেখা দেরে, রাখালের জীবন কানাই!

নানাবন বুলে বুলে, বন্‌ফল এনেছি তুলে, রেখেছি ধড়ার অঞ্চলে, মেঠো বলি খাই নাই।"

কালিদাস-কৃত সুমধুর শ্লোকের শেষার্দ্ধ-সন্নিবিষ্ট উপমা-জ্যোতিতে যেমন পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত জ্যোতিষ্মান্ করিয়া দেয়, উল্লিখিত সঙ্গীতটির অন্তর্গত "মেঠো বলি খাই নাই" এই সদ্ভাব-পরিপূর্ণ সুমধুর পদ-চতুষ্টয়ে সমগ্র সঙ্গীতটি অতিমাত্র মধুর করিয়া তুলিয়াছে।

বুদ্ধ।—এখন হিন্দু-সমাজে বুদ্ধ ও বৌদ্ধ-ধর্ম্মের বিষয় সবিশেষ প্রচারিত নাই। অতএব হিন্দু-শাস্ত্রোক্ত বুদ্ধাবতারের প্রস্তাব লিখিতে হইলে, প্রথমে উল্লিখিত বিষয় কিছু অবগত করা আবশ্যক।

---

* কিছু পরেই বুদ্ধাবতারের প্রসঙ্গ মধ্যে দেখিতে পাইবে, তাদৃশ সময়ে বৌদ্ধ-শাস্ত্র সঙ্কলিত হয়।

† Indian Antiquary, November 1880, pp. 288-290.

ভারতবর্ষীয় আর্য্য-বংশীয়দের ইতিহাস দুইটি প্রধান ভাগে বিভক্ত: হিন্দু ও বৌদ্ধ। হিন্দুধর্ম্ম আবহমান কাল প্রচলিত ছিল, ইতিমধ্যে একটি মহার্থকরী মহীয়সী ঘটনা উপস্থিত হইয়া হিন্দুধর্ম্মের ইতিহাসকে দুই ভাগে বিভক্ত করিয়া দেয়। তাহাতে ধর্ম্ম বিষয়ের একটি বিষম বিপ্লব ঘটিয়া গিয়াছে বলিলে হয়। সেইটি বেদ ও বর্ণাভিমানের মস্তকোপরি পদাঘাতকারী বৌদ্ধধর্ম্ম-প্রকাশ বই আর কিছু নয়। অসাধারণ মানসিক বীর্য্য কেবল ইয়ুরোপেই উৎপন্ন হয় এমন নয়; এক কালে ভারতভূমিতেও আগ্নেয় গিরির অগ্ন্যুৎপাতের ন্যায় মানবীয় মনের অন্তর্ভূত প্রজ্বলিত অগ্নি-রাশি সতেজে বিনির্গমন পূর্ব্বক চারি দিকে বিক্ষিপ্ত হইয়া ভূমিকম্প উৎপাদন করিয়াছিল। সেই মহাপ্রবল বৌদ্ধধর্ম্ম আবির্ভূত হইয়া হিন্দুধর্ম্মকে কম্পিত করিয়া দেয়। বৌদ্ধ-বিহার, বৌদ্ধ-চৈত্য, বৌদ্ধ-স্তূপ, বৌদ্ধ-তীর্থ, বুদ্ধাদির প্রতিমূর্ত্তি ইত্যাদি বৌদ্ধধর্ম্ম-সংক্রান্ত বিষয়ে ভারতভূমি পরিব্যাপ্ত হইয়া যায়। হিউএন্ থ্সঙ্গ্ প্রভৃতি চীন-দেশীয় তীর্থযাত্রীরা যে সময়ে এখানে আগমন ও পরিভ্রমণ করেন, সে সময়ের পূর্ব্বে ঐ ধর্ম্মের অনেক হ্রাস হয়। তথাপি সে সময়েও তাঁহারা ভারতবর্ষের সকল খণ্ডেই বৌদ্ধতীর্থাদি দর্শন করিয়া যান। অদ্যাপি বুদ্ধগয়াদি বৌদ্ধতীর্থ প্রভৃতির নষ্টাবশেষও দৃষ্ট হইয়া থাকে। খৃ, পৃ, ষষ্ঠ বা পঞ্চম শতাব্দীতে নেপালের সমীপস্থ কপিলবস্তু-নিবাসী ক্ষত্রিয়-কুলোদ্ভব শাক্য মুনি বৌদ্ধ-মত প্রবর্ত্তিত করেন। তাঁহার অন্য একটি নাম গোতম। তিনি রাজা শুদ্ধোদনের পুত্র, তাঁহার মাতা মায়াদেবী, ভার্য্যা যশোধরা ও পুত্র রাহুল। তিনি অতিশয় বুদ্ধিমান্ ও অনুধ্যানশীল ছিলেন। সংসার দুঃখময় ও এই দুঃখ হইতে পরিত্রাণ-সাধন আবশ্যক বিবেচনা করিয়া এবং উদাসীনদিগের শান্তভাব ও বিষয়-বৈরাগ্য দৃষ্টি করিয়া গৃহ হইতে বহির্গত হন। তিনি প্রথমে মগধ রাজ্যের রাজধানী রাজগৃহে, পরে বুদ্ধগয়ায়, তদনন্তর বারাণসীতে গমন করিয়া সাধনা ও উপদেশ প্রদান করেন। তাঁহার জীবন-বৃত্তান্ত পর্য্যালোচনা করিয়া দেখিতে পাওয়া যায়, তিনি প্রয়াগের পূর্ব্ব, গৌড়ের পশ্চিম, হিমালয়ের দক্ষিণ ও গন্দোয়ানার উত্তর এই চারি সীমার মধ্যবর্ত্তী স্থলে অর্থাৎ অযোধ্যা, মিথিলা, বারাণসী, মগধ এই সমস্ত রাজ্যে অবস্থিতি পূর্ব্বক স্বমতানুযায়ী ধর্ম্ম প্রচার করিতে প্রবৃত্ত থাকেন। তিনি পরমপুরুষার্থ-সাধনাকাঙ্ক্ষী একরূপ উদাসীন-সম্প্রদায়* প্রবর্ত্তিত করেন, তাহাদের ও

* বৌদ্ধ-সম্প্রদায়ী উদাসীনের নাম ভিক্ষু। ইহারা দল-বদ্ধ হইয়া একত্র অবস্থিতি করে। ইহাদের বাসগৃহের নাম বিহার; কিন্তু বৎসরে কয়েক মাস বনবাস করিয়া বৃক্ষ-তলে কাল যাপন করিতে হয়। ইহারা স্বহস্তে সূত্র চীর-পুঞ্জ পরিধান করিয়া তাহার আবরণস্বরূপ একটি পীতবর্ণ আল্‌খেল্লা ব্যবহার করে। শ্মশ্রু ও মস্তক মুণ্ডন করিয়া রাখে। স্ত্রী-

অপরাপর লোকের ধর্ম্মোপদেশার্থ ভিন্ন ভিন্ন দুই প্রকার ব্যবস্থা সংস্থাপন করেন এবং সত্য, অস্তেয়, অহিংসাদি স্বভাবসিদ্ধ ধর্ম্মনীতির প্রাধান্য ঘোষণা করিয়া দেন। পশ্চাৎ সংক্ষেপে তাহার বিবরণ করা যাইবে। শাক্যমুনি বেদ শাস্ত্রের প্রতি অনাস্থা প্রদর্শন ও তদ্বিরুদ্ধ মত প্রকটন করিয়াছিলেন, কিন্তু স্ব সম্প্রদায় মধ্যে বর্ণ-বিচার প্রথা রহিত করেন এরূপ কোন নিদর্শন প্রাপ্ত হওয়া যায় না। তবে বর্ণাভিমান খর্ব্ব করিয়া কি ইতর, কি ভদ্র, কি ম্লেচ্ছ সকলকেই ধর্ম্মোপদেশ প্রদান করেন। এমন কি, অতীব অন্ত্যজ জাতি পর্য্যন্তও ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি শ্রেষ্ঠ বর্ণের ন্যায় ভিক্ষু-দলে প্রবেশ করিতে পারে। বৌদ্ধধর্ম্মাবলম্বী যে জন-সমাজে পূর্ব্বে বর্ণভেদ প্রচলিত ছিল, অদ্যাপি সেইরূপ আছে। কেবল ব্রাহ্মণবর্ণটি রহিত হইয়া গিয়াছে *। তিনি নিজে প্রথমে কঠোর তপস্যা ও কঠোর ব্যবহার অবলম্বন করেন, কিন্তু পশ্চাৎ তাহাতে বিনিবৃত্ত হইয়াছিলেন। এমন কি, তাঁহার পাঁচটি পরম ভক্ত প্রিয় শিষ্য তাঁহাকে উদর-পরায়ণ বিবেচনা পূর্ব্বক পরিত্যাগ করিয়া কাশীবাসী

---

সহবাস ও নৃত্যগীতাদি অন্য অন্য যাবতীয় ইন্দ্রিয়-সুখ-ব্যাপার পরিত্যাগে ব্রত-সঙ্কল্প হয়। ইহারা একাহারী; দ্বারে দ্বারে ভিক্ষা-পর্য্যটন পূর্ব্বক আহার-দ্রব্য সংগ্রহ করিয়া পূর্ব্বাহ্ন কালেই এক স্থানে একত্র ভোজন করে ও একরূপ উপবিষ্ট হইয়াই নিদ্রা যায়। গৃহস্থ লোককে উপদেশ দান এবং মধ্যে মধ্যে চিকিৎসা করিয়া তাহাদের উপকার সাধন করে। এই সম্প্রদায়ের মতে অহিংসা পরম ধর্ম্ম। কি জানি কোন ক্ষুদ্র কীট উদরস্থ হয় এই আশঙ্কায় ইহারা সন্ধ্যার পর ভোজন করে না। কি জানি কোন ক্ষুদ্র জীবের প্রাণ নষ্ট হয় এই আশঙ্কায় ইহারা উপবেশন-স্থল মার্জ্জিত করিয়া উপবেশন করে। কি জানি নিশ্বাস সহকারে কোন কীট পতঙ্গ উদরস্থ হয় এই আশঙ্কায় কেহ কেহ মুখে একখণ্ড বস্ত্র বন্ধন করিয়া রাখে। দান, ধ্যান, শীল, তিতিক্ষা, বীর্য্য, প্রজ্ঞা এই কয়েকটি পরমোৎকৃষ্ট প্রধান বিষয়ের অনুষ্ঠান করা ইহাদের পক্ষে অবশ্য কর্ত্তব্য। বৌদ্ধ সন্ন্যাসীদের অন্য দুইটি নাম শ্রমণ ও শ্রাবক। গৃহীদের নাম উপাসক ও উপাসিকা।

বৌদ্ধ-সম্প্রদায়ী স্ত্রীলোকেরাও ধর্ম্ম-ব্রত পালন-উদ্দেশে ইচ্ছানুসারে গৃহাশ্রম পরিত্যাগ পূর্ব্বক পুরুষ-সংসর্গে নিবৃত্ত হইয়া থাকে। তাহাদিগকে ভিক্ষুণী ও শ্রমণা বলে। রোমান্ কেথলিক্ নামক খ্রীষ্টীয় সম্প্রদায়ের নন্ এবং বৌদ্ধ-সম্প্রদায়ের কুমার শ্রমণা প্রায় তুল্যরূপ। বৌদ্ধ-শাস্ত্রে দেখিতে পাওয়া যায়, শাক্যমুনির সময়েই ঐ শ্রমণা-সম্প্রদায় প্রবর্ত্তিত হয়। শ্রমণারা সর্ব্বতোভাবেই শ্রমণদিগের অপেক্ষা নিকৃষ্ট। তাহাদিগকে সম্ভ্রম ও ভক্তি শ্রদ্ধা করা ও তাহাদের উপদেশ-গ্রহণ ও আদেশ-পালন করা শ্রমণাদের পক্ষে অতীব কর্ত্তব্য। শ্রমণদিগকে উপদেশ দান, তাহাদের নিন্দা ও তাহাদিগের প্রতি পরুষ বাক্য প্রয়োগ এবং স্বেচ্ছানুসারে কুত্রাপি গমনাগমন করা শ্রমণাদের পক্ষে বিধেয় নয়। তাহাদিগকে উপদেশ-গ্রহণ বা ধ্যানাদি-সাধনার্থ কুত্রাপি গমন করিতে হইলে নির্দ্দিষ্ট সময়ে স্বস্থানে প্রত্যাগমন করিতে হয়।—Transactions of the Royal Asiatic Society, Vol. ii., p. 491 and 495; Vol. iii., p. 273 and 277. Asiatic Researches, Vol. vii., p. 42. Turner's Tibet. Hardy's Eastern Monachism, pp. 6-165. Chambers's Encyclopædia, Buddhism. পশ্চাৎ প্রসঙ্গক্রমে এই ভিক্ষু-দলের সাধনাদি অন্য অন্য বিষয় প্রস্তাবিত হইবে।

* Weber's History of Indian Literature, 1878, p. 306.

জন *। শাক্যমুনি দীর্ঘজীবী হন; অশীতি বৎসর বয়ঃক্রমের সময়েও উৎসাহ ও এজস্বিতা-সহকারে অনর্গল উপদেশ প্রদান করিতেন। এইরূপ একটি উপাখ্যান আছে যে, তিনি অপরিমিত বরাহ-মাংস ভোজন করিয়া পীড়িত হন এবং সেই পীড়াতেই তাঁহার প্রাণ-বিয়োগ হয়। ইহার পূর্ব্বেও তিনি শূকর-মাংস ভোজন করেন এরূপ লিখিত আছে। তিনি অনশন ব্রত পরিত্যাগ করিলে পর, কতকগুলি গ্রাম্য স্ত্রীলোক ভক্তিসহকারে তাঁহাকে দর্শন করিতে গিয়া তিল, তণ্ডুল ও শূকর-মাংস রন্ধন করিয়া দেয়।

একক্রোলতিলতণ্ডুলপ্রদানেন চ প্রতিপাদিতোঽভূৎ॥

ললিতবিস্তর। অষ্টাদশ অধ্যায়।

গ্রামস্থ স্ত্রীলোকেরা একটি শূকর এবং তিল ও তণ্ডুল প্রদান দ্বারা তাঁহার পূজা করিল।

আভিঃ কুমারিকাভির্বোধিসত্ত্বায় সর্ব্বে তে যূষবিধয়ঃ উপনামিতা অভূবন্। তাংশ্চাভ্যবহৃত্য বোধিসত্ত্বঃ ক্রমেণ গোচরগ্রামে পিণ্ডপাতমভ্যাচরন্ বর্ণরূপবলবানভূৎ।

ললিতবিস্তর। অষ্টাদশ অধ্যায়।

তাহারা অর্থাৎ গ্রাম্য স্ত্রীলোকেরা সেই সমস্ত শূকর, তিল, তণ্ডুলাদির যূষ প্রস্তুত করিয়া বোধিসত্ত্বের অর্থাৎ বৌদ্ধধর্ম্ম-প্রবর্ত্তক শাক্যমুনির সমীপে উপস্থিত করিল। বোধিসত্ত্ব সেই সমুদায় ভক্ষণ করিলেন এবং ক্রমে গোচর গ্রামে অবস্থিতি পূর্ব্বক অন্ন ভোজন করিয়া রূপবান্ ও বলবান্ হইলেন।

কিন্তু একথাগুলি বৌদ্ধ-সম্প্রদায়ের সুপ্রসিদ্ধ অহিংসা-ধর্ম্মের বিপরীত কথা। অতএব, তাঁহার সময়ে ঐ অহিংসা-ব্যবস্থা প্রবর্ত্তিত

* অত্র খলু ভিক্ষবঃ পঞ্চকানাং ভদ্রবর্গীয়াণামেতদভূৎ। তথাপি নাম দুষ্কর্য্যয়া তথাপি প্রতিপদা শ্রমণেন গৌতমেন ন শক্তিতং * কিঞ্চিদুত্তরিমনুষ্যধর্ম্মাদলমার্য্যজ্ঞানদর্শনবিশেষং সাক্ষাৎ কর্ত্তুম্। কিং পুনরেতর্হ্যৌদারিকমাহারমাহারয়ন্ সুখল্লিকায়োগমনুযুক্তো বিহরত্যব্যক্তো বালোঽয়মিতি চ মন্যমানা বোধিসত্ত্বস্যান্তিকাৎ প্রক্রান্তাস্তে বারাণসীং গত্বা ঋষিপতনে মৃগদাবে ব্যাহার্ষুঃ॥

ললিতবিস্তর। অষ্টাদশ অধ্যায়। মুদ্রিত পুস্তকের ৩৫১ পৃষ্ঠা।

* "ন শক্তিতং" ন শক্নুমিত্যর্থঃ।

হইয়াছিল কি না সন্দেহ। এখনও জৈনেরা যত অহিংসা-পরায়ণ, বৌদ্ধেরা তত নয়। চীন-দেশীয় বৌদ্ধেরা সচরাচর মাংস ভক্ষণ করিয়া থাকেন।

শাক্য কোন লিখিত গ্রন্থ রাখিয়া যান নাই। তাঁহার মৃত্যুর পর বৌদ্ধদের চারিটি মহাসভা হয়। খৃষ্টাব্দের ষষ্ঠ বা পঞ্চম শতাব্দীতে মগধরাজ্যাধিপতি অজাতশত্রু, উহার এক শতাব্দী পরে কালাশোক, খৃ, পূ, ২৪৬ বা ২৪৭ অব্দে অশোক এবং খৃ, পূ, ১৪৩ অব্দে কাশ্মীরের তুরষ্ক রাজা কনিষ্ক যথাক্রমে এক একটি সভা করেন *। ইহার প্রথম সভাতে বুদ্ধের উপদেশ ও কথাবার্ত্তা সঙ্কলিত হইয়া বৌদ্ধ-শাস্ত্র প্রস্তুত হয়। ঐ শাস্ত্র তিন প্রকার ; সূত্র-পিটক, বিনয়-পিটক ও অভিধর্ম্ম-পিটক। এই তিনের সমবেত নাম ত্রিপিটক। ইহাতে বৌদ্ধ-সম্প্রদায়ের মত, নীতি, উপাখ্যান, আধ্যাত্মিকবিদ্যাদি বিনিবেশিত আছে। নেপালে এই সমস্ত পিটকের নানাবিধ ভাষ্য ও অন্যান্য ব্যাখ্যা-পুস্তক বিদ্যমান রহিয়াছে। বৌদ্ধ-শাস্ত্রের দ্বাদশপ্রকার বিভাগ আছে, তাহার নাম অঙ্গ ; যথা সুত্ত, গেয়, বেয়াকরণ, গাথ, উদান, ইতিবুত্তক, জাতক, অব্ভুত, বেদল্ল, নিদান, অবদান ও উপদেস। ইহার মধ্যে প্রথমোক্ত নয় অঙ্গ প্রাচীন। বৌদ্ধ-গ্রন্থকার বুদ্ধঘোষ ৪৫০ খৃষ্টাব্দে সুমঙ্গল-বিলাসিনী নামক গ্রন্থে ঐ নয় অঙ্গের প্রসঙ্গ করিয়া গিয়াছেন †। এই অঙ্গগুলি বিশেষ বিশেষ বিষয়ের নাম ; যেমন ইতিবৃত্তের অর্থাৎ ইতিহাসের নাম ইতিবুত্তক, গাথার নাম গাথ, ব্যাকরণের নাম বেয়াকরণ ইত্যাদি। এই সমস্ত অঙ্গ স্বতন্ত্র গ্রন্থ নয় ; পূর্ব্বোল্লিখিত ত্রিপিটকের মধ্যেই সন্নিবেশিত আছে ‡। তদ্ভিন্ন তন্ত্র নামে কতকগুলি শাস্ত্র আছে। হিন্দুদের তন্ত্রে যেমন হিন্দু-দেবতাগণের উদ্দেশে মন্ত্র সমস্ত বিরচিত হইয়াছে, বৌদ্ধদের তন্ত্রে সেইরূপ বিভিন্ন বুদ্ধ, বোধিসত্ত্ব, তদীয় শক্তি সমূহ এবং সেই সঙ্গে কোন কোন হিন্দু-দেবতারও উদ্দেশে বহুতর মন্ত্র বিনিবেশিত রহিয়াছে। হিন্দু-তন্ত্রে যেমন দেবতাগণের মন্ত্র প্রস্তুত করিবার ব্যবস্থা আছে, ঐ সমস্ত বৌদ্ধ-তন্ত্রে বুদ্ধাদিরও সেইরূপ আছে।

বৌদ্ধ-শাস্ত্র সমুদায় প্রথমে সংস্কৃত ভাষায় রচিত ও পশ্চাৎ ভোট-ভাষায় অনুবাদিত হয় ¶। ঐ উভয়ই অদ্যাপি প্রচলিত আছে।

* Turnour's Mohawanso, pp. 11, 19 and 42, Weber's History of Indian Literature, pp. 287—290 and Monier Williams's Indian Wisdom, p. 60 দেখ।

† এই নামগুলি পালি। মহাযান নামক বৌদ্ধ সম্প্রদায়ের গুণকরণ্ডব্যূহ নামক গ্রন্থে এই সমস্ত অঙ্গের সংস্কৃত নাম লিখিত আছে ; যথা সূত্র, গেয়, ব্যাকরণ, গাথা, উদান, ইতিবৃত্তক, জাতক, অদ্ভুত, বৈপুল্য, নিদান, অবদান, উপদেশ।

‡ R. Morris and Max Muller, in the Indian Antiquary, November 1880, pp. 288 and 289.

¶ খৃষ্টাব্দের সপ্তম শতাব্দী হইতে ত্রয়োদশ শতাব্দী পর্য্যন্ত অর্থাৎ প্রায় সাতশত বৎসরে ঐ ভোটীয় অনুবাদ সম্পন্ন হয়।

ঐ ভোট-শাস্ত্রের নাম কহ্-গ্যুর্ ও তন্-গ্যুর্। এই উভয়ই অতি প্রকাণ্ড। কহ্-গ্যুরের মধ্যে ১০৮৩ খানি গ্রন্থ সন্নিবিষ্ট আছে। সে সমুদায় কখন ১০০, কখন ১০২ ও কখন ১০৮ বৃহৎ খণ্ডে বিভক্ত করিয়া মুদ্রিত করা হয়। তন্-গ্যুর্ বৃহৎ বৃহৎ ২২৫ খণ্ডে বিভক্ত। তাহার এক একখণ্ড /২ দুই সের বা /২॥ আড়াই সের পরিমিত। তদ্ভিন্ন, বৌদ্ধ-শাস্ত্র চীন, মোগল, কালমুখ প্রভৃতি উত্তরদেশীয় অন্য অন্য ভাষাতেও অনুবাদিত হইয়া প্রচলিত হইয়াছে। দক্ষিণ অঞ্চলের বৌদ্ধেরা উহা পালি * ও সিংহলীয় ভাষায় অনুবাদ করেন এবং পরে তাহা ব্রহ্মদেশাদির ভাষাতে অনুবাদিত হয়। ললিতবিস্তর নামক বুদ্ধদেবের জীবন-বৃত্তান্তে গাথা নামে কতকগুলি শ্লোক আছে, তাহা সংস্কৃতেরই অনুরূপ, কিন্তু কিছু কিছু ভিন্ন। কথোপকথন ক্রমে সংস্কৃত ক্রমশঃ রূপান্তরিত হইয়া আসিয়াছে, গাথা তাহারই একটি প্রাচীনরূপ বোধ হয় †।

প্রাচীনতম বৌদ্ধ-সম্প্রদায়ীরা ঈশ্বরের অস্তিত্ব অঙ্গীকার করেন না। তাঁহাদিগের মতে, জড় পদার্থ নিত্য ও সেই জড় পদার্থের শক্তিতেই

---

* মহাবংস, জাতক, দশরথজাতক, ধম্মপদ, অত্তনগলুবংস, পাটিমোক্খসুত্ত, দহরসুত্ত, বুদ্ধোদয়, সুত্তনিপাত ইত্যাদি অনেকগুলি পালিগ্রন্থ মুদ্রিত হইয়াছে। পালিভাষায় লিখিত বৌদ্ধ-শাস্ত্রগুলি সমধিক প্রাচীন। শ্রীমান্ ম. মুলর্ সবিশেষ অনুসন্ধান পূর্ব্বক বিবেচনা করিয়াছেন, বুদ্ধঘোষের সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর প্রথমার্দ্ধে * ঐ শাস্ত্রের প্রাচীন পাণ্ডুলিপি বিদ্যমান ছিল এবং রাজা বট্টগামনির † সময়ে অর্থাৎ খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের ৮০ আশীবৎসর পূর্ব্বেও তাহা প্রচলিত ছিল; আর ধম্মপদের বচনগুলি যদিও বুদ্ধ-বাক্য বলিয়া বিশ্বাস করিবার প্রমাণ না পাওয়া যায়, কিন্তু অশোক রাজার অধিকার-কালে বৌদ্ধদিগের যে সভা হয়, তদীয় সভ্যেরা ঐ বচনগুলিকে বুদ্ধ-বাক্য বলিয়া প্রত্যয় যাইতেন ইহাতে সন্দেহ করিবার কারণ নাই; এবং খৃ, পূ, ৩৭৭ অব্দে বেসালী নগরীতে বৌদ্ধদের যে সভা হয়, তাহার পূর্ব্বে যেরূপ বিনয়পিটক বিদ্যমান ছিল, এখন তাহার সমগ্র সারাংশই বর্ত্তমান আছে §।

† পরিশিষ্ট। ২৫৭ ও ২৫৮ পৃষ্ঠা দেখ।

---

* মহাবংসে লিখিত আছে, বুদ্ধঘোষ বুদ্ধদেবের নির্ব্বাণের পর ৯৫৩ বৎসর হইতে ৯৭৫ বৎসর পর্য্যন্ত অর্থাৎ ৪১০ খৃষ্টাব্দ হইতে ৪৩২ খৃষ্টাব্দ পর্য্যন্ত এই কয়েক বৎসরের মধ্যে সিংহলীয় ভাষায় বিরচিত অত্থকথ পালিভাষায় অনুবাদ করেন, পিতকত্তয় অর্থাৎ পিটকত্রয়ের ভাষ্য সংগ্রহ করেন এবং নানোদয়, অত্থশালিনি প্রভৃতি আর কয়েকখানি গ্রন্থ প্রণয়ন করেন।——মহাবংস, সাঁইত্রিশ পরিচ্ছেদ। টর্নুর কর্ত্তৃক প্রকাশিত গ্রন্থের ২৫০—২৫৩ পৃষ্ঠা।

মহাবংস-মতে মহানাম সিংহল রাজ্যের রাজা ধাতুসেনের পিতৃব্য। ঐ রাজা ৪৫৯ হইতে ৪৭৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করেন। অতএব বুদ্ধঘোষের কার্য্যগুলি মহানামের সময়েই সম্পন্ন হওয়া সর্ব্বতোভাবে সম্ভব। যে সমস্ত বিষয় গ্রন্থকর্ত্তার সময়ে সংঘটিত, তাহার ইতিবৃত্ত অধিকতর প্রামাণিক বলিয়া বিবেচনা করিতে হয়।—Max Muller's Introduction to Buddhaghosha's Parables translated by Captain T. Rogers, pp. X—XXIV.

† বট্টগামনি খৃ, পূ, ৮৮ হইতে ৭৬ বৎসর পর্য্যন্ত রাজত্ব করেন।—মহাবংস।

§ Indian Antiquary, December, 1881, p. 372.

সমুদায় সৃষ্ট হইয়া থাকে। মধ্যে মধ্যে প্রলয় ঘটিলেও, ঐ জড়ের অন্তর্ভুক্ত গুণ-প্রভাবেই পুনরায় সৃষ্টি হয়।

উত্তরকালে নেপাল প্রদেশে এই ধর্ম্মের সম্প্রদায়-বিশেষ উৎপন্ন হয়; সেই সম্প্রদায়ীরা একটি আদি বুদ্ধের অস্তিত্ব অঙ্গীকার করিয়া আসিয়াছেন *। তিনি নিত্য, নিরাকার, জ্ঞানবান্, ন্যায়বান্ ও দয়াবান্। তিনি স্বতন্ত্র-স্বরূপ। স্বেচ্ছানুসারে সমুদায় ক্রিয়া সম্পন্ন করিয়া থাকেন। এই শেষোক্ত সম্প্রদায়কে আস্তিক বৌদ্ধ বলিলে অসঙ্গত হয় না। ইহারা দুই ভাগে বিভক্ত। এক দলস্থ ব্যক্তিরা বলেন, প্রথমে কেবল একমাত্র তিনিই ছিলেন; অন্য বস্তু কিছুই ছিল না। অপর দলস্থেরা ঐ আদি বুদ্ধের সহিত নিত্য জড় পদার্থের সত্তা স্বীকার করিয়া থাকেন। এই আদি বুদ্ধ ইচ্ছানুসারে আত্ম-স্বরূপ হইতে অন্য পাঁচটি বা সাতটি বুদ্ধ উৎপাদন করেন, তাঁহাদের নাম ধ্যানীবুদ্ধ। এই সমস্ত ধ্যানীবুদ্ধ হইতে আর পাঁচটি বা সাতটি উৎপন্ন হয়, তাঁহাদের নাম বোধিসত্ত্ব। ইহাঁরা প্রত্যেকে পর্য্যায়ক্রমে জগৎ সৃষ্টি করিয়া থাকেন। এখন অবলোকিতেশ্বর নামক চতুর্থ বোধিসত্ত্বের অধিকার যাইতেছে। তিনি অমিতাভ নামক বুদ্ধ হইতে উৎপন্ন †।

নেপালি বৌদ্ধেরা আস্তিক ও সিংহলস্থ বৌদ্ধেরা সর্ব্বতোভাবে নাস্তিক। নেপাল, ভোট ও চীন-দেশীয় বৌদ্ধেরা আদিবুদ্ধ, জ্ঞানীবুদ্ধ, বোধীসত্ত্ব ও অন্য অন্য বিবিধ সংজ্ঞাবিশিষ্ট দেবদেবীর অস্তিত্বে বিশ্বাস করেন; কেবল দেবদেবী কেন? তাঁহারা হিন্দু-শাস্ত্রোক্ত নাগ, কিন্নর, গন্ধর্ব্বাদি উৎকৃষ্ট জীবগণেরও অস্তিত্ব অঙ্গীকার করিয়া থাকেন। শাক্যমুনির জীবন-বৃত্তান্তে ও অন্য অন্য স্থলে পুনঃ পুনঃ তাহার উল্লেখ আছে। সিংহল ও ব্রহ্মদেশীয়েরা তাহার কিছুই মানে না।

বৌদ্ধেরাও হিন্দুদের ন্যায় আপন আপন কর্ম্মানুসারে পুনঃ পুনঃ যোনি-ভ্রমণ ও স্বর্গ-নরক-ভোগ বিশ্বাস করেন। দুই প্রকার অনুষ্ঠান ক্রমে ইহাদের দুইটি বিভাগ ঘটিয়াছে; হীনযান ও মহাযান। হীনযান-সম্প্রদায়ীরা সাংসারিক কর্ত্তব্যাকর্ত্তব্যের অনুশীলন পূর্ব্বক স্বর্গকামনায় সংযম উপবাসাদির অনুষ্ঠান করে এবং মহাযানস্থ বৌদ্ধসন্ন্যাসীরা নির্ব্বাণ-লাভ প্রত্যাশায় অধ্যাত্মজ্ঞানের অনুশীলন ও ধ্যানযোগের ‡

---

* Asiatic Researches, Vol. XVI., p. 441 and Burnouf, Buddhisme Indien, I., p. 119.

† Asiatic Researches, Vol. XVI., pp. 435—445.

‡ ইহাদের ভাবনা নামে একরূপ শুভচিন্তা করিবারও ব্যবস্থা আছে। সিংহল-দেশীয় একখানি গ্রন্থে ভিক্ষুদের পাঁচ প্রকার ভাবনার বিধান দেখিতে পাওয়া যায়; মৈত্রী, করুণা, মুদিত, অশুভ ও উপেক্ষা। কি মনুষ্য, কি দেবতা সকল জীবই সুখী হউক, সকলেই

অনুষ্ঠান করে *। সংসার যন্ত্রণাময়; স্নেহ মমতাদি এই যন্ত্রণার মূল; অতএব ঐ দুঃখ-মূল স্নেহ-মমতা ধ্বংস করাই নিতান্ত আবশ্যক। ধ্যান দ্বারা ঐ সমস্ত বিনষ্ট হইতে পারে। হইলেই, নির্ব্বাণরূপ পরম পুরুষার্থ লব্ধ হয়। ইহাই মহাযানস্থ সাধুগণের পরমপুরুষার্থ। ইহাঁরাই এ সম্প্রদায়ের প্রধান লোক। বৌদ্ধ-মতে, ধ্যান-বল সকল বলের

---

রোগ, শোক ও অসৎ প্রবৃত্তি হইতে মুক্ত হউক, নরকবাসীরা পর্য্যন্তও সুখী হউক এই ভাবনাকে মৈত্রী ভাবনা বলে। দুঃখী লোকের দুঃখ-হরণ হউক, তাহাদের যথেষ্ট অন্ন-বস্ত্র লব্ধ হউক এইরূপ ভাবনার নাম করুণা ভাবনা। ভাগ্যবান ব্যক্তির সৌভাগ্য-সম্পদ স্থায়ী হউক, প্রত্যেকেই আপন আপন শুভ-কর্ম্মানুযায়ী ফল প্রাপ্ত হউক এইরূপ ভাবনাকে মুদিত ভাবনা কহে। শরীর বিদ্যুল্লতাদির ন্যায় অস্থায়ী, মরীচিকাদির ন্যায় অসৎস্বরূপ এবং মূত্র পুরীষে পরিপূর্ণ ঘৃণিত বস্তু এইরূপ ভাবনাকে অশুভ ভাবনা বলিয়া থাকে। এই ভাবনা নির্ব্বাণ-নগরীর দ্বারস্বরূপ। সকল জীবই সমান; কেহই কোন প্রাণী অপেক্ষা অধিকতর প্রীতি বা অধিকতর ঘৃণার আস্পদ নয় এইরূপ ভাবনা উপেক্ষা ভাবনা বলিয়া উল্লিখিত হয়। ভিক্ষুরা উষা ও সায়ং কালে নির্জ্জনে উপবেশন করিয়া এই পাঁচপ্রকার ভাবনা করিবেন এইরূপ ব্যবস্থা আছে।—Hardy's Eastern Monachism, 1850, pp. 243—252. কেবল ভাবনা দ্বারা লোকের হিতসাধন হয় না সত্য বটে, তথাচ যে মন হইতে এই কয়েকটি ভাবনা-বিধির অধিকাংশ পরিবর্ত্তিত হইয়াছে, সে মনটি নরলোক অপেক্ষা উৎকৃষ্টতর লোকের উপযুক্ত।

* জীবাত্মার উত্তরোত্তর উৎকর্ষ-সাধনের সোপান-পরম্পরার নাম যান। চীন ভাষায় যানের নাম চিঙ্গ। চীন দেশীয় বৌদ্ধসমাজে সচরাচর তিনপ্রকার যান গণিত হইয়া থাকে। শ্রাবকেরা প্রথম যানস্থ, প্রত্যেক বুদ্ধেরা দ্বিতীয় যানস্থ ও বোধিসত্ত্বেরা তৃতীয় যানস্থ। ইঁহারা এক এক যানোচিত সাধনা দ্বারা উত্তরোত্তর ঐ ঐ পদ প্রাপ্ত হন। মতান্তরে পঞ্চ যানের কথাও দেখিতে পাওয়া যায়। মনুষ্যেরা প্রথম যানস্থ, দেবতারা দ্বিতীয় যানস্থ, শ্রাবকেরা তৃতীয় যানস্থ, প্রত্যেক বুদ্ধেরা চতুর্থ যানস্থ এবং বোধিসত্ত্বেরা পঞ্চম যানস্থ। গ্রন্থ-বিশেষে ঐ পঞ্চম যানের কিঞ্চিৎ বিশেষও দৃষ্ট হইয়া থাকে। মনুষ্য ও দেবতারা প্রথম অর্থাৎ হীনযানস্থ, শ্রাবকেরা দ্বিতীয় যানস্থ, প্রত্যেক বুদ্ধেরা তৃতীয় যানস্থ, বোধিসত্ত্বেরা চতুর্থ যানস্থ এবং বুদ্ধেরা পঞ্চম অর্থাৎ মহাযানস্থ।

দেবগণ ও মনুষ্যগণ উল্লিখিত হীনযান-সাধনা দ্বারা নরক-বাস এবং অসুর, দৈত্য ও ইতর জন্তুর যোনি-প্রাপ্তি-সম্ভাবনা হইতে উত্তীর্ণ হন। শ্রাবক, প্রত্যেক বুদ্ধ ও বোধিসত্ত্বেরা নিজ নিজ পদোচিত বিশেষ বিশেষ সাধনা দ্বারা ত্রিলোক-যন্ত্রণা হইতে পরিত্রাণ পান। চরম অর্থাৎ মহাযান দ্বারা জীবের আত্মা সর্ব্বোৎকৃষ্ট অবস্থা প্রাপ্ত হইয়া বুদ্ধ-পদ লাভ করে *। বুদ্ধগণকেই এ সম্প্রদায়ের প্রধান দেবতা বলিতে হয়। হিন্দু-শাস্ত্রের মতে, দেবগণ রাম কৃষ্ণাদি মনুষ্যরূপে ভূমণ্ডলে অবতীর্ণ হন; বৌদ্ধ-মতে মনুষ্যগণ সাধনা-প্রভাবে উত্তরোত্তর দেবত্ব-পদ প্রাপ্ত হইয়া থাকেন।

যাঁহারা এরূপ সাধনা দ্বারা বুদ্ধ-পদ লাভ করিয়াছেন, তাঁহাদের নাম মানুষি-বুদ্ধ। সচরাচর সাত জন মানুষি-বুদ্ধ পরিগণিত হইয়া থাকে; বিপশ্যী, শিখী, বিশ্বভূ, ককুৎসন্দ,

---

* Pilgrimage of Fa Hian, 1848, pp. 9 and 11.

প্রধান বল। বৌদ্ধদের বিশ্বাস এই যে, শাক্যমুনি নিজে এরূপ অত্যুৎকট ধ্যান-যোগে সমারূঢ় হন যে, কি দেবতা কি মনুষ্য, কেহ কখন সেরূপ ঘোরতর ধ্যান অর্থাৎ তপস্যা করিতে সমর্থ হয় নাই। তিনি সেই ধ্যান-যোগে সিদ্ধ হইয়া অপার আনন্দ লাভ করেন।

দেহ-ভঙ্গ ব্যতিরেকে সম্পূর্ণ নির্ব্বাণ-প্রাপ্তির সম্ভাবনা নাই, কিন্তু ইহলোকেও মানুষের একরূপ নির্ব্বাণ-লাভের অধিকার আছে। বৌদ্ধ-শাস্ত্রকারেরা বলেন, গৌতম নিজেই সেই নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। কেবল ধ্যানই এই অবস্থা-লাভের একমাত্র উপায়। এ অবস্থায় রাগ, দ্বেষ, স্নেহ, মায়া প্রভৃতি সকলই নষ্ট হয়; মনের সকল ভাবই তিরোহিত হইয়া যায়; মনের কোন রূপ ভাব-জ্ঞানও থাকে না, সমস্ত ভাবের অভাব-জ্ঞানও থাকে না *।

---

কনকমুনি, কাশ্যপ, শাক্যমুনি। কাশ্যপ নামটি হিন্দু শাস্ত্র হইতে গৃহীত স্পষ্টই বোধ হইতেছে *। সপ্তবুদ্ধস্তোত্র নামে একখানি সংস্কৃত গ্রন্থে এই সপ্ত মানুষি-বুদ্ধের স্তব আছে, বৌদ্ধেরা তাহা আবৃত্তি করিয়া থাকে। এক এক বুদ্ধের এক এক প্রকার মন্ত্র আছে। তাহা উচ্চারণ করিলে, রোগ, শোক, বিপদাদি খণ্ডন হয়। এস্থলে উল্লিখিত কাশ্যপ বুদ্ধের প্রকাশিত মন্ত্র উদাহরণ স্বরূপ প্রদর্শিত হইতেছে।

নমো বুদ্ধায়। নমো ধর্ম্মায়। নমো সঙ্ঘায়। নমো কাশ্যপায়।
ওঁ। হুর, হুর, হুর। হ্রী, হ্রী, হ্রী। নমো কাশ্যপায়।
অর্হতে। সম্যক্ সম্বুদ্ধায় + + স্বাহা। †

আর এক প্রকার বুদ্ধের নাম ধ্যানী; তাহার বিষয় পূর্ব্বে লিখিত হইয়াছে ‡। সমুদায়ে কত বুদ্ধ, স্থির করা কঠিন। এক এক স্থলে সহস্র বুদ্ধের সংখ্যা লিখিত আছে। শ্রীমান্ হজ্সন্ ললিতবিস্তর, ক্রিয়াসংগ্রহ ও রক্ষাভগবতী গ্রন্থ হইতে উল্লিখিত সাত মানুষি-বুদ্ধ সমেত ১৪৩ এক শত তেতাল্লিশ জন তথাগতের অর্থাৎ বুদ্ধের নাম সংগ্রহ করেন §।

* বেদান্ত মতানুসারে, পরমাত্মাতে জীবাত্মার লীন হওয়াকে নির্ব্বাণ মুক্তি বলে। বৌদ্ধেরা পরমাত্মার অস্তিত্ব অঙ্গীকার করেন না। সুতরাং তাঁহাদের মতানুযায়ী নির্ব্বাণের অর্থ সেরূপ হওয়া সম্ভব নয়। সে মতে, আত্মার অস্তিত্ব-ধ্বংসই নির্ব্বাণ। নির্ব্বাণ শব্দের যেরূপ ব্যুৎপত্তি তাহার সহিত বৌদ্ধমতানুযায়ী নির্ব্বাণই সঙ্গত হয়। কাশ্যপের মতোপদেশে ও বিশেষতঃ প্রজ্ঞাপারমিতা গ্রন্থে নির্ব্বাণ-পদের ঐরূপ তাৎপর্য্যার্থই প্রদর্শিত হইয়াছে ¶।

---

* Asiatic Researches, Vol. XVI., pp. 440 and 447.

† Pilgrimage of Fa Hian, 1848, p. 181.

‡ ২৩৮ পৃষ্ঠা।

§ Asiatic Researches, Vol. XVI., pp. 446—449.

¶ Max Muller's Chips from a German Workshop, Vol. I., p. 284.

হিন্দুধর্ম্মের মত এ ধর্ম্মে যাগ যজ্ঞাদি ক্রিয়ানুষ্ঠানের ব্যবস্থা নাই। পূর্ব্বেই লিখিত হইয়াছে, বৌদ্ধ-মতে দান, দয়া, ন্যায়, সত্যাদি স্বভাব-সিদ্ধ হিত কার্য্যেরই প্রাধান্য প্রদর্শিত হয়। সেই সমুদায়ের পারিভাষিক নাম 'ধর্ম্ম'।

হিন্দুশাস্ত্রানুসারে যেমন ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের নাম ত্রিমূর্ত্তি এবং খৃষ্টীয় শাস্ত্রানুসারে যেমন জনকেশ্বর, তনয়েশ্বর ও কপোতেশ্বরের নাম ত্রিমূর্ত্তি ; সেইরূপ, বৌদ্ধদের ত্রিমূর্ত্তি বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘ *। যদিও এই তিনটি আপাততঃ ভিন্ন ভিন্ন পদার্থ-বাচক, কিন্তু বস্তুতঃ তাহারা একই পদার্থ। তাহাদের প্রকৃতিও এক ; পরস্পর কোন অংশে ভিন্ন নয়।

বৌদ্ধ-মতানুযায়ী পশ্চাল্লিখিত চারিটি প্রধান তত্ত্ব বৌদ্ধ-সমাজে ধর্ম্ম-চক্র † বলিয়া প্রসিদ্ধ আছে। তাহাই বৌদ্ধ-মত-প্রণালীর মূলীভূত। তাহারই বিস্তার ও পর্য্যালোচনা দ্বারা নির্ব্বাণের উপায় প্রবর্ত্তিত হইয়াছে।

---

কিন্তু কোন ধর্ম্ম-প্রবর্ত্তক নিজের কল্যাণ-প্রত্যাশায় একেবারে আপনার ধ্বংস কামনা করিবেন ও জনসমাজে আত্ম-ধ্বংসই পরম পুরুষার্থ বলিয়া উপদেশ প্রদান পূর্ব্বক ধর্ম্ম-প্রচারে কৃতকার্য্য হইবেন এটি কোন মতেই সম্ভব নয়। ধম্মপদের নানা বচনে নির্ব্বাণ শব্দ-স্থলে শান্তম্ পদম্ * অর্থাৎ শান্ত পদ, অচ্যুতম্ স্থানম্ † অর্থাৎ অপরিবর্ত্তনীয় স্থান, অমৃতম্ পদম্ ‡ অর্থাৎ অনশ্বর পদ ইত্যাদি পদের প্রয়োগ আছে। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া শ্রীমান্ ম মূলর্ বিবেচনা করিয়াছেন, জীবাত্মার শান্তি-প্রবেশ, সমুদায় কামনা ও সমুদায় স্পৃহা-পরাভব, শুভাশুভ ও সুখ দুঃখে সমভাব, জন্মমৃত্যু-চক্র হইতে পরিত্রাণ, আত্মাতে আত্মার লয়-প্রাপ্তি এই সমুদায় নির্ব্বাণের লক্ষণ। সাধারণ লোকে নির্ব্বাণকে নিরবচ্ছিন্ন সুখময় স্বর্গ-ভোগ বলিয়াই বিশ্বাস করে ¶।

* সচরাচর সমাজ-বদ্ধ ভিক্ষু-দলকে সঙ্ঘ বলে। গ্রন্থ-বিশেষে চারি প্রকার সঙ্ঘ-শ্রেণীর প্রসঙ্গ আছে, ঐ ভিক্ষু-দল তাহার এক প্রকার। বুদ্ধ, বোধিসত্ত্ব, প্রত্যেক বুদ্ধ ও শ্রাবক প্রথম শ্রেণী-ভুক্ত। উল্লিখিত ভিক্ষু-দল দ্বিতীয় শ্রেণী। যে সমস্ত মূঢ় ব্যক্তি ধর্ম্মাধর্ম্ম §-জ্ঞান-বিবর্জ্জিত, তাহারা তৃতীয় শ্রেণী। যে সমুদায় নির্লজ্জ লোক ভিক্ষাশ্রম অবলম্বন পূর্ব্বক তদুচিত বিধি নিষেধ পালন করিয়া চলে না এবং লজ্জা ভয় পরিত্যাগ পূর্ব্বক অধর্ম্মের চির-দিন-ব্যাপী পরিণাম-ফলের প্রতি ভ্রূক্ষেপও করে না, তাহারাই চতুর্থ শ্রেণী।

† চক্র শব্দটি বৌদ্ধ-সমাজের বড় প্রিয়। ইহার একটি অর্থ ধর্ম্ম-প্রচার-বিজ্ঞাপক। বুদ্ধ কর্ত্তৃক ধর্ম্ম-প্রচারের বিষয় বিজ্ঞাপন করিতে হইলে, তদীয় শিষ্যেরা কহিত, তিনি ধর্ম্মচক্র ঘূর্ণিত করিতে প্রবৃত্ত হইয়াছেন। উহার অপর একটি অর্থ, জীবের যোনিভ্রমণ-বিজ্ঞাপক ; যেহেতু চক্রের ন্যায় তাহার আদি অন্ত নাই। বৌদ্ধেরা জপ-মন্ত্র লিখিয়া চক্র-বিশেষের সহিত সংযুক্ত করিয়া দেয় এবং তাহা অত্যন্ত বেগে ঘূর্ণায়মান করিতে থাকে। জপ-মন্ত্র উচ্চারণ করিলে যেরূপ ফল লাভ হয়, উহার এক এক বার ঘূর্ণন দ্বারা সেইরূপ ফলের উৎপত্তি হইয়া থাকে। যে সমস্ত নৃপতি সর্ব্বত্র আপনাদের আধিপত্য বিস্তার করেন বলিয়া প্রবাদ আছে, তাহাদের সেই সর্ব্ব-প্রধান রাজ-শক্তির নাম চক্র। এই নিমিত্ত তাঁহাদের উপাধি চক্রবর্ত্তী।

---

* ধম্মপদ। ৩৬৮ ও ৩৮১।  † ২২৫।  ‡ ১১৪ ও ৩৭৪।

¶ Max Muller's Translation of Dhammapada, Introduction, p. xlv.

§ মিথ্যা, চৌর্য্য, ব্যভিচার, নরহত্যা এই চারিটি মূল অধর্ম্ম।

১।—জীবলোকে দুঃখ ও যন্ত্রণা সর্ব্বত্র ব্যাপী।

২।—স্নেহ, মমতা, কামনা, রাগ, দ্বেষাদি হইতে দুঃখ-যন্ত্রণার উৎপত্তি হয়। মনঃকল্পিত বিষয়-বাসনা সেই সমুদায়ের মূল।

৩।—দুঃখ-যন্ত্রণার কারণ-ধ্বংস হইলেই দুঃখ-যন্ত্রণার ধ্বংস হয়, অর্থাৎ স্নেহ, মমতাদির বন্ধন হইতে আত্মাকে মুক্ত করিলেই, দুঃখ-যন্ত্রণার অবসান হইয়া যায়।

৪।—নির্ব্বাণ-লাভের যে চারিটি পথ আছে, তাহাতে প্রবেশ করিলে আত্মার মুক্তি-সাধন সম্পন্ন হইতে পারে। সে চারিটি এই; পূর্ণ শ্রদ্ধা, পূর্ণ চিন্তা, পূর্ণ বাক্য ও পূর্ণ ক্রিয়া।

গোতম বৌদ্ধ-সম্প্রদায়ের ধর্ম্ম-কর্ম্ম স্বরূপ ন্যায় সত্যাদি স্বভাব-সিদ্ধ ধর্ম্মনীতির প্রাধান্য প্রদর্শন করেন ও সেই সমুদায়ই মানব-কুলের সদ্গতি-সাধক বলিয়া তদীয় অনুষ্ঠানের ব্যবস্থা দেন। তদনুসারে, অপর সাধারণ সকলের উপদেশার্থ পশ্চালিখিত পাঁচটি ধর্ম্মনীতি নির্দ্দেশিত হয়; বধ করিও না, অপহরণ করিও না, ব্যভিচার-দোষ করিও না, মিথ্যা বলিও না ও সুরাপান করিও না *। এই পাঁচটি মাত্র নীতি পাঠ করিয়া বৌদ্ধ-ধর্ম্মের সম্পূর্ণ ভাবগ্রহ করিতে পারিলে এরূপ মনে করিও না। পশ্চাৎ অশোক রাজার অনুশাসনপত্রের বিবরণে অপেক্ষাকৃত বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবে। হিন্দুশাস্ত্রের মতে, প্রায়শ্চিত্ত ও যাগ যজ্ঞের অনুষ্ঠান দ্বারা পাপের বিমোচন হয়। কিন্তু শাক্য বুদ্ধ তাহা অস্বীকার করিয়া উপদেশ দেন, কায়মনোবাক্যে সর্ব্বজীবে দয়া-প্রকাশ ও তদীয় হিতানুষ্ঠান ব্যতিরেকে অন্য কিছুতেই সদ্গতি-লাভ হয় না।

ভারতবর্ষীয় ভূপতিগণের মধ্যে প্রথমে মগধাধিপতি অশোক রাজা খৃ, পূ, তৃতীয় শতাব্দীতে বৌদ্ধ-ধর্ম্ম অবলম্বন করেন। ভূমণ্ডলে যে সমস্ত ব্যক্তি উত্তর কালে অসামান্য ক্ষমতাপন্ন হইয়া বা জগতের অসাধারণ হিত-সাধন করিয়া যশস্বী ও চিরস্মরণীয় হন, তাঁহাদের মধ্যে কোন কোন ব্যক্তি প্রথম বয়সে সাতিশয় দুঃশীল ও নিতান্ত নির্ব্বোধ ছিলেন শুনিতে পাওয়া যায়। বৌদ্ধ-কুল-তিলক অশোকও তাঁহাদের মধ্যে পরিগণিত। তিনি প্রথম বয়সে না সুদৃশ্য, না সুশীল ছিলেন। প্রিয়-দর্শন ছিলেন না বলিয়াই পিতার স্নেহ-ভাজন হন নাই এইরূপ প্রবাদ আছে। এমন দুরন্ত ও অবাধ্য ছিলেন যে, লোকে তাঁহাকে চণ্ড

---

* এই পাঁচটি সাধারণ ধর্ম্মনীতি অপর সাধারণ সকলের পক্ষেই বিধেয়। তদ্ভিন্ন, ভিক্ষুদের নিমিত্ত অপর পাঁচটি নিয়ম নিরূপিত আছে; অসময়ে ভোজন করিও না, গীত, বাদ্য, নৃত্য ও নাটকে প্রবৃত্ত হইও না, সুগন্ধি গ্রহণ ও অলঙ্কার ব্যবহার করিও না, স্বর্ণ ও রজত গ্রহণ করিও না এবং উৎকৃষ্ট শয্যায় শয়ন করিও না।

বলিয়া উল্লেখ করিত। এইরূপ লিখিত আছে যে, একটি পর্ব্বত-বাসী লোক সমুদ্র নামক বৌদ্ধ ভিক্ষুর প্রাণ-বধার্থ নানাবিধ চেষ্টা পায়; কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে পারে নাই। ইহাতে সে অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া এবিষয়টি অশোক রাজার কর্ণগোচর করে। তিনি ভিক্ষুর নিকট আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া ঐ পর্ব্বত-বাসী ব্যক্তির শিরশ্ছেদন করেন এবং ঐ ভিক্ষুকে অসাধারণ দৈবশক্তি-সম্পন্ন বিবেচনা করিয়া নিজে বৌদ্ধধর্ম্মাবলম্বনে প্রবৃত্ত হন।* তাঁহার উৎসাহ-প্রভাবে ঐ বৌদ্ধ-ধর্ম্ম এত প্রাদুর্ভূত হয় ও তিনি এত চৈত্য, এত স্তূপ ও অন্য অন্য এত প্রকার কীর্ত্তি-নিকেতন প্রস্তুত করেন যে, লোকে তাঁহাকে পূর্ব্বোক্ত চণ্ড নামের পরিবর্ত্তে ধর্ম্মাশোক বলিয়া বিখ্যাত করিল†। তিনি কতকগুলি অনুশাসনপত্র খোদিত করিয়া 'ধর্ম্ম' প্রচার করিয়া দেন‖। এই ধর্ম্মের অর্থ

---

* Dr. Rájendra Lála Mitra in the Proceedings, Asiatic Society of Bengal for January 1878.

† অশোক রাজার এত কীর্ত্তি ও এত নিদর্শন এত স্থানে বিদ্যমান আছে যে বহুকালাবধি সবিশেষ অনুসন্ধান করিয়াও তাহার সমস্ত জানিতে পারা গিয়াছে কি না সন্দেহ। সম্প্রতি কিছু দিন হইল, বুদ্ধগয়াতে অশোক রাজার সিংহাসন, তাঁহা কর্ত্তৃক প্রতিষ্ঠিত কতকগুলি স্তূপ ও চৈত্য, বোধিবৃক্ষের বৃতি প্রভৃতি অশোক সংক্রান্ত বিবিধ প্রকার সামগ্রী প্রাপ্ত হওয়া যায়। যে স্থানে অশোক রাজার সিংহাসন সংস্থাপিত ছিল বলিয়া প্রবাদ আছে, সেই স্থান খনন করিয়া ঐ সিংহাসনের ভগ্নাবশেষ স্বরূপ স্বর্ণ, রত্ন মুক্তাদি বহুমূল্য দ্রব্য সংযুক্ত নানা অংশ শ্রীমান্ বেবর্ কর্ত্তৃক আবিষ্কৃত হয় এবং ১৮৮১ খৃষ্টাব্দের ৪ঠা মে এদেশীয় এশিয়াটিক্ সোসাইটির একটি বিশেষ সভায় শ্রীমান্ ফ, র, হর্ন্ লি কর্ত্তৃক প্রদর্শিত হয়। তদনন্তর আরও অন্য অন্য অনেক বিষয় প্রকাশ পাইয়াছে। ঐ সময়ে অশোক ও অন্য অন্য বিবিধ ব্যক্তি কর্ত্তৃক সম্পাদিত বৌদ্ধ ধর্ম্ম সংক্রান্ত সহস্র সহস্র পুরাতন বস্তু ঐ স্থানে একত্র আবিষ্কৃত হওয়াতে, ঐ ধর্ম্মের পুরাবৃত্ত-জিজ্ঞাসু পণ্ডিতগণের উৎসাহ নবীভূত ও কৌতুহল-শিখা প্রজ্বলিত হইয়া উঠে। চীন-দেশীয় তীর্থযাত্রীরা বুদ্ধগয়ার যে স্থানে যে বস্তুর অবস্থিতি-প্রসঙ্গ করিয়া গিয়াছেন, অবিকল সেই স্থানেই তাহা প্রাপ্ত হওয়া গিয়াছে।—The Indian Daily News—May 11 & 26, 1881.

‖ কিন্তু সেই সমস্ত অনুশাসনপত্রের কোন স্থানে অশোকের নাম বিদ্যমান নাই; সেই সমুদয় পত্র রাজা পিয়দসি অর্থাৎ প্রিয়দর্শী কর্ত্তৃক প্রকাশিত বলিয়া লিখিত আছে। বৌদ্ধ-সমাজে অশোক রাজার যেরূপ অসাধারণ খ্যাতি ও অপূর্ব্ব ইতিবৃত্ত প্রচলিত আছে, তাহার সহিত ঐ খোদিত পত্র সমুদায়ের ভাবার্থ যেরূপ সঙ্গত হয়, অন্য কোন রাজার বৃত্তান্তের সহিত সেরূপ সঙ্গত হয় না। অতএব সেগুলি ঐ বৌদ্ধ কুল-তিলক অশোকের অনুশাসনপত্র বলিয়া বিবেচিত হয়। বিশেষতঃ দীপবংস নামক বৌদ্ধ-গ্রন্থে পিয়দসন নামে একটি রাজার অভিষেক-বৃত্তান্ত লিখিত আছে, ঐ পিয়দসন বিন্দুসরের পুত্র ও চন্দ্রগুপ্তের পৌত্র। তিনি বুদ্ধের নির্ব্বাণের ২১৮ অব্দে রাজ্যাভিষিক্ত হন। হিন্দু ও বৌদ্ধশাস্ত্রে অশোকের বিষয় যেরূপ বর্ণিত আছে, তাহার সহিত দীপবংসের উল্লিখিত কথাগুলির কিছুমাত্র প্রভেদ নাই। এমন কি, যদি সেই পালি-গ্রন্থে পিয়দসন নামটি না থাকিত, তাহা হইলে ঐগুলি অশোকেরই পরিচায়ক বলিয়া অবধারণ করিতে পারা যাইত। ঐ উভয় শাস্ত্রানুসারেও চন্দ্রগুপ্তের পুত্র বিন্দুসর ও বিন্দুসরের পুত্র অশোক। দীপবংসে পিয়দসনের রাজ্যাভিষেকের সময় যেরূপ লিখিত আছে হিন্দু ও বৌদ্ধশাস্ত্রে অশোকেরও সেইরূপ। কিন্তু ঐ সমস্ত খোদিতপত্রে অশোকের নাম একবারমাত্রও

বুদ্ধ দেবের অর্চ্চনাও নয়। ব্রত, নিয়ম, উপবাসাদি নিত্য নৈমিত্তিক ক্রিয়াও নয়। ইহা স্নেহ, বাৎসল্য, ভক্তি, দয়া, দাক্ষিণ্য, অহিংসাদি ধর্ম্মনীতিমাত্র। কেবল এই ধর্ম্মের অনুষ্ঠানেই ঐহিক ও পারত্রিক সুখ-স্বর্গ প্রাপ্ত হওয়া যায়। যাহা কি হিন্দু কি মোসলমান, কি য়িহুদি কি খৃষ্টান, কি জৈন কি পারসী, সকল ধর্ম্ম-সম্মত এবং সকল জাতির অভিমত ও সমাদৃত, তাহাই এই 'ধর্ম্ম'। এবিষয়ে নাস্তিকতাবাদী বৌদ্ধেরা আস্তিকতাবাদী হিন্দুদের অপেক্ষা মহত্তর মত প্রকাশ করিয়া জগতের শ্রদ্ধাস্পদ ও পূজাস্পদ হইয়া রহিয়াছেন। অশোক রাজা পূর্ব্বোল্লিখিত অনুশাসনপত্রে পিতৃ-ভক্তি, মাতৃ-ভক্তি, গুরু-ভক্তি, জ্ঞাতি, প্রতিবাসী ও আত্মীয়গণকে দয়া ও আশ্রয় প্রদান করা, ভক্তি-শ্রদ্ধা সহকারে ব্রাহ্মণ ও শ্রমণদিগকে দান করা, ভৃত্য ও অধীনস্থ লোকদিগের প্রতি অনুকূলতা-প্রকাশ, প্রভুর আজ্ঞাবহ ও তাঁহার প্রতি ভক্তিমান্ থাকা, মিতব্যয় ও হিতাচরণ, নিন্দা ও অসৎ কথা-পরিবর্জ্জন ইত্যাদি অবশ্য কর্ত্তব্য কর্ম্ম সমুদায়ের ব্যবস্থা প্রচার করেন। মানুষ ও ইতর জন্তু উভয়ের প্রতি সদয় ও সানুকূল ভাব প্রদর্শন করেন। তাঁহার মতে, এ সমস্তই পরম পরিশুদ্ধ পারমার্থিক ক্রিয়া। তিনি কেবল মত প্রচার করিয়া নিরস্ত হন নাই, নিজে তদনুরূপ কার্য্য সাধন করিয়া প্রজাগণের কুশলোন্নতি চেষ্টা পান। পশুহিংসা নিবারণ করেন, পশু ও মনুষ্যের স্বতন্ত্র স্বতন্ত্র চিকিৎসা-ব্যবস্থা সংস্থাপন করেন এবং রাজ্য মধ্যে ধর্ম্মোপদেশ-প্রণালী প্রতিষ্ঠিত করেন। সর্ব্বজীব বিষয়েই অব্যভিচরিত, অবারিত, অহিংসা ধর্ম্ম প্রচার করিয়া কি হিন্দু, কি মোসলমান, কি খৃষ্টান, সকলকেই এবিষয়ে অতিক্রম করিয়া গিয়াছেন। খৃষ্টাব্দের প্রায় তিন শত বৎসর পূর্ব্বে গ্রীক্ দূত মিগেস্থিনিজ্ লিখিয়া যান, কতকগুলি শ্রমণ অর্থাৎ বৌদ্ধ উদাসীন কেবল দয়া-ধর্ম্মের অনুষ্ঠান উদ্দেশে লোকের চিকিৎসা করিয়া বেড়ান; কাহার নিকট কিছু গ্রহণ করেন না। অপর কতকগুলি ধর্ম্ম-প্রচারক শ্রমণ লোকদিগকে নরক-ভয় প্রদর্শন পূর্ব্বক ধর্ম্মোপদেশ প্রদান করেন *।

ভূমণ্ডলে স্বমত-পক্ষপাতী ভিন্ন ভিন্ন ধর্ম্মাবলম্বী লোকের বিদ্বেষ-প্রভাবে অতীব ভয়ঙ্কর নৃশংস কাণ্ড সমুদায়, এমন কি সহস্র সহস্র ও লক্ষ লক্ষ নরবধ পর্য্যন্ত ঘটিয়া গিয়াছে। অশোক রাজা এবিষয়েও অপার ঔদার্য্য ও অপরিসীম মহত্ত্ব প্রদর্শন করিয়া যান।

---

লিখিত নাই বলিয়া, হ, হ, উইলসন এ বিষয়ে কিছু সংশয় প্রকাশ করিয়া যান *। তাহার পরেও ভারতবর্ষীয় পুরাবৃত্তবিদ পণ্ডিতেরা প্রায় সকলেই একবাক্যে অশোক ও প্রিয়দর্শী এক ব্যক্তির নাম বলিয়া স্বীকার করিয়া আসিতেছেন।

* অদ্যাপি এই দুই রীতি প্রচলিত আছে।—Hardy, p. 368.

---

* Journal of the Royal Asiatic Society, Vol. VIII., p. 309.

পূর্ব্বোক্ত অনুশাসনপত্রে তিনি কি গৃহী কি উদাসীন যে ব্যক্তি যে ধর্ম্ম পালন করুক না কেন, তাহাদের সকলের প্রতি শ্রদ্ধা-প্রকাশ ও তাহাদের সকলেরই ধর্ম্ম-রক্ষায় যত্ন-প্রদর্শন করিয়াছেন। তিনি দান ও অন্য অন্য সৎক্রিয়া সহকারে তাহাদের প্রতি ভক্তি প্রদর্শন করিয়া বলেন, ঐ সকল ক্রিয়া অপেক্ষায় তদীয় সার স্বরূপ ধর্ম্ম-নীতির প্রাদুর্ভাব-দৃষ্টির অভিলাষ অধিক গৌরবের বিষয়। তিনি সুস্পষ্ট প্রচার করিয়া দেন, মনুষ্যের নিজ ধর্ম্মে শ্রদ্ধা করা উচিত, কিন্তু কদাচ পর-ধর্ম্মের নিন্দা ও অনিষ্টাচরণ কর্ত্তব্য নয়। সকল স্থলেই পর-ধর্ম্ম-সম্প্রদায়ে উচিতমত শ্রদ্ধা করা কর্ত্তব্য। যে ধর্ম্মের যে রূপ নিয়ম, তাহার প্রতি তদনুযায়ী শ্রদ্ধা করা বিধেয়। এরূপ আচরণ করিলে, নিজ ধর্ম্মের উন্নতি ও পর-ধর্ম্মের হিত-সাধন করা হয়। যে ইহার অন্যথাচরণ করে, সে আপন ও পর উভয় ধর্ম্মেরই অনিষ্ট উৎপাদন করিয়া থাকে। যে ব্যক্তি স্বধর্ম্ম-সম্প্রদায়ে অনুরাগ বশতঃ পর-ধর্ম্ম-সম্প্রদায়ের নিন্দা করিয়া নিজ সম্প্রদায়ের গৌরব প্রকাশ করে, তাহার এরূপ আচরণ দ্বারা নিজ ধর্ম্ম-সম্প্রদায়ের উপরেই অতিমাত্র কঠিন আঘাত করা হয়।* অশোক রাজার এক খানি অনুশাসনপত্রে এইরূপ লিখিত আছে যে, যাহাদের বৌদ্ধ ধর্ম্মে বিশ্বাস নাই, তাহারাও আমার রাজ্য মধ্যে নির্ব্বিঘ্নে বাস করুক।

দেবানম্ পিয়ো পিয়দসি রাজা সবত ইছতি সবে পাষণ্ড বসেবু
সবে তে সয়মন্ম ভাবশুদ্ধিনুষ ইছতি।

দেবগণ-প্রিয় প্রিয়দর্শী রাজা ইচ্ছা করিতেছেন, সমস্ত পাষণ্ড (অর্থাৎ বৌদ্ধ ধর্ম্মে আস্থা-শূন্য ব্যক্তি সমুদায়) সর্ব্বত্র (নির্ব্বিঘ্নে) বাস করুক, কেন না তাহারাও ভাবশুদ্ধি ও ধর্ম্মশাসন ইচ্ছা করে †।

অবনিমণ্ডলের অপরাপর ধর্ম্ম-সম্প্রদায়ীরা এ অংশে যদি অশোকের পদ-রেণু-কণামাত্র গ্রহণ করিতে পারিতেন, তবে অসংখ্য লোকের ধর্ম্ম-দ্বেষ নিবন্ধন অকালে কালগ্রাস-প্রবেশ নিবারিত হইত। বৌদ্ধ-গণ-সংহারক ‡ আস্তিক-প্রবর ব্রাহ্মণ-কুল! এই নাস্তিক নরপতির সুপবিত্র গুণগ্রাম শ্রবণ কর, আর লজ্জায় অধোমুখ হইয়া ধরণী-গর্ভে

* Journal of the Asiatic Society of Bengal, Vol. VII. pp. 240-241 and pp. 259-260. The Journal of the Royal Asiatic Society, Vol. XII. pp. 215-222. The Indian Antiquary, 1876, p. 267 and 1881, p. 211.

† H. H. Wilson in the Journal of the Royal Asiatic Society, Vol. VIII pp. 306 and 314.

‡ উপক্রমণিকা ১২৫ ও ১৯৩ পৃষ্ঠা এবং পরিশিষ্ট ২৭৮ পৃষ্ঠা।

প্রবিষ্ট হইতে থাক! উগ্র-মূর্ত্তি শৈব ও বৈষ্ণব জমাতের ভয়াবহ তীর্থ-স্থানে ধিক্! ধিক্ ধিক্! খৃষ্টানদিগের শোণিতাক্ত মুণ্ড-মালা-বিভূষিত ভয়ঙ্কর ক্রুসেড্-যুদ্ধের ক্রস্-চিহ্নেও ধিক্! স্বসম্প্রদায়ের পক্ষপাত-মদে উন্মত্ত দুর্দ্দান্ত মোসল্‌মান্-সম্প্রদায়ের কর-সঞ্চালিত চাকচক্যশালী সুতীক্ষ্ণ তরবারেও * ধিক্!

অশোক-প্রচারিত ধর্ম্ম প্রণালীর যৎকিঞ্চিৎ স্থূল তাৎপর্য্য মাত্র লিখিত হইল। ইহা মনুষ্য-কুলের স্বভাব-সিদ্ধ সাধারণ ধর্ম্ম; মনঃকল্পিত নয়। জাতি-ভেদ ও বর্ণ-প্রভেদও ইহার বৈরী ও বিদ্বেষী নয়। কি হিন্দু, কি খৃষ্টান্, কি মোসল্‌মান্ কেহই এ ধর্ম্মের বিরোধী নয়। বেদ, কোরান্ ও বাইবল্ এই ধর্ম্মকে যতদূর লালন-পালন ও পরিপোষণ করিয়া আসিয়াছে, প্রধানতম বিজ্ঞ সম্প্রদায়ের নিকট ততদূর আদরণীয় ও পূজনীয়। ঋষি মুনি, পীর পয়্‌গম্বর, সেণ্ট্ সেবিয়র্ ইহাঁরা যে পরিমাণে এই ধর্ম্মের অনুষ্ঠান ও মহিমা প্রচার করিয়াছেন, সেই পরিমাণে প্রকৃত পুণ্য-কীর্ত্তি-লাভে অধিকারী হইয়া রহিয়াছেন। অধুনাতন মানব-কুলের বুদ্ধি-বিদ্যার পথ-প্রদর্শক কোম্ত্ ও হিউম্, ডাৰুইন্ ও হকস্‌লি, মিল্ ও স্পেন্সর্, ইহাঁদেরও এই ধর্ম্মকে † আপনাদের সাম্প্রদায়িক ধর্ম্ম বলিয়া পরিচয়-দান এবং তাহাতে উৎসাহ ও আহ্লাদ প্রকাশ না করিবার বিষয় নয়।

বৌদ্ধধর্ম্মাবলম্বী ভূপতিগণ অকাতরে দান ধর্ম্মের অনুষ্ঠান করিয়া যান। পশ্চাৎ তাহার একটি উদাহরণ প্রদর্শন করা যাইতেছে। উত্তর কালে খৃষ্টীয় সম্প্রদায়ে যেরূপ গুরু-সন্নিধানে আত্ম-দোষ স্বীকারের ব্যবস্থা প্রবর্ত্তিত হয়, পূর্ব্ব কালে বৌদ্ধ-সমাজে সেই প্রথাটি অবিকল প্রচলিত ছিল। প্রত্যেক ভিক্ষুকে অর্থাৎ বৌদ্ধ উদাসীনকে প্রতি মাসে দুইবার অর্থাৎ পূর্ণিমা ও অমাবস্যার দিবসে আত্ম-পাপ অঙ্গীকার করিতে হইত। ক্রমশঃ গৃহী লোকের মধ্যেও এই প্রথা প্রচলিত হয়, কিন্তু তাহার অসুবিধা সংঘটন প্রযুক্ত, অশোক রাজা পাপের প্রায়শ্চিত্ত-সাধনার্থ একটি মহোৎসব প্রতিষ্ঠিত করেন, তাহাতে প্রথমে আত্ম-দোষ স্বীকার ও দান ধর্ম্মের অনুষ্ঠান উভয়ই প্রচলিত ছিল। কিন্তু পরে গৃহস্থ লোকের পাপ-স্বীকারের নিয়মটি একেবারেই উঠিয়া যায়। ঐ দানোৎসবটি পাঁচ বৎসরান্তে সম্পন্ন হইত। খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে প্রয়াগ-ক্ষেত্রে একবার ঐ উৎসবের অনুষ্ঠান হয়; চীন-দেশীয় তীর্থযাত্রী হিউ্‌এন্ থ্‌সঙ্গ, তাহা দর্শন করিয়া যান।

* এক হস্তে কোরান অপর হস্তে তরবার।

† অতিমাত্র অহিংসাটি পরিবর্জ্জন পূর্ব্বক।

ঐ সুবিস্তৃত উৎসব-ক্ষেত্র একটি আনন্দ-ক্ষেত্র ছিল ; চারি দিকে সহস্র সহস্র গোলাব গাছের সুরম্য বৃতি, তাহাতে অপর্য্যাপ্ত মনোহর পুষ্প-শ্রেণী অহরহ প্রস্ফুটিত এবং মধ্যস্থলে স্বর্ণ, রজত, পট্টবস্ত্র ও অপরাপর বহুমূল্য দান-দ্রব্যাতে পরিপূর্ণ সুসজ্জ গৃহশ্রেণী। তাহার সমীপে সারি সারি একশত এরূপ বিস্তৃত ভোজন-গৃহ ছিল যে, তাহার প্রত্যেকে একশত ব্যক্তি একত্র ভোজন করিতে পারিত। মহারাজ শিলাদিত্যের আহ্বান-ক্রমে ব্রাহ্মণ, শ্রমণ, দরিদ্র, পিতৃ-হীন, মাতৃ-হীন, বান্ধব-হীন প্রভৃতি পঞ্চাশ সহস্র লোক তথায় আগমন করে। সার্দ্ধ দুই মাস ব্যাপিয়া দান-ভোজনাদি সহকারে ঐ উৎসব-ব্যাপার সম্পন্ন হয়। উহাতে হিন্দু বৌদ্ধের বিদ্বেষ ভাব দূরে থাকুক, সমধিক সদ্ভাবই প্রদর্শিত দেখা যায়। তথায় বুদ্ধ, বিষ্ণু, শিব তিনেরই প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত হয় এবং হিন্দু ও বৌদ্ধ সমস্ত সমাগত ব্যক্তিদিগকে বহুমূল্য সামগ্রী দান করা এবং চর্ব্ব্য, চোষ্য, লেহ্য, পেয় নানাবিধ সুস্বাদ সামগ্রী ভোজন করান হয়। উক্ত রাজা ঐ উৎসবে হস্তী, অশ্ব ও অপরাপর যুদ্ধ-সামগ্রী ব্যতিরেকে রাজকোষের সমস্ত ধনই বিতরণ করিতেন। এমন কি, তাঁহার নিজের পরিচ্ছদ, কর্ণকুণ্ডল, রত্ন-মালা প্রভৃতি বেশভূষা সমুদায়ও শরীর হইতে উন্মোচন করিয়া দিতেন। অবশেষে পুরাতন ছিন্ন বস্ত্র পরিধান পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে উচ্চৈঃস্বরে দানধর্ম্ম বিষয়ে ভক্তিশ্রদ্ধা প্রকাশ করিতেন।

বৌদ্ধেরাও হিন্দুদের ন্যায় মৃত্যুর পর নানারূপ যোনি-ভ্রমণ স্বীকার করে। যিনি ইহ কালে যেরূপ শুভাশুভ কর্ম্ম করেন, পরকালে তিনি তদনুরূপ যোনিপ্রাপ্ত হন। কেবল পশু পক্ষী কীটাদি নিকৃষ্ট জন্তু নয়, পাতকের পরিমাণানুসারে, মৃৎপিণ্ডাদি জড়বস্তু হইয়াও জন্ম গ্রহণ করিতে হয়। যদি কেহ এরূপ ঘোরতর কুকর্ম্ম করে যে, উক্তরূপ নিকৃষ্ট জন্ম গ্রহণ করিলেও তাহার উচিতমত শাস্তি হয় না, তাহা হইলে তাহাকে নরকস্থ হইতে হয়। বৌদ্ধ-মতে, ১৩৬ একশত ছত্রিশটি নরক বিদ্যমান আছে। যে যেরূপ পাপ-কর্ম্ম করে, তাহাকে তদনুরূপ কঠিন নরকে তাদৃশ পরিমিত কাল বাস করিতে হয়। কাহার নরক-ভোগের সময় কোটি বৎসরের অপেক্ষা ন্যূন নয়। পুণ্য কর্ম্মেরও এইরূপ পুরস্কার আছে। পুণ্যবান্ ব্যক্তি, হয়, মর্ত্ত্য লোকে উত্তম জন্ম গ্রহণ পূর্ব্বক সুখ ভোগ করে, নয়, বিবিধপ্রকার স্বর্গলোকের কোন স্বর্গে দেবাদি-যোনি প্রাপ্ত হইয়া সুখ-সম্ভোগ করিতে থাকে। কাহারও স্বর্গ-ভোগের সময় শত কোটি বৎসর অপেক্ষায় অল্প নয়। বৌদ্ধেরা বলেন, শাক্যমুনি নিজে উল্লিখিত শুভাশুভ সমুদায় জন্মেরই সুখ দুঃখ ভোগ করিয়া আসিয়াছেন। তিনি পশুপক্ষ্যাদি কোন্ যোনিতে কিরূপ কার্য্য করিয়াছেন, বৌদ্ধ-শাস্ত্রে তাহার সবিশেষ বৃত্তান্ত সন্নিবেশিত আছে।

অন্যান্য ধর্ম্ম সম্প্রদায়ের ন্যায় বৌদ্ধদিগেরও মতান্তর ঘটিয়া ক্রমে ক্রমে চারিটি দর্শন উৎপন্ন হইয়াছে; মাধ্যমিক, যোগাচার, সৌত্রান্তিক ও বৈভাষিক। মাধ্যমিক-মতে, কোন পদার্থই বাস্তবিক বিদ্যমান নাই; সকলই শূন্যময়। যোগাচার-মতও ইহার অনুরূপ; এই মতস্থ ব্যক্তিরা অভ্যন্তরস্থ বিজ্ঞান ব্যতিরেকে অপরাপর সমুদায় পদার্থেরই অস্তিত্ব অস্বীকার করেন। ইঁহাদের মতে কেবল বিজ্ঞানই আছে; জল, বায়ু, পৃথিব্যাদি বাহ্য বস্তু কিছুই নাই। ইহাঁরা ঐ বিজ্ঞানকে দুই ভাগে বিভক্ত করেন; প্রবৃত্তি-বিজ্ঞান ও আলয়-বিজ্ঞান। জাগ্রৎ ও স্বপ্নাবস্থায় যে জ্ঞান জন্মে তাহাকে প্রবৃত্তি-বিজ্ঞান বলে ও সুষুপ্তি দশায় যে জ্ঞান জন্মে তাহার নাম আলয়-বিজ্ঞান। অপর দুই সম্প্রদায়ীরা বাহ্য পদার্থ ও অভ্যন্তরস্থ পদার্থ উভয়েরই অস্তিত্ব অঙ্গীকার করেন। বাহ্য পদার্থ দুই ভাগে বিভক্ত; ভূত ও ভৌতিক। ক্ষিতি, জল, অগ্নি, বায়ু এই চারিটির নাম ভূত এবং চক্ষু শ্রোত্রাদি পাঁচ জ্ঞানেন্দ্রিয় ও তাহার নদী, পর্ব্বতাদি বিষয় সমুদায়ের নাম ভৌতিক। সেই সমুদায়ই পরমাণু-সমষ্টি। এই জগৎ ও জগতের সমুদায় পদার্থই পরমাণুপুঞ্জ বই আর কিছুই নয়।

শেষোক্ত দুই সম্প্রদায়ের মতে পরস্পর কিছু বিশেষ আছে। এক সম্প্রদায়ীরা কহেন, বাহ্য বস্তু সমুদায় কেবল প্রত্যক্ষ-সিদ্ধ. তাঁহাদের নাম বৈভাষিক। অপর সম্প্রদায়ীরা বলেন, বাহ্য বস্তু সত্য বটে, কিন্তু অনুমান-সিদ্ধ; একেবারেই প্রত্যক্ষ-সিদ্ধ হয় না। চিত্তমধ্যে বাহ্য বস্তু সমুদায়ের প্রতিরূপ উৎপন্ন হয়, এবং সেই প্রতিরূপ-জ্ঞান দ্বারাই তাহাদের জ্ঞান জন্মে। এই সম্প্রদায়ের নাম সৌত্রান্তিক। উভয় মতেই, যে সময়ে বস্তুর প্রত্যক্ষ হয়, সেই সময়েই তাহার অস্তিত্ব থাকে। প্রত্যক্ষ না হইলেই বিদ্যুল্লতার ন্যায় ধ্বংস হইয়া যায়। এই নিমিত্ত হিন্দু পণ্ডিতেরা তাহাদিগকে পূর্ণ বৈনাশিক অথবা সর্ব্ব-বৈনাশিক বলিয়া উল্লেখ করিয়াছেন।

বৌদ্ধেরা হিন্দু বৈদান্তিকের ন্যায় আকাশকে একটি ভূত বলিয়া স্বীকার করেন না এবং চিত্ত ও জীবাত্মা পরস্পর ভিন্ন বলিয়া অঙ্গীকার করেন না।*

অন্য অন্য সমুদায় উপাসক-সম্প্রদায়ের ন্যায় বৌদ্ধেরাও ক্রমে ক্রমে নানা সম্প্রদায়ে বিভক্ত হইয়া যায়। বসুমিত্র একখানি গ্রন্থে সে সমুদায়ের বিবরণ করেন এবং চীন-দেশীয় তিন জন পণ্ডিত তাহা চীন ভাষায় অনুবাদ করিয়া রাখেন। সেই সমুদায় সম্প্রদায়ের নাম মহা-সাঙ্ঘিক, স্থবির, একব্যবহারিকা, কুক্কুলিকা, বাহুশ্রুতিয়, চৈত্তিয়বাদা,

* Colebrooke's Miscellaneous Essays Vol. I., 1873, pp. 413—420 দেখিলে সবিশেষ জানিতে পারা যাইবে।

পূর্ব্বশৈলা, উত্তরশৈলা, সর্ব্বাস্তিবাদ, হৈমবতা, বাৎসিপুত্রীয়, ধর্ম্মোত্তরীয়, ভদ্রায়ণীয়, সম্মতীয়, ষাগ্নগরিক, মহীশাসক, ধর্ম্মগুপ্তা, কাশ্যপীয় এবং সঙ্কন্তিকা বা সৌত্রান্তিকা। প্রথমোক্ত মহাসাঙ্ঘিক সম্প্রদায় স্থবিরাদি সাত সম্প্রদায়ে এবং ঐ স্থবির সম্প্রদায় সর্ব্বাস্তিবাদ প্রভৃতি একাদশ সম্প্রদায়ে বিভক্ত হয়। সমুদায়ে অষ্টাদশ সম্প্রদায়। *

বৌদ্ধেরা ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারই করুন, আর অন্য অন্য নানা বিষয়ে অসাধারণ বুদ্ধি-প্রাখর্য্যই প্রকাশ করুন, কিন্তু অনেকানেক নিকৃষ্ট ধর্ম্ম-সম্প্রদায়ের ন্যায় পৌত্তলিক হইয়া রহিয়াছেন বলিতে হইবে। প্রতিমা-পূজা, বুদ্ধ প্রভৃতির অস্থি দন্তাদির অর্চ্চনা এবং নানাবিধ যাত্রা মহোৎসব অবাধে চলিয়া আসিতেছে †। ফাহিয়ন্ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর প্রথমে অনেকানেক বুদ্ধ-প্রতিমূর্ত্তি দেখিয়া যান। কেবল শাক্যবুদ্ধ নয়, এক এক দেবালয়ে অন্য অন্য বৌদ্ধ দেবতার প্রতিমূর্ত্তিও প্রতিষ্ঠিত ও অর্চ্চিত হইয়া থাকে। ভারতবর্ষের মধ্যে বুদ্ধগয়ায় তারা দেবী ও বাগেশ্বরী দেবী, বৈসালীতে অর্থাৎ বেসার্ গ্রামে ধ্যানী-বুদ্ধ অমিতাভ ও বোধিসত্ত্ব অবলোকিতেশ্বর, নলন্দবিহারে অবলোকিতেশ্বর, তারা বোধিসত্ত্ব, ত্রিশিরা বজ্রবরাহী, বাগীশ্বরী, কপত্যদেবী ইত্যাদি অনেক স্থানে অনেকানেক বৌদ্ধ দেব দেবীর প্রতিমূর্ত্তি ও মন্দির অদ্যাপি দেখিতে পাওয়া যায়। ‡ সিংহল দ্বীপের মহারাজবিহার নামক বিহারে পঞ্চাশৎ অপেক্ষায় অধিক বুদ্ধ-বিগ্রহ এবং সেই সঙ্গে নাথ, বিষ্ণু ও সামনদেব, পত্তিনে দেবী এবং বলগম্‌বাহু ও কীর্ত্তিনিস্‌সঙ্ক নামক দুইটি নৃপতির প্রতিমূর্ত্তি সংস্থাপিত আছে। ঐ বলগম্‌বাহু খৃ, পূ, ৮৬ অব্দে ঐ বিহার প্রস্তুত করেন। ¶

অশিক্ষিত বৌদ্ধদের মধ্যে সাকার উপাসনা প্রচলিত হইয়া আসিয়াছে তাহার সন্দেহ নাই; কিন্তু চীন-দেশীয় জ্ঞানাপন্ন বৌদ্ধেরা প্রতিমা-পূজা ও শান্তি স্বস্ত্যয়ন দ্বারা বৌদ্ধ দেবগণের প্রসাদ-লাভ প্রভৃতি চলিত ধর্ম্মানুষ্ঠান সমুদায় স্বীকার করেন না। চুহি নামে একটি বৌদ্ধমত-প্রবর্ত্তক স্পষ্ট লিখিয়া গিয়াছেন, বৌদ্ধেরা স্বর্গ মর্ত্ত্যাদি বাহ্য বস্তু

* Indian Antiquary, December 1880, pp. 299-301.

† দেবার্চ্চনা সংক্রান্ত পশ্চাল্লিখিত বিষয়টিতে হিন্দু ও বৌদ্ধের পরস্পর বিশেষ বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। হিন্দু প্রভৃতির ন্যায় বৌদ্ধদের ঋত্বিক্ অর্থাৎ পুরোহিত নাই। প্রত্যেক বৌদ্ধ আপনিই আপনার পুরোহিত ও আপনিই আপনার যজমান।

‡ Cunningham's Archæological Survey of India, Vol. I. pp. 11, 31, 36, 58 &c.

¶ Forbes' Ceylon Almanac, 1834, extracted in R. Spence Hardy's Eastern Monachism, p. 203.

ও প্রত্যক্ষ ব্যাপার সমস্ত গ্রাহ্য করেন না; আপনাপন আত্মাতেই অভি-নিবেশ করেন; পারলৌকিক সুখদুঃখ মনঃকল্পিত ও দোষাবহ। *

বৌদ্ধেরা বুদ্ধদেবাদির অস্থি, কেশ, দন্ত, বস্ত্র, যষ্টি প্রভৃতি মৃত্তিকায় প্রোথিত করিয়া তাহার উপর একটি পূর্ণ-গর্ভ ঘণ্টাকার বস্তু নির্ম্মাণ করে ও ভক্তি-শ্রদ্ধা-সহকারে বিহিত-বিধানে তাহার অর্চ্চনা করিয়া থাকে এবং তীর্থযাত্রীরা সেই সমস্তকে পবিত্র তীর্থ-ভূমি জ্ঞান করিয়া দর্শনাদি করিতে যায়। ন্যূনাধিক দুই শত খৃস্টাব্দে এলেগ্জেণ্ড্রিয়া-নিবাসী ক্লেমেন্স্ নামক গ্রীক্ পণ্ডিত † বৌদ্ধদের অস্থি-দন্তাদি-পূজার প্রসঙ্গ করিয়া গিয়াছেন। ফাহিয়ন্ যে সময়ে ভারতবর্ষ পরিভ্রমণ করেন, সে সময়ে অর্থাৎ খৃস্টাব্দের পঞ্চম শতাব্দীতে পঞ্জাবের অনেকানেক বৌদ্ধ-দেবালয়ে বুদ্ধদেবের ঐরূপ স্মরণ-চিহ্ন বিদ্যমান ছিল; লোকে প্রতিদিন তাহার অর্চ্চনা ও দর্শনাদি করিতে যাইত ‡। হিউএন্ থ সঙ্গ্ খৃস্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমাংশে উত্তরে হিন্দুকুশ ও দক্ষিণে মলয়বর এই উভয় সীমার মধ্যস্থলে অর্থাৎ সমগ্র ভারতবর্ষে ধর্ম্মাশোক-প্রতিষ্ঠিত বলিয়া প্রসিদ্ধ ভূরি ভূরি স্তূপ সন্দর্শন করিয়া যান। কেবল বুদ্ধ নয়, তদীয় প্রধান প্রধান শিষ্য ও প্রধান প্রধান বৌদ্ধ রাজারও অস্থ্যাদি-পূজা ক্রমশঃ প্রবর্ত্তিত হইয়া আসিয়াছে।

অন্য অন্য ধর্ম্ম-সম্প্রদায়ের ন্যায় ইহাদেরও অনেকানেক উৎসব আছে। প্রয়াগের মহোৎসবের বিষয় ইতিপূর্ব্বে লিখিত হইয়াছে ¶। সিংহল দ্বীপে বর্ষাকালে একটি উৎসব হইয়া থাকে, তাহাতে পালি-ভাষায় বিরচিত গ্রন্থ-বিশেষ পঠিত হয়। তাহাকে বনপাঠ বলে। ভিক্ষুরা একটি বাসস্থান নির্ম্মাণ করিয়া বর্ষা তিন মাস তাহাতে অবস্থিতি করে এবং সেই সময়ে পূর্ণিমা, অমাবস্যা এবং কৃষ্ণ ও শুক্লপক্ষীয় অষ্টমী তিথিতে বনপাঠ করিয়া থাকে। ঐ পাঠ শ্রবণোদ্দেশে মহা-সমারোহ হয়; মধ্যে মধ্যে বাদ্যোদ্যম হইতে থাকে, রাত্রিকালে দীপ-জ্যোতিতে সেইস্থান জ্যোতিষ্মান হইয়া যায় এবং বন্দুকের ধ্বনি ও অগ্নি-ক্রীড়া পর্য্যন্ত হইয়া থাকে। ঐ বনপাঠের মধ্যে যখন বুদ্ধের নাম উচ্চারিত হয়, তখন শ্রোতৃগণ সাধু সাধু বলিয়া চীৎকার করিয়া উঠে। §

অপর একটি উৎসবের নাম পারিত্ত। এটি পালি শব্দ। দেশ-

* Indian Antiquary, December 1880, pp. 316 and 317.

† তিনি ২০৬ খৃষ্টাব্দে প্রাদুর্ভূত হন।

‡ The Pilgrimage of Fa Hian, 1848, pp. 44—95.

¶ ২৩৬ ও ২৩৭ পৃষ্ঠা।

§ Hardy's Eastern Monachism, pp. 232—234.

ভাষায় ইহাকে পিরিত বলে। সিংহলীদের এইরূপ বিশ্বাস আছে যে, মানব জাতির যাবতীয় দুঃখ দৈত্য-বিশেষের কোপ হইতে উৎপন্ন হয় এবং সেই ক্রোধ-শান্তির উদ্দেশে এই উৎসবের অনুষ্ঠান হইয়া থাকে। ইহাতেও উল্লিখিতরূপ বনপাঠ হয়। বাঙ্গালা দেশের বৈষ্ণবদের অষ্টপ্রহরী, চব্বিশপ্রহরী প্রভৃতির ন্যায় সাত দিন অবিচ্ছেদে ঐ বনপাঠ চলিতে থাকে। দুই দুইটি ভিক্ষু পর্য্যায়ক্রমে দুই ঘণ্টাকাল পাঠ করে। এই ক্রিয়াটি রাত্রিকালে অনুষ্ঠিত হয়। প্রদোষ কালে শ্রোতৃগণ সেই স্থানে আগমন করে; তাহার মধ্যে স্ত্রীলোকই অধিক। তাহারা প্রত্যেকে এক একটি তৈল-পূর্ণ নারিকেল-মালা লইয়া আইসে এবং বিহা-রের চতুর্দ্দিকের প্রাচীরে সেই সমস্ত মালা সংস্থাপিত করিয়া দীপ জ্বালাইয়া দেয়। *

ভোট দেশে তিনটি উৎসব প্রচলিত আছে। একটি গ্রীষ্মারম্ভে, অপর একটি শরতের প্রারম্ভে এবং তৃতীয়টি শীতান্তে সম্পন্ন হয়। প্রথমটি শাক্য মুনির জন্ম-গ্রহণের স্মরণ-সূচক। তিনি ছয়টি পাষণ্ডকে পরাভব করেন ইহারই স্মরণার্থ তৃতীয়টি অনুষ্ঠিত হইয়া থাকে। এক পক্ষ ব্যাপিয়া ইহার অনুষ্ঠান হয় এবং সে সময়ে নৃত্য, গীত, ভোজন, দীপদানাদি নানাবিধ আমোদ-আহ্লাদ-ব্যাপার চলিতে থাকে।

হিন্দুমতানুযায়ী সিদ্ধ যোগীরা যেমন অণিমা, লঘিমা, ব্যাপ্তি প্রভৃতি আট প্রকার ঐশ্বর্য্য লাভ করেন লিখিত আছে†, সেইরূপ, বৌদ্ধদিগেরও এই প্রকার বিশ্বাস আছে যে, ঐ সম্প্রদায়ী সিদ্ধ ব্যক্তিরা অশেষ রূপ অলৌকিক শক্তি প্রাপ্ত হইয়া অতীব অদ্ভুত কার্য্য সমুদায় সম্পাদন করিতে সমর্থ হন; যেমন বায়ু-মধ্যে সঞ্চরণ, জলের উপর গমনাগমন, ইচ্ছানুসারে জল-বর্ষণ, নদী ও সমুদ্র সৃজন, গৃহ-সম্বলিত পর্ব্বত ও পৃথিবী প্রকম্পন, যখন ইচ্ছা বায়ু-প্রবাহ উৎপাদন, বায়ুর ন্যায় দ্রুতবেগে গমন, প্রাচীর ও অন্য অন্য কঠিন দ্রব্যের মধ্য দিয়া সঞ্চরণ, পর্ব্বত ও পৃথিবীর গর্ভ-দর্শন, নষ্ট বা গুপ্ত বিষয় উদ্ধার করণ, স্বর্গ হইতে অগ্নি-ধারা আনয়ন ইত্যাদি। বৌদ্ধদিগের এইরূপ সংস্কার আছে যে, সাধন-সিদ্ধ প্রত্যেক ভিক্ষু আপনার এক শরীরকে অনেক করিতে পারেন, নিজ দেহের সর্ব্বস্থান হইতেই জল ও ধূম-রাশি নির্গত করিতে পারেন, কাষ্ঠ, কার্পাস ও অন্য অন্য দাহ্য পদার্থ সংগ্রহ করিয়া ইচ্ছাবলে দগ্ধ করিতে পারেন, এমন একরূপ জ্যোতিঃপদার্থ উৎপাদন

* Hardy's Eastern Monachism, pp. 240—242.

† শৈবাদি সম্প্রদায়, ১২৯ ও ১৩০ পৃষ্ঠা।

করিতে সমর্থ হন যে, তদ্দ্বারা দিব্য চক্ষুর ন্যায় সকল স্থানই অবলোকন করিতে পারেন এবং মুমূর্ষুকালে অগ্নি-সংযোগ ব্যতিরেকে নিজ শরীর দগ্ধ করিতে পারেন। *

যে সাধনা দ্বারা এই সমস্ত সম্পন্ন হয় লিখিত আছে, তাহার নাম কসিন। কসিন-সাধনায় এক এক করিয়া জল, বায়ু, মৃত্তিকা প্রভৃতির গুণাগুণ বিচার পূর্ব্বক বাহ্য ও শরীরস্থ জল, বায়ু প্রভৃতিকে অনিত্য ও পরিবর্ত্তনীয় বলিয়া স্থির করা হয় †। একাগ্রচিত্ত হইয়া সেই সমস্ত অনিত্যত্ব-ভাবাদি পুনঃ পুনঃ চিন্তা করিবে। করিতে করিতে, তাহা মনোমধ্যে নিতান্ত পরিস্ফুট হইয়া প্রকাশ পাইবে। পাইলে, মনের যেরূপ অবস্থা উৎপন্ন হয়, তাহাকে নিমিত্ত বলে। নিমিত্ত মানসিক জ্যোতিঃ-স্বরূপ। ইহা অতি দুর্লভ পদার্থ। নিমিত্ত সম্পূর্ণ হইলে তাহাকে প্রতিভাগ নিমিত্ত বলে। সমাধি ইহার উত্তরীয় অবস্থা। সমাধি সম্পূর্ণ হইলে তাহাকে অর্পণ-সমাধি বলে। সে অবস্থায় চিত্তবৃত্তি সমুদায় নিষ্কম্প দীপ-শিখার ন্যায় নিশ্চল থাকে। ইহার সহিত ধ্যানের নৈকট্য-সম্বন্ধ। গোতম বুদ্ধ যে সমগ্র চারি প্রকার ধ্যানের অনুষ্ঠান করেন, তাহার দ্বিতীয় ধ্যানটি সমাধি-জাত বলিয়া লিখিত আছে।

> একোতিভাবাদবিতর্কমবিচারং সমাধিজং প্রীতিসুখং দ্বিতীয়ং ধ্যান-
> মুপসম্পদ্য বিহরতিস্ম।
>
> ললিতবিস্তর। ২২ অধ্যায়।

বৌদ্ধ মতে, ধ্যান পরম পদার্থ; ধ্যান দ্বারাই নির্ব্বাণ লাভ হয় একথা পূর্ব্বেই লিখিত হইয়াছে। বৌদ্ধেরা হিন্দুদের ন্যায় দেবলোক

* Hardy's Eastern Monachism, pp. 260—261.

যে অধুনাতন পাশ্চাত্য যোগি-সম্প্রদায়ীরা এখন থিয়সোফিস্ট্ (Theosophist) বলিয়া বিখ্যাত হইয়াছেন, তাঁহারা বৌদ্ধমতের অনুগামী শুনিতে পাই। তাঁহাদের সম্প্রদায়-স্বামীর নাম কুথুমিলাল্। তিনি কখন কাশ্মীরে ও কখন ভোট দেশে অবস্থিতি করেন। শাক্য ও শাক্য-সম্প্রদায়ী অন্যান্য মত-প্রবর্ত্তকেরা কি পরমাদ্ভুত পারমার্থিক অগ্নি-ক্রীড়াই প্রদর্শন করিয়া গিয়াছেন! পৃথ্বীচূড়ামণি ইয়ুরোপ ও আমেরিকা-বাসীরাও অনেকে তাহার আকর্ষণী শক্তি ও গুরুতর প্রভাব অতিক্রম করিতে সমর্থ হইতেছেন না।

† এই সাধনায় প্রবৃত্ত ভিক্ষুগণ সম্মুখস্থিত মৃৎখণ্ডাদি লক্ষ্য করিয়া অনন্যমনে চিন্তা করিতে থাকেন। পথবি-কসিনে মণ্ডলাকার মৃৎখণ্ড-বিশেষ, আপ-কসিনে বৃষ্টি-পাত্র বা অন্য কোনরূপ স্থির জল-রাশি, তেজঃ-কসিনে রক্তবস্ত্র বা বিহারের অজন-স্থিত অগ্নি-রাশি, বায়ু-কসিনে গবাক্ষ-গামী বায়ু-প্রবাহ, নীল-কসিনে নীলবর্ণ পুষ্প-রাশি ইত্যাদি, এক এক কসিনে এক এক বস্তু লক্ষ্য করিয়া ভাবনা করিতে হয়।

ব্রহ্মলোকাদির অস্তিত্ব অঙ্গীকার করেন। ধ্যানস্থ ভিক্ষুরা ধ্যান-বলে ব্রহ্মলোক গমন করিতে সমর্থ হন এইরূপ লিখিত আছে।*

বৌদ্ধ ও খৃষ্টীয় সম্প্রদায় ভূমণ্ডলের অপরাপর সমুদায় ধর্ম্ম-সম্প্রদায় অপেক্ষা প্রবল ও বিস্তৃত। ঐ উভয়ের প্রত্যেকে যত সংখ্যক লোক বিনিবিষ্ট আছে, অন্য কোন সম্প্রদায়েই তত নাই†। এই উভয়ের ইতিবৃত্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, অনেক বিষয়েই সৌসাদৃশ্য দেখিতে পাওয়া যায়। বৌদ্ধমতে ও ঈশুর উপদেশে দান, দয়া, ক্ষমা, সত্যাদি স্বাভাবিক ধর্ম্মের প্রাধান্য, এক এক প্রকার ত্রিমূর্ত্তি স্বীকার ‡, গুরু-সন্নিধানে আত্ম-পাপ অঙ্গীকার, কি ব্রাহ্মণ, কি শূদ্র, কি ম্লেচ্ছ সকল-কেই ধর্ম্মোপদেশ প্রদান, ধর্ম্মানুষ্ঠান ও তদীয় ফল-ভোগে স্ত্রী পুরুষ উভয়েরই সমান অধিকার, সন্ন্যাসী ও সন্ন্যাসিনী-সম্প্রদায় প্রবর্ত্তন, ঘণ্টা ও জপমালা ব্যবহার, নিজ নিজ দেবালয়ে দীপদান, লোবানাদি দাহ্য গন্ধ-দ্রব্য প্রদান, ধর্ম্ম-সঙ্গীত গান, কি স্বদেশ, কি বিদেশ সর্ব্বত্র ধর্ম্ম-প্রচারক প্রেরণ ইত্যাদি অনেকগুলি বিষয়ে বৌদ্ধ ও খৃষ্টীয় ধর্ম্ম¶ উভয়ের সাতিশয় সাদৃশ্য দৃষ্ট হইতেছে। বৌদ্ধধর্ম্ম প্রাচীন; খৃষ্টীয় ধর্ম্ম তদপেক্ষা অনেক অপ্রাচীন। যদি গুরুশিষ্য-সম্বন্ধাধীন ঐরূপ সৌসাদৃশ্য সংঘটিত হইয়া থাকে§, তবে বৌদ্ধকে গুরু ও খৃষ্টীয়ধর্ম্মকে শিষ্য বলিয়া স্বীকার করিতে হয়। বিশেষতঃ যখন বৌদ্ধধর্ম্ম-প্রচারকেরা বহু পূর্ব্বে, এমন কি, বোধ হয় খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের দুই শতাব্দীর পূর্ব্বেও আসিয়া খণ্ডের পশ্চিম প্রান্ত পর্য্যন্ত গমন করেন এরূপ অবধারিত হইয়াছে, তখন উল্লিখিত অভিপ্রায়ই সম্ভব ও সঙ্গত বোধ হয়।

"So numerous and surprising are the analogies and coincidences, that Mrs. Speir, in her book on Life in Ancient India, 'could almost imagine that before God planted Christianity upon earth, he took a branch from the luxuriant tree, and threw it down to India.'"—*Chambers's Encyclopædia*, 1880, *Vol. II., p.* 409.

---

* Hardy's Eastern Monachism নামক পুস্তকের একবিংশ অধ্যায়ে এবিষয়ের সবিশেষ বৃত্তান্ত দেখিতে পাইবে।

† ১৩১ পৃষ্ঠা।

‡ ২৪১ পৃষ্ঠা।

¶ এস্থলে খৃষ্টীয় সম্প্রদায়ের যে সমুদয় ধর্ম্ম-কর্ম্ম ও আচার-ব্যবহারের বিষয় লিখিত হইল, তাহার অধিকাংশ রোমেন্ কেথলিক্ সম্প্রদায়েই প্রচলিত।

§ অর্থাৎ এক সম্প্রদায়ের কার্য্যানুষ্ঠান দেখিয়া যদি অন্য সম্প্রদায়ীরা তাহার অনুকরণ করিয়া থাকে।

একটি খৃষ্টান্ বিশপ লিখিয়া গিয়াছেন,—

"The Christian system and the Buddhistic one, though differing from each other in their respective objects and ends as much as truth from error, have, it must be confessed, many striking features of an astonishing resemblance. There are many mortal precepts equally commanded and enforced in common by both creeds. It will not be considered rash to assert that most of the moral truths prescribed by the gospel are to be met with in the Buddhistic scriptures." "In reading the particulars of the life of the last Budha Gautama, it is impossible not to feel reminded of many circumstances relating to our Saviour's life, such as it has been sketched by the Evangelists." "It may be said in favour of Buddhism," he writes (p. viii), "that no philosophico-religious system has ever upheld, to an equal degree, the notions of a saviour and deliverer, and the necessity of his mission for procuring the salvation, in a Buddhist sense, of man."*

লাবুলে ও লিএব্রেথ্‌ট্ নামে দুইটি ফরাশী ও জর্ম্মেন্ পণ্ডিতের অনুসন্ধানক্রমে একটি বড় অপূর্ব্ব গুপ্ত কথা ব্যক্ত হইয়া পড়িয়াছে। রোমেন্ ক্যেথলিক্ নামক খৃষ্টীয় সম্প্রদায়ীরা একটি সাধু জনকে স্বসম্প্রদায়ী সিদ্ধ-পুরুষ (অথবা নরদেবতা) জ্ঞান পূর্ব্বক ভক্তি-শ্রদ্ধা করিয়া আসিতেছেন। অবশেষে নিরূপিত হইল, তিনি বৌদ্ধদিগের বোধিসত্ত্ব অর্থাৎ স্বয়ং বুদ্ধদেব বই আর কেহই নয়। এই খৃষ্টানেরা তাঁহাকে স্বসম্প্রদায়ী স্বর্গ-ভোগী সিদ্ধগণের মধ্যে পরিগণিত করিয়া লইয়াছেন। এই সম্প্রদায়ের মতে, ঐ সিদ্ধ পুরুষের নাম জোসফট্। প্রথমে ফরাসী লাবুলে, পরে জর্ম্মেন্ লিএব্রেথ্‌ট্, তদনন্তর ইংলণ্ড-বাসী বীল্ নিজ নিজ ভাষায় এবিষয়টি প্রতিপাদন করেন। ম, মুলর্ ইহার সবিশেষ বিবরণ সংগ্রহ করিয়া প্রচার করিয়াছেন †। এই কৌতুকাবহ বিষয়টি পাঠকগণের হৃদয়ঙ্গম করিয়া দিবার উদ্দেশে, এস্থলে ইহার তাৎপর্য্যার্থ সংক্ষেপে সংকলিত হইতেছে।

---

* Bishop Bigandet's 'Life and Legend of Gaudama, the 'Buddha of the Burmese' quoted in Max Müller's Introduction to Buddhaghosha's Parables translated by Captain T. Rogers, pp. XXV and XXVI.

† Chips from a German workshop by Max Müller, Vol. IV, pp. 176—189.

দমস্ক্-নিবাসী জোঅন্নস্ নামে একটি গ্রীক্ গ্রন্থকার বার্লাম্ ও জোঅসফ্ নামে দুই ব্যক্তির বিষয়ক এক খানি উপাখ্যান-গ্রন্থ প্রণয়ন করেন। সে উপাখ্যানটি বুদ্ধ-চরিতের অনুরূপ। বুদ্ধ একটি রাজপুত্র। তিনি ভূমিষ্ঠ হইলে পর, অসিত নামে এক জ্যোতির্ব্বিদ গণনা করিয়া বলেন, রাজপুত্র মহামহিমান্বিত হইবেন। হয়, ভূমণ্ডলের চক্রবর্ত্তী রাজা, নয়, সন্ন্যাস-ধর্ম্ম অবলম্বন পূর্ব্বক লোক-শ্রেষ্ঠ বুদ্ধ হইবেন। রাজা শ্রবণ করিয়া উদ্বিগ্ন হইলেন এবং রাজকুমারের কিছু বয়োবৃদ্ধি হইলে, তাঁহার সন্ন্যাস-গ্রহণ নিবারণ-উদ্দেশে, নানাবিধ সুখ-সম্ভোগ-সামগ্রীতে পরিপূর্ণ একটি প্রাসাদ মধ্যে তাঁহাকে রুদ্ধ করিয়া রাখিলেন। কিছু দিন পরে, রাজকুমার বহির্গমনের অনুমতি পান এবং বারম্বার রথারোহণ পূর্ব্বক এক দিন একটি পীড়িত, অপর এক দিবস একটি জরাগ্রস্ত এবং তৃতীয় দিনে শোকার্ত্ত বন্ধু বান্ধবগণে পরিবেষ্টিত একটি মৃত ব্যক্তিকে দর্শন করেন ও তদ্দ্বারা সংসারে রোগ-শোক-জরা-মৃত্যুর প্রাদুর্ভাব এবং পশ্চাৎ ভিক্ষুগণের শান্ত ও স্বচ্ছন্দ ভাব অবলোকন করিয়া ভিক্ষাশ্রম-অবলম্বনে অনুরক্ত হন *। জোসফটের বৃত্তান্তও অবিকল এইরূপ। বুদ্ধের ন্যায় তিনিও রাজপুত্র। তাঁহার জন্ম-গ্রহণ হইলে, একটি জ্যোতির্ব্বিদ গণনা করিয়া বলেন, জোসফট্ মহত্তর মহিমা লাভ করিবেন। সে মহিমা নিজ রাজ্যে নয়, তাহা উচ্চতর ও উৎকৃষ্টতর সাম্রাজ্য মধ্যে পরিব্যাপ্ত হইবে। বস্তুতঃ তিনি খৃষ্টীয় সম্প্রদায়ের অভিনব নিগৃহীত ধর্ম্ম অবলম্বন করিবেন। এই বিষয়ের প্রতিবিধানার্থ অশেষরূপ উপায়াবলম্বন করা হয়। তাঁহাকে সকল প্রকার সুখদ সামগ্রী-পরিপূর্ণ একটি প্রাসাদ মধ্যে রক্ষা করা হইল এবং তিনি যাহাতে রোগ-শোক-জরা-মৃত্যুর বিষয় কিছুমাত্র অবগত হইতে না পারেন, তদর্থ যথোচিত যত্ন করা হইল। কিছুকাল পরে, তাঁহার পিতা তাঁহাকে গৃহ-বহির্ভূত হইতে আদেশ দেন। তিনি রথারোহণ পূর্ব্বক এক দিবস একটি অন্ধ ও অপর একটি খঞ্জকে দর্শন করেন। অপর এক দিন ঐ রূপে বহির্গত হইয়া একটি জরা-জীর্ণ বৃদ্ধ ব্যক্তিকে দেখিতে পান; তাহার অঙ্গ গলিত, কেশ পলিত, দন্ত স্খলিত এবং পদযুগল কম্পিত। তিনি এই সমস্ত দর্শন পূর্ব্বক বিষণ্ণ মনে গৃহ প্রত্যাগমন করিয়া মৃত্যুর বিষয় চিন্তা করিতেছেন এমন সময়ে একটি সন্ন্যাসী তাঁহার সমীপে উপস্থিত হইয়া ঈশু-প্রচারিত উচ্চতম সুখ সম্পত্তির আশার বিষয় উপদেশ দেন। এই সমস্ত ব্যতিরেকেও, অনুসন্ধান করিয়া দেখিলে, বুদ্ধ ও জোসফটের অন্য অন্য বিষয়েও সুন্দর সাদৃশ্য দৃষ্ট হইয়া থাকে। উভয়েই পরিশেষে নিজ

---

* ললিতবিস্তর। ৭ অধ্যায়। (১২৬ ও ১২৭ পৃষ্ঠা ইত্যাদি)।

নিজ পিতাকে স্বধর্ম্মে প্রবর্ত্তিত করেন এবং উভয়েই মৃত্যুর পূর্ব্বে বুদ্ধ বা সেণ্ট্ বলিয়া পরিগণিত হন।

বুদ্ধদেব কপিলবস্তুর মধ্যে যে যে স্থানে রথারোহণ করিয়া গমন করেন, তথায় এক একটি স্তম্ভ নির্ম্মিত হয়। ফাহিয়ন্ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর প্রারম্ভে ও হিউএন্ থ্সঙ্গ্ সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে সেই স্তম্ভ গুলি দৃষ্টি করিয়া যান। কিন্তু উল্লিখিত গ্রীক্ গ্রন্থকার জোঅন্নস্ আরব-সম্রাট্ অল্মন্সুরের একটি প্রধান অমাত্য ছিলেন, আর ন্যূনাধিক ৭২৬ খৃষ্টাব্দে লিও ইসরিকস্ * নামক রুম্ † সম্রাটের স্থির-প্রতিজ্ঞ প্রতিপক্ষ বলিয়া বিখ্যাত হন। সুতরাং ফাহিয়নের ন্যূনাধিক ৩০০ তিন শত বৎসর পরে বিদ্যমান ছিলেন বলিতে হয়। ললিতবিস্তর নামক যে সংস্কৃত গ্রন্থে বুদ্ধদেবের উল্লিখিত চরিত-বৃত্তান্ত বর্ণিত আছে, তাহাতো জোঅন্নসের গ্রন্থ অপেক্ষায় বিস্তর প্রাচীন ‡। অতএব তিনিই যে ভারতবর্ষীয় বুদ্ধচরিতের অনুকরণ বা অনুবাদ করিয়া উক্ত উপাখ্যান রচনা করেন ইহাতে সন্দেহ নাই। গ্রন্থকার নিজেই স্বীকার করিয়া-ছেন, আমি ভারতবর্ষ হইতে প্রত্যাগত লোকদিগের মুখে এই উপা-খ্যান শ্রবণ করিয়াছি। শ্রীমান্, ম, মূলর্ বিবেচনা করেন, ললিতবিস্তর হইতেও উহার অনেক স্থল রচিত হওয়া সম্ভব। বুদ্ধ ও জোসফট্ যে প্রাচীন ব্যক্তিকে দর্শন করেন, গ্রীক্ ও সংস্কৃত উভয় গ্রন্থে তাহাকে কতক গুলি বিশেষণে বিশেষিত করা হইয়াছে। সেই বিশেষণ গুলির সাতিশয় সাদৃশ্য দেখিতে পাওয়া যায়।

মস্সৌদি স্রেবিয়ন্ ধর্ম্ম¶-প্রবর্ত্তকের নাম যূদস্ফ্ এবং কিতাব্ ফিহরিস্ত্ নামক আরবীয় গ্রন্থের রচয়িতা বৌদ্ধধর্ম্ম-প্রবর্ত্তকের নাম য্অসফ্ বলিয়া উল্লেখ করিয়াছেন। রিনো নামক সুবিখ্যাত ফরাসী পণ্ডিত প্রদর্শন করিয়াছেন, ঐ দুইটি নাম পার্সী বুদ্সৎফ্ অর্থাৎ সংস্কৃত বোধিসত্ত্ব শব্দেরই অপভ্রংশ §। শাক্যমুনি ললিতবিস্তরের মধ্যে বারম্বার বোধি-

---

* তিনি আসিয়ার অন্তর্গত তুর্কী রাজ্যের মধ্যে টরস্ পর্ব্বতের নিকটবর্ত্তী ইসরিয়া দেশে জন্ম গ্রহণ করেন। এই নিমিত্ত তাঁহার উপাধি ইসরিকস্ হয়। ইসরিয়াটি সেই দেশের প্রাচীন নাম। উহা সিলিশিয়ার পশ্চিমাংশে অবস্থিত ছিল।

† কনস্টেন্টিনোপল্ (Constantinople) ইহার বর্ত্তমান নাম স্তম্বোল্। ইহা রোমক রাজ্যের পূর্ব্ব ভাগের রাজধানী ছিল। পূর্ব্বে নবরোম বলিয়াও উল্লিখিত হইত।

‡ পরিশিষ্ট। ২৫৭ পৃষ্ঠা।

¶ কেল্ডিয়া প্রভৃতি পূর্ব্বদেশ-প্রচলিত চন্দ্র, সূর্য্য, নক্ষত্র এই সমস্ত জ্যোতিষ্কের উপাসনা। পশ্চাৎ মিশর্ ও গ্রীসেও এই ধর্ম্ম প্রচারিত হয়।—The faith of the world, vol. II., 1881, Sabians.

§ Mémoire Sur l' Inde, par Reinaud p. 91,

সত্ত্ব বলিয়া উল্লিখিত হইয়াছেন। শ্রীমান্ ম, মূলর্ রিনোর এই কথায় অনুমোদন করিয়াছেন এবং শ্রীমান্ বেবের্ বিবেচনা করেন, ঐ ফরাসী পণ্ডিতের এই সুকৌশল-সম্পন্ন অভিপ্রায়ই উপস্থিত বিষয় অর্থাৎ জোসফট্ ও বুদ্ধ দেবের অভেদ-প্রতিপাদনের মূল সূত্র। *

রোমেন্ কেথলিক্ সম্প্রদায়ীরা ঐ জোসফট্‌কে অর্থাৎ ভারত-বর্ষীয় বুদ্ধ দেবকে আপনাদের একটি সেণ্ট্ বলিয়া পরিগণিত করিয়া লন। তাঁহাদের প্রাচ্য সম্প্রদায়ে ২৬এ আগষ্ট্ ও পাশ্চাত্য সম্প্রদায়ে ২৭এ নবেম্বর্ তাঁহার মৃত্যু-দিন বলিয়া পালিত হইয়া থাকে। তাঁহার এই উপাখ্যান এক সময়ে ইয়ুরোপ, আসিয়া এবং আফ্রিকারও মধ্যে মহা-সমাদর সহকারে পরিগৃহীত হয়। ইহা আরবী, আর্মানী, হিব্রু, ইথিয়োপিক্, লাটিন্, ফরাসী, ইটালীয়, জর্মেন্, ইংরেজী, স্পেনিশ্, পোলিশ্ ও আইস্‌লণ্ডিক্ ভাষায় এবং ফিলিপাইন্ নামক দ্বীপ সমূহের প্রাচীন ভাষায় অনুবাদিত হয়। অতএব অবনিমণ্ডলে বুদ্ধের মহিমা যেমন ব্যক্ত ভাবে, সেইরূপ অব্যক্ত ভাবেও পরিব্যাপ্ত হইয়া যায়।

ইন্দ্র, চন্দ্র, বরুণাদি হিন্দু-শাস্ত্রোক্ত দেবতাগণের অস্তিত্বে বিশ্বাস, শুভাশুভ কর্ম্মানুসারে অশেষ প্রকার যোনি-ভ্রমণ, ভিন্ন ভিন্ন স্বর্গ-নরকের সত্তা-স্বীকার ও পাপ-পুণ্যের পরিমাণানুসারে তাহাতে অধিবাস করিয়া সুখ-দুঃখ-ভোগ, বুদ্ধ-বিশেষের কাশ্যপ, শ্বেতকেতু প্রভৃতি বেদোক্ত সংজ্ঞা-ধারণ ইত্যাদি বৌদ্ধ-মত ও বৌদ্ধ-কথা সমুদায় পর্য্যালোচনা করিয়া দেখিলে, এই ধর্ম্মটি হিন্দু-সমাজ হইতে বিনিঃসৃত হইয়াছে বলিয়া স্বতই প্রতীয়মান হইয়া উঠে। কপিল ও বুদ্ধ উভয়েই নাস্তিকতাবাদী। বৌদ্ধ ও সাঙ্খ্য উভয় মতেই, সংসার নিরবচ্ছিন্ন দুঃখময়। সেই দুঃখ হইতে জীবের পরিত্রাণ-সাধন চেষ্টা ঐ উভয় মত-প্রবর্ত্তনেরই মূল সূত্র। এই দুইটি বিষয়ে উভয় মতের সম্পূর্ণ ঐক্য দেখিয়া, অনেকে বৌদ্ধ-ধর্ম্ম সাঙ্খ্য-মত হইতে উৎপন্ন বিবেচনা করেন। বুদ্ধের জন্ম-স্থানের নাম কপিলবস্তু। বুদ্ধের মাতার নাম মায়া †। এ দুইটিও সাঙ্খ্য-মতের পরিচায়ক। একটি সাঙ্খ্য-গুরুর নাম পঞ্চশিখ; বৌদ্ধ-গ্রন্থে তাঁহাকে গন্ধর্ব্ব বলিয়া বর্ণন করা হইয়াছে। বৌদ্ধদের এইরূপ একটি উপাখ্যান আছে যে, বুদ্ধ পূর্ব্ব জন্মে কপিল ছিলেন। শাক্য-বংশীয় নৃপতিরা আপনাদের নগর-নির্ম্মাণের স্থান নিরূপণ করিতে গিয়া কপিল ঋষির কুটীর দর্শন ও তাঁহার সহিত সাক্ষাৎ

* Weber's History of Indian Literature. p. 307.

† মায়া ও প্রকৃতি এক পর্য্যায়ের শব্দ, কিন্তু মায়াটি বৈদান্তিকদিগের মধ্যেই অধিক প্রচলিত।

করেন। করিলে পর, তিনি তাঁহাদিগকে একটি স্থান নির্দ্দেশ করিয়া দিলেন। সেই স্থানে নগর নির্ম্মিত হইলে, কপিলের নামানুসারে তাহার নাম কপিলবস্তু হইল *। এই উপাখ্যানে সাঙ্খ্য-মত-প্রবর্ত্তকের সহিত বৌদ্ধ-মত-প্রবর্ত্তকের বিশেষ রূপ সম্বন্ধ লক্ষিত হইতেছে। সে যাহা হউক, ভিন্ন ভিন্ন ধর্ম্মাবলম্বী লোকে এক স্থানে অবস্থিত হইলে, এক ধর্ম্মাবলম্বী ব্যক্তিরা অন্য ধর্ম্মের অনুষ্ঠান করে ইহার কিছু কিছু উদাহরণ প্রসঙ্গাধীন পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে †। এদেশে সে বিষয়ের প্রমাণের অসদ্ভাব নাই। হিন্দুরা যে মোসল্‌মান্ পীরের নিকট মানসিক করে এবং শীর্ণি ও উপহার প্রদান করিয়া থাকে ইহা কাহারও অবিদিত নাই। মোসল্‌মানেরাও সেইরূপ সভয় চিত্তে হিন্দুদের শীতলাদি দেবতার পূজা দিয়া থাকে ‡। পূর্ব্ব কালে হিন্দু ও বৌদ্ধ-সম্প্রদায়েরও পরস্পর এইরূপ অনুকরণ ও উপদেশ-গ্রহণ সংঘটিত হয়। হিন্দু-

---

* Buddhaghosha's Parables translated by Captain T. Rogers, 1870, p. 176 and Chips from a German Workshop by Max Müller, vol. I., p. 227.

† উপক্রমণিকা। ১৮১ ও ১৮২ পৃষ্ঠা।

‡ পশ্চিমোত্তর অঞ্চলে মোসল্‌মানের মহরমের সময়ে হিন্দুরা পূর্ব্ব-কৃত মানসিক অনুসারে, ফকির হয়, ভিস্তি হয় ও মোসল্‌মান-ধর্ম্মোচিত অন্য অন্য প্রকার অনুষ্ঠান করে এ কথা পূর্ব্বে একবার উল্লিখিত হইয়াছে *। ঐ প্রদেশের কোন কোন স্থানে এক এক আশ্চর্য্য পীরের আস্তানা আছে; হিন্দুরা তথায় আপনাদের ধর্ম্মক্ষেত্রের ন্যায় ব্যবহার করিয়া থাকে। অযোধ্যা প্রদেশের অন্তর্গত বেরাইচ্ নগরে সৈদ্ সেলার্ নামে একটি পীরের স্থান আছে; তথায় প্রতি বৎসর গ্রীষ্মকালে বহু দিন ব্যাপিয়া একটি মেলা হয়। হিন্দু মোসল্‌মান্ উভয় জাতীয় লোকে সুদীর্ঘ রঞ্জিত ধ্বজা লইয়া সৈদ্ সেলারের সমাধিক্ষেত্রে আগমন করে। দূর দূরান্তর হইতে লোক-সমাগম দ্বারা ঐ সময়ে তথায় লোকারণ্য হয় এবং ঐ উভয় ধর্ম্মাবলম্বীদিগেরই প্রদত্ত বাতাসা, মিছরি, কদ্‌মা, রেউড়ি, মিছরির বাতাসা প্রভৃতি মিষ্টান্ন ও আতর, গোলাব, বস্ত্র প্রভৃতি সুপ্রচুর মানসিক সামগ্রীতে সেই পীর সাহেবের বহুবিস্তৃত আস্তানা-ভূমি পরিপূর্ণ হইয়া যায়। বাঙ্গালা দেশেও এবিষয়ের দৃষ্টান্তের অসদ্ভাব নাই। মুরশিদাবাদ অঞ্চলের কি ব্রাহ্মণ কি শূদ্র সকল প্রকার জাতীয় হিন্দুদের মধ্যেই এইরূপ একটি প্রথা প্রচলিত আছে যে, কাহার পুত্র বা পুত্র-সম প্রিয় পাত্র পীড়িত হইলে, মহরমের সময়ে "বধি" † ধারণ করাইবার মানসিক করে এবং সেই সময়ে তাহার গলদেশে যথানিয়মে "বধি" পরাইয়া দেয়। আরোগ্য-লাভ হইলে পর, তদর্থ পূজা দেয় এবং পূজা দিবার সময় অনেকে মানসিক-করা কুক্কুটেরও মূল্য দিয়া থাকে। পূর্ব্বে ঐ অঞ্চলের কাশীমবাজার প্রভৃতির ভূস্বামীরা নিজে স্থান দিয়া পীরের আস্তানা প্রস্তুত করিয়া দেন এবং মহরমের সময়ে যথোচিত আনুকূল্যও করিয়া আইসেন। কেবল আনুকূল্য নয়; পুরুষানুক্রমে ঐ সময়ে গলদেশে "বধি" ধারণ পূর্ব্বক মোসল্‌মান্-ধর্ম্মের নিয়মানুসারে মৎস্য-ভোজন ও গাত্রে তৈল-মর্দ্দন পরিবর্জ্জন করিয়া আসিয়াছেন। মেদিনীপুর অঞ্চলের হিন্দু ভূস্বামীরাও যত্নপূর্ব্বক জোয়ারায় ব্যয় নির্ব্বাহ করিয়া থাকেন। ঐ জেলার অন্তর্গত মৈনাদ গ্রামে একটি পীরের আস্তানা

---

* ১৮১ পৃষ্ঠা।

† বধি এক প্রকার সূত্র; মহরমের সময়ে মোসল্‌মানেরা উহা ধারণ করে।

দিগের যে ধর্ম্ম-প্রণালী সর্ব্বাপেক্ষা আধুনিক, নেপালীয় বৌদ্ধেরা সেই তান্ত্রিক-পদ্ধতিকে নিজ ধর্ম্মমধ্যে পরিগৃহীত করিয়াছেন। ইহাঁরা শিব, শক্তি, গণেশ, কুমার, ভৈরব, হনূমান্, রুদ্র, মহারুদ্র, মহাকাল, মহা-

---

আছে; হিন্দু মোসল্মান্ উভয় জাতীয় বিস্তর লোক আরোগ্য-কামনায় তথায় উপস্থিত হয়। হইলে, ঐ পীরের ফকির পীড়িত ব্যক্তির অঙ্গ-বিশেষ অগ্নি দ্বারা দগ্ধ করিয়া দাগ দেয়, পশ্চাৎ তাহার হস্তে পীরের প্রসাদী কিঞ্চিৎ গুড় অর্পণ করে এবং অবশেষে "তুমি অরোগী হইলে" এই কথা উচ্চারণ পূর্ব্বক গৃহমার্জ্জনী দ্বারা তাহাকে প্রহার করিয়া বিদায় করে। ঐ জেলার গোপালপুর গ্রামে হাউড়া পীর নামে আর একটি পীরের স্থান আছে; হিন্দুরা আপনাদিগের প্রতিপর্ব্বাহে নানাপ্রকার উপকরণ-দ্রব্য সম্বলিত আতপ তণ্ডুল দিয়া তাহার পূজা দিয়া থাকে।

হিন্দু সমাজে প্রচলিত সত্যনারায়ণের শীর্নি এবিষয়ের একটি প্রধান উদাহরণ-স্থল। ইহাকে সত্যপীরের শীর্নিও বলে। সত্যটি সংস্কৃত এবং পীর ও শীর্নি পার্সী-শব্দ। ঐ ক্রিয়াতে তরবার ব্যবহার এবং শীর্নি, পীর, মোকাম প্রভৃতি পার্সী-শব্দ-প্রয়োগে উহা পার্সী ও উর্দ্দু ভাষী মোসল্মান্দের ধর্ম্ম-মূলক বলিয়া পরিচয় দিতেছে। বস্তুতঃ হিন্দুদের এই ধর্ম্ম-কর্ম্মটি ভারতবর্ষীয় মোসল্মান্-রাজত্ব ও মোসল্মান্-ধর্ম্ম-প্রতাপের অনপনেয় পরিচায়ক চিহ্ন বই আর কিছুই নয়।

এই অঞ্চলে হিন্দু সমাজে শাফ্রিদের মালার যেরূপ মহিমা তাহা প্রসিদ্ধই আছে। অনেক হিন্দুতে রোগ-নিবারণ উদ্দেশে বেলুড় ও সুখচরের শাফ্রিদের মালা-ধারণ ও কুক্কুট পর্য্যন্ত মানসিক করিয়া থাকে। আমার পরিচিত একটি হিন্দু গৃহস্থের কন্যা শিরোদেশে কুক্কুট বহন পূর্ব্বক ঐ পীরের নিকট দিয়া আসিয়াছে। খোদার নূর্ ও পীরের নূর্ও সেই-রূপ *। একটি শিশুর শিরোদেশে ঐরূপ কেশ-গুচ্ছ দেখিয়া, কোন পরিহাস-প্রিয় সুবক্তা পুরুষ তাহার পিতাকে জিজ্ঞাসা করেন, উটি কি? তদীয় পিতা বলেন, উটি পীরের নূর্। ইহা শ্রবণ করিয়া সেই ভদ্র লোকটি বলিলেন, তেত্রিশ কোটিতেও † তোমার তৃপ্তি-লাভ হইল না? তাহার উপর আবার পীরের নূর্? বাঙ্গালা দেশের মধ্যে হুগলির সৈদচাঁদ, কলিকাতার শা জম্ম, ত্রিবেণীর দফ্রা গাজি, হাবড়া জেলার অন্তঃপাতী ফতে আলি গ্রামের ফতে আলি, বারাশত জেলার অন্তর্গত বালেণ্ডা গ্রামের গোরাচাঁদ ইত্যাদি অনেক স্থানে অনেক জাগ্রৎ পীরের আস্তানা আছে; হিন্দু-মণ্ডলীর প্রদত্ত উপহারে তাহাদের (অর্থাৎ তদীয় ফকিরদের) দেহ-পুষ্টি হইয়া থাকে। উল্লিখিত ফতে আলি গ্রামে পৌষ মাসের সংক্রান্তির সময় বর্ষে বর্ষে সপ্তাহ পর্য্যন্ত ঐ পীরের একটি মেলা হয়। ফতে আলির নিকটে একটি বড় পুষ্করিণী আছে। হিন্দু ও মোসল্মান উভয় জাতীয় স্ত্রীলোকই পুত্র-কামনায় ঐ মেলার সময়ে ও অন্য অন্য সময়েও রক্ত-পত্রে শীর্নি-দ্রব্য বাঁধিয়া ঐ পুষ্করিণীতে ভাসাইয়া দেয়। পেঁড়ো ও গয়েশ-পুরের ‡ পীর-পুষ্করিণীতেও ঐরূপ অনুষ্ঠান হইয়া থাকে। প্রথমোক্ত স্থানে শীর্নি দ্রব্য জলের উপর ছড়াইয়া দেওয়া হয়। উল্লিখিত গোরাচাঁদের মেলায় মহিমা সর্ব্বাপেক্ষা অধিক। ১১ই, ১২ই ও ১৩ই ফাল্গুনে ঐ মেলা হয়। তাহাতে হিন্দু ও মোসল্মান্-প্রদত্ত

---

* রোগ-শান্তির উদ্দেশে কোন পীরের নিকট মানসিক করিয়া মস্তকে যে কেশ-গুচ্ছ রাখা হয়, তাহাকেই নূর্ বলে।

† অর্থাৎ হিন্দুশাস্ত্রোক্ত তেত্রিশ কোটি দেবতাতে।

‡ হাবড়া জেলার অন্তর্গত বক্সুটির নিকটে গয়েশপুর। তথায় গয়েশ নামে এক পীরের আস্তানা আছে।

কালী, অজিতা, অপরাজিতা, উমা, জয়া, চণ্ডী, খড়্গহস্তা, ত্রিদশেশ্বরী, কপালিনী, ইন্দ্রী, কাম্বোজিনী, ঘোরী, ঘোররূপা, মহারূপা, কপালমালা, মালিনী, খট্বাঙ্গা, পরশুহস্তা, বজ্রহস্তা, যোগিনী, মাতৃকা, পঞ্চডাকিনী,

---

বাতাসা, পাটালি, সন্দেশ, কদ্মা প্রভৃতি বর্ষণ হইতে থাকে। হিন্দুদের মানসিক-করা কুক্কুট-ব্যঞ্জনও তথায় উপস্থিত করা হয়। তাহারা তাহা মোসলমানের দ্বারা রন্ধন ও ভক্তি-ভাবে পরম পূজ্য গোরাচাঁদের আস্তানায় নিবেদন করাইয়া দেয়। শেষ দিবসে সেই অঞ্চলের হিন্দু গোপদিগের প্রদত্ত দুগ্ধরাশিতে ঐ পীরের আস্তানা প্লাবিত হইয়া যায়।

আমি এখন যে স্থানে অবস্থিতি করিতেছি, তথায় এ বিষয়ের বিশেষরূপ অনুষ্ঠান অহরহই দৃষ্টিপথে পতিত হইয়া থাকে। বালিগ্রামে দেওয়ান্ গাজি নামে একটি পীরের আস্তানা আছে; মোসল্মান্ অপেক্ষা হিন্দুদের দানাদির দ্বারাই তাঁহার অর্থাৎ তদীয় সেবাদের অধিকতর আনুকূল্য হয়। হিন্দু ভূস্বামীর বাজারে দেওয়ান্ গাজির ফকির চিরদিন তোলা প্রাপ্ত হইয়া থাকে। ঐ বাজারের স্বত্বাধিকারী ভূস্বামীর পরিবর্ত্তন হইতেছে, কিন্তু দেওয়ান্ গাজির তোলার পরিবর্ত্তন হয় না। সমগ্র বৈশাখ মাস ব্যাপিয়া এই গ্রামে একটি উৎসব হয়। বালি ও তদীয় পার্শ্ববর্ত্তী অন্য অন্য গ্রাম-নিবাসী শত সহস্র স্ত্রীলোকে ঐ মাসে প্রতিদিন প্রাতে গঙ্গাজল-পরিপূর্ণ পাত্র লইয়া ও তন্মধ্যে অনেকে দক্ষিণ হস্তে ঘটী ও বাম কক্ষে পিত্তল-কলস গ্রহণ ও কেহবা মৃৎকলসের উপর তদীয় শিরোভূষণ স্বরূপ পিত্তল-ঘটী সংস্থাপন করিয়া, ধর্ম্ম-সাধন ও পুণ্য-সঞ্চয় উদ্দেশে কল্যাণেশ্বর মহাদেবকে জলদান করিতে আইসে। কিন্তু উক্ত প্রতাপান্বিত পীরকে সেই জলের কিয়দংশ অর্পণ না করিলে, সে ক্রিয়াটি সম্পন্ন হয় না। তাহারা মহাদেবকে কিয়ৎপরিমাণে জল প্রদান করিয়া অবশিষ্ট জল পীরের নিমিত্ত রাখিয়া দেয়। দেওয়ান্ গাজির চত্বরের উপর তাহা সেচন ও সেলামের উপর সেলাম্ বা গললগ্নীকৃতবস্ত্রে ললাট-দেশে কর-স্পর্শ করিয়া, অথবা অবনত মস্তকে ভূমিষ্ঠ হইয়া, ভক্তি-শ্রদ্ধা সমন্বিত প্রণিপাত সহকারে পয়সা কড়ি অর্পণ পূর্ব্বক নিজ নিজ গৃহে প্রতিগমন করে। অন্য লোক দূরে থাকুক, ঐ শিবের গাজনের সন্ন্যাসীরাও সেই উৎসবের সময়ে ঐ আস্তানার সম্মুখে দণ্ডায়মান ও উভয় জাতীয় দেবতার প্রতি ভক্তি-মদে উন্মত্ত হইয়া, উৎকট ঢক্কা-রব সহকারে, চীৎকার পূর্ব্বক খর্ব্ব বা লম্বিত কেশ সমন্বিত মস্তক দোলায়মান ও ঘূর্ণায়মান করিতে ক্রটি করে না। এ স্থানের রামনবমীর উৎসব একটি লোক-প্রসিদ্ধ বিষয়। ঐ দিবসে হিন্দু-মণ্ডলী কর্ত্তৃক পর-ধর্ম্ম-যাজন বিষয়ক একটি কৌতুকাবহ ব্যাপার সম্পন্ন হয়। সে দিবস তাহাদের কর্ত্তৃক দেওয়ান্ গাজির সম্ভবাতীত আনুকূল্য হইয়া থাকে। ঐ দিন পীর সাহেবের সমধিক শোভা ও অঙ্গরাগ সম্পন্ন হয়। আস্তানা পরিমার্জ্জিত, বস্ত্রা-বরণে আবৃত, তাহাতে বিস্তৃত আসন প্রসারিত এবং সম্মুখে চন্দ্রাতপ লম্বিত হইয়া থাকে। উল্লিখিত হিন্দু-পর্ব্বাহে ঐ আস্তানার যেরূপ অঙ্গরাগ হয়, কি ইদ্, কি মহরম্, কোন মোসল্মান্-পর্ব্বাহে সেরূপ হয় না। মলগর্ত্ত ফকির জি ধৌত-বস্ত্র-পরিবৃত হইয়া গম্ভীর ভাবে উপবেশন করেন। সুপ্রচুর পয়সা, কড়ি, তণ্ডুলাদি হিন্দু-মণ্ডলীর ভক্তি-নীরে অভি-ষিক্ত হইয়া উপর্য্যুপরি বর্ষণ হইতে থাকে। হিন্দু-দেবতাগণ মর্ত্ত্যলোকে পূজা-গ্রহণ পূর্ব্বক স্বস্থানে প্রস্থান করিবার সময়ে * দেওয়ান গাজির সমক্ষে দণ্ডায়মান হইয়া তাঁহাকে সম্মান করিয়া যান। বালিগ্রামের যে অংশে এই পীরের আস্তানা বিদ্যমান রহিয়াছে, তাহা নানা মতের

---

* বিসর্জ্জন অর্থাৎ প্রতিমা-বিসর্জ্জনের দিবসে।

যক্ষ, গন্ধর্ব্ব, গ্রহদেবতা, ভূত, পিশাচ, দৈত্য প্রভৃতি তন্ত্রোক্ত দেব-দেবীকে স্বসম্প্রদায়ে গ্রহণ করিয়াছেন। কেবল তন্ত্রোক্ত দেবাদি গ্রহণ করিয়া নিরস্ত হন নাই, তান্ত্রিক মতানুরূপ মন্ত্র সমুদায়ও রচনা

---

পরিচায়ক একটি চিহ্নিত স্থান হইয়া উঠিয়াছে। এক দিকে কল্যাণেশ্বর, অপর দিকে দেওয়ান্ গাজি এবং আমিও তাহার সম্মুখ-ভাগে কৌতুকদর্শী স্বরূপে অবস্থিতি পূর্ব্বক হিন্দু ধর্ম্মের জীর্ণ-নিকেতনে মোসল্মান্-ধর্ম্মের পাণিগ্রহণ ব্যাপার দর্শন করিয়া কখন কৌতুকাবিষ্ট মনে মৃদু মৃদু হাস্য করিতে থাকি ও কখন হা বুদ্ধি! তুমি কোথায় গেলে বলিয়া অশ্রু-সম্বরণে অসমর্থ হইয়া পড়ি।

বাউল, নেড়া ও দর্‌বেশ্ নামক বৈষ্ণবেরা মোসল্মান্ ফকিরদের দৃষ্টে তস্‌বি-মালা-ব্যবহার অবলম্বন করিয়াছে। তাহাদের এরূপ বচনই আছে যে,

"কেয়া হিন্দু কেয়া মুসল্‌মান্।
মিল্‌জুল্‌কে কর সাঁইজীকা কাম॥"

অনেক মোসল্মানে হিন্দু-দেবতার নামাদি-বিশিষ্ট মন্ত্রের শক্তি স্বীকার করে এবং নিজে তাহা শিক্ষা করিয়া প্রয়োজন-বিশেষে প্রয়োগ করিয়া থাকে। কোন কোন মোসল্‌মানের নিকট নিম্ন-লিখিত মন্ত্র কয়েকটি প্রাপ্ত হওয়া গিয়াছে। তাহার মন্ত্র-বিশেষে হিন্দু ও মোসল্-মান উভয় দেবতারই নাম ও অনুগ্রহ-প্রার্থনার কথা সন্নিবিষ্ট আছে।

চোর-বন্ধনের মন্ত্র।

১। মুরগির ডিম, কটাসের ডিম, কাজির হাঁড়িয়ে জিওলের ডিম। দাঁড়িয়ে কোই গ্রাম রাখি, বোসে কোই বাড়ি রাখি, শুয়ে কোই ঘর রাখি, কালিকে লাগিল বজ্রের তাল্লা। কার আজ্ঞা মা কালীর আজ্ঞা শীঘ্র লাগগে।

স্বপ্ন-ভঙ্গের মন্ত্র বা আত্ম-রক্ষার মন্ত্র।

২। কোথা গো মা কালি! ওমা চণ্ডি! বালগত রাখ মোরে। আঁচল দিয়া ছাপাইয়া যদি না রাখ মোরে, আল্লা মহম্মদের দিব্বি লাগে গো তোমারে।

ভূত-ছাড়াবার মন্ত্র।

৩। ওরেরে খবিশ! তোরে ডাকে ব্রহ্ম-দূত।
ও তোর মাতারি, তুই উহারি পুত॥
কুপি তোরে গিলাইব হারামের হাড়।
ফৎমা বিবির আজ্ঞা ছাড়, ছাড়, ছাড়॥

পরিশিষ্টাবশেষে দেখিতে পাইবে, সিন্ধু প্রভৃতি পশ্চিম প্রদেশীয় খোজারা হিন্দু মোসল-মান উভয় ধর্ম্ম-প্রণালী অবলম্বন করিয়া চলে।

করিয়াছেন এবং তন্মধ্যে ওঁ, অঁ, হ্রিং, হুঁ, ফট্, স্বাহা প্রভৃতি তান্ত্রিক পদ ও তান্ত্রিক বীজ সন্নিবেশিত করিয়া লইয়াছেন। ক্রিয়া-স্থলে তন্ত্রোক্ত যন্ত্রমণ্ডলও অঙ্কিত করিবার বিধান করিয়া লইয়াছেন। হিন্দু-ক্রিয়াতে হিন্দু-দেবতারই মণ্ডল করা হয়। বৌদ্ধ-ক্রিয়াতে বুদ্ধ-মণ্ডলও অঙ্কিত হইয়া থাকে। নেপালীয় বৌদ্ধেরা শুক্ল কৃষ্ণ উভয় পক্ষীয় অষ্টমী তিথিতে অষ্টমী-ব্রত নামে একটি ব্রতের অনুষ্ঠান করেন। তাহাতে

---

রোগ ও বিপদ-ভয়ে সকল সম্প্রদায়কেই অপরাপর সম্প্রদায়ের উপাস্য দেবতার পরাক্রম স্বীকার করিয়া তদীয় পদে অবনত হইতে হয়। হিন্দুরা যে অবিচলিত ভক্তি-ভাবে মোসল্মান্-দিগের প্রতিষ্ঠিত ওলাবিবির পূজা দেয় ইহা কাহারও অবিদিত নাই। মোসল্মানেরাও সেই রূপ হিন্দুদিগের শীতলা, মনসা এবং তারকেশ্বরকেও ব্যক্ত বা গুপ্ত ভাবে পূজা দিয়া থাকে। হুগলি-জেলার অন্তর্গত মহানাদ-গ্রামে ঘটেশ্বর নামে একটি শিবের মন্দির আছে; তাহারা রোগ-নিবারণাদি উদ্দেশে মানসিক করিয়া তদীয় পূজারী দ্বারা তাঁহার পূজা দেয়। মেদিনী-পুর জেলার অন্তর্গত তালাণ্ডু গ্রামে তালাণ্ডুবাসিনী নামে এক শীতলা-মূর্ত্তি আছে। হিন্দু-দিগের ন্যায় মোসল্মানেরাও আপৎকালে ভক্তি-শ্রদ্ধা পূর্ব্বক তাহার সুস্পষ্ট পূজা দিতে ত্রুটি করে না। ছাপরা অঞ্চলের মোসল্মানেরা বিশেষতঃ তদীয় স্ত্রীলোকেরা, ছট্‌বরত্ * নামক সূর্য্যব্রত পালন করে। দরাফ্ খাঁর বিরচিত গঙ্গাস্তব এ বিষয়ের একটি প্রধান স্তোত্র বলিয়া পরিগণিত আছে। তাহাতে শেখ সাদির প্রণীত একটি ভক্তিভাব-পরিপূর্ণ বচনের সুসদৃশ অভিপ্রায় দেখিতে পাওয়া যায়।

सुरधुनि मुनिकन्ये तारयेः पुण्यवन्तम्

स तरति निजपुण्यैस्तत्र किन्ते महत्त्वम् ।

यदि च गतिविहीनं तारयेः पापिनं माम्

तदिह तव महत्त्वं तन्महत्त्वं महत्त्वम् ॥

ঐহিক স্বার্থের এমনই প্রভাব যে, স্বধর্ম্ম-পক্ষপাতী আরঙ্জেব প্রভৃতি যে হিন্দু ধর্ম্মের উপর নৃশংস ভাবে অত্যাচার করিয়া যান, স্থল-বিশেষে ও বিষয়-বিশেষে তাঁহাদের স্ব-সম্প্রদায়ী লোকে তাহার শরণাপন্ন না হইয়া থাকিতে পারিল না। কেবল হিন্দুধর্ম্মের জীর্ণ নিকেতনে মোসল্মান্ ধর্ম্ম-পুরুষের পাণিগ্রহণ ব্যাপার দর্শন করিয়া কৌতুকাবিষ্ট হইতেছি এমন নয়। শ্রীরামপুর-সন্নিহিত গ্রাম-বিশেষ-বাসী একটি খৃষ্টানের গৃহিণী আমার কোন আত্মীয় ব্যক্তিকে মনসা-পূজা করিয়া দিবার নিমিত্ত বিস্তর জিদ করিয়াছিল। ষ্টুয়ার্ট সাহেবের শালগ্রাম-পূজা ও হিন্দুধর্ম্মের প্রতি ভক্তি-শ্রদ্ধা প্রকাশ বিষয়ক প্রবাদও একটি মন্দ কথা নয় †। বাঙ্গালা দেশীয় কোন কোন দুঃখী খৃষ্টান্ ব্রাহ্মণদিগকে করপুটে প্রণিপাত করে দেখা গিয়াছে। হুগলী জেলার অন্তর্গত শ্রীরামপুর-সন্নিহিত জান্ নগর নিবাসী রামধন নামে একটি খৃষ্টান্ রক্ষাকালীর পূজায় যত্ন, শ্রদ্ধা ও উৎসাহ পূর্ব্বক আনুকূল্য করিয়া আমোদ

* শৈবাদি সম্প্রদায়-বিবরণের ২১২ পৃষ্ঠায় হিন্দুদের এই ব্রতের বিষয় দেখ।

† শ্রীযুক্ত রাজনারায়ণ বসু বাবু প্রণীত "সেকাল আর একাল"। ৪ পৃষ্ঠা।

প্রথমে বুদ্ধ, বোধিসত্ত্ব, দিক্‌পাল প্রভৃতির পূজা করিয়া পরে উল্লিখিত দেব দেবীর আহ্বান ও অর্চ্চনা করা হইয়া থাকে। *

বৌদ্ধ-সমাজে নরেন্দ্র নামক দুইটি ভূপতির উপাখ্যান প্রচলিত আছে। একটি খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে ও দ্বিতীয়টি উহার দ্বাদশ শতাব্দীতে বিদ্যমান ছিলেন। হ, হ, উইল্‌সন্‌ তাঁহাদের সংক্রান্ত উপাখ্যান-বিশেষ অবলম্বন করিয়া অনুমান করেন, প্রথম নরেন্দ্রের সময়ে পাশুপত মত ও দ্বিতীয় নরেন্দ্রের সময়ে তান্ত্রিক-ধর্ম্ম-প্রণালী নেপালস্থ বৌদ্ধগণের মধ্যে প্রবর্ত্তিত হয় †। বুদ্ধগয়ার তারা দেবীর মন্দির নামে একটি মন্দির আছে। তারাটি তন্ত্রোক্ত দেবতা-বিশেষ; পরে বৌদ্ধ-দেবতাগণের মধ্যে পরিগৃহীত হন। ঐ দেবালয়ে একটি পুরুষ-মূর্ত্তি প্রতিষ্ঠিত আছে; তাহার দক্ষিণ স্কন্ধে ন্যূনাধিক সহস্র খৃষ্টাব্দে প্রচলিত অক্ষর-বিশেষে বিরচিত শ্রীবুদ্ধ দাসস্য এই কয়েকটি পদ খোদিত রহিয়াছে ‡।

ভোট-দেশীয় বৌদ্ধেরাও নিজ ধর্ম্মের ¶ সহিত হিন্দু-ধর্ম্ম মিশ্রিত করিয়া লইয়াছেন। এমন কি, তাঁহারা ইন্দ্র, যম, যমান্তক অর্থাৎ শিব, বৈশ্রবণ অর্থাৎ কুবের প্রভৃতি হিন্দু-দেবগণকে আপনাদের দেব-মণ্ডলী মধ্যে সন্নিবেশিত করিয়াছেন। মন্ত্র-পাঠ ও স্তব-পাঠ দ্বারা প্রতিদিন তিনবার তাঁহাদের অর্চ্চনা হয়। সে সময়ে ঢোল, ঢাক, শিঙ্গা, তূরীয় প্রভৃতি বাদ্যবাদন হয় এবং বিশেষ বিশেষ পর্ব্বাহে আটা, দুগ্ধ, চা, নবনীত প্রভৃতি বিবিধ উপচার দ্বারা সমধিক আড়ম্বর সহকারে পূজা হইয়া থাকে।

বৌদ্ধেরা এইরূপ মিশ্রিত ও অবিমিশ্রিত ধর্ম্ম-প্রণালী অবলম্বন করিয়া বহুকাল ভারতবর্ষ ভোগ করিয়া যান। তাঁহারা কোন্‌ সময় হইতে কোন্‌ সময় পর্য্যন্ত এখানে বিদ্যমান ছিলেন ও কোন্‌ সময়েই বা এখান হইতে অন্তর্হিত হন, এদেশীয় লোকের মধ্যে অনেকেরই সে বিষয়ে কৌতূহল হইতে

---

প্রমোদ করিত এবং হিন্দু-দেবতার নাম বিশিষ্ট ভূত, প্রেত ও ডাইনের মন্ত্র দ্বারা চিকিৎসা করিয়া জীবনযাত্রা নির্ব্বাহ করিত। আন্টনি নামে একটি ফিরিঙ্গীর কবির দল ছিল। তাহার কৃত সঙ্গীত-বিশেষে সমধিক দুর্গা-ভক্তি প্রকাশ রহিয়াছে।

"কৃপা করি তারো মাগো ওশিবে মাতঙ্গী।
ভজন সাধন জানিনে মা জাতিতে ফিরিঙ্গী॥"

আন্টনি।

* Asiatic Researches, Vol. XVI., pp. 450—478.

† Asiatic Researches, Vol. XVI., pp. 470—472.

‡ Archæological Survey of India, Vol. I., p. 11.

¶ ভোট-দেশীয় ভাষায় দীক্ষা-গুরুদের নাম লামা। তদনুসারে, ভোট ও মোঙ্গোল দেশীয় বৌদ্ধ ধর্ম্মকে লামা-ধর্ম্ম বলে।

পারে। খৃ, পূ, পঞ্চম বা ষষ্ঠ শতাব্দীতে শাক্যমুনি এই ধর্ম্ম প্রবর্ত্তিত করেন এবং খৃ, পূ, তৃতীয় ও চতুর্থ শতাব্দীতে মগধ-রাজাধিপতি অশোক রাজা ইহার সমধিক শ্রীবৃদ্ধি-সাধন করেন ইহা পূর্ব্বে সুস্পষ্ট লিখিত হইয়াছে। রাজগৃহ-নিবাসী শাণকবাস বা শাণবাসু অথবা শাণবাসিক নামে একটি উৎসাহী বৌদ্ধ গ্রীক্ সম্রাট্ এলেগ্‌জেণ্ডরের দিগ্বিজয়ের ৮০ আশী বৎসর পূর্ব্বে অর্থাৎ খৃ, পূ, পঞ্চম শতাব্দীর প্রারম্ভে কান্দাহার প্রদেশে গমন করিয়া বৌদ্ধধর্ম্ম প্রচার করেন এইরূপ লিখিত আছে *। কনিষ্ক নামে সুবিখ্যাত শক সম্রাট্ খৃ, পূ, প্রথম শতাব্দীতে আফ্‌গানিস্থান, পঞ্জাব, রাজপুতনা, এবং গঙ্গা ও যমুনা নদীর তীর-স্থিত কতকগুলি গ্রাম অধিকার করিয়া একটি বহু-বিস্তৃত রাজ্যপদ সংস্থাপন করেন। তিনি বৌদ্ধধর্ম্ম অবলম্বন পূর্ব্বক উত্তরোত্তর তাহার শ্রীবৃদ্ধি সাধন করিয়া যান। এলেগ্‌জেণ্ড্রিয়া নগর নিবাসী ক্লেমেন্স্ নামক গ্রীক্ পণ্ডিত ন্যূনাধিক দুই শত খৃষ্টাব্দে ভারতবর্ষীয় ব্রাহ্মণ ও শ্রমণ (অর্থাৎ বৌদ্ধ উদাসীন) উভয়েরই কিছু কিছু প্রসঙ্গ করিয়া যান। তিনি শ্রমণ ও শ্রমণার উল্লেখ করিয়া কহেন, ইহারা একরূপ পিরামিডের উপাসনা করে ও তাহার মধ্যে দেবতা-বিশেষের অস্থি প্রোথিত আছে এইরূপ বিশ্বাস করিয়া থাকে। এই পিরামিড্ বৌদ্ধ সম্প্রদায়ের স্তূপ ব্যতিরেকে আর কিছুই নয় ইহাতে সন্দেহ নাই। পর্ফিরি নামে অন্য একটি গ্রীক্ পণ্ডিত ন্যূনাধিক তিন শত খৃষ্টাব্দে প্রাদুর্ভূত হন। তিনি লিখেন, ব্রাহ্মণেরা একটি জাতি-বিশেষ এবং শ্রমণেরা একত্র বিমিশ্রিত নানা জাতীয় লোক। শ্রমণেরা মস্তক মুণ্ডন এবং বহির্ব্বসনের অভ্যন্তরে একরূপ আল্‌খেল্লা ব্যবহার করে; গৃহ-সম্পত্তি সমুদায় পরিত্যাগ করিয়া নগরের বহির্ভাগে একত্র অবস্থিতি করে; ধর্ম্ম সম্বন্ধীয় শাস্ত্রালাপ করিয়া কালক্ষেপ করে এবং নিত্য নিত্য রাজ-সন্নিধানে তণ্ডুল-দান প্রাপ্ত হইয়া আপনাদের জীবন-যাত্রা নির্ব্বাহ করিয়া থাকে। এই শ্রমণ যে, বৌদ্ধ পরিব্রাজক † অর্থাৎ ভিক্ষু ইহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে ‡। যে শকাব্দের এখন উনবিংশ শতাব্দী চলিতেছে, শালিবাহন তাহা প্রতিষ্ঠিত করেন।

* Chinese Buddhism, by Revd. Joseph Edkins, noticed in the Indian Antiquary, 1880, page 315.

† ভিক্ষু ও শ্রমণেরই অন্য একটি নাম পরিব্রাজক। বৌদ্ধ-সম্প্রদায়ে বয়স ও গুণানুসারে অন্যান্য উপাধিও প্রচলিত হয়। প্রবীণদিগের একটি উপাধি স্থবির। শ্রদ্ধাভাজন গুণবান্ ব্যক্তি বিশেষের উপাধি অর্হত। বেদের ব্রাহ্মণভাগে ও কল্পসূত্রে দেখিতে পাওয়া যায়, হিন্দু সমাজেও এই শেষোক্ত দুইটি উপাধি প্রচলিত ছিল।

‡ Wheeler's History of India, Vol. III., p. 240.

কেহ কেহ তাঁহাকে বৌদ্ধ-বিদ্বেষী বলিয়া বিবেচনা করিয়াছেন। শ্রীমান্ জ, এড্‌কিন্স্ কতকগুলি প্রধান প্রধান বৌদ্ধ-গুরুর মৃত্যু-কালাদি নিরূপণ করিয়া স্বপ্রণীত চীন-দেশীয় বৌদ্ধ-ধর্ম্ম-বিষয়ক পুস্তকের মধ্যে * তাহার একটি তালিকা প্রকাশ করিয়াছেন। সঙ্ঘবেত বাগয়শাত খৃ, পূ, প্রথম শতাব্দীতে, কুমারদ ২৩ খৃষ্টাব্দে, ভারতবর্ষের উত্তরখণ্ড-জাত জয়ত ৭৪ খৃষ্টাব্দে, বসুভণ্ড ১৭৫ খৃষ্টাব্দে, ভারতবর্ষের পশ্চিম ও দক্ষিণ খণ্ডে বৌদ্ধ-ধর্ম্ম-প্রচারকারী মনুর বা মনোরত খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীতে, পদ্ম-রত্ন ২০৯ খৃষ্টাব্দে, ভারতবর্ষের মধ্যখণ্ড-নিবাসী সিংহল-পুত্র খৃষ্টাব্দের তৃতীয় শতাব্দীতে, নাশশত নামে কান্দাহার-নিবাসী একটি ব্রাহ্মণ ভারত-বর্ষের দক্ষিণ ও মধ্য ভাগে ভ্রমণ পূর্ব্বক ৩২৮ খৃষ্টাব্দে, দক্ষিণাপথ-নিবাসী পুণ্যমিত্র নামে একটি ক্ষত্রিয় ভারতবর্ষের পূর্ব্বাঞ্চলে পরিভ্রমণ পূর্ব্বক ৩৮৮ খৃষ্টাব্দে এবং ভারতবর্ষের মধ্যখণ্ড-নিবাসী প্রজ্ঞাতর চিতারোহণ দ্বারা ৪৫৭ খৃষ্টাব্দে প্রাণত্যাগ করেন। বোধিধর্ম্ম ৫২৬ খৃষ্টাব্দে চীন দেশ গম-নোদ্দেশে ভারতবর্ষ পরিত্যাগ করিয়া যান। ফলতঃ, যত দিন চীন-দেশীয় তীর্থযাত্রীরা বিশেষতঃ ফাহিয়ন্ ও হিউএন্ থসঙ্ ভারতবর্ষে আগমন না করিয়াছিলেন, ভারতবর্ষীয় বৌদ্ধ-সম্প্রদায়ের তত দিনের সবিশেষ বৃত্তান্ত কিছু প্রাপ্ত হওয়া যায় না। ফাহিয়ন্ ৩৯৯ খৃষ্টাব্দে স্বদেশ হইতে যাত্রা করিয়া ৪১৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত তীর্থ-ভ্রমণাদি করেন এবং হিউএন থসঙ্ ৬২৯ খৃষ্টাব্দ হইতে ৬৪৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত পরিভ্রমণ পূর্ব্বক ভারতবর্ষীয় হিন্দু ও বৌদ্ধ উভয় ধর্ম্ম সংক্রান্ত নানা বিষয়ের বিবরণ করিয়া যান; তাঁহারা উভয়েই গান্ধার, উদ্যান বা উজ্জান, তক্ষশিলা ১, মথুরা, কান্যকুব্জ, শ্রাবস্তি ২, কপিলবস্তু ৩, বৈশালী ৪, মগধ, পাটলিপুত্র, নালন্দ ৫, রাজগৃহ ৬, গয়া, বারাণসী, কৌশাম্বী ৭, তাম্রলিপ্ত অর্থাৎ তমলুক, কোশল ৮,

---

* Chinese Buddhism, Ch. V., pp. 60—86.

১। সিন্ধু নদের পূর্ব্ব তিন দিনের পথ।

২। অযোধ্যার প্রায় ২৫ পঁচিশ ক্রোশ উত্তরে রাপ্তি নদীর দক্ষিণ কূলে অবস্থিত।

৩। অযোধ্যা প্রদেশের অন্তর্গত। রাপ্তি নদীর কোহান নামক উপনদীর নিকটস্থ।

৪ পাটনার প্রায় ৯ নয় ক্রোশ উত্তরে।

৫। রাজগৃহের প্রায় তিন ক্রোশ উত্তরে বরগাঁও নামক গ্রামে ইহার ভগ্নাবশেষ আছে।

৬। মগধের প্রাচীন রাজধানী। ইহার আধুনিক নাম রাজগির্।

৭। প্রয়াগের প্রায় ১৫ পোনর ক্রোশ পশ্চিমে অবস্থিত।

৮। অযোধ্যা প্রদেশ ; সরযূ নদীর উভয় পার্শ্ববর্ত্তী। হিউএন্ থসঙ্ বাঙ্গলা, উৎকল ও কলিঙ্গ ভ্রমণ করিয়া কোশল প্রবেশ করেন। সে কোশল দক্ষিণাপথের অন্তর্গত বিদর্ভ অর্থাৎ বেরার্ বলিয়া বিবেচিত হইয়াছে।—Cunningham's Ancient Geography of India, p. 520.

সাঙ্কাশ্য ১, গৃধ্রকূট ২ প্রভৃতি বিবিধ স্থান-স্থিত বিহার ও বিহার-বাসী শত শত ও কুত্রাপি সহস্র সহস্র ভিক্ষু দর্শন করেন। ফাহিয়ন্ বাঙ্গালা দেশের অন্তর্গত তাম্রলিপ্ত অর্থাৎ তমলুকে অর্ণবযান আরোহণ করিয়া স্বদেশ প্রত্যাবর্ত্তন করেন। হিউএন্ থ্সঙ্গ্ তদতিরিক্ত প্রয়াগ, সার্নাথ্৩, চম্পা ৪, উৎকল, কোন্যোধ ৫, কলিঙ্গ, অন্ধ্র৬, মহান্ধ্র ৭, বরোচ, বল্লভি, মালব অর্থাৎ মালোয়া, উজ্জয়িনী, চোলিয় ৮, দ্রাবিড়, কাঞ্চী-পুর, কোঙ্কন ৯, মলয়, গুর্জ্জর অর্থাৎ গুজরাট্, অটলি ও কচ, বিচবপুর ১০, মুলতান, জঝোতি ১১, রামগ্রাম ১২, মতিপুর, স্থানেশ্বর ১৩, অহিচ্ছত্র ১৪, ব্রহ্মপুর ১৫ প্রভৃতি বিবিধ স্থান পরিভ্রমণ পূর্ব্বক প্রায় সমগ্র ভারত-ভূমিতেই বৌদ্ধ ধর্ম্ম প্রচলিত দেখেন। কিন্তু ফাহিয়নের সময় অপেক্ষা তাঁহার সময়ে ঐ ধর্ম্মের কিয়ৎপরিমাণে হ্রাস হইয়াছিল দেখা যাইতেছে। ফাহিয়ন্ যে সমস্ত বৌদ্ধতীর্থ ও বৌদ্ধদেবালয়ের কার্য্য সুন্দররূপ প্রচলিত দেখেন, হিউএন্ থ্সঙ্গ্ তাহার মধ্যে অনেকানেক স্থান ও তদতিরিক্ত অন্য অন্য বহুতর বৌদ্ধ-ক্ষেত্র ভগ্ন, ভগ্নপ্রায় বা একেবারে শূন্য দেখিতে পান এবং কোন কোন স্থান ক্রমশঃ বৌদ্ধ ধর্ম্মের বন্ধন হইতে

---

১। পিলোষণ ও কান্যকুব্জের অন্তর্ব্বর্ত্তী। গঙ্গা যমুনার অন্তর্ব্বর্ত্তী দোয়াবের মধ্যে কালী নদীর পশ্চিম পার্শ্বে পিলোষণ প্রদেশ। কালী নদী গঙ্গার একটী উপনদী।

২। রাজগৃহের নিকটবর্ত্তী একটি বিখ্যাত পর্ব্বত। ইহার ইদানীন্তন নাম শৈলগিরি।

৩। কাশীর সমীপস্থ।

৪। ভাগলপুর প্রদেশের প্রাচীন নাম। উহার রাজধানীর নামও চম্পা। তাহা ভাগলপুরের প্রায় ১১ এগার ক্রোশ পূর্ব্বে অবস্থিত ছিল।

৫। হিউএন্ থ্সঙ্গ্ উৎকলের পূর্ব্ব দক্ষিণ প্রান্তে অবস্থিত চরিত্রপুর অর্থাৎ পুরী হইয়া কোন্যোধ, কলিঙ্গাদি গমন করেন।

৬। ভারতবর্ষের দক্ষিণ খণ্ডের অন্তর্গত তেলিঙ্গন্।

৭। হিউএন্ থ্সঙ্গ্ অন্ধ্র হইতে মহান্ধ্র হইয়া চোল রাজ্যে গমন করেন।

৮। দ্রাবিড়ের উত্তর।

৯। দ্রাবিড়ের উত্তর মহারাষ্ট্রের দক্ষিণ। ধনককটের অর্থাৎ মহান্ধ্রের পশ্চিম ও সমুদ্রের পূর্ব্ব কোঙ্কন দেশ।

১০। সিন্ধুরাজ্যের রাজধানী।

১১। বুন্দেলখণ্ডের প্রাচীন নাম জঝোতি। উহা উজ্জয়িনীর প্রায় ৭৪ চুয়াত্তর ক্রোশ পূর্ব্বোত্তর অংশে অবস্থিত।

১২। কপিলবস্তু ও কুশি নগরের মধ্যস্থলে অবস্থিত। কুশি নগর গোরক্ষপুরের প্রায় ১৬ ষোল ক্রোশ পূর্ব্বে।

১৩। শতদ্রু ও গঙ্গা নদীর মধ্যবর্ত্তী প্রদেশ। হিউএন্ থ্সঙ্গের সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে উহা এতই বিস্তৃত ছিল।

১৪। রোহিলখণ্ডের রাজধানী।

১৫। রোহিলখণ্ডের অন্তর্গত মন্দাবর্ নগরের প্রায় ২২ বাইশ ক্রোশ উত্তর।

নির্মুক্ত হইয়া প্রবলতর হিন্দু ধর্ম্মের অধীন হইতেছে দৃষ্টি করিয়া যান; যেমন গান্ধার, উদ্যান বা উজ্জান*, কৌশাম্বী, শ্রাবস্তি, কপিলবস্তু, পাটলিপুত্র, চোল, মলয়, উজ্জয়িনী, মুলতান, বরণ, রামগ্রাম, অটলি, কচ ও জঝোতি। তাদৃশ সময়ে যে, এই ধর্ম্ম খর্ব্ব হইতে আরম্ভ হয়, তাহার অন্য অন্য প্রমাণও অবিলম্বে প্রদর্শিত হইবে। উল্লিখিত দুই সুবিখ্যাত বৌদ্ধ যাত্রীর পরেও, চীন-দেশীয় অন্যান্য অনেক তীর্থযাত্রী তীর্থ-ভ্রমণ-উদ্দেশে খৃষ্টাব্দের একাদশ শতাব্দী পর্য্যন্ত ভারতবর্ষে আগমন করেন। বুদ্ধগয়াতে তাঁহাদের খোদিতলিপিও বিদ্যমান আছে এবং তাহার মধ্যে অনেকের নামও সন্নিবিষ্ট রহিয়াছে†। ই-ৎসিঙ্ নামে একটি চীন-দেশীয় গ্রন্থকার একখানি চীন গ্রন্থে ৫৬ ছাপ্পান্নজন বৌদ্ধ তীর্থযাত্রীর বিবরণ লিখিয়া রাখেন। তাঁহারা খৃষ্টাব্দের ৬১৮ হইতে ৯০৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত বৌদ্ধতীর্থ-দর্শন-উদ্দেশে ভারতবর্ষে আগমন করেন। তাঁহাদের সময়ে এখানে বৌদ্ধ ধর্ম্ম একরূপ প্রচলিত ছিল তাহার সন্দেহ নাই। কেহ কেহ বিহার-বিশেষে কিছু কাল অবস্থিতি করিয়া যান। হুইলুন্ নামে একটি চীন ভিক্ষু অমরাবৎ (অমরাবাদ) দেশের একটি বিহারে দশ বৎসর কাল অধিবাস করেন‡। খৃ, পূ, তৃতীয় ও চতুর্থ শতাব্দী হইতে খৃষ্টাব্দের দশম ও একাদশ শতাব্দী পর্য্যন্ত নানা সময়ে ভারতবর্ষীয় ভাষায় ও ভারতবর্ষীয় অক্ষরে বিরচিত বহু-সংখ্যক খোদিত-লিপিতে সপ্রমাণ করিয়া দিতেছে, ভারতবর্ষীয় বৌদ্ধেরা ঐ সমস্ত সময়ের ভারতভূমিতে বিদ্যমান ছিলেন¶। বিশেষতঃ হামিরপুরের প্রায় চব্বিশ ক্রোশ দক্ষিণে মহোবা§ নগরের একখানি খোদিতলিপিতে একটি সুপ্রসিদ্ধ বৌদ্ধ মন্ত্র অঙ্কিত আছে; তাহা খৃষ্টাব্দের একাদশ বা দ্বাদশ শতাব্দীতে প্রচলিত ভারতবর্ষীয় অক্ষর-বিশেষে লিখিত হয়। ইহাতে নিঃসংশয়ে সপ্রমাণ করিয়া দিতেছে, তাদৃশ সময়েও ঐ অঞ্চলে বৌদ্ধ ধর্ম্ম বিদ্যমান ছিল**। এইমাত্র উল্লিখিত হইয়াছে, চীন-দেশীয় তীর্থযাত্রীরা

* উদ্যান কাশ্মীরের সমীপস্থ সুবস্তু নদীর তীরস্থিত। ঐ নদীর বর্ত্তমান নাম সুয়াৎ।

† The Indian Antiquary, 1881, pp. 193 and 339.

‡ The Indian Antiquary, 1881, pp. 109 and 110.

¶ Journal of the Asiatic Society of Bengal, Vol. III., pp. 482, 488, 498 and 499; vol. IV., pp. 125 and 135; Vol. V., p. 348; Vol. VI., pp. 218, 454, 459, 566—609, 790—797, 1038, 1072 and 1085; Vol. VII., pp. 219—262, 339, 442 and 565; Vol. IX., p. 617. A. Cunningham's Archæological Survey of India, Vol. I., pp. 1, 6, 7, 11, 25, 37, 39, 45, 46, 47, 48, 298 and 288; Vol. II., p. 67; Vol. V., pp. 54, 57, 58 and 177; Vol. VI., pp. 98, and 99; Vol. X., pp. 38, 56 and 82.

§ যমুনা ও বেত্রোয়া নদীর সঙ্গম-স্থলে একটি ক্ষুদ্র পর্ব্বতের নিকট মহোবা নগর।

** Cunningham's Archæological Survey of India, Vol. II., p. 445.

খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে অনেক বৌদ্ধ-ক্ষেত্র ভগ্নপ্রায় দেখিয়া যান। অতএব সে সময়ে ঐ ধর্ম্মের প্রাদুর্ভাব হ্রাস হইয়া আসিতেছিল বলিতে হয়। ঐ শতাব্দীতে হিন্দুরা বৌদ্ধদিগকে যৎপরোনাস্তি নিগ্রহ করিয়া দূরীকৃত করিবার চেষ্টা পান ইহাও একবার প্রদর্শিত হইয়াছে*। ঐ শতাব্দীতে বিদ্যমান কান্যকুব্জাধিপতি শ্রীহর্ষ পূর্ব্বাবলম্বিত বৌদ্ধ ধর্ম্ম পরিত্যাগ করিয়া জৈন ধর্ম্ম গ্রহণ করেন। ঐ সময়ের পর যে, জৈন-সম্প্রদায়ের প্রাদুর্ভাব হয়, মাইসোর, বিজয়নগর, আবু প্রভৃতি অনেক স্থানের খোদিতলিপিতে তাহা সুস্পষ্ট প্রদর্শন করিয়া দিয়াছে†। তাহাদের যেমন উন্নতি হইতে লাগিল, বৌদ্ধ-সম্প্রদায়ের সেইরূপ অবনতি হইয়া আসিল। দক্ষিণাপথের প্রচলিত অনেক কথাতেই ইহার নিদর্শন রহিয়াছে। খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীতে অকলঙ্ক নামে একটি জৈন যতি হেমশীতল নামক বৌদ্ধ রাজার সমক্ষে কাঞ্চী প্রদেশস্থ বৌদ্ধগণকে বিচারে পরাস্ত করিয়া তথা হইতে দূরীকৃত করিয়া দেন। ঐ রাজা বৌদ্ধ ধর্ম্ম পরিত্যাগ করেন এবং বৌদ্ধেরা তথা হইতে নির্ব্বাসিত হইয়া যায়‡। মদুরাধিপতি বরপাণ্ড্য জৈন ধর্ম্ম অবলম্বন পূর্ব্বক বৌদ্ধদিগকে যার পর নাই নিগ্রহ করিয়া দেশত্যাগ করাইয়া দেন¶। পাণ্ড্য রাজ্যে বৌদ্ধ-সম্প্রদায়ের পতন হইয়া জৈন-সম্প্রদায়ের প্রাদুর্ভাব হয় এবং ঐ রাজ্যের রাজা কুন পাণ্ড্যের সময়ে জৈনেরা অবসন্ন হইয়া যায়। এই ঘটনা খৃষ্টাব্দের দশম শতাব্দীতে বা তাহার কিছু অগ্রপশ্চাৎ সংঘটিত হয়। অতএব তাহারও পূর্ব্বে তথায় বৌদ্ধদের অবনতি হইয়াছিল বলিতে হইবে। দেবগোন্দ্ এবং বেল্লপলম্ এই দুই স্থানে পূর্ব্বে বৌদ্ধ-দেবালয় বিদ্যমান ছিল; খৃষ্টাব্দের একাদশ শতাব্দীতে জৈন রাজারা তাহা নষ্ট করিয়া ফেলে§। পূর্ব্বে গুজরাটে বৌদ্ধ রাজাদের অধিকার ছিল; খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে তথায় জৈন-সিংহাসন প্রতিষ্ঠিত হয়। এদ্রিসি নামক মোসলমান্ ভূগোল-বিদ্যাবিৎ পণ্ডিত লিখিয়াছেন, গুজরাটের রাজা বুদ্ধের উপাসনা করিতেন; হেমচন্দ্র জৈন-ধর্ম্ম-প্রচারে প্রবৃত্ত হইয়া ঐ রাজ্যের রাজা কুমার পালকে নিজ ধর্ম্মে দীক্ষিত করেন। এই ঘটনাটি ন্যূনাধিক ১১৭৪ খৃষ্টাব্দে সংঘটিত হয়। তদবধি গুজরাট,

* পরিশিষ্ট ২৮৮ পৃষ্ঠা।

† Asiatic Researches, Vol. XVII., pp. 280—286.

‡ তুরুভুরের সমীপস্থ পোনতগ নগরে তাহাদের বিদ্যালয় ও দেবালয়াদি ছিল; তথা হইতে তাহারা নির্ব্বাসিত হইয়া কাণ্ডি অঞ্চলে গমন করে।—H. H. Wilson's Mackenzie Collection, Vol. I., p. LXV.

¶ Asiatic Researches. Vol. XVII., p. 285.

§ Mackenzie Collection, Vol. I., p. LXVII.

মলয়বর ও দক্ষিণাপথের পশ্চিমভাগের অন্যান্য স্থানে জৈন ধর্ম্ম সমধিক প্রবল হইতে থাকে *। ভারতবর্ষের উত্তরখণ্ডেও তাদৃশ সময়ে ঐরূপ ধর্ম্ম-পরিবর্ত্তন ঘটিয়া আসিয়াছিল। কাশীর রাজারা খৃষ্টাব্দের একাদশ শতাব্দী পর্য্যন্ত বৌদ্ধ ছিলেন। চন্দ্র কবির গ্রন্থে ও অনেকানেক খোদিতলিপিতে দেখিতে পাওয়া যায়, ঐ সময়ে দিল্লি ও কান্যকুব্জের নৃপতিরা হিন্দু-ধর্ম্ম অবলম্বন করিয়া চলিতেন †। খৃষ্টাব্দের পঞ্চম ও সপ্তম শতাব্দীতে যে মথুরায় বৌদ্ধ ধর্ম্ম প্রবল ছিল ‡, খৃষ্টাব্দের একাদশ শতাব্দীতে মামুদ শা তাহা আক্রমণ করিতে গিয়া হিন্দু-ধর্ম্মের অতিমাত্র প্রাদুর্ভাব দেখিতে পান। তিনি গজনির শাসনকর্ত্তাকে লিখিয়া পাঠান, এই নগরীতে প্রস্তরাদি-নির্ম্মিত সহস্র অট্টালিকা ও অগণনীয় দেবমন্দির বিদ্যমান আছে। কোটি কোটি টাকা ব্যয় ব্যতিরেকে ইহা প্রস্তুত হয় নাই এবং দুই শত বৎসর ব্যাপিয়া নির্ম্মাণ না করিলে, এরূপ একটি নগর নির্ম্মিত হইতে পারে না ¶। তিনি অন্য অন্য স্থানেও হিন্দু-ধর্ম্মই প্রচলিত ও হিন্দু-দেবালয়ই বিদ্যমান দেখেন। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে এইটি প্রতীয়মান হইয়া উঠে যে, বৌদ্ধেরা খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীর শেষে ও তাহার পরেও কিছু দিন যদিও ভারতবর্ষে বিদ্যমান ছিলেন, কিন্তু নিতান্ত অবসন্ন হইয়া যান তাহার সন্দেহ নাই। চতুর্দ্দশ শতাব্দীতে একেবারেই অন্তর্হিত বোধ হয়।

ভিন্ন ভিন্ন উপাসক-সম্প্রদায়ীরা পরস্পর প্রতিবেশী হইলে, পরস্পর পরস্পরের অবলম্বিত ধর্ম্মের অনুষ্ঠান ও অনুকরণ করে এবং তদনুসারে নেপালী বৌদ্ধেরা নিজ ধর্ম্মের সহিত হিন্দুদের তান্ত্রিক প্রণালী মিশ্রিত করিয়া লয় একথা কিছু পূর্ব্বেই লিখিত হইয়াছে। হিন্দুরাও বৌদ্ধদের নিকট নানা বিষয়ের উপদেশ গ্রহণ পূর্ব্বক অধিকতর ঋণে ঋণী রহিয়াছেন। বৌদ্ধেরাই প্রথমে মায়াবাদ প্রচার করেন, বৌদ্ধেরাই নির্ব্বাণ মুক্তি প্রবর্ত্তিত করেন এবং বৌদ্ধেরাই ভারতভূমিতে অহিংসা ধর্ম্ম প্রকাশ করিয়া দেন। হিন্দুদিগের অশ্বত্থ বৃক্ষের পুণ্যত্ব-স্বীকারও বৌদ্ধ মতের অনুকরণ বলিয়া বিবেচিত হইয়াছে §। হিন্দুরা তাঁহাদের নিকট ঐ সমস্ত বিষয় ঋণ-গ্রহণ করিয়া চির দিনের মত ঋণ-বদ্ধ রহিয়াছেন। কেবল এইরূপ ধর্ম্ম-ঋণ গ্রহণ করিয়া নিরস্ত হন নাই; তাঁহাদের প্রধান দেবতাটিকেও

* Asiatic Researches, Vol. XVII., pp. 282 and 283.

† Ibid. p. 282.

‡ The Pilgrimage of Fa Hian, Calcutta, pp. 99 and 102.

¶ Briggs's Ferishta, Vol. I., p. 58.

§ R. L. Mittra's Antiquities of Orissa, Vol. II., p. 107, and Buddha Gayâ, p. 18.

অর্থাৎ ঐ ধর্ম্ম-প্রবর্ত্তক শাক্য সিংহকেও আপনাদের দেব-মণ্ডলী মধ্যে সন্নিবেশিত করিয়া লইয়াছেন। হিন্দুরা কত কত বৌদ্ধতীর্থ ও বৌদ্ধ-ক্ষেত্র আপনাদের তীর্থ ও ধর্ম্ম-ক্ষেত্রে পরিণত করিয়াছেন এবং তাঁহাদের যাত্রা মহোৎসবাদিরও অনুকরণ করিয়া হিন্দুধর্ম্মের মহিমা বৃদ্ধি করিয়াছেন।

হিন্দুরা দেখিলেন, ভারতবর্ষের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত বৌদ্ধ ধর্ম্ম এরূপ প্রবল হইয়া উঠিল যে, বুদ্ধের অসাধারণ প্রভাব আর অস্বীকার ও অপহ্নব করিতে পারা যায় না। এদিকে, স্থানে স্থানে শত শত ও সহস্র সহস্র স্বসম্প্রদায়ী লোকে, স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া ঐ অভ্যুদয়বান্ অভিনব ধর্ম্মের শরণাপন্ন হইতে লাগিল ইহাও আর সহ্য হয় না। তাঁহারা বৌদ্ধদিগকে খর্ব্ব করিবার উদ্দেশে, এক দিকে বিষম বিদ্বেষ প্রকাশ পূর্ব্বক তাহাদিগকে যৎপরোনাস্তি নিগ্রহ করেন, অপর দিকে লোকদিগকে বৌদ্ধ ধর্ম্মে পরাঙ্মুখ করিবার অভিপ্রায়ে এইরূপ প্রচার করিয়া দেন যে, ভগবান্ বিষ্ণু বুদ্ধরূপে অবতীর্ণ হইয়া অসুরগণকে বিমুগ্ধ ও বিপথগামী করিবার জন্য বৌদ্ধ ধর্ম্ম প্রবর্ত্তন করেন* ।

ততঃ কলৌ সংপ্রবৃত্তে সংমোহায় সুরদ্বিষাম্।
বুদ্ধো নাম্নাঞ্জনসুতঃ কীকটেষু ভবিষ্যতি ॥

ভাগবত। ১। ৩। ২৫॥

পরে কলিযুগ প্রবৃত্ত হইলে অসুরদিগের মোহনার্থ বিষ্ণু গয়া প্রদেশে অঞ্জন-পুত্র বুদ্ধরূপে জন্ম গ্রহণ করিবেন।

এই নিমিত্তই, বুদ্ধ বেদাদি হিন্দু-শাস্ত্রের বিরুদ্ধ ধর্ম্ম-প্রবর্ত্তক হইয়াও বিষ্ণ্বতারের মধ্যে পরিগণিত হন। ইদানী যাঁহারা মোসল্মান্ পীরকে নারায়ণ বলিয়া স্বীকার করিয়াছেন, পূর্ব্বে তাঁহারা বুদ্ধকে বিষ্ণ্বতার বলিয়া অঙ্গীকার করিবেন ইহাতে অসম্ভাবনা কি?

দক্ষিণাপথস্থ বিপ্লভক্ত-সম্প্রদায়ের ধর্ম্ম হিন্দু ও বৌদ্ধ উভয় ধর্ম্ম মিশ্রিত তাহার সন্দেহ নাই। তাহাদের বেদ ও ব্রাহ্মণে শ্রদ্ধাও নাই এবং বর্ণ-বিচারেও আস্থা নাই। এই পুস্তকের প্রথম ভাগের ১২৭—১২৯ পৃষ্ঠায় ইহাদের কিছু কিছু বৃত্তান্ত দেখিতে পাইবে। উত্তর কালে মোসল্-মানেরা যেমন অনেকানেক হিন্দু-দেবালয় অধিকার করিয়া নিজ দেবালয়ে

* বিষ্ণুপুরাণের তৃতীয় অংশের অষ্টাদশ অধ্যায়ে এই উপাখ্যান সবিশেষ বর্ণিত হইয়াছে। অগ্নিপুরাণের ১৬ অধ্যায়, কাশীখণ্ডের ৫৮ অধ্যায়, লিঙ্গপুরাণের ৭০ অধ্যায় এবং ভাগবতের প্রথম স্কন্ধের তৃতীয় অধ্যায় ও দ্বিতীয় স্কন্ধের সপ্তম অধ্যায়ে বিষ্ণুর বুদ্ধরূপ-গ্রহণের ভিন্ন ভিন্ন রূপ প্রসঙ্গ আছে।

পরিণত করে, সেইরূপ, পূর্ব্বে বৌদ্ধ ধর্ম্মের অবনতি-সময়ে হিন্দুরা কোন কোন বৌদ্ধ-স্থানাদি অধিকার পূর্ব্বক আপনাদের দেবস্থান করিয়া লয় এবং সেই সঙ্গে বৌদ্ধদিগের কত কত ধর্ম্ম-ক্রিয়া ও আচার ব্যবহারেরও অনুকরণ করিতে প্রবৃত্ত হয়। বুদ্ধগয়ার একটি দেবালয়ে একখানি গোলাকৃতি প্রস্তরে দুইটি পদ-চিহ্ন আছে। ঐ দেবালয়ের নাম বুদ্ধ-পদ। কনিংহেম্ দেখিয়াছেন, অমর দেবের খোদিতলিপিতে উহা বিষ্ণু-পদ বলিয়া লিখিত হয়। অতএব তিনি অনুমান করেন, প্রথমে উহা বুদ্ধ-পদ ছিল, পরে হিন্দুরা তাহা বিষ্ণু-পদ বলিয়া প্রচার করে*। গয়াও পূর্ব্বে বৌদ্ধ ক্ষেত্র ছিল; পরে একটি প্রধান হিন্দুতীর্থ হইয়া উঠিয়াছে†। এমন কি, তথাকার কত কত হিন্দু-দেবালয়ে অদ্যাপি বুদ্ধদেবের খোদিতলিপি বিদ্যমান রহিয়াছে। গয়ামাহাত্ম্যে সুস্পষ্ট লিখিত আছে, তীর্থ-যাত্রীরা বিষ্ণুপদে পিণ্ডদান করিবার পূর্ব্বে বুদ্ধগয়া গমন পূর্ব্বক বৌদ্ধ-সম্প্রদায়ের বোধি বৃক্ষকে‡ প্রণাম করিবেন।

ধর্ম্মং ধর্ম্মেশ্বরং নত্বা মহাবোধিতরুং নমেৎ।

জগন্নাথের ব্যাপারটিও বৌদ্ধধর্ম্ম-মূলক বা বৌদ্ধধর্ম্ম-মিশ্রিত বলিয়া প্রতীয়মান হয়। জগন্নাথ বুদ্ধাবতার এইরূপ একটি জনশ্রুতি সর্ব্বত্র প্রচলিত আছে। চীন দেশীয় তীর্থযাত্রী ফাহিয়ন্ ভারতবর্ষে বৌদ্ধতীর্থ-পর্য্যটনার্থ যাত্রা করিয়া পথিমধ্যে তাতার দেশের অন্তর্গত খোটান্ নগরে একটি বৌদ্ধ-মহোৎসব সন্দর্শন করেন। তাহাতে জগন্নাথের রথযাত্রার ন্যায় অবিকল এক রথে তিনটি প্রতিমূর্ত্তি দৃষ্টি করিয়া আইসেন। মধ্যস্থলে বুদ্ধ-মূর্ত্তি ও তাহার দুই পার্শ্বে দুইটি বোধিসত্ত্বের প্রতিমূর্ত্তি সংস্থাপিত ছিল¶। খোটানের উৎসব যে সময়ে ও যতদিন ব্যাপিয়া সম্পন্ন হইত, জগন্নাথের রথযাত্রাও প্রায় সেই সময়ে ও তত দিন ব্যাপিয়া অনুষ্ঠিত হইয়া থাকে। মেজর্ জেনেরেল্ কনিংহেম্ বিবেচনা করেন, ঐ তিনটি মূর্ত্তি পূর্ব্বোক্ত বৌদ্ধ ত্রিমূর্ত্তির অনুকরণ বই আর কিছুই নয়। সেই তিনটি মূর্ত্তি বুদ্ধ, ধর্ম্ম ও সঙ্ঘ§। বৌদ্ধেরা সচরাচর ঐ ধর্ম্মকে স্ত্রীরূপ বলিয়া বর্ণন করিয়া থাকে।

---

* Cunningham's Archæological Survey of India Reports Vol. I., pp. 9-10.

† পশ্চাৎ একটি টিপ্পনী করিয়া এবিষয়ের সমুচিত যুক্তি সমূহের বিবরণ করিবার অভিলাষ রহিল।

‡ বুদ্ধ যে অশ্বত্থ-মূলে উপবিষ্ট হইয়া সাধনা করেন, তাহার নাম বোধি বৃক্ষ। তিনি তথায় "সম্যক্ সম্বোধি" অর্থাৎ সম্পূর্ণ বোধ প্রাপ্ত হন এই নিমিত্ত তাহার নাম বোধি।

¶ Pilgrimage of Fa Hian, 1848, p. 18.

§ ২৪১ পৃষ্ঠা।

তিনি জগন্নাথের সুভদ্রা *। শ্রীক্ষেত্রে বর্ণ-বিচার-পরিত্যাগ-প্রথা † এবং জগন্নাথের বিগ্রহ মধ্যে বিষ্ণু-পঞ্জরের অবস্থিতি-প্রবাদ, এদুটি বিষয় হিন্দুধর্ম্মের অনুগত নয়; প্রত্যুত নিতান্ত বিরুদ্ধ। কিন্তু এই উভয়ই সাক্ষাৎ বৌদ্ধ-মত বলিলে বলা যায়। দশাবতারের চিত্রপটে বুদ্ধাবতার-স্থলে জগন্নাথের প্রতিরূপ চিত্রিত হয়। কাশী এবং মথুরার পঞ্জিকাতেও বুদ্ধাবতার-স্থলে জগন্নাথের রূপ আলেখিত হইয়া থাকে। এই সমস্ত পর্য্যালোচনা করিতে করিতে, জগন্নাথের ব্যাপারটি বৌদ্ধ-ধর্ম্ম-মূলক বলিয়া স্বতই বিশ্বাস হইয়া উঠে। জগন্নাথ-ক্ষেত্রটি পূর্ব্বে একটি বৌদ্ধ-ক্ষেত্রই ছিল এই অনুমানটি জগন্নাথ-বিগ্রহ-স্থিত উল্লিখিত বিষ্ণু-পঞ্জর ‡ বিষয়ক প্রবাদে একরূপ সপ্রমাণ করিয়া তুলিতেছে। যে সময়ে বৌদ্ধেরা অত্যন্ত অবসন্ন হইয়া ভারতবর্ষ হইতে অন্তর্হিত হইতেছিল, সেই সময়ে অর্থাৎ খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে জগন্নাথের মন্দির প্রস্তুত হয় ইহা পূর্ব্বে সুস্পষ্ট প্রদর্শিত হইয়াছে ¶। এই ঘটনাটিতেও উল্লিখিত অনুমানের সুন্দররূপ পোষকতা করিতেছে। চীন-দেশীয় তীর্থযাত্রী হিউএন্ থসঙ্গ উৎকলের পূর্ব্ব দক্ষিণ প্রান্তে সমুদ্র-তটে (অর্থাৎ উড়িষ্যার যে অংশে পুরী সেই অংশে) চরিত্রপুর নামে একটি সুপ্রসিদ্ধ বন্দর দেখিয়া যান। ঐ চরিত্রপুরই এক্ষণকার পুরী বোধ হয়। উহার নিকটে পাঁচটি অত্যুন্নত স্তূপ ছিল। শ্রীমান্ এ, কনিংহেম্ অনুমান করেন, তাহারই একটি অধুনাতন জগন্নাথের মন্দির §। স্তূপের মধ্যে বুদ্ধাদির অস্থি কেশাদি সমাহিত থাকে ‖ এই নিমিত্তই, জগন্নাথের বিগ্রহ মধ্যে বিষ্ণু-পঞ্জরের অবস্থিতি বিষয়ক উল্লিখিত প্রবাদ প্রচলিত হইয়াছে।

এবার এই পর্য্যন্ত। আর চলিয়া উঠিতেছে না। এখন হিন্দু নামে বিখ্যাত ও তদ্ভিন্ন দূর-দূরান্তর-বাসী ম্লেচ্ছ ** বলিয়া পরিগণিত বিভিন্ন জাতীয় লোকের যে অপরিজ্ঞেয়কল্প আর্য্য-বংশীয় আদিম পুরুষেরা পরস্পর একত্র সংসৃষ্ট থাকিয়া, দ্যৌ, বরুণ, উষা প্রভৃতি নৈসর্গিক বস্তু ও কাল-বিভাগ-বিশেষকে সচেতন দেবতা জ্ঞান পূর্ব্বক, তদীয় উপাসনায় প্রবৃত্ত ছিলেন ††;

---

* Cunningham's Ancient Geography of India 1871, pp. 510 and 511.

† বৈষ্ণবাদি কোন কোন প্রকার ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়ীরা যে স্বসম্প্রদায় মধ্যে বর্ণাভিমান পরিত্যাগ করিয়া চলেন, বৌদ্ধদিগের ব্যবহারই তাহার প্রথম আদর্শ।

‡ ২৪৯ ও ২৫০ পৃষ্ঠা দেখ।

¶ ১১৮ পৃষ্ঠা দেখ।

§ Cunningham's Ancient Geography of India, p. 510.

‖ ২৪৯ পৃষ্ঠা দেখ।

** গ্রীক্, ইটালীয়, পারসীক প্রভৃতি।

†† প্রথম ভাগের ৩৬ ও ৩৭ পৃষ্ঠা দেখ।

যাঁহারা * পূর্ব্ব নিবাস পরিত্যাগ ও ভারতবর্ষ প্রবেশ পূর্ব্বক অত্রত্য জল, বায়ু, সূর্য্য, নক্ষত্র-পরিপূর্ণ নভোমণ্ডলাদির অসামান্য প্রভাব-শালিত্ব ও ঝঞ্ঝাবাত, শিলাবৃষ্টি, বজ্রধ্বনি, পর্ব্বতাকার সমুদ্র-তরঙ্গ, প্রখর-রশ্মি-প্রদীপ্ত নিদাঘ-মধ্যাহ্ন ইত্যাদি অত্যুৎকট নৈসর্গিক ব্যাপার সমুদায়-দর্শনে ভীত, চমৎকৃত ও অভিভূত হইয়া ঐ সমস্ত প্রভাবশালী অচেতন প্রাকৃতিক পদার্থকে সচেতন জ্ঞান করিয়া তাঁহাদেরই উপাসনায় প্রবৃত্ত হন এবং তদীয় স্বরূপে স্বকীয় অর্থাৎ মানব-জাতীয় শারীরিক ও মানসিক গুণ আরোপণ করিয়া তাঁহাদিগকেই আপনাদের হর্ত্তা কর্ত্তা বিধাতা ও দণ্ড পুরস্কারের বিধান-কর্ত্তা বলিয়া বিশ্বাস করেন; যাঁহারা † পূর্ব্বকালীন আর্য্য-বংশীয় ভারতবর্ষীয়দিগকে জটিল কর্ম্ম-‡ জালে জড়িত ও দুশ্ছেদ্য কুসংস্কার-পাশে বদ্ধ করিয়া তদীয় জ্ঞান-পদবীতে দুর্ভেদ্য কণ্টকাবলি রোপণ পূর্ব্বক উত্তরকালীন পণ্ডিতগণের ¶ তিরস্কার-ভাজন এবং বিশেষতঃ গোমেধ, নরমেধ, অশ্বমেধাদি প্রচলিত করিয়া স্ব সম্প্রদায়ীদিগকে চার্ব্বাকগণের বিষাক্ত বাণ ও কঠিন কষাঘাত সহ্য করিবার ভার অর্পণ করিয়া যান §; যাঁহারা ‖ সমাজ-বিরুদ্ধ নাস্তিকতাদি ** প্রবর্ত্তন বা প্রচার করিয়া সেই সমাজের পূজাস্পদ ও শ্রদ্ধাস্পদ হইয়াছেন, ঈশ্বরের অধীনত্ব অক্লেশে পরিত্যাগ করিয়াও কুহকময় বেদনিচয়ের চরণ-পাদুকার দাসানুদাস বলিয়া আপনাদের পরিচয় দান করিয়াছেন এবং মানব-কুলের চিরাকাঙ্ক্ষিত অথচ মানব-বুদ্ধির নিতান্ত অগম্য বিষয়ের †† তত্ত্বানুসন্ধান অর্থাৎ সুখ-স্বর্গের প্রকৃত পথ অন্বেষণ করিতে গিয়া নানাপ্রকার কুটিল ও জটিল মার্গ অবলম্বন পূর্ব্বক আপনাদের কল্পনা-শক্তি প্রসারণ করিয়া স্বভাব-লব্ধ বুদ্ধি-প্রভাবকে অনেকাংশে স্বপ্ন-কল্পিত বা মরীচিকা-দৃষ্ট পদার্থ-গ্রহণ-চেষ্টার ন্যায় বিফল করিয়া গিয়াছেন ও বিচার-বলে পরস্পর পরস্পরের মত অনেকাংশে অসিদ্ধ বা মিথ্যাভূত করিয়া তুলিয়াছেন; যাঁহারা ‡‡ অসাধারণ কবিত্ব-শক্তি প্রদর্শন পূর্ব্বক সদসৎ ও বাস্তবাবাস্তব অশেষবিধ উপাখ্যান সঙ্কলন এবং কাব্য, ইতিহাস ও ধর্ম্ম-শাস্ত্র

---

* সুপ্রাচীন বেদমন্ত্র-রচয়িতা ঋষিগণ।

† ব্রাহ্মণ ও কল্পসূত্র-রচয়িতারা।

‡ যাগ যজ্ঞাদি কর্ম্ম।

¶ উপনিষৎ-প্রণেতা পণ্ডিতগণের।

§ ৫৪ ও ৫৫ পৃষ্ঠা দেখ।

‖ সাংখ্য মীমাংসাদি কতকগুলি দর্শন-প্রবর্ত্তক।

** ১, ২১, ২৫, ২৬, [illegible] ও ৫৩ পৃষ্ঠা।

†† ঈশ্বরের স্বরূপ-জ্ঞান ও জীবের মুক্তি-সাধন প্রভৃতি।

‡‡ রামায়ণ ও মহাভারত-কর্ত্তারা।

একত্র সম্মিলন করিয়া বহুবিধ বিজাতীয় বিষয়ের এক একটি সুচারু সুবৃহৎ বাক্য-স্তূপ প্রস্তুত করিয়া যান; যে সমস্ত কপট ব্যাস * পুরাতন পুরাণ শব্দ অবলম্বন দ্বারা নূতন বিষয় কল্পনা বা পুরাতন বিষয়ের নূতন বেশ-বিন্যাস পূর্ব্বক উল্লিখিত কবিগণের ন্যায় একটি অবেদ-পরিচিত লোক-রঞ্জন ধর্ম্ম-প্রণালী প্রচারণ-উদ্দেশে পূর্ব্বপুরুষদের পূজিত প্রাচীন দেবগণকে তদীয় উচ্চ পদ হইতে অবনত করিয়া তৎপরিবর্ত্তে আপনাদের অভিমত অভিনব দেবগণকে প্রতিষ্ঠিত করেন ও যাঁহাদের সম্প্রদায়-ভুক্ত শাস্ত্র-ব্যবসায়ীরা † ব্যাসাসনে উপবেশন ও বাক্‌পটুতা, স্বর-মাধুর্য্য ও সঙ্গীত-গুণ-প্রভাবে শ্রোতৃগণের অন্তঃকরণ হরণ করিয়া আবাল বৃদ্ধ বনিতা সকলেরই শ্রদ্ধাস্পদ ও প্রণয়াস্পদ এবং কেহ কখনও বা ব্যবহার-দোষে অতিমাত্র অশ্রদ্ধারও আস্পদ হইয়া থাকেন; যে সমস্ত চির-দূষিত অপবিত্র আমোদ-ব্যাপার জন-সমাজে ঘৃণিত ও নিন্দিত হইয়া আসি-য়াছে, যাঁহারা ‡ ধর্ম্মচ্ছলে সেই সমস্ত অধর্ম্মময় আমোদ-তরঙ্গে শরীর ও মন সুখে সন্তরিত বা একেবারে নিমজ্জিত করিয়া দিয়াছেন ও বিশেষতঃ এদেশে বিজাতীয় পান-দোষ প্রাদুর্ভূত হইবার পূর্ব্বে, যাঁহারা বাঙ্গালা কবিগণের উপমা-সামগ্রী ফল্‌গু নদীর মত অন্তঃশিল সুরাসরিৎ প্রবাহিত করিয়া গিয়াছেন; যে সমস্ত লোক-পূজ্য ভূদেব শিক্ষাগুরু ¶ বিচার-স্থলে শিষ্টাচার-লঙ্ঘন বিষয়ে অশিক্ষিত দুর্নীত সম্প্রদায়কে পরাভব করেন, এমন কি, শিথিল বা স্খলিত-কচ্ছ হইয়া নিতম্ব-দেশ পরিঘর্ষণ বা কখন কখন হঠাৎ উল্লম্ফন, কটু কাটব্য উচ্চারণ ও হট্ট-কোলাহল অতিক্রম পূর্ব্বক অগ্রসর হইয়া মহাব্যাপকতা সহকারে মল্লযুদ্ধের ভাব প্রদর্শন করিতে থাকেন §, সেই সমুদায়েরই সাম্প্রদায়িক ধর্ম্ম ও মত-প্রণালী

---

* প্রচলিত পুরাণ ও উপপুরাণ-রচয়িতারা।

† বাঙ্গালা-দেশীয় কথকেরা।

‡ কুলাচার-পরায়ণ শাক্তাদি-সম্প্রদায়ীরা।

¶ বাঙ্গালা-দেশীয় স্মৃতি-ন্যায়শাস্ত্র-ব্যবসায়ী পণ্ডিতগণ।

§ যাঁহারা বিচার-স্থলে এইরূপ উচ্চৈঃস্বরে আস্ফালন ও সদর্প বাক্য বিস্তার করেন, তাঁহাদের উপাধি কি জান?—দাপাৎ। উঃ! কি ভয়ঙ্কর শব্দ! সিংহের নাদ ও ব্যাঘ্রের গর্জ্জনও বুঝি তত ভয়ানক নয়। এদেশে অধ্যাপকের দাপাতি ও ওস্তাদি কবিদলের পলা-বাজি অতি প্রশংসনীয়। একবার একটি বড় কৌতুককর কথা শুনিয়াছিলাম। এক ব্যক্তি বিচার-স্থলে আপনার উত্তরীয় বস্ত্রে কিঞ্চিৎ দূর্ব্বা বন্ধন করিয়া লইয়া যান। উক্ত রূপ আস্ফা-লন সহকারে অনেক কটু কাটব্য-প্রয়োগের পর বিচার করিতে করিতে সেই দূর্ব্বামুষ্টি হস্তে করিয়া প্রতিপক্ষকে বলিতে লাগিলেন, 'খা, খা, তুই গোরু, খা এই ঘাস খা, এই ঘাস খা।' যাহা হউক পূর্ব্ব কালে দাপাতের ছাত্র না হয় দাপাৎই হইত; কিন্তু এখন যে কত শত ইংরেজের শিষ্য আকালি হইতেছে ইহার উপায় কি?

এবং তৎকর্ত্তৃক রচিত, সঙ্কলিত বা অবলম্বিত শাস্ত্রের সংক্ষেপে কিছু কিছু প্রসঙ্গ করা হইয়াছে। উপক্রমণিকাংশের আরও কিছু অবশিষ্ট রহিল। সম্প্রদায়-বিবরণের মধ্যে প্রসিদ্ধ পঞ্চোপাসকের বৃত্তান্ত একরূপ লিখিত হইয়াছে। তদ্ভিন্ন, নানকপন্থী, শিবনারায়ণী, জৈন প্রভৃতি যে সমস্ত উপাসক-সম্প্রদায় ঐ পঞ্চোপাসকের মধ্যে পরিগণিত নয়, সেই সমুদায়ের বিবরণ এবং যে ব্রাহ্মধর্ম্মের সম্পূর্ণ ও বিশুদ্ধ ইতিহাস এপর্য্যন্ত বিরচিত হয় নাই, তাহারও প্রসঙ্গ অবশিষ্ট রহিল। যদি কখন এই উপাসক-সম্প্রদায়ের তৃতীয় ভাগ প্রকাশিত হয়, তাহাতে সেই সমুদায়ের কিছু কিছু ইতিবৃত্ত বিনিবেশিত হইবে। এখন শরীরের যেরূপ অবস্থা, তাহাতে এটি একটি দুরাশামাত্র। কিন্তু আশা জগতের জীবন। আশা ইহলোক ও আকাশ-পথ অতিক্রম করিয়া উড্ডীয়মান হয়।

শরীরের যে প্রকার শোচনীয় অবস্থায় এত দূর চলিল তাহা কি বলিব? না লিখন, না পঠন, না চিন্তন, না গ্রন্থ-শ্রবণ কোনরূপ মানসিক ও শারীরিক কার্য্যেই আমি সমর্থ নই। ইহার কোন কার্য্যে প্রবৃত্ত মাত্রেই মানসিক কষ্ট হইতে থাকে। এরূপ অবস্থায় এভাগের কি রচনা, কি শোধন, কি মুদ্রাঙ্কন যে কিছু কার্য্য অনুষ্ঠিত হইয়াছে, তাহার প্রতি একটি বারও নেত্রপাত করিতে পারি নাই *। অনেক সময়ে অনেকানেক প্রগাঢ় ভাব-সম্বলিত চিন্তা-প্রবাহ উপস্থিত হইয়া মস্তিষ্কের স্বাস্থ্য-ক্ষয় করিতেছে স্পষ্ট অনুভব করিতেছি, তথাপি তাহা নিবারণ করিবার সামর্থ্য থাকে না। কষ্ট হয় বলিয়া, অন্যমনস্ক হইবার উদ্দেশে নানা চেষ্টা ও বিবিধ উপায় অবলম্বন করি, কিছুতেই সে চিন্তা-স্রোত মন্দীভূত হয় না। যতক্ষণ সে সমুদায় এবং যাহা কিছু অন্যরূপে জানিতে পারি, তাহাও লিপি-বদ্ধ করা না হয়, ততক্ষণ মস্তক মধ্যে দুঃসহ যন্ত্রণা হইতে থাকে। আমার কর্ম্মচারীকে অথবা অন্য কোন ব্যক্তি নিকটে থাকিলে তাঁহাকে লিখিয়া রাখিতে বলি। কেহ নিকটে না থাকিলে, যান-বাহন দ্বারা দূর-স্থিত বন্ধু-বিশেষের সমীপে গমন পূর্ব্বক লিখিতে অনুরোধ করি। যাহার যত্ন তত্ত্ব জ্ঞান কিছুমাত্র নাই, অপার্য্যমানে কখন কখন এরূপ অশিক্ষিত ও অযোগ্য লোকের দ্বারাও লিখাইতে হইয়াছে। অর্দ্ধরাত্রেও নিদ্রা-কাতর কর্ম্মচারীকে আহ্বান করিয়া কতবার কত বিষয়ই লিখাইতে হইয়াছে। নতুবা উপস্থিত বিষয়ের পুনঃ পুনঃ আন্দোলন হইয়া সে

---

* যখন কোন সময়ে একবার দৃষ্টিপাত করিতে পারি নাই, তখন তন্নিবন্ধন দোষোৎপত্তি না হইবে কেন? স্থানে স্থানে মুদ্রাঙ্কন-দোষ সংঘটিত হওয়াতে, আমাকে অতিমাত্র দুঃখিত হইতে হইতেছে। পাঠকগণ! আমার সাতিশয় শারীরিক দুরবস্থার বিষয় বিবেচনা করিয়া সে বিষয়ে উপেক্ষা করেন এই প্রার্থনা।

রজনীতে নিদ্রার সম্ভাবনা থাকিত না। মনোমধ্যে এরূপ কোন বিষয়ের উদয়েও কষ্ট, তাহার চিন্তনে ও আন্দোলনেও কষ্ট, নিজে দূরে থাকুক, অন্য দ্বারা তাহা লিপি-বদ্ধ করাইতেও কষ্ট, এবং যে পর্য্যন্ত লিপি-বদ্ধ না করা হয়, সে পর্য্যন্ত তদপেক্ষা অধিক কষ্ট অনুভূত হইতে থাকে। সেই যন্ত্রণা-নিবারণ-উদ্দেশেই লিপি-বদ্ধ করাইতে হইয়াছে এবং ইহাতেই অতীব অল্পে অল্পে পুস্তকখানি একরূপ প্রস্তুত হইয়া উঠিয়াছে। কোন বিষয়ের প্রমাণ-প্রয়োগ-উদ্দেশে কোন গ্রন্থার্থ অবগত হইবার প্রয়োজন হইলে, ব্যক্তি-বিশেষের দ্বারা তাহা পাঠ করাইয়া শ্রবণ করিতে হয়। তাহাই কি যে সে দিনে ও যে সে সময়ে শুনিতে পারি? না সমুচিত মনঃসংযোগ করিতেই সমর্থ হই? শরীরের অবস্থানুসারে দিন-বিশেষে ও সময়-বিশেষে ঔষধাদি ব্যবহার করিয়া তাহা শ্রবণ করিতে হইয়াছে। এইরূপ করিয়া কখন পাঁচ সাত পঁক্তি, কখন দুই চারি পঁক্তি, কখন দুই চারিটি বা দুই একটি শব্দমাত্র এবং কদাচিৎ কিছু অধিকও বিরচিত হয়। সেই সমস্ত একত্র সংগ্রহ করিয়া উপাসক-সম্প্রদায়ের দ্বিতীয় ভাগের অধিকাংশ প্রস্তুত হইয়াছে। সেই সমুদায় বাক্য যে প্রথমে যথাস্থানে পর পর লিখিত হয়, পাঠকগণ এরূপ মনে করিবেন না। কোন্ বাক্যটি কোন্ স্থানে বা কোন্ বাক্যের পর বিনিবেশিত হইবে, উক্ত রূপে লিপি-বদ্ধ করাইবার সময় তাহা কিছুই স্থির থাকে না। সে সমুদায় যে দিবস একত্র সঙ্কলন করা হয়, সেই দিনই বিভ্রাট্। পূর্ব্বোক্ত রূপে, শরীরের অবস্থানুসারে দিন-বিশেষে ও সময়-বিশেষে তদর্থ ঔষধ-বিশেষ সেবন ও অন্য অন্য নানারূপ প্রক্রিয়া করিয়া বহু কষ্টে সেটি কথঞ্চিৎ সম্পন্ন করিয়াছি। এইরূপ বহু-কষ্ট-সাধ্য সঙ্কল্পেও আবার কতবার কত প্রতিবন্ধকই ঘটিয়াছে। বলিব কি? যেরূপ বিপদের দিবসে বিপদ ভিন্ন অন্য কোন বিষয় মনে স্থান পায় না, সেইরূপ দিবসে অন্যমনস্ক হইবার উদ্দেশে এই পুস্তকের উপক্রমণিকাংশের অন্তর্গত রামমোহন রায় সংক্রান্ত প্রবন্ধের পাণ্ডুলিপি শ্রবণ করি * এবং সেইরূপ বিপদের সময়েই ভারতবর্ষের পূর্ব্বতন ও অধুনাতন অবস্থা-বিষয়ক সন্দর্ভের † পূর্ব্ব-লিখিত বাক্যগুলি যথাস্থানে একত্র বিন্যস্ত করিয়া দিই।

এ অবস্থায় গ্রন্থ-প্রণয়নের অভিলাষ করা অনুচিত ও অসঙ্গত কার্য্য। ওদিকে চির জীবন নিশ্চেষ্ট মনে কাল হরণ করাও অসাধ্য। তাহা স্থির ভাবে মনে করাও দুঃসহ যন্ত্রণার বিষয়। এইরূপ সঙ্কটাপন্ন হইয়া এই গ্রন্থ-প্রকাশের অভিলাষ করি এবং পূর্ব্ব-লিখিত কিয়দংশ বিদ্যমান ছিল বলিয়াই, তাহাতে প্রবৃত্ত হইতে সমর্থ হই। যে গুরুতর বিষয়ে একবার কৃত-সঙ্কল্প

---

* ৮০—৯০ পৃষ্ঠা।

† ১২৪—১৪৮ পৃষ্ঠা।

হইয়াছি, পারৎমানে দূরে থাকুক, অপারৎমানেও তাহা পরিত্যাগ করা আমার পক্ষে অতীব কষ্টের বিষয়। এই নিমিত্তই এরূপ করিয়া কার্য্য-সাধন করিতে হইয়াছে। যখন গুরুতর কার্য্যে মনঃ সংযোগ করিবার পথ একবারেই রুদ্ধ হইল, মনোহর পূর্ব্ব-বাসনা সমুদায় স্বপ্ন-কল্পিত ব্যাপার হইয়া গেল, এবং অনেক বৎসর একাদিক্রমে নানাপ্রকার চেষ্টা পাইয়াও যখন রোগের শান্তি না হইল, তখন কেবল ঔষধ-সেবন ও পথ্য গ্রহণ দ্বারা রোগের সেবায় জীবনক্ষেপ করা অপেক্ষায় এরূপ কষ্ট স্বীকারও তৃপ্তির বিষয়। আমার পূর্ব্ব অধ্যবসায়-বৃত্তির নষ্টাবশেষ স্বরূপ যৎকিঞ্চিৎ যাহা অবশিষ্ট ছিল, তাহা যদি এইরূপে কিছু কার্য্যকর হইয়া থাকে, তবে গুরুতর কল্যাণকর কার্য্য-সাধনের নিতান্ত অনুপযুক্ত এই বিষম শারীরিক দুরবস্থায় তাহাও আমাকে সৌভাগ্যের বিষয় বলিয়া স্বীকার করিতে হয়।

এই ভাগের অন্তর্গত শৈবাদি-সম্প্রদায়-বিবরণের বহুতর অংশ নূতন সংগৃহীত। ঐ সমুদায় সম্প্রদায়ের অনেকগুলির একরূপ বৃত্তান্ত পূর্ব্বে তত্ত্ববোধিনী পত্রিকায় প্রকাশিত হয়, কিন্তু তাহার পরে এত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে যে, এখানি একখানি স্বতন্ত্র পুস্তক বলিয়া উল্লেখ করিলে অন্যায় বলা হয় না। বাঙ্গালা দেশের অধিক লোকই শাক্ত। এখানে তন্ত্র শাস্ত্রেরও অপ্রতুল নাই। অতএব শাক্ত-ধর্ম্মের বিবরণ সংগ্রহ করা অপেক্ষাকৃত সহজ। শৈব-সম্প্রদায়ের ইতিবৃত্ত-সংগ্রহ-উদ্দেশে ন্যূনসংখ্যা ১৪০০ চৌদ্দশত শৈব উদাসীনের ব্যবহার স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছি, বহু শতের সহিত ব্যাপক কাল একত্র সহবাস করিয়া তাহাদের ধর্ম্মানুষ্ঠান সংক্রান্ত নানা বিষয়ের কথোপকথন করিয়াছি এবং সজ্জন সরল-স্বভাব উদাসীন পাইলে নিজ গৃহে আনয়ন পূর্ব্বক তদীয় মতামত শিক্ষা ও ক্রিয়ানুষ্ঠান দর্শন করিয়াছি। ঐ উদ্দেশে তাদৃশ সংখ্যক বৈষ্ণব উদাসীনেরও আচার ব্যবহার অবলোকন ও তাহাদের সহিত সংসর্গ ও সদালাপ করিতেও ক্রটি করি নাই। এইরূপে, এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত বৈষ্ণব-সম্প্রদায়-বিবরণের অতিরিক্ত যাহা কিছু অবগত হইতে পারিয়াছি, তাহা দ্বিতীয় ভাগে প্রকাশিত পরিশিষ্টাংশে বিনিবেশিত হইল। সন্ন্যাসী, সংনামী, বীজমার্গী, পল্টুদাসী, আপাপন্থী প্রভৃতির গূঢ় মন্ত্র ও গুহ্য ব্যাপার যেরূপে সংগৃহীত হইয়াছে, তাহা কি বলিব? এরূপ কার্য্য সাধন করিতে হইলে, সকলকেই বিশেষ যত্ন, সমধিক পরিশ্রম ও যথেষ্ট অর্থ ব্যয় করিতে হয়। আমাকে তদতিরিক্ত এই জীবন্মৃত শরীরেরও স্বাস্থ্য-ক্ষয় স্বীকার করিয়া আত্ম-সন্নিধানে অপরাধী হইতে হইয়াছে। এই সমস্ত অঙ্গীকার করিয়াও,

যদি জনসমাজ-বিশেষের কোন অন্তর্ভূত মানসিক রোগের বিষয় কিছু নূতন জানিতে পারিয়া থাকি, তবে সেটি আমার সৌভাগ্যের বিষয় বলিতে হইবে। এরূপ অবস্থায় কি কতদূর হইল কি বলিব? আমার আর বলিবার কথা নাই। সকলই শোচনার বিষয়। অন্তঃকরণ বার্দ্ধক্য-দশায়ও নানাপ্রকার শুভকর বিষয়ে যৌবনোচিত প্রবল অনুরাগ-প্রভাবে সঞ্চরণ করিতে লাগিল, কিন্তু শরীর যৌবনাবধিই বার্দ্ধক্যকাল অপেক্ষা নিস্তেজ হইয়া চিরদিন মৃতকল্প হইয়া রহিল! আমার জরা-জীর্ণ কম্পমান লেখনীকে নিজ হস্তে আর একটিবারও ধারণ করিয়া মনের ক্ষোভ নিবারণ করিতে পারিলাম না! আমার একটি পরম বন্ধু একবার আক্ষেপ করিয়া বলেন, যাহার হস্ত পুস্তকালঙ্কারে অলঙ্কৃত না হইয়া এক দণ্ড কাল অতীত হইত না, এখন বৎসর বৎসর ও যুগ যুগান্তর তদ্ব্যতিরেকে অতিবাহিত হইয়া যাইতেছে! ষোড়শ বা সপ্তদশ বৎসর বয়ঃক্রমের সময়ে রীতিমত শিক্ষারম্ভ* করিয়া, পঁইত্রিশ বৎসর বয়ঃক্রম অতীত না হইতেই, দুর্জ্জয় রোগ-প্রভাবে চির দিনের মত অসমর্থ ও অকর্ম্মণ্য হইয়া পড়িলাম। যে সময়ে মনোমত কার্য্য-সাধনের কেবল উদ্যোগ পাইতেছিলাম, সেই সময়ে চির-জীবনের মত গুরু লঘু সকল কর্ম্মেই অক্ষম হইলাম। তদবধি আমার বাসনারূপ বৃক্ষ-বাটিকায় আর না পুষ্প না ফল কিছুই উৎপন্ন হইবার সম্ভাবনা রহিল না; শাখা পল্লবাদি সমস্ত শুষ্ক হইয়া গেল। কোথায় বা প্রকৃত প্রস্তাবে বিজ্ঞান-বিশেষের বিশেষরূপ অনুশীলন পূর্ব্বক তদ্বিষয়ক অভিনব তত্ত্বানুসন্ধান-চেষ্টা †, কোথায় বা ভূমণ্ডল অথবা তদীয় ভূরি ভাগ সন্দর্শন-বাসনায় এক এক বারে বহুবিধ বর্ব্বর-নিবাস, সুপ্রাচীন মানব-কীর্ত্তি এবং অপূর্ব্ব নৈসর্গিক সামগ্রী ও অদ্ভুত নৈসর্গিক ব্যাপারাদি-বিশিষ্ট বিস্তৃত ভূখণ্ড পরিভ্রমণ, কোথায় বা আপনাদের শারীরিক ও মানসিক উভয় প্রকৃতির যুগপৎ সমোন্নতি-সাধন-ব্রতে ব্রতী স্বদেশীয় সম্প্রদায়-বিশেষ-প্রবর্ত্তনের অভিলাষ এবং কোথায় বা বিজ্ঞান, দর্শন ও ভারতবর্ষীয় পুরাবৃত্ত বিষয়ক বিবিধ গ্রন্থ প্রণয়ন ও স্বদেশ-সম্বন্ধীয় নানাপ্রকার হিতানুষ্ঠান-কামনা রহিল! সকলই বাষ্পীভূত হইয়া গেল! সকল বাসনাই নির্ম্মূল হইল! অঙ্কুরেই আঘাত ঘটিল! আমার হৃদয়স্থ পুষ্পোদ্যানটি একবারেই শুষ্ক হইয়া গেল!

---

* সে সময়ে নিজ নিজ শ্রেণীর উচ্চস্থানে উপবেশন ও বৎসরান্তে পারিতোষিক লাভ মাত্র যে রীতির উদ্দেশ্য ছিল, সেই রীতির অনুযায়ী শিক্ষারম্ভ।

† ভূতত্ত্ব বা উদ্ভিদ-বিদ্যা অবলম্বন করিবার অভিলাষ ছিল। তাহার সূত্রপাত করিতে প্রবৃত্ত হইয়াছিলাম মাত্র। একবারেই অপরাপর সকল বাসনার সহিত সে বাসনাও নির্ম্মূল হইয়া গেল।

জোঁ সব্জ হ'টে উগ্‌তেহি পৈরোঁ কে তলে হম্।
ইস্ গর্দিশ অফ্‌লাক্ সে ফূলে ন ফলে হম্॥

একটি তৃণাঙ্কুর উদ্গত হইতে হইতে পদতলে পতিত হইলে যেরূপ হয়, আমি সেইরূপ হইয়াছি। এই দুর্দ্দৈববশতঃ না পুষ্পোদয় না ফলোদয় কিছুই হইল না।

অরমান্ বহুত্ রখ্‌তে থে হম্ দিল্ কে চমন্ মেঁ।
বৈঠে ন খুশী সে কভু সায়ে কে তলে হম্॥

আমার হৃদয় রূপ উদ্যানে অনেক রূপ সুখ-বাসনা ছিল। কিন্তু আমি কখনও মনের আহ্লাদে বৃক্ষচ্ছায়ায় উপবেশন করি নাই।

অফ্‌সোস্ কে ইস্ দিল্ কা কঁবল্ খিল্‌নে ন পায়া।
কোয়ি দিনকো চলে জাতেহেঁ মাটীকে তলে হম্॥

আমার এই হৃদয়-কমল প্রস্ফুটিত হইতে পাইল না এইটি আক্ষেপের বিষয়! আমি কিছু দিনের মধ্যে ধূলিসাৎ হইতে চলিয়াছি।

অব্ পৈহলেহি আগাজ্ মে পামাল্ হুয়ে হম্।
ফরয়াদ করেঁ কিস্‌সেতি কিস্মত্‌কে জলে হম্॥

আমি প্রথমেই বিনষ্ট হইলাম। কাহার নিকট আবেদন করিব? ভাগ্য-দোষেই দগ্ধ হইতেছি।

ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়ের দ্বিতীয় ভাগ প্রচারিত না হইতে হইতেই ইহার একটি হর্ষ-বিষাদের ব্যাপার উপস্থিত হইয়া গিয়াছে। ১৮০০ আঠার শ শকে ব্রাহ্মেরা রামমোহন রায়ের স্মরণ-উদ্দেশে একটি সভা করিবার বিষয় বিজ্ঞাপন করিয়া দেন। তাহার এক বৎসর পূর্ব্বে এই পুস্তকের মধ্যে প্রসঙ্গ ক্রমে তাঁহার সংক্রান্ত কয়েক পৃষ্ঠা লিখিত ও মুদ্রিত হয়। তাহাতে তাঁহার গুণ-কীর্ত্তন সহকারে তাঁহার প্রতি ভক্তি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ-উদ্দেশে তদীয় প্রতিমূর্ত্তি-প্রতিষ্ঠা ও সবিশেষ জীবনবৃত্তান্ত-রচনার্থ অনুরোধ করা হয়*। মুদ্রিত হইবার সময়ে, আমার পরম।আত্মীয় শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র ঘোষাল ও গিরিশচন্দ্র ঘোষাল মহাশয়েরা তাহা পাঠ করেন†। করিবার সময়ে তাঁহাদের অন্তঃকরণ

---

* ৪০ পৃষ্ঠা।

† গিরিশ বাবু এই পুস্তকের প্রুফ্-শোধনের সময় তাহা দৃষ্টি করেন। রামমোহন রায়ের প্রতি কৈলাস বাবুর সাতিশয় ভক্তি-শ্রদ্ধা আছে জানিয়া, আমি তাঁহাকে সেই প্রবন্ধটি পাঠ করিতে দিই।

এরূপ আর্দ্র হয় যে, তাঁহারা অশ্রুজল সম্বরণ করিতে সমর্থ হন নাই। উক্ত সময়ে এই প্রবন্ধটি সর্ব্ব সাধারণের গোচর হইলে বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা বিবেচনা করিয়া, তাঁহারা ঐ শকের ১৩ই পৌষের সোমপ্রকাশে তাহা প্রকাশার্থ প্রেরণ করেন। সেই প্রবন্ধটি প্রকাশিত হইল, পাঠ করিয়া জন-সমাজে তাঁহার গুণ-গ্রাম ও পুণ্য-কীর্ত্তির বিষয় সাতিশয় ঔৎসুক্য সহকারে আন্দোলিত হইতে লাগিল, উল্লিখিত বিষয়ে সমধিক উৎসাহ-বৃদ্ধি ও উক্ত সভায় অসাধারণ লোক-সমাগম হইল, রামমোহন রায়ের গুণ-কীর্ত্তন-উপলক্ষে ঐ প্রবন্ধটি অতিশয় আগ্রহ ও যথোচিত অনুরাগ প্রকাশ পূর্ব্বক পঠিত হইল, শ্রবণ করিয়া শ্রোতৃগণের ভক্তি শ্রদ্ধা উচ্ছ্বসিত ও অশ্রুজল অনিবার্য্য হইয়া পড়িল * এবং উক্ত প্রবন্ধে লিখিত অভিপ্রায়ানুসারে সভাস্থ ভদ্রলোক সকলে রামমোহন রায়ের প্রতিমূর্ত্তি-সংস্থাপন ও সবিশেষ জীবন-বৃত্তান্ত-প্রকাশার্থ উৎসাহিত ও কৃত-সঙ্কল্প হইলেন। হর্ষের বিষয় এই যে, কোন সদাশয় ব্যক্তি অনতি-বিলম্বে বাঙ্গালা ভাষায় উক্ত মহাত্মার চরিত-বিষয়ক একখানি গ্রন্থ রচনা করিয়া প্রকাশ করিয়াছেন এবং অপর কোন তাদৃশ হিতৈষী ব্যক্তি সবিশেষ অনুসন্ধান পূর্ব্বক ঐ মহানুভব ভারত-বন্ধুর সবিস্তর জীবন-বৃত্তান্ত সংগ্রহ করিয়া প্রচার করিতে সমধিক যত্নবান্ রহিয়াছেন। বিষাদের বিষয় এই যে, প্রতিমূর্ত্তি-প্রতিষ্ঠার কোন সম্ভাবনাই দেখিতেছি না। বহুদিন ব্যাপিয়া সে বিষয়ের অনুশীলন ও কল্পনা হয়। আমার পরমাত্মীয় কোন কোন ব্যক্তি আমাকে লিখিয়া পাঠান, "এ বিষয়ের নিমিত্ত সর্ব্বসাধারণের একটি সভা হইয়া রামমোহন রায়ের পাষাণময় প্রতিমূর্ত্তি নির্ম্মাণের প্রস্তাব হইবে †।" অনেকানেক উৎসাহী ব্যক্তি উৎসাহ সহকারে আমারে বলিয়া যান, রামমোহন রায়ের প্রতিমূর্ত্তি আপনার অভিপ্রায়ানুসারে বেন্‌টিঙ্ক-মহোদয়ের দক্ষিণ হস্তের দিকেই প্রতিষ্ঠিত করা আমাদের সঙ্কল্প। কিছু দিন পরে ব্রাহ্মসমাজ হইতে সংবাদ পাই, অবিলম্বেই এ বিষয়ের অনুষ্ঠান ও উদ্‌যোগ হইবে। একবার এই বিষয় সম্পাদনার্থ একটি সভা হয়, তাহার কার্য্য-প্রণালীর নিয়ম নির্দ্ধারিত হয়, ভিন্ন ভিন্ন কর্ম্মচারী নিযুক্ত হইয়া এক এক জন তৎসংক্রান্ত এক এক বিষয়ের ভার গ্রহণ করেন এবং সভার বৃত্তান্ত সর্ব্বসাধারণের গোচর-করণার্থ সংবাদ পত্রে প্রকটিত হইয়া স্বদেশানুরাগী কৃতজ্ঞ লোকের অন্তঃ-করণে আশা-প্রবাহের সঞ্চরণ হইতে থাকে। কিন্তু আর যত্নও

* সমালোচক। ১২৮৫ সাল ১২ই মাঘ।

† শ্রীযুক্ত রাজনারায়ণ বসু বাবুর পত্রাদি।

নাই, চেষ্টাও নাই, বুঝি ইচ্ছাও নাই। সকলই স্বপ্ন-কল্পিত ব্যাপার হইল!—সকলই খপুষ্প হইয়া গেল!

এটি যদি একটি খ্যাত্যাপন্ন ইংরেজের প্রতিমূর্ত্তি-নির্ম্মাণের সঙ্কল্প হইত, তাহা হইলে কত নানাপদস্থ ভূম্যধিকারীর বিস্তৃত ভূসম্পত্তির উপস্বত্ব, কত রাজ্য-শূন্য রাজোপাধিকের রাজস্ব-ভাগ, কত কর্ম্মচারিত্ব-পদের বেতন-মুদ্রা, কত বাণিজ্য-ব্যবসায়ের লাভাংশ ও কত কত অন্যমত স্বাধীন বৃত্তির আয়টঙ্ক মুহূর্ত্তমাত্রে দান-পুস্তকে অঙ্কিত ও অবিলম্বে একত্র রাশীকৃত হইয়া কার্য্য সাধন করিয়া দিত। অথবা রামমোহন রায়েরই স্মরণচিহ্ন-সংস্থাপনার্থ যদি একটি সম্ভ্রান্ত ইংরেজ উদ্‌যোগী হইতেন, তাহা হইলেও কোন্ কালে ইহা সম্পন্ন হইয়া যাইত। তদীয় অনুরাগ ও প্রসাদ-লাভ-প্রার্থনাতেই অক্লেশে সমুদায় সুসিদ্ধ করিয়া তুলিত। আমাদিগকে ধিক্!—শত ধিক্!—সহস্রবার ধিক্! এমন দুর্দ্দশাপন্ন হইয়াও হিন্দু জাতির চিরস্থায়ী হইবার ইচ্ছা আছে! যখন আমার দ্বারে দ্বারে ভিক্ষা করিবার সামর্থ্য নাই, তখন এরূপ ধিক্কার-উচ্চারণ ও আর্ত্তনাদ-প্রকাশ করা শোভা পায় না। কিন্তু আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত ও জ্বলন্ত দাবানলের সুদীর্ঘ শিখা-সমুদায় কে নিবারণ করিতে পারে? প্রচুর বারি-বর্ষণ না হইলে, দাবানল আপন আধারকে ভস্মীভূত না করিয়া নিরস্ত হয় না। ভিক্ষা দূরে থাকুক, চেষ্টা দূরে থাকুক, বাক্য-স্ফুরণেরও শক্তি নাই! পূর্ব্বোক্ত পঁক্তি গুলি আমার চিতা-ভস্মের অন্তর্গত অগ্নি-স্ফুলিঙ্গ বই আর কিছুই নয়! তাহাতে কুত্রাপি কিছু উৎসাহানল উদ্দীপন করিলে, সৌভাগ্যের বিষয় হইত। উৎসাহ প্রদীপ্ত হইল; ইতস্ততঃ তাহার উত্তাপও অনুভূত হইল; কিন্তু তাল-পত্রের অগ্নি; প্রদীপ্ত হইয়াই নির্ব্বাণ হইয়া গেল! সকলই আক্ষেপের বিষয়! মনস্তাপ! মনস্তাপ! মনস্তাপ! অনেকে শৃগাল-প্রতিমা নির্ম্মাণ করিয়া পূজা করিবেন, তথাচ সিংহ-প্রতিমূর্ত্তি-দর্শনে অনুরাগী ও উদ্‌যোগী হইবেন না। এদেশে মানব-প্রকৃতির কি বিকৃতি ও বিপর্য্যয়ই ঘটিয়াছে!—ও ইয়ুরোপ! ও আমেরিকা! একবার এদিকে নেত্র-পাত কর! যদি রামমোহন রায়ের স্বদেশীয়-বর্গের কতদূর অধঃপাত ঘটিতে পারে দেখিতে চাও, তবে আমাদের প্রতি একবার দৃষ্টিপাত কর! উত্তম পদার্থ কিরূপে অধম হয়, উচ্চাশয় কিরূপে নীচাশয় হয় ও মনুষ্য-দেহ কিরূপে অমানুষের আধার হয়, তাহা একবার আমাদের প্রতি নেত্রপাত করিয়া দৃষ্টি কর!

পর্ব্বত কিরূপে গহ্বর হয়, হীরক কিরূপে অঙ্গার হয় ও জ্বলন্ত কাষ্ঠ কিরূপে ভস্ম-রাশিতে পরিণত হয়, তাহা একবার এই বর্ত্তমান অকৃতজ্ঞ নরাধম জাতির প্রতি নেত্রপাত করিয়া দৃষ্টি কর!!!

বালিগ্রামের শোভনোদ্যান। ১৮০৪ শকাব্দ। ৮ই চৈত্র। } শ্রীঅক্ষয় কুমার দত্ত।

# ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়

## শৈব-সম্প্রদায়।

এই পুস্তকের প্রথমভাগে বৈষ্ণব-সম্প্রদায়ের বৃত্তান্ত সংক্ষেপে বর্ণিত হইয়াছে। ভারতবর্ষে ঐ সম্প্রদায় অতীব প্রবল; কিন্তু শৈব-সম্প্রদায়ও সামান্য প্রবল ও তদপেক্ষায় অল্প প্রাচীনও নয়।

শৈব-ধর্ম্ম-প্রচারের যেরূপ প্রমাণ প্রাপ্ত হওয়া যায় তাহাতে বোধ হয় শিবের উপাসনা বিষ্ণুর উপাসনার অপেক্ষায় কোন মতেই অপ্রাচীন হইবার বিষয় নয়। পৌরাণিক ধর্ম্মের সূত্রপাতেই শিব উপাসনার আরম্ভ হয়। বেদ ও বৈদিক-ধর্ম্মমাত্র-প্রতিপাদক শাস্ত্র ব্যতিরেকে রামায়ণ মহাভারতাদি অপরাপর সমুদায় শাস্ত্রেই শিব-প্রসঙ্গ এবং শিব ও শক্তির মাহাত্ম্য বর্ণন আছে। শূদ্রকের কৃত মৃচ্ছকটিক এবং কবি কালিদাসের কৃত অভিজ্ঞানশকুন্তল প্রভৃতি গ্রন্থ প্রায় প্রচলিত অন্য অন্য সমুদায় সাহিত্যের অপেক্ষা প্রাচীন। ঐ সকল গ্রন্থের মধ্যে তাঁহাদের সময়ে শৈব-ধর্ম্ম-প্রচার থাকিবার বহুতর নিদর্শন লক্ষিত হইয়া থাকে। এমন কি, প্রথমেই

শিব-সংক্রান্ত বিষয়ের প্রসঙ্গ সহকারে ঐ সকল নাটকের আরম্ভ হয়, এবং ঐ সমুদায়ের কোন কোন গ্রন্থে শিবের অষ্ট মূর্ত্তি ও তাঁহার বিশেষ বিশেষ সংজ্ঞা প্রভৃতি অনেক বিষয়ের সবিস্তর বর্ণনা আছে *। কালিদাস-প্রণীত কুমারসম্ভব কেবল শিব-দুর্গারই লীলা-কথন ও গুণ-কীর্ত্তন মাত্র।

প্রামাণিক ইতিহাস ও অন্য অন্য সম্ভবপর কথা-প্রমাণেও শিব-পূজার প্রাচীনত্ব সুন্দররূপ প্রতিপন্ন হইতেছে।

---

* पातु वो नीलकण्ठस्य कण्ठः श्यामाम्बुदोपमः ।
गौरीभुजलता यत्र विद्युल्लेखेव राजते ॥

मृच्छकटिकं नान्दी ।

গৌরীর বিদ্যুল্লেখা সদৃশ ভুজ-লতায় শোভিত যে, মহাদেবের শ্যামবর্ণ জলদ-তুল্য কণ্ঠদেশ, তাহা তোমাদিগকে রক্ষা করুক।

**एशाशि वाशू शिलशि गहीदा**
**केशेशु वालेशु शिलोलुहेशु ।**
**अक्कोश विक्कोश लवाहि चण्डं**
**शम्भं शिवं शङ्कलमीशलं वा (१) ॥**

**मृच्छकटिकं प्रथमाङ्कः ।**

এই যে বালা! তোমাকে কেশাকর্ষণপূর্ব্বক ধৃত করা হইল। এখন রোদন কর, চীৎকার কর, এবং উচ্চৈঃস্বরে শম্ভু, শিব, শঙ্কর, বা ঈশ্বরকে আহ্বান কর।

---

(১) এই প্রাকৃত শ্লোকের সংস্কৃত অনুবাদ যথা—

एषासि वासू शिरसि गृहीता
केशेषु वालेषु शिरोरुहेषु ।
आक्रोश विक्रोश लपाधिचण्डं
शम्भुं शिवं शङ्करमीश्वरं वा ॥

মুসলমানেরা যে সময়ে ভারতবর্ষ অধিকার করেন, সে সময়ের হিন্দুধর্ম্ম অনেকাংশে প্রায় এক্ষণকার মতই ছিল। ১০২৪ দশ শত চব্বিশ খৃষ্টাব্দে সুলতান মামুদ্ সোমনাথ নামক শিব ও তদীয় মন্দিরের যেরূপ বিষম দুরবস্থা উপস্থিত করেন, তাহা সুশিক্ষিত লোকের মধ্যে কাহারও অবিদিত নাই। উহারও কত শতাব্দী পূর্ব্বে যে শিবের উপাসনা বহুলরূপ প্রচলিত ছিল, সেই সেই সময়ের শিল্প-লিপি* ও প্রচলিত মুদ্রায় শিবনাম ও শিবরূপের সন্নিবেশে তাহা অসংশয়িতরূপে সপ্রমাণ করিয়া রাখিয়াছে †। খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর শেষে অথবা নবম শতাব্দীর প্রথম ভাগে শ্রীমান্ শঙ্করাচার্য্য স্বীয় মত-প্রচারে প্রবৃত্ত থাকেন। তাঁহার শিষ্য আনন্দগিরি স্বকৃত শঙ্করদিগ্বিজয়ে সে সময়ের

---

या सृष्टिः स्रष्टुराद्या वहति विधिहुतं या हविर्या च होत्री
ये द्वे कालं विधत्तः श्रुतिविषयगुणा या स्थिता व्याप्य विश्वम् ।
यामाहुः सर्व्वबीजप्रकृतिरिति यया प्राणिनः प्राणवन्तः
प्रत्यक्षाभिः प्रपन्नस्तनुभिरवतु वस्ताभिरष्टाभिरीशः ॥

अभिज्ञानशकुन्तलम् ।

জল, অগ্নি, যজমান, সূর্য্য, চন্দ্র, আকাশ, পৃথিবী, এবং বায়ু এই প্রত্যক্ষ অষ্ট-মূর্ত্তি-বিশিষ্ট মহাদেব প্রসন্ন হইয়া তোমাদিগকে রক্ষা করুন।

* অর্থাৎ খোদিত লিপি।

† H. H. Wilson's Ariana Antiqua, Asiatic Researches, Journals of the Asiatic society of Bengal, Journals of the Royal Asiatic society of Great Britain and Ireland ইত্যাদি গ্রন্থ দেখিলে এই বিষয়ের বহুতর প্রমাণ প্রাপ্ত হওয়া যাইবে।

প্রচলিত শিবাদি প্রায় সমুদায় পৌরাণিক দেবতার উপাসনার বিষয় সুস্পষ্ট বর্ণন করেন।

মেওয়ারের পশ্চিম ভাগে শিরোহি প্রদেশের অর্ব্বুদ-পর্ব্বত শিব-মন্দিরে খচিত রহিয়াছে। তাহাতে কতকগুলি শিল্প-লিপি খোদিত আছে। তন্মধ্যে সম্বৎ ৭২৭ সাত শত সাতাইশ অবধি ১৮৭৭ আঠার শত সাতাত্তর পর্য্যন্ত অর্থাৎ ৬৭১ খৃষ্টাব্দ অবধি ১৮২১ খৃষ্টাব্দ পর্য্যন্ত ১১৫০ এগার শত পঞ্চাশ বৎসরের অনেক লিপিতে শৈব-ধর্ম্মাবলম্বী অনেকানেক নৃপতি প্রভৃতির বিবরণ আছে *।

* যে যে বৎসরে যে যে রাজাদির সময়ে ঐ শিল্প-লিপি সমুদায় প্রস্তুত হয় তাহার বিবরণ।

| সম্বৎ | খৃষ্টাব্দ | যে যে রাজাদির সময়ে লেখা হয়। |
|---|---|---|
| ৭২৭ | ৬৭১ | |
| ১২৬৫ | ১২০৯ | ভীম |
| ১৩৪২ | ১২৮৬ | তেজসিংহ |
| ১৩৪২ | ১২৮৬ | সমর সিংহ |
| ১৩৭৭ | ১৩২১ | লুন্ধগার |
| ১৩৮৭ | ১৩৩১ | তেজ সিংহ |
| ১৩৯৪ | ১৩৩৮ | কহ্নর দেব |
| ১৪৬৪ | ১৪০৮ | রবেল |
| ১৪৬৮ | ১৪১২ | |
| ১৫২৩ | ১৪৬৭ | |
| ১৫২৪ | ১৪৬৮ | |
| ১৬৩৩ | ১৫৭৭ | মানসিংহ |
| ১৬৪৯ | ১৫৯১ | সুরতন |
| ১৭৯২ | ১৭৩৬ | |

চীন-দেশীয় তীর্থ-যাত্রীরাও এবিষয়ের সাক্ষ্য দান করিয়া গিয়াছেন। খৃষ্টাব্দের ৭ম শতাব্দীর প্রথম ভাগে* হিউএন্ থ্সঙ্গ্ নামে এক জন সুপণ্ডিত চীন, তীর্থভ্রমণ উদ্দেশে, ভারতবর্ষে আগমন করেন। তাহার সাবশেষ বৃত্তান্ত চীন ভাষায় লিখিত আছে, এবং কিছু দিন হইল, ইয়ুরোপে নীত হইয়া স্তানিস্‌লা জুলিএঁ নামক ফরাসী পণ্ডিত কর্ত্তৃক ফরাসী ভাষায় অনুবাদিত হয়। ঐ চীন-দেশীয় যাত্রী কাশী, কান্যকুব্জ, করাচী, মালোয়ার, গান্ধার অর্থাৎ কান্দাহার প্রভৃতি বিবিধ স্থানে শিব ও শিব-মন্দির দর্শন করেন এবং তাহার মধ্যে কয়েক স্থানে পাশুপত নামক বিভূতি-সংযুক্ত শৈব-সম্প্রদায়ী লোক দেখিতে পান। তিনি কাশীধামে গিয়া সুন্দর সুন্দর কুড়িটি মন্দির ও একটি সর্ব্বাবয়ব-সম্পন্ন শিব-মূর্ত্তি দর্শন করেন। ঐ মূর্ত্তিটি পিত্তলময় ও ন্যূনাধিক ছয়ষট্টি হাত দীর্ঘ। চীন পণ্ডিত লেখেন, ঐ শিব-মূর্ত্তি দেখিতে অতীব গাম্ভীর্য্য-শালী এবং দেখিলে, অদ্যাপি জীবিত বোধ হইয়া যুগপৎ ভয় ও ভক্তি উপস্থিত হয়। তিনি তথায় ভস্মাবৃত-কলেবর

---

| সম্বৎ | খৃষ্টাব্দ | যে যে রাজাদির সময়ে লেখা হয়। |
|---|---|---|
| ১৮১৯ | ১৭৫৩ | হতেহ সিংহ |
| ১৮৬০ | ১৮০৪ | |
| ১৮৭৩ | ১৮১৭ | |
| ১৮৭৫ | ১৮১৯ | সেঙসিংহ |
| ১৮৭৭ | ১৮২১ | |

* তিনি তীর্থ ভ্রমণ করিয়া ৬৪৫ ছয়শত পঁয়তাল্লিশ খৃষ্টাব্দে স্বদেশে ফিরিয়া যান।

পাশুপত, বিবস্ত্র জটাধারী নির্গ্রন্থ ও অন্য অন্য শৈব-সম্প্রদায় দৃষ্টি করেন। তিনি স্থান-বিশেষে শিব-শক্তির উপাসনাও প্রচলিত দেখিয়া যান। অযোধ্যা হইতে গঙ্গা দিয়া পূর্ব্বমুখে আসিতে আসিতে দুর্গাভক্ত দস্যুগণ-কর্ত্তৃক আক্রান্ত হন। তাহারা প্রতিবৎসর একটি করিয়া নরবলি দিত এবং সে বার ঐ চীন-দেশীয় বৌদ্ধ তীর্থ-যাত্রীকে বলি দিবে স্থির করিয়াছিল; কিন্তু সহসা একটি ঝড় উপস্থিত হওয়াতে, তাহারা ভীত হইয়া সে সঙ্কল্প পরিত্যাগ করে।

উল্লিখিত চীন-দেশীয় তীর্থ-যাত্রীর ভারতবর্ষ-ভ্রমণের কিঞ্চিদধিক অর্দ্ধ শতাব্দী পূর্ব্বে জ্যোতির্ব্বিদ বরাহমিহির প্রাদুর্ভূত হন *। তিনি এক খানি গ্রন্থে সে সময়ের হিন্দু ধর্ম্মের অবস্থা বর্ণন করিয়া যান এবং এক জন আরবীয় গ্রন্থকার সেই বিষয়টি অনুবাদ করিয়া রাখেন। তাহাতে কেবল শ্রীকৃষ্ণের উপাসনার কিছু উল্লেখ নাই, তদ্ভিন্ন শিবাদি ও অন্য অন্য পৌরাণিক দেবতার আরাধনা সে সময়ে প্রায় এক্ষণকার মতই প্রচলিত ছিল বলিয়া বর্ণিত আছে †।

মৃচ্ছকটিক নাটকে যেরূপ প্রাচীন আচার ব্যবহার ও বৌদ্ধধর্ম্মের যেরূপ প্রাদুর্ভাব বর্ণিত রহিয়াছে, তাহাতে

---

* ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়ের প্রথম ভাগের উপক্রমণিকার ৫২ পৃষ্ঠা দেখ।

† Journal Asiatique, Tome VIII, IVe Serie, October 1846, p. 305.

ও খানি সাহিত্য-শাস্ত্রের মধ্যে একখানি অতি প্রাচীন পুস্তক না হইয়া যায় না। উহার রচনা-কাল নিশ্চিত নিরূপণ করা সুকঠিন, তবে উহা খৃষ্টাব্দের প্রথম দুই তিন শতাব্দীর অপেক্ষায় যে ইদানীন্তন নয় এ কথা অক্লেশেই বলিতে পারা যায় *। ঐ গ্রন্থে নানক নামে একরূপ স্বর্ণ-মুদ্রার উল্লেখ আছে ; উহার টীকাকার ঐ মুদ্রাকে শিবরূপাঙ্কিত মুদ্রা বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

---

* মৃচ্ছকটিক নাটক শূদ্রক রাজার প্রণীত বলিয়া লিখিত আছে ; কিন্তু উহা তাঁহার নিজের কৃত কি তাঁহার অনুমত্যনুসারে কোন পণ্ডিত কর্ত্তৃক বিরচিত তাহা বলা যায় না (১)। যাহা হউক, উহার সময়-নিরূপণ-বিষয়ে উভয়েই তুল্য।

স্কন্দপুরাণের কুমারিকাখণ্ডে লিখিত আছে, শূদ্রক রাজা কলিগতাব্দের ৩২৯০ তিন হাজার দুই শত নব্বই অব্দে রাজ্য শাসন করেন। তাহা হইলে তাঁহার সময়ের মৃচ্ছকটিক ১৯০ এক শত নব্বই খ্রীষ্টাব্দে রচিত বলিয়া উল্লেখ করিতে হয়। দক্ষিণাপথে এরূপ আখ্যান বিদ্যমান আছে, যে তিনি চন্দ্র গুপ্তের পর ও বিক্রমাদিত্যের পুর্ব্বে রাজত্ব লাভ করেন। কিন্তু খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীতে কেনরকী নামে একটি অসভ্য রাজা সিন্ধু নদের পশ্চিম প্রদেশের রাজা হন ; তাঁহার প্রচলিত মুদ্রার উপর নানা এই শব্দটি অঙ্কিত আছে। যদি ঐ পুস্তকে উল্লিখিত নানক ঐ নানাশব্দ হইতে নিষ্পন্ন হইয়া থাকে তাহা হইলে উহাকে খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীর পূর্ব্বতন গ্রন্থ বলিয়া বিবেচনা করিতে পারা যায় না।—H. H. Wilson's Theatre of

(১) রাজা বা ধনাঢ্য লোকের সহায়তা ক্রমে পণ্ডিত বিশেষ কর্ত্তৃক লিখিত পুস্তকের ঐ রাজাদির প্রণীত বলিয়া প্রকাশিত হওয়া অত্যন্ত অসম্ভব ও নিতান্ত বিরল নয়। সম্প্রতিও মৃত কালীপ্রসন্ন সিংহের ব্যয়ে ও যত্নে পণ্ডিতগণ কর্ত্তৃক অনুবাদিত মহাভারত ঐ সিংহবাবুর অনুবাদিত বলিয়া প্রচারিত হইয়াছে।

নানকম্মুষিকামকষিকা।

প্রথমাঙ্কঃ।

টীকা—ষিবাঙ্কটঙ্কানাম্মোষিকামস্ব তাড়নী।

শিবরূপাঙ্কিত মুদ্রাপহারী কামের তাড়নী।

কান্যকুব্জের গুপ্ত উপাধিধারী নৃপতি-বংশীয়েরা খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীতে রাজত্ব করিতে আরম্ভ করেন। তাঁহারা শিব-ভক্ত ছিলেন। তাঁহাদের কর্ত্তৃক প্রচলিত মুদ্রাসমূহে শিবের বৃষ, ত্রিশূল, শিব-শক্তি সিংহবাহিনী প্রভৃতির প্রতিরূপ অঙ্কিত আছে এবং খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দী ও তাহার উত্তর কালে সৌরাষ্ট্রীয় রাজাদের মুদ্রাতেও বৃষাদি শিব-সংক্রান্ত বস্তুর আকার বিদ্যমান রহিয়াছে *।

খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীতে এরিয়ান্ নামক এক জন গ্রীক গ্রন্থকার ভারতবর্ষ সম্বন্ধীয় অনেকানেক বিষয়ের বিবরণ করেন। তিনি কন্যাকুমারীর নাম কুমার লিখিয়া কহিয়াছেন, এক দেবীর নামে এই স্থানের নাম-করণ হইয়াছে। ঐ গ্রন্থকারের সময়ে সে স্থানে ঐ দেবীর এক খানি

---

the Hindus, vol I. The Mrichhakatika, Introduction, pp. 5 & 6 ; and Ariana Antiqua, p. 364.

* Ariana Antiqua, by H. H. Wilson. 1841, pp. 419, 422, 425, 427, 407, 410, 412, and 413.

প্রতিমূর্ত্তি ছিল। দুর্গার একটি নাম কুমারী; তাঁহার মূর্ত্তি-বিশেষ অদ্যাপি তথায় বিদ্যমান আছে *।

এক্ষণে যে বিক্রমাদিত্যের সম্বতের বিংশ শতাব্দী চলিতেছে, অর্থাৎ যিনি খৃষ্টাব্দের ন্যূনাধিক ৫৬ বৎসর পূর্ব্বে নিজ সম্বৎ প্রচলিত করেন, তাঁহার সংক্রান্ত সমুদয় আখ্যান-মধ্যেই শিব ও শিব-শক্তির ভূরি ভূরি প্রসঙ্গ সন্নিবেশিত আছে।

শক, জাট, হূণ প্রভৃতি অসভ্য জাতীয়েরা খৃষ্টাব্দের কিছু কাল পূর্ব্ব হইতে ৫ পঞ্চম অথবা ৬ ষষ্ঠ শতাব্দী পর্য্যন্ত সিন্ধু নদের পশ্চিম ভাগ অধিকার করিয়া থাকে। তাহাদের মধ্যে প্রথমকার কতকগুলি নৃপতি অগ্নি-উপাসনার সহিত হিন্দু-দেবতাদের উপাসনা প্রবর্ত্তিত করেন। তাঁহাদের মুদ্রা-সমূহে শিবের বৃষ ও ত্রিশূল এবং অর্দ্ধ-নারীশ্বর প্রভৃতির আকার অঙ্কিত আছে †।

খৃষ্টাব্দ আরম্ভের পূর্ব্ব চতুর্থ শতাব্দীতে গ্রীক সম্রাট্ আলেকজণ্ডার দিগ্বিজয়ে যাত্রা করিয়া ভারতবর্ষ আক্রমণ করেন ও মিগাস্থিনীস ‡ নামে একজন গ্রীক, মহারাজ

---

* কিন্তু ঐ দেবী শিব-শক্তি কি বিষ্ণু-শক্তি, এরিয়ানের পুস্তকে তাহার কিছু নির্দ্দেশ নাই। তবে উহার বহুকাল পূর্ব্বাবধি যে ঐ অঞ্চলে শিবের উপাসনা প্রচলিত ছিল তাহার অন্যান্য অনেক প্রমাণ প্রাপ্ত হওয়া যায়।

† Ariana Antiqua by H. H. Wilson, 1841, pp. 350, 351, 352, 353, 354, 355, 356, 359, 361, 363, 365, 366, 371, 373, 377, 378, 379, 380, 439 and 440.

‡ আলেগজণ্ডার খৃষ্টাব্দের ৩২৭ তিন শত সাতাশ বৎসর

চন্দ্রগুপ্তের সভায় দূত-স্বরূপে উপস্থিত হন। ঐ সময়ে তাঁহারা ও তাঁহাদের সমভিব্যাহারী বিচক্ষণ ব্যক্তিরা হিন্দুদের আচার ব্যবহার ধর্ম্মাদি যেরূপ দর্শন করেন, গ্রীস-দেশীয় বহুতর গ্রন্থকারদিগের পুস্তকে তাহার সবিস্তর বৃত্তান্ত বিনিবেশিত আছে। তাঁহারা লিখেন, হিন্দুরা বেকস্ ও হর্কিউলিস্ নামক দুই দেবতার বহুপ্রকার উপাসনা করিয়া থাকেন। কিন্তু এই দুইটি দেবতা গ্রীকদের উপাস্য, হিন্দুদের নয়। বোধ হয়, তাঁহারা হিন্দুদিগের যে দুইটি দেবতাকে আপনাদের বেকস্ ও হর্কিউলিস্ দেবতার সদৃশ জ্ঞান করিয়া ছিলেন, তাঁহাদিগকেই ঐ দুই নাম দিয়া গিয়াছেন*। ভারতবর্ষীয় মহাদেবের ন্যায় গ্রীস-দেশীয় বেকস্ দেবেরও লিঙ্গ-পূজা বিস্তৃতরূপে প্রচলিত ছিল। অতএব গ্রীকেরা মহাদেবকেই বেকস্ দেব বলিয়া উল্লেখ করিয়া গিয়াছেন এ কথা সর্ব্বতোভাবে অনুমান-সিদ্ধ বা নিতান্ত সম্ভাবিত বলিতে পারা যায়।

ভারতবর্ষের দক্ষিণ খণ্ডে পাণ্ড্য ও চোল নামে দুইটি সমৃদ্ধি-সম্পন্ন রাজ্য ছিল। স্ট্রেবো নামক গ্রীকগ্রন্থকার লিখিয়া গিয়াছেন, পাণ্ড্য-রাজ্যের এক জন নৃপতি অগস-টস নামক ভুবন-বিখ্যাত রোমক সম্রাটের সমীপে দূত

পূর্ব্বে ভারতবর্ষ আক্রমণ করেন। মিগাস্থিনীস সিলিউকস নাই-কেটার নামক গ্রীক নরপতির দূত। ঐ রাজা খৃষ্টাব্দের ৩১২ তিন শত বার বৎসর পূর্ব্বে রাজ-পদে অধিরূঢ় হইয়া খৃষ্টাব্দের দুই শত আশী বৎসর পূর্ব্বে প্রাণ ত্যাগ করেন।

* Transactions of the Royal Asiatic Society vol, III. Article VI and Tod's Rajasthan Vol I, chap. II and V দেখ।

প্রেরণ করেন। এইরূপ বিবেচিত হইয়াছে যে, ঐ পাণ্ড্য রাজ্য খৃ, পূ, ষষ্ঠ অথবা পঞ্চম শতাব্দীতে পাণ্ড্য নামক এক জন অযোধ্যা-নিবাসী কৃষি-জীবী কর্ত্তৃক সংস্থাপিত হয় এবং খৃ, পূ, ৩৫০ তিন শত পঞ্চাশ বৎসরের পরে ও ২১৪ দুই শত চৌদ্দ খৃষ্টাব্দের পূর্ব্বে চোল রাজ্যের সহিত সংযুক্ত হইয়া যায়। ঐ উভয় রাজ্যের প্রথমকার ভূ-পতিরা শিব-স্থাপক ও অত্যন্ত শিব-ভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন *।

আলেগ্‌জণ্ডারের ভারতবর্ষ আক্রমণের দুইশত বৎসর পূর্ব্বে† শাক্য মুনি বৌদ্ধ-ধর্ম্ম প্রকাশ করেন। বৌদ্ধদিগের সূত্র নামক প্রাচীন শাস্ত্রে ও অন্য অন্য বিবিধ গ্রন্থে বুদ্ধ দেবের চরিত-বর্ণনার মধ্যে শিব, ব্রহ্মা, নারায়ণ প্রভৃতি পৌরাণিক দেবগণের নানাবিধ সুস্পষ্ট প্রসঙ্গ আছে। বুদ্ধ-দেবের সময়ে হিন্দু-সমাজে ঐ সমস্ত দেবতার উপাসনা প্রচলিত ছিল, উক্ত গ্রন্থকারেরা ইহা বিশ্বাস করিতেন ও ব্যক্ত করিয়া লিখিয়াও গিয়াছেন। শাক্যসিংহের মৃত্যুর পরে বৌদ্ধ-ধর্ম্মাবলম্বী প্রধান প্রধান ব্যক্তির পর পর তিনটী সভা হয় এবং তাহাতে তিন প্রকার শাস্ত্র নিরূপিত হয়;

---

* W. Taylor's Examination and Analysis of the Mackenzie Manuscripts, pp 19, 131 &c.. H. H. Wilson's Mackenzie collection, pp. LXI and LXXVI-XCII and Royal Asiatic Society's Journal, Vol. 3, pp. 202-213.

† শাক্যমুনি খৃষ্টাব্দের ৫৪৩ বৎসর পূর্ব্বে প্রাণ ত্যাগ করেন এইরূপ প্রসিদ্ধ আছে, কিন্তু শ্রীমান্ ম, মুলারের মতে খৃ, পূ, ৪৭৭ বৎসরে ঐ ঘটনা হয়।———Ancient Sanskrit Literature, 1859, page 298.

সূত্র, বিনয় ও অভিধর্ম্ম। তাঁহার প্রাণ-ত্যাগের অত্যল্প দিন পরেই প্রথম সভার অধিবেশন হইয়া সূত্র নামক বৌদ্ধ-শাস্ত্র সংকলিত হয়। অতএব বৌদ্ধদিগের ঐ শাস্ত্র সর্ব্বাপেক্ষা প্রাচীন। এমন কি তাঁহারা বিশ্বাস করেন, বুদ্ধ-দেবের নিজের কথাই তাহাতে সন্নিবেশিত আছে। ঐ শাস্ত্রের রচনা যেরূপ সরল ও তাৎপর্য্যার্থ যে প্রকার সহজ, তাহা কোন অংশেই ঐ অভিপ্রায়ের বিরোধী নহে। ইহা হইলে খৃষ্টাব্দের প্রায় ছয় শত বৎসর পূর্ব্বে শিবের উপাসনা প্রকাশিত ও প্রচলিত ছিল বলিতে হয়*।

অশোক ও জলোক নামে কাশ্মীর-রাজ্যের দুইটী রাজা ছিলেন। শ্রীমান্ হ. হ. উইলসনের অবলম্বিত বিচার-পদ্ধতি অনুসারে স্থূল রূপ গণনা করিয়া দেখিলে, তাঁহারা খৃ, পূ, ষষ্ঠ বা সপ্তম শতাব্দীতে বিদ্যমান ছিলেন বলিতে হয়। তাঁহারা উভয়েই অত্যন্ত শিব-ভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন।

**विजयेश्वरनन्दीशक्षेत्रज्येष्ठेशपूजने।**
**तस्य सत्यगिरो राज्ञः प्रतिज्ञा सर्व्वदाभवत्।**

রাজতরঙ্গিনী ১ তরঙ্গ।

বিজয়েশ্বর, নন্দীশ ও ক্ষেত্র জ্যেষ্ঠেশ শিবের অর্চ্চনায় সেই সত্যবাদী (জলোক) রাজা সতত প্রতিজ্ঞারূঢ় ছিলেন।

কেবল রাজতরঙ্গিনীর এই বচন এ বিষয়ের একমাত্র প্রমাণ। কিন্তু এ কথা বলিতে পারা যায় যে, যদি ভারত-

* Introduction a l' Histoire du Buddhisme par E. Burnouf, pp. 131-132.

বর্ষের দক্ষিণ খণ্ডে খৃ, পূ, পঞ্চম ও ষষ্ঠ শতাব্দীতে শিবের আরাধনা প্রচারিত হইয়া থাকে, তাহা হইলে উহার উত্তর খণ্ডে ঐ সময়ে ঐ ধর্ম্ম প্রচলিত থাকা সর্ব্বতোভাবেই সঙ্গত, তাহার সন্দেহ নাই। উল্লিখিত গ্রন্থে উহারও পূর্ব্বে কাশ্মীর-প্রদেশে শৈব-ধর্ম্ম বিদ্যমান ছিল বলিয়া বর্ণিত হইয়াছে। কিন্তু তাহা প্রমাণান্তর দ্বারা সিদ্ধ না হইলে নিশ্চিত বলিয়া পরিগৃহীত হইতে পারেনা। ঐ ধর্ম্মের বয়ঃক্রমের বিষয় বিচার করিতে করিতে এত দূরে উপনীত হইব প্রথমে মনে করি নাই।

শৈব-ধর্ম্ম যেমন হিন্দুদের প্রতিমূর্ত্তি-পুজার প্রারম্ভ-কালেই প্রকাশিত হয় তেমনি আবার ভারতবর্ষের সীমা অতিক্রম করিয়া বহু দূর পর্য্যন্ত নানা দেশে ব্যাপ্ত হইয়াও যায়। বেলুচীস্থানের অন্তর্গত হিঙ্গলাজ হিন্দু-দের একটী তীর্থ-স্থান; শৈব ও শাক্ত-সম্প্রদায়ী তীর্থ-যাত্রীরা অদ্যাপি তথায় গমন করিয়া থাকেন। পূর্ব্ব কালে হিন্দুদের যে দেশ দেশান্তর গমনাগমনের প্রথা প্রচলিত ছিল, বেদ, স্মৃতি, পুরাণ, ইতিহাস, সাহিত্য প্রভৃতি প্রায় সমুদায় সংস্কৃত শাস্ত্রেই ইহার ভুরি ভুরি প্রমাণ বিদ্যমান আছে। তাঁহারা ভারত সমুদ্র অতিক্রম পূর্ব্বক বালি ও যবদ্বীপে গিয়া হিন্দু-শাস্ত্র, হিন্দু-ধর্ম্ম ও বিশেষতঃ শিবের উপাসনা প্রচার করেন।

ঐ যবদ্বীপে ইদানীং মুসলমান-ধর্ম্ম প্রচলিত আছে বটে, কিন্তু পূর্ব্বে যে তথায় হিন্দু-ধর্ম্ম প্রচারিত ছিল, তাহার ভুরি ভুরি অখণ্ড নিদর্শন অদ্যাপি দেখিতে

পাওয়া যায়। তথায় প্রম্বনন নামে একটী স্থান আছে, তাহার কোন কোন স্থলে দুই শত অপেক্ষা অধিক সংখ্যক দেব-মন্দির এবং শিব, দুর্গা, গণেশ, সূর্য্য প্রভৃতির পাষাণময় ও পিত্তলময় প্রতিমূর্ত্তি অদ্যাপি বিদ্যমান রহিয়াছে। মুসলমান হইয়াও অনেকে সেই সকল দেব-প্রতিমূর্ত্তিকে অত্যন্ত শ্রদ্ধা ভক্তি করিত শুনা গিয়াছে *। ঐ যবদ্বীপে যে সময়ে বৌদ্ধ-ধর্ম্ম প্রবল হইয়া উঠে, তখন তথাকার কতকগুলি হিন্দু বালি নামক একটি নিকটস্থ ক্ষুদ্র দ্বীপে গিয়া আশ্রয় লয়। তাহারা আজ পর্য্যন্ত সেই স্থানে অবস্থিত থাকিয়া হিন্দু-ধর্ম্মের যথাবিধি অনুষ্ঠান করিয়া আসিতেছে। তাহারা প্রাচীন হিন্দুদের ন্যায় চারি বর্ণে বিভক্ত; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ব্রহ্মার মুখ হইতে ব্রাহ্মণ, বক্ষ হইতে ক্ষত্রিয়, নাভির অধোভাগ হইতে বৈশ্য এবং পদ হইতে শূদ্র বর্ণ উৎপন্ন হইয়াছে এ কথাটীও তথায় প্রচলিত আছে। সেখানে চাণ্ডালবর্ণও † দৃষ্ট হইয়া থাকে; তাহারা গ্রামের প্রান্ত ভাগে বাস করে এবং চর্ম্ম ও মদিরা ব্যবসায় প্রভৃতি হীন-বৃত্তি দ্বারা সংসার নির্বাহ করিয়া থাকে।

* এক ধর্ম্মকে আশ্রয় করিয়া অন্য ধর্ম্মে বিশ্বাস করা অজ্ঞানীর পক্ষে আশ্চর্য্য নয়। এ দেশস্থ অনেক ব্যক্তি শাক্ত বা বৈষ্ণব হইয়া মুসলমানের দেবতাকে সর্ব্বশক্তিমান্ বলিয়া মানেন ও রোগ-শান্তি, ধন-প্রাপ্তি বা অন্য প্রকার শুভ লাভের উদ্দেশে মানসিক করেন এবং মুসলমান-ধর্ম্মোচিত অন্য অন্য ব্যবহারও করিয়া থাকেন।

† তাহারা সেখানে চাণ্ডাল নামেই খ্যাত আছে।

ঐ বালি দ্বীপে অদ্যাপি হিন্দু রাজারা রাজত্ব করেন এবং হিন্দুদিগের পূর্ব্বকালীন রাজনীতি অনুসারে ব্রাহ্মণেরা বিচারকের কার্য্য করিয়া থাকেন। তবে ব্রাহ্মণ প্রাড়্বিবাকের সঙ্খ্যা অধিক নয়; অন্য অন্য অনেক বর্ণকেও বিচারকের পদ দেওয়া হইয়া থাকে*।

তথাকার ব্রাহ্মণেরা নিরামিষ-ভোজী; মৎস্য মাংস পরিত্যাগ পূর্ব্বক কেবল যব, তণ্ডুল ও ফল-মূলাদি ভক্ষণ করিয়া শরীর রক্ষা করেন। তথায় শব-দাহ ও সহ-মরণের রীতিও প্রচলিত আছে। ভার্য্যা যদি স্বামীর চিতারোহণ করে, তবে সে দেশের ভাষায় তাহাকে 'সত্য' বলে। আর উপপত্নী বা দাসী অথবা পরিবারস্থ অন্য কোন স্ত্রীলোক সহমৃতা হইলে তাহাকে 'বেল' বলিয়া থাকে। তথায় উদ্বাহ বিষয়ে এদেশীয় স্মৃতি-শাস্ত্রের ব্যবস্থানুগত অনুলোম ও বিলোমের বিষয় বিবেচনা করা প্রচলিত আছে। উৎকৃষ্ট বর্ণের লোকে নিকৃষ্ট বর্ণের স্ত্রীলোককে বিবাহ করিতে পারে, কিন্তু নিকৃষ্ট বর্ণের লোকে উৎকৃষ্ট বর্ণের কন্যা-গ্রহণে অধিকারী নয়।

এ দেশের সংস্কৃত ভাষার ন্যায় তথাকার কবিং নামক ভাষা অতিশয় শ্রদ্ধেয় ও আদরণীয়; তাহাতেই তথাকার অধিকাংশ গ্রন্থ লিখিত হয়। দক্ষিণাপথের আদিম নিবাসীদিগের ভাষায় সংস্কৃত শব্দ মিলিত হইয়া যেমন

* বালির ন্যায় লম্বক দ্বীপও হিন্দু রাজার অধীন এবং সেখানেও প্রাড়্বিবাকাদির ঐরূপ ব্যবস্থা প্রচলিত আছে।

দ্রাবিড়াদি ভাষা উৎপন্ন হইয়াছে, সেই রূপ, যবদ্বীপের ভাষায় বিভক্তি-শূন্য সংস্কৃত শব্দ মিশ্রিত হইয়া কবিং ভাষার সৃষ্টি হইয়াছে। তথাকার বর্ণাবলীও ভারত-বর্ষীয় দেবনাগর অথবা বৌদ্ধদিগের প্রাচীন পালি অক্ষর হইতে উৎপন্ন। ফলতঃ কেবল বালিদ্বীপে কেন, ঐ অঞ্চলের অন্যান্য দ্বীপস্থ লোকেরও শিক্ষা ও সভ্যতা-সাধন বিষয়ে যে হিন্দুদিগের বিশেষরূপ কার্য্যকারিত্ব ছিল, তাহার সমূহ নিদর্শন নানা বিষয়েই লক্ষিত হইয়া থাকে। এমন কি, ভারতবর্ষীয় দ্বীপ-পুঞ্জের অন্তর্গত সুমাত্রা, লেম্বা প্রভৃতি দ্বীপের বর্ণাবলীও দেবনাগরাদি ভারত-বর্ষীয় অক্ষরের কবর্গ চবর্গাদি বর্গ-বিভাগের নিয়মা-নুসারে বিভক্ত দেখা যায়।

ঐ বালিদ্বীপে বেদ পুরাণাদি অনেকানেক হিন্দু-শাস্ত্রও বিদ্যমান আছে। ব্রতযুধ নামক এক গ্রন্থে মহাভারতের যুদ্ধ সকল বর্ণিত আছে। তদ্ব্যতীত রামায়ণ, ব্রহ্মাণ্ড-পুরাণ, কামন্দকীয় নীতি-শাস্ত্র, অর্জ্জুন-বিজয় এবং আগম, দেবগম, তত্ত্ব প্রভৃতি নামে অনেক গ্রন্থ প্রচলিত আছে। ইহার মধ্যে বেদ ব্রহ্মাণ্ড-পুরাণাদি কতকগুলি সংস্কৃত শাস্ত্রের সহিত বালির দেশ-ভাষায় কৃত ব্যাখ্যা বিদ্যমান আছে। আর রামায়ণ, অষ্টাদশ পর্ব্ব, ব্রতযুধ প্রভৃতি অপর কতকগুলি গ্রন্থ কবিং-ভাষায় বিরচিত। যখন তথায় হিন্দু-ধর্ম্ম-প্রতিপাদক উল্লিখিত গ্রন্থ সমুদায় বিদ্যমান রহিয়াছে, তখন সত্য, ত্রেতা, দ্বাপর, কলিযুগের বিষয় এবং হিন্দুদের শিবদুর্গাদি

দেবতার উপাখ্যান ও হিন্দু-শাস্ত্রোক্ত অন্যান্য অনেক প্রকার মত ও অভিপ্রায়ও যে প্রচলিত আছে এ কথা বলা বাহুল্য।

এই বালি-দ্বীপ ও যব-দ্বীপস্থ হিন্দুদের মধ্যে এইরূপ একটি জন-শ্রুতি আছে এবং তাঁহারদিগের গ্রন্থেও এই-রূপ লিখিত আছে যে তাঁহারা ভারতবর্ষের অন্তর্গত কলিঙ্গ দেশ হইতে তথায় গমন করেন। শিবোপাসনাই ঐ বালি-দ্বীপের প্রচলিত ধর্ম্ম, কিন্তু ব্রাহ্মণেরা প্রতিমূর্ত্তির পূজা করেন না। *

উত্তরে হিমালয়, দক্ষিণে সেতুবন্ধ, পশ্চিমে হিঙ্গলাজ ও পূর্ব্বদিকে ভারতীয় দ্বীপপুঞ্জ পর্য্যন্ত বিভূতি ও রুদ্রাক্ষ-বিভূষিত বিশাল শৈব-ধর্ম্ম অদ্যাপি বিরাজ করিতেছে।

## শিবারাধনা।

শৈবেরাও অন্যান্য উপাসকের ন্যায় বিশেষ বিশেষ বীজ-মন্ত্রে উপদিষ্ট হন। একাক্ষর মন্ত্র 'হেঁৗ'। ত্র্যক্ষর মন্ত্র 'ওঁ জুঁ সঃ'; ইহার নাম মৃত্যুঞ্জয়াত্মক মন্ত্র। চতুরক্ষর মন্ত্র 'ঊর্দ্ধ্বফট্'; ইহার নাম চণ্ড মন্ত্র। পঞ্চাক্ষর মন্ত্র 'নমঃ শিবায়'। ষড়ক্ষর মন্ত্র 'ওঁ নমঃশিবায়'। অষ্টাক্ষর মন্ত্র

* I. Crawford's History of the Indian archipelago, 1820, Vol. II. pp. 236-258 and Journal of the Indian archipelago, Vol. II. No. III. pp. 155—165, No. IV. pp. 195—220 and No. XII. pp. 767—775 and Vol. III. No. II. pp. 123—137 and No. IV. pp. 244—250.

'হ্রীঁ ওঁ নমঃশিবায় হ্রীঁ'। এইরূপ বিংশত্যক্ষর পর্য্যন্ত মন্ত্র আছে এবং মন্ত্র-বিশেষে বিশেষ বিশেষ ধ্যান ও উপাসনা-পদ্ধতি উক্ত হইয়াছে। কৃষ্ণানন্দ-কৃত তন্ত্রসারে ও অপরাপর তন্ত্র-সংগ্রহে সে সমুদায়ের বিস্তারিত বৃত্তান্ত বিনিবেশিত আছে। শিবারাধনায় শরীরে বিভূতি-লেপন* ও রুদ্রাক্ষ-ধারণ† নিতান্ত আবশ্যক। বিদ্বন্মোদতরঙ্গিণীতে শৈবের বেশ-ভূষা সুন্দররূপ বর্ণিত হইয়াছে।

শ্রীমানসাবেতি জটালমৌলির্ব্যাঘ্রত্বগালম্বিতমধ্যভাগঃ।
বিভূতিসম্ভূষিতভাস্বদঙ্গোরুদ্রাক্ষমালাকলিতোর্দ্ধদেহঃ॥

বিদ্বন্মোদতরঙ্গিণী।

জটা-যুক্ত, ব্যাঘ্র-চর্ম্ম-পরিধান, বিভূতি-বিভূষিত উজ্জ্বল অঙ্গ-বিশিষ্ট এবং শরীরের উর্দ্ধভাগে রুদ্রাক্ষ-মালায় শোভিত এই শ্রীমান্ পুরুষ আগমন করিতেছেন।

* ভারতবর্ষের দক্ষিণ ভাগে মাইশোর দেশের মধ্যে মলেশ্বর-বেট্ট নামক পর্ব্বতে একরূপ শ্বেতবর্ণ মৃত্তিকা পাওয়া যায়। সে প্রদেশের শৈবেরা বিভূতির পরিবর্ত্তে সেই মৃত্তিকা ব্যবহার করিয়া থাকেন। Buchanan's Mysore, vol. II, p. 4.

† শিখায়াং হস্তয়োঃ কণ্ঠে কর্ণয়োশ্চাপি যো নরঃ।
রুদ্রাক্ষং ধারয়েদ্ভক্ত্যা শিবলোকমবাপ্নুয়াৎ॥

যোগসার।

শিখাতে, হস্ত-দ্বয়ে, কণ্ঠে এবং কর্ণ-যুগলে যে মনুষ্য ভক্তি পূর্ব্বক রুদ্রাক্ষ ধারণ করেন, তিনি শিব-লোক প্রাপ্ত হন।

বীরাচারী শাক্ত-সম্প্রদায়ের সুরা-সেবনের ন্যায় শৈব-দিগের সম্বিদা-সেবন ইষ্ট-সাধনার একটি অঙ্গ-বিশেষ। সাধকদের তাহা মন্ত্র-পূত করিয়া ধ্যান ও স্তুতি পূর্ব্বক পুলকিত-চিত্তে পান করিতে হয়।

**কলয়তি কবিতাং মহতীং কুরুতে স্বার্থদর্শনং পুংসাং।**
**অপহরতি দুরিতনিলয়ং কিং কিং ন করোতি সম্বিদুল্লাসঃ।**

প্রাণতোষিণী।

সম্বিদুল্লাস দ্বারা মহতী কবিতার রচনা হয়, পুরুষদিগের স্বার্থ-দর্শন হয়, ও পাপ-সমূহ নষ্ট হয়, অতএব তদ্দ্বারা কি না হইয়া থাকে?

শৈবেরা জল-মিশ্রিত বিজয়া অর্থাৎ সিদ্ধি-পানের ন্যায় বিজয়া*-ধূম-পানও করিয়া থাকেন।

**অনেন মনুনানেন বিজয়াধূমশোধনং।**
**শোধয়িত্বা পিবেদ্ধূমং ন দোষোবিদ্যতে হর॥**
**মন্ত্রস্তু ক্ষ্রৌং ক্ষ্রৌং ক্ষ্রৌং।**

প্রাণতোষিণী।

ক্ষ্রৌঁ ক্ষ্রৌঁ ক্ষ্রৌঁ এই মন্ত্র দ্বারা বিজয়া-ধূম শোধন করিয়া পান করিবে, মহাদেব! তাহাতে দোষ নাই।

এদেশীয় লোকের মধ্যে, বিশেষতঃ গৃহস্থেতে, শিবোপাসক প্রায় দৃষ্ট হয়না। দক্ষিণে দ্রাবিড় ও পশ্চিমে রাজস্থান প্রভৃতি অনেক দেশের গৃহস্থেরা শিবের উপাসক। রাজস্থানের অন্তর্গত মেওয়ার প্রদেশের ইতিহাস-

---

* অর্থাৎ গাঁজা।

মধ্যে দেখিতে পাওয়া যায়, বহুকাল পূর্ব্বাবধি তদীয় রাজ-বংশীয়েরা শিবের আরাধনায় প্রবৃত্ত ছিলেন। ঐ প্রদেশের মধ্যে স্থানে স্থানে উৎকৃষ্ট শিব-মন্দির ও শিব-লিঙ্গ সকল বিদ্যমান আছে। তথাকার একলিঙ্গ নামক শিবের মন্দিরটি অতি বৃহৎ। তাহা শ্বেত প্রস্তরে নির্ম্মিত ও নানা রূপ চিত্র-কার্য্যে এরূপ পরিপূর্ণ যে তাহার সবিশেষ বর্ণনা করা সুকঠিন। বহুশত বৎসর পূর্ব্বাবধি মেওয়ার অঞ্চলে যে শৈব-ধর্ম্ম প্রবল রূপ প্রচলিত হইয়া আসি-য়াছে, পূর্ব্বে এ বিষয়ের বিবরণ করা গিয়াছে। ঐ প্রদে-শীয় অনেকানেক নৃপতি ও অন্যান্য ধনী ব্যক্তিরা বহুতর শিব-মন্দির নির্ম্মাণ ও সংস্কার করাইয়া যান*।

ভারতবর্ষের দক্ষিণ খণ্ডেও যে অনেক কাল পূর্ব্বে শিবো-পাসনার প্রচার ছিল ইহা এক বার উল্লিখিত হইয়াছে। এখনও তথায় গৃহস্থ ও উদাসীন বহু-সংখ্যক শৈবের অব-স্থিতি আছে। বাঙ্গলা-দেশীয় গৃহস্থদিগের মধ্যে পৃথক্ শিবোপাসক প্রায় নাই বটে, কিন্তু শাক্তেরা শক্তি-পতি শিবের অর্চ্চনা ও শিব-ব্রত সকল পালন করিয়া থাকেন। ইহা তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম।

**আদৌ শিবং পূজয়িত্বা শক্তিপূজা ততঃ পরং।**
**নতুবা মূত্রবৎ সর্ব্বং গঙ্গাতোয়ং ভবেদ্ যদি।**
**অতএব মহেশানি আদৌ লিঙ্গং প্রপূজয়েত্॥**

প্রাণতোষিণী-ধৃত তোড়লতন্ত্রবচন।

---

* ৪ পৃষ্ঠা দেখ।

অগ্রে শিব-পূজা করিয়া পরে শক্তি-পূজা করিবে, নতুবা সমুদায় পূজা-দ্রব্য গঙ্গা-জল হইলেও মূত্র-সদৃশ হয়। অতএব মহেশানি! অগ্রে শিব-পূজা করিবে।

শৈবদের মধ্যে উদাসীন-সম্প্রদায়ীই অধিক। তাহারা সচরাচর প্রায় সন্ন্যাসী ও গোসাঁই বলিয়া উক্ত হইয়া থাকে। বাঙ্গালা-দেশীয় বৈষ্ণবদের প্রধান গুরুদের নাম গোসাঁই, কিন্তু পশ্চিমোত্তর অঞ্চলে শৈব সন্ন্যাসীদিগকেই গোসাঁই বলিয়া থাকে। তথায় সাধু-লোক বলিলে যেমন বৈষ্ণব উদাসীন বুঝায়, সেইরূপ, গোসাঁই-লোক বলিলে শৈব উদাসীন বুঝিতে হয়।

কোন উদাসীন শৈব কি বৈষ্ণব, তিলক দেখিলেই অক্লেশে জানিতে পারা যায়। বৈরাগীরা নাসা-মূল হইতে কেশ পর্য্যন্ত ঊর্দ্ধরেখা করেন, আর শৈবেরা ললাটের বাম পার্শ্ব হইতে দক্ষিণ পার্শ্ব পর্য্যন্ত বিভূতি দিয়া তিনটী রেখা করিয়া থাকেন। প্রথমোক্ত তিলককে ঊর্দ্ধ পুণ্ড্র ও শেষোক্ত তিলককে ত্রিপুণ্ড্র বলে।

শৈব ও কয়েক প্রকার নির্গুণোপাসক উদাসীন পরস্পর এরূপ বিমিশ্রিত ও সুসম্বদ্ধ এবং কোন কোন অংশে ঐ উভয়ের ব্যবহার এরূপ সুসদৃশ যে, উভয় দলেরই একত্র বিবরণ করা আবশ্যক হইতেছে।

## দশনামী।

এইরূপ প্রবাদ আছে যে, পূর্ব্বে সন্ন্যাস-ধর্ম্ম বহুকাল প্রচলিত ছিল, মধ্যে রহিত বা দুর্ব্বল হইয়া যায়, পরে শ্রীমান্ শঙ্করাচার্য্য তাহা পুনরায় প্রবর্ত্তিত বা প্রবল করেন।

অতএব এস্থলে তাঁহার বিষয় কিছু বলা অপ্রাসঙ্গিক ও অনুপযুক্ত নয়। শঙ্কর-জয়, শঙ্করদিগ্বিজয়, শঙ্করবিজয়-বিলাস, কেরল-উৎপত্তি প্রভৃতি বহুতর গ্রন্থে তাঁহার চরিত-বর্ণনা আছে। শেষোক্ত পুস্তকখানি তেলুগু ভাষায় বিরচিত।

খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর শেষ অথবা নবম শতাব্দীর প্রথম ভাগে তিনি প্রাদুর্ভূত হন। মলয়বর দেশের নম্বুরি নামক ব্রাহ্মণ-কুলে তিনি জন্ম গ্রহণ করেন *। প্রচলিত প্রথানুসারে অষ্টম বর্ষে উপনয়ন-কার্য্য সম্পন্ন হইলে, তিনি বেদাধ্যয়নে প্রবৃত্ত হন। অল্প দিনের মধ্যেই তাঁহার এরূপ শিক্ষা ও বুদ্ধিমত্তা প্রকাশ হয় যে, তাহা দেখিয়া সকলেই বিস্ময়াপন্ন হইয়াছিল। দ্বাদশ বর্ষ বয়ঃক্রমের সময়ে তাঁহার পিতৃ-বিয়োগ হয়, কিন্তু তাহাতেও তিনি অধ্যয়ন বিষয়ে কিছুমাত্র বিমুখ হন নাই; বরং উত্তরোত্তর অধিকতর যত্নই প্রদর্শন করেন; অনধিক কালের মধ্যেই তিনি একটি তেজীয়ান্ ক্ষমতাপন্ন লোক হইয়া উঠিয়াছিলেন। এরূপ আখ্যান আছে যে, পূর্ব্বে মলয়বরে চারি বর্ণ ছিল, তিনি তাহা বিভাগ করিয়া বাহাত্তরটি বর্ণ প্রবর্ত্তিত করেন। অল্প বয়সেই তাঁহার সন্ন্যাসাশ্রম অবলম্বনের ইচ্ছা হয়, কিন্তু তাঁহার মাতা তাঁহাকে সে বিষয়ে কিছুকাল নিবারিত করিয়া রাখেন। এ বিষয়ের পশ্চাল্লিখিত আখ্যানটি লিপি-বদ্ধ আছে। একদিন তিনি আপন মাতার সহিত একটি আত্মীয় লোকের বাটীতে গমন

* অন্য একটি এরূপ আখ্যান আছে যে, তিনি চিদম্বরে জন্ম গ্রহণ করেন, পরে তথা হইতে মলয়বরে উঠিয়া যান।

করিয়াছিলেন। প্রত্যাগমন-কালে পথের মধ্যে দেখেন, যাইবার সময়ে যে নদী অক্লেশে পদ-ব্রজে পার হইয়া গিয়াছিলেন, তাহা বৃষ্টির জলে একেবারে পরিপূর্ণ হইয়া উঠিয়াছে। কিঞ্চিৎকাল বিলম্ব করিয়া, জলের কিছু হ্রাস হইলে, তাঁহারা নদীতে অবতরণ করিলেন। চলিতে চলিতে ক্রমশঃ কণ্ঠ-দেশ পর্য্যন্ত জল-মগ্ন হইলে, শঙ্করাচার্য্য সুযোগ পাইয়া জননীকে কহিলেন, জননি! যদি আমাকে সন্ন্যাস-গ্রহণে অনুমতি প্রদান না কর, তাহা হইলে জল-মগ্ন হইয়া উভয়েরই প্রাণ নষ্ট হইবে; আর যদি কৃপা করিয়া আমাকে সন্ন্যাসী হইতে দাও, তবে জগদীশ্বরের আরাধনা করিয়া উভয়েরই জীবন-রক্ষার উপায় সাধন করি। শঙ্করাচার্য্যের মাতা বিষম সঙ্কট দেখিয়া অগত্যা তাঁহার প্রস্তাবে সম্মত হইলেন ও তখন শঙ্করাচার্য্য তাঁহাকে পৃষ্ঠ-দেশে গ্রহণ করিয়া সন্তরণ দ্বারা নদী-পারে উত্তীর্ণ হইলেন এবং জননীকে যথাবিধি প্রণাম প্রদক্ষিণাদি করিয়া প্রস্থান করিলেন *।

* কিন্তু অন্য একটি আখ্যানে উল্লিখিত আছে, তিনি স্বকীয় মাতার মৃত্যু-সময়ে গৃহাশ্রমেই অবস্থিত ছিলেন। মলয়বারে লোকে তাঁহার এরূপ বিদ্বেষ্টা ছিল যে, ঐ সময়ে তদীয় জননীর অন্ত্যেষ্টি-ক্রিয়ার অনুষ্ঠানার্থ অগ্নি দান করে নাই ও অন্য কোন ব্রাহ্মণেও সে বিষয়ে সাহায্য করিতে প্রবৃত্ত হয় নাই। এইরূপ বিদ্বেষের কারণ কি স্থির বলা কঠিন। শঙ্করাচার্য্যের জন্ম-বৃত্তান্তের বিষয়ে কিছু সংশয় আছে। কেরল-উৎপত্তির রচয়িতা লিখেন, ঐ বিষয়ের কুখ্যাতি-প্রচার হওয়াতেই, তাঁহার মাতা শ্রীমহাদেবী জাতি-চ্যুত হন।

তদনন্তর শঙ্করাচার্য্য ভারত-ভূমির অন্তর্গত নানা দেশ ভ্রমণ ও সে সময়ের প্রচলিত নানা মত খণ্ডন করিয়া স্বীয় মত সংস্থাপন করেন এইরূপ অনেক কথা তাঁহার চরিত-বিষয়ক সকল গ্রন্থে ও সকল জনশ্রুতিতেই সন্নিবেশিত আছে। বেদান্তশাস্ত্রের প্রচার ও তত্ত্ব-জ্ঞান-প্রচলন-উদ্দেশে তিনি চারি স্থানে চারিটি মঠ প্রতিষ্ঠিত করেন; শৃঙ্গগিরিতে শৃঙ্গগিরি মঠ, দ্বারকায় সারদা মঠ, শ্রীক্ষেত্রে গোবর্দ্ধন মঠ ও বদরিকাশ্রম-অঞ্চলে জ্যোসী মঠ।

নির্গুণ-উপাসনা প্রকাশ করা ঐ সমস্ত মঠ-স্থাপনের প্রধান প্রয়োজন তাহার সন্দেহ নাই, কিন্তু একটি বিশেষ দেখিতেছি, সগুণ অর্থাৎ সাকার দেবতার উপাসনায় তাঁহার কিছুমাত্র বিদ্বেষ ছিল না। ঐ সমস্ত মঠ সাকার-বাদীদের তীর্থ-স্থানেই প্রস্তুত ও মঠ-বিশেষে সাকার দেবতা-বিশেষের প্রতিমূর্ত্তিও প্রতিষ্ঠিত করা হয়।

**শৃঙ্গপুরসমীপে তুঙ্গভদ্রানদীতীরে চক্রং নির্ম্মায় তদগ্রে সরস্বতীং নিধায় এবমাকল্পং স্থিরা ভব মদাশ্রমে ইত্যাস্থাপ্য নিজমঠং কৃত্বা তত্র দেব্যাঃ পীঠনির্ম্মাণং কৃত্বা ভারতীসম্প্রদায়ং নিজশিষ্যস্বকার।**

শঙ্করদিগ্বিজয়।

তুঙ্গভদ্রা-নদী-তীরে শৃঙ্গপুরের নিকটে চক্র নির্ম্মাণ করিয়া তাহার সম্মুখে সরস্বতী-দেবীকে প্রতিষ্ঠিত করিলেন, এবং বলিলেন, "কল্পান্ত পর্য্যন্ত আমার আশ্রমে অবস্থিতি কর।" পরে নিজ মঠ নির্ম্মাণ ও তাহাতে দেবীর পীঠ প্রস্তুত করিয়া ভারতী নামক শিষ্য-সম্প্রদায় প্রবর্ত্তিত করিলেন।

বিদ্বেষ করা দূরে থাকুক, এইরূপ লিখিত আছে যে, তিনি আত্ম-জ্ঞানে অসমর্থ ব্যক্তিদিগের নিমিত্তে শিবাদির উপাসনা-প্রচারেও উদ্যত ছিলেন।

**नानापापध्वस्तज्ञानाङ्कुरेषु मर्त्येषु शुद्धाद्वैतविद्यायामनधिकारिषु तेषां वृत्तिः पुनरपि यथेष्टिता भवतीति विचार्य्य लोकरक्षार्थं वर्णाश्रमपालनार्थञ्च परमतत्त्वकल्पनां जीवेशभेदाभेदाञ्च रचयितुमुपक्रम्य निजशिष्यं परमतकालानलं दृष्ट्वेदमाह।**

আনন্দগিরি-কৃত শঙ্করদিগ্বিজয়।

নানাপাপ দ্বারা জ্ঞানাঙ্কুর বিনষ্ট হওয়াতে, যাহারা নির্ম্মল অদ্বৈত ব্রহ্ম-জ্ঞানে অনধিকারী হইয়াছে, তাহারা যথেষ্টাচারী হইবে এই বিবেচনায় তিনি লোকযাত্রা-রক্ষা ও বর্ণাশ্রম-পালন উদ্দেশে জীবেশ্বরের প্রভেদ-বোধ কল্পনায় প্রবৃত্ত হইয়া পরমতকালানল নামক নিজ শিষ্যের প্রতি দৃষ্টি করিয়া এই কথা কহিলেন।

লিখিত আছে, শঙ্করাচার্য্যের শিষ্যেরা তদীয় আদেশানুসারে নানা দেশে ভ্রমণ ও তত্রস্থ পণ্ডিতগণের সহিত বিচার করিয়া শিব বিষ্ণু প্রভৃতি সাকার দেবতার উপাসনা প্রচার করেন।

**एवमशेषदिग्विजयं कृत्वा तत्तद्दशस्थान् कांश्चित् पञ्चाक्षरिमहामन्त्रराजोपदेशादिना तन्मतावलम्बिनः करोति परमतकालानलः शङ्कराचार्य्यशिष्यः।**

আনন্দগিরি-কৃত শঙ্করদিগ্বিজয়।

শঙ্করাচার্য্যের শিষ্য পরমতকালানল অশেষ রূপে দিগ্বিজয় করিয়া

সেই সেই দেশের অনেক লোককে পঞ্চাক্ষর মন্ত্রের উপদেশ দ্বারা শৈবমতাবলম্বী করিতে থাকেন।

পূর্ব্বভাগে লক্ষ্মণাচার্য্যঃ কিল দিগ্বিজয়ং কৃত্বা কাংশ্চিদ্ব্রাহ্মণাদীন্ ছিদ্রোর্দ্ধ্বপুণ্ড্রধারণশঙ্খচক্রাঙ্কভাসুরভুজযুগলান্ কৃত্বা বহুশিষ্যসমেতঃ পুনরাগত্য পরমগুরুচরণং নত্বা তদনুজ্ঞাবশাৎ মতবিজৃম্ভণহেতুকং ভাষ্যাদিগ্রন্থচয়মকরোৎ। হস্তামলকস্তু ভূমধ্যাৎ পশ্চিমখণ্ডদিগ্বিজয়ং কৃত্বা ভগবদষ্টাক্ষরমন্ত্রজপাসক্তান্ কৃত্বা স্বয়ং বিজ্ঞাপয়িতুং পরমগুরুং প্রাপ।

আনন্দগিরি-কৃত শঙ্করদিগ্বিজয়।

লক্ষ্মণাচার্য্য পূর্ব্বভাগে দিগ্বিজয় করিয়া ব্রাহ্মণ সমুদায়কে ছিদ্র-যুক্ত-উর্দ্ধ-পুণ্ড্র-ধারী ও শঙ্খ-চক্রাদি-চিহ্ন-যুক্ত-ভুজ-বিশিষ্ট বৈষ্ণব করিলেন এবং বহু শিষ্য সহিত প্রত্যাগমন পূর্ব্বক পরম গুরু শঙ্করাচার্য্যকে প্রণাম করিয়া তাঁহার আজ্ঞানুসারে মত প্রকাশ জন্য ভাষ্যাদি গ্রন্থসমূহ রচনা করিলেন। হস্তামলক পশ্চিম খণ্ডে দিগ্বিজয় পূর্ব্বক লোক সকলকে বিষ্ণুর অষ্টাক্ষর মন্ত্রে উপদিষ্ট করিয়া পরম গুরুকে অবগত করিবার উদ্দেশে তাঁহার সমীপে আগমন করিলেন।

এইরূপে দিবাকর আচার্য্য দ্বারা সৌর-মত, ত্রিপুরকুমার দ্বারা শাক্ত-মত, গিরিজাপুত্র দ্বারা গাণপত্য-মত ও বটুকনাথ দ্বারা ভৈরব-উপাসনা প্রচারিত হয় বলিয়া লিখিত আছে। ইহাঁরা সকলেই পরম গুরু শঙ্করাচার্য্যের শিষ্য।

শঙ্করাচার্য্য কাঞ্চী, কর্ণাট, কাশী, কামরূপ প্রভৃতি ভারতবর্ষের নানা স্থানে ভ্রমণ করিয়াছিলেন। জীবনের

শেষ-ভাগে কাশ্মীর-রাজ্যে গমন করেন, এবং তথায় প্রতিপক্ষদিগকে বিচারে পরাস্ত করিয়া সরস্বতী-পীঠে অধিষ্ঠিত হন। তথা হইতে বদরিকাশ্রমে চলিয়া যান ও অবশেষে কেদারনাথে গিয়া ৩২ বত্রিশ বৎসর বয়ঃ-ক্রমের সময়ে প্রাণ ত্যাগ করেন।

**एवम्प्रकारैः किल कल्मषघ्नैः शिवावतारस्य शुभैश्चरित्रैः।**
**द्वात्रिंशदस्योज्ज्वलकीर्त्तिराशेः समा व्यतीयुः किल शङ्करस्य ॥**

মাধবাচার্য্য-কৃত শঙ্করজয়।

উজ্জ্বল-কীর্ত্তি-রাশি-বিশিষ্ট শিবাবতার স্বরূপ শঙ্করাচার্য্যের এই রূপ পাপ-নাশক শুভ চরিত্র দ্বারা ৩২ বত্রিশ বৎসর গত হইয়াছিল।

জন-প্রবাদে লোকের গুণাগুণ উত্তরোত্তর বর্দ্ধন করিতে থাকে এবং শিষ্যেরা নিজ গুরুর দোষ পরিবর্জ্জন ও গুণ পরিবর্দ্ধন করিয়া চরিত বর্ণন করিতে সহজেই প্রবৃত্ত হয়। বিশেষতঃ ভারতবর্ষে এ বিষয়ের উদাহরণ-স্থলের অপ্রতুল নাই। অতএব শঙ্কর স্বামীর যাবতীয় জীবন-বৃত্তান্তের ঐ উভয় দোষে দূষিত হওয়া কোনরূপেই অসম্ভব নয়; প্রত্যুত তাহাতে অনেকানেক কল্পিত কথা সন্নিবেশিত হইয়াছে তাহার সন্দেহ নাই। তথাচ হিন্দু-ধর্ম্মের পরিবর্ত্তন ও সংস্কার-সাধন বিষয়ে তাঁহার যে বি-শেষরূপ কার্য্যকারিত্ব ছিল ইহা অক্লেশেই উল্লেখ করিতে পারা যায়। তাঁহার বিরচিত বহুতর পুস্তক ও তাঁহার প্রবর্ত্তিত শিষ্য-সম্প্রদায় সমুদায়ই ইহার সুস্পষ্ট প্রত্যক্ষ প্রমাণ। দুই একটি প্রত্যক্ষ-গোচর বিষয়েও তাঁহার জীবন-

বৃত্তান্তের কোন কোন বিষয়ের পোষকতা করিতেছে। তাঁহার প্রতিষ্ঠিত জ্যোসী মঠে মলয়বর-দেশীয় এক এক জন নম্বরী ব্রাহ্মণ বরাবর পূজারী হইয়া আসিতেছে। শঙ্করাচার্য্য কাশ্মীরে গমন ও প্রতিপক্ষদিগকে পরাজয় করিয়া যে সরস্বতী-পীঠে উপবেশন করেন, তাহা অদ্যাপি বিদ্যমান বলিয়া প্রসিদ্ধ আছে ও যাত্রি-গণও তথায় গিয়া ঐ নামের একটি পীঠ-স্থান দেখিতে পায়। তিনি শারীরিক ভাষ্য*, দশোপনিষদ্-ভাষ্য, শ্বেতাশ্বতরোপনিষদ্-ভাষ্য ও ভগবদ্গীতা ভাষ্য প্রস্তুত করেন। ভক্তমালে মোহমুদ্গারও তাঁহারই রচিত বলিয়া লিখিত আছে।

পূর্ব্বে এক বার লিখিত হইয়াছে, মধ্যে দণ্ড-গ্রহণ রহিত হইয়া যায়, পরে শঙ্করাচার্য্য তাহা পুনরায় প্রবর্ত্তিত করেন। তাঁহার প্রধান চারি শিষ্য; পদ্মপাদ, হস্তামলক, মণ্ডন ও তোটক। পদ্মপাদের দুই শিষ্য; তীর্থ ও আশ্রম। হস্তামলকের দুই শিষ্য; বন ও অরণ্য। মণ্ডনের তিন শিষ্য; গিরি, পর্ব্বত ও সাগর। তোটকের তিন শিষ্য; সরস্বতী, ভারতী ও পুরি। এই শব্দগুলি শুনিলেই অক্লেশে বোধ হইতে পারে, এ সমস্ত তাঁহাদের প্রকৃত নাম নয়, কল্পিত উপাধি-বিশেষ। লিখিত আছে,

* শঙ্করাচার্য্য বেদব্যাস-কৃত বেদান্তসূত্রের যে ভাষ্য রচনা করেন, তাহার নানাবিধ নাম প্রচলিত আছে, যথা সূত্রভাষ্য, শারীরিকভাষ্য, শারীরিকমীমাংসা, উত্তরমীমাংসা ও বেদান্ত-দর্শন।

বিশেষ বিশেষ লক্ষণানুসারে এই দশ শিষ্যের তীর্থাদি দশটি নাম ও এই দশ জন হইতেই দশনামী সন্ন্যাসীদের তীর্থাদি দশ সংজ্ঞা উৎপন্ন হইয়াছে।

त्रिवेणीसङ्गमे तीर्थे तत्त्वमस्यादिलक्षणे।
स्नायात्तत्त्वार्थभावेन तीर्थनामा स उच्यते॥
आश्रमग्रहणे प्रौढ़ आशापाशविवर्जितः।
यातायातविनिर्म्मुक्त एतदाश्रमलक्षणम्॥
सुरम्ये निर्झरे देशे वने वासं करोति यः।
आशापाशविनिर्म्मुक्तोवननामा स उच्यते॥
आरण्ये संस्थितोनित्यमानन्दनन्दने वने।
त्यक्त्वा सर्व्वमिदं विश्वमरण्यलक्षणं किल॥
वासोगिरिवरे नित्यं गीताभ्यासे हि तत्परः।
गम्भीराचलबुद्धिश्च गिरिनामा स उच्यते॥
वसेत् पर्व्वतमूलेषु प्रौढ़ोयोध्यानधारणात्।
सारात्सारं विजानाति पर्व्वतः परिकीर्त्तितः॥
वसेत् सागरगम्भीरो वनरत्नपरिग्रहः।
मर्य्यादाश्च न लङ्घेत सागरः परिकीर्त्तितः॥
स्वरज्ञानवशोनित्यं स्वरवादी कवीश्वरः।
संसारसागरे साराभिज्ञोयोहि सरस्वती॥
विद्याभारेण सम्पूर्णः सर्व्वभारं परित्यजेत्।
दुःखभारं न जानाति भारती परिकीर्त्तितः॥
ज्ञानतत्त्वेन सम्पूर्णः पूर्णतत्त्वपदे स्थितः।
परब्रह्मरतोनित्यं पुरिनामा स उच्यते॥

প্রাণতোষিণী। অবধূত-প্রকরণ।

তত্ত্বমসি প্রভৃতি লক্ষণ-যুক্ত ত্রিবেণী-সঙ্গম-তীর্থে যিনি তত্ত্ব-ভাবে স্নান করেন, তাঁহার নাম তীর্থ। যিনি আশ্রম-গ্রহণে পারদর্শী এবং কামনা-বর্জিত হইয়া জন্ম-মৃত্যু হইতে বিমুক্ত হন, তাঁহাকে আশ্রম বলা যায়। যিনি কামনা-শূন্য হইয়া সুরম্য নির্ঝর-সন্নিহিত বন-স্থলে বাস করেন, তাঁহাকে বন বলে। যিনি আরণ্য-ব্রত অবলম্বন পূর্ব্বক সমুদায় সংসার পরিত্যাগ করিয়া আনন্দ-দায়ক অরণ্য মধ্যে চির দিন অবস্থিতি করেন, তিনিই অরণ্য। যিনি নিত্য গিরি-নিবাসী, গীতাভ্যাসে তৎপর, এবং গম্ভীর ও অবিচলিত বুদ্ধি-বিশিষ্ট, তাঁহাকে গিরি কহা যায়। যিনি পর্ব্বত-মূলে বাস করেন, ধ্যান-ধারণা দ্বারা উন্নতি প্রাপ্ত হন, এবং সারাৎসার ব্রহ্মকে জানেন, তিনি পর্ব্বত নামে খ্যাত হন। যিনি সাগরের ন্যায় গম্ভীর হইয়া স্থিতি করেন, ফল-মূল রূপ বন-রত্ন পরিগ্রহ করেন ও আপন মর্য্যাদা-উল্লঙ্ঘনে বিরত থাকেন তাঁহাকে সাগর বলে। যিনি স্বর-জ্ঞান-বিশিষ্ট, স্বর-বাদী, কবীশ্বর ও সংসার-সাগর মধ্যে সার-জ্ঞানী, তিনি সরস্বতী। যিনি বিদ্যা-ভার-পরিপূর্ণ হইয়া সকল ভার পরিত্যাগ করেন, দুঃখ-ভার জানেন না, তিনিই ভারতী। যিনি জ্ঞান-তত্ত্বে পরিপূর্ণ ও পূর্ণ-তত্ত্ব-পদে অবস্থিত, এবং সতত পরব্রহ্মে অনুরক্ত, তাঁহার নাম পুরি।

শঙ্কর স্বামীর প্রতিষ্ঠিত পূর্ব্বোক্ত চারি মঠের মধ্যে শৃঙ্গগিরির মঠে পুরি, ভারতী ও সরস্বতীর, সারদা মঠে তীর্থ ও আশ্রমের, গোবর্দ্ধন মঠে বন ও অরণ্যের এবং জ্যোসী মঠে গিরি, পর্ব্বত ও সাগরের শিষ্য-প্রণালী প্রচলিত হইয়া আসিয়াছে। এখন অরণ্য, একরূপ বিলুপ্ত হইয়াছে বলিলেই হয়; সাগর ও পর্ব্বতও অতি বিরল। প্রত্যেক দশনামী ইহার কোন না কোন মঠের ও কোন না কোন প্রণালীর অন্তর্গত। এই দশ প্রকার সন্ন্যাসীর শ্রেণীর মধ্যে যিনি যে শ্রেণীতে প্রবেশ করেন, তিনি

সেই শ্রেণীর নাম প্রাপ্ত হন। দণ্ডী ও সন্ন্যাসীদের বিবরণ মধ্যে সে বিষয়ের সবিশেষ বৃত্তান্ত লিখিত হইবে।

ঐ চারিটি প্রধান মঠ ভিন্ন স্থানে স্থানে অন্য লোকের প্রতিষ্ঠিত অনেকগুলি মঠ বিদ্যমান আছে। প্রত্যেক মঠের এক এক জন অধ্যক্ষ থাকে, তাহার নাম মহন্ত। তথায় শিবাদি দেবতার প্রতিমূর্ত্তি স্থাপিত দেখা যায় ও লোকে তথায় আসিয়াই সন্ন্যাস গ্রহণ করিয়া থাকে। প্রত্যেক মঠের ব্যয় নির্ব্বাহ জন্য কিছু কিছু ভূ-সম্পত্তি দেওয়া থাকে। মঠ ও সেই সম্পত্তির উপর তদীয় মহন্তের সম্পূর্ণ ক্ষমতা ও সর্ব্বাঙ্গীন প্রভুত্ব দেখিতে পাওয়া যায়। এ প্রদেশে তারকেশ্বর ও ভোট-বাগানের দেবালয় এক একটি মঠ। তদ্ভিন্ন, ইহাদের আখাড়া নামে কতকগুলি স্থান আছে, যথাস্থানে তাহার বিষয় লিখিত হইবে *।

জিজ্ঞাসা করিলে, দশনামীরা অনেকে আপনাদিগকে নির্গুণ-উপাসক বলিয়া পরিচয় দেন; কিন্তু তাঁহাদের বিভূতি প্রভৃতি শৈব-চিহ্ন-ধারণ, শিবালয়ে অবস্থান, নিজ গুরু শঙ্কর স্বামীকে শিবাবতার বলিয়া বিশ্বাস †, অধিকাংশেরই প্রথমে শিব-মন্ত্র-গ্রহণ, মহিম্নঃ স্তব নামে

---

* সন্ন্যাসীদের বিবরণ দেখ।

† तस्माद्धि दुःखनाशार्थं शिवविष्णू च भूतले।
आचार्य्योपाधिशोभान्तु कृत्वाप्यवतरिष्यतः॥

প্রসিদ্ধ শিব-স্তোত্র-পাঠ মাত্রে অনেকানেক অশিক্ষিত সন্ন্যাসীর উপাসনা-কার্য্যের পর্য্যাপ্তি ইত্যাকার বিবিধ বিষয় তাঁহাদের শিবানুরাগ ও শিব-পক্ষীয়তা বিষয়ে সাক্ষ্য দান করিতেছে। শাস্ত্রেও সুস্পষ্ট লিখিত আছে, মহাদেবই সন্ন্যাসীদের দেবতা।

**যতীনাঞ্চ মহেশ্বরঃ।**

সূতসংহিতা।

মহাদেব সন্ন্যাসীদের দেবতা।

তাঁহাদের প্রতিপক্ষীয় বৈষ্ণবউদাসীনেরাও তাঁহাদিগকে শৈব-মতস্থ বলিয়া জানেন। শৈব-বৈষ্ণবের যে বদ্ধ-মূল বিরোধ ও যুদ্ধাদির বিষয় শুনিতে পাওয়া যায়, তাহা বৈরাগীদের সহিত এই দশনামী সন্ন্যাসীদের বিরোধ বই আর কিছুই নয়। ইহাদের অন্তর্গত কতকগুলি

विष्णोराचार्य्यरूपस्य सा च भार्य्या भविष्यति ॥
आचार्य्यः शङ्कराख्योऽपि कृत्वा सन्न्यासमाश्रमं।
उभयौ बौद्धसङ्घस्य नैयायिकमतेन हि।
निवारयिष्यतोबलात्ते मरिष्यन्ति दाहिताः ॥

বৃহদ্ধর্ম্মপুরাণ উত্তর খণ্ড।

সরস্বতীর দুঃখ নিবারণ উদ্দেশে শিব ও বিষ্ণু কোন আচার্য্য-কুলে অবতীর্ণ হইবেন। সরস্বতী আচার্য্য-রূপ বিষ্ণুর ভার্য্যা হইবেন। শঙ্কর নামক আচার্য্য সন্ন্যাস আশ্রম গ্রহণ পূর্ব্বক উভয়ে নৈয়ায়িক মত দ্বারা বৌদ্ধদিগকে নিবারণ করিবেন ও তাঁহাদিগের বল-প্রভাবে তাহারা দগ্ধ হইয়া মরিবে।

লোক নিরবচ্ছিন্ন নির্গুণ-উপাসক অথবা আত্মজ্ঞানী তাহার সন্দেহ নাই। এই পুস্তকের উত্তরোত্তর অংশ পাঠ করিলে তাহা জানিতে পারা যাইবে। শঙ্করাচার্য্যের ভাষ্যানুযায়ী বেদান্ত-চর্চ্চা ও বেদান্ত-প্রতিপাদ্য আত্ম-জ্ঞান-সাধনই তাঁহাদের মুখ্য ধর্ম্ম। ফলতঃ দশনামীদের বিশ্বাস এই যে, যিনি ব্রহ্ম তিনিই শিব। শিবগীতাতে শিবের নিরাকার সাকার উভয় স্বরূপের একত্র বর্ণনা দ্বারা সে বিষয়টি সুস্পষ্ট প্রতীয়মান হইতেছে।

अचिन्त्यरूपमव्यक्तमनन्तममृतं शिवम्।
आदिमध्यान्तरहितं प्रशान्तं ब्रह्म कारणम्।
एकं विभुं चिदानन्दमरूपमजमद्भुतम्।
शुद्धस्फटिकसङ्काशमुमादेहार्द्धधारिणम्।
व्याघ्रचर्म्माम्बरधरं नीलकण्ठं त्रिलोचनम्।
जटाधरं चन्द्रमौलिं नागयज्ञोपवीतिनम्।
व्याघ्रचर्म्मोत्तरीयञ्च वरेण्यमभयप्रदम्।
पराभ्यामूर्द्ध्वहस्ताभ्यां बिभ्राणं परशुं मृगम्।
चन्द्रसूर्य्याग्निनयनं स्मेरवक्त्रसरोरुहम्।
भूतिभूषितसर्व्वाङ्गं सर्व्वाभरणभूषितम्।
एवमात्मारणिं कृत्वा प्रणवञ्चोत्तरारणिम्।
ज्ञाननिर्म्मथनाभ्यासात् साक्षात् पश्यति मां जनः॥

শিবগীতা।

অচিন্ত্য, অব্যক্ত, অনন্ত, অমর, শিব-স্বরূপ, আদ্যন্ত-মধ্য-রহিত, প্রশান্ত, কারণ-স্বরূপ ব্রহ্ম, একমাত্র, সর্ব্বব্যাপী, জ্ঞানানন্দ-স্বরূপ,

রূপ-বর্জ্জিত, জন্ম-রহিত, অদ্ভুত, শুদ্ধ-স্ফটিক-প্রভ, উমার অর্দ্ধ-দেহ-ধারী, ব্যাঘ্র-চর্ম্ম-পরিধান, নীলকণ্ঠ, ত্রিলোচন, জটাধর, চন্দ্রমৌলি, নাগ-যজ্ঞোপবীত-ধারী, ব্যাঘ্র-চর্ম্ম-রচিত-উত্তরীয়-ধারী, বরণীয়, অভয়-প্রদাতা, দুই উৎকৃষ্ট ঊর্দ্ধহস্ত দ্বারা পরশু এবং মৃগ ধারী, মধ্যাহ্ন-কালীন কোটি সূর্য্যের ন্যায় আভা-যুক্ত, কোটি-চন্দ্র-তুল্য সুশীতল, চন্দ্র সূর্য্য অগ্নি এই ত্রিনয়ন-বিশিষ্ট, ঈষৎ-হাস্য-যুক্ত-মুখ-পদ্ম-বিশিষ্ট, সর্ব্বাঙ্গে বিভূতি-ভূষিত, এবং সর্ব্বাভরণ-যুক্ত এইরূপ আত্মা যে আমি, আমাকে অরণি করিয়া ও প্রণবকে উত্তর অরণি করিয়া জ্ঞান-মন্থন পূর্ব্বক লোকে আমারে সাক্ষাৎ দেখিতে পায়।

উল্লিখিত দশ প্রকার সন্ন্যাসীর মধ্যে অনেকেই কেবল আপন আপন শ্রেণীর নামমাত্র ধারণ করে; স্বধর্ম্মোচিত সাধন ও নিয়মানুষ্ঠান কিছুই করে না। তাহারা নিতান্ত মূর্খ; কেবল তীর্থভ্রমণ ও বিজয়া-ধূম পান করিয়া জীবন-ক্ষেপ করে। বেদান্তানুমত তত্ত্ব-জ্ঞানের অনুশীলন ইহাদের আদি ধর্ম্ম হইলেও হইতে পারে, কিন্তু পরে ইহারা তন্ত্র ও যোগ-শাস্ত্র অবলম্বন করিয়া তদনুযায়ী অনুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছে। তদনুসারে অনেকে যোগ-সাধন ও অলৌকিক ক্রিয়ানুষ্ঠান দ্বারা দৈব শক্তি প্রকাশ করিতেও চেষ্টা পায়। দাবিস্তানে লিখিত আছে, একটি দণ্ডী তিন ঘণ্টা কাল নিশ্বাস রোধ, শিরা হইতে দুগ্ধ নিঃসারণ, কেশ দ্বারা অস্থি-চ্ছেদন ও বোতলের মধ্যে অখণ্ড অণ্ড প্রবেশিত করিতে পারে।

যদিও ইহারা ভিক্ষোপজীবী, কিন্তু পশ্চাৎ দৃষ্ট হইবে, ইহাদের অন্তর্গত সম্প্রদায়-বিশেষে সুবিস্তৃত বাণিজ্য-ব্যবসায়ে প্রবৃত্ত হইয়াছে।

ইহারা বৈরাগীদের ন্যায় ডোর কৌপীন ধারণ করে ও মৃত্যু ঘটিলে, শব দাহ না করিয়া মৃত্তিকার মধ্যে স্থাপন অথবা জলে নিক্ষেপ করিয়া থাকে। ইহাকেই মৃৎ-সমাধি ও জল-সমাধি বলে।

**সন্ন্যাসিনাং মৃতং কায়ং দাহয়েন্ন কদাচন।**
**সম্পূজ্য গন্ধপুষ্পাদ্যৈর্নিখনেদ্বাপ্সু মজ্জয়েৎ॥**

মহানির্ব্বাণ তন্ত্র অষ্টমোল্লাস।

সন্ন্যাসীদের মৃত দেহ কদাচ দগ্ধ করিবে না; গন্ধ-পুষ্পাদি দ্বারা অর্চ্চনা করিয়া মৃত্তিকার মধ্যে প্রোথিত করিবে অথবা জলে মগ্ন করিয়া দিবে।

কাশী, মৃজাপুর প্রভৃতি পশ্চিমোত্তর প্রদেশে কেহ কেহ একটি প্রস্তরাধারে শব সংস্থাপন করিয়া সমাধি দেয়।

দশনামীদের মধ্যে উত্তম উত্তম পণ্ডিত ও প্রধান প্রধান গ্রন্থকার হইয়া গিয়াছেন। শঙ্করাচার্য্য যে সমস্ত আত্মজ্ঞান-বিষয়ক পুস্তক করেন, তাহা পূর্ব্বেই লিখিত হইয়াছে। আনন্দলহরী ও অমরুশতকও তাঁহার প্রণীত বলিয়া প্রসিদ্ধ আছে। তদীয় শিষ্য আনন্দগিরিও শঙ্কর-দিগ্বিজয় নামে তাঁহার চরিত-গর্ভ একখানি গ্রন্থ রচনা করেন ও তাঁহার কৃত সূত্র-ভাষ্য উপনিষদ্ভাষ্য প্রভৃতি সমুদয় ভাষ্যের টীকা প্রস্তুত করিয়া যান। অমরকোষের একজন টীকাকারের নাম রামাশ্রম। পঞ্চদশী গ্রন্থ ভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরের প্রণীত বলিয়া প্রসিদ্ধ

আছে। বেদ-ভাষ্যকার মাধবাচার্য্য সন্ন্যাস ধর্ম্ম অবলম্বন করিলে বিদ্যারণ্য স্বামী নামে খ্যাত হন।

ইহাঁদের মধ্যে অনেকানেক ব্যক্তি অধ্যবসায়শালী ও উৎসাহবান্ দেশ-পর্য্যাটকও হইয়া গিয়াছেন। শঙ্করাচার্য্য নিজে শিষ্য-গণ সমভিব্যাহারে লইয়া ভারতভুমির দক্ষিণ সীমা হইতে উত্তরাভিমূখে নানা দেশ পরিভ্রমণ পূর্ব্বক উহার উত্তর সীমাবস্থ হিমালয় পর্ব্বত আরোহণ করিয়া কেদারনাথ পর্য্যন্ত গমন করেন। এখনও অনেকে দক্ষিণে সেতুবন্ধ, উত্তরে বদরিকাশ্রম, কেদারনাথ, কৈলাস-পর্ব্বত ও মানসসরোবর এবং পশ্চিমে বেলূচিস্থানের অন্তর্গত হিঙ্গলাজ * পর্য্যন্ত পর্য্যটন করেন ও কেহ বা ভ্রমণোৎসাহে সমধিক উৎসাহিত হইয়া তদপেক্ষায়ও দূর দূরান্তর যাত্রা করিয়া থাকেন।

১৮৭৪ খৃষ্টাব্দের প্রথম ভাগে ভাগীরথভারতী নামে

---

* এই স্থানের সংস্কৃত নাম হিঙ্গলা। ইহা হিন্দুদের একটি প্রধান তীর্থ-ভূমি।

ব্রহ্মরন্ধ্রং হিঙ্গুলায়াং ভৈরবো ভীমলোচনঃ।
কোট্টরী সা মহামায়া ত্রিগুণা যা দিগম্বরী॥

তন্ত্রচূড়ামণি।

সতীর ব্রহ্মরন্ধ্র হিঙ্গলাতে পতিত হয়। সেখানে ভীমলোচন ভৈরব এবং কোট্টরীনাম্নী দিগম্বরী ত্রিগুণা মহামায়া বিদ্যমান আছেন।

একটি পরমহংসের সহিত আমার আলাপ ও আত্মীয়তা ঘটে। তিনি স্থল-পথে দক্ষিণে সেতুবন্ধরামেশ্বর, পূর্ব্বদিকে অনেকানেক বন পর্ব্বত অতিক্রম পূর্ব্বক বিবস্ত্র কুকীদের দেশ, পশ্চিমে ভিন্ন ভিন্ন সময়ে কাবুল, কান্দাহার, হিঙ্গ-লাজ ও খোরাশান এবং উত্তরে হিমালয় উত্তরণ পূর্ব্বক ভোট-দেশের মধ্য দিয়া পশ্চিমাভিমুখে চীনতাতারের অন্তর্গত ইয়ার্কন্দও পর্য্যন্ত পরিভ্রমণ করেন। তিনি কয়েক বার সমুদ্র-পথেও যাত্রা করেন। আমার সহিত সাক্ষাৎকার ঘটিবার ন্যূনাধিক তিন বৎসর পূর্ব্বে এক বার করাচী বন্দরে একটি দঙ্গলী গোসাঁইয়ের অর্ণবপোতে আরোহণ করিয়া পশ্চিমাভিমুখে গমন পূর্ব্বক আরবের অন্তঃপাতী মস্কট নগরে উপনীত হন এবং তথা হইতে ঐ জাহাজেই দক্ষিণ মুখে যাত্রা করিয়া মরীচ অর্থাৎ মরিশস্ দ্বীপে অবতরণ করেন। তথায় কয়েক দিবস অবস্থান করিয়া উত্তরাভিমুখে প্রস্থান করেন ও আদেন নগর অতিক্রম ও লোহিত সাগর প্রবেশ পূর্ব্বক মক্কা নগর দক্ষিণ হস্তে রাখিয়া ক্রমশঃ উত্তর মুখে চলিয়া যান। কিছু দূর গিয়া তদপেক্ষা একটি বৃহৎ সমুদ্রে পড়েন ও পশ্চিমোত্তর মুখে গমন করিয়া মক্কার পশ্চিমাংশ হইতে যাত্রা করিবার ১৭।১৮ দিবস পরে সমুদ্র-তীরস্থ একটি পর্ব্বতের উপর জ্বালামুখী দেখিতে পান *।

* ঐ জ্বালা-মুখী লিপারি-দ্বীপস্থ স্ট্রম্বলি নামক আগ্নেয়-গিরি বলিয়া সহসা বোধ হইতে পারে। পরমহংস বলেন, ঐ পর্ব্বত ক্রম-

খৃষ্টাব্দের অষ্টাদশ শতাব্দীর শেষার্দ্ধে পুরাণপুরি

পুরাণপুরি।

শাম দেশের অন্তর্গত বা অতি নিকটস্থ। ইটালীর রাজধানী জগদ্বিখ্যাত রোমনগরও উল্লিখিত দ্বীপের সমীপস্থ বটে, অতএব এ অংশে ঐ অনুমানের সহিত তাঁহার কথার অসঙ্গতি হয় না। কিন্তু সে অঞ্চলে শাম নামে কোন দেশ বিদ্যমান নাই। পারসীক ভূগোলে তুর্কিদেশের এক প্রদেশের নাম রুম এবং সীরিয়া ও দমিস্ক নগরের নাম শাম বলিয়া লিখিত আছে।

নামে একটি ঊর্দ্ধবাহু সন্ন্যাসী বিদ্যমান ছিলেন। দেশ-পর্য্যটনে তাঁহার এরূপ উৎসাহ ছিল যে, তদীয় ভ্রমণ-বৃত্তান্ত পাঠ করিয়া দেখিলে বিস্ময়াপন্ন হইতে হয়। তিনি কান্য-কুব্জ-নিবাসী একটি রাজপুত-জাতীয় ক্ষত্রিয়ের কুলে জন্ম গ্রহণ করেন। নয় বৎসর বয়ঃক্রমের সময়ে অর্থাৎ ১৭৫২ অথবা ৫৩ খৃষ্টাব্দে পরিজনের অজ্ঞাতসারে গৃহ পরিত্যাগ পূর্ব্বক বিঠুরে আসিয়া সন্ন্যাসাশ্রম অবলম্বন করেন। ঐ সময়ের পর ও ১৭৫৬ খৃষ্টাব্দের মধ্যে কোন সময়ে প্রয়াগে আগমন করিয়া ঊর্দ্ধবাহু হন। তিনি উত্তরে ভোট* অর্থাৎ তিব্বৎ, দক্ষিণে সিংহল দ্বীপ ও পূর্ব্বদিকে ব্রহ্ম-দেশ পর্য্যন্ত গমন করেন এবং পশ্চিমে সিন্ধু-নদাদি অতিক্রম করিয়া আফগানিস্থান, খোরাসান, কাস্পীয়ন্ সাগরের সমীপস্থ নানা স্থান ও রুশিয়ার অন্তর্গত আস্ত্রা-কান প্রভৃতি বিবিধ দেশ, প্রদেশ, নগরাদি পরিভ্রমণ পূর্ব্বক আসিয়া-খণ্ডের পশ্চিম সীমায় উপস্থিত হন। তাহা-তেও পরিতৃপ্ত ও প্রতিনিবৃত্ত না হইয়া ইউরোপীয় রুশি-য়ায় প্রবেশ পূর্ব্বক মস্ক-নগর পর্য্যন্ত পর্য্যটন করেন। তিনি তথা হইতে স্বদেশ প্রত্যাগমনের সময়ে ও তাহার পরে তুর্কি, ইরান, খরক-দ্বীপ, বাহরিন্-দ্বীপ, মক্কা, বোখারা, সমরকন্দ, ভোট প্রভৃতি নানাবিধ দেশ প্রদেশ নগর ও গ্রাম ভ্রমণ করিয়া নেত্র-যুগলের তৃপ্তি সাধন করেন।

---

* বাঙ্গালা ভূগোলে যে দেশের নাম তিব্বৎ বলিয়া লিখিত হয়, তাহার প্রকৃত নাম ভোট।

তিনি বলিয়া গিয়াছেন, আমি তুর্কি-দেশীয় বস্রা নগরে গোবিন্দরাও ও কল্যাণরাও নামে দুইটি বিষ্ণু-মূর্ত্তি দেখিয়াছি ও আরব-দেশীয় মস্কট্ নগরে, তাতার-দেশীয় বাখ্ নগরে ও খরক-দ্বীপে অনেক হিন্দুর সহিত সাক্ষাৎ করিয়াছি। আর তিনি ইহাও কহিয়াছেন, আসিয়ার অন্তর্গত রুশ-দেশের আস্ত্রাকান-নগরে অনেকগুলি হিন্দুর অবস্থিতি আছে; তাঁহারা আমাকে যথেষ্ট আদর অবেক্ষা করিয়াছিলেন। কত কত বন পর্ব্বত অতিক্রম করিয়া ও নানা প্রকার অসভ্য ও বর্ব্বর জাতির মধ্য দিয়া পদ-ব্রজে এত দূর ভ্রমণ করা সাধারণ বীর্য্য ও সাধারণ উৎসাহের কর্ম্ম নয়।

আমাদের ঐ ঊর্দ্ধবাহু ঠাকুরটি অনুগ্রহ করিয়া দুই এক বার রাজ-কার্য্যও করিয়া দিয়াছেন। তিনি যে সময়ে ভোট-দেশের রাজধানীতে অবস্থিতি করিতেছিলেন, সে সময়ে তথাকার রাজপুরুষেরা তাঁহার দ্বারা গবর্ণর জেনেরল হেস্টিংসের সমীপে রাজ-কার্য্য-সংক্রান্ত কতকগুলি কাগজ-পত্র প্রেরণ করেন এবং তিনি সেই সমস্ত লইয়া বারএল্ ও এলিয়ট্ সাহেবের সমক্ষে অর্পণ করিয়া যান। আর এক বার তাঁহাকে কাশী-নগরীতে রাজা চেত সিংহ ও তথাকার রেসিডেণ্ট গ্রেহাম সাহেবের নিকট পাঠাইয়া দেওয়া হয়। কয়েক বৎসর পরে গবর্ণর জেনেরল তাঁহাকে আশাপুর নামক এক খানি গ্রাম জায়গির দেন, এবং তিনি তাহা বরাবর নিষ্কর ভোগ করিয়া আইসেন।

তাঁহার বুদ্ধি, বীর্য্য, সাহস ও অধ্যবসায়ের বিষয় পর্য্যালোচনা করিয়া দেখিলে বোধ হয়, তিনি ইউরোপীয় বিদ্যায় সুশিক্ষিত হইলে, হয় ত, দ্বিতীয় রামমোহন রায় হইয়া উঠিতেন *।—এদেশীয় সভ্যতর নব্য সম্প্রদায়! তোমরা কমলা-দেবীর প্রসাদ-লাভ উদ্দেশে ধূম-ধ্বজ সুচারু সমুদ্র-যানে সুখে শয়ান ও স্বচ্ছন্দে দোলায়মান হইয়া, চর্ব্ব্য চোষ্য লেহ্য পেয় চতুর্বিধ ভোগ উপভোগ পূর্ব্বক, অক্লেশে কমলা-তীর্থ বিলাৎ-ক্ষেত্র দর্শন করিতে পার, ও তথাকার অসহ্য চাক্‌চক্য দর্শনে চমৎকৃত ও বিমোহিত হইয়া, বিলাতীয় বেশ-ভুষাদি ভৌতিক বিষয় মাত্রের অনুকরণ পুরঃসর, আপনাদের অসারবত্তাও প্রকাশ করিতে সমর্থ হও; কিন্তু নিশ্চয় জানিও, এ অংশে অশিক্ষিত পুরাণপুরির উৎসাহ, অধ্যবসায়, কৌতূহল ও প্রতিবিধিৎসা অদ্যাপি তোমাদের আদর্শ-ভুমি হইয়া রহিয়াছে। তোমাদের শরীর গুলিই কেবল বামনরূপ ধারণ করিয়াছে এরূপ নহে, মনও তাহার অনুপযুক্ত হয় নাই। "আকার-সদৃশী প্রজ্ঞা" কেবল দিলীপেরই হইতে হয় এমন নয়; তাদৃশ কবি উপস্থিত থাকিলে, ভাবান্তরে তোমাদেরও

---

* পুরাণপুরির যে ভ্রমণ-বৃত্তান্ত * হইতে এ বিষয়টি সংক্ষেপে সংগৃহীত হইল, তাহা ১৭৯২ খৃষ্টাব্দের মে মাসে সঙ্কলিত হয়; তখনও তিনি দেশ-পর্য্যটনে এক বারে নিবৃত্ত হন নাই।

* Asiatic Researches, vol. v, pp. 37-46.

সেই রূপ বর্ণনা করিতে পারিতেন। শরীর খর্ব্ব*, মন খর্ব্ব, আয়ু অল্প, ইহাতে আর শুভ প্রত্যাশার সম্ভাবনা কি? ভারতভূমির প্রকৃতি-সিদ্ধ বল-বীর্য্য দিন দিন ক্ষীণ ও বিলীন হইতেছে তাহার সন্দেহ নাই। শিক্ষায় স্বভাবের ক্ষয় কত পূরণ করিতে পারে? ধর্ম্মনীতির অনুশীলন ও অনুষ্ঠান-শিক্ষা এদেশীয় শিক্ষা-প্রণালীতে সন্নিবেশিত করা রাজপুরুষদের শ্রেয়ঃ বোধ হয় নাই। অতএব সে বিষয়ের ত কথাই নাই। একবারেই মরু-ভূমি! অ-তর্পণীয় ধন-লোভ ও শূন্য-গর্ভ অভিমান 'বিদ্যারণ্য' অধিকার করিয়াছে। অশেষ দোষাকর পানীয়-দোষে ঐ পুণ্য-ধামের সকল গুণ সংহার ও সকল অকল্যাণ বর্দ্ধন করিতেছে। উচ্চতর ও মহত্তর গুণ সমুদায় তথায় স্থান পাইতেছে না†। অশিক্ষিত লোকের কথাই বা কি কহিব? "———ততোঽধিকঃ।" উভয় দলের মধ্যেই বাক্য-নিষ্ঠার অসদ্ভাবে পরস্পরের মন পেষণ করিতেছে।

---

* পূর্ব্বকালীন গ্রীকেরা যে হিন্দুদিগকে দীর্ঘ-কায়, সাহসী ও আসিয়া-খণ্ডের অন্য অন্য সকল জাতি অপেক্ষা রণ-পণ্ডিত বলিয়া বর্ণন করিয়াছেন, তাহারা এখন ক্ষুদ্র-কায় হইয়া ক্ষুদ্র হইয়া গেল! হায়! বরিষ্ঠ, বলিষ্ঠ, দীর্ঘাকার বীরপুরুষদের কুলে কতকগুলি পিপীলিকা জন্মিলাম! এ দুঃখ রাখিবার স্থান নাই! আমাদের সে দিন কি আর ফিরে আসবে না?

† সাধারণ বিষয় সম্বন্ধীয় সকল কথারই প্রায় ব্যভিচার-স্থল থাকে; অতএব এ সকল কথারও নাই এমন নয়। এখন প্রত্যেকে আপনাকে ব্যভিচার-স্থল মনে করিলেই আর প্রতিকার-চেষ্টার সম্ভাবনা থাকে না।

মিথ্যা, শঠতা, প্রতারণা ও তন্নিবন্ধন মোকদ্দমায় দেশ-মধ্যে যে কিরূপ অনল জ্বালিয়া দিয়াছে, তা বলিবার নয়। পূর্ব্বকালে যে হিন্দু-জাতির ন্যায়পরতা, সত্যবাদিতা, শান্তশীলতা, পান-দোষ-বিহীনতা, ব্যবহার-বিমুখতা * ও সর্ব্বাংশে বিশুদ্ধ-চরিত্রতা দেখিয়া বিদেশীয় লোকে বিস্ময়াপন্ন হইত, যাহাদের মধ্যে ঋণ-দান ও তাদৃশ অন্য অন্য অনেক বৈষয়িক ব্যবহার বিষয়ে খত পত্রাদি লিখন এক সময়ে অপ্রচলিত ছিল, যাহারা ধনাদি-রক্ষার্থ কুলুপ দিয়া দ্বার রুদ্ধ করা অনাবশ্যক জানিত † ও শত বৎসর অপেক্ষাও অল্পকাল পূর্ব্বে যাহারা সূর্য্য-সাক্ষী ও ধর্ম্ম-সাক্ষী করিয়া অকুণ্ঠিত হৃদয়ে ঋণ প্রদান করিত, এই সেই হিন্দুদের এখন এইরূপ দুর্দ্দশা উপস্থিত হইল! হায়! কি ভারতভুমিই এ অংশে কি হইয়া গেল! অশিক্ষিত লোকের যতই দুর্গতি হউক না কেন, প্রীতি-নিকেতন শিক্ষিত-সম্প্রদায়! লোকে তোমাদেরই বিস্তর আশা ভরসা করিতে পারে এজন্য তোমাদিগকেই দু কথা বলিতে মন যায়। কিন্তু তোমাদেরই ভাই অপরাধ

---

* মোকদ্দমায় বিমুখতা।

† ন্যূনাধিক দ্বাবিংশতি শতাব্দ পূর্ব্বে আলেক্জাণ্ডার ও মিগাস্থিনীস এবং তাঁহাদের সহচর গ্রীকেরা ঐরূপ দেখিয়া চমৎকৃত হন। তাঁহারা ভারতবর্ষের একটি লোককেও মিথ্যা কথা কহিতে শুনেন নাই। এবং কখন যে কেহ কহিয়াছে এমনও জানিতে পারেন নাই। কিঞ্চিদধিক দ্বাদশ শতাব্দ পূর্ব্বে চীন-দেশীয় তীর্থযাত্রী হিউএন্থসঙ্গ ও হিন্দুদের ঐরূপ সুপবিত্র চরিত্র বর্ণন করিয়া যান।

কি? অকারণে কোন কার্য্যের উৎপত্তি হয় না। কারণ-সঙ্কর উপস্থিত হইয়াই আমাদের এই দুর্দ্দশা ঘটাইয়াছে।—ভাই হে! আমি মুক্ত-কণ্ঠে বলিতে ও স্পষ্টাক্ষরে লিখিতে পারি, এদেশ সম্বন্ধীয় বিবিধ বিষয়ের * বর্ত্তমান অবস্থা বিদ্যমান থাকিতে, বাঙ্গলায় পুনরায় আশানন্দের † অসম্ভাবিত উদ্ভব হওয়াও যদি কথঞ্চিৎ সম্ভব হয়, তথাচ একটি রামমোহন রায় আর এখানে জন্ম-গ্রহণ করিবেন না!! বিশুদ্ধ-বুদ্ধি রাজপুরুষেরা আমাদের প্রকৃত রূপ ব্যথার ব্যথী হইলে যদিই কিছু প্রতিকার করিতে পারেন, তথাচ অনিবার্য্য নৈসর্গিক দোষ কে নিবারণ করিবে? ভারতবর্ষের ইঙ্গরাজ-রাজত্বের নিত্য-সহচর-স্বরূপ স্বাস্থ্য-ক্ষয়, পাপ-বৃদ্ধি ও দুর্মূল্যতা দোষই বা কি প্রকারে দূরীকৃত হইবে? আবার সর্ব্বাংশে অতি-প্রবলের সহিত অতি দুর্ব্বলের শাস্ত্‌-শাসিত সম্বন্ধের বিষময় চরম ফল মনে হইলে হৃৎকম্প উপস্থিত হয়। যে সমস্ত কারণ-প্রভাবে আমাদের উল্লিখিত অকল্যাণ-রাশির সঙ্ঘটন হইয়াছে, সেই সমুদায়ের কার্য্য-প্রবাহ নিরন্তর চলিলে, আমাদের বিপৎ-প্রবাহ কোথায় গিয়া শেষ হইবে, কে বলিতে পারে? একবার ভাবিয়া দেখ দেখি, কি সর্ব্ব-

* জল-বায়ু, বাল্য-ব্যবহার, শিক্ষা-প্রণালী, অসময়ে ও অতিরিক্ত পরিমাণে পরিশ্রম, স্বাস্থ্য-রক্ষা ও বল-বৃদ্ধির চেষ্টা-বিরহ, ধর্ম্ম-নীতির অনুশীলন ও অনুষ্ঠানে যত্নাভাব, সামাজিক ব্যবস্থা-প্রণালীর দোষ-সমূহ ইত্যাদি বিষয়ের।

† সুপ্রসিদ্ধ বলবান্ আশানন্দ ঢেঁকির।

নাশ উপস্থিত! ভাল এক অপ্রাসঙ্গিক শোচনীয় ব্যাপার উত্থাপিত করিয়া অন্তঃকরণ ছিন্ন ভিন্ন করিয়া ফেলিলাম। উপায় যে কিছুই দেখিনে। ভেবেও কূল পাইনে। এদেশের উত্তর কালীন অবস্থা পর পর কেবল ধূমাকীর্ণ দেখিতেছি। বিষাদ ও অবসাদ আসিয়া জীবন জড়ীভূত করিল। যেন কুজ্ঝটিকায় হৃদয়-ভূমি আচ্ছন্ন করিয়া ফেলিল।—ঘোর দুর্দ্দিন!—অমাবস্যার নিশীথসময়!—বিদ্যুৎ-শূন্য মেঘাচ্ছন্ন তামসী বিভাবরী!!

প্রকৃত প্রস্তাব আর ভুলিয়া থাকা উচিত নয়। দশনামীরা ভিন্ন ভিন্ন বৃত্তি ও সাধন অবলম্বন করিয়া দণ্ডী, পরমহংস, সন্ন্যাসী প্রভৃতি ভিন্ন ভিন্ন উপাধি প্রাপ্ত হন। পশ্চাৎ যথাক্রমে সে সমস্ত লিখিত হইতেছে।

## দণ্ডী।

যাঁহারা দণ্ড * কমণ্ডলু সঙ্গে লইয়া ভ্রমণ করেন তাঁহাদের নাম দণ্ডী। মাতা, পিতা, পুত্র, কন্যা ও ভার্য্যা-বিহীন ব্রাহ্মণ ভিন্ন অন্য কাহার দণ্ডী হইবার

* এটি বংশ-দণ্ড। সেই বংশের গ্রন্থি সমুদায় হইতে যে সকল শাখা নির্গত হয় তাহা কর্ত্তন করিয়া কিছু কিছু অবশিষ্ট হইয়া থাকে।

অধিকার নাই *। এই রূপ ব্যক্তি সন্ন্যাসাশ্রম অবলম্বনে কৃত-সঙ্কল্প হইলে, কোন ভক্তি-ভাজন দণ্ডি-সন্নিধানে উপস্থিত হইয়া আত্ম-বাসনা অবগত করেন। করিলে, সেই দণ্ডী গুরু প্রশ্নাদি দ্বারা তাঁহাকে সে বিষয়ে নিতান্ত দৃঢ়-প্রতিজ্ঞ ও যথার্থই পিতা, মাতা, ভার্য্যা, পুত্রাদি-বিবর্জ্জিত জানিতে পারিলে †, যথাবিহিত উপদেশদান ও তদর্থ কতকগুলি ক্রিয়া সম্পাদন করিতে প্রবৃত্ত হন।

দণ্ড-গ্রহণ ব্যাপারটি শিষ্যের পুনর্জ্জন্ম বলিয়া পরিগণিত হয়। গুরু তাঁহার শরীরে ফুৎকার দিয়া প্রাণ-প্রতিষ্ঠা করেন, অন্নপ্রাশন ও পুনঃসংস্কার করিয়া দেন

---

* পিতা, মাতা, শিশু-পুত্র ও যুবতী ভার্য্যা বিদ্যমান থাকিতে দণ্ড-গ্রহণ করিলে, তাহা বিফল হয় ও বিষম প্রত্যবায় জন্মে।

স্থিতায়াং যৌবনযুতকান্তায়াং পরমেশ্বরি।
সর্ব্বং হি বিফলং তস্য যঃ কুর্য্যাদ্দণ্ডধারণম্॥
বিদ্যেতে পিতরৌ দেবি ! যঃ কুর্য্যাদ্দণ্ডধারণম্।
সন্ন্যাসং বিফলং তস্য রৌরবাখ্যং গমিষ্যতি॥
বিদ্যতে বালকশ্চৈব যস্য কান্তা যুবত্যথা।
সন্ন্যাসধারণে তস্য কৃত্যা হি পরমেশ্বরি।
ন মুক্তোপি ভিক্ষুক রৌরবাখ্যং প্রপদ্যতে॥

নির্ব্বাণ তন্ত্র ত্রয়োদশ পটল।

† উল্লিখিত দুইটি বিষয় জানিবার উদ্দেশে অনেক গুলি ব্যাপারের অনুষ্ঠান করিতে হয়। তাহার সবিস্তর বিবরণ করিতে হইলে সাতিশয় বাহুল্য হইয়া পড়ে।

এবং দশাক্ষরমন্ত্র নামে একটি মন্ত্র উপদেশ করিয়া থাকেন। এইটি ইহাঁদের মূল মন্ত্র। ইহাঁরা এইটি জপ করিয়া অনেক কার্য্য সাধন করেন। দণ্ড-গ্রহণের সময়ে শিখা ও সুত্র অর্থাৎ যজ্ঞোপবীত পরিত্যাগ করিতে হয়। একটি গুবাকের সহিত সেই শিখা ও যজ্ঞোপবীত সংযোজিত এবং ঘৃত ও মৃত্তিকা দ্বারা বিলেপিত করিয়া যথাবিধানে অগ্নিকুণ্ডে নিঃক্ষেপ করা হয়। তাহা ভস্মী-ভুত হইলে, শিষ্য ভক্ষণ করেন। করিলে, তৎক্ষণাৎ নরনারায়ণ হইয়া উঠেন এই রূপ লিখিত আছে। এই নিমিত্তই লোকে বলে 'পৈতা পুড়াইয়া ভগবান্ হয়'।

গুরু যথাবিধ মন্ত্রোচ্চারণ ও ক্রিয়া অনুষ্ঠান করিয়া শিষ্যকে দণ্ড, কমণ্ডলু ও গেরুয়া বস্ত্রের কৌপীন প্রদান করেন। ঐ দণ্ডের এক স্থান যজ্ঞোপবীত-জড়িত ও একটু গেরুয়া বস্ত্রে আবৃত থাকে। ঐ দণ্ড গাছটি দণ্ডী-দের পরম পদার্থ। তাঁহারা উহার উপরিভাগে মহা-কালীর পূজা করেন ও তথায় মহামায়া বিদ্যমান আছেন এইরূপ ভাবনা করিয়া থাকেন।

অদ্যাবধি মহামায়াং দণ্ডোপরি বিভাবয়।
কুরু পূজাং মহাকাল্যা দণ্ডোপরি হৃদা ততঃ॥
সাক্ষান্নারায়ণস্ত্বং হি ধর্ম্মাধর্ম্মপরোঽভবঃ।
তব মাতা পিতা স্বামী সর্ব্বং দণ্ডান্তিকে স্থিতম্॥

নির্ব্বাণ তন্ত্র।

— অদ্যাবধি দণ্ডের উপরে মহামায়া বিদ্যমান বলিয়া ভাবনা কর ও ঐ দণ্ডের উপরি মহাকালীর মানসী পূজা করিতে থাক। তুমি সাক্ষাৎ

নারায়ণ স্বরূপ ও ধর্ম্মাধর্ম্মের অতীত। তোমার মাতা, পিতা, স্বামী সকলই দণ্ড-সন্নিধানে অবস্থিত।

দণ্ডী ও পরমহংসেরা কহেন, দশনামীর মধ্যে তীর্থ, আশ্রম, সরস্বতী ও ভারতীর কিয়দংশ এই সাড়ে তিন শ্রেণী শঙ্করাচার্য্যের প্রকৃত শিষ্য-সম্প্রদায়। তাঁহারা শঙ্করাচার্য্যের প্রবর্ত্তিত মতের অনুবর্ত্তী থাকিয়া যথাবিধি ধর্ম্মানুষ্ঠান করিয়া আসিতেছেন। অবশিষ্ট সাড়ে ছয় শ্রেণী স্বধর্ম্ম হইতে স্খলিত হইয়া অনেক প্রকার অনুচিত আচরণে অনুরক্ত হইয়াছে। দণ্ডীরা দণ্ডগ্রহণের সময়ে পূর্ব্বনাম পরিত্যাগ করিয়া একটি নূতন নাম ও উল্লিখিত তীর্থাদি চারি উপাধির একটি উপাধি গ্রহণ করিয়া থাকেন।

ইহাঁরা নির্গুণোপাসনাই মুখ্য ধর্ম্ম বলিয়া জানেন ও অনেকে তদর্থ প্রণব জপ ও তদুপযুক্ত অন্য অন্য অনুষ্ঠান করিয়া থাকেন। যাঁহারা তাহাতে অসমর্থ বা অনধিকারী, তাঁহারা শিবাদি কোন সগুণ দেবতার মন্ত্র লইয়া তদীয় উপাসনায় প্রবৃত্ত হন।

ইহাঁদের মহাবাক্যগ্রহণ নামে একটি ক্রিয়া আছে। উপনিষদের মধ্যে পরমাত্মার স্বরূপ-প্রতিপাদক ও জীব-ব্রহ্মের অভেদ-বোধক কয়েকটি মহাবাক্য * আছে; ঐ ক্রিয়ায় তাহারই একটি অবলম্বন করিতে হয়।

ইহাঁরা মস্তক মুণ্ডন, শ্মশ্রু পরিত্যাগ ও গেরুয়া বস্ত্র পরিধান এবং বিভূতি ও রুদ্রাক্ষ মালা ধারণ করেন, ও

* পরমহংসের প্রস্তাবে মহাবাক্যের বিষয় লিখিত হইবে।

পূর্ব্বেই লিখিত হইয়াছে, দণ্ড কমণ্ডলু সঙ্গে লইয়া ভ্রমণ করিয়া থাকেন। ইহাঁরা অপরাপর সমুদয় দশনামীর অপেক্ষা শুদ্ধাচারী। প্রতিদিন কমণ্ডলু ও পরিধেয় বস্ত্র ধৌত করেন, সন্ধ্যাবন্দনাদি কতকগুলি ক্রিয়ার অনুষ্ঠান করেন এবং প্রতি অমাবস্যাতে অথবা দুই মাস অন্তরে ক্ষৌরী হইয়া থাকেন। ধাতু ও অগ্নি স্পর্শ করেন না, সুতরাং স্বয়ং পাক করিয়া খান না। কোন ব্রাহ্মণের গৃহে ভিক্ষা-গ্রহণ অর্থাৎ প্রস্তুত অন্ন ভক্ষণ করেন, অথবা সঙ্গে ব্রহ্মচারী থাকে তাঁহারই হস্তে ভোজন করিয়া থাকেন। দ্বি-ভোজন, ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতির অন্ন-গ্রহণ ও আঙ্গরাখা, খেলকা প্রভৃতি স্যূতবস্ত্র পরিধান ইহাঁদের পক্ষে বিধেয় নয়। নগরে বসতি করাও নিষিদ্ধ; উহার সমীপস্থ কোন স্থানে নির্জ্জনে একাকী অবস্থিতি করাই উচিত। কিন্তু ইহাঁদিগকে এই শেষোক্ত নিয়মটি সর্ব্বতোভাবে পালন করিতে দেখা যায় না। পশ্চাল্লিখিত পরমহংস অবধূত প্রভৃতিকে উক্তরূপ শুদ্ধাচার অবলম্বন করিয়া চলিতে হয় না *।

---

* অধুনাতন দণ্ডি-সম্প্রদায়ের আচার, ব্যবহার ও ধর্ম্মানুষ্ঠান অনেকাংশে পূর্ব্বকালীন চতুর্থ আশ্রমেরই অনুরূপ। তাঁহাদের যেরূপ নিয়মাদি লিখিত হইল, পশ্চাল্লিখিত মনু-বচন গুলিতে প্রায় সেই রূপই ব্যবস্থিত রহিয়াছে।

আগারাদভিনিষ্ক্রান্তঃ পবিত্রোপচিতো মুনিঃ।
সমুপোঢ়েষু কামেষু নিরপেক্ষঃ পরিব্রজেৎ॥

মনু ৬। ৪১

দণ্ডীরা শুদ্ধাচারী হইলেও, তন্ত্রের মধ্যে ইঁহাদের গুপ্ত ভাবে মদ্যমাংসাদি ব্যবহার করিবার ব্যবস্থা দেখিতে পাওয়া যায়।

**পঞ্চতত্ত্বং সদা সেব্যং গুপ্তভাবে জিতেন্দ্রিয়ঃ।**

প্রাণতোষিণী দণ্ডি-প্রকরণ।

তুমি জিতেন্দ্রিয়; গোপনে মদ্যমাংসাদি পঞ্চতত্ত্ব গ্রহণ করিবে।

---

কমণ্ডলু প্রভৃতি গ্রহণ পূর্ব্বক গৃহ হইতে বহির্গত হইয়া ও মৌনাবলম্বন পুরঃসর সমীপ-প্রাপ্ত সুখদ সামগ্রীতে নিস্পৃহ হইয়া পরিভ্রমণ করিবে।

**অনগ্নিরনিকেতঃ স্যাদ্‌গ্রামমন্নার্থমাশ্রয়েৎ।**
**উপেক্ষকোহসঙ্কুসুকো মুনির্ভাবসমাহিতঃ॥**

মনু ৬। ৪৩

অগ্নি-স্পর্শ-পরিত্যাগী, গৃহ-শূন্য, শারীরিক কষ্টাদিতে উপেক্ষাকারী, স্থির-চিত্ত ও পরব্রহ্মে একাগ্রমনা হইয়া অহোরাত্র অরণ্যে অবস্থিতি করিবে; কেবল ভিক্ষার্থ এক এক বার গ্রামে যাইবে।

**কॢপ্তকেশনখশ্মশ্রুঃ পাত্রী দণ্ডী কুসুম্ভবান্।**
**বিচরেন্নিয়তো নিত্যং সর্ব্বভূতান্যপীড়য়ন্॥**

মনু ৬। ৫২

কেশ, নখ ও শ্মশ্রু পরিচ্ছন্ন অর্থাৎ কর্ত্তিত করিয়া রাখিবে এবং দণ্ড-কমণ্ডলু ও ভিক্ষাপাত্র সঙ্গে লইয়া ও কোন প্রাণীকে পীড়া না দিয়া নিয়ত ভ্রমণ করিবে।

**এককালং চরেদ্ভৈক্ষ্যং ন প্রসজ্জেত বিস্তরে।**
**ভৈক্ষে প্রসক্তো হি যতির্বিষয়েষ্বপি সজ্জতি॥**

মনু ৬। ৫৫

ফলতঃ শাক্তদের যেমন পশ্বাচারী ও বীরাচারী নামে দুই সম্প্রদায় আছে, ইহাঁদেরও সেইরূপ দুই দল আছে শুনিতে পাই। কোন কোন দণ্ডী অতি সংগোপনে মদ্য মাংসাদি ব্যবহার করেন, অপর কেহ কেহ করেন না।

দণ্ডীতে দ্বাদশ বৎসর পর্য্যন্ত উল্লিখিত নিয়ম সমুদায় পরিপালন পূর্ব্বক দণ্ড ত্যাগ করিয়া পরমহংস আশ্রম অবলম্বন করিবে এই রূপ বিধান আছে।

---

প্রাণ-ধারণার্থ দিনে একবারমাত্র ভিক্ষা করিবে, কিন্তু প্রচুর ভিক্ষায় প্রবৃত্ত হইবে না। যতি ভিক্ষাসক্ত হইলে পরে বিষয়াসক্ত হইয়া পড়ে।

विधूमे सन्नमुसले व्यङ्गारे भुक्तवज्जने ।
वृत्ते शरावसम्पाते भिक्षां नित्यं यतिश्चरेत् ॥

মনু ৬। ৫৬

রন্ধনের ধূম রহিত হইলে, মুঁষলাঘাত (অর্থাৎ ধান ভানা) নিবৃত্ত হইলে, চুল্লীর অগ্নি নির্ব্বাণ হইলে, লোকের ভোজন-ক্রিয়া সম্পন্ন হইলে, এবং শরাব (অর্থাৎ ভোজন-পাত্র) পরিত্যক্ত হইলে, যতিতে প্রতিদিন ভিক্ষা করিবে।

अलाभे न विषादी स्याल्लाभे चैव न हर्षयेत् ।
प्राणयात्रिकमात्रः स्यान्मात्रासङ्गाद्विनिर्गतः ॥

মনু ৬। ৫৭

ভিক্ষাদি না পাইলে বিষন্ন হইবে না, লাভ হইলেও হৃষ্ট হইবে না। প্রাণ-ধারণ মাত্রের উপযুক্ত অন্ন ভোজন করিবে। দণ্ড-কমণ্ডলু-রূপ সম্পত্তিতেও আসক্তি-শূন্য হইবে, অর্থাৎ তাহারও মধ্যে এই কুৎসিত বস্তুটি ত্যাগ করি অথবা এই মনোহর বস্তুটি গ্রহণ করি ইত্যাদি প্রসঙ্গও করিবে না।

দ্বাদশাব্দস্য মধ্যে তু যদি মৃত্যু র্ন জায়তে।
দণ্ডং তোয়ে বিনিঃক্ষিপ্য ভবেৎ পরমহংসকঃ॥

দ্বাদশ বৎসরের মধ্যে যদি মৃত্যু-ঘটনা না হয়, তাহা হইলে জলের মধ্যে দণ্ড নিঃক্ষেপ করিয়া পরমহংস হইবে।

কিন্তু অনেককে ঐ সময়ের বহু পূর্ব্বে দণ্ড ত্যাগ ও অন্য অন্য অনেককে উহার বহু দিন পরেও দণ্ডাশ্রমে অবস্থিতি করিতে দেখা যায়।

দণ্ডীদিগের অগ্নি-স্পর্শ নিষিদ্ধ, অতএব তাঁহারা শব-দাহ করিতে পারেন না। হয় মৃত্তিকাতে খনন করেন, নয় কোন দেব-নদীতে নিক্ষেপ করিয়া থাকেন।

কাশী ইঁহাদের প্রধান স্থান। তাহার অন্তর্গত কোন কোন স্থানে শত শত দণ্ডী ও পরমহংস একত্র দেখিতে পাওয়া যায়।

---

## ঘরবারী দণ্ডী।

ইহারা দণ্ডী নামে প্রসিদ্ধ থাকিলেও, স্ত্রী পুত্রাদি লইয়া সংসার করে ও কৃষি-কর্ম্মাদি বিষয়-কর্ম্মও করিয়া থাকে। ইহারা পূর্ব্ব-লিখিত দশনামের অন্তর্গত তীর্থ আশ্রমাদি উপাধি ধারণ করে ও মধ্যে মধ্যে দণ্ড, কমণ্ডলু, গেরুয়া বস্ত্র প্রভৃতি ধারণ করিয়া তীর্থ-ভ্রমণ ও ভিক্ষা-পর্য্যটন করিয়া বেড়ায়।

পশ্চিমোত্তর প্রদেশে ও বিশেষতঃ কাশী জেলায়

মধ্যে স্থানে স্থানে এই সম্প্রদায়ী অনেক লোকের বসতি আছে। নিজ সম্প্রদায়ের মধ্যে ইহাদের বিবাহাদি চলিয়া থাকে। অপরাপর গৃহস্থ লোকের যেমন স্বগোত্রে বিবাহ করিতে নাই, ইহাদেরও সেইরূপ নিজ মঠের দণ্ডি-গৃহে পাণি-গ্রহণ করা বিধেয় নয়। সারদা মঠের অন্তর্গত তীর্থ ও আশ্রমে শৃঙ্গগিরি মঠের ভারতী ও সরস্বতীর গৃহে বিবাহ করিতে পারে, কিন্তু আপন মঠের কোন দণ্ডি-কন্যার পাণি গ্রহণ করিতে পারে না।

দণ্ডী অথচ গৃহস্থ একথাটি আপাততঃ সুবর্ণময় পাষাণ-পাত্রের মত অসঙ্গত ও কৌতুকাবহ বলিয়া প্রতীয়মান হয়। বোধ হয়, কোন কোন সুরসিক দণ্ডী স্ত্রীলোক-বিশেষের মধুর ভাবে বিমুগ্ধ হইয়া এই কৌতুক ঘটাইয়া-ছেন। সন্ন্যাসীদের মুখেও এ বিষয়ের এইরূপ কথাই শুনিতে পাওয়া যায়।

---

## কুটীচক, বহূদক, হংস ও পরমহংস।

সূতসংহিতার জ্ঞানযোগ-খণ্ডে চারি প্রকার সন্ন্যা-সীর বিবরণ সন্নিবেশিত আছে; কুটীচক, বহূদক, হংস ও পরমহংস। যদিও পরমহংসেরা তত্ত্ব-জ্ঞানাবলম্বী, কিন্তু সূতসংহিতাতে মহাদেব পরমহংসাদি সমুদয় শৈব-সন্ন্যাসীর আশ্রম-দেবতা বলিয়া উল্লিখিত হইয়াছেন, এই নিমিত্ত শৈব-সম্প্রদায়ের বিবরণ মধ্যে তাঁহাদেরও বৃত্তান্ত লিখিত হইল।

ব্রহ্মচর্য্যাশ্রমস্থানাং ব্রহ্মা দেবঃ প্রকীর্ত্তিতঃ।
গৃহস্থানাঞ্চ সর্ব্বে স্যুর্যতীনাঞ্চ মহেশ্বরঃ॥
বানপ্রস্থাশ্রমস্থানামাদিত্যোদেবতা মতা।
তস্মাৎ সর্ব্বেষু কালেষু পূজ্যঃ সন্ন্যাসিনাং হরঃ॥

সূতসংহিতা জ্ঞানযোগ-খণ্ড।

ব্রহ্মচারীদিগের দেবতা ব্রহ্মা, গৃহস্থদিগের সকল দেবতাই পূজ্য, সন্ন্যাসীদিগের দেবতা মহাদেব, এবং বানপ্রস্থদিগের দেবতা সূর্য্য। অতএব সন্ন্যাসীরা সর্ব্বকালে শিবের পূজা করিবেন।

কুটীচক ও হংসেরা শিব-লিঙ্গ অর্চ্চনা করেন, বহূদকেরা দেব-পূজায় প্রবৃত্ত হন, পরমহংসেরা কেবল প্রণব-জপ ও জ্ঞানানুশীলন করিয়া থাকেন। সূতসংহিতার জ্ঞান-যোগ-খণ্ড হইতে ইহাঁদের ক্রিয়ানুষ্ঠানের বৃত্তান্ত পশ্চাৎ উদ্ধৃত হইতেছে।

কুটীচকস্য সন্ন্যাস্য স্বে স্বে বেশ্মনি নিত্যশঃ।
ভিক্ষামাদায় ভুঞ্জীত স্ববন্ধূনাং গৃহেঽথবা॥
শিখী যজ্ঞোপবীতী স্যাৎ ত্রিদণ্ডী সকমণ্ডলুঃ।
স পবিত্রশ্চ কাষায়ী গায়ত্রীঞ্চ জপেৎ সদা॥
স শ্রাদ্ধোদ্ধূলনং কুর্য্যাৎ ত্রিপুণ্ড্রঞ্চ ত্রিসন্ধিষু।
শিবলিঙ্গার্চ্চনং কুর্য্যাৎ শ্রদ্ধয়ৈব দিনে দিনে॥

কুটীচকে সন্ন্যাস গ্রহণ পূর্ব্বক স্বীয় গৃহে বা স্ববন্ধু-গৃহে অবস্থিতি করিবে, এবং ভিক্ষা করিয়া ভোজন করিতে থাকিবে। শিখা-বিশিষ্ট, যজ্ঞোপবীত-যুক্ত, ত্রিদণ্ড-কমণ্ডলুধারী, কাষায়-বস্ত্র-পরিধান ও শুদ্ধাচারী থাকিয়া সর্ব্বদা গায়ত্রী জপ করিবে। ত্রিসন্ধ্যা

সর্ব্বাঙ্গে ভস্ম লেপন ও ললাটে ত্রিপুণ্ড্র ধারণ করিবে এবং প্রতি দিবস শ্রদ্ধা-সহকারে শিব-লিঙ্গ অর্চ্চনা করিতে থাকিবে।

बहूदकस्य सन्यास्य बन्धुपुत्रादिवर्ज्जितः ।
सप्तागारं चरेत् भैक्ष्यं एकान्नं परिवर्जयेत् ॥
गोवालरज्जुसम्बद्धं त्रिदण्डं शिक्यमद्भुतम् ।
पात्रं जलपवित्रञ्च कौपीनञ्च कमण्डलुम् ॥
आच्छादनं तथा कन्थां पादुकां छत्रमद्भुतम् ।
पवित्रमजिनं सूचीं पक्षिणीमक्षसूत्रकम् ॥
योगपट्टं वहिर्वस्त्रं तत्खनित्रीं कृपाणिकाम् ।
सर्व्वाङ्गोद्धूलनं तद्वत् त्रिपुण्ड्रञ्चैव धारयेत् ॥
शिखी यज्ञोपवीती च देवताराधने रतः ।
स्वाध्यायी सर्व्वदा वाचमुत्सृजेत् ध्यानतत्परः ॥
सन्ध्याकालेषु सावित्रीं जपन् कर्म्म समाचरेत् ॥

বহূদকে সন্ন্যাসাশ্রম অবলম্বন ও বন্ধু পুত্রাদি পরিত্যাগ করিয়া সাত গৃহে ভিক্ষা করিবে; এক গৃহস্থের অন্ন-গ্রহণ করিবে না। গো-পুচ্ছ-লোমের রজ্জু দ্বারা বদ্ধ ত্রিদণ্ড, শিক্য, জল-পূত পাত্র, কৌপীন, কমণ্ডলু, গাত্রাচ্ছাদন, কন্থা, পাদুকা, ছত্র, পবিত্র চর্ম্ম, সূচী, পক্ষিণী, রুদ্রাক্ষমালা, যোগপট্ট, বহির্বাস, খনিত্রী ও কৃপাণ গ্রহণ করিবে। সর্ব্বাঙ্গে ভস্ম লেপন এবং ত্রিপুণ্ড্র, শিখা ও যজ্ঞোপবীত ধারণ করিবে। বেদাধ্যয়ন ও দেবতারাধনায় রত হইয়া ও সর্ব্বদা বাক্য পরিত্যাগ করিয়া ইষ্টদেবতার চিন্তনে তৎপর হইবে এবং সন্ধ্যাকালে গায়ত্রী-জপ সহকারে স্বধর্ম্মোচিত ক্রিয়ানুষ্ঠানে প্রবৃত্ত থাকিবে।

हंसः कमण्डलुं शिक्यं भिक्षापात्रं तथैव च ।
कन्थां कौपीनमाच्छाद्यमङ्गवस्त्रं बहिःपटम् ॥

एकन्तु वैष्णवं दण्डं धारयेन्नित्यमादरात् ।
त्रिपुण्ड्रोद्धूलनं कुर्य्यात् शिवलिङ्गं समर्च्चयेत् ॥
अष्टग्रासं सकृन्नित्यमश्नीयात् सशिखं वपेत् ।
सन्ध्याकालेषु सावित्रीजपमध्यात्मचिन्तनम् ॥
तीर्थसेवां तथा कृच्छ्रं तथा चान्द्रायणादिकम् ।
कुर्व्वन् ग्रामैकरात्रेण न्यायेनैव समाचरेत् ॥

হংসে কমণ্ডলু, শিক্য, ভিক্ষা-পাত্র, কন্থা, কৌপীন, আচ্ছাদন, অঙ্গ-বস্ত্র, বহির্ব্বাস, এবং বংশ-দণ্ড সতত যত্ন পূর্ব্বক ধারণ করিবে; অঙ্গেতে ভস্ম লেপন, ত্রিপুণ্ড্র ধারণ ও শিব-লিঙ্গ অর্চ্চনা করিবে; প্রতি দিবস একবার মাত্র আট গ্রাস ভোজন করিবে; শিখা সহিত সমুদয় কেশ মুণ্ডন করিবে; সন্ধ্যাকালে গায়ত্রী-জপ ও অধ্যাত্ম-চিন্তন করিবে; এবং তীর্থ-সেবা, কৃচ্ছ্র ও চান্দ্রায়ণাদি ব্রতানুষ্ঠান সহকারে এক রাত্রি মাত্র গ্রামে অবস্থিতি করিবে ও ন্যায়-যুক্ত আচরণ করিতে থাকিবে।

परमहंसस्त्रिदण्डञ्च रज्जुं गोवालमिश्रितम् ।
शिक्यं जलपवित्रञ्च पवित्रञ्च कमण्डलुम् ॥
पद्मिणीमजिनं सूचीं चत्खनित्रीं कृपाणिकाम् ।
शिखां यज्ञोपवीतञ्च नित्यकर्म्म परित्यजेत् ॥
कौपीनं छादनं वस्त्रं कन्थां शीतनिवारिकाम् ।
योगपट्टं बहिर्वस्त्रं पादुकां छत्रमद्भुतम् ॥
अक्षमालाञ्च गृह्णीयात् वैष्णवं दण्डमव्रणम् ।
अग्निरित्यादिभिर्म्मन्त्रैः कुर्य्यादुद्धूलनं मुदा ॥
ओमिति च त्रिभिः प्रोक्तं परमहंसस्त्रिपुण्ड्रकम् ॥

পরমহংসে ত্রিদণ্ড, গো-বাল-মিশ্রিত রজ্জু, জল-পবিত্র শিক্য,

পবিত্র কমণ্ডলু, পক্কিণী, অজিন, সূচী, মৃৎখনিত্রী, কৃপাণ, শিখা, যজ্ঞোপবীত ও নিত্য-কর্ম্ম পরিত্যাগ করিবে। কৌপীন, আচ্ছাদন-বস্ত্র, শীত-নিবারিকা কন্থা, যোগপট্ট, বহির্ব্বাস, পাদুকা, ছত্র, অক্ষমালা ও বংশ-দণ্ড গ্রহণ করিবে, "অগ্নি" ইত্যাদি মন্ত্র দ্বারা অঙ্গে ভস্ম লেপন করিবে ও তিন বার "ওঁ" উচ্চারণ করিয়া ত্রিপুণ্ড্র করিবে *।

অতিভোজন করিলে ও রিপু-পরতন্ত্র হইলে যোগাভ্যাসে মনঃসংযোগ হয় না, এজন্য পরমহংসদের অপরিমিত আহার এবং কাম, ক্রোধ, শোক, মোহ, হর্ষ, বিষাদ প্রভৃতি পরিত্যাগ করিবার ব্যবস্থা আছে।

माधुकरमथैकान्नं परमहंसः समाचरेत् ।
नात्यश्नतस्तु योगोऽस्ति नचैकान्तमनश्नतः ॥
तस्माद्योगानुगुण्येन भुञ्जीत परमहंसकः ।
अभिशस्तं समुत्सृज्य सार्व्ववर्णिकमाचरेत् ॥

পরমহংসেরা নানা স্থান হইতে অল্প অল্প ভৈক্ষ্য সংগ্রহ

---

* কিন্তু নির্ণয়সিন্ধুতে লিখিত আছে,

परमहंसस्यैकदण्ड एव सोऽप्यविदुषः ।
विदुषान्तु सोऽपि नास्ति ।
न दण्डं न शिखां नाच्छादनं चरति परमहंस इति ।

নির্ণয়সিন্ধু।

পরমহংসে একটি দণ্ড ধারণ করিবে, কিন্তু জ্ঞানবান্ পরমহংসদের পক্ষে তাহাও বিধেয় নয়। পরমহংসে দণ্ড, শিখা ও আচ্ছাদন ধারণ করিবে না।

পূর্ব্বক একবারমাত্র আহার করিবে। অনাহারী এবং অত্যাহারী উভয়েরই যোগ সম্ভবে না, অতএব পরমহংসেরা যোগানুরূপ ভোজন করিবে এবং নিন্দিত আচরণ পরিত্যাগ করিয়া সর্ব্ব-বর্ণোচিত ব্যবহার করিতে থাকিবে।

स्नानं शौचमभिध्यानं सत्याप्तविवर्जनम् ।
कामक्रोधपरित्यागं हर्षरोषविवर्जनम् ॥
लोभमोहपरित्यागं दम्भदर्पादिवर्जनम् ।
चातुर्म्मास्यञ्च सर्व्वेषां वदन्ति ब्रह्मवादिनः ॥

ব্রহ্মবাদীরা বলেন, কুটীচক, বহূদক, হংস ও পরমহংসে স্নান, শৌচাচার ও অভিধ্যান করিবে এবং বাণিজ্য, কাম, ক্রোধ, হর্ষ, রোষ, লোভ, মোহ, দম্ভ, দর্প প্রভৃতি পরিত্যাগ ও চাতুর্ম্মাস্যের অনুষ্ঠান করিবে।

এই চারি প্রকার সন্ন্যাসীই মোক্ষাভিলাষী। কুটীচক, বহূদক ও হংসেরা ব্রাহ্মণের ন্যায় গায়ত্রী জপ করেন; পরমহংসেরা কেবল প্রণব-জপে প্রবৃত্ত থাকেন।

कुटीचकाश्च हंसाश्च तथैव च बहूदकाः ।
सावित्रीमात्रसम्पन्नाः भवेयुर्मोक्षकारणात् ॥
प्रणवाद्यास्त्रयोवेदाः प्रणवे पर्य्यवस्थिताः ।
तस्मात् प्रणवमेवैकं परमहंसः सदा जपेत् ॥
विविक्तदेशमाश्रित्य सुखासीनः समाहितः ।
यथाशक्ति समाधिस्थोभवेत् सम्यगाश्रिता वरः ॥

কুটীচক, হংস এবং বহূদক ইহাঁরা মোক্ষ-লাভ উদ্দেশে গায়ত্রীমাত্র

উপাসনা করিবেন। বেদ-ত্রয় প্রণব-মূলক, এবং প্রণবেতেই তাহাদের পর্য্যবসান, অতএব পরমহংসে সর্ব্বদা প্রণবমাত্র জপ করিবে। সন্ন্যাসি-প্রধান পরমহংসে নির্জ্জন দেশে সমাহিত ও মনের সুখে উপবিষ্ট থাকিয়া যথাশক্তি সমাধিস্থ হইবে।

উপনিষদের মধ্যে পরমাত্মার স্বরূপ-বোধক ও জীব-ব্রহ্মের অভেদ-প্রতিপাদক কয়েকটি নির্দ্দিষ্ট বাক্য আছে, তাহাকে মহাবাক্য বলে; যেমন

**অয়মাত্মা ব্রহ্ম।**

এই জীবাত্মা ব্রহ্ম।

**অহং ব্রহ্মাস্মি।**

আমি ব্রহ্ম।

**তত্ত্বমসি।**

তুমি সেই ব্রহ্ম।

জ্ঞানাপন্ন পরমহংসেরা ইহার কোন না কোন মহাবাক্য অবলম্বন ও তদর্থ-চিন্তন করিয়া আত্ম-জ্ঞানের অনুশীলনে প্রবৃত্ত থাকেন। দ্বৈতবাদীরা যেমন হরি হরি, রাধে রাধে বা দুর্গা তারা প্রভৃতি ইষ্টদেবতার নাম উচ্চারণ করেন, ইহাঁদের মধ্যেও অনেকে সেইরূপ মধ্যে মধ্যে জীবেশ্বরের অভেদ-প্রতিপাদক সোঽহং শিবোঽহং ইত্যাদি বাক্য উল্লেখ করিয়া আপনাদের তত্ত্বজ্ঞানাবলম্বনের পরিচয় প্রদান করিতে থাকেন।

পরমহংসদের এক একটি দল আছে, তাহাকে

মণ্ডলী কহে। যেমন মঠের অধ্যক্ষকে মহন্ত বলে, সেইরূপ পরমহংস-মণ্ডলীরও এক জন অধ্যক্ষ বা কর্ত্তা থাকেন, তাঁহার নাম স্বামী। ঐরূপ মণ্ডলী-বদ্ধ পরমহংসেরা কখন গৃহ-বিশেষে অবস্থিতি করেন, কখন বা তীর্থ-ভ্রমণে প্রবৃত্ত হইয়া নানা স্থান পর্য্যটন করিয়া থাকেন।

উক্ত চারি প্রকার উপাসকের অন্ত্যেষ্টি-ক্রিয়াও এক-রূপ নয়। নির্ণয়সিন্ধুতে কুটীচককে দাহ, বহূদককে জল-তারণ ও হংসকে জলে নিক্ষেপ, এবং পরমহংসকে খনন করিবার ব্যবস্থা আছে*, কিন্তু বায়ুসংহিতাতে লিখিত আছে, পরমহংস ভিন্ন অন্য তিন প্রকার সন্ন্যাসীকে খনন করিয়া পরে দাহ করিবে।

मृते न दहनं कार्य्यं परमहंसस्य सर्व्वदा।
कर्त्तव्यं खननं तस्य नाशौचं नोदकक्रिया॥
अश्वत्थस्थापनं कार्य्यं तद्देशेऽश्वत्थना मुने।
अश्वत्थे स्थापिते तेन स्थापितोऽस्ति महेश्वरः॥
अन्येषामपि भिक्षूणां खननं पूर्व्वमाचरेत्।
पश्चाद्दग्ध्वा यथान्यायं कुर्य्याद्दहनमुत्तमम्॥

পরমহংসের মৃত্যু হইলে, দাহ না করিয়া খনন করিবে। তাঁহার

---

* कुटीचकं च सन्दहेत् तारयेच्च बहूदकम्।
हंसं जले तु निःक्षिप्य परमहंसं प्रपूरयेत्॥
নির্ণয়সিন্ধু।

কুটীচককে দাহ, বহূদককে জল-তারণ, হংসকে জলে নিক্ষেপ, এবং পরমহংসকে খনন করিবে।

অশৌচ নাই, জল-ক্রিয়াও নাই। হে মুনি! অধ্বর্য্যু সেই স্থানে অশ্বত্থ রোপণ করিবেন। অশ্বত্থ স্থাপন করিলে তাঁহার শিব-স্থাপন করা হয়। অন্য অন্য সন্ন্যাসীকে প্রথমে খনন করিবে, পশ্চাৎ শব গ্রহণ করিয়া যথাশাস্ত্র দাহন করিবে।

এই চারি প্রকার সন্ন্যাসীর মধ্যে পরমহংসকেই সচরাচর দৃষ্টি করা যায়। অপর তিন প্রকারকে সেরূপ দেখিতে পাওয়া যায় না।

পরমহংস দুই প্রকার; দণ্ডি-পরমহংস ও অবধূত-পরমহংস। যাঁহারা দণ্ড ত্যাগ করিয়া পরমহংসাশ্রম অবলম্বন করেন, তাঁহারা দণ্ডি-পরমহংস। আর যাঁহারা অবধূতী বৃত্তির অনুষ্ঠান করিয়া পরে পরমহংস হন, তাঁহাদের নাম অবধূত-পরমহংস। অবধূতী বৃত্তির বিষয় পশ্চাৎ লিখিত হইবে।

যদিও ইহাঁরা ওঁকার-উপাসক ও তত্ত্বজ্ঞানাবলম্বী, তথাচ প্রয়োজন হইলে, কেহ কেহ দেব-প্রতিমূর্ত্তির অর্চ্চনা করেন, কিন্তু তাঁহাকে নমস্কার করেন না। ইহাঁদের মধ্যেও কোন কোন ব্যক্তি বীরাচার অবলম্বন অর্থাৎ সুরা পান করিয়া থাকেন।

কাশী ইহাঁদের প্রধান স্থান। তাহার অন্তর্গত কোন কোন স্থানে শত শত দণ্ডী ও পরমহংস একত্র দেখিতে পাওয়া যায়।

---

## সন্ন্যাসী।

### (অবধূত)

যে সমস্ত জটা ও শ্মশ্রু-ধারী শৈব উদাসীন সচরাচর সন্ন্যাসী বলিয়া প্রসিদ্ধ আছে, তাহারা আপনাদিগকে অবধূত ও আপনাদের বৃত্তিকে অবধূতী বৃত্তি বলিয়া পরিচয় দেয় *।

তন্ত্রকারেরা কহেন, কলিযুগে বেদোক্ত সন্ন্যাসাশ্রম নিষিদ্ধ; তন্ত্রোক্ত অবধূতাশ্রমই সন্ন্যাসাশ্রম।

**ভিক্ষুকেঽপ্যাশ্রমে দেবি বেদোক্তদণ্ডধারণম্ ।**
**কলৌ নাস্ত্যেব তত্ত্বজ্ঞে যতস্তৎ শ্রৌতসংস্কৃতিঃ ॥**

---

* যে সকল শৈব উদাসীন দণ্ডীদের ন্যায় অমাবস্যায় মস্তকাদি মুণ্ডন না করিয়া সচরাচর জটা ও শ্মশ্রু ধারণ করেন এবং এই প্রস্তাবের মধ্যে লিখিত নিয়মানুসারে যাঁহাদের সন্ন্যাস-গ্রহণ, ষট্‌কর্ম্ম-সাধন ও নানাবিধ বৃত্তি অবলম্বন করা হয়, তাঁহাদিগকেই অবধূত ও তাঁহাদের বৃত্তিকেই অবধূতী বৃত্তি বলে।

শৃণু দেবি প্রবক্ষ্যামি অবধূতো যথা ভবেৎ।
বীরস্য মূর্ত্তিং জানীয়াৎ সদা তত্ত্বপরায়ণঃ ॥
যদ্রূপং কথিতং সর্ব্বং সন্ন্যাসধারণং পরম্।
তদ্রূপং সর্ব্বকর্ম্মাণি প্রকুর্য্যাৎ বীরবল্লভম্ ॥
দণ্ডিনো মুণ্ডনং অমাবস্যায়ামাচরেদ্‌যথা।
তথা নৈব প্রকুর্য্যাত্তু বীরস্য মুণ্ডনং প্রিয়ে ॥
অসংস্কৃতং কেশজালমাবদ্ধাস্থিকপালকম্।
অস্থিমালাবিভূষা বা রুদ্রাক্ষানপি ধারয়েৎ ॥

शैवसंस्कारविधिनावधूताश्रमधारणम् ।
तदेव कथितं भद्रे सन्न्यासग्रहणं कलौ ॥

মহানির্ব্বাণতন্ত্র অষ্টমোল্লাস।

---

दिगम्बरो वा वीरेन्द्रश्चाथ वा कौपिनी भवेत् ।
रक्तचन्दनदिग्धाङ्गं कुर्य्याद्रुद्राक्षभूषणम् ॥

নির্ব্বাণ তন্ত্র চতুর্দ্দশ পটল।

দেবি! যে রূপে অবধূত হয়, বলিতেছি শুন। তিনি সতত পঞ্চতত্ত্ব-সেবায় তৎপর থাকিয়া বীর * স্বরূপের জ্ঞান লাভ করিবেন। সন্ন্যাস সংক্রান্ত সমস্ত উৎকৃষ্ট বিষয়ের যেরূপ বিবরণ করিয়াছি, তিনি সেই রূপ বীর-প্রিয়-ভাবে সমুদায় কার্য্যের অনুষ্ঠান করিবেন। দণ্ডী সকলে অমাবস্যার দিনে যেরূপ মস্তক মুণ্ডন করেন, প্রিয়ে! বীরাবধূতে সেরূপ করিবে না। অসংস্কৃত কুন্তলরাশি ও লম্বমান মুক্ত-কেশ সমূহ ধারণ করিবে। অস্থি-মালায় শোভিত হইবে বা রুদ্রাক্ষ ব্যবহার করিবে। বীর-শ্রেষ্ঠ অবধূতে বিবস্ত্র থাকিবে বা কৌপীন ধারণ করিবে এবং শরীরে রক্তচন্দন ও ভস্ম লেপন করিতে থাকিবে।

তন্ত্রে চারি প্রকার অবধূতের বৃত্তান্ত আছে; ব্রহ্মাবধূত, শৈবাবধূত, ভক্তাবধূত ও হংসাবধূত।

ब्रह्ममन्त्रोपासका ये ब्राह्मणक्षत्रियादयः ।
गृहाश्रमे वसन्तोऽपि ज्ञेयास्ते यतयः प्रिये ॥

মহানির্ব্বাণতন্ত্র চতুর্দ্দশোল্লাস।

---

* এস্থলে বীর শব্দের অর্থ বীরাচার-বিশিষ্ট। শাক্ত সম্প্রদায়ের বিবরণ মধ্যে সে বিষয়ের সবিশেষ বৃত্তান্ত দেখিতে পাইবে।

তন্ত্রজ্ঞে! কলিকালে সন্ন্যাসাশ্রমে বেদোক্ত দণ্ড

---

ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি যে সমস্ত ব্যক্তি ব্রহ্ম-মন্ত্র গ্রহণ করে, তাহারা গৃহস্থ হইলেও যতি বলিয়া পরিগণিত হয়।

পূর্ণাভিষেকবিধিনা সংস্কৃতা যে চ মানবাঃ।
শৈবাবধূতাস্তে জ্ঞেয়াঃ পূজনীয়াঃ কুলার্চ্চিতে॥

মহানির্ব্বাণতন্ত্র চতুর্দ্দশোল্লাস।

যে সকল লোকে পূর্ণাভিষেকের নিয়মানুসারে সন্ন্যাস গ্রহণ করে, সেই সমস্ত শ্রদ্ধাস্পদ ব্যক্তির নাম শৈবাবধূত।

ভক্তাবধূতো দ্বিবিধঃ পূর্ণাপূর্ণবিভেদতঃ।
পূর্ণঃ পরমহংসাখ্যঃ পরিব্রাড়পরঃ স্মৃতঃ॥

প্রাণতোষিণী-ধৃত মহানির্ব্বাণতন্ত্র-বচন।

ভক্তাবধূত দুই প্রকার; পূর্ণ ও অপূর্ণ। পূর্ণ ভক্তাবধূতকে পরমহংস ও অপূর্ণকে পরিব্রাজক বলে।

চতুর্থামবধূতানাং তুরীয়ো হংস উচ্যতে।
ত্রয়োঽন্যে যোগভোগাঢ্যা মুক্তাঃ সর্ব্বে শিবোপমাঃ॥
হংসো ন কুর্য্যাৎ স্ত্রীসঙ্গং ন বিধত্তে পরিগ্রহম্।
প্রারব্ধমশ্নন্ বিহরেৎ নিষেধবিধিবর্জ্জিতঃ॥
ত্যজেৎ স্বজাতিচিহ্নানি কর্ম্মাণি গৃহমেধিনাম্।
তুরীয়ো বিচরেৎ ক্ষৌণীং নিঃসঙ্কল্পো নিরুদ্যমঃ॥
সদাত্মভাবসন্তুষ্টঃ শোকমোহবিবর্জ্জিতঃ।
নির্নিকেতস্তিতিক্ষুঃ স্যান্নিঃশঙ্কো নিরুপদ্রবঃ॥
নার্পণং ভক্ষ্যপেয়ানাং ন তস্য ধ্যানধারণা।
মুক্তো বিরক্তো নির্দ্বন্দ্বো হংসাচারপরো যতিঃ॥

প্রাণতোষিণী-ধৃত মহানির্ব্বাণতন্ত্র-বচন।

ধারণের বিধান নাই *; কেন না তাহা শ্রৌত সংস্কার। শৈব সংস্কার দ্বারা যে অবধূতাশ্রম-গ্রহণ, তাহাই কলিতে সন্ন্যাসগ্রহণ †।

---

চারি প্রকার অবধূতের মধ্যে চতুর্থকে তুরীয় বলে। অন্য তিন প্রকার অবধূত যোগ ভোগ উভয়েতেই রত। তাঁহারা মুক্ত ও শিব-তুল্য। হংসাবধূতে স্ত্রীসঙ্গ ও দান গ্রহণ করিবে না; যদৃচ্ছা-ক্রমে যাহা কিছু পায় তাহাই ভক্ষণ করিবে; নিষেধ বিধি কিছুই মানিবে না। ঐ তুরীয়াবধূতে স্বজাতির চিহ্ন ও গৃহাশ্রমের ক্রিয়া সমস্ত পরিত্যাগ করিবে এবং সঙ্কল্প-বর্জ্জিত ও নিশ্চেষ্ট হইয়া সর্ব্বত্র ভ্রমণ করিতে থাকিবে। সর্ব্বদা আত্ম-ভাবেতে সন্তুষ্ট, শোক-মোহ-রহিত, গৃহ-শূন্য, তিতিক্ষা-যুক্ত, লোক-সংসর্গ-বর্জ্জিত ও নিরুপদ্রব হইবে। তাঁহার ধ্যান-ধারণাও নাই, ভক্ষ্য-পানীয় নিবেদন করাও নাই। তিনি মুক্ত, বিমুক্ত, নির্ব্বিবাদ হংসাচার-পরায়ণ ও যতি।

* কিন্তু রঘুনন্দন ভট্টাচার্য্য মলমাসতত্ত্বের মধ্যে লিখিয়াছেন, কলিতে যে সন্ন্যাস-গ্রহণের নিষেধ আছে তাহা ক্ষত্রিয় ও বৈশ্যের প্রতি, ব্রাহ্মণের প্রতি নয়।

† এ দিকে আবার গৃহাশ্রমী সাধক-বিশেষকেও অবধূত সংজ্ঞা দেওয়া হইয়াছে।

অবধূতস্য দ্বিবিধো গৃহস্থশ্চ চিতানুগঃ।
সচেলশ্চাপি দিগ্বাসাবিধিয়োনিবিহারবান্ ॥
সদারঃ সর্ব্বদারশ্চ অট্টহাসো দিগম্বরঃ।
গৃহস্থাবধূতোদেবেশি দ্বিতীয়স্তু সদাশিবঃ ॥

প্রাণতোষিণী-ধৃত মুণ্ডমালাতন্ত্র-বচন।

দেবেশি! অবধূত দুই প্রকার; গৃহস্থ ও উদাসীন। বস্ত্র-ধারী বা বিবস্ত্র, দার-পরিগ্রাহী, যথাবিধি সর্ব্ব-স্ত্রীগামী ও অট্টহাস-যুক্ত, গৃহস্থ অবধূত দ্বিতীয় সদাশিব-স্বরূপ।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, সামান্য বর্ণ সকলেরই অবধূতাশ্রম অবলম্বনে অধিকার আছে।

**ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়োবৈশ্যঃ শূদ্রঃ সামান্য এব চ।**

**কুলাবধূতসংস্কারে পঞ্চানামধিকারিণো॥**

প্রাণতোষিণী-ধৃত মহানির্ব্বাণতন্ত্র-বচন।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, সামান্য এই পঞ্চ প্রকার বর্ণেরই কুলাবধূত হইবার অধিকার আছে।

বৃদ্ধ পিতা মাতা, পতিব্রতা ভার্য্যা ও শিশু পুত্র বিদ্যমান থাকিতে অবধূতাশ্রম গ্রহণ করিতে নাই।

**মাতরং পিতরং বৃদ্ধং ভার্য্যাঞ্চৈব পতিব্রতাম্।**

**শিশুঞ্চ তনয়ং হিত্বা নাবধূতাশ্রমং ব্রজেৎ॥**

মহানির্ব্বাণতন্ত্র অষ্টম উল্লাস।

বৃদ্ধ পিতা মাতা, পতিব্রতা ভার্য্যা ও শিশু পুত্র পরিত্যাগ করিয়া অবধূতাশ্রম অবলম্বন করিবে না।

## নামসন্ন্যাস।

যিনি গৃহাশ্রম পরিত্যাগপূর্ব্বক সন্ন্যাসাবলম্বনে কৃতসঙ্কল্প হন *, প্রথমে তিনি গুরু-সন্নিধানে আগমন পূর্ব্বক শিখা-সূত্র পরিত্যাগ করিয়া নমঃ শিবায় বা ওঁ নমঃ

---

* লোকে তিন প্রকারে সন্ন্যাসী হয়।

১—কেহবা কোন কারণে সংসারের উপর বিরক্ত ও গৃহ হইতে স্বেচ্ছা পূর্ব্বক বহির্গত হইয়া সন্ন্যাস-ধর্ম্মাবলম্বন করে।

২—কোন গৃহী ব্যক্তি নিঃসন্তান হইলে ভক্তি-ভাজন সন্ন্যাসি-

শিবায় এই মন্ত্র গ্রহণ করেন, এবং আপনার পূর্ব্ব নাম বিসর্জ্জন দিয়া একটি নূতন নাম ও গিরি, পুরি, ভারতী, বন, অরণ্য, পর্ব্বত, সাগর এই সাত উপাধির অন্তর্গত একটি উপাধি প্রাপ্ত হইয়া থাকেন †। ইহাকেই নাম-সন্ন্যাস কহে।

নামসন্ন্যাসী গুরু উপদেশ অনুসারে উপাসনা ও তীর্থ-ভ্রমণাদি করিতে প্রবৃত্ত হন ও কিছু দিন পরে পশ্চাল্লিখিত ছয় প্রকার ক্রিয়ার অনুষ্ঠান করিয়া পূর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ অন্য একটি মন্ত্র গ্রহণ করেন। ইহাকে কর্ম্মসন্ন্যাস বলে।

## কর্ম্মসন্ন্যাস বা ষট্‌কর্ম্ম।

উহা গ্রহণ করিবার সময়ে দেব, ঋষি ও পিতৃ-লোকের অর্চ্চনা, আত্ম-শ্রাদ্ধ ও বীজহোম নামে একটি হোমের

---

বিশেষের সন্নিধানে উপস্থিত হইয়া এইরূপে মানসিক করে যে, যদি আমার পুত্র-সন্তান হয়, তাহা হইলে আপনার নিকট তাহাকে সমর্পণ করিব। সন্ন্যাসী এইরূপে যে বালকটি প্রাপ্ত হন, তাহাকে প্রতিপালন করিয়া সন্ন্যাস-ধর্ম্ম উপদেশ দেন।

৩—কোন কোন সন্ন্যাসী কোন নির্দ্ধন গৃহস্থের নিকট হইতে বালক ক্রয় করিয়া নিজ ধর্ম্মে দীক্ষিত করেন। এই তিন প্রকারের মধ্যে প্রথমোক্ত প্রকার সন্ন্যাসীই অধিক।

† ইহাদের এই সাত প্রকার নাম গ্রহণ করিবার অধিকার আছে বটে, কিন্তু এখন গিরি, পুরি ও ভারতী ভিন্ন অন্য অন্য নাম-ধারী সন্ন্যাসী সচরাচর দেখিতে পাওয়া যায় না।

অনুষ্ঠান করিয়া শিখা ও যজ্ঞসূত্র পরিত্যাগ করিতে হয় *। শূদ্রের যজ্ঞোপবীত নাই, অতএব তাঁহার শিখা-ত্যাগ করিলেই কার্য্য সিদ্ধ হয়।

ততঃসন্তর্প্য তাঃ সর্ব্বা দেবর্ষিপিতৃদেবতাঃ।
শিখাসূত্রপরিত্যাগাদ্দেহী ব্রহ্মময়ো ভবেত্॥
যজ্ঞসূত্রশিখাত্যাগাত্ সন্ন্যাসঃ স্যাদ্দ্বিজন্মনাম্।
শূদ্রাণামিতরেষাঞ্চ শিখাং হুত্বৈব সংক্রিয়া॥

মহানির্ব্বাণতন্ত্র অষ্টম উল্লাস।

তদনন্তর দেব, ঋষি ও পিতৃ-লোকের তৃপ্তি সাধন এবং শিখা ও যজ্ঞোপবীত পরিত্যাগ করিয়া মনুষ্য ব্রহ্মময় হইবে। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যে শিখা সূত্র উভয় পরিত্যাগ করিয়া সন্ন্যাসী হইবে। শূদ্র ও অন্য অন্য বর্ণের কেবল শিখা দগ্ধ হইলেই সন্ন্যাস-সংস্কার সিদ্ধ হয়।

উল্লিখিত ছয় প্রকার কর্ম্মকে ষট্‌কর্ম্ম কহে। যাবৎ ঐ সমুদয় সম্পন্ন ও নিম্ন-লিখিত মহামন্ত্র গৃহীত না হয়, তাবৎ সন্ন্যাসী পূর্ণ সন্ন্যাসী হন না †। ঐ ছয় প্রকার কর্ম্ম সম্পন্ন

---

* সন্ন্যাসীরা নামসন্ন্যাস-গ্রহণের সময়ে শিখা ও সূত্র পরিত্যাগ করেন। অতএব কর্ম্মসন্ন্যাসের সময়ে প্রথমে একবার যজ্ঞসূত্র গ্রহণ করিয়া পশ্চাৎ ত্যাগ করিয়া থাকেন। ইহাঁরাও দণ্ডীদিগের ন্যায় ঐ সূত্র একটি শুপারিতে জড়াইয়া ও অগ্নিতে দগ্ধ করিয়া ভক্ষণ করেন। ষটকর্ম্ম-সাধনের সময়ে যদি মস্তকে জটা থাকে তাহা হইলে সেই জটা কর্ত্তন করেন, নতুবা কুশের শিখা প্রস্তুত করিয়া ছেদন করিতে হয়।

† ইহাঁরাও ঐ ষট্‌কর্ম্মানুষ্ঠানের সময়ে দণ্ড গ্রহণ করিয়া থাকেন,

হইলে, গুরু শিষ্যের দক্ষিণ কর্ণে জীব-ব্রহ্মের অভেদ-বোধক নিম্ন-লিখিত মন্ত্র উপদেশ দেন। ইহার নাম সচ্চিদানন্দ মন্ত্র।

**তত্ত্বমসি মহাপ্রাজ্ঞ হংস: সোঽহং বিভাবয়।**
**নির্ম্মমো নিরহঙ্কার: স্বভাবেন সুখং চর॥**

মহানির্ব্বাণতন্ত্র অষ্টম উল্লাস।

মহাপ্রাজ্ঞ! তুমি সেই ব্রহ্ম। আমি সেই ব্রহ্ম † এইরূপ ভাবনা কর। মমতা ও অহঙ্কার পরিত্যাগ করিয়া আত্মভাবে সুখে বিচরণ কর।

শিষ্য এইরূপ মহামন্ত্র গ্রহণপূর্ব্বক আপনাকে আত্ম-স্বরূপ বিবেচনা করিয়া নিম্ন-লিখিত মন্ত্রোচ্চারণ পূর্ব্বক গুরুকে প্রণাম করেন।

**নমস্তুভ্যং নমো মহ্যং তুভ্যং মহ্যং নমোনম:।**
**ত্বমেব ত্বহমেব বিশ্বরূপং নমোঽস্তু তে॥**

মহানির্ব্বাণতন্ত্র অষ্টম উল্লাস।

তোমাকে নমস্কার। আমাকে নমস্কার। তোমাকে ও আমাকে বার বার নমস্কার। তুমিই সুতরাং তুমি ও আমিই বিশ্বরূপ, অতএব তোমাকে নমস্কার করি।

---

কিন্তু দণ্ডীদের ন্যায় তাহা ধারণ ও সঙ্গে লইয়া ভ্রমণ করেন না; ঐ সময়েই পুনরায় গুরুকে অর্পণ করেন।

† হংস শব্দের নানা অর্থ; শিব, সূর্য্য, বিষ্ণু, পরমাত্মা ইত্যাদি। এই মন্ত্রে ও ইহার পশ্চাল্লিখিত কয়েক মন্ত্রে উহা পরমাত্মা অর্থাৎ ব্রহ্ম-প্রতিপাদক বোধ হয়।

তন্ত্রের মধ্যে উল্লিখিত ব্রহ্ম-মন্ত্র উপদেশ দিবার ব্যবস্থা আছে, কিন্তু সন্ন্যাসীরা সচরাচর ঐরূপ অর্থ-প্রতিপাদক নিম্ন-লিখিত সচ্চিদানন্দ মন্ত্রটি * গ্রহণ করিয়া থাকেন।

**ওম্ সোঽহং হংসঃ পরমহংসঃ পরমাত্মা দেবতা।**
**চিন্ময়ং সচ্চিদানন্দস্বরূপং সোঽহং ব্রহ্ম॥**

ওঁ। আমি সেই হংস, পরমহংস, পরমাত্মাদেবতা। আমি সেই জ্ঞানময়, সচ্চিদানন্দ-স্বরূপ পরব্রহ্ম।

এই মন্ত্রের একটি গায়ত্রীও আছে, তাহা অভ্যাস করিয়া জপ করিতে হয়। সেটি এই,—

**ওঁ হংসায় বিদ্মহে পরমহংসায় ধীমহি**
**তন্নো হংসঃ প্রচোদয়াৎ।**

ওঁ। হংসকে জ্ঞাত হই, পরমহংসকে চিন্তা করি, হংস আমাদিগকে তাহা প্রেরণ করুন।

এ দেশীয় ব্রাহ্মণেরা যেমন উপনয়নকালে গায়ত্রী-উপদেশ গ্রহণ করেন, কিন্তু প্রায় সকলেই তাহার অর্থ-বোধ ও তাৎপর্য্যানুশীলনে অসমর্থ হইয়া তন্ত্রোক্ত একটি সাকার দেবতার আরাধনায় অনুরক্ত হন, সেইরূপ, সন্ন্যাসীরা শেষে সচ্চিদানন্দ মন্ত্র গ্রহণ করেন বটে, কিন্তু অধিকাংশে তাহার ভাব-গ্রহ ও অর্থ-বোধে অসমর্থ হইয়া

---

* ইহার অন্য একটি নাম পরমহংস মন্ত্র। এই পরমহংস মন্ত্র দ্বাদশ প্রকার।

শিবের উপাসনাতেই প্রবৃত্ত থাকেন। তাঁহারা সচরাচর এই নিম্ন-লিখিত শ্লোকটি আবৃত্তি করেন,—

**মহেশান্ন পরো দেবো মহিম্নো ন পরা স্তুতিঃ।**
**অঘোরান্ন পরো মন্ত্রো নাস্তি তত্ত্বং গুরোঃ পরম্‌॥**

মহাদেবের পর আর দেবতা নাই, মহিম্নঃস্তবের পর আর স্তব নাই, অঘোর-মন্ত্রের পর আর মন্ত্র নাই, গুরু-তত্ত্বের পর আর তত্ত্ব নাই।

উল্লিখিত কর্ম্মসন্ন্যাসের অন্তর্গত উপনয়ন ক্রিয়াটি দিবাভাগে ও অপরাপর সমুদায় কর্ম্ম রাত্রিযোগে সম্পন্ন হয়। যেখানে ভারি ভারি জমাৎ * উপস্থিত হয়, তথায় একেবারে বহুসংখ্যক সন্ন্যাসীর ষট্‌কর্ম্ম হইয়া যায়।

যে গুরু ষট্‌কর্ম্ম সম্পাদন করিয়া দেন, তাঁহাকে আচার্য্য বলে। দণ্ডী আচার্য্যই প্রশস্ত; দণ্ডী উপস্থিত না থাকিলে কোন সন্ন্যাসীকে ঐ পদে অভিষিক্ত করা হয়।

সন্ন্যাসীদের মধ্যে দীক্ষা-গুরু ও মন্ত্র-শিষ্য ব্যতিরেকে অন্য একরূপ গুরু-শিষ্যের সম্বন্ধ বিদ্যমান আছে। কোন কোন সন্ন্যাসী আপন অপেক্ষা শ্রেষ্ঠ বা বয়োজ্যেষ্ঠ অন্য কোন সন্ন্যাসীকে গুরু-স্বরূপ বিবেচনা করিয়া তাঁহার নিকট ধর্ম্ম-বিষয়ের উপদেশ গ্রহণ করেন ও তাঁহার অনুগত হইয়া সেবা শুশ্রূষা করিতে থাকেন। এইরূপ গুরুকে সিদ্ধ ও শিষ্যকে সাধক বলে।

---

* কিছু পরেই জমাতের বিবরণ দেখিতে পাইবে।

## প্রাত্যহিক ক্রিয়া।

সন্ন্যাসীদের প্রাত্যহিক ক্রিয়াতে শিব-পূজারই আধিক্য দেখিতে পাওয়া যায়। তাঁহারা প্রতি দিন স্নানোত্তর কৌপীন পরিবর্ত্তন ও বিভূতি ধারণ করিয়া শিব-পূজা করেন। যদি সঙ্গে কোন শিব-মূর্ত্তি থাকে, তবে তাঁহারই আরাধনা করেন, নতুবা নিকটে শিবালয় থাকিলে, সেই স্থানে অর্চ্চনা করিতে যান। ঐ উভয়ের অসদ্ভাব হইলে, বাম হস্তের অঙ্গুলি গুলির বিন্যাস-বিশেষ দ্বারা পঞ্চমুখী অথবা যোনি-বিশিষ্ট লিঙ্গরূপী মহাদেব করিয়া তাঁহারই পূজা করিয়া থাকেন। পরে সন্ন্যাস-গ্রহণের সময়ে গৃহীত নমঃ শিবায় বা ওঁ নমঃ শিবায় এই মন্ত্র জপ করেন। অবশেষে মহিম্নঃস্তব ও তাদৃশ অন্য স্তোত্র ও কোন দেব-নামাবলি অথবা ইহার মধ্যে কোন দুই একটি বিষয় পাঠ করেন এবং কেহ কেহ ভগবদ্গীতাদি তত্ত্ব-শাস্ত্রও আবৃত্তি করিয়া থাকেন *।

অন্য অন্য অনেক সম্প্রদায়ের ন্যায় ইহাঁদেরও গুরু-ভক্তি একটি প্রধান ধর্ম্ম। সায়ংকালে ইহাঁরা মানসী পূজা করেন; চক্ষু মুদিত করিয়া গুরু-মূর্ত্তি ধ্যান করেন, মনে মনে তাঁহাকে আসন দিয়া উপবেশন করান, পাদপ্রক্ষালন ও স্নানাদি করাইয়া তাঁহার শরীরে

---

* অনেকে ভগবদ্গীতা, নারায়ণোপনিষদ্, রুদ্রকালাগ্নি, বিষ্ণুপঞ্জর, গুরুগীতা, অবধূতগীতা, গুরুনমস্কার ও তাদৃশ অন্য অন্য গ্রন্থ সঙ্গে রাখেন ও অবসর ক্রমে মধ্যে মধ্যে পাঠ করিয়া থাকেন।

বিভুতি লেপন করেন, পুষ্প-চন্দনাদির দ্বারা অর্চ্চনা করেন, নানাবিধ সুরস সামগ্রী সংগ্রহ করিয়া ভোজন করিতে দেন ও অন্যান্য নানাপ্রকারে শ্রদ্ধা ভক্তি প্রদর্শন করিতে থাকেন।

ইহাঁদের যেরূপ নিত্য-ক্রিয়া প্রশস্ত, তাহাই লিখিত হইল। ব্যক্তি-বিশেষের জ্ঞান ও স্বভাবের তারতম্য অনুসারে ইহার অনেক ইতর বিশেষ হইয়া থাকে। গৃহীদের ন্যায় ইহাঁদের মধ্যেও অনেকেই যথাবিধানে কার্য্য করেন না; কেবল ভিক্ষা ও বিজয়া-ধূম-পান করিয়াই কাল ক্ষেপ করিয়া থাকেন।

## বেশভুষা।

ইহাঁরা ডোর, কৌপীন *, বিভূতি † ও রুদ্রাক্ষ-

---

* প্রতিদিন নিম্ন-লিখিত মন্ত্রোচ্চারণ করিয়া ধৌত কৌপীন পরিধান করিতে হয়। ঐ মন্ত্র পাঠ করিয়া দেখিলে, ইন্দ্রিয়-সংযমই কৌপীন-ধারণের উদ্দেশ্য বলিয়া প্রতীয়মান হইতে থাকে।

**ओम् गुरुजी बज्जर बज्जर, बज्जर बज्जर, ना मरे योगी ना पड़े फन्द्, चौसट् योगिनी खेले छन्द्। सतूका धागा सन्तोषकि कौपीन, नागा पहरे नागफणी, हनुमान् बाँधे लंकोट्। बालगोपाल कौपीन बाँधे, अनन्त कोट् सिद्धाकि ओट्। बाँधे बीर मनमे धीर, सो साथी जगत्का पीर।**

† বিভূতি-ধারণের মন্ত্র।

**आदका योगी अनादकी विभूत। सतका नाति धरमका पुत। अम्बर बर्षै, धरती फरे। सो फुल माता गायत्री धरे। सूर्य-मुख छुवे अग्नि-**

মালা * ধারণ করেন, গেরুয়া বস্ত্র † ও অন্য অন্য প্রকার বস্ত্রও ব্যবহার করিয়া থাকেন, ও নানা তীর্থে গমন করিয়া নানা প্রকার তীর্থ-সামগ্রী সংগ্রহপূর্ব্বক শরীরে সংযুক্ত করিয়া রাখেন। ইহাঁদের মধ্যে অনেকে বাহু-দেশে পিত্তলময়, তাম্রময় ও লৌহময় এক এক প্রকার বলয়াকার দ্রব্য ধারণ করেন। ঐ সমুদায়কে নেপাল, বদরিকা ও কেদারনাথের কঙ্কণ কহে। ঐ সকলের উপরে বিবিধ প্রকার দেব-মূর্ত্তি অঙ্কিত থাকে। নেপালে অঙ্গুরীয়ের মত অথবা তদপেক্ষা কিছু বড় পিত্তলময় একরূপ দ্রব্য পাওয়া যায়, তাহাকে নেপালের পবিত্রী বলে। তাহাতে শিব, বৃষ ও ত্রিশূলের প্রতিমূর্ত্তি থাকে। সন্ন্যাসীরা কেহ কেহ তাহা রুদ্রাক্ষমালার সহিত গ্রথিত করিয়া গল-দেশে

---

সুরজ জলে, চন্দ্র-সুরজ শীতলে, সো ভস্মন্তী মায়ী অনন্ত কোট সিদ্ধোঁকে হস্তকণ্ঠে মস্তক চঢ়ে। চঢ়াই খাক হুয়া ইকপাক, অলখ নিরঞ্জন আপহি আপ। ভস্মবন্তী মায়ী যাঁহা যাই তাঁহা রক্ষাই।

* রুদ্রাক্ষ-ধারণের মন্ত্র।

ওঁ গুরুজী। রুদ্র রুদ্রন্তি বিষ্ণু জপন্তি কায়া রক্ষন্তি, মূলে ব্রহ্মা মধ্যে বিষ্ণু, লিঙ্গ লিঙ্গ সর্ব্বদেব লিঙ্গ, রুদ্রদেব নমস্কার।

† সন্ন্যাসীরা পরিধেয় বস্ত্র সমুদায়কেও দেবতা-স্বরূপ বলিয়া বিশ্বাস করেন ও বিশেষ বিশেষ মন্ত্রোচ্চারণ পূর্ব্বক পরিধান করিয়া থাকেন। ঐ সমুদায়ের ভিন্ন ভিন্ন নাম আছে, যেমন সাফা, ব্রহ্ম-শৃঙ্খলা ইত্যাদি। শিরোবস্ত্রের নাম সাফা। অনেকে সার্দ্ধ তিন হস্ত প্রমাণ একখানি বস্ত্র পৃষ্ঠ ও বক্ষঃস্থলে বাঁধিয়া রাখেন, তাহার নাম ব্রহ্মশৃঙ্খলা।

ধারণ করেন। তাঁহারা নেপালে পশুপতিনাথ, বদরিকা-শ্রমে বদরিনারায়ণ ও কেদারনাথে কেদারনাথ দর্শন করিতে গিয়া ঐ সমস্ত ক্রয় করিয়া আনেন। কোন কোন সন্ন্যাসী নেপাল হইতে ঐরূপ আর একটি সামগ্রী আনিয়া ব্যবহার করেন, তাহাকে ঐ স্থানের গুঞ্জেশ্বরী দেবীর চূড়ি বলে। অনেকে আবার হিঙ্গলাজে গিয়া একরূপ প্রস্তরময় শ্বেতবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র মালা পরিয়া আই-সেন, তাহার নাম ঠুমরা। কেহ বা তাহার সহিত প্রবাল-খণ্ড মিশ্রিত করিয়া গল-দেশ সুশোভিত করিয়া রাখেন। কেহ কেহ আবার হিঙ্গলাজেশ্বরীর প্রসাদী শুপারী ও স্বর্ণ-মক্ষী নামে এক প্রকার ধাতু-দ্রব্য জটায় বা অন্য কোন স্থানে ধারণ করেন। হিঙ্গলাজ-যাত্রীদের মুখে শুনিতে পাওয়া যায়, তথায় পর্ব্বতের নিম্ন ভাগে একটি সুরঙ্গ আছে, তাহা ঐ দেবীর যোনি-স্বরূপ। তাহার মধ্য দিয়া ঐ সমস্ত বস্তু লইয়া গেলেই প্রসাদ হইয়া যায়। কোন সন্ন্যাসী বা প্রকোষ্ঠ-দেশে গণ্ডার-চর্ম্মের বলয় পরিধান করেন। কেহ কেহ সেতুবন্ধরামেশ্বরে একরূপ মালা ও শঙ্খ-বলয় গ্রহণ করিয়া শরীরে ধারণ করেন। ঐ শঙ্খ-বলয়কে রাম-নাথের পবিত্রী বলে। কোন কোন ব্যক্তি আবার মণিকর্ণিকা বা মণিকরণ কুণ্ডের মণি বলিয়া একরূপ উপল-খণ্ড গল-দেশে ধারণ করেন। তাঁহারা বলেন, হিমা-লয়ের মধ্যে এক স্থানে ঐ নামে এমন একটি উষ্ণ-প্রস্রবণ আছে যে, অগ্নি-সংযোগ ব্যতিরেকে তাহার জলে ভাত, ডাল প্রভৃতি রন্ধন করিয়া ভোজন করা যায়। সেই প্রস্র-

বণ একটি প্রধান তীর্থ; তাঁহারা তাহা দর্শন করিতে গিয়া ঐ উপল-খণ্ড আহরণ করিয়া থাকেন। সন্ন্যাসীদের অন্তর্গত ক্ষুদ্র ক্ষুদ্র সম্প্রদায়ে অন্য অন্য অপূর্ব্ব অলঙ্কারেও শরীর অলঙ্কৃত করিয়া রাখে; যথা স্থানে সে সমস্ত লিখিত হইবে।

পরস্পর সাক্ষাৎ হইলে, সন্ন্যাসীরা "ওঁ নমো নারায়ণায়" বলিয়া অভিবাদন করেন। গৃহী লোকে তাঁহাদিগকে "নমো নারায়ণায়" বলিয়া নমস্কার করে এবং তাঁহারা "নারায়ণ" বলিয়া প্রত্যুত্তর দিয়া থাকেন।

মঠ-আখাড়াদি পরিচায়ক বিষয়।

দণ্ডীরা কেবল মঠের অন্তর্গত, কিন্তু সন্ন্যাসীরা মঠ ও আখাড়া উভয়েরই অন্তর্ভূত। হিন্দুস্থানী বৈষ্ণবদের ন্যায় ইহাঁদেরও সাতটি মূল আখাড়া আছে; নিরবাণী, নিরঞ্জনী, অটল, আহ্বান, যূনা, আনন্দ ও বড় আখাড়া। প্রত্যেক সন্ন্যাসীই ইহার কোন না কোন আখাড়ার লোক।

ভারতবর্ষের নানা স্থানে মঠ ও আখাড়া বিদ্যমান আছে। কোন কোন অংশে এই উভয়বিধ দেবালয়ের বিশেষ বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। মঠের মহন্তেরা মঠ-সংক্রান্ত সকল বিষয়েই একাধিপত্য করেন; ইচ্ছা হয়, সন্ন্যাসীদিগকে তথায় স্থান দেন, না ইচ্ছা হইলে, না দিতে পারেন। আখাড়ার মহন্তেরা সেরূপ নয়; তথায় সন্ন্যাসীদেরই প্রভুত্ব। লোকে মঠে আসিয়া সন্ন্যাস গ্রহণ করিতে পারে, কিন্তু আখাড়ায় সে বিষয়ের ব্যবস্থা নাই।

মঠ ও আখাড়া ব্যতিরেকে ইহঁাদের পরিচায়ক আরও কতকগুলি বিষয় আছে ; যেমন জাতি, বর্ণ, গোত্র, দেব, দেবী, মড়ী, পরিবার, চুলা, চক্কী ইত্যাদি। ইহঁাদের পরিচয় জানিতে হইলে, সেই সমুদয় জিজ্ঞাসা করিতে হয়। সেই সমস্ত যত দূর জানিতে পারিয়াছি, পশ্চাৎ তাহার বিবরণ করিতেছি।

ইহঁাদের সকলেরই এক জাতি, এক বর্ণ ও এক পরিবার। জাতির নাম বিহঙ্গম, বর্ণের নাম রুদ্র ও পরিবারের নাম অনন্ত। সম্প্রদায় গোত্রাদি অন্য অন্য বিষয় ভিন্ন ভিন্ন। চারি মঠে চারি সম্প্রদায় ও চারি গোত্র চলিয়া আসিতেছে ; প্রত্যেক সন্যাসী তাহার কোন না কোন সম্প্রদায়ের ও কোন না কোন গোত্রের অন্তর্ভূত। যথাক্রমে সে সমুদায়ের নাম নির্দ্দেশ করা যাইতেছে।

| মঠ | সম্প্রদায় | গোত্র |
|---|---|---|
| শৃঙ্গগিরি মঠ * | ভূর্বার † | ভবেশ্বর |
| জ্যোসী মঠ | আনন্দবার | লাতেশ্বর |
| সারদা মঠ | কীটবার | —— |
| গোবর্দ্ধন মঠ | ভোগবার | —— |

* দশনামীরা সচরাচর এই মঠের নাম সিঙ্গ্‌রি বা সিঙ্গেরি বলিয়া উল্লেখ করে। উহা শৃঙ্গগিরি শব্দেরই অপভ্রংশ বোধ হয়। এই মঠটি দক্ষিণাপথের অন্তর্গত তুঙ্গভদ্রা নদীর তীরস্থ।

† সন্ন্যাসীদের পরিচায়ক এই সমস্ত বিষয়ের নাম তাঁহাদের মুখে যেরূপ শুনিয়াছি ও তাঁহাদের আম্নায়-শ্রবণ দ্বারা যেরূপ অবগত হইয়াছি, সেইরূপ লিখিলাম। উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম এই চারি

প্রত্যেক মঠের স্বতন্ত্র স্বতন্ত্র ক্ষেত্র, দেব, দেবী, তীর্থ, বেদ ও মহাবাক্য নির্দ্দিষ্ট আছে; প্রত্যেক সন্ন্যাসীকে আপন আপন মঠানুসারে তাহার এক একটি অবলম্বন করিতে হয়।

| মঠ | ক্ষেত্র | দেব | দেবী | তীর্থ | বেদ | মহাবাক্য |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| শৃঙ্গগিরি | রামেশ্বর | আদিবরাহ | কামাখ্যা | তুঙ্গভদ্রা | যজুর্ব্বেদ | অহম্‌ব্রহ্মাস্মি |
| জ্যোশী | বদরিকাশ্রম | নারায়ণ | পুন্নাগরী | অলকনন্দা | অথর্ব্ববেদ | অয়মাত্মাব্রহ্ম |
| সারদা | দ্বারকা | সিদ্ধেশ্বর | ভদ্রকালী | গঙ্গাগোমতী | সামবেদ | তত্ত্বমসি |
| গোবর্দ্ধন | পুরুষোত্তম | জগন্নাথ | বিমলা | মহোদধি | ঋক্‌বেদ | প্রজ্ঞান-মানন্দং ব্রহ্ম |

এইরূপ, ঐ চারি মঠের * প্রত্যেকের এক একটি আচার্য্য ও ব্রহ্মচারী নির্দ্দিষ্ট আছেন। আচার্য্য-গণের

---

মঠের স্বতন্ত্র স্বতন্ত্র বিবরণ আছে, তাহার নাম আম্নায়; যথা উত্তরাম্নায়, দক্ষিণাম্নায়, পূর্ব্বাম্নায় ও পশ্চিমাম্নায়।

* সন্ন্যাসীরা শঙ্করাচার্য্য-প্রতিষ্ঠিত উল্লিখিত চারি মঠ ব্যতিরেকে আর তিনটি মনঃ-কল্পিত গুপ্ত মঠ স্বীকার করেন। তাহার বিষয় যেরূপ জানিতে পারিয়াছি, পশ্চাৎ লিখিত হইতেছে। পাঠ করিয়া দেখিলে, ঐ তিনটির কল্পনা তাহাঁদের ইষ্ট-সাধনার বিজ্ঞাপক ভিন্ন অন্য কিছু বোধ হয় না।

পঞ্চম মঠ।—কৈলাস ক্ষেত্র। কাশী সম্প্রদায়। নিরঞ্জন দেবতা। মানস-সরোবর তীর্থ। ঈশ্বর আচার্য্য। সনক সুনন্দন ও সনত-কুমার ব্রহ্মচারী। সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বাক্য।

ষষ্ঠ মঠ।—নাভিকুণ্ডলিনী ক্ষেত্র। সত্য সম্প্রদায়। পরমহংস দেবতা। হংস দেবী। ত্রিকুটি তীর্থ। ব্রহ্মা, বিষ্ণু, মহেশাদি ব্রহ্ম-চারী। অজপা মন্ত্র।

সপ্তম মঠ।—এই মঠের আম্নায়ে শুদ্ধাত্মা তীর্থ এবং অহমেব হংসঃ, নিত্যোঽহম্, নির্মলোঽহম্, শুদ্ধোঽহম্, নির্ব্বিকল্পোঽহম্

নাম গুলিতে কিছু সংশয় বোধ হওয়াতে, বিশেষ করিয়া লিখিলাম না। ব্রহ্মচারীদের বিষয় তদীয় প্রকরণ মধ্যে প্রস্তাবিত হইবে।

মধ্যে মধ্যে এক একটি সন্ন্যাসী বিশেষরূপ ক্ষমতাপন্ন হইয়া এক একটি সন্ন্যাসি-দল প্রবর্ত্তিত করেন, তাহারই নাম মড়ী; যেমন কেশবপুরি মুলতানী, বৈকুণ্ঠী, ভগবান্ পুরি, ওঁকারী, বড় কেবল পুরি, ছোট কেবল পুরি, সৈজ-নাথী, গঙ্গাদরিয়া, অপারনাথী, মেঘনাথী, দুর্গানাথী, সৈজ-পুরি, পরমানন্দী, ব্রহ্মনাথী, বোধলা ইত্যাদি। এইরূপে সমুদায়ে ৫২ বায়ান্নটি মড়ী উৎপন্ন হইয়াছে।

চুলা ও চক্কী কেবল গিরি গোঁসাইদেরই পরিচায়ক। পুরি, ভারতী প্রভৃতি অন্য অন্য সন্ন্যাসীর সহিত তাহার কোন সম্বন্ধ নাই। তুলসীনাথাদি কোন কোন দেবতা ঐ দুই বস্তুর অধিষ্ঠাত্রী; তদনুসারে ঐ উভয়ের নাম তুলসী-নাথী চুলা, দ্বারকানাথী চুলা, পার্ব্বতী চক্কী ইত্যাদি।

## জ্যোৎমার্গ।

সন্ন্যাসীরা অনেকেই কুলাচারী অর্থাৎ মদ্য মাংসাদি ব্যবহার করেন। নির্ব্বাণ তন্ত্রে স্পষ্টই লিখিত আছে।

**সম্বিদ্রাসেবনং কুর্য্যাৎ সদা কারণসেবনম্।**

প্রাণতোষিণী-ধৃত নির্ব্বাণতন্ত্রবচন।

সম্বিদা গ্রহণ ও সর্ব্বদা সুরা সেবন করিবে।

---

ইত্যাদি তত্ত্বজ্ঞান-সম্পন্ন বিমুক্ত ব্যক্তির লক্ষণ-প্রতিপাদক কতকগুলি বাক্য সন্নিবেশিত আছে।

**गुप्तभावेन देवेशि शृणु मत्प्राणवल्लभे।**
**सन्न्यासिनां सदा सेव्यं पञ्चतत्त्वं वरानने॥**

निर्व्वाणतन्त्र।

প্রাণ-প্রিয়ে! বরাননে! দেবেশ্বরি! শ্রবণ কর। সন্ন্যাসীতে গুপ্তভাবে পঞ্চতত্ত্ব গ্রহণ করিবে।

জ্যোৎমার্গপ্রবেশ নামে ইহাঁদের এক প্রকার সাধনা আছে, তাহা তন্ত্রোক্ত চক্র-সাধনা-বিশেষ বলিলে বলা যায়। তাহাতে যথেষ্ট মদ্য মাংস চলিয়া থাকে।

যে দেবীর উদ্দেশে এই ব্যাপারের অনুষ্ঠান হয়, তাঁহার নাম বালাসুন্দরী। সন্ন্যাসীরা নিশা-যোগে কোন নিভৃত স্থানে * একত্র সমাগত হইয়া নিম্ন-লিখিত প্রকারে একরূপ জ্যোতি অর্থাৎ দীপ প্রজ্বলিত করেন এবং সেই জ্যোতিতে ঐ দেবীর আবির্ভাব হয় বলিয়া বিশ্বাস করেন। এই নিমিত্তই ইহার নাম জ্যোৎমার্গ। তাঁহারা তথায় দৈর্ঘে প্রস্থে এক হাত ছয় অঙ্গুলি প্রমাণ একটি মৃত্তিকাময় বেদি নির্ম্মাণ করিয়া তাহার উপরে ঐ পরিমাণের এক খণ্ড শ্বেতবর্ণ বস্ত্র স্থাপন করেন, ও তাহার উপর ঐ পরিমাণের আর এক খণ্ড রক্তবর্ণ বস্ত্র অর্থাৎ খেরো পাতিয়া থাকেন এবং ঐ রক্তবর্ণ বস্ত্রের মধ্যস্থলে একটি গ্লাস রাখিয়া তাহার চতুর্দ্দিকে তণ্ডুল দিয়া কালী, ব্রহ্মা, বিষ্ণু, হনুমান্ ও ভৈরব প্রভৃতির প্রতিমূর্ত্তি প্রস্তুত করেন। ঐ গ্লাস ঘৃত-পূর্ণ করিয়া তাহার মধ্যে একটি

* নিভৃত স্থানের প্রয়োজন বলিয়া, পশ্চিমোত্তর প্রদেশে কখন কখন ত-খানার † মধ্যেও এই ব্যাপারের অনুষ্ঠান হইয়া থাকে।

† মৃত্তিকার নিম্নস্থ গৃহ-বিশেষের নাম ত-খানা।

কার্পাসের বাতি দেন ও সেই বাতির অগ্র-ভাগে একটু কর্পূর দিয়া রাখেন। সাধনার সময়ে সেই বাতি প্রজ্বলিত করিয়া তাহাতেই উল্লিখিত বালাসুন্দরী দেবীর অর্চ্চনা করেন এবং মদ্য, মাংস, লুচি প্রভৃতি ভোগ দিয়া প্রসাদ পাইতে থাকেন। ইহাঁরা ঐ দীপ-শিখাকে প্রকৃত জ্বালামুখার শিখা বলিয়া বিশ্বাস যান এবং অনেকে ঐ জ্যোতবর্ত্তিকার ভস্ম একটি মাদুলির মধ্যে রাখিয়া গল-দেশে ধারণ করেন।

জ্যোৎমার্গে সুরাপানাদি গুহ্য ব্যাপারের অনুষ্ঠান হয় বলিয়া, সন্ন্যাসীরা সেই সমস্ত গোপন রাখিবার উদ্দেশে কতকগুলি সাঙ্কেতিক শব্দ ব্যবহার করিয়া থাকেন। জ্যোৎমার্গানুসারী সন্ন্যাসী ব্যতিরেকে অন্যে তাহা জানিতে পায় না। পশ্চাৎ তাহার কতকগুলি লিখিত হইতেছে।

| দ্রব্য | | | সাঙ্কেতিক শব্দ |
|---|---|---|---|
| মদ্য | ...... | ...... | তীর্থ, প্রথমা, বিন্দু ও পদ্মাবতী। |
| মাংস | ...... | .... | সিদ্ধি ও দ্বিতীয়া। |
| জীবিত ছাগ | .... | .... | ঝাড়ি। |
| মৎস্য | ...... | .... | তৃতীয়া। |
| তামাক | ...... | ...... | ষষ্ঠী ও তমালপত্রী। |
| গাঞ্জা | .. . | .... | সপ্তমী। |
| শুক্র | ...... | .... | ধাতু। |
| জল | ...... | .. .. | সলিল। |
| বোতল | ...... | ...... | কুম্ভ। |
| ভাত | ...... | ...... | মতি। |
| লুচি | ...... | ...... | চক্রী। |

জ্যোৎমার্গ-প্রবিষ্ট সন্ন্যাসীরা চৈত্র ও আশ্বিন মাসে নবরাত্র নামে একটি ব্রতের অনুষ্ঠান করেন। একটি সন্ন্যাসী কোন গৃহের মধ্যে দুই পার্শ্বে দুইটি প্রদীপ জ্বালিয়া উপবিষ্ট থাকেন। একটি প্রদীপ ঘৃত-পূর্ণ আর একটি তৈল-পূর্ণ। ঘৃতের প্রদীপটি মহাদেবের উদ্দেশে ও তৈলের প্রদীপটি কালীর উদ্দেশে প্রজ্জ্বলিত হয়। সন্ধ্যার পরে জ্যোৎমার্গানুসারী অপরাপর সন্ন্যাসী আসিয়া শিব, শক্তি ও ভৈরবের অর্চ্চনা করেন ও ভোগ দিয়া প্রসাদি-সামগ্রী ভক্ষণ করিতে থাকেন। নবম দিবসে পূর্ব্বোক্ত রূপে জ্যোৎমার্গের অনুষ্ঠান করেন ও সেই উপলক্ষে দূর দূরান্তরের জ্যোৎমার্গানুসারী সন্ন্যাসীদিগকে কোতয়াল দ্বারা নিমন্ত্রণ করিয়া পাঠান।

লোকের গুপ্ত আমোদ বিষয়ে সঙ্গি-লাভের ইচ্ছা এত প্রবল যে, সন্ন্যাসীরা গৃহীদিগকে ষট্‌কর্ম্মাদির অনুষ্ঠান দেখিতে দেন না, কিন্তু অক্লেশেই তাঁহাদিগকে প্রমোদ-ময় জ্যোৎমার্গে প্রবেশিত করিয়া লন।

পশ্চিমোত্তর প্রদেশে অনেক সন্ন্যাসীতে এবং কখন কখন সন্ন্যাসী ও গৃহস্থ উভয়ে মিলিত হইয়া উল্লিখিত-রূপ নানাপ্রকার চক্র করিয়া থাকে। তাহার সকল প্রকারেই স্ত্রী পুরুষ উভয়েই প্রবেশ পূর্ব্বক মদ্য মাংসাদি ব্যবহার করে। শুনিয়াছি, চক্র-বিশেষে একটি পুরুষ একটি স্ত্রীলোককে সঙ্গে লইয়া আবরণ-বিশেষের অন্তরালে একরূপ ক্রিয়ার অনুষ্ঠান করেন এবং সেই চক্রস্থ সমস্ত ব্যক্তি ঐ ক্রিয়া-লব্ধ পরম পদার্থটি, অর্থাৎ এই পুস্তকের

প্রথম ভাগে বাউল-সম্প্রদায়ের বিবরণ মধ্যে লিখিত চারি চন্দ্রের দ্বিতীয় চন্দ্রটি *, জল-মিশ্রিত করিয়া উদরস্থ করিয়া থাকেন। ঐ ক্রিয়ার সবিশেষ বৃত্তান্ত লিখিতে হইলে অত্যন্ত অশ্লীল হইয়া উঠে।

## আহার ব্যবহার।

সন্ন্যাসীদিগকে সচরাচর ব্রাহ্মণ ও স্বসম্প্রদায়ী লোকের অন্নই গ্রহণ করিতে দেখা যায়, কিন্তু তাঁহারা মুখে বলেন আমাদের সকল জাতির অন্ন ভোজনেই অধিকার আছে; চুরী, নারী, মিথ্যা এই তিনটি ব্যতিরেকে আর কিছুই আমাদের পরিত্যাজ্য নয়। শাস্ত্রেও ইহাদের প্রতি এইরূপ ব্যবস্থা আছে।

**বিপ্রান্নং শ্বপচান্নং বা যস্মাত্তস্মাৎ সমাগতম্।**
**দেশং কালং তথা পাত্রমশ্নীয়াদবিচারয়ন্॥**

প্রাণতোষিণী-ধৃত মহানির্ব্বাণ তন্ত্র-বচন।

সন্ন্যাসীরা যে স্থান সে স্থান হইতে কি ব্রাহ্মণ কি চণ্ডাল যে কোন জাতির অন্ন প্রাপ্ত হউন না কেন, দেশ কালের বিচার না করিয়া তাহা ভোজন করিবেন।

**ধাতুপ্রতিগ্রহং নিন্দামনৃতং ক্রীড়নং স্ত্রিয়া।**
**রেতস্ত্যাগমসূয়াঞ্চ সন্ন্যাসী পরিবর্জ্জয়েৎ॥**

মহানির্ব্বাণ তন্ত্র।

---

* ভারতবর্ষীয় উপাসক-সম্প্রদায়ের প্রথম ভাগের ১৬৯ পৃষ্ঠা দেখ।

ধাতু-প্রতিগ্রহ, নিন্দা, মিথ্যা কথন, স্ত্রীলোকের সহিত ক্রীড়া, রেতস্ত্যাগ এবং অসূয়া এই সমস্ত কার্য্য সন্ন্যাসীতে পরিত্যাগ করিবে।

এইরূপ ব্যবস্থা আছে বটে, কিন্তু কয় ব্যক্তি ব্যবস্থানুরূপ কার্য্য করিতে পারে?

## জমাৎ।

স্থানে স্থানে অনেক সন্ন্যাসী একত্র দল-বদ্ধ হইয়া অবস্থিতি করেন, অথবা তীর্থ-পর্য্যটন করিয়া থাকেন। ঐ দলকে জমাৎ বলে। ঐ জমাতের কার্য্য-নির্ব্বাহের বন্দোবস্ত নিতান্ত সামান্য নয়। তদর্থ অনেক গুলি কর্ম্মচারী নিযুক্ত হইয়া থাকে; মহন্ত, পুজারী, কুঠারী, ভাণ্ডারী, কারবারী, হিসাবী, কোতোয়াল, পাহারাদার ও তূরহীওয়ালা। মহন্ত প্রধান অধ্যক্ষ; তিনি জমাতের সকল বিষয়ের অধ্যক্ষতা ও সমস্ত কার্য্য সম্পাদন করেন। পুজারী যথা নিয়মে ও যথা সময়ে চরণপাদুকা পূজা করেন। কুঠারী প্রকৃত ভাণ্ডারী; তিনি আহার-দ্রব্যাদি সমস্ত বস্তু রক্ষা করিয়া থাকেন। পাচকের নাম ভাণ্ডারী; তিনি রন্ধন করিয়া সন্ন্যাসীদিগকে ভোজন করান। বড় বড় জমাতে বহুসংখ্যক ভাণ্ডারী থাকে। কারবারী প্রকৃত ধনরক্ষক; তিনি ধন রক্ষা করেন ও প্রয়োজন মতে ব্যয়ার্থ অর্থ দিয়া থাকেন। মুহুরিকে হিসাবী বলে; তিনি আয় ব্যয় লিখিয়া রাখেন। কোতোয়াল মহন্তের আদেশানুসারে অন্য অন্য কর্ম্ম-

চারীকে স্ব স্ব কর্ম্মে নিয়োজিত করেন ও তাহাদের কার্য্যের তত্ত্বাবধান করিয়া থাকেন। দেব-স্থান এবং ডঙ্কা, নিশান, ঝাঁজ, ঘণ্টা প্রভৃতি পূজার দ্রব্য রক্ষার্থ চৌকী দেওয়া পাহারাদারের কার্য্য। সন্ন্যাসীদের মধ্যে অনেকে পর্য্যায়ক্রমে দিবারাত্র ঐ কর্ম্ম নির্ব্বাহ করেন। তূরহীওয়ালা তুরীবাদন করিয়া জমাতের গৌরব বৃদ্ধি করেন। কেবল তূরী নয়, ডঙ্কা ও পতাকাতেও জমাতের শোভা ও মহিমা বর্দ্ধন করিয়া থাকে। সন্ন্যাসীরাই ঐ সমুদয় কর্ম্মচারীর পদে অভিষিক্ত হন। কেবল সন্ন্যাসী নয়, যোগী, পরমহংস প্রভৃতি অন্য অন্য শৈব উদাসীনেও জমাতে প্রবেশ করিয়া থাকেন।

হরিদ্বারাদি তীর্থ-স্থানে এক এক সময়ে ভারী ভারী জমাৎ উপস্থিত হয়। এ প্রদেশের মধ্যে ভোটবাগানেও কার্ত্তিক মাসে ও কোন কোন বৎসর কার্ত্তিক ও পৌষ উভয় মাসে গঙ্গাসাগর-গমন উদ্দেশে মন্দ জমাৎ হয় না। সেই সেই সময়ে দেখিতে পাওয়া যায়, পতাকা উড়িতেছে, তুরী ও ডঙ্কা বাজিতেছে, চন্দ্রাতপের নিম্ন দেশে দত্তাত্রয়ের চরণপাদুকা স্থাপিত হইয়াছে, প্রতি দিন ঐ চরণপাদুকার পূজা ও ভোগ *

---

* ঘৃত, আটা ও চিনি মিশ্রিত করিয়া এক রূপ চূর্ণ পদার্থ প্রস্তুত করা হয়, তাহাকে রোঠ বলে। এক এক দিন অপরাহ্ণে ঐ রোঠ ভোগ দেওয়া হয়; হইলে, প্রত্যেক সন্ন্যাসী প্রসাদ গ্রহণ করিয়া থাকে।

দেওয়া যাইতেছে, পঞ্চাইতের দ্বারা কাজ কর্ম্মের বন্দোবস্ত হইতেছে, দিন দিন নূতন নূতন সন্ন্যাসী উপস্থিত হইয়া দল-পুষ্টি করিতেছে, ন্যূনাধিক শত সংখ্যক সন্ন্যাসী একত্র ভোজনে বসিয়া গিয়াছে, প্রায় সর্ব্বক্ষণই গাঞ্জা ও সুখার ধূম চতুর্দ্দিক্ ব্যাপিতেছে; ধূমের আর সীমা নাই।

হরিদ্বার, প্রয়াগ, উজ্জয়িনী, গোদাবরী এই চারি স্থানের মেলায় তীর্থ-স্নান উপলক্ষে যে সমস্ত ভারী ভারী জমাৎ উপস্থিত হয়, তাহার নিকট ভোটবাগানের জমাৎ কিছুই নয় বলিলে বলা যায়। ঐ চারি স্থানে বহু সহস্র সন্ন্যাসী এক এক জমাতের অন্তর্ভূত থাকে ও শত শত ভাণ্ডারী রন্ধন-কার্য্যে নিরন্তর নিযুক্ত রহে। তথায় সহস্র সহস্র টাকা মূল্যের এক এক পতাকা উড্ডীয়মান হয়।

বারদা, নাগর প্রভৃতি কয়েক স্থানে কয়েকটি প্রধান জমাৎ বিদ্যমান আছে। ঐ ঐ স্থানের হিন্দু রাজারা তাহাদের সম্পূর্ণ আনুকূল্য করিয়া থাকেন।

## মরণোত্তর-ক্রিয়া।

কোন সন্ন্যাসীর মৃত্যু ঘটিলে, পূর্ব্বোক্তরূপে * মৃৎসমাধি বা জল-সমাধি দেওয়া হয়, এবং তিন দিনের দিন রোঠ ভোগ ও তের দিনের দিন পঙ্গত্ ও শঙ্খঢাল নামে

---

* ৩৫ পৃষ্ঠা দেখ।

একটি ক্রিয়া হইয়া থাকে। শঙ্খঢালটি কিছু গুরুতর ক্রিয়া ; অধিক ব্যয় হয় বলিয়া, অনেকেরই তাহা সম্পন্ন হয় না *। দিবাভাগে পঙ্গত্ ও রোঠ ভোগ হয়, কিন্তু শঙ্খঢালটি রাত্রি-যোগে নির্ব্বাহিত হইয়া থাকে। মৃত্যু-স্থানে অন্য অন্য সন্ন্যাসী উপস্থিত থাকিলে ও ব্যয়োপযুক্ত অর্থ সংগৃহীত হইলে, সেই স্থানেই ঐ সমস্ত কর্ম্ম সম্পন্ন হয়, নতুবা তাঁহার গুরুর গাদিতে সংবাদ পহুছিলে, তথায় অনুষ্ঠিত হইয়া থাকে। সুযোগ ও সুপ্রতুল না থাকাতে, উল্লিখিত মৃৎ-সমাধি বা জল-সমাধি মাত্রেই কত ব্যক্তির মরণোত্তর ক্রিয়ার পর্য্যবসান হয়।

---

## নাগা।

যে সমস্ত সন্ন্যাসী মস্তকের জটাগুলি রজ্জুর ন্যায় পাকদিয়া উষ্ণীষের মত বদ্ধ করিয়া রাখে †, তাহারাই নাগা। নঙ্গা শব্দের অর্থ উলঙ্গ। ইহারা সচরাচর বিবস্ত্র

* জ্যোৎমার্গানুসারী সন্ন্যাসীদেরই শঙ্খঢাল হয়, অন্যের হয় না। মৃত ব্যক্তির শিষ্য বা শিষ্যানুশিষ্যাদি কোন সন্ন্যাসী কুশ-পুত্তল প্রস্তুত করিয়া এই ক্রিয়ার অনুষ্ঠান করেন এবং সেই ক্রিয়াকারক ও ক্রিয়া-ভূমিস্থ অন্য অন্য সমস্ত সন্ন্যাসী মন্ত্রোচ্চারণ পূর্ব্বক সেই পুত্তলের উপরে জল ঢালিতে থাকেন।

† জটা তিন প্রকার। নাগজটা, শম্ভুজটা ও বাব্রান্ জটা। নাগারা যেরূপ রজ্জুর মত পাকান জটা ধারণ করে, তাহার নাম নাগজটা। যে জটা ঐরূপ পাকান নয়, তাহাকে শম্ভুজটা বলে। শম্ভুজটা ছোট হইলে বাব্রান্ বলিয়া উল্লিখিত হয়।

থাকে বলিয়া প্রসিদ্ধ আছে, এই নিমিত্ত ইহাদিগকে নাগা বলে। এক্ষণে রাজ-শাসনের ভয়ে সর্ব্বত্র উলঙ্গ থাকিতে পায় না; একরূপ কৌপীন ধারণ ও অন্য অন্য প্রকার বস্ত্র পরিধান করে, ঐ কৌপীনের নাম নাগ-ফণী।

**নাগা পন্থ্ে নাগফণী।**

অপরাপর সন্ন্যাসীদের ডোর ও কৌপীন স্বতন্ত্র স্বতন্ত্র; ইহাদের ঐ এক নাগফণীতেই উভয়ের কার্য্য সম্পন্ন হয়।

ইহারা বিভুতির উপাসক। বিভুতি-রাশিকে একত্রী-ভুত করিয়া জমাইয়া রাখে, এবং গিরি-মৃত্তিকায় চিত্রিত ও চন্দনাদি দ্বারা বিলেপিত করিয়া থাকে। এইরূপ প্রস্তুত করা বিভুতি-পুঞ্জকে গোলা বলে। ভিন্ন ভিন্ন আখাড়ার ভিন্ন ভিন্নরূপ গোলা; নিরঞ্জনী আখাড়ার গোল অর্থাৎ চক্রাকার ও নির্ব্বাণী আখাড়ার চতুষ্কোণ। ইহারা প্রতি-দিন পুষ্প চন্দনাদি দ্বারা উহার অর্চ্চনা করে ও উহাই হস্তে লইয়া মঠ-ধারী প্রভৃতির নিকটে ভিক্ষা করিয়া থাকে। যিনি যে কিছু মুদ্রা ভিক্ষা দেন, তাহা ঐ বিভুতি-গোলার উপরেই গ্রহণ করে *।

নাগারা নিজে শিষ্য করে না; যাহারা অন্যত্র সন্ন্যাস গ্রহণ করে, তাহাদের মধ্যে অনেকে আসিয়া ইহাদের

* ইহারা ঐ বিভূতি-গোলার উপর রজত-মুদ্রা ভিন্ন অপর নিকৃষ্টতর মুদ্রা গ্রহণ করে না এইরূপ ব্যক্ত করিয়া থাকে।

দল-ভুক্ত হয়। এই রূপেই ইহাদের প্রবাহ চলিয়া আসিতেছে। ইহাদিগকে দীক্ষা-গুরুর আশ্রয় পরিত্যাগ করিয়া নাগা-দল প্রবেশ করিতে হয়, এই নিমিত্ত এই ব্যাপারটিকে গুরু-পক্ষ পরিত্যাগ পূর্ব্বক দেব-পক্ষ অবলম্বন বলিয়া থাকে। ঐ সময়ে ইহারা কতকগুলি ক্রিয়ার অনুষ্ঠান পূর্ব্বক নানাবিধ কঠোর ব্যবহার করিতে প্রবৃত্ত হয়। পূর্ব্বকার গুরু-দত্ত কৌপীন পরিত্যাগ করিয়া একবারে বিবস্ত্র হইয়া থাকে; এমন কি, এক থাই সূতা পর্য্যন্ত শরীরে ধারণ করিতে পায় না। এই অবস্থায় প্রান্তরে অথবা তাদৃশ আশ্রয়-শূন্য স্থানে একমাস পর্য্যন্ত অবস্থিতি করে; গৃহ-মধ্যে কদাচ অধিবাস করিতে পারে না। প্রগাঢ় শীতের সময় হইলেও, ইহার অন্যথাচরণ করিবার সম্ভাবনা নাই।

সন্ন্যাসীদিগকে নাগা-দল-ভুক্ত করিবার সময়ে নাগা মহন্তের বিস্তর ব্যয় হয়, এই নিমিত্ত তিনি একেবারে বহু-সংখ্যক ব্যক্তিকে ঐ দলে গ্রহণ করিয়া থাকেন।

ইহারা অত্যন্ত উগ্র-শীল ও কলহ-প্রিয়। পূর্ব্বে ইহাদের উপদ্রবে লোকে অস্থির হইত; এক্ষণে রাজ-শাসন দ্বারা তাহার অনেক নিবারণ হইয়াছে। কবীর নিজ গ্রন্থে নাগাদির প্রতি যে সমস্ত পশ্চাল্লিখিত ভর্ৎসনা-বাক্য প্রয়োগ করিয়াছেন, তাহাতেই ইহাদের দুঃশীলতা স্পষ্ট প্রতীয়মান হইতেছে।

“ভাই হে! আমি এরূপ যোগী কোন কালে দেখি নাই যে, নিজের ধর্ম্ম বিস্মৃত হইয়া বৃথা পর্য্যটন

করিয়া বেড়ায়। মুখে বলেন, আমি শিব-ভক্ত ও প্রধান গুরু, কিন্তু হট্ট-ভুমি তাঁহার যোগ-সাধনের স্থান। মায়া ভণ্ড তপস্বীর দেবতা। কোন্ কালে দত্তাত্রেয় গৃহ নষ্ট করিয়াছিলেন? কোন্ কালে শুকদেব সশস্ত্র সৈন্য সংগ্রহ করিয়াছিলেন? কোন্ কালে নারদ মুনি বন্দুক ব্যবহার করিয়াছিলেন? কোন্ কালেই বা ব্যাসদেব তুরী-যন্ত্র বাদন করিয়াছিলেন? যুদ্ধেতে ধর্ম্ম-ভ্রষ্ট হয়। যিনি ধনুকধারী, তিনি কি প্রকারে অতীৎ *? যাঁহার লোভ আছে, তিনি কি প্রকারে বিরক্ত? কি লজ্জার বিষয়! তিনি স্বর্ণালঙ্কার ধারণ করেন। তিনি অশ্ব সকল সংগ্রহ করিয়াছেন, গ্রাম সমুদায় অধিকার করিয়াছেন ও ধনী বলিয়া বিখ্যাত হইয়াছেন। সুন্দরী স্ত্রী কদাচ সনক ও তাঁহার ভ্রাতাদিগের ভুষণ ছিল না। সঙ্গেতে মসীপাত্র থাকিলে, সে মসীতে সহজেই বস্ত্র মলিন হয় †।”

নাগাদের উদ্ধত স্বভাব ও বিশেষতঃ বৈষ্ণবদিগের সহিত ইহাদের বিষম বিষম্বাদিতা সুপ্রসিদ্ধ আছে। হরিদ্বারে মধ্যে মধ্যে কুম্ভমেলা নামে একটি মেলা হয়, তাহাতে গঙ্গা-স্নান উদ্দেশে বহু লোকের সমাগম হইয়া থাকে। এই উপলক্ষে শৈব নাগাদিগের সহিত বৈরাগীদিগের বিবাদ উপস্থিত হইয়া এক এক বারে

---

* সন্ন্যাসীরা সচরাচর আপনাদিগকে অতীৎ বলিয়া উল্লেখ করে। ইহার অর্থ অতিথি বোধ হয়।

† ৬৯ রেমৈনি।

সহস্র সহস্র মনুষ্য মৃত্যু-মুখে পতিত হইয়াছে। পারসীক ভাষায় প্রণীত দাবিস্তান নামক গ্রন্থের দ্বিতীয় ভাগের অষ্টম অধ্যায়ে লিখিত আছে, ১০৫০ এক হাজার পঞ্চাশ হিজরা শকে হরিদ্বারে মুণ্ডিদের * সহিত সন্ন্যাসীদিগের তুমুল সংগ্রাম উপস্থিত হয়, তাহাতে সন্ন্যাসীরা জয়-লাভ করিয়া বহু-সংখ্যক মুণ্ডির প্রাণ বধ করে। মুণ্ডিরা প্রাণ-ভয়ে তুলসী-মালা পরিত্যাগ পূর্ব্বক কণ্ ফট্ যোগীদিগের ন্যায় কর্ণ-যুগলে কুণ্ডল ধারণ করে। ঐ দাবিস্তানের দ্বিতীয় ভাগের দ্বাদশ অধ্যায়ে জলালি ও মদারি নামক দুই মুসলমান সম্প্রদায়ের সহিত সন্ন্যাসীদিগের যুদ্ধ-ঘটনার বিষয় বর্ণিত হইয়াছে। তাহাতেও সন্ন্যাসীরা জয় প্রাপ্ত হইয়া জলালি ও মদারিদিগের † মধ্যে সাত শত ব্যক্তির প্রাণ নষ্ট করে ও তাহাদের পুত্রদিগকে শৈব-ধর্ম্ম শিক্ষা দেয়।

---

* অর্থাৎ বৈরাগীদের।

† দাবিস্তানে মদারি ও জলালিদিগের ধর্ম্মানুষ্ঠান অনেক অংশে শৈব সন্ন্যাসীদিগের তুল্য-রূপ বলিয়া লিখিত হইয়াছে। মদারি-সম্প্রদায়ী লোকে জটা-ধারণ, ভস্ম-লেপন, অগ্নি-সেবন ও প্রচুর পরিমাণে সম্বিদা পান করিত এবং তন্মধ্যে প্রধান সাধকেরা একেবারে বিবস্ত্র থাকিত। জলালিরাও সেইরূপ অনুষ্ঠান করিত; কেবল জটা ধারণ করিত না। কিন্তু এই উভয় সম্প্রদায়েই গো-বধে নিবৃত্ত হয় নাই। জলালি-সম্প্রদায়ী গুরুদিগের এই একটি কুৎসিত ব্যবহার ছিল যে, তাহারা শিষ্যদিগের গৃহে উপস্থিত হইয়া স্বেচ্ছানুসারে কোন কুলস্ত্রীর সহিত সহবাস করিত এবং সময়ে সময়ে নিজ গৃহে আনয়ন করিয়া রাখিত।

১৭২৯ সতর শ উনত্রিশ বা ৩০ ত্রিশ শকে হরিদ্বারে ঐরূপ একটি যুদ্ধ হইয়া যায়, তাহাতেও যুদ্ধ-জয়ী শৈব সন্ন্যাসীরা ১৮০০০ অষ্টাদশ সহস্র বৈরাগীকে রণ-ভূমিতে নিপাত করে *। ১৭১৭ সতের শ সতের শকে ঐ হরিদ্বারে তীর্থ-স্নান উপলক্ষে শাক, সন্ন্যাসী, বৈরাগী এই তিন সম্প্রদায়ে একটি ভয়ানক সংগ্রাম উপস্থিত হয়, তাহাতে অশ্বারূঢ় শীক-সম্প্রদায়ীরা অপর দুই দলস্থ সমস্ত শত্রুকে পরাস্ত করিয়া বহু ব্যক্তিকে রণ-ক্ষেত্রে বিনাশ করে, এবং অবশিষ্ট সকলকে বন, পর্ব্বত ও নদীতে তাড়িত করিয়া দেয় †।

হিন্দু রাজারা ইহাদিগকে এইরূপ উগ্র-শীল ও কলহ-প্রিয় দেখিয়া অনেক দিন অবধি সেনা-পদে নিযুক্ত করিয়া আসিয়াছেন। জয়পুরে অদ্যাপি নাগা-সৈন্য বিদ্যমান আছে।

নির্ব্বাণা ও নিরঞ্জনী আখাড়ার নাগাই সচরাচর দেখিতে পাওয়া যায়। শুনিয়াছি, পশ্চিমোত্তর প্রদেশের কোন কোন স্থানে অটল আখাড়ার নাগা বিদ্যমান আছে, কিন্তু তাহাদের সহিত আমার সাক্ষাৎকার ঘটে নাই।

সন্ন্যাসীদের মধ্যে অনেকে যেমন উল্লিখিত রূপ বৃত্তি-বিশেষ অবলম্বন করিয়া নাগা নামে খ্যাত হয়, সেই রূপ অন্যে আবার অন্য অন্য বৃত্তি গ্রহণ করিয়া আলে-

* Asiatic Researches, Vol. II. P. 455.

† A. R. Vol. VI. P. 317.

খিয়া, দঙ্গলী, উৰ্দ্ধবাহু প্রভৃতি বিবিধ উপাধি প্রাপ্ত হইয়া থাকে। পশ্চাৎ ক্রমে ক্রমে তাহাদের বিবরণ লিখিত হইতেছে।

---

## আলেখিয়া।

ইহারা অলখ্ নাম উচ্চারণপূর্ব্বক ভিক্ষা করিয়া অন্যান্য সন্ন্যাসীকে ভোজন করায়, এই নিমিত্তই ইহাদের নাম আলেখিয়া। এইরূপ বারম্বার অলখ্ শব্দ উচ্চারণ করাকে অলখ্ জাগান কহে। ইহাই ইহাদের প্রধান বৃত্তি।

ইহারা ভক্ষ্য-সংগ্রহার্থ সঙ্গে ঝুলী রাখে ও সেই ঝুলী পরম পবিত্র মহিমান্বিত বলিয়া বিশ্বাস করে। কেহ কেহ চাল, ডাল, লবণ, আটা প্রভৃতি ভিন্ন ভিন্ন বস্তু রাখিবার নিমিত্ত ভিন্ন ভিন্ন ঝুলী গ্রহণ করে ও বাম স্কন্ধ হইতে প্রকোষ্ঠ পর্য্যন্ত সমস্ত বাম ভুজে সেই সমুদায় সজ্জীভুত করিয়া রাখে। অপর অনেকে এক ঝলীর মধ্যে পৃথক্ পৃথক্ কোষ্ঠ প্রস্তুত করিয়া পৃথক্ পৃথক্ ভক্ষ্য বস্তু গ্রহণ করে।

ইহাদের ঐ ঝুলী ভৈরব, গণেশ বা কালীদেবীর উদ্দেশে প্রতিষ্ঠিত ও তদনুসারে আলেখিয়েরা তিন শ্রেণীতে বিভক্ত ; ভৈরব-ঝুলী-ধারী, গণেশ-ঝুলী-ধারী ও কালী-ঝুলী-ধারী। গণেশ-ঝুলী-ধারীরা পূর্ব্বাহ্নে, ভৈরব-ঝুলী-ধারীরা বৈকালে ও সায়ংকালে এবং কালী-ঝুলী-ধারীরা অধিক রাত্রে ভিক্ষাচরণ করিতে যায়। ভৈরব-

ঝুলী-ধারী ও কালী-ঝুলী-ধারীদের মধ্যে কেহ কেহ নিজ দেবতার সাক্ষাৎকার লাভের উদ্দেশে সঙ্গে মদ্য, মাংস * ও ছুরিকা রাখিয়া দেয়। কুকুর ভৈরবের বাহন, এই নিমিত্ত ভৈরব-ঝুলী-ধারীরা ঝুলীর মধ্যে রুটী লইয়া যায় ও কুকুর দেখিলেই তাহার এক এক খণ্ড অর্পণ করিয়া থাকে।

এই ত্রিবিধ আলেখিয়ার মধ্যে গণেশ-ঝুলী-ধারীরা ভিক্ষার্থ গৃহে গৃহে গমন করে ও ইচ্ছা হইলে, তথায় কিয়ৎক্ষণ বিশ্রাম করিতেও পারে। কিন্তু কালী-ঝুলী-ধারীরা ও ভৈরব-ঝুলী-ধারীরা কাহারও দ্বারস্থ হয় না; পথ দিয়া অল্‌খ অল্‌খ শব্দ উচ্চারণ করিতে করিতে যায়, যাঁহার ইচ্ছা হয় তিনি ইহাদিগকে আহ্বান করিয়া ভিক্ষা দান করেন।

আলেখিয়েরা কেবল ভক্ষ্য সংগ্রহ করিয়া নিবৃত্ত হয় না; নিজে রন্ধন করিয়া ভোজন করায়। এই নিমিত্ত কোন কোন ব্যক্তিকে বৃহৎ বৃহৎ তামার হাঁড়ী, ঘড়া প্রভৃতি ধাতু-পাত্র সঙ্গে রাখিতে দেখা যায়। সন্ন্যাসীরা যে সময়ে একত্র তীর্থ-যাত্রা করে অথবা কুত্রাপি অবস্থিতি করিয়া থাকে, তখন তাহার অন্তর্গত আলেখিয়েরাই, যত জনকে পারে, ভোজন করায় দেখিতে পাই। সন্ন্যাসীদের মধ্যে ইহাদের বৃত্তি সর্ব্ব-শ্রেষ্ঠ বোধ হয়। এ বৃত্তিটি ভূলোকের অপেক্ষায় উৎকৃষ্টতর লোকের উপযুক্ত।

* ছাগলের মেটে ভাজা।

ইহারা গাত্রে একরূপ খেল্‌কা ও কতকগুলি অলঙ্কার ব্যবহার করে। অনেকে রৌপ্য, পিত্তল অথবা তাম্র-নির্ম্মিত চারি পাঁচ হারা জিজিরের মত একরূপ অলঙ্কার পায়ে পরে, তাহার নাম গির্নার হাল। তাহার মধ্য-স্থলে একরূপ সামুদ্রিক বস্তু সন্নিবেশিত হয়, তাহাকে ইহারা সাধন-যন্ত্র-বিশেষ বলিয়া থাকে। ইহারা জিজিরের সদৃশ কিন্তু তদপেক্ষা স্থূল আর এক প্রকার অলঙ্কার ধারণ করে, তাহার নাম তোড়া। তদ্ভিন্ন কেহ কেহ হস্তে ও বাহু-দেশে ছল্লা, অঙ্গুরী প্রভৃতি স্বর্ণ ও রৌপ্য রচিত অন্য অন্য প্রকার ভূষণও ব্যবহার করিয়া থাকে। এইরূপ বিবিধ ভূষণে ভূষিত হইয়া, উদর ও বক্ষঃস্থল মতঙ্গা * নামক ঔর্ণ রশ্মিতে পরিবেষ্টিত করিয়া, বাম হস্তে ঝুলী ও খর্পর ও দক্ষিণ হস্তে চিমটা লইয়া এবং সন্ন্যাসী মাত্রের ব্যবহার্য্য বিভূতি রুদ্রাক্ষাদি অপরাপর উপকরণ গ্রহণ করিয়া, ঘুঙ্গুরের শব্দ করিতে, করিতে, যখন ভিক্ষার্থ পর্য্যটন করে, তখন বড় মন্দ দেখায় না।

আলেখিয়েরা গির্নার, পুনা প্রভৃতি অনেক স্থানে অবস্থিতি করে ও মধ্যে মধ্যে তীর্থ-পর্য্যটন করিতে যায়।

---

* ইহারা ৪০।৫০ হস্ত পরিমিত একগাছি ঔর্ণ রজ্জু কৌপীনের উপর হইতে কক্ষ দেশ পর্য্যন্ত বেষ্টন করে ও সেই রজ্জুর দুই প্রান্তে ঘুঙ্গুর বান্ধিয়া রাখে; ইহাকেই মতঙ্গা বলে।

## দঙ্গলী।

সংসারে অর্থের বল অত্যন্ত অধিক। সন্ন্যাসীদেরও এক সম্প্রদায়ে ভিক্ষা-বৃত্তি পরিত্যাগ করিয়া বাণিজ্য-ব্যবসায়ে প্রবৃত্ত হইয়াছে। ইহাদের নাম দঙ্গলী। হায়-দারাবাদ, পুনা, সেতারা প্রভৃতি অনেকানেক প্রসিদ্ধ নগরে ইহাদের মঠ ও কুঠি বিদ্যমান আছে। পূর্ব্বে কলিকাতার মধ্যেও ইহাদের কুঠি ছিল শুনিয়াছি; এক্ষণে উহার পূর্ব্ব দিকে বেলেঘাটায় একটি চূর্ণ-ব্যবসায়ী দঙ্গলী সন্ন্যাসী অবস্থিতি করিয়া থাকে।

এই সম্প্রদায়ী এক এক মঠাধ্যক্ষ অর্থাৎ মহন্ত বহু-বিস্তৃত বাণিজ্য অবলম্বন করিয়া বিপুল সম্পত্তির অধিকারী হইয়াছেন। এমন কি, কোন কোন মহন্তের কোটি কোটি টাকার বিষয় ও নিজের জাহাজও আছে; সেই জাহাজে দেশ বিদেশে পণ্য সামগ্রী প্রেরিত হয়। তিনি স্বয়ং মঠে অবস্থিতি করিয়া মঠের কার্য্য সম্পাদন করেন; শিষ্যেরা ও অন্য অন্য কর্ম্মচারীরা দেশ দেশান্তর গমনাগমন পূর্ব্বক বাণিজ্য-ব্যাপার নির্ব্বাহ করিতে থাকে। উহার দ্বারা যে অর্থ সংগ্রহ হয়, তাহা সন্ন্যাসীদের ভোজন, দেব-মন্দির নির্ম্মাণ ও প্রতিষ্ঠা এবং তাদৃশ অন্যান্য ক্রিয়াতে ব্যয় হইয়া থাকে।

দঙ্গলী মহন্তেরা বালক ক্রয় করিয়া শিষ্য অর্থাৎ চেলা করেন ও যত্ন পূর্ব্বক তাহাকে প্রতিপালন ও শিক্ষা-দান করিয়া থাকেন। কিছু দিন এইরূপ পরি-

পালন করিয়া যদি মঠাধ্যক্ষ হইবার উপযুক্ত বোধ হয়, তাহা হইলে বরাবর রাখিয়া দেন, নতুবা অন্য কোন দশনামী সন্ন্যাসীকে সমর্পণ করেন।

---

## অঘোরী।

তত্ত্বজ্ঞানাবলম্বী পরমহংসেরা সমুদয় ব্রহ্মময় বোধ করিয়া মনে মনেই সর্ব্বত্র সমদৃষ্টি অভ্যাস করেন ; অধুনাতন অঘোরীরা সেই বোধ ও সেই দৃষ্টিটি কার্য্যে পরিণত করিয়া বিষ্ঠা চন্দন সমান জ্ঞান করে এইরূপ দেখাইয়া থাকে। তদনুসারে তাহারা নানারূপ বীভৎস ব্যবহার সহকারে ভিক্ষা করিয়া বেড়ায়। তাহারা সকল বস্তুতে সমভাব ও সমদর্শিতা জানাইবার উদ্দেশে শরীরে বিষ্ঠা মূত্রাদি লেপন করে, এবং করোটি বা কাষ্ঠপাত্রে রাখিয়া সঙ্গে লইয়া যায়। ঐ সমস্ত ঘৃণিত বস্তু ভক্ষণ করে, অথবা গৃহস্থের নিকট ভিক্ষা না পাইলে, তাহার গৃহে ক্ষেপণ করিয়া থাকে। গৃহস্থকে ভয় প্রদর্শন করিবার উদ্দেশে আপনার অঙ্গ-বিশেষে আঘাত করিয়াও শোণিত নিঃসারণ করে, এবং অপরাপর বহু প্রকার কুৎসিত আচরণ দ্বারা গৃহস্থকে উত্ত্যক্ত করিয়া থাকে।

অঘোরী হইতে হইলে, প্রথমে যথানিয়মে সন্ন্যাস লইয়া পশ্চাৎ অঘোর-মন্ত্র গ্রহণ করিতে হয়। সন্ন্যাসীরা ঐ মন্ত্রকে অতীব প্রভাববান্ এবং অঘোরীদিগকে দৈব-শক্তি-সম্পন্ন বলিয়া বিশ্বাস করেন।

**অঘোরান্ন পরো মন্ত্রঃ**

অঘোর-মন্ত্রের পর আর মন্ত্র নাই।

হিন্দুমাত্রেই যেমন সচরাচর প্রত্যয় যান, পূর্ব্বতন ঋষি মুনিরা গো-বধ করিয়া পুনর্জ্জীবিত করিয়া দিতেন, সেইরূপ, শৈব উদাসীনেরা বলেন, অঘোরীরা এখনও নর-বধ ও নর-মাংস ভোজন পূর্ব্বক মন্ত্র-বলে পুনর্ব্বার জীবিত করিয়া দেয়।

পূর্ব্বকালীন অঘোরীরা উৎকট নিয়মানুসারে ঘোর-রূপা শৈব-শক্তি-বিশেষের অর্চ্চনা করিত। তাহারা অস্থি-সহকৃত ও নর-কপাল-যুক্ত এক গাছি যষ্টি দণ্ড-কমণ্ডলু স্বরূপ ব্যবহার করিত এবং মদ্য মাংস ভক্ষণ ও নর-বলি দান প্রভৃতি ঘোরতর কর্ম্মে প্রবৃত্ত হইত।

পূর্ব্বে ভারতবর্ষে নর-বলি দান প্রচলিত ছিল ইহা একরূপ প্রসিদ্ধই আছে। বেদাদি প্রাচীন গ্রন্থে, বৃহৎ-কথাদি উপাখ্যান-পুস্তকে ও অপরাপর কাব্য ও নাটকে এ বিষয়ের বিস্তর বর্ণনা আছে। ভবভূতি-প্রণীত মালতী-মাধব নাটকে লিখিত আছে, অঘোরঘণ্টা চামুণ্ডার উদ্দেশে মালতীকে বলিদান দিতে উদ্যত হয়* এমন

---

* যদস্তু তদস্তু ব্যাপাদয়ামি। চামুণ্ডে ভগবতি মন্ত্রসাধনাদাবুদ্দিষ্টা-মুপনিহিতাং গৃহাণ পূজাম্।

মালতীমাধব পঞ্চমাঙ্ক।

যাহা হউক, তাহা হউক, আমি ছেদন করি। ভগবতি চামুণ্ডে! তুমি এই মন্ত্র-সাধনাদি বিষয়ে উদ্দিষ্ট পূজা গ্রহণ কর।

সময়ে মাধব আসিয়া তাহাকে রক্ষা করেন। ঐ অঘোর-ঘণ্টা পূর্ব্বকালীন অঘোরীই বোধ হয়।

অঘোরীদের সংখ্যা এখন অল্প হইয়া গিয়াছে এই নিমিত্ত এ অঞ্চলে সচরাচর দেখিতে পাওয়া যায় না।

---

## ঊর্দ্ধবাহু, আকাশমুখী, নখী, ঠাড়েশ্বরী, ঊর্দ্ধমুখী, পঞ্চধূনী, মৌন-ব্রতী, জলশয্যী ও জলধারা-তপস্বী।

শারীরিক কষ্ট স্বীকার দ্বারা দেবতা-বিশেষের তুষ্টি সাধন করা হিন্দু-ধর্ম্মের একটি প্রধান অঙ্গ। সন্ন্যাসীদের মধ্যে, অনেকে ঐরূপ কঠোর তপস্যা অবলম্বন করিয়া ঊর্দ্ধ-বাহু, আকাশমুখী, পঞ্চধূনী প্রভৃতি বিবিধ উপাধি গ্রহণ করেন। যাঁহারা এক বা উভয় বাহুকে ঊর্দ্ধদিকে উন্নত করিয়া রাখেন, তাঁহাদের নাম ঊর্দ্ধবাহু। যে সকল সন্ন্যাসী সতত ঊর্দ্ধমুখে থাকেন, তাঁহাদের নাম আকাশমুখী। নখরক্ষা করা যে সকল সন্ন্যাসীর বিশেষ ব্রত, তাঁহাদের নাম নখী।

ঠাড়েশ্বরী সন্ন্যাসীরা দিবা-রাত্র দণ্ডায়মান থাকেন। এইরূপ অবস্থাতেই ভোজনাদি সকল কর্ম্ম সমাধা করেন ও সম্মুখে একটা কিছু অবলম্বন করিয়া ঐরূপ অবস্থাতেই নিদ্রা যান।

কোন কোন সন্ন্যাসী ঊর্দ্ধ-পাদ ও নিম্ন-মস্তক হইয়া

তপস্যা করেন। ইহাঁরা ঊর্দ্ধদিকে বৃক্ষ-শাখাদি কোন বস্তুতে পা দুটি বন্ধন পূর্ব্বক অধোমস্তক হইয়া ঝুলিতে থাকেন ও মস্তকের নিম্নদেশে অগ্নি স্থাপন করিয়া রাখেন। ঐরূপ অবস্থায় মস্তকের ঊর্দ্ধদেশে মুখ থাকে বলিয়া ইহাঁদিগকে ঊর্দ্ধমুখী অথবা ঊর্দ্ধমুখ তপস্বী বলে *।

পঞ্চধূনী সন্ন্যাসীরা আপনার চারি দিকে চারি স্থানে ও সম্মুখে অন্য এক স্থানে অগ্নি স্থাপন করিয়া তপস্যা করেন এবং সেই সম্মুখস্থ অগ্নিতে হোম ও ভোগ দিয়া থাকেন। ইহাঁরা এইরূপ পাঁচ স্থানে ধূনী অর্থাৎ অগ্নি প্রজ্জ্বলিত করিয়া তপস্যা করেন এই নিমিত্ত ইহাঁদের নাম পঞ্চধূনী হইয়াছে।

যাঁহারা পরমার্থ-সাধনোদ্দেশে লোকের সহিত বাক্যালাপ পরিত্যাগ করিয়া যথা বিধানে মৌন-ব্রত অবলম্বন করেন, তাঁহাদিগকে মৌনী বা মৌন-ব্রতী বলে। তাঁহারা অশেষ রূপ অঙ্গ-ভঙ্গী দ্বারা, এবং কেহ কেহ সেই সঙ্গে উঁ আঁ প্রভৃতি অব্যক্ত শব্দ উচ্চারণ পূর্ব্বক, মনের অভিপ্রায় প্রকাশ করিয়া থাকেন।

কোন কোন সন্ন্যাসী সায়ংকাল অবধি সূর্য্যোদয় পর্য্যন্ত জল-মধ্যে শরীর মগ্ন রাখিয়া তপস্যা করেন। এই রূপ তপস্যাকে জলশয্যা বলে এবং ঐ সমস্ত তপস্বীকে জলশয্যী বলিয়া উল্লেখ করা যায়।

---

* রামাৎ নিমাৎ প্রভৃতি বৈরাগীদের মধ্যেও ঠাড়েশ্বরী ও ঊর্দ্ধমুখী আছে।

আর একরূপ জল-তপস্যা আছে, তাহার নাম জল-ধারা। নির্দ্দিষ্ট স্থানে বসিবার উপযুক্ত একটি খাত খনন করিয়া তাহার উপরে মঞ্চ প্রস্তুত করিতে হয়; সেই মঞ্চের উপর একটি বহু-ছিদ্র-যুক্ত জল-পাত্র থাকে। তপস্বী ঐ খাতের মধ্যে উপবেশন করেন এবং তাঁহার কোন শিষ্যে উল্লিখিত জল-পাত্রে নিরন্তর জল সেচন করিতে থাকে। এ তপস্যাটিও রাত্রিকালে অনুষ্ঠিত হয়।

প্রগাঢ় শীতের সময়ে জলধারা ও জলশয্যার অনুষ্ঠান প্রখর গ্রীষ্ম-কালীন পঞ্চধূনীর তপস্যা অপেক্ষাও ভয়ানক। ঐ দুই জলতপস্বীরা যখন তপস্যা ভঙ্গ করিয়া উঠেন, তখন তাঁহাদের শরীরে আর কিছু থাকে না। এই শেষোক্ত দুইপ্রকার তপস্বী ঊর্দ্ধবাহু প্রভৃতির ন্যায় লোক-প্রসিদ্ধ নয়। ইহাঁদের সংখ্যা অতি অল্প।

---

## কড়ালিঙ্গী।

অন্য এক রূপ সন্ন্যাসীর নাম কড়ালিঙ্গী। তাঁহারা উলঙ্গ থাকেন, এবং আপনাদিগকে জিতেন্দ্রিয় বলিয়া প্রকাশ করিবার উদ্দেশে নিরন্তর শিশ্ন-দেশে একটি লৌহ-কুণ্ডল দিয়া রাখেন। নানকপন্থীদের মধ্যেও এই তপস্যা বিদ্যমান আছে।

---

## ফরারী, দুধাধারী ও অলূনা।

আহার-সংযমও হিন্দু-ধর্ম্মের একটি প্রধান অঙ্গ।

সন্ন্যাসীদের মধ্যে অনেকে আপন আপন ভোজন-ক্রিয়ার নিয়মানুসারে এক একটি উপাধি প্রাপ্ত হন; যেমন ফরারী, দুধাধারী ও অলূনা। যাহাঁরা যব, গম, তণ্ডুল, দ্বিদল প্রভৃতি অন্ন ভোজনে বিরত থাকেন ও কেবল ফল মূলাদি ভক্ষণ করিয়া দিন-পাত করেন, তাঁহাদের নাম ফরারী। যাঁহারা দুগ্ধমাত্র পান করিয়া শরীর রক্ষা করেন, তাঁহাদিগকে দুধাধারী বলে। যাঁহারা লবণ-বর্জ্জিত ভোজন করেন, তাঁহাদিগকে সচরাচর অলূনা বলিয়া থাকে।

রামাৎ নিমাৎ প্রভৃতি হিন্দুস্থানী বৈষ্ণবদের মধ্যেও ফরারী দুধাধারী এই দুইটি শ্রেণী বিদ্যমান আছে।

## অঘোরঘড়, গুদড়, সুখড়, রুখড়, ভূখড়, কুকড় ও উখড়।

এইরূপ প্রবাদ আছে যে, ব্রহ্মগিরি নামে একটি দশ-নামী-সন্ন্যাসী যোগি-গুরু গোরক্ষনাথের প্রসাদ লাভ করিয়া অওঘড় নামে একটি মত প্রবর্ত্তিত করেন। সন্ন্যা-সীরা বলেন, গুজরাট অঞ্চলে তাঁহার গাদি আছে, কিন্তু শিষ্য প্রণালী নাই। ঐ গাদির মহন্তের মৃত্যু ঘটিলে, তত্রস্থ সন্ন্যাসীদের মধ্যে এক জনকে প্রকরণ-বিশেষ দ্বারা ঐ অওঘড়-গাদির অধিকারী করা হয়।

ঐ অওঘড়-মত-প্রবর্ত্তক ব্রহ্মগিরির সহিত রুখড় সুখড় প্রভৃতি নিম্ন-লিখিত কয়েকটি মতের সবিশেষ

সম্বন্ধ বর্ণিত হইয়া থাকে। জনশ্রুতি আছে, গোরক্ষ-নাথ তাঁহাকে মন্ত্রদান না করিয়া কর্ণকুণ্ডলাদি কয়েকটি নিজ চিহ্ন প্রদান করেন; ব্রহ্মগিরি তাহা ঐ রুখড় সুখড় প্রভৃতিকে অর্পণ করিয়া যান।

কোন সন্ন্যাসীর মৃত্যু ঘটিলে, সুখড়, রুখড়, গুদড় এই তিন সম্প্রদায়ীরা তাহার অন্ত্যেষ্টি-ক্রিয়া-সংক্রান্ত সমস্ত কার্য্য নির্ব্বাহ করে; তাহাকে স্নান করায়, বিভূতি মাখায়, বস্ত্র পরিধান করায় ও সমাধি দিয়া তাহার সমুদয় সামগ্রী অধিকার করিয়া লয়। ইহাই ইহাদের প্রধান বৃত্তি।

গুদড়, রুখড়, সুখড় এই তিনেই এক একটি কষায়-বর্ণ খেল্‌কা পরিধান করে। রুখড় ও সুখড়েরা দুই কর্ণে তাম্র বা পিত্তল-নির্ম্মিত কুণ্ডল ধারণ করে, আর গুদড়েরা এক কর্ণে কুণ্ডল আর এক কর্ণে অওঘড়ের পদ-চিহ্ন-যুক্ত তামার তক্তি রাখে। ঐ কুণ্ডলাদিকে খেচরী মুদ্রা বলে।

উল্লিখিত তিন সম্প্রদায়ে পাত্র-বিশেষে ধূপ জ্বালাইয়া ভিক্ষা করে। গুদড়েরা ধুনচীতে এবং রুখড় ও সুখড়েরা খর্পরে অর্থাৎ নারিকেলের মালাতে ঐ ধূপাগ্নি রাখে এবং যে যাহা কিছু ভিক্ষা দেয় তাহাও উহাতেই গ্রহণ করিয়া থাকে। এদিকে ভূখড় ও কুকড়দিগকে প্রায় দেখিতে পাওয়া যায় না। শুনিয়াছি, ভূখড়েরা ঐরূপ খর্পর লইয়া ভিক্ষা করে কিন্তু ধূপ জ্বালায় না। কুকড়েরা একটি নূতন হাঁড়ীতে ভিক্ষা করে ও তাহাতেই পাক করিয়া খায়। সেই হাঁড়ীকে কালী হাঁড়ী কহে।

যে দুই প্রবন্ধ অবলম্বন করিয়া এই পুস্তক লিখিতে

প্রবৃত্ত হই, তাহাতে উগড় নামে একরূপ সন্ন্যাসীর প্রসঙ্গ আছে। কিন্তু আমি অনেক অনুসন্ধান করিয়াও তাহাদের অস্তিত্ব নিরূপণ করিতে পারি নাই। তাহাতে লিখিত আছে, সুখড়, রুখড়, গুদড় এই তিন সম্প্রদায়ের মধ্যে যাহারা মদ্য, মাংস ব্যবহার করে, তাহাদের নাম উখড়।

---

## অবধূতানী।

### (অবধূতী)

এদেশীয় স্ত্রীলোক-বিশেষে যেমন ভেক লইয়া বৈষ্ণবী হয়, সেইরূপ, পশ্চিমোত্তর-প্রদেশীয় কোন কোন স্ত্রীলোকে সন্ন্যাস গ্রহণ করিয়া অবধূতানী নাম প্রাপ্ত হয়। সংস্কৃত ভাষায় ইহাকে অবধূতী বলে।

**अवधूत: शिव: साक्षादवधूत: सदाशिव:।**
**अवधूती शिवा देवि अवधूताश्रमं शृणु।**

মুণ্ডমালাতন্ত্র ২য় পটল।

অবধূত সাক্ষাৎ সদাশিব-স্বরূপ ও অবধূতী শিবা-রূপিণী। অতএব দেবি! অবধূতাশ্রমের বিষয় শ্রবণ কর।

ইহারা সন্ন্যাসীদের ন্যায় বিভূতি রুদ্রাক্ষাদি শৈব-চিহ্ন ধারণ করে, মধ্যে মধ্যে তীর্থ পর্য্যটন করিতে যায় ও ভিক্ষা করিয়া জীবন-যাত্রা নির্ব্বাহ করিতে থাকে, কিন্তু তাহাদের পঙ্ক্তিতে উপবেশন করিতে পায় না।

গঙ্গাগিরি নামে একটি স্ত্রীলোক প্রথম অবধূতানী হয় এইরূপ প্রবাদ আছে। সন্ন্যাসীই যেমন সন্ন্যাসীর গুরু, সেইরূপ, অবধূতানীর গুরু অবধূতানী; সন্ন্যাসীরা স্ত্রী লোককে সন্ন্যাস-মন্ত্র উপদেশ দেন না।

ইহাদের মধ্যেও সাত্বিক ভাবের লোক অতি অল্প; তবে কদাচিৎ দুই একটিকে দেখিয়া বুদ্ধিমতী ও ধর্ম্ম-পরায়ণা বোধ হয়। যতগুলি অবধূতীর সহিত আমার সাক্ষাৎকার ঘটে, তাহার মধ্যে হিমালয়ের অন্তর্গত ও কাশ্মীরের পূর্ব্ব-দক্ষিণস্থ কোন নগরের একটি অবধূতানীকে তেজস্বিনী ও বুদ্ধিমতী দেখিয়াছিলাম। তিনি কথায় কথায় হিন্দী শ্লোক পাঠ করেন ও অনেক প্রমাণ-প্রয়োগ সহকারে আপন ধর্ম্মের পরিচয় দিয়া থাকেন।

---

## ঘরবাঁরী সন্ন্যাসী।

যে সমস্ত সন্ন্যাসী স্ত্রী পুত্ত্রাদি লইয়া সংসার করে, তাহাদের নাম ঘরবাঁরী সন্ন্যাসী। মুণ্ডমালা তন্ত্রে যে গৃহাবধূতের বৃত্তান্ত আছে *, তাহা সেই ঘরবাঁরীদেরই বিবরণ বোধ হয়। অপরাপর সন্ন্যাসীরা তাহাদিগকে অত্যন্ত নিকৃষ্ট বলিয়া জানেন; তাহাদের সহিত আহার ব্যবহার করা দূরে থাকুক, তাহাদের স্পৃষ্ট অন্নও ভক্ষণ করেন না। নিজ সম্প্রদায়ের মধ্যেই তাহাদের বিবাহাদি হইয়া থাকে। ঘরবাঁরী দণ্ডীদের ন্যায় তাহাদেরও স্বমঠে বিবাহ করা নিষিদ্ধ। শৃঙ্গগিরি মঠের অন্তর্গত পুরি গোসাঁইয়ে

---

* ৬৫ পৃষ্ঠা দেখ।

জ্যোসী মঠের গিরি গোসাঁইয়ের গৃহে বিবাহ করিতে পারে, নিজ মঠের পুরি বা ভারতী কন্যার পাণি-গ্রহণ করিতে পারে না।

---

## ঠিকরনাথ।

ইহারা ভৈরবের উপাসক। বহু-ছিদ্র-যুক্ত একরূপ মৃৎপাত্রের নাম ঠিকরা; ইহারা সেই ঠিকরা হস্তে করিয়া ভিক্ষা করে এই নিমিত্ত ঠিকরনাথ বলিয়া খ্যাত হইয়াছে। ইহারা ললাটে মসী ও সিন্দূর লেপন পূর্ব্বক ভীষণ মূর্ত্তি ধারণ করিয়া ভিক্ষায় যায়। হস্তে একপ্রকার বৃক্ষ-পত্র রাখিয়া তাহার উপরে ঠিকরা স্থাপন করে ও তাহাতে অগ্নি প্রজ্জ্বলিত করিয়া ঘৃত ও তৈল অর্পণ করিতে থাকে। শিকল, চিম্‌টা ও লৌহ-শলাকা সঙ্গে রাখে, ও সেই সমুদয় ঐ অগ্নিতে উত্তপ্ত করে। যদি কেহ ভিক্ষা দিতে বিলম্ব বা অস্বীকার করে, তাহা হইলে ঐ সমস্ত নিজ শরীরে আঘাত করিয়া রক্ত-পাত করিতে থাকে।

ইহারা মদ্য মাংস ব্যবহার করে ও ইতর ভদ্র সমুদয় জাতিরই অন্ন ভক্ষণ করিয়া থাকে। অপরাপর দশনামীরা ইহাদের সহিত কোনরূপ ভোজ্যান্নতা-সম্বন্ধ রাখেন না।

এইরূপ একটি প্রবাদ আছে যে, গঙ্গাগিরি অবধুতানী হইতেই ঠিকরনাথ-সম্প্রদায়ের উৎপত্তি হইয়াছে। ইহারা এদেশে অতি বিরল। আবু, গির্নার, কচ ও গুজরাট অঞ্চলে অনেক দেখিতে পাওয়া যায়।

## সর্ব্বভঙ্গী।

ইহারা বর্ণ-বিচার একবারেই পরিত্যাগ করিয়াছে; নীচ ও উচ্চ সকল জাতির গৃহেই অন্ন ভিক্ষা করিয়া ভোজন করে। কোন দেশের ধর্ম্ম-সম্প্রদায়ের মধ্যে অদ্ভুত ও অলৌকিক উপাখ্যানের অসদ্ভাব নাই। দশনামীদেরও মধ্যে এইরূপ একটি কথা প্রচলিত আছে যে, যিনি এই সম্প্রদায়টি প্রবর্ত্তিত করেন, তিনি ব্রাহ্মণ অবধি অন্ত্যজ পর্য্যন্ত সকল জাতির অন্ন একত্র ভিক্ষা করিয়া তদুপরি মন্ত্র-পূত জল নিক্ষেপ করিতেন। করিলে, সকল জাতির অন্ন পৃথক্ পৃথক্ হইয়া যাইত ও তাহা হইতে তিনি ব্রাহ্মণের অন্ন মাত্র গ্রহণ করিয়া ভক্ষণ করিতেন।

ইহারাও পূর্ব্বোক্ত অঘোরীদের ন্যায় অস্থি, নর-কপাল ও মল-মূত্র ব্যবহার করে এবং শুনিতে পাই, অনেকে আপনাদিগকে ঐ অঘোরী বলিয়াই পরিচয় দেয়।

অন্য অন্য দশনামীরা ইহাদিগকে অত্যন্ত ঘৃণা করে; এমন কি, ইহাদের সহিত সহবাস ও আহার ব্যবহার করিতেও অসম্মত হয়।

---

## ত্যাগসন্ন্যাসী।

ত্যাগসন্ন্যাসী সর্ব্ব-ত্যাগী ও নিতান্ত অযাচক; আহার-দ্রব্য দাও আহার করিবেন, না দাও উপবাসী থাকিবেন; পরিধেয় দাও পরিধান করিবেন, না দাও বিবস্ত্র রহি-

বেন। এরূপ মহাপুরুষ বলিয়া যাঁহাদের সম্ভ্রম জন্মিয়াছে, তাঁহাদের আর ভিক্ষা করিবার প্রয়োজন থাকে না এবং জীবনযাত্রা-নির্ব্বাহেরও কোন অংশে অপ্রতুল হইবার বিষয় নাই। লোকে তাঁহাদিগকে সাক্ষাৎ পরমেশ্বর জ্ঞান করিয়া তদীয় পদ-যুগলে অপর্য্যাপ্ত পূজা-দ্রব্য অর্পণ করিতে থাকে।

যে সকল সন্ন্যাসী ও পরমহংস আপনাদিগকে তত্ত্ব-জ্ঞানের উচ্চতর সোপানে সমারূঢ় বোধ করেন, তাঁহাদেরই মধ্যে কেহ কেহ এই বৃত্তি অবলম্বন করিয়া থাকেন। কাশীর সুপ্রসিদ্ধ তৈলঙ্গস্বামী এই অবস্থার লোক ছিলেন বলিয়া প্রবাদ আছে।

---

## আতুর-সন্ন্যাসী, মানস-সন্ন্যাসী ও অন্ত-সন্ন্যাসী।

এপর্য্যন্ত যত প্রকার সন্ন্যাসীর বিবরণ লিখিত হইল, তাহারা দশনামীর অন্তর্গত। তদ্ভিন্ন আর কতকগুলি উদাসীন সন্ন্যাসী বলিয়া প্রসিদ্ধ আছে; যেমন আতুর-সন্ন্যাসী, মানস-সন্ন্যাসী ও অন্ত-সন্ন্যাসী।

দাক্ষিণাত্য লোকের মধ্যে মুমূর্ষু ব্যক্তি-বিশেষকে সন্ন্যাস গ্রহণ ও নির্গুণ মন্ত্রোপদেশ করাইবার প্রথা প্রচলিত আছে। এইরূপ সন্ন্যাসকে আতুর-সন্ন্যাস বলে। পরকালে সদ্গতি-লাভই এইরূপ সন্ন্যাস-গ্রহণের উদ্দেশ্য।

আতুর-সন্ন্যাস গ্রহণ করিয়া যাঁহার মৃত্যু না ঘটে, তিনি পুনরায় গৃহ-প্রবেশ করিতে পান না; যাবজ্জীবন উদাসীন-ভাবেই কাল-হরণ করেন। তুলসীদাস নামে একটি দাক্ষিণাত্য ব্রাহ্মণ ঐরূপ সন্ন্যাস-মন্ত্র গ্রহণ করিবার পর রোগ হইতে মুক্ত হন, ও কাশী-বাস করিয়া বেদান্ত-মতানুসারে তত্ত্বজ্ঞানের বিশেষরূপ অনুশীলন করেন। তিনি একটি প্রধান বৈদান্তিক ও তেজীয়ান্ লোক ছিলেন। তাঁহাকে একবার চর্ম্মপাদুকা পায়ে পঞ্চ-ক্রোশী কাশী পরিক্রম করিতে দেখিয়া, কোন কোন সন্ন্যাসী জিজ্ঞাসিল, স্বামী! আপনি কোন্ শাস্ত্রের বিধানক্রমে চর্ম্মপাদুকা পায়ে কাশী পরিক্রম করিতেছেন? তিনি উত্তর দিলেন, আমি চর্ম্মপাদুকা কোথায় পাইব? আমার একখানি পাদুকা কর্ম্মীদের মস্তকে ও অপর খানি উপাসকদিগের শিরোদেশে নিক্ষিপ্ত রহিয়াছে।

যিনি মনে মনে সন্ন্যাস অবলম্বন করিয়া গৃহাশ্রম পরিত্যাগ করেন ও তদুচিত অনুষ্ঠান করিতে প্রবৃত্ত থাকেন, অথচ গেরুয়া-বস্ত্রাদি সন্ন্যাস-চিহ্ন ধারণ করেন না, তাঁহার নাম মানস-সন্ন্যাসী।

যিনি এক স্থানে উপবেশন ও অনশন পুর্ব্বক পরব্রহ্মে মনঃ সমাধান করিয়া প্রাণ-ত্যাগ করিতে কৃত-সঙ্কল্প হন, তাঁহার নাম অন্ত-সন্ন্যাসী। এখন এরূপ সন্ন্যাসী অতি বিরল, কিন্তু একজন পরমহংস আমাকে বলেন, আমি হরিদ্বারে এইরূপ একজন সন্ন্যাসী দেখিয়াছি।

## ব্রহ্মচারী।

ব্রহ্মচারীরা গিরি পুরি প্রভৃতি দশনামের কোন উপাধি প্রাপ্ত হন না, সুতরাং তাহার অন্তর্ভূত বলিয়া পরিগণিত হইতে পারেন না। শঙ্করাচার্য্যের প্রতিষ্ঠিত উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম চারি মঠের চারি প্রকার ব্রহ্মচারী নির্দ্দিষ্ট আছে; উত্তর মঠের আনন্দ, দক্ষিণ মঠের চৈতন্য, পূর্ব্ব মঠের প্রকাশ ও পশ্চিম মঠের স্বরূপ ব্রহ্মচারী। তদনুসারে ব্রহ্মচারীরা ইহারই কোন না কোন উপাধি ধারণ করেন।

ব্রাহ্মণের প্রথম আশ্রম যে স্মৃত্যুক্ত ব্রহ্মচর্য্য, তাহা এ ব্রহ্মচর্য্য নয়, বরং একালে সেই দীর্ঘ-কাল-ব্যাপী ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান করিতে নিষেধ দেখিতে পাওয়া যায়*।

---

* दीर्घकालं ब्रह्मचर्य्यं धारणञ्च कमण्डलोः।
देवरेण सुतोत्पत्तिर्दत्तकन्या प्रदीयते॥
कन्या नामसवर्णानां विवाहश्च द्विजातिभिः।
आततायिद्विजाग्र्याणां धर्मयुद्धे निर्हिंसनम्॥
वानप्रस्थाश्रमस्यापि प्रवेशो विधिदेशितः।
वृत्तस्वाध्यायसापेक्षमघसङ्कोचनं तथा॥
प्रायश्चित्तविधानञ्च विप्राणां मरणान्तिकम्।
संसर्गदोषः पापेषु मधुपर्के पशोर्वधः॥
दत्तौरसेतरेषान्तु पुत्रत्वेन परिग्रहः।
शूद्रेषु दासगोपालकुलमित्रार्द्धसीरिणाम्॥
भोज्यान्नता गृहस्थस्य तीर्थसेवातिदूरतः।
ब्राह्मणादिषु शूद्रस्य पक्वतादिक्रियापि च॥

অধুনাতন ব্রহ্মচারীতে গেরুয়া-বস্ত্র পরিধান ও ফল-মূলাদি আহার করিবে, নখ-লোমাদি রক্ষা করিবে, এবং হস্তে ত্রিশূল ও কর্ণ-যুগলে তাম্র-যুক্ত রুদ্রাক্ষ-মালা ধারণ করিবে এইরূপ ব্যবস্থা আছে।

---

ভৃগ্বগ্নিমরণঞ্চৈব বৃদ্ধাদিমরণং তথা।
এতানি লোকগুপ্ত্যর্থং কলেরাদৌ মহাত্মভিঃ।
নিবর্ত্তিতানি কর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বকং বুধৈঃ॥

উদ্বাহতত্ত্ব-ধৃত আদিত্যপুরাণীয় বচন।

দীর্ঘকাল ব্রহ্মচর্য্য, কমণ্ডলু-ধারণ, দেবরের দ্বারা পুত্র উৎপাদন, বাগ্দত্তা কন্যার সম্প্রদান, ব্রাহ্মণাদি তিন বর্ণের অসবর্ণা কন্যা-গ্রহণ, ধর্ম্ম-যুদ্ধে আততায়ী ব্রাহ্মণের হিংসা, যথা বিধি বানপ্রস্থ আশ্রম অবলম্বন, বৃত্ত এবং স্বাধ্যায় দ্বারা অশৌচ-সঙ্কোচ, ব্রাহ্মণের মরণান্ত প্রায়শ্চিত্ত, সংসর্গ-জন্য পাপ, মধুপর্ক-প্রদানে পশু-বধ, দত্তক-পুত্র ও ঔরস পুত্র ভিন্ন অপর পুত্র স্বীকার, শূদ্রের মধ্যে দাস, গোপাল, কুলমিত্র ও অর্দ্ধসীরী * ব্যক্তির সহিত গৃহস্থের ভোজ্যান্নতা, অতি দূরে তীর্থ-সেবা, শূদ্র কর্ত্তৃক ব্রাহ্মণের অন্ন-পাক, অগ্নি দ্বারা ও উচ্চ স্থান হইতে পতন দ্বারা ইচ্ছা-মৃত্যু, বৃদ্ধ ব্যক্তি প্রভৃতির ইচ্ছা-মৃত্যু এই সকল কর্ম্মকে মহাত্মা পণ্ডিতেরা লোক-রক্ষার্থ ব্যবস্থা করিয়া নিষেধ করিয়াছেন।

এই কয়েকটি বচনে পূর্ব্ব-কালের অনেক প্রকার আচার ব্যবহার অবগত হওয়া যাইতেছে। এই নিমিত্ত সমুদায় বচনগুলি উদ্ধৃত করিয়া রাখিলাম।

---

* যে কৃষকের সহিত ক্ষেত্র উৎপন্ন শস্যের অর্দ্ধাংশ ভাগ করিয়া লইবার বন্দোবস্ত থাকে, তাহাকে অর্দ্ধসীরী বলে।

গৈরিকং বসনং কুর্য্যাদ্দেবতাধ্যানতৎপরঃ।
ফলমূলাহাররতো দুগ্ধং গব্যং সমাহরেৎ॥

নির্ব্বাণ-তন্ত্র।

ব্রহ্মচারীতে গৈরিক বস্ত্র পরিধান করিবে, দেবতা-ধ্যানে অনু-রক্ত হইবে, এবং ফল মূল ভক্ষণ ও গো-দুগ্ধ পান করিতে থাকিবে।

নখলোমাদিকং দেবি ন ত্যজ্যং ব্রহ্মচারিণা।
সদৈব তু সদাভাবং সদৈব ধ্যানতৎপরঃ॥
ত্রিশূলং ধারয়েন্নিত্যং ত্রিশিখাং বাপি ধারয়েৎ।
তাম্রযুক্তশ্চ রুদ্রাক্ষং কর্ণযুগ্মে নিবেশয়েৎ॥

নির্ব্বাণ-তন্ত্র।

ব্রহ্মচারীতে নখ-লোমাদি রক্ষা করিবে, সর্ব্বদা ভাব-যুক্ত হইয়া ইষ্ট-চিন্তায় তৎপর থাকিবে, ত্রিশূল বা ত্রিশিখা ধারণ করিবে এবং কর্ণ-যুগলে তাম্র-যুক্ত রুদ্রাক্ষ-বীজ বিনিবেশিত করিয়া রাখিবে।

তন্ত্রের মতে গৃহস্থ ও উদাসীন উভয়েই ব্রহ্মচারী হইতে পারে, তন্মধ্যে গৃহস্থ ব্রহ্মচারীর প্রতি কাল-বিশেষে স্ত্রী-সঙ্গ করিবারও আদেশ আছে*।

কোন কোন ব্রহ্মচারীও সন্ন্যাসীদের মত কঠোর তপস্যা অবলম্বন করেন। আসিয়াটিক্ রিসর্চ্চ নামক পুস্তকাবলির ৫ পঞ্চম খণ্ডে পরমহংসতন্ত্রপ্রকাশানন্দ ব্রহ্মচারী নামে

---

*ঋতুকালং বিনা নৈব স্বকান্তাগমনং চরেৎ।
প্রাণতোষিণী-ধৃত নির্ব্বাণ-তন্ত্র-বচন।
গৃহস্থ ব্রহ্মচারীতে ঋতু-কাল ব্যতিরেকে স্বস্ত্রী-সংসর্গ করিবে না।

একটি ব্রহ্মচারীর বৃত্তান্ত ও চিত্রময় প্রতিরূপ প্রকটিত আছে ; তিনি কঙ্করময় ও কণ্টকাকীর্ণ শয্যায় শয়ন করিয়া থাকিতেন।

পরম-স্বতন্ত্র প্রকাশানন্দ ব্রহ্মচারী।

ইনি পাঞ্জাব-দেশীয় একটি ব্রাহ্মণ-কুলে জন্ম গ্রহণ করেন। ইহাঁর পিতামাতা জগন্নাথ দর্শন করিতে গিয়া ঐ অঞ্চলে গুপিগা নামক গ্রামে বাস করিয়া থাকেন ; সেইস্থানে ইহাঁর জন্ম হয়। ইনি দশ বৎসর বয়সেই কঠোর তপস্যা আরম্ভ করেন এবং বিংশতি বৎসর বয়ঃক্রমের সময়ে গৃহ পরিত্যাগ করিয়া তীর্থ-পর্য্যটনে প্রবৃত্ত হন। নেপাল, ভোট, কাশ্মীর, জ্বালামুখী, পেশোয়ার, হিঙ্গলাজ, প্রয়াগ, কাশী, জগন্নাথ-ক্ষেত্র, রামেশ্বর, সৌরাষ্ট্র ও মস্কট প্রভৃতি অনেক দেশ, প্রদেশ ও নগর পরিভ্রমণ করেন। যে সময়ে ইনি কাশীতে অবস্থিতি করেন, সেই সময়ে একটি ইংরেজ ইহাঁর চিত্রময় প্রতিরূপ গ্রহণ করিয়াছিলেন।

ব্রহ্মচারীদের মধ্যেও কুলাচারী ও পশ্বাচারী দুই দল

আছে, অর্থাৎ কেহ কেহ তন্ত্র-মতানুসারে সুরাপান করেন, অপর কেহ উহা স্পর্শও করেন না। কিছু কাল হইল, কালীঘাটে আত্মারাম ব্রহ্মচারী নামে একটি কুলাচার-পরায়ণ ব্রহ্মচারী অবস্থিতি করিতেন। লোকে তাঁহাকে সিদ্ধ পুরুষ বলিয়া বিশ্বাস যাইত। তাঁহার সহিত আমাদের অতিশয় আত্মীয়তা ও বিশেষরূপ বাধ্য-বাধকতা ছিল। তিনি সময় ক্রমে কখন কখন আমাদের আলয়ে আসিয়া অধিষ্ঠিত হইতেন ও এক এক দিন ইষ্ট-সাধন উদ্দেশে রাত্রিকালে সুরাপান করিয়া শক্তি-বিষয় ও শিব-বিষয়াদি পরমার্থ বিষয় যখন বংশীতে গান করিতেন, শুনিয়া লোকের অন্তঃকরণ একেবারে উদাস হইয়া যাইত। আমি সে সময়ে বালক ছিলাম; তিনি আমাকে অত্যন্ত ভাল বাসিতেন ও কথা-প্রসঙ্গে নানাবিধ হিত-গর্ভ সংস্কৃত বচন শিক্ষা দিতেন।

## যোগী।

অধুনাতন যোগীরাও শৈব-সম্প্রদায়ের মধ্যে পরিগণিত। যোগ-প্রতিপাদক পাতঞ্জল একটি প্রাচীন দর্শন। পুরাণ ও মহাভারতে এবং মালতীমাধব প্রভৃতি সাহিত্যে যোগের প্রসঙ্গ আছে। অতএব যোগধর্ম্ম নিতান্ত অপ্রাচীন বলা যায় না। তবে কিছু পরেই কণ্-ফট্ প্রভৃতি যে সমস্ত ইদানীন্তন যোগি-সম্প্রদায়ের প্রস্তাব উপস্থিত হইবে, সে সমুদায় তাদৃশ প্রাচীন নয় বটে।

হঠপ্রদীপিকা, দত্তাত্রেয়সংহিতা, গোরক্ষসংহিতা এই তিন গ্রন্থে ঐ সমস্ত যোগি-সম্প্রদায়ের অনুষ্ঠেয় যোগ-প্রণালীর আসন প্রাণায়ামাদি সমুদায় অঙ্গের সবিশেষ বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। হঠপ্রদীপিকা গ্রন্থ সহজানন্দ চিন্তামণি স্বাত্মারাম যোগীন্দ্রের কৃত, তাহাতে চারি উপ-দেশ আছে। প্রথম উপদেশে প্রধান প্রধান হঠ-যোগীর নাম, যোগ-সাধনের অনুকূল ও প্রতিকূল ক্রিয়া-সমূহের বিবরণ, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, এই চারি প্রকার যোগাঙ্গ এবং যোগাধিকারের লক্ষণ ও যোগীদিগের ভোজনের নিয়ম লিখিত আছে। দ্বিতীয় উপদেশে ধৌতী বস্তী প্রভৃতি ষট্‌কর্ম্ম ও কয়েক প্রকার কুম্ভকের লক্ষণ নির্দ্দেশিত হইয়াছে। তৃতীয় উপদেশে দশ প্রকার মুদ্রা-সাধনের বিবরণ এবং চতুর্থ উপদেশে সমাধির বিষয় ও নানারূপ সিদ্ধাবস্থার বৃত্তান্ত প্রভৃতি সন্নিবেশিত রহিয়াছে। দত্তাত্রেয়সংহিতা দত্তাত্রেয়-কথিত বলিয়া লিখিত আছে। ভাগবত ও মার্কণ্ডেয় পুরাণ অনুসারে, দত্তাত্রেয় অত্রি ও অনসূয়ার পুত্র এবং বিষ্ণুর অবতার-বিশেষ। লিখিত আছে, তিনি নিজে পরম যোগী ছিলেন ও যোগ-ধর্ম্ম প্রকাশ করিয়া প্রহ্লাদাদিকে উপদেশ দেন*। যে সংহিতাখানি তাঁহার প্রণীত বলিয়া প্রসিদ্ধ আছে,

* ষষ্ঠমত্রেরপত্যত্বং বৃতঃ প্রাপ্তোঽনসূয়য়া।
আন্বিক্ষিকীমলর্কায় প্রহ্লাদাদিভ্য ঊচিবান্॥
ভাগবত। ১ম স্কন্দ। ৩য় অধ্যায়।

অত্রি ও অনসূয়ার পুত্র দত্তাত্রেয় ভগবানের ষষ্ঠ অবতার। তিনি অলর্ক ও প্রহ্লাদাদিকে আত্মবিদ্যা দিয়াছিলেন।

তাহাতে মন্ত্রযোগের * লক্ষণাদি নির্দ্দেশ পূর্ব্বক তাহার নিকৃষ্টত্ব প্রতিপাদন করা হইয়াছে †, লয়যোগের সূচনা পূর্ব্বক নাসাগ্রভাগে দৃষ্টি, ভূমিতে শয়ন, মৃত্যুঞ্জয় ধ্যান প্রভৃতি তাহার অঙ্গ সমুদায় বর্ণন করা হইয়াছে ও প্রণালী-ক্রমে অষ্টাঙ্গ হঠযোগের সবিস্তর বিবরণ করা হইয়াছে। গোরক্ষসংহিতায় গুরু গোরক্ষের উপদিষ্ট যোগ-প্রকরণ বর্ণিত আছে। তাহাতে হঠপ্রদীপিকা ও দত্তাত্রেয়-সংহিতার প্রণালী ক্রমে আসন, প্রাণায়াম, প্রত্যাহার প্রভৃতি যোগাঙ্গের বিবরণ ও ষট্‌চক্র-সাধনের সবিশেষ বৃত্তান্ত লিখিত হইয়াছে। কিন্তু তাহাতে যোগের ছয় অঙ্গ-মাত্র নির্দ্দেশিত আছে ‡ ; যম ও নিয়ম এই দুইটি অঙ্গের

मुनिपुत्रवृतोयोगी दत्तात्रेयोऽप्यसङ्गताम् ।
अभीप्समानः सरसि निममज्ज चिरं विभुः ॥

মার্কণ্ডেয় পুরাণ।

মুনি-পুত্র দ্বারা পরিবেষ্টিত বিভু দত্তাত্রেয় লোক-সংসর্গ পরিত্যাগ ইচ্ছা করিয়া বহুকাল সরোবরে মগ্ন হইয়া ছিলেন।

* মাতৃকা ন্যাসাদি পূর্ব্বক কেবল মন্ত্র-জপ দ্বারা যে যোগ কৃত হয় তাহাকে মন্ত্রযোগ বলে।

† मन्त्रयोगोहि यः प्रोक्तोयोगानामधमः स्मृतः ।

দত্তাত্রেয়সংহিতা।

এই যে মন্ত্রযোগের বিষয় বলিলাম, তাহা সকল যোগের অধম।

‡ आसनं प्राणसंरोधः प्रत्याहारश्च धारणा ।
ध्यानं समाधिरेतानि योगाङ्गानि वदन्ति षट् ॥

আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান এবং সমাধি এই ছয়টি বিষয় যোগের অঙ্গ বলিয়া উল্লিখিত হয়।

প্রসঙ্গ নাই। দত্তাত্রেয়সংহিতায় সমুদয় আট অঙ্গই কথিত হইয়াছে।

**যমশ্চ নিয়মশ্চৈব আসনঞ্চ ততঃ পরম্।**
**প্রাণায়ামশ্চতুর্থঃস্যাৎ প্রত্যাহারশ্চ পঞ্চমঃ॥**
**ষষ্ঠী তু ধারণা প্রোক্তা ধ্যানং সপ্তমমুচ্যতে।**
**সমাধিরষ্টমঃ প্রোক্তঃ সর্ব্বপুণ্যফলপ্রদঃ॥**

যম প্রথম, নিয়ম দ্বিতীয়, তৎপরে আসন তৃতীয়, প্রাণায়াম চতুর্থ, প্রত্যাহার পঞ্চম, ধারণা ষষ্ঠ, ধ্যান সপ্তম, এবং সমস্ত পুণ্য-ফল-দায়ক সমাধি অষ্টম অঙ্গ।

অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য, কৃপা, ক্ষমা, ধৃতি, সারল্য, পরিমিত আহার, শৌচাচার এই দশের নাম যম। তপস্যা, সন্তোষ, আস্তিকতা, দান, দেব-পূজা, সিদ্ধান্ত-শ্রবণ, লজ্জা, মতি, জপ, হোম এই দশের নাম নিয়ম *।

কেবল পরিমিত আহার নয়, ভোজন বিষয়ে যোগী-দের অন্য অন্য কঠোর নিয়ম পালন করিবারও ব্যবস্থা আছে। অম্ল, লবণ, কটু, তিক্ত এই চারি প্রকার রস ও

---

* अहिंसा सत्यमस्तेयं ब्रह्मचर्यं कृपार्जवम्।
क्षमा धृतिर्मिताहारः शौचं चेति यमादयः॥
तपः सन्तोष आस्तिक्यं दानं देवस्य पूजनम्।
सिद्धान्तश्रवणञ्चैव ह्री मतिश्च जपो हुतम्।
दशैते नियमाः प्रोक्ता योगशास्त्रविशारदैः॥

হঠপ্রদীপিকা প্রথম উপদেশ

মৎস্য, মাংস, মদ্য প্রভৃতি ইহাঁদের অভক্ষ্য *। যব, গোধূম, ধান্য, দুগ্ধ ও মধু প্রভৃতি ইহাঁদিগের সুপথ্য †। স্ত্রী-সংসর্গ কোনরূপেই কর্ত্তব্য নয়।

যদি সঙ্গং করোত্যেব বিন্দুস্তস্য বিনশ্যতি।
আয়ুঃক্ষয়োবিন্দুহীনাদসামর্থ্যঞ্চ জায়তে॥
তস্মাৎ স্ত্রীণাং সঙ্গবর্জ্যং কুর্য্যাদভ্যাসমাদরাৎ।
যোগিনোঽঙ্গস্য সিদ্ধিঃ স্যাৎ সততং বিন্দুধারণাৎ॥

দত্তাত্রেয়সংহিতা।

স্ত্রী-সঙ্গ করিলে বিন্দু-ক্ষয় হয় এবং বিন্দু-ক্ষয় হইলে আয়ু-নাশ ও বল-বিনাশ হয়, অতএব যত্ন পূর্ব্বক স্ত্রীলোকের সঙ্গ ত্যাগ অভ্যাস করিবে। বিন্দুধারণ দ্বারা যোগীদের যোগাঙ্গ সমুদায় সতত সিদ্ধ হইয়া থাকে।

---

* কট্বম্লতিক্তলবণোষ্ণহরীতশাক
সৌবীরতৈলতিলসর্ষপমৎস্যমদ্যং।
অজাদিমাংসদধিতক্রকুলত্থকোল
পিন্যাকহিঙ্গুলশুনাদ্যমপথ্যমাহুঃ॥

হঠপ্রদীপিকা।

কটু, অম্ল, তিক্ত, লবণ, উষ্ণ দ্রব্য, হরীত শাক, বদরী ফল, তৈল, তিল, সর্ষপ, মৎস্য, মদ্য, ছাগলাদির মাংস, দধি, তক্র, কুলত্থ কলায়, বরাহমাংস, পিণ্যাক, হিঙ্গু, লসুনাদি দ্রব্য যোগীদিগের অপথ্য।

† গোধূমশালিযবষষ্টিকশোভনান্নম্
ক্ষীরাজ্যখণ্ডনবনীতসিতামধূনি।
শুণ্ঠীকপোলকফলাদিকপঞ্চশাকম্
মুদ্গাদিদিব্যমুদকঞ্চ যমীন্দ্রপথ্যম্॥

হঠপ্রদীপিকা।

গোধূম, শালিধান্য, যব, ষষ্টিক ধান্যরূপ সুচারু অন্ন, ক্ষীর, অখণ্ড নবনীত, চিনি, মধু, শুণ্ঠী, কপোলক ফল, পঞ্চশাক, মুদ্গ প্রভৃতি এবং উত্তম জল এই সকল সামগ্রী যোগীর পথ্য।

এইরূপ বিধান আছে যে, হঠযোগীরা উপদ্রব-শূন্য নির্জ্জন স্থানে অবস্থিতি পূর্ব্বক যোগ-মঠে উপবিষ্ট হইয়া যোগাভ্যাস করিবেন। এই মঠ যে স্থানে যেরূপ নির্ম্মাণ করিতে হইবে ও যে প্রকার করিয়া পরিষ্কৃত রাখিতে হইবে তাহাও সবিশেষ লিখিত আছে।

**सुराज्ये धार्म्मिके देशे सुभिक्षे निरुपद्रवे।**
**एकान्तमाठकामध्ये स्थातव्यं हठयोगिनाम्॥**

হঠপ্রদীপিকা।

যেখানে বহু সংখ্যক ধার্ম্মিক লোকের বাস আছে ও সুন্দররূপ ভিক্ষা পাওয়া যায় এইরূপ উপদ্রব-শূন্য উত্তম রাজ্য-স্থিত যোগ-মঠে হঠযোগীরা নির্জ্জনে বাস করিবেন।

**स्वल्पद्वारमरन्ध्रगर्त्तपिटकं नात्युच्चनीचायतम्**
**सम्यग्गोमयसान्द्रलिप्तममलं निःशेषबाधोज्झितम्।**
**बाह्ये मण्डपकूपवेदिरचितं प्राकारसम्बेष्टितम्**
**प्रोक्तं योगमठस्य लक्षणमिदं सिद्धैर्हठाभ्यासिभिः॥**

হঠপ্রদীপিকা।

যোগ-মঠ ক্ষুদ্র দ্বার বিশিষ্ট, রন্ধ্র-হীন গর্ত্ত-যুক্ত, না অতি উচ্চ না নিম্ন, সম্যক্‌রূপে গোময়-লিপ্ত, পরিষ্কৃত ও নিঃশেষরূপে যোগ-বাধক দ্রব্য-বিহীন হইবে, বাহিরে মণ্ডপ, কূপ ও বেদি প্রস্তুত হইবে, এবং সমগ্র মঠ প্রাচীর দ্বারা পরিবেষ্টিত থাকিবে। হঠযোগীরা যোগ-মঠের এইরূপ লক্ষণ বলিয়া গিয়াছেন।

এই প্রকার যোগ-মঠ সর্ব্বদা পরিষ্কৃত রাখিয়া এবং

সুগন্ধ দ্বারা সুবাসিত* করিয়া তাহার মধ্যে উপবেশন পূর্ব্বক যোগাভ্যাস করিবে। উপবেশনের নানা প্রকার কৌশল আছে, তাহাকে আসন বলে। এই আসন চৌরাশি প্রকার, তন্মধ্যে পদ্মাসনই সচরাচর প্রচলিত। দত্তাত্রেয়সংহিতাতে ঐ আসনই শ্রেষ্ঠ আসন বলিয়া উক্ত হইয়াছে†। কিরূপে এই আসনের অনুষ্ঠান করিতে হয়, পশ্চাৎ লিখিত হইতেছে।

वामोरूपरि दक्षिणं हि चरणं संस्थाप्य वामं तथा
प्यन्योरूपरि तस्य बन्धनविधौ धृत्वा कराभ्यां दृढं ।
अङ्गुष्ठं हृदये निधाय चिबुकं नासाग्रमालोकये
देतद्व्याधिविनाशकारि यमिनां पद्मासनं प्रोच्यते ॥

গোরক্ষসংহিতা।

বাম উরূপরি দক্ষিণ পদ ও দক্ষিণ উরূপরি বাম পদ সংস্থাপন করিবে, ও যেরূপ করিয়া কোন বস্তু বন্ধন করিতে হয় সেই রূপে পশ্চাৎ ভাগ দিয়া দুই হস্ত দ্বারা অঙ্গুষ্ঠ ধারণ করিবে এবং চিবুক বক্ষঃস্থলে স্থাপন করিয়া নাসিকার অগ্রভাগ দৃষ্টি করিতে থাকিবে। যতিদিগের এই আসনকে পদ্মাসন বলে। ইহা ব্যাধি-নাশক।

---

* दिने दिने सुसंमृष्टं सम्मार्जन्याप्यतन्द्रितः ।
वासितञ्च सुगन्धेन धूपितं गुग्गुलादिभिः ॥

দত্তাত্রেয়সংহিতা।

আলস্য পরিত্যাগ পূর্ব্বক প্রতিদিন সম্মার্জনী দ্বারা মঠ পরিষ্কৃত করিবে, এবং ধূপ, গুগ্গুল ও অন্য অন্য সুগন্ধ দ্রব্য দিয়া সুবাসিত করিতে থাকিবে।

† কিন্তু হঠপ্রদীপিকায় সিদ্ধাসন সর্ব্ব-শ্রেষ্ঠ বলিয়া লিখিত আছে।

এইরূপ আসন-বদ্ধ হইয়া প্রাণায়াম করিবে অর্থাৎ নাসিকা দ্বারা শরীর-মধ্যে বায়ু পূরণ ও ধারণ করিয়া পশ্চাৎ রেচন করিবে। ইহার বিশেষ বিশেষ কাল, সংখ্যা এবং প্রকার উল্লিখিত যোগ-শাস্ত্র-সমুদায়ে সবিস্তর বর্ণিত আছে। ইহার প্রথম অভ্যাস-কালে কেবল দুগ্ধ ও জল পান করিয়া থাকিতে হয়।

**अभ्यासकाले प्रथमे शस्तं क्षीराम्बुभोजनम् ।**
**ततोऽभ्यासे दृढ़ीभूते न तादृङ्नियमग्रहः ॥**

হঠপ্রদীপিকা দ্বিতীয় উপদেশ।

প্রথম অভ্যাস-কালে দুগ্ধ ও জল পান প্রশস্ত। উত্তমরূপ অভ্যাস হইলে আর এ নিয়ম পালন করিতে হয় না।

যোগ-শাস্ত্রের বিধান ক্রমে শরীর-মধ্যে বায়ু-স্তম্ভন অর্থাৎ নিশ্বাস অবরোধ করাকে কুম্ভক বলে*। উহা প্রাণায়ামেরই অঙ্গ-বিশেষ। উহা নানাপ্রকার। যে কুম্ভকের দ্বারা বিজৃম্ভণ এবং মুখ ও নাসিকার শীৎকার হয়, তাহার নাম শীৎকার-কুম্ভক। যে কুম্ভক দ্বারা বায়ু-পূরণ-কালে ভৃঙ্গ-নাদ এবং রেচন-কালে ভৃঙ্গী-নাদ হয়, তাহার নাম ভ্রমরী-কুম্ভক। হঠপ্রদীপিকা- রচয়িতা এই রূপ নানা কুম্ভকের বিবরণ করিয়া পরে লিখিয়াছেন, যোগীরা অভ্যাস-বলে রেচন ও পূরণ না করিয়াও কুম্ভক-সাধন করিতে সমর্থ হন। এ অবস্থায় তাঁহাদের কিছুই

* दक्षिणहस्तेन नासापुटद्वयं धृत्वा [illegible] [illegible] इति तन्त्रम् । शब्दकल्पद्रुमः।

দুর্লভ থাকে না। এইরূপ লিখিত আছে যে, ক্রমাগত অভ্যাস দ্বারা সাধকেরা আসন হইতে শূন্যে উত্থিত হইয়া অবস্থিতি করিতে পারেন।

ততোঽধিকতরাভ্যাসাদ্ভূমিত্যাগশ্চ জায়তে।
পদ্মাসনস্থ এবাসৌ ভুবমুৎসৃজ্য বর্ত্ততে॥
নিরাধারোবিচিত্রং হি তদা সামর্থ্যমুদ্বহেৎ।
অল্পং বা বহু বা ভুক্ত্বা যোগী ন ব্যথতে ক্বচিৎ॥

দত্তাত্রেয়-সংহিতা।

তদপেক্ষা অধিকতর অভ্যাস করিলে ভূমি-ত্যাগ হয়। যোগীরা পদ্মাসন করিয়া ভূমি পরিত্যাগ পূর্ব্বক শূন্যে অবস্থিতি করেন। তখন নিরাধার হইয়া বিচিত্র শক্তি লাভ করিতে থাকেন; অল্প বা বহু ভোজন করিলেও পীড়িত হন না।

কুম্ভক দ্বারা আসন-সমুত্থান-বিষয়ের অনেক কথা শুনিতে পাওয়া যায়। একবার মান্দ্রাজে শিশাল নামক এক জন দক্ষিণ-দেশীয় যোগীকে হিন্দু ও ইংরেজ অনেকেই দৃষ্টি করিয়াছিলেন। পর পৃষ্ঠায় তাঁহার চিত্রময় প্রতিরূপ প্রকাশ করা যাইতেছে, তাহাতেই তাঁহার আসনাদি দৃষ্ট হইবে।

তিনি সমুদায় শরীর শূন্যে তুলিতেন, কিন্তু তাঁহার একটি অঙ্গ দ্রব্য-বিশেষ অবলম্বন করিয়া থাকিত। একখানি কাষ্ঠের চৌকিতে একটি পিত্তল-দণ্ড নিবদ্ধ ছিল, দণ্ডের ন্যায় জড়ান এক খণ্ড মৃগ-চর্ম্ম তাহার সহিত সংযুক্ত থাকিত; যোগিবর সেই অজিন-দণ্ডের উপর

দক্ষিণ হস্ত রাখিয়া দিতেন। তিনি এইরূপে আসনারূঢ়

মাদ্রাজ-স্থিত যোগী।

হইয়া ও উভয় নেত্রকে অর্দ্ধ-মুদিত করিয়া জপ করিতেন।

আসন আরোহণ ও পরিত্যাগ কালে তাঁহার শিষ্যেরা তাঁহাকে কম্বল দিয়া আবরণ করিত। *

যখন কাষ্ঠাসন ও চর্ম্মাদি উপকরণ আবশ্যক হইত, তখন ইহাতে কিছু কৃত্রিমতা ছিল তাহার সন্দেহ নাই। কোন কোন বাজিকরকেও এরূপ করিতে দেখা গিয়াছে।

যোগীদের এইরূপ বিশ্বাস আছে যে, প্রাণায়াম সিদ্ধ হইলে, দেহের লঘুতা, দীপ্তি ও অগ্নি-বৃদ্ধি হইয়া থাকে।

**शरीरलघुता दीप्तिर्जठराग्निविवर्द्धनम् ।**
**कृशत्वञ्च शरीरस्य तस्य जायेत निश्चितम् ॥**

দত্তাত্রেয়সংহিতা।

তাঁহার শরীরের লঘুতা ও দীপ্তি, এবং জঠরাগ্নি-বৃদ্ধি ও দেহের কৃশতা অবশ্যই হয়।

এরূপে শরীর শুদ্ধ না হইয়া শ্লেষ্মাদি-ঘটিত পীড়া জন্মিলে, ধৌতী নতী প্রভৃতি কতকগুলি ব্যাপারের অনুষ্ঠান করিবার ব্যবস্থা লিখিত আছে।

**चतुरङ्गुलविस्तारं हस्तपञ्चदशेन तु ।**
**गुरूपदिष्टमार्गेण सिक्तं वस्त्रं शनैर्ग्रसेत् ।**
**ततः प्रत्याहरेच्चैतत् क्षालनं धौतिकर्म तत् ॥**
**कासश्वासप्लीहकुष्ठं कफरोगाश्च विंशतिः ।**
**धौतीकर्मप्रभावेन शुध्यन्ते न च संशयः ॥**

হঠপ্রদীপিকা।

দৈর্ঘে ১৫ পোনর হাত ও প্রস্থে ৪ চারি অঙ্গুলি প্রমাণ এক খণ্ড

---

* The Saturday Magazine, Vol. I. P. 28.

জল-সিক্ত বস্ত্র গুরূপদিষ্ট পথ দ্বারা ক্রমশঃ গ্রাস করিবে এবং পরে তাহা নির্গত করিয়া ফেলিবে। ইহাকে বস্তি-কর্ম্ম কহে। এই ধৌতী-কর্ম্ম দ্বারা কাস, শ্বাস, প্লীহা, কুষ্ঠ, কফ-রোগ প্রভৃতি বিংশতি প্রকার রোগের শান্তি হয়।

এইরূপ, নাসিকা দ্বারা সূত্র প্রবেশ করাইয়া মুখ দ্বারা নির্গত করণের নাম নতী কর্ম্ম। নেত্র-যুগল স্থির করিয়া, যে পর্য্যন্ত অশ্রু-পাত না হয়, সে পর্য্যন্ত কোন সূক্ষ্ম লক্ষ্যের প্রতি দৃষ্টি রাখিবার নাম ত্রাটক কর্ম্ম। এইরূপ, শরীর-মধ্যে জল-পূরণ, বায়ু-পূরণ ও ঐ উভয়ের নির্গমন প্রভৃতি নানাবিধ অনুষ্ঠানের আদেশ আছে। এই সকল কর্ম্মানুষ্ঠান ব্যতিরেকে যোগীরা কয়েক প্রকার অঙ্গ-ভঙ্গী প্রভৃতি অভ্যাস করিয়া থাকেন, তাহার নাম মুদ্রা।

**अन्तःकपालविवरे जिह्वां व्यावृत्य बन्धयेत् ।**
**भ्रूमध्ये दृष्टिरप्येषा मुद्रा भवति खेचरी ॥**

দত্তাত্রেয়সংহিতা।

কপাল-বিবরের অভ্যন্তরে জিহ্বাকে ব্যাবৃত্ত ও বদ্ধ করিয়া ভ্রূ-মধ্যে দৃষ্টি রাখিবে। ইহার নাম খেচরী মুদ্রা।

**अधःशिरश्चोर्द्ध्वपादः क्षणं स्यात् प्रथमे दिने ।**
**क्षणाच्च किञ्चिदधिकमभ्यसेच्च दिने दिने ॥**
**वलितं पलितं चैव षण्मासाद्धि विनाशयेत् ।**
**याममात्रन्तु यो नित्यमभ्यसेत् स तु कालजित् ॥**

হঠপ্রদীপিকা তৃতীয় উপদেশ।

অধোভাগে মস্তক, এবং ঊর্দ্ধ দিকে পদ রাখিবে। প্রথম দিনে

এইরূপ ক্ষণকাল সাধন করিবে এবং পরে দিন দিন অধিককাল ব্যাপিয়া অভ্যাস করিতে থাকিবে। এই প্রকার অনুষ্ঠান দ্বারা শুক্ল কেশ ও মাংস-কুঞ্চন রূপ বার্দ্ধক্যের চিহ্ন ছয় মাস মধ্যে নষ্ট হইয়া যায়। প্রতিদিন এক প্রহর ব্যাপিয়া যিনি এইরূপ অভ্যাস করেন, তিনি মৃত্যু-জয়ী হন।

কুম্ভক করিবার সময়ে ইন্দ্রিয় সকলকে স্ব স্ব বিষয় হইতে নিরস্ত করার নাম প্রত্যাহার।

एकवारं प्रतिदिनं कुर्य्यात् केवलकुम्भकम्।
प्रत्याहारोहि एवं स्यात् एवं कुर्व्वन्ति योगिनः॥
इन्द्रियानीन्द्रियार्थेभ्यो यत् प्रत्याहरते स्फुटम्।
योगी कुम्भकमास्थाय प्रत्याहारः स उच्यते॥

দত্তাত্রেয়সংহিতা।

প্রতিদিন একবার করিয়া কেবল কুম্ভক করিবে। এই রূপেই প্রত্যাহার হইবে। যোগীরা এই রূপই অনুষ্ঠান করিবেন। যোগীতে কুম্ভকের অনুষ্ঠান পূর্ব্বক ইন্দ্রিয়-বিষয় হইতে ইন্দ্রিয় সকলকে সম্যকরূপ প্রত্যাহার করে, এই নিমিত্ত ইহা প্রত্যাহার বলিয়া উল্লিখিত হয়।

ষট্‌চক্রভেদ যোগীদিগের একটি প্রধান সাধন* এবং হংস মন্ত্র জপ অতি অলৌকিক ব্যাপার। হংস মন্ত্র জপ কি প্রকার, তাহা লিখিত হইতেছে।

हंकारेण वहिर्य्याति सकारेण विशेत् पुनः।
हंसहंसेत्यमुं मन्त्रं जीवोजपति सर्व्वदा॥

---

* শাক্ত-সম্প্রদায়ের বিবরণ-মধ্যে ষট্‌চক্রের বিষয় দেখিতে পাইবে।

ষট্শতানি দিবারাত্রৌ সহস্রাণ্যেকবিংশতিঃ।
এতৎ সংখ্যান্বিতং মন্ত্রং জীবোজপতি সর্বদা॥
অজপা নাম গায়ত্রী যোগিনাং মোক্ষদায়িনী।
তস্যাঃ স্মরণমাত্রেণ সর্বপাপৈঃ প্রমুচ্যতে॥

গোরক্ষসংহিতা।

নিশ্বাস প্রশ্বাসের সময়ে 'হং' শব্দ করিয়া বায়ু বহির্গত হয়, এবং 'স' শব্দ করিয়া শরীর-মধ্যে পুনঃ প্রবেশ করে। জীবে এই হংস মন্ত্র নিরন্তর জপ করে। দিবা রাত্রে ২১৬০০ বার এই মন্ত্র জপ হয়। এই অজপা নামক গায়ত্রী যোগীদিগের মোক্ষ-দায়িনী; ইহার স্মরণ মাত্রে সমস্ত পাপের মোচন হয়।

শরীর-মধ্যে স্থান-বিশেষে বায়ু-ধারণের নাম ধারণা। এই ধারণা পঞ্চ প্রকার; পৃথিবী ধারণা, আম্ভসী ধারণা, আগ্নেয়ী ধারণা, বায়বী ধারণা এবং নভোধারণা। পায়ু-দেশের ঊর্দ্ধে এবং নাভির অধোভাগে পাঁচ দণ্ডকাল বায়ু-ধারণের নাম পৃথিবী ধারণা। নাভি-স্থলে বায়ু-ধারণকে আম্ভসী, নাভির ঊর্দ্ধ মণ্ডলে বায়ু-ধারণকে আগ্নেয়ী, হৃদয়ে বায়ু-ধারণকে বায়বী এবং ভ্রূ-মধ্য হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত মস্তকের সমুদায় স্থানে বায়ু-ধারণ করাকে নভো-ধারণা কহে। যোগীদের বিশ্বাস এই যে, পৃথিবী ধারণা করিলে পৃথিবীতে মৃত্যু হয় না, আম্ভসী ধারণা করিলে জলে মৃত্যু হয় না, আগ্নেয়ী ধারণা করিলে অগ্নিতে শরীর দগ্ধ হয় না, বায়বী ধারণা করিলে কোন ভয় থাকে না এবং নভোধারণা করিলে কোন রূপে মৃত্যু হয় না। শরীরের

মধ্যে বায়ু-সঞ্চালন এবং বায়ু-ধারণাই হঠযোগের প্রধান অনুষ্ঠান। গোরক্ষনাথ বলেন, বায়ু স্থির না হইলে কিছুই স্থির হয় না, সুতরাং সিদ্ধি-লাভও হয় না।

মন্‌থীরিতে পবন্‌থীর পবন্‌থীরিতে বিন্দুথীর।
বিন্দুথীরিতে কন্দথীর বলে গোরখদেব সকলথীর॥

হঠপ্রদীপিকা-ধৃত গোরক্ষ-বাক্য।

গোরক্ষদেব বলেন মন স্থির হইলে বায়ু স্থির হয়, বায়ু স্থির হইলে বিন্দু স্থির হয়, বিন্দু স্থির হইলে কন্দ স্থির হয়, এবং তাহা হইলেই সকল স্থির হয়।

গজ বাধিয়া রাজা পবন বাধিয়া যোগী।
ধান্য বাধিয়া গৃহস্থ বিন্দু বাধিয়া ভোগী॥

হঠপ্রদীপিকা-ধৃত নাথ-বাক্য।

রাজা গজের বাধ্য, যোগী বায়ুর বাধ্য, গৃহস্থ ধান্যের বাধ্য, ভোগী বিন্দুর বাধ্য।

যোগ-শাস্ত্রের মতে ধ্যান দুই প্রকার; সগুণ অর্থাৎ সাকার দেবতার ধ্যান, এবং নির্গুণ অর্থাৎ নিরাকার ব্রহ্মের ধ্যান। যোগীরা সগুণ ধ্যান দ্বারা অনিমাদি ঐশ্বর্য্য লাভ করেন আর নির্গুণ ধ্যান দ্বারা সমাধি-যুক্ত হইয়া ইচ্ছানুরূপ সকল শক্তি প্রাপ্ত হইতে পারেন।

সমভ্যসেত্তদা ধ্যানং ঘটিকাষষ্টিমেবচ।
বায়ুং নিবধ্য তাং ধ্যায়েৎ দেবতামিষ্টদায়িনীম্॥
সগুণধ্যানমেতৎ স্যাদণিমাদিগুণপ্রদম্।
নির্গুণং খমিব ধ্যাত্বা মোক্ষমার্গং প্রবর্ত্ততে॥

**নির্গুণধ্যানসম্পন্নঃ সমাধিঞ্চ সমভ্যসেৎ ।**
**দিনদ্বাদশকেনৈব সমাধিং সমবাপ্নুয়াৎ ॥**

দত্তাত্রেয়সংহিতা।

তখন ষাট দণ্ড কালই ধ্যান অভ্যাস করিবে, বায়ু নিরোধ করিয়া ইষ্ট-দায়িনী দেবতার ধ্যান করিবে। এই সগুণ ধ্যানে অণিমাদি সুখ লাভ হয়। আর আকাশের ন্যায় ব্যাপন-শীল নির্গুণ দেবতার ধ্যান করিলে, মোক্ষ-পথে প্রবৃত্ত হওয়া যায়। নির্গুণ-ধ্যান-সম্পন্ন হইয়া সমাধি অভ্যাস করিবে। করিলে, দ্বাদশ দিনে সমাধি প্রাপ্ত হইবে।

যোগীরা বিশ্বাস করেন, সমাধি সিদ্ধ হইলে, ইচ্ছানুসারে দেহ ত্যাগ বা দেহ রক্ষা করিয়া সুখ সম্ভোগ করিতে সক্ষম হন। যদি দেহ-ত্যাগের ইচ্ছা হয়, তবে তৎক্ষণাৎ পরব্রহ্মে লীন হইতে পারেন, নতুবা অণিমাদি ঐশ্বর্য্য লাভ করিয়া স্বেচ্ছানুসারে সকল লোকে অশেষবিধ সুখ সম্ভোগ পূর্ব্বক বিচরণ করিতে পারেন।

**সর্ব্বলোকেষু বিচরেদণিমাদিগুণান্বিতঃ ।**
**কদাচিৎ স্বেচ্ছয়া দেবোভূত্বা স্বর্গেঽপি সঞ্চরেৎ ॥**
**মনুষ্যোবাপি যক্ষোবা স্বেচ্ছয়াপি ক্ষণাদ্ভবেৎ ।**
**সিংহোব্যাঘ্রোগজোবাপি স্যাদিচ্ছাতোঽশ্বজন্মতঃ ॥**

দত্তাত্রেয়সংহিতা।

অণিমাদি* ঐশ্বর্য্য বিশিষ্ট হইয়া সর্ব্ব লোকে বিচরণ করেন, কদাচিৎ ইচ্ছাধীন দেব-রূপ ধারণ করিয়া স্বর্গ-লোকে ভ্রমণ করেন এবং

---

* যোগীদের বিশ্বাস এই যে মহাদেব স্বীয় সাধককে পশ্চান্নিখিত অষ্ট ঐশ্বর্য্য দান করেন।

অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যং মহিমেশিতা

জন্মান্তরে ইচ্ছামত ক্ষণমাত্র মনুষ্য,* যক্ষ, সিংহ, ব্যাঘ্র বা হস্তী হইয়া থাকেন।

যোগীদিগের অলৌকিক ক্রিয়া সাধনের অনেকানেক বৃত্তান্ত শুনিতে পাওয়া যায়। পঞ্জাবের অধীশ্বর রণজিৎ সিংহের রাজ্যে একবার একজন যোগী উপস্থিত হন। তিনি বলিতেন, আমি যত দিন ইচ্ছা মৃত্তিকার মধ্যে অবস্থিতি করিতে পারি। জেনরল্ বেঞ্চুরা নামে একজন ফরাশি তাঁহার কথায় সন্দেহ করিয়া পরীক্ষা করিবার উদ্দেশে তাঁহাকে মৃত্তিকার মধ্যে স্থাপিত করেন। যে সময়ে তাঁহাকে মৃত্তিকা হইতে উঠান যায়, তখন ঐ জেনেরল্ বেঞ্চুরা ও কাপ্তেন্ ওয়েড্ সাহেব উভয়ে তথায় উপস্থিত থাকিয়া সমুদায় ব্যাপার অবলোকন করেন। অস্‌বোরন্ সাহেবের পুস্তকে ঐ বিষয় যেরূপ বর্ণিত আছে, পশ্চাৎ তাহা সংক্ষেপে সংগৃহীত হইতেছে।

---

বশিত্বকামাবসায়িত্বে ঐশ্বর্য্যমষ্টধা স্মৃতম্ ॥

শব্দকল্পদ্রুম-ধৃত শব্দমালা-বচন।

সূক্ষ্মতা অর্থাৎ ইচ্ছানুরূপ স্বীয় শরীর সূক্ষ্ম করিবার ক্ষমতা, লঘুতা অর্থাৎ ইচ্ছানুসারে নিজ দেহ লঘু করিবার ক্ষমতা, ব্যাপ্তি অর্থাৎ সর্ব্বত্র গমন করিবার ক্ষমতা, প্রাকাম্য অর্থাৎ ভোগেচ্ছা পূর্ণ করিবার ক্ষমতা, মহিমা অর্থাৎ শরীরকে ইচ্ছামত স্থূল করিবার ক্ষমতা, ঈশিত্ব অর্থাৎ সকলকে শাসন করিবার ক্ষমতা, বশিত্ব অর্থাৎ সকলকে বশ করিবার ক্ষমতা, এবং কামাবসায়িতা অর্থাৎ আপনার সর্ব্ব কামনা পূর্ণ করিবার ক্ষমতা। এই আট প্রকার ক্ষমতার নাম অষ্ট ঐশ্বর্য্য।

যোগী।

ঐ যোগিবর মহারাজ রণজিৎ সিংহের আদেশ ক্রমে তাঁহার সমীপস্থ হইয়া যোগ-সাধনে প্রবৃত্ত হন। কর্ণ ও নাসিকা-রন্ধ্রে, এবং মুখ ভিন্ন অন্য অন্য সমস্ত শরীর-দ্বারে মধুচ্ছিষ্ট দিয়া এবং জিহ্বা ব্যাবর্ত্তন ও নয়ন-যুগল নিমীলন করিয়া একটি থলের মধ্যে প্রবেশ করেন। তদনন্তর সেই থলের মুখ বন্ধ করিয়া তাহাতে রণজিৎ সিংহের নাম মুদ্রিত করা হয় এবং তাহা একটি সিন্দুকের মধ্যে বদ্ধ করিয়া রাখা হয়। সেই সিন্দুক মৃত্তিকার মধ্যে স্থাপন পূর্ব্বক, তদুপরি যব বপন করিয়া, তাহার রক্ষণাবেক্ষণার্থ কয়েক জন প্রহরী নিযুক্ত করা হয়। দশ মাসকাল সেই যোগী ঐ অবস্থায় মৃত্তিকা মধ্যে নিহিত ছিলেন। ঐ সময়ের মধ্যে রণজিৎ সিংহ এ বিষয়ে সম্পূর্ণ সংশয়চ্ছেদ উদ্দেশে দুইবার সেই স্থান খনন করিতে অনুমতি করেন, এবং দুইবারই তাঁহাকে সমানরূপ অচেতন অথচ জীবিত দেখিয়া চমৎকৃত হন। দশ মাস পূর্ণ হইলে, তাঁহাকে মৃত্তিকার মধ্য হইতে উত্তোলন করিয়া দেখা গেল, তিনি মৃত-প্রায় হইয়াছেন। তাঁহার সমুদয় শরীর শীতল, কেবল ব্রহ্মরন্ধ্র অতিশয় উত্তপ্ত ছিল। তাঁহার জিহ্বাকে আকৃষ্ট করিয়া সহজ অবস্থাতে আনয়ন করিলে এবং তাঁহাকে উষ্ণ জলে স্নান করাইলে, তিনি দুই ঘণ্টার মধ্যে পূর্ব্বের মত সুস্থ হইলেন। যে সময়ে তিনি মৃত্তিকার মধ্যে অধিবাস করেন, তখন তাঁহার নখ, কেশ প্রভৃতির বৃদ্ধি হয় না। তিনি নিজ মুখে ব্যক্ত করিয়াছেন, আমি যদবধি মৃত্তিকার মধ্যে অবস্থিতি

করি, তদবধি অনির্ব্বচনীয় আনন্দ-রস অনুভব করিতে থাকি।*

কিছুকাল পূর্ব্বে কলিকাতার দক্ষিণে খিদিরপুরের অন্তর্গত ভুকৈলাস নামক স্থানে একটি মহাপুরুষ আনীত হন; তাঁহার অসাধারণ যোগ-সাধনের বিষয় অদ্যাপি অনেকের স্মরণ থাকিতে পারে। ১৭৫৪ সতরশ চুয়ান্ন শকের আষাঢ় মাসে শিবপুর-স্থিত শ্রীমান্ জুন্ সাহেবের দ্বারবান্ হরি সিংহের নিকট হইতে তাঁহাকে ভুকৈলাসে আনয়ন করা হয়। তথায় তিনি প্রথমে একেবারে বাহ্য-জ্ঞান-শূন্য ছিলেন। কয়েক দিবস নেত্র-যুগল মুদিত করিয়া ও পান-ভোজন-বর্জ্জিত হইয়া থাকেন; পরে অনেক আয়াসে ও বহু চেষ্টায় কিছু দুগ্ধমাত্র গলাধঃকরণ করান হয়। তিনি অন্য লোকের উদ্যোগ ব্যতিরেকে কদাচ স্বেচ্ছাধীন কোন দ্রব্য ভোজন করিতেন না। তাঁহার যোগ-ভঙ্গ করিবার অভিপ্রায়ে ডাক্তার গ্রেহাম্ তাঁহার নাসিকা-রন্ধ্রের নিকট এমোনিয়া নামক অত্যুৎকট ইংরেজী ঔষধ ধারণ করেন, কিন্তু তাহাতেও তাঁহার যোগ-ভঙ্গ হয় নাই; শরীরের স্পন্দনমাত্র হইয়াছিল। প্রথমে তিনি কথা কহিতেন না, পরে তিন চারি দিবস নানাবিধ চেষ্টা করাতে, দুই একটি বাক্য বলিতে আরম্ভ করেন। তিনি বলিয়াছিলেন, আমার নাম দুল্লানবাব। বিরক্ত হইলে, "ছাঁড়েদী হাঁড়েদী" বলিয়া উঠিতেন। এই কথা শুনিয়া কেহ কেহ তাঁহাকে

* W. G. Osborne's Court and Camp of Runjeet Sing. p. 124.

পাঞ্জাবী লোক বলিয়া অনুমান করেন। তিনি একবার বাত-রোগে আক্রান্ত হন; উল্লিখিত গ্রেহাম্ সাহেব তাঁহার চিকিৎসা করেন। তিনি খাদ্য পেয় কোনরূপ ঔষধ-সেবনে স্বীকার পান নাই, তথাপি কেবল লেপন মর্দ্দনাদি দ্বারা সে বার উক্ত পীড়া হইতে মুক্ত হন। পরে ১৭৫৫ সতরশ পঞ্চান্ন শকের চৈত্রমাসে উদর-ভঙ্গ হইয়া প্রাণ-ত্যাগ করেন। *

হঠ-যোগের বৃত্তান্ত অতি সংক্ষেপে লিখিত হইল। হঠপ্রদীপিকা প্রভৃতি উল্লিখিত গ্রন্থ সমুদয়ে ইহার সবিশেষ বিবরণ সন্নিবেশিত আছে। অধুনাতন যোগীরা নানা সম্প্রদায়ে বিভক্ত; যেমন কণ্‌ফট্‌-যোগী, অওঘড়্-যোগী, মচ্ছেন্দ্রি-যোগী, ভর্তৃহরি-যোগী শারঙ্গীহার-

---

* মহাপুরুষের এই যৎকিঞ্চিৎ বৃত্তান্ত যাহা লিখিত হইল, তাহা ভূকৈলাস-স্বামী মৃত রাজা সত্যচরণ ঘোষাল বাহাদুরের নিকট হইতে প্রাপ্ত হই। আমিও ঐ মহাপুরুষকে দৃষ্টি করিয়াছি ও তাঁহার উক্তরূপ যোগ-ব্যাপার সমুদায়ও কিছু কিছু স্বচক্ষে দেখিয়াছি। যে সময়ে তিনি যোগারূঢ় ছিলেন, তখন তাঁহাকে দুইবার দেখিতে যাই। সে সময়ে তাঁহার শরীর তপ্ত কাঞ্চনের ন্যায় ছিল; দেখিলে অন্তঃকরণ প্রফুল্ল হইত। যোগ-ভঙ্গ হইবার কয়েক মাস পরে গিয়া দেখি, সে রূপ নাই, লাবণ্য নাই, মুখশ্রী নাই; শীর্ণ জীর্ণ ও মলিন হইয়া একটি অপরিষ্কৃত অস্বাস্থ্যকর গৃহে পতিত রহিয়াছেন। বল-প্রয়োগ পূর্ব্বক বিবিধ চেষ্টা দ্বারা তাঁহার যোগ-ভঙ্গ করা শারীরবিধান-বিৎ পণ্ডিত-গণের তদ্বিষয়ের তত্ত্বানুসন্ধান-পক্ষে ও সুতরাং সাধারণ লোকের জ্ঞানোন্নতি-অংশে একটি অসামান্য ক্ষতির বিষয় হইয়াছে বলিতে হইবে।

যোগী ইত্যাদি। যথাক্রমে তাহাদের বিষয় প্রস্তাবিত হইতেছে।

## কণ্‌ফট্‌-যোগী।

কণ্‌ফট্‌-যোগীরা শিবের উপাসক। গুরু গোরক্ষনাথ ইঁহাদের প্রবর্ত্তক। ইহাঁরা তাঁহাকে শিবাবতার বলিয়া বিশ্বাস করেন এবং তাঁহাকে গুরু স্বীকার করিয়া তাঁহার প্রবর্ত্তিত হঠযোগ অভ্যাস করিয়া থাকেন। হিন্দী-ভাষায় কবীর ও গোরক্ষনাথের কথোপকথনাত্মক একটি প্রবন্ধে লিখিত আছে, গোরক্ষনাথ কহিতেছেন ;

**আদিনাথকে নাতী মচ্ছেন্দ্রনাথকে পূত।**
**মৈঁ যোগী গোরখ্‌ অবধূত॥**

আমি গোরক্ষ নামক অবধূত যোগী। আমি মচ্ছন্দ্রনাথের পুত্র ও আদিনাথের পৌত্র।

আবুল্‌ফজল্‌-কৃত আইন আকবরি গ্রন্থে অযোধ্যার বিবরণ মধ্যে লিখিত আছে, দিল্লীর বাদসাহ সুল্‌তান্‌ সেকেন্দর লোদির রাজত্ব-কালে কবীর বর্ত্তমান ছিলেন। ভক্তমালেও সুল্‌তান্‌ সেকেন্দরের সহিত কবীরের সাক্ষাৎকার ঘটনার বৃত্তান্ত আছে। ঐ বাদসাহ ১৪৮৮ চৌদ্দশত অষ্টাশী খ্রীষ্টাব্দ অবধি ১৫১৭। ১৮ পনর শত সতের বা আঠার খ্রীষ্টাব্দ পর্য্যন্ত রাজ্য-ভোগ করেন। অতএব কবীর ও তাঁহার সমকালবর্ত্তী গুরু গোরক্ষনাথও ঐ সময়ে অথবা উহার কিছু অগ্র পশ্চাৎ প্রাদুর্ভূত হইয়া উঠেন। কবীর-কৃত বীজক নামক পুস্তকের নানাস্থানে এইরূপ কোন কোন কথার প্রসঙ্গ

আছে, পড়িলে বোধ হয়, যেন অব্যবহিত কাল পুর্ব্বে গোরক্ষনাথের মৃত্যু ঘটিয়াছে।

পূর্ব্ব-কথিত হিন্দীবচনে দৃষ্ট হইতেছে, গোরক্ষ-নাথের পিতার নাম মৎস্যেন্দ্রনাথ। শ্রীমান্ হ হ উইল্‌সন্ লিখিয়া গিয়াছেন, হঠপ্রদীপিকায় লিখিত মৎস্যেন্দ্রনাথের শিষ্য-পরম্পরার মধ্যে গোরক্ষনাথ পঞ্চম ছিলেন। কিন্তু তিনি যে বচনগুলি অনুসারে একথা লিখিয়াছেন, তাহার তাৎপর্য্য এরূপ নয়; তাহাতে কেবল কয়েক জন প্রধান যোগীর নামমাত্র উক্ত হইয়াছে। তাঁহারা পরম্পরাক্রমে শিষ্য ছিলেন কিনা, তাহার বাষ্পমাত্রও তাহাতে নাই। পশ্চাৎ সেই সমস্ত বচন উদ্ধৃত হইতেছে, পাঠ করিলেই জানিতে পারা যাইবে।

श्री आदिनाथ मत्स्येन्द्र सारदानन्द भैरवाः ।
चौरङ्गी मीन गोरक्ष विरूपाक्ष विलेशयाः ॥
मन्थानभैरवोयोगी सिद्धबोधश्च कन्थड़ी ।
कोरण्टकः सुरानन्दः सिद्धपादश्च चर्पटी ॥
कानेरिः पूज्यपादश्च नित्यनाथो निरञ्जनः ।
कापालि विन्दुनाथश्च काकचण्डी श्वरोमयः ॥
अल्लमः प्रभुदेवश्च घोड़ाचूली च टिण्टिनी ।
भल्लटिर्नागबोधश्च खण्डकापालिकस्तथा ॥
इत्यादयो महासिद्धा हठयोगप्रभावतः ।
खण्डयित्वा कालदण्डं ब्रह्माण्डे विचरन्ति ये ॥

হঠপ্রদীপিকা প্রথম উপদেশ।

আদিনাথ, মৎস্যেন্দ্র, সারদানন্দ, ভৈরব, চৌরঙ্গী, মীন, গোরক্ষ, বিরূপাক্ষ, বিলেশয়, মন্থানভৈরব, সিদ্ধবোধ, কন্থড়ী, কোরণ্ডক, সুরানন্দ, সিদ্ধপাদ, চর্পটী, কণেরি, পূজ্যপাদ, নিত্যনাথ, নিরঞ্জন, কাপালি, বিন্দুনাথ, কাকচণ্ডীশ্বর, ময়, অক্ষয়, প্রভুদেব, ঘোড়াচুলী, টিণ্টিনী, ভল্লটি, নাগবোধ, খণ্ডকাপালিক ইত্যাদি মহা-সিদ্ধ ব্যক্তি সকল হঠযোগ-প্রভাবে যম-দণ্ডকে খণ্ডন করিয়া ব্রহ্মাণ্ড-মধ্যে বিচরণ করিতেছেন।

এই সম্প্রদায়ের অনেক গ্রন্থে লিখিত আছে, গোরক্ষ-নাথ নয় নাথের এক নাথ, অর্থাৎ নয়জন প্রধান গুরুর একটি গুরু। ইনি একটি সুপণ্ডিত লোক ছিলেন। গোরক্ষসংহিতা ব্যতিরেকে গোরক্ষশতক ও গোরক্ষকল্প নামে তাঁহার দুইখানি সংস্কৃত গ্রন্থ আছে। গোরক্ষসহস্র নামক গ্রন্থও তাঁহারই কৃত বোধ হয়।

পূর্ব্বেই লিখিত হইয়াছে, গুরু গোরক্ষনাথ ইহাঁদের প্রবর্ত্তক। পশ্চিমোত্তর প্রদেশে তাঁহার নামে নানাস্থানের নাম শুনিতে পাওয়া যায়। পেসোয়ারে গোরক্ষক্ষেত্রনামে একটি স্থান আছে; আবুল্‌ ফজ্‌ল্‌ নিজের গ্রন্থে তাহা উল্লেখ করিয়া যান। দ্বারকা-সন্নিধানে অন্য একটি গোরক্ষ-ক্ষেত্র ও হরিদ্বারে ইহাঁদের একটি অতিশ্রদ্ধেয় সুড়ঙ্গ বিদ্য-মান আছে; এই উভয়ই এই সম্প্রদায়ের তীর্থ-স্থান-বিশেষ। আর নেপালের পশুপতিনাথ প্রভৃতির মন্দির-সমুদায়ও এই সম্প্রদায়-সংক্রান্ত। কলিকাতার এদিকে দমদমার সন্নিকট গোরখ্‌বাসূলী নামে একটি স্থান আছে, তথায় তিনটি মানুষের মূর্ত্তি ও শিব, কালী, হনুমান্‌ প্রভৃতি কতকগুলি দেবতার প্রতিমূর্ত্তি বিদ্যমান রহি-

য়াছে। প্রথমোক্ত তিনটি নর-মূর্ত্তি দত্তাত্রেয়, গোরক্ষনাথ ও মৎস্যেন্দ্রনাথের প্রতিমূর্ত্তি বলিয়া উল্লিখিত হইয়া থাকে। গোরক্ষপুর ইহঁাদের প্রধান স্থান। ঐ স্থানে পূর্ব্বে এই সম্প্রদায়ীদিগের একটি মন্দির ছিল, আলা-উদ্দীন তাহা ভ্রষ্ট করিয়া মসিদ্ করেন। কিছু কাল পরে উহার নিকটবর্ত্তী অন্য এক স্থানে অপর একটি মন্দির নির্ম্মিত হয়; আরঙ্গজেব বাদশাহ তাহাও নষ্ট করিয়া মুসলমান্‌দের ভজনালয় করিয়া ফেলেন। অনন্তর বুদ্ধনাথ নামে একটি যোগী পুনরায় অন্য একটি মন্দির প্রতিষ্ঠা করেন, তাহার দক্ষিণ ভাগে হনুমান্ ও পশুপতি-নাথ নামক মহাদেবের মন্দির বিদ্যমান আছে।

ইহঁাদের দুই কর্ণে দুইটি বৃহৎ ছিদ্র থাকে। হিন্দী ভাষাতে কাণ্ শব্দে কর্ণ এবং ফট্ শব্দে ছিদ্র বুঝায় এই নিমিত্ত ইহঁাদের নাম কণ্‌ফট্-যোগী। ঐ ছিদ্র-যুগলের মধ্যে এক একটি কুণ্ডল সন্নিবেশিত হয়, তাহা প্রস্তর, বেলোয়ার, বা গণ্ডারের শৃঙ্গে প্রস্তুত। ইহঁারা দীক্ষার সময়ে উহা গ্রহণ করেন এবং উহাকে শিবের কুণ্ডল বলিয়া বিশ্বাস যান। উহাকে মুদ্রা বলে। উহার অন্য একটি নাম দর্শন, এই নিমিত্তে কণ্‌ফট্-যোগীদের অপর এক নাম দর্শনী-যোগী।

ঐ কুণ্ডল ব্যতিরেকে ইহঁারা দুই তিন অঙ্গুলি-প্রমাণ একটি কৃষ্ণবর্ণ সামগ্রী একরূপ ঔর্ণসূত্রের মালায় বদ্ধ করিয়া গল-দেশে ধারণ করেন। ঐ বস্তুটিকে নাদ বলে ও যে সূত্র-মালায় উহা গ্রথিত থাকে, তাহা সেলি বলিয়া উল্লিখিত

হয়। কোন উদাসীনের গল-দেশে ঐ উভয় লম্বিত দেখিলেই তাঁহাকে যোগী বলিয়া জানিতে পারা যায়। তদ্ভিন্ন, ইহাঁরা শৈব ধর্ম্মের নিয়মানুসারে গেরুয়া-বস্ত্র পরিধান, মস্তকে জটা ধারণ, শরীরে ভস্ম-লেপন ও ললাটে বিভূতি দিয়া ত্রিপুণ্ড্র করিয়া থাকেন।

সন্ন্যাসীদের ন্যায় ইহাঁদিগকেও নানা গুরু স্বীকার করিতে হয়। কেহ শিষ্যের মস্তক মুণ্ডন করেন, কেহবা তাহার কর্ণ-যুগলে ছিদ্র করিয়া মুদ্রা পরাইয়া দেন, অপর কেহ তাহাকে জ্যোৎমার্গে প্রবেশিত করিয়া থাকেন। এইরূপে ভিন্ন ভিন্ন গুরু শিষ্যের দীক্ষা ও সাধন-সংক্রান্ত ভিন্ন ভিন্ন ক্রিয়া সম্পাদন করিয়া দেন। দশ-নামীদের ন্যায় ইহাঁদেরও জ্যোৎস্নমার্গ প্রবেশ পূর্ব্বক মদ্যমাংস ব্যবহার করিবার রীতি আছে।

ভারতবর্ষের পশ্চিমোত্তর খণ্ডে নানা স্থানে বহু সংখ্যক কর্ণ্ফট্-যোগী সচরাচর দেখিতে পাওয়া যায়। ইহাঁরা শিব-মন্দির-বিশেষে শিব-পূজার কার্য্যে নিযুক্ত থাকেন, বা স্থান-বিশেষে একত্র অবস্থিতি পূর্ব্বক ভিক্ষাদি করিয়া কাল-ক্ষেপ করেন, অথবা তীর্থ-পর্য্যটন উদ্দেশে দেশ দেশান্তর ভ্রমণ করিয়া বেড়ান।

উদাসীন-যোগী সমুদায় দার পরিগ্রহ করিয়া গৃহাশ্রমে প্রবিষ্ট হন না বটে, কিন্তু অনেকেই বিস্তৃত বিষয়-ব্যাপারে ব্যাপৃত হইয়া থাকেন। ত্রিবেণীর প্রায় চারি ক্রোশ পশ্চিমে মহানাদ নামক গ্রামে এই সম্প্রদায়ী একটি যোগী রাজার নিবাস আছে।

তিনি বিস্তর ভুমি ও অন্য অন্য নানা সম্পত্তির অধিকারী। তাঁহার অনেক গুলি শিষ্য থাকে, মৃত্যু-কালে তাহার মধ্যে এক জনকে বিষয়ের উত্তরাধিকারী করিয়া যান। এইরূপে ঐ যোগী রাজার প্রণালী চলিয়া আসিতেছে। তাঁহারা সেই স্থলের জটেশ্বর নামক শিবের পূজা করেন, এবং বশিষ্ঠগঙ্গা নামে একটি জলাশয় আছে, তাহাকেও প্রকৃত গঙ্গার ন্যায় মান্য করিয়া থাকেন *। রাজস্থানের অন্তঃপাতী মেওয়ার দেশস্থ একলিঙ্গ নামক শিবের গোস্বামীরা দার পরিগ্রহ করেন না, অথচ বাণিজ্যাদি বিষয়-ব্যাপারে লিপ্ত হইতেও বিমুখ হন না। তাঁহাদের অধীনস্থ শত শত কণ্‌ফট্‌-যোগী কখন কখন একত্র দলবদ্ধ হইয়া যুদ্ধ করিতে প্রবৃত্ত হন †।

গিরি, পুরী প্রভৃতি যেমন দশনামী সন্ন্যাসীদের উপাধি, সেই রূপ কণ্‌ফট্‌ প্রভৃতি যোগীদের উপাধি নাথ; যেমন আদিনাথ, মচ্ছেন্দ্রনাথ, গোরক্ষনাথ ইত্যাদি।

যাঁহারা সর্ব্বতোভাবে যোগ-সিদ্ধ হন, তাঁহাদিগকে

---

* এই বশিষ্ঠগঙ্গা ও শিব-স্থাপনাদি বিষয়ের একটি অদ্ভুত উপাখ্যান প্রচলিত আছে। মহানাদ গ্রামে একটি দক্ষিণাবর্ত্ত শঙ্খ পতিত ছিল, বায়ু লাগিয়া তাহা হইতে মহানাদ অর্থাৎ প্রচণ্ড শব্দ উৎপন্ন হয়। সেই নাদ শ্রবণ করিয়া দেবতা-গণ তথায় উপস্থিত হন ও জটেশ্বর শিব এবং বশিষ্ঠগঙ্গা প্রতিষ্ঠিত করেন এবং মহানাদ হইয়াছে বলিয়া সে স্থানের নাম মহানাদ রাখেন।

† Tod's Rajasthan Vol. I.

সিদ্ধ যোগী বলে। সমুদায়ে চৌরাশি জন সিদ্ধ যোগীর নাম পরিগণিত হয়, কিন্তু যোগীরা বলেন, তদতিরিক্ত আরও বহু ব্যক্তি ঐ রূপ যোগ-সিদ্ধ হইয়াছেন। তন্মধ্যে অনেকে অদ্যাপি অবনী-মণ্ডলে বিচরণ করিতেছেন।

---

## অওঘড়-যোগী।

ইতি পূর্ব্বে রুখড় সুখড়াদির প্রসঙ্গে যে ব্রহ্মগিরির কথা লিখিত হইয়াছে, তিনিই ইহাদের প্রবর্ত্তক বলিয়া প্রবাদ আছে।

ইহারাও কণ্‌ফট্‌-যোগীদের ন্যায় শিবারাধনা করে ও গল-দেশে নাদ ও সেলিও লম্বিত করিয়া রাখে, কিন্তু তাহাদের মত কর্ণ-যুগলে ছিদ্র করিয়া মুদ্রা ব্যবহার করে না।

---

## মচ্ছেন্দ্রী, শারঙ্গীহার, ডুরীহার, ভর্তৃহরি, ও কাণিপা যোগী।

কণ্‌ফট্‌ ও অওঘড় যোগী ভিন্ন অন্য বহু প্রকার শৈব যোগী আছে। মচ্ছেন্দ্রীযোগীরা গোরক্ষের পিতা মৎস্যেন্দ্রনাথকে গুরু বলিয়া স্বীকার করে। অন্য এক যোগি-সম্প্রদায়ের নাম ভর্তৃহরি। তাহারা ভর্তৃহরিকে স্বীয় সম্প্রদায়-প্রবর্ত্তক বলিয়া অঙ্গীকার করে। শারঙ্গীহার-যোগীরা শারঙ্গ লইয়া গান করিতে করিতে ভ্রমণ করে এই হেতু তাহাদের নাম শারঙ্গীহার। তাহাদের পদগুলি

দেশ-ভাষায় রচিত এবং অধিকাংশই শিব ও শক্তি-বিষয়ক। তাহারা ভৈরবের নাম করিয়া ভিক্ষা করে।

অন্য এক সম্প্রদায়ের নাম ডুরীহার। ইহারা ডুরী অর্থাৎ কার্পাস-সূত্রের ও পট্ট-সূত্রের প্রস্তুত বস্ত্র সকল বিক্রয় করে এই নিমিত্ত ইহাদিগকে ডুরীহার বলে।

যাহারা ডুব্‌ড়ী বাজাইয়া ও সর্প ধরিয়া ভিক্ষা করে, তাহারাও এক প্রকার যোগী। তাহাদের নাম কানিপা-যোগী। তাহারাও গোরক্ষনাথকেই আদি গুরু বলিয়া স্বীকার করে ও কর্ণ-যুগলে ছিদ্র করিয়া পিত্তল, রৌপ্য, দন্তা প্রভৃতি-নির্ম্মিত একরূপ কুণ্ডল পরিয়া থাকে, তাহার নাম দর্শন। কিন্তু তাহাদের কর্ণের ছিদ্র কণ্‌-ফট্‌-যোগীদের মত বৃহৎ নয়। তাহারা শ্মশ্রু রাখে, গেরুয়া-বস্ত্র পরিধান করে এবং কণ্‌ফট্‌-যোগী প্রভৃতির মত গল-দেশে সেলি লম্বিত করিয়া রাখে কিন্তু নাদ ব্যবহার করে না *।

ইহারা কহে আমরা গোরক্ষপুরে গিয়া গোরক্ষ-নাথের স্থানে দীক্ষিত হই ও তথা হইতেই কর্ণ-যুগলে কুণ্ডল পরিয়া আসি।

এই কানিপা-যোগীরা পশ্চিমোত্তর-প্রদেশীয় লোক। বৎসরের মধ্যে কোন সময়ে বিশেষতঃ শীতকালে গৃহের বহির্ভূত হইয়া ভিক্ষায় গমন করে ও নানা দেশ পর্য্যটন পূর্ব্বক যাহা কিছু সংগ্রহ করিতে পারে তদ্দারা সংসার-

* ১৩৮ পৃষ্ঠা দেখ।

নির্ব্বাহ করিতে থাকে। দেখিতে পাই, কোন কোন দল স্ত্রী-পুত্রাদি পরিজন ও অশ্বাদি পশু-গণ সঙ্গে লইয়া প্রবাসে যায় এবং যথা তথা তাঁবু খাটাইয়া তাহার মধ্যে অবস্থিতি করে ও দিবা-ভাগে গ্রাম ও নগরের মধ্যে গিয়া উক্তরূপে ভিক্ষা করিয়া বেড়ায়।

---

## অঘোরপন্থী-যোগী।

ইহারা সর্ব্বাংশে পূর্ব্ব-লিখিত অঘোরীদের * ন্যায় আচরণ করে; মদ্য মাংস ভক্ষণ, সর্পাদির অস্থি ও পশ্বাদির কপাল ধারণ ও অন্য অন্য নানাবিধ ঘৃণিত ও কুৎসিত ব্যবহার করে। বিশেষ এই যে, ইহারা যোগী এই জন্য কণ্‌ফট্‌-যোগীদের মত কর্ণ-যুগলে একরূপ দর্শন অর্থাৎ কুণ্ডল পরিয়া থাকে।

ইহারা শিবের উপাসক, এ নিমিত্ত অস্থি-মালা ও করোটি-মালার সহিত রুদ্রাক্ষ-মালা ও ঠুম্‌রা প্রভৃতি

---

* অঘোরী সন্ন্যাসীদের বিষয় মুদ্রিত হইবার পর তাহাদের সংক্রান্ত একটি অতি অপূর্ব্ব ব্যাপার জানিতে পারিলাম। কোন কোন অঘোরী এক একটি অঘোরিণী সঙ্গে রাখে ও তাহাকে লইয়া যার পর নাই অকথ্য ও অশ্রাব্য ব্যবহার করিয়া থাকে। আমার সুপরিচিত একটি ভদ্র লোক এক বার গয়াধামে গমন করেন। তিনি এক দিবস একটি অঘোরী ও অঘোরিণীকে দেখিতে পাইয়া তাহাদিগকে আহ্বান করিলেন। তাহারা মদ্য পান করিতে করিতে তাঁহার সমীপস্থ হইল ও কিঞ্চিৎ ভিক্ষার লোভে অনতিবিলম্বেই দিবা-ভাগে সকলের সাক্ষাতেই স্ত্রী-পুরুষের ব্যবহার আরম্ভ করিয়া দিল। তিনি দেখিয়া লজ্জায় অধোবদন হইলেন ও অতি সত্বরেই ভিক্ষা দিয়া তাহাদিগকে বিদায় করিয়া দিলেন। সর্ব্বাংশে উচ্ছৃঙ্খল হওয়াই বুঝি তাহাদের ধর্ম্ম।

তীর্থ-চিহ্ন ধারণ করে। ক্ষৌরী হয় না; কেশ ও শ্মশ্রু রাখিয়া দেয়।

পূর্ব্বে স্বর্ভঙ্গী নামে এক সম্প্রদায়ের বিষয় লিখিত হইয়াছে। অঘোরপন্থী-যোগীরাও আপনাদের অপর একটি নাম স্বর্ভঙ্গী বলিয়া পরিচয় দেয়। ইহা হইলে, এরূপ স্বর্ভঙ্গীরা সন্ন্যাসী না হইয়া যোগি-সম্প্রদায়ের মধ্যে পরিগণিত হয়।

ইহা ভিন্ন অন্য অন্য নামের অন্য অন্য প্রকার যোগী নানা বেশ ধারণ করিয়া পর্য্যটন করে। এক্ষণে অপরাপর অনেক ধর্ম্মের ন্যায় যোগ-ধর্ম্মও এক রূপ প্রবঞ্চনার উপায় হইয়া উঠিয়াছে। যোগীদের মধ্যে অধিকাংশেই অনেক সন্ন্যাসীর ন্যায় আপন কর্ত্তব্যের কিছু মাত্র অনুষ্ঠান করে না; কেবল ধর্ম্মচ্ছলে ভিক্ষা করিয়া পর্য্যটন করে। ইহারা লোকের নিকট গিয়া মন্ত্র বা ঔষধ-বিশেষ দ্বারা রোগ নিবারণ, দৈব-বলে অন্য অন্য মনস্কামনা পূরণ ও ভবিষ্যৎ ঘটনাদির বিবরণ করিতে আপনাদিগকে সমর্থ জানায়, এবং তদ্দ্বারা অজ্ঞ ব্যক্তিদের নিকট হইতে নানাচ্ছলে অর্থ আহরণ করিয়া থাকে। বোধ হয়, ইহাদিগকেই উদ্দেশ করিয়া পশ্চাল্লিখিত বচন সমুদায় বিরচিত হইয়াছে।

**मुण्डी च दण्डधारी वा काषायवसनोऽपि वा ।**<br>
**नारायणवदोवापि जटिलोभस्मलेपनः ॥**<br>
**नमः शिवायवाच्योवा वस्त्रार्चापूजकोऽपि वा ।**<br>
**क्रियाहीनोऽथवा क्रूरः कथं सिद्धिमवाप्नुयात् ॥**

দত্তাত্রেয়সংহিতা।

মুণ্ডিত-মস্তক, দণ্ড-ধারী, কষায়-বর্ণ-বস্ত্র, নারায়ণ শব্দ উচ্চারণ-কারী, জটা-যুক্ত, ভস্ম-লিপ্ত, নমঃ শিবায় এই শব্দ উচ্চারণ-কারী, বহু-মূর্ত্তি-পূজক এই সকল লক্ষণ-যুক্ত হইয়াও যদি ক্রূর হয়, অথবা যথাবিহিত ক্রিয়া অনুষ্ঠান না করে, তবে কিরূপে সিদ্ধি লাভ করিবে?

क्रियैव कारणं सिद्धेः सत्यमेतत्तु साङ्कृते ।
शिश्नोदरार्थं योगस्य कथं वा वेशधारिणः ॥
अन्नपानविहीनास्तु वञ्चयन्ति जनान् किल ।
उच्चावचैर्विप्रलम्भैर्यतस्ते भयनालवः ॥

দত্তাত্রেয়সংহিতা।

সাঙ্কৃতি! যোগ-ক্রিয়াই যোগ-সিদ্ধির কারণ ইহা সত্য জানিবে। যাহারা শিশ্নোদরের তৃপ্তি সাধন উদ্দেশে যোগীর বেশ ধারণ করে, তাহাদের কিরূপে যোগ-সিদ্ধি হইবে? এইরূপ বেশ-ধারী ব্যক্তিরা ভোজনাসক্ত; তাহারা অন্ন-পান-বিহীন হইয়া লোক সকলকে নানা-প্রকারে প্রবঞ্চনা করে।

কাশীখণ্ডে একালে যোগানুষ্ঠানের স্পষ্ট নিষেধই দেখা যাইতেছে।

न सिध्यति कलौ योगो न सिध्यति कलौ तपः ।

কাশীখণ্ড দ্বাত্রিংশ অধ্যায়।

কলিতে যোগ সিদ্ধ হয় না; কলিতে তপস্যাও সিদ্ধ হয় না।

चञ्चलेन्द्रियवृत्तिः स्यात् कलिकल्मषसम्भवात् ।
अल्पायुः स्यात्तथा नृणां क्व च योगमहोदयः ॥

কাশীখণ্ড দ্বাচত্বারিংশ অধ্যায়।

কলি-কাল-সম্ভব পাপ দ্বারা ইন্দ্রিয়-বৃত্তি সকল চঞ্চল হয়, এবং মনুষ্যদিগের আয়ু অল্প হয়, এমন যোগোৎপত্তি কোথায়?

## যোগিনী ও সংযোগী।

স্ত্রীলোকে যেমন সন্ন্যাস-মন্ত্রে উপদিষ্ট হইয়া অবধূতানী হয়, সেইরূপ আবার যোগ-ধর্ম্ম গ্রহণ করিয়া যোগিনী হইয়া থাকে। ইহাদিগকে সচরাচর নাথিনী বলে। কণ্‌ফট্‌-সম্প্রদায়ি যোগিনী সকলে যোগীদের ন্যায় গেরুয়া বস্ত্রাদি শৈব চিহ্ন ধারণ করে ও দুই কর্ণে দুই মুদ্রাও ব্যবহার করিয়া থাকে। দেখিতে পাই, অনেকে অনেক প্রকার অলঙ্কার ধারণ করিয়া শরীর অলঙ্কৃত করিতেও ত্রুটি করেন না।

দশনামীদের ঘরবারী সন্ন্যাসীদের মত ইহাদেরও ঘরবারী অর্থাৎ গৃহস্থ যোগী আছে। তাহারাও স্ত্রী-পুত্রাদি লইয়া সংসার করে ও নিজ সম্প্রদায়ের মধ্যেই বিবাহাদি সম্পন্ন করিয়া থাকে। তাহাদিগকে সংযোগী বলে।

---

## লিঙ্গোপাসনা ও লিঙ্গায়ৎ।

(জঙ্গম।)

শিবের সহিত অন্য অন্য দেবতার একটি বিষয়ে বিশেষ বিভিন্নতা দেখিতে পাওয়া যায়। তাঁহার সর্ব্বাবয়-বের প্রতিমূর্ত্তি অতীব বিরল; ভারতবর্ষের সকল অংশেই তদীয় লিঙ্গ-মুর্ত্তিতেই তাঁহার পূজা হইয়া থাকে। উহা সর্ব্বত্র এরূপ প্রচলিত যে, শিবের উপাসনা বলিলে

শিবের লিঙ্গ-মূর্ত্তির উপাসনাই বুঝিতে হয়। শিবালয় ও শিব-মন্দির সমুদায় কেবল ঐ মূর্ত্তিরই আলয়। শৈব-তীর্থে কেবল ঐ মূর্ত্তিরই মহিমা প্রকাশিত আছে। স্বতন্ত্র একখানি বৃহৎ পুরাণ ঐ মূর্ত্তিরই গুণ-কীর্ত্তন উদ্দেশে বিরচিত হইয়াছে।

সাধারণ-মতে ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা, বিষ্ণু পালনকর্ত্তা ও শিব সংহারকর্ত্তা; কিন্তু ঐ সকল দেবতার উপাসকেরা প্রত্যেকেই আপন আপন উপাস্য দেবতাকে সৃজন পালন সংহার এই ত্রিগুণেরই আশ্রয় বলিয়া অঙ্গীকার ও প্রচার করিয়াছেন। তদনুসারে শিবও সৃজনকর্ত্তা ও তদীয় লিঙ্গ-মূর্ত্তি সেই সৃজন-শক্তির পরিচায়ক।

লিঙ্গপুরাণে দুইপ্রকার শিবের বিষয় লিখিত আছে; অলিঙ্গ ও লিঙ্গ। অলিঙ্গ শিব নিষ্ক্রিয় ও নির্গুণ-স্বরূপ, আর লিঙ্গ-শিব জগতের কারণ।

জগদ্যোনি মহাভূতং স্থূলং সূক্ষ্মমজং বিভুম্।
বিগ্রহং জগতাং লিঙ্গং অলিঙ্গাদভবৎ স্বয়ম্॥

লিঙ্গপুরাণ তৃতীয় অধ্যায়।

স্থূল, সূক্ষ্ম, জন্ম-রহিত ও সর্ব্ব-ব্যাপী মহাভূত-স্বরূপ লিঙ্গ-শিব জগতের কারণ ও বিশ্ব-রূপ। তিনি অলিঙ্গ-শিব হইতে উৎপন্ন হইয়াছেন।

ঐ পুরাণের সপ্তদশ অধ্যায়ে সুস্পষ্ট উল্লেখ আছে, মহাদেবের সৃজন-শক্তিই লিঙ্গ।

প্রধানং লিঙ্গমাখ্যাতং লিঙ্গী চ পরমেশ্বরঃ।

লিঙ্গপুরাণ সপ্তদশ অধ্যায়।

মহেশ্বরকে লিঙ্গী ও তাঁহার প্রকৃতি অর্থাৎ সৃজন-শক্তিকে লিঙ্গ বলিয়া উল্লেখ করা হইয়াছে।

ঐ লিঙ্গপুরাণে এ বিষয়ের অনেকগুলি অদ্ভুত উপাখ্যান বিনিবেশিত আছে। উহার সপ্তদশ অধ্যায়ে লিখিত আছে, ব্রহ্মা ও বিষ্ণুতে এক বার ঘোরতর বিবাদ উপস্থিত হয়। ব্রহ্মা বলেন, "আমি বিশ্বের কর্ত্তা।" বিষ্ণু বলেন, "আমি বিশ্বের কর্ত্তা।" এই বিরোধ-ভঞ্জন অভিপ্রায়ে দেদীপ্যমান লিঙ্গরূপী মহাদেব আবির্ভূত হইলেন।

**प्रलयार्णवमध्ये तु रजसा बद्धवैरयोः।**
**एतस्मिन्नन्तरे लिङ्गमभवच्चावयोः पुरः।**
**विवादशमनार्थञ्च प्रबोधार्थञ्च भास्वरम्।**
**ज्वालामालासहस्राभं कालानलशतोपमम्॥**

লিঙ্গপুরাণ সপ্তদশ অধ্যায়।

প্রলয়-সমুদ্রের মধ্যে রজোগুণ-প্রভাবে আমাতে* ও বিষ্ণুতে বিরোধ হইতেছিল, এমন সময়ে সেই বিরোধ-ভঞ্জন ও প্রবোধ-প্রদান জন্য শত-সংখ্যক কালাগ্নি-স্বরূপ ও সহস্র অগ্নিশিখা-তুল্য দীপ্তিমান্ লিঙ্গ উৎপন্ন হইল।

ঐ লিঙ্গ-দর্শনে বিস্ময়াপন্ন হইয়া তাহার আদি ও অন্ত অন্বেষণ উদ্দেশে বিষ্ণু বরাহ-রূপ ধারণ করিয়া অধোদিকে গমন করিলেন, এবং ব্রহ্মা হংস-রূপ পরিগ্রহ করিয়া ঊর্দ্ধ দিকে যাত্রা করিলেন। কিন্তু কি অধঃ কি ঊর্দ্ধ কোন দিকে আদি অন্ত কিছুই না পাওয়াতে তাঁহারা উভয়ে শ্রান্ত, ক্লান্ত ও প্রত্যাগত হইয়া ভয়ে কাঁপিতে লাগিলেন। এমন

* অর্থাৎ ব্রহ্মাতে।

সময়ে অকস্মাৎ 'ওঁ ওঁ' এইরূপ আকাশবাণী হইল, এবং সেই লিঙ্গের পার্শ্ব-দেশে ওঁকারের পৃথক্ পৃথক্ অঙ্গ অকার, উকার, মকার, এই তিনটি অক্ষর দৃষ্ট হইতে লাগিল। এই ওঁকারের তাৎপর্য্যার্থ-স্বরূপ এইরূপ লিখিত আছে যে,

**अस्य लिङ्गादभूद्बीजमकारं बीजिनः प्रभोः ।**
**उकारयोनौ वै क्षिप्तमवर्द्धत समन्ततः ॥**

লিঙ্গপুরাণ সপ্তদশ অধ্যায়।

বীজি-স্বরূপ মহেশ্বরের লিঙ্গ হইতে অকার-স্বরূপ বীজ উৎপন্ন হইল, এবং তাহা উকার-স্বরূপ যোনিতে নিক্ষিপ্ত হইয়া চতুর্দ্দিকে বৃদ্ধি পাইতে লাগিল।

লিঙ্গ যে মহাদেবের সৃজন-শক্তির পরিচায়ক, তাহা এই শ্লোকে স্পষ্টই বোধ হইতেছে। তদনুসারে শিব-বোধক লিঙ্গ-মূর্ত্তিতে যেমন শিব-পূজার বিধি আছে, সেইরূপ শক্তি-বোধক যোনি-মূর্ত্তিতে শক্তি-পূজার ব্যবস্থা দেখিতে পাওয়া যায়।

**लिङ्गवेदी महादेवी लिङ्गं साक्षान्महेश्वरः ।**
**तयोः संपूजनान्नित्यं देवी देवश्च पूजितौ ॥**

প্রাণতোষিণী-ধৃত লিঙ্গপুরাণ-বচন।

লিঙ্গ-বেদী মহাদেবী ভগবতী-স্বরূপ। আর লিঙ্গ সাক্ষাৎ মহাদেব-স্বরূপ। এই লিঙ্গ ও বেদীর পূজাতে শিব ও শক্তি উভয়ের পূজা হয়।

**शक्तिं विना महेशानि प्रेतत्वं तस्य निश्चितम् ।**
**शक्तिसंयोगमात्रेण कर्मकर्त्ता सदाशिव**

अतएव महेशानि पूजयेच्छिवलिङ्गकम् ॥

লিঙ্গার্চ্চন তন্ত্র।

মহেশানি! শক্তি-সংযুক্ত না থাকিলে শিব নিশ্চিত শব-স্বরূপ হন, এবং শক্তি-যুক্ত হইলেই কর্ম্ম-ক্ষম হইয়া উঠেন। অতএব শক্তির সহিত শিব-লিঙ্গের পূজা করিবে।

যোনি ও লিঙ্গ পূজা-প্রবর্ত্তন বিষয়ের ভিন্ন ভিন্ন আখ্যায়িকা আছে *। তন্মধ্যে বামনপুরাণে লিঙ্গোৎপত্তির

---

* বামনপুরাণ শিবপুরাণ প্রভৃতিতে এ বিষয়ের অনেক অপরূপ উপাখ্যান আছে, তাহা এ স্থলে কীর্ত্তন করিয়া পুস্তকের অশ্লীলতা বৃদ্ধি করিবার প্রয়োজন নাই। ঐ দুই পুরাণে এবং লিঙ্গপুরাণ, ব্রহ্মাণ্ড-পুরাণ ও স্কন্দপুরাণের অন্তর্গত কাশীখণ্ডে শিব-লিঙ্গের সবিস্তর মহিমাবর্ণন ও তদীয় পূজার সবিশেষ ব্যবস্থা বিদ্যমান আছে। এ দিকে আবার পদ্মপুরাণে লিখিত আছে, কোন্ দেবতা ব্রাহ্মণের পূজ্য ইহা নিরূপণ করিবার অভিপ্রায়ে, ঋষিগণ ভৃগু মুনিকে মহাদেবের আচরণ জানিতে পাঠাইয়া দেন। তিনি মহাদেবের গৃহ-দ্বারে উপস্থিত হইয়া শুনিলেন, মহাদেব পার্ব্বতীর সহিত ক্রীড়া করি-তেছেন। ভৃগুমুনি বহুদিবস পর্য্যন্ত তথায় অপেক্ষা করিয়া থাকিলেন, তথাচ শিবের সহিত সাক্ষাৎ হইল না। তখন মুনি এই অভিসম্পাত করিলেন,

नारीसङ्गममत्तोऽसौ यस्मान्मामवमन्यते ।
योनिलिङ्गस्वरूपं वै रूपं तस्माद्भविष्यति ॥
ब्राह्मणं मां न जानाति तमसा ह्युपागतः ।
अब्राह्मण्यत्वमापन्नो न पूज्योऽसौ द्विजन्मनाम् ॥
रुद्रभक्ताश्च ये लोके भस्मलिङ्गास्थिधारिणः ।
ते पाषण्डत्वमापन्ना वेदबाह्या भवन्ति वै ॥

পদ্মপুরাণ উত্তরখণ্ড।

স্ত্রী-সংসর্গে মত্ত হইয়া মহাদেব আমাকে অবজ্ঞা করিতেছে, অত-এব তাহাদের উভয়ের শরীর যোনি ও লিঙ্গরূপ হইবে। আমি ব্রাহ্মণ; শিব পাপাচ্ছন্ন হইয়া আমাকে জানিতে পারিলে না। অতএব সে অব্রাহ্মণ হইয়া দ্বিজগণের অপূজ্য হইবে। আর যাহারা শিব-ভক্ত হইয়া অস্থি, ভস্ম ও লিঙ্গ-মূর্ত্তি ধারণ করিবে তাহারা পাষণ্ড হইয়া বৈদিক ধর্ম্ম হইতে বহিষ্কৃত হইবে।

প্রকরণে লিখিত আছে, ব্রহ্মা শিব-লিঙ্গ ধারণ করিয়া তদীয় উপাসনা প্রচার উদ্দেশে চারিপ্রকার শৈব-সম্প্রদায় প্রবর্ত্তিত করেন।

ব্রহ্মা স্বয়ঞ্চ জগ্রাহ লিঙ্গং কণককপিঙ্গলম্।
ততশ্চকার ভগবাংশ্চাতুর্ব্বর্ণ্যং হরার্চ্চনে।
শাস্ত্রাণি চৈষাং মুখ্যানি নানোক্তিবিদিতানি চ॥
আদ্যং শৈবং পরিখ্যাতমন্যৎ পাশুপতং মুনে।
তৃতীয়ং কালবদনং চতুর্থঞ্চ কপালিনং॥
শৈব আসীৎ স্বয়ং শক্তির্ব্বশিষ্ঠস্য প্রিয়: সুত:।
তস্য শিষ্যোবভূবাথ গোপায়ন ইতি শ্রুত:॥
মহাপাশুপতশ্চাসীৎ ভারদ্বাজস্তপোধন:।
তস্য শিষ্যোঽপ্যভূদ্রাজা ঋষভ: সোমকেশ্বর:॥
কালাস্যো ভগবানাসীদাপস্তম্বস্তপোধন:।
তস্য শিষ্যো বক্তো বৈশ্যো নাম্না ক্রাথেশ্বরো মুনে॥
মহাব্রতী চ ধনদস্তস্য শিষ্যশ্চ বীর্য্যবান্।
কুন্দোদর ইতি খ্যাতো জাত্যা শূদ্রো মহাতপা:॥
এবং স ভগবান্ ব্রহ্মা পূজনায় শিবস্য চ।
কৃত্বা তু চাতুরাশ্রম্যং স্বমেব ভবনং গত:॥

বামনপুরাণ ষষ্ঠ অধ্যায়।

ব্রহ্মা নিজে স্বর্ণের ন্যায় পিঙ্গল-বর্ণ শিব-লিঙ্গ গ্রহণ করিলেন, ও তদবধি চারিবর্ণকেই শিব-পূজার ব্যবস্থা দিলেন, এবং ইহাদের জন্য বিবিধ কথা-বিজ্ঞাপক প্রধান প্রধান শাস্ত্র প্রকাশ করিলেন। প্রথম শৈব, দ্বিতীয় পাশুপত, তৃতীয় কালবদন, চতুর্থ কপালী। বশিষ্ঠের প্রিয় পুত্র শক্তি এবং তাঁহার শিষ্য গোপায়ন শৈব হইয়াছিলেন।

তপস্বী ভারদ্বাজ ও তাঁহার শিষ্য সোমকাধিপতি রাজা ঋষভ পাশুপত হইয়াছিলেন। আপস্তম্ব নামক তপস্বী এবং বক নামে এক জন বৈশ্য কালবদন হইয়াছিলেন। ঐ বকের অন্য এক নাম ক্রাথেশ্বর। মহাব্রতী ধনদ এবং কুন্দোদর নামে তাঁহার একটি শূদ্র-বংশোদ্ভব মহাতপস্বী বীর্য্যবান্ শিষ্য কপালী হইয়াছিলেন। এইরূপ শিব-পূজা প্রচার উদ্দেশে চারি আশ্রমের সৃষ্টি করিয়া ব্রহ্মা গৃহে গমন করিলেন।

শঙ্করদিগ্বিজয়ে লিখিত আছে, শঙ্করাচার্য্যের সময়ে ছয় প্রকার শৈব-সম্প্রদায় ছিল, তাহার মধ্যে চারি সম্প্রদায় লিঙ্গ-উপাসক। অতএব এ বিষয়ে উল্লিখিত পৌরাণিক উপাখ্যানের সহিত এই শেষ উক্ত গ্রন্থের ঐক্য দেখা যাইতেছে। কিন্তু শঙ্করদিগ্বিজয়ে দুই প্রকার লিঙ্গোপাসকের নাম ভাক্ত ও জঙ্গম বলিয়া লিখিত আছে। পুরাণে তাহার পরিবর্ত্তে কপালী এবং কালবদন এই দুই নাম প্রাপ্ত হওয়া যাইতেছে।

লিঙ্গ দুই প্রকার; অকৃত্রিম ও কৃত্রিম। স্বয়ম্ভু-লিঙ্গ ও বাণ-লিঙ্গ প্রভৃতির নাম অকৃত্রিম। *

শাস্ত্রে নির্দ্দেশিত আছে, যে সকল লিঙ্গ কোন ব্যক্তি কর্ত্তৃক স্থাপিত হয় নাই এবং যাহার মূল দেখিতে পাওয়া

---

* লিঙ্গং হি দ্বিবিধমকৃত্রিমং কৃত্রিমঞ্চ। অকৃত্রিমং স্বয়ম্ভূতং স্বয়ম্ভু-বাণলিঙ্গাদি।

প্রাণতোষিণী।

লিঙ্গ দুই প্রকার, অকৃত্রিম ও কৃত্রিম; স্বয়ম্ভু ও বাণ-লিঙ্গ প্রভৃতি যে সকল লিঙ্গ মনুষ্য দ্বারা নির্ম্মিত হয় নাই, তাহার নাম অকৃত্রিম লিঙ্গ।

যায় না, তাহাকে স্বয়ম্ভূ-লিঙ্গ বলে *। ভারতবর্ষের সকল অংশেই অনেকানেক স্বয়ম্ভূ-লিঙ্গ বিদ্যমান আছে। শিবপুরাণ ও স্কন্দপুরাণীয় কাশীখণ্ড-রচনার পূর্ব্বে যে সমস্ত লিঙ্গ বিদ্যমান ছিল, ঐ দুই গ্রন্থে তাহার নাম নির্দ্দেশিত হইয়াছে, তন্মধ্যে সোমনাথ প্রভৃতি দ্বাদশ প্রধান লিঙ্গের নাম জ্যোতির্লিঙ্গ। তাঁহারা সর্ব্বোপরি পূজনীয়।

लिङ्गानि ज्योतिषास्तानि विद्यन्ते ऋषिसत्तमाः ।
तान्यहं कथयाम्यद्य श्रुत्वा पापं व्यपोहति ॥
सौराष्ट्रे सोमनाथञ्च श्रीशैले मल्लिकार्ज्जुनम् ।
उज्जयिन्यां महाकालमोङ्कारममरेश्वरम् ।
केदारं हिमवत्पृष्ठे डाकिन्यां भीमशङ्करम् ।
वाराणस्याञ्च विश्वेशं त्र्यम्बकं गौतमीतटे ।
वैद्यनाथं चिताभूमौ नागेशं दारुकावने ।
सेतुबन्धे तु रामेशं घुश्मेशञ्च शिवालये ॥

শিবপুরাণ অষ্টাত্রিংশ অধ্যায়।

সাধুতম ঋষি-সকল! পৃথিবীতে যে সকল জ্যোতির্লিঙ্গ আছে, তাহার বিবরণ বলি: শ্রবণ করিলে পাপ-নাশ হয়। সৌরাষ্ট্র-দেশে

---

* नानाछिद्रसमायुक्तं नानावर्णसमन्वितम् ।
अदृष्टमूलं बधिरं कर्कशं भुवि दृश्यते ॥

প্রাণতোষিণী।

যে সকল লিঙ্গ নানা-ছিদ্র-যুক্ত ও নানা-বর্ণ-বিশিষ্ট ও যাহার অঙ্গ কর্কশ এবং যাহার মূল দৃষ্ট হয় না, তাহার নাম স্বয়ম্ভু-লিঙ্গ।

সোমনাথ, শ্রীশৈলে মল্লিকার্জ্জুন, উজ্জয়িনীতে মহাকাল ও ওঙ্কার নামক শিব, হিমালয়ের পৃষ্ঠ-দেশে কেদার, ডাকিনীতে ভীমশঙ্কর, বারাণসীতে বিশ্বেশ্বর, গৌতমী-তীরে ত্র্যম্বক, চিতাভূমিতে বৈদ্যনাথ, দারুকাবনে নাগেশ, সেতুবন্ধে রামেশ্বর এবং শিবালয়ে ঘুশ্মেশ *।

নর্ম্মদা-নদীর তীরে যে সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র পাষাণ-খণ্ড প্রাপ্ত হওয়া যায়, তাহার নাম বাণ-লিঙ্গ। অনেকে অনুমান করেন, প্রথমে বাণ রাজা কর্ত্তৃক পূজিত হওয়াতে, ঐ সমুদয় প্রস্তর-খণ্ড বাণ-লিঙ্গ বলিয়া খ্যাত হইয়াছে। পুরাণে ইহার অনুকূল অনেকানেক কথা ও উপাখ্যান বিদ্যমান আছে। নানা পুরাণে ও নানা মুনি-প্রণীত গ্রন্থে বাণ রাজা অত্যন্ত শিব-ভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন, এবং তাঁহা কর্ত্তৃক বাণ-লিঙ্গ-স্থাপনার বিষয়ও কথিত হইয়াছে।

---

* এই সকল শিব-লিঙ্গের মধ্যে কতক অদ্যাপি বিদ্যমান আছে, আর কতকগুলি নষ্ট হইয়া গিয়াছে। গিজনি-বাসী মামুদ্ নামক মুসল্মান্ বাদশাহ ১০২৪ দশ শত চব্বিশ খৃষ্টাব্দে গুজরাটের সোমনাথ শিবকে ভগ্ন করিয়া তাঁহার মন্দির মুসল্মান্ দেবালয় করেন, ইহা প্রসিদ্ধই আছে। পুরাণে যখন ঐ সোমনাথ সৌরাষ্ট্র-দেশ-স্থিত বলিয়া উক্ত হইয়াছে, তখন বোধ হয় পূর্ব্বকালে গুজরাটের কিয়দংশ সৌরাষ্ট্রের অন্তর্গত ছিল। দক্ষিণে কৃষ্ণা নদীর দক্ষিণ-তটের নিকটস্থ শ্রীশৈল পর্ব্বতে মল্লিকার্জ্জুন শিব প্রতিষ্ঠিত আছেন। ১১৫২ এগার শ বায়ান্ন শকে অল্তমষ্ নামে একটি মুসল্মান্ বাদশাহ উজ্জয়িনীর মহাকালকে দিল্লীতে লইয়া গিয়া ভগ্ন করিয়া ফেলেন। তাহার তিন শত বৎসর পূর্ব্বে ঐ শিব-মন্দির নির্ম্মিত হয়। অতএব বলিতে হয়, শকাব্দের নবম শতাব্দীতে ঐ মহাকালের মন্দির প্রতিষ্ঠিত হইয়াছিল। তীর্থ-যাত্রীরা

**পুরা বাণাসুরেণাহং প্রার্থিতো নর্ম্মদাতটে।**
**আবিরাসং গিরৌ তত্র লিঙ্গরূপী মহেশ্বরঃ।**
**বাণলিঙ্গমপি খ্যাতমতোঽস্মাজ্জগতীতলে॥**

শব্দকল্পদ্রুম-ধৃত বচন।

পূর্ব্বে নর্ম্মদা-নদীর তীরে বাণাসুরের প্রার্থনাক্রমে তত্রস্থ পর্ব্বতে আমি লিঙ্গরূপী শিব হইয়া বাস করি এ নিমিত্ত ভূমণ্ডলে বাণ-লিঙ্গ বলিয়া আমার খ্যাতি রহিয়াছে।

**বাণঃ সদাশিবো দেবো বাণো বাণাসুরোঽপি চ।**
**তেন যস্মাৎ কৃতং তস্মাদ্বাণলিঙ্গমুদাহৃতম্॥**

বীরমিত্রোদয়।

স্বয়ং সদাশিবের নাম বাণ। বাণ শব্দে বাণ রাজাও বুঝায়।

---

অদ্যাপি হিমালয়স্থ কেদারনাথ দর্শন করিতে যায়। দক্ষিণে রাজ-মহেন্দ্রির অন্তঃপাতী দ্রচরম নামক স্থানে ভীমেশ্বর নামক শিব আছেন; সেই প্রদেশের লোকেরা তাঁহাকে প্রধান দ্বাদশ লিঙ্গের এক লিঙ্গ বলিয়া বিশ্বাস করে। অতএব বোধ হয়, এই লিঙ্গ শিবপুরাণোক্ত ডাকি-নী-স্থিত ভীমশঙ্কর লিঙ্গ হইবে। ওঙ্কার শিব নর্ম্মদা নদীর তীরে ওঁকার-মন্দত্ত নামক স্থানে বিদ্যমান আছেন। কাশীর বিশ্বেশ্বর, বৈদ্যনাথের বৈদ্যনাথ এবং সেতুবন্ধ রামেশ্বরের রামেশ্বর এই তিনটি শিব-লিঙ্গ প্রসিদ্ধই আছে। ত্র্যম্বক ঘুশ্মেশ প্রভৃতি অপর তিনটি লিঙ্গ এখন বিদ্যমান আছে কি না বলা যায় না।

খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর অথবা নবম শতাব্দীর রচিত বিবিধ গ্রন্থে ঐ দ্বাদশ লিঙ্গের অন্তর্গত অনেকটির প্রসঙ্গ পাওয়া যায়। অত-এব ঐ সময়ের বহু পূর্ব্বে ভারতবর্ষের সকল স্থানে লিঙ্গ-উপাসনা প্রচলিত ছিল তাহার সন্দেহ নাই।

সেই বাণ রাজা কর্ত্তৃক স্থাপিত হওয়াতে, বাণ-লিঙ্গ বলিয়া খ্যাতি হইয়াছে।

এই বাণ-লিঙ্গ বিশেষ বিশেষ লক্ষণানুসারে ইন্দ্রলিঙ্গ, আগ্নেয়লিঙ্গ, যাম্যলিঙ্গ, বারুণলিঙ্গ, বায়ুলিঙ্গ, কুবের-লিঙ্গ, বৈষ্ণবলিঙ্গ প্রভৃতি বলিয়া উক্ত হয়।

মনুষ্য কর্ত্তৃক দ্রব্য-বিশেষ দ্বারা নির্ম্মিত লিঙ্গের নাম কৃত্রিম লিঙ্গ। স্বর্ণ, রজত, কাংস্য, পিত্তল, পারদ, তাম্র, স্ফাটিক, প্রস্তর, মৃত্তিকা, কুঙ্কুম, কস্তূরি, চন্দন, যব, গোধূম, ধান্য, তিল, লবণ, ঘৃত, দধি, গোময়, কেশ, অস্থি প্রভৃতি উত্তম অধম বিবিধ দ্রব্যে গঠিত নানাবিধ লিঙ্গ-পূজার ব্যবস্থা আছে। এ দেশীয় লোকেরা প্রাত্যহিক শিব-পূজা সচরাচর পার্থিব লিঙ্গতেই করেন, ও কেহ কেহ বা বাণ-লিঙ্গের অর্চ্চনা করিয়া থাকেন। যদিও লিঙ্গ-নির্ম্মাণ বিষয়ে মৃত্তিকার পরিমাণ ও শ্বেত-রক্তাদি* বর্ণের বিশেষ-বিষয়ক বিধান আছে, কিন্তু এইক্ষণে তদনুযায়ী অনুষ্ঠান হইয়া উঠে না। এই পূজাতে ব্রাহ্মণ অবধি শূদ্র পর্য্যন্ত সকল বর্ণেরই অধিকার আছে, শিবের অর্চ্চনা না করিলে অশেষ অনিষ্টের উৎপত্তি হয়।

---

* শুক্লন্তু ব্রাহ্মণে শস্তং ক্ষত্রিয়ে রক্তমিষ্যতে।
পীতন্তু বৈশ্যজাতৌ স্যাৎ কৃষ্ণং শূদ্রে প্রশস্তকম্ ॥

প্রাণতোষিণী।

ব্রাহ্মণে শুক্লবর্ণ, ক্ষত্রিয়তে রক্তবর্ণ, বৈশ্যে পীতবর্ণ এবং শূদ্রে কৃষ্ণবর্ণ মৃত্তিকায় শিব-লিঙ্গ নির্ম্মাণ করিবে ইহাই প্রশস্ত বলিয়া উক্ত হইয়াছে।

শিবার্চ্চনন্তু দেবেশি যস্মিন্ গেহে বিবর্জিতম্।
বিষ্ঠাগর্ত্তসমং দেবি তদ্গৃহং বিদ্ধি পার্ব্বতি॥
শাক্তো বা বৈষ্ণবো বাপি শৈবো বা পরমেশ্বরি।
আদৌ লিঙ্গং প্রপূজ্যাথ বিল্বপত্রৈর্বরাননে।
পশ্চাদন্যং মহেশানি লিঙ্গং প্রার্থ্য প্রপূজয়েৎ।
অন্যথা মূত্রবৎ সর্ব্বং শিবপূজাং বিনা প্রিয়ে॥

প্রাণতোষিণী।

পার্ব্বতি! দেবেশি! যে গৃহে শিবের পূজা হয় না, তাহা বিষ্ঠা-গর্ত্তের তুল্য জানিবে। পরমেশ্বরি! শাক্ত, বৈষ্ণব বা শৈবই হউক, অগ্রে বিল্ব-পত্র দ্বারা শিব-লিঙ্গের পূজা করিয়া তাঁহার নিকটে প্রার্থন পূর্ব্বক অন্য দেবতার পূজা করিবে *। শিব-পূজা না করিলে, পূজার সামগ্রী সমুদয় মূত্রবৎ হয়।

পূর্ব্বকালে লিঙ্গ-উপাসনা কেবল ভারতবর্ষ মধ্যে বদ্ধ ছিল না। এখানকার প্রায় অষ্টাদশ শত ক্রোশ পশ্চিমে মিশর দেশে অসীরিস্ নামক প্রধান দেবের লিঙ্গ-পূজা বাহুল্যরূপে প্রচলিত ছিল। এই অসীরিস্ ও তদীয় ভার্য্যা আইসীস্ দেবীর সহিত শিব ও শক্তির বিবিধ বিষয়ে ঐক্য দেখা যায়। ভগবতী যেমন বিশ্ব-রূপা, আই-সীস্ দেবীও সেইরূপ পৃথিবী-রূপা। তন্ত্রোক্ত শক্তি-যন্ত্র যেমন ত্রিকোণাকৃতি, সেইরূপ ত্রিকোণ-যন্ত্র আইসীস্

* এস্থলে বৈষ্ণব প্রভৃতি অপরাপর উপাসকের প্রতিও শিব পূজার ব্যবস্থা দেখিতেছি, কিন্তু গৌরাঙ্গ-সম্প্রদায়ী ও অন্য অন অনেক-সম্প্রদায়ী বৈষ্ণবেরা শিব-পূজা করেন না, বরং শৈবদের প্রতি বিদ্বেষই প্রকাশ করিয়া থাকেন।

দেবীরও পরিচায়ক ছিল। শিব যেমন সংহারকর্ত্তা, অসী-রিস্ সেইরূপ প্রাণ-সংহারক যম-স্বরূপ। শিবের বাহন বৃষ যেমন পূজনীয়, অসীরিস্ দেবের এপিস্ নামক বৃষও তাঁহার অংশ-স্বরূপ বলিয়া পুজিত হইত।

এইরূপ একটি উপাখ্যান আছে যে, বেকস্ দেব ভারত-বর্ষ হইতে দুইটী বৃষকে মিশর দেশে লইয়া যান, তাহারই একটির নাম এপিস্। শিব ও অসীরিস্ উভয় দেবতারই শিরোভূষণ সর্প। শিবের হস্তে যেমন ত্রিশূল, অসীরিস্ দেবের হস্তে সেইরূপ একটি দণ্ড দেখা যায়। মিশর দেশের অসীরিস্ দেবের অনেক পাষাণময় প্রতিমূর্ত্তির সহিত শিব-পরিধান ব্যাঘ্র-চর্ম্মের প্রতিরূপ দেখিতে পাওয়া যায়। শ্রীযুক্ত উইল্‌কিন্স্ সাহেবের কৃত প্রাচীন মিশর লোকের ইতিহাস-সহকৃত চিত্র-গ্রন্থের তেত্রিশ সংখ্যক চিত্রফলকে অসীরিস্ দেবের চর্ম্ম-পরিধান-বিশিষ্ট চিত্রময় প্রতিরূপ বিদ্যমান আছে। তাঁহার একটি প্রিয় বৃক্ষ ছিল, তাহার পত্র শিব-প্রিয় বিল্ব-পত্রের মত ত্রিভাগে বিভক্ত। কাশী-ধাম যেমন মহাদেবের প্রধান তীর্থ, মেম্ফিস্ নগর সেইরূপ অসী-রিস্ দেবের সর্ব্বোপরি মাহাত্ম্য-ভূমি বলিয়া পরিগণিত ছিল। দুগ্ধ দিয়া যেমন শিবের অভিষেক করা হয়, ফিলিদ্বীপে অসীরিস্ দেবের পীঠস্থানে সেইরূপ প্রতিদিন ৩৬০ পাত্র দুগ্ধ অর্পণ করা হইত। মহাদেবের সহিত অসীরিস্ দেবের বিভিন্নতা এই যে, শিব শ্বেতবর্ণ, অসীরিস্ কৃষ্ণবর্ণ। কিন্তু মহাকাল নামক শিব-মূর্ত্তি-বিশেষেরও কৃষ্ণবর্ণ লিখিত আছে।

महाकालं यजेद्देव्या दक्षिणे धूम्रवर्णकम् ।
बिभ्रतं दण्डखट्वाङ्गौ दंष्ट्राभीममुखं शिशुम् ॥

তন্ত্রসার।

দেবীর দক্ষিণ ভাগে ধূম্র-বর্ণ, বিকট-দর্শন, ভীষণ-বদন, দণ্ড ও খট্টাঙ্গ ধারী শিশু মহাকালের পূজা করিবে।

ভারতবর্ষের শিব-লিঙ্গ-পূজার ন্যায় মিশর দেশে অসীরিস্ দেবের লিঙ্গ-পূজা অত্যন্ত প্রবল ছিল। এ বিষয়ের এইরূপ একটি উপাখ্যান প্রচলিত আছে যে, টাইফন্ নামক দেবতা মন্ত্রণা পূর্ব্বক অসীরিস্‌কে নষ্ট করিয়া তাঁহার দেহকে খণ্ড খণ্ড করেন। এই অশুভ সমাচার প্রাপ্ত হইয়া তাঁহার ভার্য্যা আইসীস্ দেবী সেই সমস্ত দেহ-খণ্ড সংগ্রহ পূর্ব্বক বিশেষ বিশেষ স্থানে খনন করিয়া রাখেন। কিন্তু লিঙ্গ-দেশ পাইলেন না এই নিমিত্ত উহার প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া তাহার পূজা ও মহোৎসব প্রচলিত করেন। মিশর দেশের স্থানে স্থানে তও নামে এইরূপ একটি মূর্ত্তি দেখিতে পাওয়া গিয়াছে। ইহা এ দেশীয় যোনি-লিঙ্গের প্রতিরূপ। ভারতবর্ষীয় শাস্ত্রকারেরা যেমন শিব-লিঙ্গকে শিবের সৃজন-শক্তির বিজ্ঞাপক বলিয়া উল্লেখ করিয়াছেন, মিশর-দেশীয় ইতিহাসবিৎ পণ্ডিতেরা অসীরিস্ দেবের লিঙ্গ-পূজার বিষয়েও অবিকল সেইরূপ মীমাংসা করিয়া গিয়াছেন *।

তও

---

* প্লু টার্ক-লিখিত অসীরিস্ ও আইসীস্ দেবীর বৃত্তান্ত এবং শ্রীযুত উইল্‌কিন্স্ সাহেব-কৃত প্রাচীন মিশর লোকের ইতিহাস এই দুই গ্রন্থের এই বিষয়ের প্রস্তাব দেখ।

শ্রীযুক্ত বান্স্ কেনেডি এ দেশীয় শিব-লিঙ্গ উপাসনার সহিত মিশর-দেশীয় লিঙ্গ-পূজার দুইটি বিষয়ে বিভিন্নতা লিখিয়াছেন *। তিনি বলেন, মিশর দেশের ন্যায় ভারতবর্ষে লিঙ্গ-মূর্ত্তির গ্রাম-যাত্রা বা নগর-যাত্রা প্রচলিত নাই। তাঁহার একথাটি নিতান্ত অমূলক। বাঙ্গলা দেশে চৈত্র-উৎসবের সময়ে সন্ন্যাসীরা সমারোহ পূর্ব্বক জলাশয় হইতে শিব-লিঙ্গকে পূজার স্থলে আনয়ন করে, পরে মস্তকে করিয়া গ্রামস্থ লোকের গৃহে গৃহে লইয়া যায় ও তথায় স্থাপন পূর্ব্বক তাহার অর্চ্চনাদি করিয়া থাকে। চৈত্রমাসে নবদ্বীপে শিবের বিবাহ নামে এক রূপ মহোৎসব হয়, তাহাতে মহাদেব বাদ্যভাণ্ডাদি সহকারে মহাসমারোহ পূর্ব্বক ভগবতীর বাটীতে যাত্রা করেন, এবং বিবাহ-ক্রিয়া সম্পন্ন হইলে, তথা হইতে স্বীয় মন্দিরে প্রত্যাগত হইয়া থাকেন। এই উপলক্ষে সাত আট ক্রোশ হইতে অনেক লোক নবদ্বীপে আগমন করে। উক্ত সাহেব আর এই এক কথা কহেন যে, অসীরিসের লিঙ্গ-পূজার ন্যায় শিব-লিঙ্গের অর্চ্চনায় মদ্যপানাদি প্রচলিত নাই। প্রকাশ্য-রূপে এরূপ ব্যবহার প্রচলিত নাই বটে, কিন্তু বীরাচারীরা অপ্রকাশ্য-ভাবে কুলাচারের অনুষ্ঠান সহকারে শিব-লিঙ্গের অর্চ্চনা করিয়া থাকেন। যোগসারে এবিষয়ের প্রতিপোষক সুস্পষ্ট প্রমাণও বিদ্যমান আছে।

---

* Vans Kennedey's Researches into the nature and affinity of Ancient and Hindoo mythology, p-305.

**बाणलिङ्गं सदाराध्यं योगिनां योगसाधने ।**
**कौलिकानां कुलाचारे पशूनां शत्रुनिग्रहे ॥**

শব্দকল্পদ্রুম-ধৃত বচন।

যোগীদিগের যোগ-সাধনে, কৌলিকদিগের কুলাচারে এবং পশ্বাচারীদিগের শত্রু-নিগ্রহে অর্থাৎ অভিচার-ক্রিয়ায় সর্ব্বদা বাণ-লিঙ্গের আরাধনা করিবে।

বাণ-লিঙ্গের স্তবেতেও এ বিষয়ের প্রসঙ্গ প্রাপ্ত হওয়া যাইতেছে।

**परित्राणाय योगिनां कौलिकानां प्रियाय च ।**
**कुलाङ्गनानां भक्ताय कुलाचाररताय च ।**
**कुलभक्ताय योगाय नमोनारायणाय च ।**
**मधुपानप्रमत्ताय योगेशाय नमोनमः ॥**

শব্দকল্পদ্রুম-ধৃত যোগসার-বচন।

তুমি যোগীদের ত্রাণকর্ত্তা, কুলাচারীদের প্রিয়, কুল-স্ত্রী-রত, কুলাচারে প্রবৃত্ত ও মধু-পানে প্রমত্ত। তুমি যোগেশ্বর নারায়ণ-স্বরূপ; তোমাকে বারম্বার নমস্কার করি।

গ্রীশ দেশেও লিঙ্গ-পূজা অতিমাত্র প্রবল হইয়াছিল। অনেক নগরেরই প্রত্যেক পথে বহুতর মন্দিরে লিঙ্গ-মূর্ত্তি প্রতিষ্ঠিত ছিল * ও সময়ে সময়ে নানাবিধ ব্যাপার সহকারে লিঙ্গোৎসব সম্পন্ন হইত। ফেলিফোরিয়া নামে বেকস্ দেবের একটি মহোৎসব ছিল, তাহাতে প্রবৃত্ত ব্যক্তিরা মেষ-চর্ম্ম পরিধান পূর্ব্বক সর্ব্বাঙ্গে মসী লেপন

* G. A. St. John's History of the Manners and Customs of ancient Greece, Vol. I., p. 411.

করিয়া নৃত্য করিত*, এবং এক একটি সুদীর্ঘ কাষ্ঠ-দণ্ডে চর্ম্ম-লিঙ্গ বন্ধন করিয়া পথে পথে লইয়া যাইত †। তাহারা এইরূপ স্তব করিত যে, "হে ব্রেকস্! আমরা তোমার গুণ কীর্ত্তন করি, হে উল্লাসের আশ্রয়! তোমার গুণ-কীর্ত্তন সতী স্ত্রীলোকের শ্রবণীয় নয় ‡।"

এই ব্রেকস্ দেবের পুত্র প্রায়েপস্ নামক দেবতার বিষয়ে এই প্রকরণ-সম্বন্ধীয় যে সমুদায় কুৎসিত বৃত্তান্ত লিখিত আছে, তাহা স্মরণ করিলেও লজ্জা উপস্থিত হয়। তাঁহার প্রধান প্রধান মহোৎসব কেবল স্ত্রীলোক কর্ত্তৃকই সম্পাদিত হইত। তাহারা গর্দ্দভ বলিদান ও মদ্যাদি বিবিধ উপচারে তাঁহার অর্চ্চনা করিয়া $ নৃত্য গীত বাদ্যাদি দ্বারা তাঁহাকে পরিতৃপ্ত করিত ¶। এথিনিয়স্ নামক একজন গ্রীক গ্রন্থকর্ত্তা লিখেন; গ্রীকেরা ব্রেকস্ দেবের মহোৎসব-বিশেষে এক শত বিংশতি হস্ত দীর্ঘ একটি স্বর্ণময় লিঙ্গ-মূর্ত্তি বহন করিয়া লইয়া যাইত।

কি আশ্চর্য্যের বিষয়! যেরূপ লজ্জাকর অবয়বাদির প্রতিমূর্ত্তি-প্রকাশ অধুনা রাজ-শাসন দ্বারা বিশেষ রূপে

---

* এদেশীয় চড়ক-পূজার ধূলি-ক্রীড়ায় সন্ন্যাসী এবং গ্রামস্থ অপরাপর লোকেরা গাত্রে ধূলি, কর্দ্দম, মসী, চূর্ণ প্রভৃতি লেপন করিয়া গ্রামের মধ্যে নানা কুৎসিত ব্যবহার করে।

† Cyclopedia Britanica, Vol. 27.

‡ J. A. St. John's Ancient Greece, Vol. 11.. p. 240.

$ অতএব তন্ত্রোক্ত বীরাচারের অনুরূপ ব্যবহার ইউরোপেও ব্যাপ্ত ছিল।

¶ Cyclopedia Britanica, Vol. 28. Part 2.

নিষেধিত হইয়াছে, তাহার পূজা-পদ্ধতি এক সময়ে এত দূর ব্যাপ্ত হইয়াছিল! পূর্ব্বতন অশূরা অর্থাৎ এসীরিয়া এবং বাবিরুষ্ অর্থাৎ বেবিলন্ দেশীয় লোকে তিন শত হস্ত দীর্ঘ লিঙ্গ-মূর্ত্তি নির্ম্মাণ করিয়া তাহার পূজা করিত। বেবিলন্ দেশে যে সমস্ত পিত্তল-রচিত পুরাতন লিঙ্গ-মূর্ত্তি দেখিতে পাওয়া গিয়াছে, তাহা ভারতবর্ষীয় শিব-লিঙ্গ-মূর্ত্তির অবিকল প্রতিরূপ*। রোমক জাতীয়দের মধ্যেও এ উপাসনা প্রচলিত ছিল†। কোন কোন পুরাবৃত্তবিৎ পণ্ডিত বহুতর প্রমাণ প্রয়োগ সহকারে লিখিয়া গিয়াছেন, পূর্ব্বে খ্রীষ্টান্‌দের মধ্যেও একরূপ লিঙ্গ-পূজার প্রথা বিদ্যমান ছিল, এবং ইটালি দেশীয় রোমান্ কেথোলিক্ নামক সম্প্রদায়ে অদ্যাপি প্রচলিত থাকিতে পারে।

This last lingering relic of a very ancient rite—Phallic, Lingaic, or Ionian, as one may be differently disposed to view it—in Christendom, has been thought to deserve a separate and somewhat lengthy dissertation. I have compiled such a one, from sources not mentionable, with a running commentary showing its close correspondence with existing Hindu rites.—Moor's Oriental Fragments, p. 147.

এই প্রাচীন ক্রিয়াটি ভিন্ন ভিন্ন ব্যক্তি কর্ত্তৃক ফেলিক্, আয়োনিয়ান্ বা লৈঙ্গ উপাসনা বলিয়া বিবেচিত হইতে পারে। ইহার লুপ্তাবশিষ্ট কিয়দংশ অদ্যাপি খ্রীষ্টান্-সম্প্রদায়ের মধ্যে প্রচলিত আছে। এই বিষয়ের বিচারার্থ একটি স্বতন্ত্র সুদীর্ঘ প্রবন্ধ লেখা আবশ্যক। আমি

---

* The Journal of the Royal Asiatic Society of Great Britain and Ireland, Vol. I., pp. 91 and 92.

† Tod's Rajasthan, Vol. I., p. 599.

কোন কোন অবক্তব্য স্থল হইতে এই বিষয়ের ঐ রূপ বিবরণ সংগ্রহ করিয়াছি এবং তাহার যে স্থলে যাহা বক্তব্য সমস্ত লিখিয়া গিয়া হিন্দুদিগের প্রচলিত লিঙ্গোপাসনার সহিত ইহার সৌসাদৃশ্য প্রদর্শন করিয়াছি।

মিশর দেশীয় প্রথমকার খ্রীষ্টানেরা লিঙ্গ-মূর্ত্তি-সদৃশ পূর্ব্বোক্ত তও নামক বস্তুটি ধারণ করিতেন। পূর্ব্বতন খ্রীষ্টানদের অনেকানেক সমাধি-মন্দিরে সেই তও-মূর্ত্তির প্রতিরূপ অদ্যাপি অঙ্কিত আছে *।

ভারতবর্ষের দক্ষিণ খণ্ডে শিব-লিঙ্গের উপাসনা অত্যন্ত প্রচলিত। তথায় স্বতন্ত্র একটি লিঙ্গোপাসক-সম্প্রদায় বিদ্যমান আছে, তাহার নাম লিঙ্গায়ৎ, লিঙ্গবন্ত ও জঙ্গম। এইরূপ লিখিত আছে যে, কিছুকাল পূর্ব্বে ও বিশেষতঃ কল্যাণপত্তনের অধিপতি বিজল রাজার সময়ে ঐ অঞ্চলে জৈন ধর্ম্মের সমধিক প্রাদুর্ভাব হয়। ১১৬০ খৃষ্টাব্দের পর বাসব নামে একটি ব্রাহ্মণ-পুত্র ঐ ধর্ম্মের নিবারণ ও শিবারাধনা প্রচার উদ্দেশে উল্লিখিত জঙ্গম-সম্প্রদায় প্রবর্ত্তিত করেন। মহারাষ্ট্র দেশের অন্তর্গত বেলগম প্রদেশের মধ্যে ভাগোয়ান-গ্রাম-নিবাসী একটি শৈব ব্রাহ্মণের বংশে তিনি জন্ম গ্রহণ করেন এবং ঐ সম্প্রদায় সংস্থাপন ও তৎসংক্রান্ত নানা কার্য্য সাধন করিয়া ১১৬৮ খৃষ্টাব্দে মৃত্যু-মুখে পতিত হন। বাসবপুরাণ নামে এক খানি পুরাণে তাঁহার চরিত্র-বর্ণনা আছে। জঙ্গমেরা সেই পুরাণ ও অন্য অন্য সাম্প্রদায়িক

* Wilkinson, Vol. II, p. 283.

গ্রন্থানুসারে তাঁহাকে শিব-বাহন নন্দীর অবতার বলিয়া বিশ্বাস করেন *।

এইরূপ লিখিত আছে যে, উপনয়নের সময়ে সূর্য্যোপাসনা করিতে হয় বলিয়া, বাসব বাল্যকালে যজ্ঞোপবীত গ্রহণ করিতে অস্বীকার করেন এবং বলেন, আমি শিব ভিন্ন অন্য গুরুর উপদেশ গ্রহণ করিব না। পশ্চাৎ তিনি একটি অভিনব উপাসক-সম্প্রদায় প্রবর্ত্তিত করিতে প্রবৃত্ত হন।

বাসব হিন্দু ধর্ম্মের অন্তর্গত অনেকানেক বিষয় নিতান্ত ভ্রান্তি-মূলক জানিয়া একবারে পরিত্যাগ করেন। সূর্য্য অগ্নি ও অন্য অন্য দেব দেবীর পূজা, জাতি-ভেদ, মরণোত্তর যোনি-ভ্রমণ, ব্রাহ্মণেরা ব্রহ্ম-সন্তান ও শুদ্ধাত্মা এই দুইটি কথা, অভিসম্পাতের আশঙ্কা, প্রায়শ্চিত্ত, তীর্থ-ভ্রমণ, স্থান-বিশেষের মাহাত্ম্য, স্ত্রীলোকদের অপ্রাধান্য ও অপদস্থতা, নিকট-সম্পর্কীয় কন্যার পাণিগ্রহণ-প্রতিষেধ, গঙ্গাদি তীর্থ-জল সেবন, ব্রাহ্মণ-ভোজন ও উপবাস, শৌচাশৌচ, সুলক্ষণ, কুলক্ষণ, অন্ত্যেষ্টি-ক্রিয়ার অত্যাবশ্যকতা এসমস্তই তিনি ভ্রমাত্মক বলিয়া অগ্রাহ্য করেন।

বাসব ক্ষুদ্র ক্ষুদ্র লিঙ্গ-মূর্ত্তি প্রস্তুত করিয়া স্ত্রী পুরুষ উভয় জাতীয় শিষ্য-গণের হস্তে ও গল-দেশে ধারণ করিতে

---

* দক্ষিণাপথে শিব-বাহন বৃষের অন্য একটি নাম নন্দী বলিয়া প্রসিদ্ধ আছে।

তত্র কং বৃষভং দেবি নাম্না নন্দী প্রকীর্ত্তিতম্।

লিঙ্গার্চ্চনতন্ত্র দ্বিতীয় পটল।

উপদেশ দেন। তাঁহার মতে, গুরু, লিঙ্গ, জঙ্গম * এই তিনটি মাত্র পরমেশ্বর-কৃত পবিত্র পদার্থ। ঐ লিঙ্গ ব্যতিরেকে ইহারা বিভূতি ও রুদ্রাক্ষ এই দুইটি শৈব-চিহ্নও ব্যবহার করিয়া থাকে।

এই সম্প্রদায়ের মধ্যে স্ত্রী পুরুষ উভয় জাতিরই গুরুত্ব-পদ গ্রহণের অধিকার আছে। দীক্ষা-কালে গুরু শিষ্যের কর্ণ-কুহরে মন্ত্রোপদেশ করেন এবং তাহার গল-দেশে কিম্বা হস্তে লিঙ্গ-মূর্ত্তি বান্ধিয়া দেন। গুরুর পক্ষে মদ্য মাংস ও তাম্বূল ব্যবহার নিষিদ্ধ।

বাসব নিজ সম্প্রদায়ের মধ্যে বিধবা-বিবাহ প্রচলিত করেন। এ বিষয়টি ভাল বটে, কিন্তু ইহাদের মধ্যে অন্য একটি জঘন্য রীতি চলিয়া গিয়াছে। দক্ষিণাপথের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কোন কোন স্থানে উদ্বাহ-বিষয়ে একটি কুপ্রথা প্রচলিত আছে। তথায় বিবাহের পর স্ত্রী নিজ পতির সহিত সহবাস না করিয়া স্বেচ্ছানুসারে অন্যান্য পুরুষে অনুরক্ত হয়। সেই সেই অঞ্চলের জঙ্গমেরাও হিন্দু-ধর্ম্ম অগ্রাহ্য করিবার উদ্দেশে এই কৌতুকাবহ ঘৃণিত রীতির অনুকরণ করিয়াছে।

বাসব নিজ সম্প্রদায়ের মধ্যে শব-দাহ-প্রথা পরিত্যাগ করিয়া শব-খননের প্রথা প্রচলিত করিয়া দেন। সহমরণের রীতি অনুসারে বিধবাদিগকে জীবিত দগ্ধ করিবার নিয়ম ছিল, তিনি তাহার পরিবর্ত্তে তাহাদিগকে জীবিত খনন করিবার প্রথা প্রবর্ত্তিত করেন।

---

* স্বসম্প্রদায়ী লোক।

এক্ষণে জঙ্গমেরা সর্ব্বাংশে বাসবের নিয়মানুসারে চলে না। পূর্ব্বেই লিখিত হইয়াছে, তিনি তীর্থ-ভ্রমণ অনাবশ্যক বলিয়া উপদেশ দেন, কিন্তু তাঁহার সম্প্রদায়ী লোকে শিবরাত্রি-ব্রত পালন করে ও সচরাচর শ্রীশৈলে ও কালহস্তী প্রভৃতি শৈব-তীর্থে যাত্রা করিয়া থাকে।

ইহারা দক্ষিণাপথের কোন কোন শিব-মন্দিরের পূজারীর পদে নিযুক্ত থাকে। অনেকে কেবল ভিক্ষা করিয়া জীবন-যাত্রা নির্ব্বাহ করে। কতক লোকে হস্তে ও পদে ঘণ্টা বন্ধন করিয়া ভ্রমণ করে; গৃহস্থ লোকে তাহার ধ্বনি শুনিয়া তাহাদিগকে নিজ গৃহে আহ্বান করে, অথবা পথের মধ্যে আসিয়াই ভিক্ষা দিয়া যায়। আবার, স্থানে স্থানে ইহাদের মঠ বিদ্যমান আছে; অনেকে তথায় পরিচারক-স্বরূপ অবস্থিতি করে। মঠ-স্বামীরা কতকগুলি শিষ্য রাখেন ও মৃত্যু-কালে তাহার মধ্যে এক ব্যক্তিকে আপনার উত্তরাধিকারী করিয়া যান। *

ভারতবর্ষের দক্ষিণ-পশ্চিম-স্থিত কর্ণাট প্রদেশে এই সম্প্রদায় ক্রমশঃ প্রাদুর্ভূত হইয়া মহারাষ্ট্র, গুজরাট্, তামিল ও তেলিগু দেশে বিস্তৃত হইয়া পড়িয়াছে। ভারতবর্ষের উত্তর খণ্ডে এ সম্প্রদায়ের লোক অতি বিরল। কাশীর কেদারনাথের পাণ্ডারা জঙ্গম। উহার

* দাক্ষিণাত্য লিঙ্গায়ৎ জঙ্গম সম্প্রদায় সংক্রান্ত অনেক কথাই শ্রীমান্ বকানন্-প্রণীত মাইসোর্ দেশের বৃত্তান্তের প্রথম খণ্ড এবং রয়েল আসিয়াটিক্ সোসাইটির জর্ণেলের পঞ্চম খণ্ডের প্রথম ভাগের ষষ্ঠ প্রবন্ধ হইতে সঙ্কলিত হইয়াছে।

অন্তর্গত একটি স্থানে তাহাদের বাস আছে বলিয়া সেই স্থানের নাম জঙ্গমবারী হইয়া গিয়াছে।

তেলুগু, কনর প্রভৃতি দাক্ষিণাত্য ভাষায় ইহাদের অনেক গ্রন্থ বিদ্যমান আছে। মেকিঞ্জী সাহেব ঐ অঞ্চল হইতে যে সমস্ত গ্রন্থ সংগ্রহ করেন, তাহার মধ্যে বাসবেশ্বর পুরাণ, পণ্ডিতারাধ্যচরিত্র, বাস্বনা পুরাণ, চেন্নবাসব পুরাণ, প্রভুলিঙ্গলীলা, সরম্নলীলামৃত, বিরক্তরু কাব্য প্রভৃতি এ সম্প্রদায়ের অনেক পুস্তক প্রাপ্ত হওয়া যায়। ভারতবর্ষের পশ্চিমোত্তর প্রদেশে দেশ-ভাষায় ইহাদের কোন গ্রন্থ পাওয়া যায় না। ঐ প্রদেশে ব্যাসকৃত বেদান্তসূত্রের নীলকণ্ঠ-রচিত ভাষ্যই এই সম্প্রদায়ের একমাত্র প্রামাণিক গ্রন্থ বলিয়া পরিগণিত হইয়া থাকে।

যাহারা কপর্দকাদি দ্বারা সজ্জীভূত বৃষ-বিশেষকে সঙ্গে লইয়া ভিক্ষা করিয়া বেড়ায়, তাহারাও অন্য এক প্রকার জঙ্গম। এদেশের লোকে ঐ বৃষকে বৈদ্যনাথের গরু বলিয়া থাকে। তাহাদের মধ্যে অনেকে বৈদ্যনাথ অঞ্চলে অবস্থিতি করে।

---

## ভোপা।

ইহারা ভৈরবের উপাসক; তাঁহার প্রতিমূর্ত্তি রাখে ও অহরহ অর্চ্চনা করিয়া থাকে। ইহারা কেশ ও শ্মশ্রু রাখে, ললাটে সিন্দূর ধারণ করে এবং কোমরে বড় বড়

ঘুঙ্গুর বাধিয়া ও কেহ কেহ পায়ে লোহার জিজির দিয়া নৃত্য ও ভৈরবের গুণ-কীর্ত্তন পূর্ব্বক ভিক্ষা করিয়া বেড়ায়।

ইহারা পশ্চিমোত্তর প্রদেশেই অবস্থিতি করে, কখন কখন কলিকাতার মধ্যেও দৃষ্ট হইয়া থাকে। ইহাদের মধ্যে গৃহস্থ ও উদাসীন উভয়ই আছে।

## দশনামী-ভাঁট।

ইহারা দশনামীর অন্তর্গত নয়, কিন্তু তাহাদেরই নিকট ভিক্ষা করিয়া অর্থোপার্জ্জন করে। দশনামী ভিন্ন অন্যের দান গ্রহণ করে না। এইরূপ প্রবাদ আছে যে, পূর্ব্বে ইহারা সকলের নিকটেই ধন পরিগ্রহ করিত, পরে বেতাল ভাঁট নামে একটি ভাঁট হইতে তাহা রহিত হইয়া যায়।

এদেশীয় ঘটকেরা যেমন কায়স্থ ও ব্রাহ্মণের বংশ-পরম্পরাদির বিবরণ রাখে, ইহারা সেই রূপ দশনামী সন্ন্যাসীদের শিষ্য-পরম্পরাদির বৃত্তান্ত রাখিয়া থাকে ও প্রয়োজন হইলে প্রকাশ করিয়া দেয়। ইহাই ইহাদের প্রধান বৃত্তি। ইহারা মদ্য-পায়ী; এক এক সময়ে অতিরিক্ত পান করিয়া থাকে। ইহারা গৃহস্থ; পশ্চিমোত্তর প্রদেশে বাস করে এবং মধ্যে মধ্যে অশ্বাদি সঙ্গে লইয়া তীর্থ-ভ্রমণ করিতে থাকে। কার্ত্তিক ও পৌষ মাসের শেষে গঙ্গাসাগর-যাত্রার সময়ে কলিকাতায় ও ভোটবাগানে প্রায়ই দৃষ্ট হইয়া থাকে।

ইহারা শিব-ভক্ত বটে, কিন্তু সরস্বতীকে সমধিক মান্য করিয়া থাকে। অগ্রে তাঁহার অর্চ্চনা করিয়া পশ্চাৎ শিব-পূজা করে।

---

## চন্দ্র-ভাঁট।

দশনামী ভাঁটের বিষয় লিখিতে গিয়া আর এক প্রকার ভাঁটের কথা স্মরণ হইল। তাহাদের নাম চন্দ্র-ভাঁট। তাহারা ভিক্ষুক-বিশেষ বই আর কিছুই নয়; তবে যখন কাণিপা প্রভৃতি ভিক্ষুকের বৃত্তান্ত স্বতন্ত্র লেখা হইয়াছে, তখন এই ভাঁটেদের প্রসঙ্গ করাও অসঙ্গত না হইতে পারে।

ইহারাও শিব-ভক্ত; উপস্থিত মতে শিব ও কালীর পূজা দিয়া থাকে। ইহারা গৃহস্থ; কাশী জেলা, পাটনা জেলা প্রভৃতি পশ্চিমোত্তর অঞ্চলের নানা স্থানে বাস করিয়া থাকে। শীতকালে পরিবার সঙ্গে করিয়া ও গো, মেষ, ছাগল, বানর, কুকুর, গর্দ্দভ এবং কেহ কেহ অশ্ব সমভিব্যাহারে লইয়া দেশ দেশান্তর ভিক্ষায় গমন করে। এই রূপে যাহা কিছু উপার্জ্জন করিতে পারে, তদ্দারা সংসার নির্ব্বাহ করে। অনেকে গৃহে প্রত্যাগমন করিয়া কৃষি-কার্য্যাদিও করিয়া থাকে।

ইহারা প্রবাসে গিয়া যে দিন যে স্থানে অবস্থিতি করে, তথায় টোল অর্থাৎ কুটীর প্রস্তুত করিবার মত সামগ্রী সকল সঙ্গে সঙ্গে রাখে। গরুগুলিতে দ্রব্য-জাত লইয়া যায়, এবং কুকুরে রাত্রি-কালে চৌকি দেয়। ইহারা যখন ভিক্ষায়

যায়, বানর ও ছাগলকে লোকের নিকটে নৃত্যাদি করাইয়া ভিক্ষা গ্রহণ করে। ইহারা অতিশয় নিকৃষ্ট লোক; সচরাচর মদ্য মাংস ব্যবহার করিয়া থাকে।

## শাক্ত।

শক্তির অর্থাৎ শিব-ভার্য্যার উপাসকদের নাম শাক্ত। তন্ত্র-শাস্ত্র এই সম্প্রদায়ের বিধি-নিষেধ-বিস্তারে পরিপূর্ণ। তন্ত্রোক্ত উপাসনা বৈদিক উপাসনার মত নয়। তান্ত্রিক উপাসকেরা দেবতার প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া মন্ত্র দ্বারা তাঁহার প্রাণ-প্রতিষ্ঠা পূর্ব্বক তাঁহাকে সজীব সাক্ষাৎ দেবতা-জ্ঞানে আহ্বান করেন, ও পাদ্য, অর্ঘ্য, স্নানীয়, গন্ধ, নৈবেদ্য, পরিধেয় বস্ত্রাদি প্রদান করেন, ও অধিকারি-বিশেষে মদ্য, মাংসাদি নিবেদন দ্বারা তাঁহার অর্চ্চনা করিয়া থাকেন।

শক্তি অর্থাৎ কালী তারা প্রভৃতি শিব-শক্তিই শাক্ত-সম্প্রদায়ের উপাস্য। কিন্তু সকলের ইষ্ট-দেবতা এক নয়; গুরু-শিষ্য-প্রণালীক্রমে বিশেষ বিশেষ দেবতা বিশেষ বিশেষ ব্যক্তির ইষ্ট-দেবতা বলিয়া উপদিষ্ট হন। কেহ কালী, কেহ বা তারা, কেহ বা জগদ্ধাত্রী, কেহ বা অন্য দেবতার থাকেন।

তান্ত্রিক উপাসনায় গুরু-শিষ্য-প্রণালী একটি পরম প্রয়োজনীয় পবিত্র বিষয়। অতএব কিরূপ লোকে গুরু ও শিষ্য হইবার অধিকারী, তাহা সকলের অবগত হওয়া মন্দ নয়।

यन्मुखात्तु महामन्त्रः श्रूयतेऽभ्यस्यतेऽपि वा।
स गुरुः परमोज्ञेयस्तदाज्ञा सिद्धिदायिनी ॥

পিচ্ছিলা তন্ত্র।

যাঁহার মুখে মহামন্ত্র শুনিতে পাওয়া যায় ও শুনিয়া অভ্যাস করা হয়, তিনি পরম গুরু জানিবে। তিনি যাহা আজ্ঞা করেন তাহাই সিদ্ধি-দায়ক।

সর্ব্বশাস্ত্রপরোদক্ষঃ সর্ব্বশাস্ত্রার্থবিৎ সদা।
সুবচাঃ সুন্দরঃ সাঙ্গঃ কুলীনঃ শুভদর্শনঃ।
জিতেন্দ্রিয়ঃ সত্যবাদী ব্রাহ্মণঃ শান্তমানসঃ।
পিতৃমাতৃহিতে যুক্তঃ সর্ব্বকর্ম্মপরায়ণঃ।
আশ্রমী দেশস্থায়ী চ গুরুরেবং বিধীয়তে॥

বিশ্বসারতন্ত্র দ্বিতীয় পটল।

যিনি সর্ব্ব-শাস্ত্র-পরায়ণ, নিপুণ, সর্ব্ব-শাস্ত্রজ্ঞ, মিষ্টভাষী, সুন্দর, সর্ব্বাবয়ব-সম্পন্ন, কুলাচার-বিশিষ্ট, সুদৃশ্য, জিতেন্দ্রিয়, সত্যবাদী, যথা-লক্ষণাক্রান্ত ব্রাহ্মণ, শান্ত, পিতৃ-মাতৃ-হিতকারী, সর্ব্ব-কর্ম্ম-পরায়ণ, আশ্রমী এবং স্বদেশ-স্থায়ী, তাঁহাকেই গুরু করিবে।

অতোহি মনুজং লুব্ধং দুষ্টং শিষ্যোহি সংত্যজেৎ।
সর্ব্বেষাং ভুবনে সত্যং জ্ঞানায় গুরুরেব হি॥
জ্ঞানান্মোক্ষমবাপ্নোতি তস্মাজ্ঞানং পরাৎ পরম্।
অতোযোজ্ঞানদাতা হি ন ক্ষমেত্তং ত্যজেৎ গুরুম্॥
মধুলুব্ধোযথা ভৃঙ্গঃ পুষ্পাৎ পুষ্পান্তরং ব্রজেৎ।
জ্ঞানলুব্ধস্তথা শিষ্যোগুরোর্গুর্ব্বন্তরং ব্রজেৎ॥

কামাখ্যাতন্ত্র তৃতীয় পটল।

লোভাদি-দোষ-যুক্ত গুরুকে ত্যাগ করিবে। ভূমণ্ডলে জ্ঞান-লাভার্থেই সকলের গুরুর প্রয়োজন হয়, জ্ঞান দ্বারা মুক্তি

লাভ করা যায়, এই হেতু জ্ঞান সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। অতএব যে গুরু জ্ঞান-দানে অশক্ত. তাঁহাকে পরিত্যাগ করিবে। ভ্রমর যেরূপ মধু-লোভে পুষ্পে পুষ্পে ভ্রমণ করে, শিষ্যে সেইরূপ জ্ঞান-লুব্ধ হইয়া ভিন্ন ভিন্ন গুরুকে অবলম্বন করিবে।

কিরূপ লোকে শিষ্য হইবার অধিকারী তাহাও লিখিত আছে।

शिष्यः कुलीनः शुद्धात्मा पुरुषार्थपरायणः।
अधीतवेदः कुशलोदूरमुक्तमनोभवः॥
हितैषी प्राणिनां नित्यमास्तिकस्त्यक्तनास्तिकः।
स्वधर्म्मनिरतोभक्त्या पितृमातृहितोद्यतः॥
वाङ्मनःकायवसुभिर्गुरुशुश्रूषणे रतः।
एतादृशगुणोपेतः शिष्योभवति नापरः॥

সারদাতিলক দ্বিতীয় পটল।

যে ব্যক্তি সদ্‌বংশ-জাত, শুদ্ধ-চিত্ত, পুরুষার্থ-পরায়ণ, বেদ-পারগ, নিপুণ, জিত-কাম, সর্ব্ব প্রাণীর নিত্য হিতৈষী, আস্তিক, নাস্তিক-সম্পর্ক-বিবর্জ্জিত, স্বধর্ম্মে রত, ভক্তি পূর্ব্বক পিতা মাতার হিতানুরক্ত, কায়,মন, বাক্য ও ধন দ্বারা গুরু-শুশ্রূষাতে নিযুক্ত, সেই ব্যক্তি শিষ্য হইবার অধিকারী ; অন্য কেহ নয়।

चतुर्भिराद्यैः संयुक्तः श्रद्धावान् सुस्थिराशयः।
अलुब्धः स्थिरगात्रश्च प्रेक्षाकारी जितेन्द्रियः॥
आस्तिकोदृढभक्तिश्च गुरौ मन्त्रे च दैवते।
एवंविधोभवेत् शिष्यस्त्वितरोदुःखकृद्गुरोः॥

কুলমূলাবতারকল্পসূত্র-টীকা।

যে ব্যক্তি শমদমাদি-যুক্ত, শ্রদ্ধাবান্, স্থিরাশয়, লোভ-রহিত স্থির-স্বভাব, দূর-দর্শী, জিতেন্দ্রিয়, আস্তিক, গুরু মন্ত্র ও দেবতাতে দৃঢ়-ভক্তি-বিশিষ্ট, সেই ব্যক্তি শিষ্য হইবার অধিকারী; অন্য-রূপ শিষ্য গুরুর ক্লেশ-দায়ক।

উক্তরূপ লক্ষণাক্রান্ত দেখিয়া গুরু-শিষ্য-গ্রহণ করা যত হইয়া থাকে, তাহা কাহারও অবিদিত নাই। প্রত্যুত, শাস্ত্রানুসারে যেরূপ লোকে গুরু ও শিষ্য হইবার নিতান্ত অনধিকারী তাহাই অধিক। তাহা না হইলেই বা কি হয়? যথোক্ত লক্ষণ অনুসন্ধান করিলে গুরু ও শিষ্যের পদ এক বারে লোপ পাইয়া যায়।

গুরুরা শিষ্যের দীক্ষা-কালে তাহার ইষ্ট-দেবতার বিজ্ঞাপক স্বরূপ বীজ-মন্ত্র উপদেশ দেন। ঐ অসা-ধারণ মন্ত্রগুলি অতীব গুহ্য, এই নিমিত্ত তন্ত্রকারেরা তাহা গোপন রাখিবার উদ্দেশে কতকগুলি নূতন শব্দ ও অন্য কতকগুলি শব্দের নূতন অর্থ সৃষ্টি করিয়াছেন। সেই সেই শব্দের সেইরূপ অর্থ তন্ত্র ভিন্ন অন্য কোন শাস্ত্রে প্রাপ্ত হওয়া যায় না। এ স্থলে তাহার দুই একটি উদাহরণ প্রদ-র্শন করা যাইতেছে।

### কালীবীজ।

**বর্গাদ্যং বহ্নিসংযুক্তং রতিবিন্দুসমন্বিতম্।**

বর্গাদ্য শব্দে 'ক্', বহ্নি শব্দে 'র্', রতি শব্দে 'ঈ', এবং তাহাতে বিন্দু সংযুক্ত। এই সমুদয়ের উদ্ধার দ্বারা 'ক্রীং' এই মন্ত্রটি নিষ্পন্ন হয়।

ভুবনেশ্বরীবীজ।

**নকুলীশোঽগ্নিমারূঢ়োবামনেত্রার্দ্ধচন্দ্রবান্।**

নকুলীশ শব্দে 'হ্', অগ্নি শব্দে 'র্', বামনেত্র শব্দে 'ঈ' এবং অৰ্দ্ধ চন্দ্র শব্দে 'ঁ', এই সমুদয়ের উদ্ধার দ্বারা হ্রীঁ এই মন্ত্রটি প্রাপ্ত হওয়া যায়।

এই রূপে সমস্ত তান্ত্রিক দেবতার অতি দুর্ব্বোধ গুহ্য মন্ত্র সমুদায় উক্ত হইয়াছে। এ স্থলে উদাহরণ স্বরূপ কতকগুলি লিখিত হইতেছে। যেমন লক্ষ্মীবীজ 'শ্রীঁ'। তারাবীজ 'হ্রীঁ স্ত্রীঁ হূঁ ফট্'। দুর্গাবীজ 'ওঁ হ্রীঁ দুঁ দুর্গায়ৈ নমঃ'। বাগীশ্বরীবীজ 'বদ বদ বাগ্বাদিনী স্বাহা'। পারিজাতসরস্বতীবীজ 'ওঁ হ্রীঁ হ্সৌঁ ওঁ হ্রীঁ সরস্বত্যৈ নমঃ'। মহালক্ষ্মীবীজ 'ওঁ ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ হ্সৌঁ জগৎপ্রসূত্যৈ নমঃ'। শ্মশানকালিকাবীজ 'ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ কালিকে ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ'। শ্যামাবীজ 'ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হূঁ হূঁ হ্রীঁ হ্রীঁ দক্ষিণে কালিকে ক্রীঁ ক্রীঁ ক্রীঁ হূঁ হূঁ হ্রীঁ হ্রীঁ স্বাহা'। ভদ্রকালীবীজ 'হৌঁ কালি মহাকালি কিলি কিলি ফট্ স্বাহা'। মহাকালীবীজ 'ওঁ ফ্রেঁ ফ্রেঁ ক্রোঁ ক্রোঁ পশূন্ গৃহাণ হূঁ ফট্ স্বাহা'। ত্রিপুরাবীজ 'হসরৈঁ' 'হসকলরীঁ' 'হসরৌঁঃ'। নিত্যাভৈরবীবীজ 'হসকলরডৈ' 'হসকলরডীং' 'হসকলরডৌঁ'। রুদ্রভৈরবীবীজ 'হসখফরেঁ' 'হসকলরীঁ' 'হসৌঃ'। উচ্ছিষ্টচাণ্ডালিনীবীজ 'উচ্ছিষ্টচাণ্ডালিনী সুমুখী দেবী মহাপিশাচিনী হ্রীঁ ঠঃ ঠঃ ঠঃ'। ছিন্না-

দেবতার বীজ 'ওঁ চিটি চিটি চাণ্ডালি মহাচাণ্ডালি অমুকং মে বশমানয় স্বাহা'।

বিশেষ বিশেষ দেবতার যেমন বিশেষ বিশেষ বীজ লিখিত আছে, সেই রূপ ক্রিয়া-বিশেষে ঐরূপ নানাবিধ ভয়ানক মন্ত্রও উক্ত হইয়াছে; যেমন পূর্ণাভিষেকে স্বয়ম্ভূকুসুমাদির * শুদ্ধি-মন্ত্র 'প্লূঁ স্লূঁ ম্লূঁ শ্লূঁ স্বাহা', মদ্যের প্রতি ব্রহ্মশাপ-বিমোচন-মন্ত্র 'ওঁ বাঁ বীঁ বূঁ বৈঁ বৌঁ বঃ', মদ্যের প্রতি শুক্রশাপ-বিমোচন-মন্ত্র 'ওঁ শাঁ শীঁ শূঁ শৈঁ শৌঁ শঃ', মদ্যের প্রতি কৃষ্ণ-শাপ-বিমোচন-মন্ত্র 'ঐঁ শ্রীঁ ক্রাঁ ক্রীঁ ক্রূঁ ক্রৈঁ ক্রৌঁ ক্রঃ' ইত্যাদি।

তন্ত্রের মধ্যে সমুদয় দেবতার বীজ বিস্তারিত-রূপে লিখিত আছে, কিন্তু এ দেশীয় শাক্ত-সম্প্রদায়ীদের অধিকাংশেই জগদ্ধাত্রী-মন্ত্রে উপদিষ্ট হন। আর তারা, অন্নপূর্ণা, ত্রিপুরা, এবং ভুবনেশ্বরী-মন্ত্রেও কতক লোকে

---

* কোন কোন গুপ্ত বিষয় বিজ্ঞাপনার্থ তন্ত্রে কতকগুলি সাঙ্কেতিক শব্দ ব্যবহৃত হইয়াছে। পশ্চাৎ কয়েকটি লিখিত হইতেছে, স্বয়ম্ভূকুসুম তাহারই একটি।

| শব্দ | অর্থ |
|---|---|
| খপুষ্প | রজস্বলা স্ত্রীলোকের রজ। |
| স্বয়ম্ভু পুষ্প বা স্বয়ম্ভু কুসুম | ঐ প্রথম রজ। |
| কুণ্ড পুষ্প | সধবা স্ত্রীলোকের রজ। |
| গোলক পুষ্প | বিধবা স্ত্রীলোকের রজ। |
| বজ্রপুষ্প | চণ্ডালীর রজ। |

দীক্ষিত হয়। এক এক দেবতার বিবিধ প্রকার বীজ, তন্মধ্যে অধিক লোকে একাক্ষর মন্ত্রেই উপদিষ্ট হইয়া থাকে।

---

## পশ্বাচারী ও বীরাচারী।

শক্তি-উপাসকেরা পশুভাব ও বীরভাব ক্রমে দুইটি প্রধান সম্প্রদায়ে বিভক্ত; পশ্বাচারী ও বীরাচারী। পশুভাব ও পশ্বাচারের সহিত বীরভাব ও বীরাচারের বিশেষ এই যে, বীরভাবে ও বীরাচারে মদ্য-মাংসের ব্যবহার আছে, পশুভাবে ও পশ্বাচারে তাহা নিষিদ্ধ।

কুলার্ণবে ঐ দুই প্রধান আচারকে বিভাগ করিয়া সাত প্রকার আচার নিষ্পন্ন করা হইয়াছে।

**সর্ব্বেভ্যশ্চোত্তমা বেদা বেদেভ্যো বৈষ্ণবং মহৎ।**
**বৈষ্ণবাদুত্তমং শৈবং শৈবাদ্দক্ষিণমুত্তমম্॥**
**দক্ষিণাদুত্তমং বামং বামাৎ সিদ্ধান্তমুত্তমম্।**
**সিদ্ধান্তাদুত্তমং কৌলং কৌলাৎ পরতরং ন হি॥**

কুলার্ণব পঞ্চম খণ্ড।

সর্ব্বাপেক্ষা বেদাচার * উত্তম, বেদাচার অপেক্ষা বৈষ্ণবাচার উত্তম, বৈষ্ণবাচার অপেক্ষা শৈবাচার উত্তম, শৈবাচার অপেক্ষা দক্ষিণাচার উত্তম, দক্ষিণাচার অপেক্ষা বামাচার উত্তম, বামাচার অপেক্ষা সিদ্ধান্তাচার উত্তম, সিদ্ধান্তাচার অপেক্ষা কৌলাচার উত্তম, কৌলাচারের পর আর নাই।

---

* বেদাচার শব্দে এখানে বৈদিক কর্ম্মের অনুষ্ঠান নয়; তন্ত্রে আচার-বিশেষ বেদাচার বলিয়া উক্ত হইয়াছে।

এই সকল আচার কিরূপ, তন্ত্রে তাহা সবিশেষ লিখিত আছে; ক্রমশ বিবরণ করা যাইতেছে।

বৈষ্ণবাচার।

**বেদাচারক্রমেণৈব সদা নিয়মতৎপরঃ।**
**মৈথুনং তৎকথালাপং কদাচিন্নৈব কারয়েৎ॥**
**হিংসাং নিন্দাঞ্চ কৌটিল্যং বর্জ্জয়েন্মাংসভোজনম্।**
**রাত্রৌ মালাঞ্চ যন্ত্রঞ্চ স্পৃশেন্নৈব কদাচন॥**

নিত্যাতন্ত্র প্রথম পটল।

বেদাচারের ব্যবস্থানুসারে সর্ব্বদা নিয়মিত কার্য্য করিতে তৎপর থাকিবে। কদাচ মৈথুন ও তৎসংক্রান্ত কথার জল্পনাও করিবে না। হিংসা, নিন্দা, কুটিলতা, মাংস-ভোজন, রাত্রিতে মালা ও যন্ত্র-স্পর্শ এই সমুদায় পরিত্যাগ করিবে।

শৈবাচার।

**বেদাচারক্রমেণৈব শৈবে শাক্তে ব্যবস্থিতম্।**
**তদ্বিশেষং মহাদেবি কেবলং পশুঘাতনম্॥**

নিত্যাতন্ত্র প্রথম পটল।

---

বেদাচারং প্রবক্ষ্যামি শৃণুষ্ব সর্ব্বাঙ্গসুন্দরি।
ব্রাহ্মে মুহূর্ত্তে উত্থায় গুরুং নত্বা স্বনামভিঃ।
আনন্দনাথশব্দান্তৈঃ পূজয়েচ্চ সাধকঃ।
সহস্রারাম্বুজে ধ্যাত্বা উপচারৈশ্চ পঞ্চভিঃ॥
প্রজপ্য বাগ্ভবম্বীজং চিন্তয়েৎ পরমাং কলাম্॥ ইত্যাদি।

নিত্যাতন্ত্র।

সর্ব্বাঙ্গসুন্দরি! বেদাচার প্রকাশ করি, শ্রবণ কর। সাধক ব্রাহ্ম-মুহূর্ত্তে গাত্রোত্থান পূর্ব্বক গুরুর নামান্তে আনন্দনাথ এই শব্দ উচ্চারণ করিয়া তাঁহাকে প্রণাম করিবে, সহস্রারপদ্মেতে ধ্যান করিয়া পঞ্চ উপচার দ্বারা পূজা করিবে এবং বাগ্ভব বীজ অর্থাৎ ঐং মন্ত্র জপ করিয়া পরম কলা শক্তিকে চিন্তা করিবে। ইত্যাদি।

বেদাচারের নিয়মানুসারে শৈব ও শক্ত্যাচারের ব্যবস্থা করা হইয়াছে। মহাদেবি! শাক্তের বিশেষ এই যে, তাহাতে পশু-হত্যার বিধান আছে।

দক্ষিণাচার।

**वेदाचारक्रमेणैव पूजयेत् परमेश्वरीम्।**
**स्वीकृत्य विजयां रात्रौ जपेन्मन्त्रमनन्यधीः॥**

নিত্যাতন্ত্র প্রথম পটল।

বেদাচারের নিয়মানুসারে ভগবতীর পূজা করিবে এবং রাত্রি-যোগে বিজয়া গ্রহণ করিয়া তদ্গত-চিত্তে মন্ত্র জপ করিবে।

বামাচার।

**पञ्चतत्त्वं खपुष्पञ्च पूजयेत् कुलयोषितम्।**
**वामाचारोभवेत्तत्र वामा भूत्वा यजेत् पराम्॥**

আচারভেদতন্ত্র।

কুলস্ত্রীর পূজা করিবে; তাহাতে মদ্য-মাংসাদি পঞ্চতত্ত্ব * ও খপুষ্প † ব্যবহার করিতে হইবে। ইহা হইলে বামাচার হইবে। বামা-স্বরূপা হইয়া পরমা শক্তির পূজা করিবে।

সিদ্ধান্তাচার।

**शुद्धाशुद्धं भवेत् शुद्धं शोधनादेव पार्व्वति।**
**एतदेव महेशानि सिद्धान्ताचारलक्षणम्॥**

নিত্যাতন্ত্র প্রথম পটল।

পার্ব্বতি! শুদ্ধ কি অশুদ্ধ সকল দ্রব্যই শোধন দ্বারা শুদ্ধ হইয়া থাকে। মহেশানি! সিদ্ধান্তাচারের এই লক্ষণ।

---

* মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা, মৈথুন এই পাঁচকে পঞ্চতত্ত্ব বলে। কিছু পরেই এ বিষয় লিখিত হইবে।

† ১৭৭ পৃষ্ঠা দেখ।

দেবপূজারতোনিত্যং তথা বিষ্ণুপরোদিবা।
নক্তং দ্রব্যাদিকং সর্ব্বং যথালাভেন চোত্তমম্॥
বিধিবৎ ক্রিয়তে ভক্ত্যা স সর্ব্বস্ব ফলং লভেৎ॥

সময়াচারতন্ত্র দ্বিতীয় পটল।

যে ব্যক্তি অহরহ দেব-পূজায় অনুরক্ত থাকিয়া এবং দিবা-ভাগে বিষ্ণু-পরায়ণ হইয়া রাত্রি-কালে সাধ্যানুসারে ও ভক্তি-সহকারে যথা-বিধি মদ্যাদি দান ও সেবন করে, সেই সিদ্ধান্তাচারী সমস্ত ফল প্রাপ্ত হইয়া থাকে।

## কৌলাচার।

কৌলাচারের কোন নিয়ম নাই। স্থানাস্থান, কালাকাল, ও কর্ম্মাকর্ম্মের কিছুমাত্র বিচার নাই।

দিক্কালনিয়মোনাস্তি তিথ্যাদিনিয়মোন চ।
নিয়মোনাস্তি দেবেশি মহামন্ত্রস্য সাধনে॥
ক্বচিৎ শিষ্টঃক্বচিৎ ভ্রষ্টঃ ক্বচিৎ ভূতপিশাচবৎ।
নানাবেশধরাঃ কৌলাঃ বিচরন্তি মহীতলে।
কর্দ্দমে চন্দনেঽভিন্নং পুত্রে শত্রৌ তথা প্রিয়ে।
শ্মশানে ভবনে দেবি তথৈব কাঞ্চনে তৃণে।
ন ভেদোযস্য দেবেশি স কৌলঃ পরিকীর্ত্তিতঃ॥

নিত্যাতন্ত্র তৃতীয় পটল।

মহামন্ত্র-সাধনে দিক্ ও কালের নিয়ম নাই; তিথি ও নক্ষত্রাদিরও নিয়ম নাই। কোন স্থানে শিষ্ট, কুত্রাপি ভ্রষ্ট, কোথাও বা ভূত-পিশাচ-তুল্য এই প্রকার নানা বেশধারী কৌল সমুদায় পৃথিবীতে বিচরণ করেন। প্রিয়ে! কর্দ্দম ও চন্দনে এবং পুত্র ও শত্রুতে যাহার ভেদ-জ্ঞান

নাই, আর দেবি! শ্মশান ও গৃহে এবং কাঞ্চন ও তৃণে যাহার প্রভেদ-বোধ নাই, সেই ব্যক্তি কৌল বলিয়া বর্ণিত হইয়াছে।

পূর্ব্বেই উল্লেখ করা গিয়াছে, বীরাচারীদের সহিত পশ্বাচারীদের বিশেষ এই যে, বীরাচারে মদ্য-মাংসের ব্যবহার আছে, পশ্বাচারে তাহা নিষিদ্ধ। কিন্তু উভয় আচারেই পশু-বলির বিধান আছে*। ফলতঃ পশু-বলি-দান, তন্ত্রোক্ত শক্তি-উপাসনার একটি প্রধান অঙ্গ। তদনুসারে গো, ব্যাঘ্র, মনুষ্য প্রভৃতি কোন জীবই পশু-বলির অযোগ্য নয়।

পক্ষিণঃ কচ্ছপা গ্রাহা মৎস্যা নববিধা মৃগাঃ।
মহিষোগোধিকা গাবশ্ছাগোবভ্রুশ্চ শূকরঃ॥
খড়্গশ্চ কৃষ্ণসারশ্চ গোধিকা সরভো হরিঃ।
শার্দ্দূলশ্চ নরশ্চৈব স্বগাত্ররুধিরন্তথা।
চণ্ডিকাভৈরবাদীনাং বলয়ঃ পরিকীর্ত্তিতাঃ।
বলিভিঃ সাধ্যতে মুক্তির্ব্বলিভিঃ সাধ্যতে দিবম্॥

কালিকা পুরাণ।

পক্ষী, কচ্ছপ, কুম্ভীর, মৎস্য, নয় প্রকার মৃগ, মহিষ, গোধিকা, গো, ছাগ নকুল, শূকর, গণ্ডার, কৃষ্ণসার, সরভ, সিংহ, ব্যাঘ্র, মনুষ্য, স্বীয় শরীরের রক্ত এই সমুদায় বস্তু, চণ্ডিকা-ভৈরবাদির বলি। বলি দ্বারা মুক্তি-সাধন হয়, এবং বলি দ্বারা স্বর্গ-সাধন হয়।

---

* বলি দুই প্রকার, রাজসিক ও সাত্ত্বিক। মাংস-রক্তাদি-বিশিষ্ট বলিকে রাজসিক আর মুদ্গ, পায়স, ঘৃত, মধু ও শর্করা-যুক্ত রক্ত-মাংসাদি-বর্জ্জিত বলিকে সাত্ত্বিক বলি বলে।

সাত্ত্বিকো বলিরোক্তো নো মাংসরক্তাদিবর্জ্জিতঃ।

সময়াচারতন্ত্র।

রক্তমাংসাদি-বর্জ্জিত বলি সাত্ত্বিক বলি বলিয়া উক্ত হইয়াছে।

কালিকাদি পুরাণে ও অন্যান্য অনেক গ্রন্থে দেবা-দির উদ্দেশে প্রাণি-বধের সবিশেষ ব্যবস্থা আছে বটে, কিন্তু কোন কোন শাস্ত্রে ইহা নরক-সাধন বলিয়া উক্ত হইয়াছে।

**মদর্থে যিব কুর্ব্বন্তি তামসা জীবঘাতনম্।**
**আকল্পকোটি নিরয়ে তেষাং বাসোন সংশয়ঃ॥**

পদ্ম পুরাণ।

পার্ব্বতী কহিলেন, শিব! যে সমস্ত তামস-গুণাবলম্বী ব্যক্তি আমার নিমিত্তে জীব-হত্যা করে, কোটিকল্প পর্য্যন্ত তাহাদের নরক-বাস হয় তাহার সংশয় নাই।

**উপদেষ্টা বধে হন্তা কর্ত্তা ধর্ত্তা চ বিক্রয়ী।**
**উত্সর্গকর্ত্তা জীবানাং সর্ব্বেষাং নরকং ভবেত্॥**

পদ্ম পুরাণ

পশু-বলির উপদেষ্টা, হন্তা, কর্ত্তা ও ধারণ-কর্ত্তা, এবং পশু-বিক্রেতা ও উৎসর্গ-কর্ত্তা এই সকলেরই নরক-বাস হয়।

## দক্ষিণাচারী।

যদিও তন্ত্রে উল্লিখিত সাত প্রকার আচারের লক্ষণ ও ব্যবস্থা নিরূপিত আছে, কিন্তু শাক্তদিগের সচরাচর দুইটি মাত্র সম্প্রদায় দেখিতে ও শুনিতে পাওয়া যায় দক্ষিণাচারী ও বামাচারী। যাঁহারা প্রকাশ্য ভাবে বেদা-চারের নিয়মক্রমে ভগবতীর অর্চ্চনা করেন ও বামাচারী-দের অনুষ্ঠেয় মদ্য-ব্যবহার ও শক্তি-সাধনাদি না করেন, তাঁহাদের নাম দক্ষিণাচারী *। তাঁহারা সুরা গ্রহণ করেন না

* ১৮০ পৃষ্ঠা দেখ।

বটে, কিন্তু ইতি পূর্ব্বে পশ্বাচারের বিষয় যেরূপ লিখিত হইয়াছে, তদনুসারে ইচ্ছা ক্রমে অল্প বা বহু সংখ্যক বলিদান * করিয়া থাকেন। কাশীনাথ-প্রণীত দক্ষিণাচারতন্ত্ররাজে তাঁহাদের কর্ত্তব্যাকর্ত্তব্যের সবিশেষ বিবরণ আছে।

**দক্ষিণাচারতন্ত্রোক্তং কর্ম্ম তচ্ছুদ্ধবৈদিকম্।**

দক্ষিণাচারতন্ত্ররাজ।

দক্ষিণাচারতন্ত্রে যে ক্রিয়া-পদ্ধতি বর্ণিত হইয়াছে, তাহা বিশুদ্ধ ও বেদ-সম্মত।

বামাচারী।

মদ্যাদি দান ও সেবন বামাচারীদের অবশ্য-কর্ত্তব্য †, তাহা না করিলে কোন প্রকারে সিদ্ধি-লাভ হয় না।

**মদ্যং মাংসঞ্চ মৎস্যঞ্চ মুদ্রা মৈথুনমেব চ।**
**মকারপঞ্চকঞ্চৈব মহাপাতকনাশনম্॥**

শ্যামারহস্য।

মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা ‡ মৈথুন এই পঞ্চ মকারে মহাপাতক বিনাশ করে।

---

* ইতি পূর্ব্বে রাজসিক ও সাত্ত্বিক এই দুই প্রকার বলির বিষয় লিখিত হইয়াছে। তন্মধ্যে রক্ত-মাংসাদি-বর্জ্জিত সাত্ত্বিক বলি দেওয়াই দক্ষিণাচারতন্ত্রের মতে ব্রাহ্মণের পক্ষে বিধেয়।

† ১৮০ পৃষ্ঠা দেখ।

‡ লোকে মদ্যের সহিত যে উপকরণ-সামগ্রী ভক্ষণ করিয়া থাকে, তাহার নাম মুদ্রা।

দিবসে এরূপ ব্যবহার করিলে উপহাসের আস্পদ হইতে হয়, এ নিমিত্ত রাত্রি-যোগে তাহার অনুষ্ঠান করিবার আদেশ আছে এবং তাহা গোপন রাখিবার উদ্দেশে কৌলদিগকে কপট ব্যবহার করিবার ব্যবস্থা দেওয়া হইয়াছে।

**রাত্রৌ কুলক্রিয়াং কুর্য্যাৎ দিবা কুর্য্যাচ্চ বৈদিকীম্।**
**দিবারাত্রৌ যজেৎ দেবীং যোগী যোগপ্রভেদতঃ॥**

নিরুত্তর তন্ত্র, প্রথম পটল।

রাত্রি-যোগে কুলক্রিয়া এবং দিবাভাগে বৈদিক ক্রিয়া করিবে। এইরূপ ভিন্ন ভিন্ন যোগ করিয়া যোগী ব্যক্তি দিবারাত্র দেবীর অর্চ্চনা করিবে।

**অন্তঃশাক্তা বহিঃশৈবাঃ সভায়াং বৈষ্ণবা মতাঃ।**
**নানারূপধরাঃ কৌলা বিচরন্তি মহীতলে *॥**

শ্যামারহস্য।

---

* কাশীনাথতর্কপঞ্চানন-প্রণীত শ্যামাসন্তোষণ গ্রন্থে দুই প্রকার গৃহস্থ অবধূতের বিষয় লিখিত আছে; অব্যক্ত ও ব্যক্ত। তন্মধ্যে অব্যক্তাবধূতের লক্ষণ উল্লিখিত শ্যামারহস্যের মতই লিখিত আছে, আর ব্যক্ত গৃহস্থাবধূতের লক্ষণ এইরূপ বর্ণিত হইয়াছে; যথা।

**ব্যক্তোঽব্যক্তো দ্বিধাত্মাভুবি চরতি মুদা রক্তবস্ত্রাবৃতাঙ্গঃ।**
**সিন্দূরোদ্যল্ললাটঃ শিবইব সহসা রক্তমাল্যানুলেপী॥**

গৃহস্থাবধূত দুই প্রকার; ব্যক্ত আর অব্যক্ত। তন্মধ্যে ব্যক্ত অবধূত হর্ষ-যুক্ত, রক্ত বস্ত্রে আবৃত, ললাটে সিন্দূর-যুক্ত, তেজে শিব-স্বরূপ, রক্তবর্ণ-মালা-বিশিষ্ট ও রক্তচন্দনাদি-সংযুক্ত।

অন্তরে শাক্ত, বাহিরে শৈব, সভা-মধ্যে বৈষ্ণব এইরূপ নানা-বেশধারী কৌল সমুদায় ভূমণ্ডলে বিচরণ করিয়া থাকেন।

পূজা দুই প্রকার; বাহ্য পূজা এবং অন্তর্যাগ। গন্ধ, পুষ্প, ভক্ষ্য, পানীয় প্রদানাদি দ্বারা যে পূজা হয়, তাহাই বাহ্য পূজা, এবং চিৎরূপ পুষ্প, প্রাণরূপ ধুপ, তেজোরূপ দীপ, বায়ুরূপ চামর প্রভৃতি কল্পিত উপচারাদি দ্বারা যে আন্তরিক সাধন, তাহার নাম অন্তর্যাগ। ষট্‌চক্রভেদ এই অন্তর্যাগের প্রধান অঙ্গ।

তন্ত্রে ষট্‌চক্রের বিষয় যেরূপ বর্ণিত আছে, পশ্চাৎ লিখিত হইতেছে। মেরুদণ্ডের দুই দিকে ইড়া ও পিঙ্গলা নামে দুইটি নাড়ী আছে। ঐ ইড়ার দক্ষিণে এবং পিঙ্গলার বামভাগে সুসুম্না নাড়ী মস্তক পর্য্যন্ত ব্যাপ্ত হইয়া রহিয়াছে। এই সুসুম্না নাড়ীর মধ্যে বজ্রাখ্যা নাড়ী ও তাহার অভ্যন্তরে চিত্রিণী নামে একটি নাড়ী অবস্থিত আছে। শরীরের মধ্যে স্থান-বিশেষে সুসুম্না নাড়ীতে গ্রথিত সাতটি পদ্ম কল্পনা করা হইয়াছে; আধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ, আজ্ঞা ও সহস্র-দল। আধার-পদ্ম পায়ু-দেশের কিছু ঊর্দ্ধে সুসুম্না নাড়ীতে সংলগ্ন। তাহার চারিটি দল; সেই চারি দলে বং শং ষং সং এই চারিটি বর্ণ আছে। এই পদ্মের মধ্যে ধরাচক্র নামে একটি চতুষ্কোণ চক্র আছে, তাহার আট দিকে আটটি শূল। মধ্যস্থলে পৃথিবীবীজ লং এবং কর্ণিকা-মধ্যে একটি ত্রিকোণ যন্ত্র চিহ্নিত রহিয়াছে। এই পদ্মের

মধ্যে লিঙ্গরূপী মহাদেব অবস্থিতি করেন, এবং তাঁহার অমৃত-নির্গমন-স্থানে মুখ লগ্ন করিয়া সর্পরূপা কুণ্ডলিনী-শক্তি বাস করিয়া থাকেন; স্বাধিষ্ঠান পদ্ম লিঙ্গ-মূলে অবস্থিত। তাহার ছয়টি দল; সেই ছয়টি দলে বং ভং মং যং রং লং এই ছয়টি বর্ণ আছে। ঐ পদ্মের মধ্য-স্থলে গোলাকৃতি বরুণ-মণ্ডল ও সেই মণ্ডলের মধ্যে অর্দ্ধ-চন্দ্র; তাহাতে বং এই বর্ণ অঙ্কিত আছে। ঐ পদ্মের মধ্যে বারুণী শক্তি স্থিতি করেন। মণিপুর পদ্ম নাভি-মূলে অধিষ্ঠিত। তাহার দশটি দল; সেই দশ দলে ডং ঢং ণং তং থং দং ধং নং পং ফং এই দশটি বর্ণ লিখিত আছে। ঐ পদ্মের মধ্যস্থলে ত্রিকোণ অগ্নি-মণ্ডল। সেই ত্রিকোণের তিন পার্শ্বে স্বস্তিকাকার তিনটি ভূপুর এবং মধ্যস্থলে রং এই বর্ণটি চিহ্নিত রহিয়াছে। এই পদ্মের মধ্যে লাকিনী শক্তি অবস্থিতি করেন। অনাহত নামক পদ্ম হৃদয়ে অবস্থিত। তাহার দ্বাদশটি দল; সেই দ্বাদশ দলে কং খং গং ঘং ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং এই দ্বাদশটি বর্ণ অঙ্কিত আছে। সেই পদ্মের মধ্যে ছয় কোণ বিশিষ্ট বায়ু-মণ্ডল এবং তন্মধ্যে যং বীজ বিদ্যমান রহিয়াছে। সেই পদ্মে শিব ও কাকিনী শক্তি বাস করেন। বিশুদ্ধ নামক পদ্ম কণ্ঠ-দেশে অবস্থিত। উহার ষোড়শ দল; সেই ষোড়শ দলে অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং এং ঐং ওং ঔং অং অঃ এই ষোড়শ বর্ণ লিখিত আছে। সেই পদ্মের মধ্যস্থলে গোলাকার চন্দ্র-মণ্ডল, এবং তাহার অভ্যন্তরে

গোলাকৃতি নভোমণ্ডল ও হং বীজ বর্ত্তমান আছে। সেই পদ্মে শাকিনী শক্তি অধিবাস করেন। ভ্রূ-মধ্যে আজ্ঞা নামক দ্বিদল পদ্ম, তাহার দুই দলে হং ক্ষং এই দুই বর্ণ, তাহার মধ্যস্থলে ত্রিকোণাকৃতি শক্তি ও সেই শক্তির মধ্যে শিব অবস্থিতি করেন। এই পদ্মে হাকিনী শক্তি বাস করিয়া থাকেন। ইহার কিছু ঊর্দ্ধে প্রণবাকৃতি পরমাত্মা আছেন। তাহার উপরিভাগে চন্দ্রবিন্দু, তদুপরি শঙ্খিনী নাড়ী, এবং সর্ব্বোপরি সহস্র-দল পদ্ম। তাহার পঞ্চাশৎ দলে অকারাদি ক্ষকার পর্য্যন্ত সবিন্দু পঞ্চাশৎ বর্ণ আছে। এই পদ্মের মধ্যে গোলাকৃতি চন্দ্র-মণ্ডল, তন্মধ্যে ত্রিকোণ যন্ত্র, এবং সর্ব্ব-মধ্যে শিব-স্থানে পরম শিব অবস্থিতি করেন।

এইরূপ লিখিত আছে যে, সাধকে নিজ গুরুর উপদেশানুসারে শরীরস্থ বায়ুর যোগে অগ্নির গতি দ্বারা কুণ্ডলিনী শক্তিকে উদ্বেজিত করিবে। পরে হুঁ, এই বীজ উচ্চারণ পূর্ব্বক তাঁহাকে চেতন করিয়া চিত্রিণী নাড়ীর মধ্যগত পথ দিয়া মূলাধার অবধি আজ্ঞা পর্য্যন্ত ছয় পদ্মকে এবং মূলাধার, অনাহত, আজ্ঞা এই তিন পদ্মে অবস্থিত তিন শিবকে ভেদ করিবে। অনন্তর কুণ্ডলিনীকে সহস্র-দল কমলে স্থাপন করিয়া তত্র-স্থিত পরম শিবের সহিত সংযুক্ত করিবে। তাহার পর উভয়ের সহযোগ দ্বারা যে পরমামৃত গলিত হইবে, তাহা পান করিয়া ঐ পূর্ব্বোক্ত কুল-পথ দ্বারা কুণ্ডলিনীকে মূলাধার পদ্মে আনয়ন করিবে।

এইরূপ অন্তর্যাগ-সাধনে প্রবৃত্ত যে সমস্ত বীরাচারী ব্যক্তি মদ্য-মাংসাদি দ্বারা ভগবতীর অর্চ্চনা করে, কুলতন্ত্রের মতে তাহারাই তাঁহার প্রিয় সাধক।

**तथान्तर्यागनिष्ठा ये ते प्रिया देवि नापरे।**
**समर्पयन्ति ये भक्त्या कराभ्यां पिशितासवम् ॥**

কুলার্ণব।

সেইরূপ, যে সকল অন্তর্যাগ-নিষ্ঠ ব্যক্তি ভক্তি পূর্ব্বক স্বহস্তে মদ্য-মাংস অর্পণ করেন, তাঁহারাই প্রিয়; দেবি! তদ্ভিন্ন কেহ প্রিয় নয় *।

**सुरा शक्तिः शिवोमांसं तद्भक्तोभैरवः स्वयम्।**
**तयोरैक्यात् समुत्पन्न आनन्दोमोक्ष एव च ॥**

কুলার্ণব।

---

* কৌল-শাস্ত্রকারেরা নিজে মদ্যাদি গ্রহণ করিয়া তৃপ্ত হন নাই। অন্য অন্য সকল প্রকার উপাসককেই তাহা ব্যবহার করিবার ব্যবস্থা দিয়াছেন।

शैवे च वैष्णवे शाक्ते सौरे च गतदर्शने।
बौद्धे पाशुपते सांख्ये व्रते कलामुखे तथा ॥
सद्दक्षवामसिद्धान्तवैदिकादिषु पार्व्वति।
विनाद्धिपिशिताभ्याञ्च पूजनं विफलं भवेत् ॥

কুলার্ণব।

শৈব, বৈষ্ণব, শাক্ত, সৌর, বৌদ্ধ, পাশু-পত, সাংখ্য, কলামুখ ব্রত, দক্ষিণাচার, দার্শনিক, বামাচার, সিদ্ধান্তাচার এবং বেদাচারাদি সমুদয় মতে মদ্য-মাংস ব্যতিরেকে পূজা করিলে সে পূজা নিষ্ফল হয়।

সুরা শক্তি-স্বরূপ, মাংস শিব-স্বরূপ এবং ঐ শিব-শক্তির ভক্ত লোক স্বয়ং ভৈরব-স্বরূপ। এই তিনের একত্র সংযোগ হইলে, আনন্দ-স্বরূপ মোক্ষের উৎপত্তি হয় *।

বীরাচারীরা মধ্যে মধ্যে চক্র করিয়া দেব-দেবীর সাধনা করেন, এপ্রদেশে ইহা প্রসিদ্ধই আছে। এস্থানে স্ত্রী-চক্রের বৃত্তান্ত সঙ্কলিত হইতেছে, পাঠ করিলে সবিশেষ জানিতে পারা যাইবে। এইরূপ ব্যবস্থা আছে যে, সাধকেরা চক্রাকারে বা শ্রেণী ক্রমে আপন আপন শক্তির সহিত ললাটে চন্দন প্রলেপ করিয়া যুগ যুগ ক্রমে ভৈরব-ভৈরবী-ভাবে উপবেশন করিবে, এবং মধ্যস্থিত কোন স্ত্রীকে সাক্ষাৎ কালী বোধ করিয়া মদ্য-মাংসাদি দ্বারা তাঁহার অর্চ্চনা করিতে থাকিবে। কিরূপ স্ত্রীলোককে ঐরূপ পূজা করিতে হয়, শাস্ত্রে তাহার বিবরণ আছে।

নটী কাপালিকী বেশ্যা রজকী নাপিতাঙ্গনা।
ব্রাহ্মণী শূদ্রকন্যা চ তথা গোপালকন্যকা।
মালাকারস্য কন্যা চ নবকন্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥
বিশেষবৈদগ্ধযুতা সর্ব্বাএব কুলাঙ্গনা॥

---

* মনুষ্যের মনের ভাব সর্ব্বত্রই সমান। এই বিধি অনুসারে শাক্তেরা যেরূপ মাংসকে শিব এবং মদ্যকে শক্তি মনে করিয়া ভোজন পান করেন সেইরূপ রোমানকেথোলিক নামক খ্রীষ্টীয় সম্প্রদায়ীরা পিষ্টককে খ্রীষ্টের মাংস এবং মদ্যকে তাঁহার রক্ত বোধ করিয়া গ্রহণ করিয়া থাকেন।

রূপযৌবনসম্পন্না শীলসৌভাগ্যশালিনী।
পূজনীয়া প্রযত্নেন ততঃ সিদ্ধির্ভবেদ্ধ্রুবম্ ॥

গুপ্তসাধন তন্ত্র, প্রথম পটল।

নটস্ত্রী, কাপালী, বেশ্যা, রজকী, নাপিতের ভার্য্যা, ব্রাহ্মণী, শূদ্র-কন্যা, গোপ-কন্যা, মালাকার-কন্যা এই নয় প্রকার স্ত্রীলোক কুলকন্যা। বিশেষতঃ পর-পুরুষ-গামিনী বিদগ্ধা হইলে, সকল স্ত্রীই কুলস্ত্রী হয়। রূপবতী, যুবতী, সুশীলা ও ভাগ্যবতী স্ত্রীলোকের যত্ন পূর্ব্বক পূজা করিবে; তাহা হইলে নিশ্চিত সিদ্ধি-লাভ হইবে *।

ঐ চক্র-গত পর পুরুষেরাই ঐ সমস্ত কুলস্ত্রীর প্রকৃত পতি; কুল-ধর্ম্মে বিবাহিত পতি পতি নয়।

---

* রেবতীতন্ত্রে চণ্ডালী, যবনী, বৌদ্ধা, রজকী প্রভৃতি চৌষট্টি প্রকার কুলস্ত্রীর বিবরণ আছে। নিরুত্তরতন্ত্রকার বলেন, ঐ সকল চণ্ডালী রজকী প্রভৃতি শব্দ বর্ণ বা বর্ণসঙ্কর-বোধক নয়; কার্য্য বা গুণের বিজ্ঞাপক। বিশেষ বিশেষ কার্য্যের অনুষ্ঠান করিলে, সকল-বর্ণোদ্ভব কন্যাই ঐ সমস্ত বিশেষ বিশেষ নাম প্রাপ্ত হইয়া থাকে; যেমন

পূজাদ্রব্যং সমালোক্য রজোঽবস্থাং প্রকাশয়েৎ।
সর্ব্ববর্ণোদ্ভবা রম্যা রজকী সা প্রকীর্ত্তিতা ॥
আত্মানং গোপয়েদ্ যা স স্বর্জ্জদা পশুসঙ্কটে।
সর্ব্ববর্ণোদ্ভবা রম্যা গোপিনী সা প্রকীর্ত্তিতা ॥

পূজা-দ্রব্য দেখিয়া যে কোন বর্ণোদ্ভবা কন্যা রজোঽবস্থা প্রকাশ করে, তাহাকে রজকী বলে। যে কোন বর্ণোদ্ভবা রমণী পশ্বাচারীর নিকটে আপনাকে গোপন করে, তাহাকে গোপিনী বলা যায়।

पूजाकालं विना नान्यं पुरुषं मनसा स्पृशेत्।
पूजाकाले च देवेशि वेश्येव परितोषयेत्॥

উত্তর তন্ত্র।

পূজা-কাল ভিন্ন অন্য সময়ে পর পুরুষকে মনেতেও স্পর্শ করিবে না। দেবেশি! পূজা-কালে বেশ্যার ন্যায় সকলের পরিতোষ করিবে।

आगमोक्तपतिः शम्भुरागमोक्तपतिर्गुरुः।
स पतिः कुलजायास्तु न पतिस्तु विवाहितः॥
विवाहितपतित्यागे दूषणं न कुलार्च्चने।
विवाहितं पतिं नैव त्यजेद्वेदोक्तकर्म्मणि॥

নিরুত্তর তন্ত্র।

আগমোক্ত পতি শিব-স্বরূপ; তিনিই গুরু। সেই পতি কুলস্ত্রীদিগের প্রকৃত পতি; বিবাহিত পতি পতি নয় কুল-পূজায় বিবাহিত পতি ত্যাগ করিলে দোষ হয় না। কেবল বেদোক্ত কর্ম্মে বিবাহিত পতিকে পরিত্যাগ করিবে না।

সাক্ষাৎ কালী-স্বরূপা উক্ত কুলনারীর পূজা করিয়া মদ্য-শোধনাদি পূর্ব্বক পান করিতে হয়।

सिन्दूरतिलकं भाले पाणौ च मदिरासवम्।
कृत्वा पिबेद्गुरुं ध्यायंस्तथा देवीञ्च चिन्मयीम्॥

প্রাণতোষিণী-ধৃত বচন।

ললাটে সিন্দুর-চিহ্ন এবং হস্তে মদিরাসব ধারণ করিয়া গুরু ও দেবতার ধ্যান পূর্ব্বক পান করিবে।

হস্তে সুরা-পাত্র ধারণ করিয়া তদ্গত ভাবে এইরূপ বন্দনা করিতে হয়।

শ্রীমদ্ভৈরবশেখরপ্রবিলসচ্চন্দ্রামৃতপ্লাবিতম্
ক্ষেত্রাধীশ্বরযোগিনীসুরগণৈঃ সিদ্ধৈঃ সমারাধিতম্।
আনন্দার্ণবকং মহাত্মকমিদং সাক্ষাৎ ত্রিখণ্ডামৃতম্
বন্দে শ্রীপ্রথমং করাম্বুজগতং পাত্রং বিশুদ্ধিপ্রদম্॥

শ্যামারহস্য।

মহাদেবের শির-স্থিত, চন্দ্রের অমৃত দ্বারা প্লাবিত, এবং ক্ষেত্রপাল, যোগিনীগণ, দেবগণ ও সিদ্ধগণ কর্তৃক আরাধিত, এবং মহাত্ম-স্বরূপ, আনন্দ-সাগর, সাক্ষাৎ ত্রিখণ্ডামৃত, শুদ্ধি-প্রদায়ক ও হস্ত-কমল-স্থিত এই প্রথম পাত্রের বন্দনা করি।

এইরূপ বিশেষ বিশেষ মন্ত্র দ্বারা পাঁচবার পাত্রের বন্দনা করিয়া পাঁচ পাত্র গ্রহণ করিবে, পরে যে পর্য্যন্ত ইন্দ্রিয় সকল চঞ্চল না হয়, সে পর্য্যন্ত পান করিতে থাকিবে।

যাবন্ন চলতি দৃষ্টির্যাবন্ন চলতে মনঃ।
তাবৎ পানং প্রকর্ত্তব্যং পশুপানমতঃ পরম্॥

প্রাণতোষিণী-ধৃত বচন।

যে পর্য্যন্ত দৃষ্টি চঞ্চল ও মন বিচলিত না হয়, সে পর্য্যন্ত পান করিবে। তাহার পর পান করিলে পশু-পান করা হয় জানিবে।

ইহার পর, চক্রীদের কল্যাণ ও তদীয় বিপক্ষদের বিনাশ উদ্দেশে শান্তি-স্তোত্র পাঠ করিবে, এবং তদনন্তর আনন্দ-

স্তোত্র পাঠ করিয়া অন্য অন্য কুল-কার্য্যের অনুষ্ঠান করিবে।

पीत्वा मद्यं पठेत् स्तोत्रं साधकः कुलभैरवः।
कुलस्त्रीसङ्गनिरतः कुलकार्य्यं समाचरेत्॥

কুলার্ণব।

কুলভৈরব-স্বরূপ সাধকে মদ্য পান করিয়া স্তব পাঠ করিবে, এবং কুল-স্ত্রী-সংসর্গে প্রবৃত্ত হইয়া কুল-কার্য্যের অনুষ্ঠান করিতে থাকিবে।

তাহার পরে আনন্দোল্লাসের আরম্ভ হয়। এ ব্যাপা-রের সবিশেষ বর্ণনা করিতে হইলে অত্যন্ত অশ্লীল হইয়া পড়ে এ নিমিত্ত তন্ত্র-শাস্ত্র হইতে তাহার কিছু মূল বৃত্তান্তমাত্র উদ্ধৃত হইতেছে।

तदारूढेषु वीरेषु कार्य्याकार्य्यं न विद्यते।
इच्छैव शास्त्रसम्पत्तिरित्याज्ञा परमेश्वरि॥
तत्र यद्यत् कृतं कर्म्म शुभं वा यदि वाशुभम्।
तत् सर्व्वं देवताप्रीत्यै जायते सुरसुन्दरि॥
जल्पोजपफलं तन्द्रा समाधिरभिधीयते।
विक्रिया पूजनं देवि कुर्द्दनं भैरवो बलिः॥
मुक्तिःस्यात् शक्तिसंयोगःस्तोत्रं तत्कालभाषणम्।
न्यासोऽवयवसंस्पर्शः कण्डूतिर्हवनक्रिया॥
वीक्षणं ध्यानमीशानि शयनं वन्दनं भवेत्।
तत्त्वध्याने कृता नाना या चेष्टा सा च तत्क्रिया॥

रोदनं भाषसंपातः समुत्थानं विजृम्भनम्।
गमनं विक्रिया देवि योगकृत्यमिधीयते॥
चक्रेऽस्मिन् योगिनो वीरयोगिन्यो मदमन्थराः।
समाचरन्ति देवेशि यथोल्लासं मनोगतम्॥
शनैः पृच्छन्ति पार्श्वस्थानाविमृत्यात्मवीक्षितम्।
निधाय वदने पात्रं निर्व्वाणानिषसन्ति च॥
मत्ता स्वपुरुषं मत्त्वा कान्तान्यमवलम्बते।
तथैव पुरुषश्चापि प्रौढोऽन्तोल्लाससंयुतः॥
पुरुषः पुरुषं मोहादालिङ्गत्यङ्गनाङ्गनाम्।
पृच्छन्ति स्वपतिं मुग्धा कस्त्वं का त्वमिहागता।
उद्यानं किमिदं हन्त गृहं किंवागतं किमु।
मुखे संपूर्य्य मदिरां पाययन्ति स्त्रियः पुमान्॥
उपदंशं मुखे क्षिप्त्वा निक्षिपन्ति प्रियानने।
गृह्णन्त्यन्यस्य पात्राणि व्यञ्जनानि च शाम्भवि॥
धृत्वा शिरसि नृत्यन्ति मद्यभाण्डानि योगिनः।
अज्ञानात् करतालान्तमस्पष्टाक्षरगीतकम्।
प्रस्खलत्पदविन्यासं नृत्यन्ति कुलयक्षयः॥
योगिनोमदमत्ताश्च पतन्ति प्रमदोरसि।
मदाकुलाश्च योगिन्यः पतन्ति पुरुषोपरि।
मनोरथसुखं पूर्णं कुर्व्वन्ति च परस्परम्॥

কুলার্ণব, পঞ্চম খণ্ড।

শাস্ত্রে যত দূর ব্যবস্থা আছে, মানুষে কি তত দূর নির্লজ্জ হইয়া ব্যবহার করিতে পারে? এক বার

কিছু গলাধঃকরণ হইলে না পারিবারই বা বিষয় কি?

মনুষ্যের মন যত বিকৃত হউক না কেন, তথাপি লোকের সাক্ষাতে এরূপ কর্ম্ম করিতে লজ্জা বোধ হয়, অতএব তন্ত্রকর্ত্তারা অতি সংগোপনে ইহার অনুষ্ঠান করিতে আদেশ দিয়াছেন।

न निन्देन्न हसेद्वापि चक्रमध्ये मदाकुलान्।
एतच्चक्रगतां वार्त्तां बहिर्नैव प्रकाशयेत्॥
तेभ्योभोजनं कुर्व्वीत नाहितञ्च समाचरेत्।
भक्त्या संरक्षयेदेतान् गोपयेच्च प्रयत्नतः॥

প্রাণতোষিণী।

চক্র-মধ্যে মদিরা-মুগ্ধ ব্যক্তিদিগকে দেখিয়া হাস্য ও নিন্দা করিবে না, এবং এই চক্রের বার্ত্তা বাহিরে প্রকাশ করিবে না। তাহাদের নিকটে ভোজন করিবে, অহিত আচরণে বিরত থাকিবে, ভক্তি পূর্ব্বক তাহাদিগকে রক্ষা করিবে এবং যত্ন পূর্ব্বক গোপন করিয়া রাখিবে।

তন্ত্রের মধ্যে লতাসাধনাদি অধিকতর লজ্জাকর ও ঘৃণাকর যে সমস্ত ব্যাপারের বর্ণনা আছে, পাঠকগণের সমক্ষে তাহা উপস্থিত করা কোন রূপেই শোভা পায় না। যাঁহাদের জানিতে ইচ্ছা হয় কুলার্ণব, গুপ্তসাধন তন্ত্র, নিরুত্তর তন্ত্র, শ্যামারহস্য, প্রাণতোষিণী প্রভৃতি দেখিলেই জানিতে পারিবেন। লতাসাধনে একটি স্ত্রীলোককে ভগবতী জ্ঞান করিয়া মদ্য-পানাদি সহকারে তাহার সাধনা করিতে হয়। উহাতে তাহার শরীরের

গুহ্যাগুহ্য নানাস্থানে মন্ত্র-জপ এবং আপনার ও তাহার অঙ্গ-বিশেষের পূজা বন্দনাদি পুরঃসর স্ত্রী-পুরুষ-ঘটিত ব্যাপারানুষ্ঠানের পরাকাষ্ঠা প্রদর্শিত হইয়া থাকে। তন্ত্র-বিহিত সুরা-পান ও পরস্ত্রী-গমন প্রভৃতির ন্যায় মারণ, উচ্চাটন প্রভৃতি নর-হত্যা ও পর-পীড়াও শাস্ত্রীয় ক্রিয়ার মধ্যে পরিগণিত হইয়াছে।

শান্তিবশ্যস্তম্ভনানি বিদ্বেষোচ্চাটনে তথা।
মারণং পরমেশানি ষট্ কর্ম্মেদং প্রকীর্ত্তিতম্॥

যোগিনীতন্ত্র, পূর্ব্ব খণ্ড।

পরমেশানি! শান্তি, বশীকরণ, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, মারণ এই ছয় প্রকার কর্ম্ম পরিকীর্ত্তিত হইয়াছে।

প্রায়শ্চিত্তং ভৃগোঃ পাতং সন্ন্যাসং ব্রতধারণম্।
তীর্থযাত্রাভিগমনং কৌলঃপঞ্চ বিবর্জয়েত্॥

প্রাণতোষিণী-ধৃত বচন।

কৌলদের প্রায়শ্চিত্ত, ভৃগুপাত, সন্ন্যাস, ব্রত-ধারণ, তীর্থ-যাত্রা এই পাঁচটি বিষয়ের অনুষ্ঠান করিবার প্রয়োজন নাই; তাহা একবারে পরিত্যাগ করাই তাহাদের পক্ষে বিধেয়।

নানাপ্রকার সাধনের মধ্যে শবসাধন বীরাচারীদের একটি প্রধান সাধন। অষ্টমী বা চতুর্দ্দশী তিথিতে অথবা কৃষ্ণ-পক্ষীয় মঙ্গলবারে শূন্য গৃহে, নদী-তীরে, পর্ব্বতে, নির্জ্জন স্থানে, বিল্ব-বৃক্ষ-মূলে বা শ্মশান-ভূমিতে অথবা তাহার সমীপ-বর্ত্তী বন-স্থলে সাধনা করিতে হয়। সাধকে

দ্বিতীয় প্রহর রাত্রিতে মদ্যাদি উপচার লইয়া সাধনার স্থলে উপস্থিত হয় এবং তথায় গুরু, গণেশ, যোগিনী প্রভৃতির পূজা করিয়া বলিদানাদি সাধন পূর্ব্বক শব আনয়ন করে। কিরূপ শব প্রশস্ত, পশ্চাৎ লিখিত হইতেছে।

যষ্টিবিদ্ধং শূলবিদ্ধং খড়্গবিদ্ধং পয়োমৃতম্।
বজ্রবিদ্ধং সর্পদষ্টং চাণ্ডালস্বাভিভূতকম্।
তরুণং সুন্দরং শূরং রণে নষ্টং সমুজ্জ্বলম্।
পলায়নবিশূন্যস্য সম্মুখে রণবর্ত্তিনম্॥

তন্ত্রসার-ধৃত ভাবচূড়ামণি-বচন।

যে চণ্ডাল যষ্টি, শূল, খড়্গ বা বজ্রের আঘাতে কিম্বা সর্প-দংশনে প্রাণ-ত্যাগ করিয়াছে, অথবা অভিভূত, জল-মগ্ন বা সম্মুখ-যুদ্ধে পলায়ন-পরাঙ্মুখ হইয়া মৃত্যু-মুখে পতিত হইয়াছে, সে যদি সুন্দর কান্তি-বিশিষ্ট শৌর্য্যবান্ ও তরুণ-বয়স্ক হয় তাহা হইলে শবসাধনার্থ তাহার শব আনয়ন করিবে।

সাধকে শব আনয়ন পূর্ব্বক তাহার পূজা করিবে এবং পরে সেই শবের পৃষ্ঠ-দেশে চন্দন লেপন পূর্ব্বক হরিণ-চর্ম্ম ও কম্বল স্থাপন করিয়া রাখিবে। অনন্তর ডাকিনী যোগিনী প্রভৃতির পূজা করিয়া ও কিছু দূরে এক জন উত্তরসাধক রাখিয়া পূজার সামগ্রী সম্বলিত শবারোহণ করিবে, এবং দেবতার অর্চ্চনাদি করিয়া জপ করিতে থাকিবে।

শবসাধনের সময়ে এরূপ ভয়ঙ্কর ভয়ঙ্কর ক্রিয়ানুষ্ঠান করিবার ব্যবস্থা আছে যে, তাহা করা দূরে থাকুক, পাঠ করিলেও ভয় পাইতে হয়।

করকাঞ্চীং সমাদায় মুণ্ডমালাবিভূষিতঃ।
তেনৈব তিলকং দত্বা তদ্ভস্মবিভূষিতঃ।
শ্মশানে চাসকৃজ্জপ্ত্বা সর্ব্বসিদ্ধীশ্বরোভবেৎ॥

শ্যামারহস্য।

কর-কাঞ্চী গ্রহণ করিয়া মুণ্ডমালায় বিভূষিত হইবে, এবং তদীয় রক্তের তিলক ধারণ ও শরীরে তাহার ভস্ম লেপন পূর্ব্বক শ্মশান-ভূমিতে পুনঃ পুনঃ জপ করিয়া সর্ব্ব সিদ্ধি প্রাপ্ত হইবে।

মহাষ্টমীনবম্যোস্তু সংযোগে পুরতঃ স্থিতঃ।
ছাগমহিষমেষাণাং চতুর্দ্দিক্ষু শবান্ ক্ষিপেৎ।
কবন্ধান্ মুণ্ডপুঞ্জাংশ্চ দীপাদিভিরলঙ্কৃতান্॥
মধ্যে কবন্ধমারুহ্য তত্র গন্ধর্ব্বরূপধৃক্।
তাম্বূলপূরিতমুখোমঞ্জনাঞ্জিতলোচনঃ।
কৃত্বা তাবন্মনুং জপ্ত্বা সর্ব্বসিদ্ধীশ্বরোভবেৎ॥

শ্যামারহস্য।

মহাঅষ্টমী এবং নবমীর সন্ধি-কালে গ্রামের বাহিরে ছাগ, মহিষ ও মেষের শব, এবং দীপ-সংযুক্ত কবন্ধ ও মুণ্ড সমুদয় চারি দিকে ক্ষেপণ করিবে, মধ্যস্থলে একটি কবন্ধ রাখিয়া তাহার উপর আরোহণ করিবে, এবং গন্ধর্ব্ব-রূপ ধারণ পূর্ব্বক মুখেতে তাম্বূল পূর্ণ ও চক্ষুতে অঞ্জন-বিশেষ লিপ্ত করিয়া মন্ত্র জপ পূর্ব্বক সর্ব্ব সিদ্ধি প্রাপ্ত হইবে *।

শক্তি-উপাসনা নিতান্ত অপ্রাচীন নয়। সাত আট শত বৎসর পূর্ব্বের গ্রন্থে কোন কোন শক্তি-তীর্থের প্রসঙ্গও

---

* শুনিতে পাওয়া যায়, অনেকে কালিকার সাক্ষাৎকার-লাভ-প্রত্যাশায় শবসাধনে প্রবৃত্ত হওয়াতে, নানা বিভীষিকা-দর্শনে ভীত হইয়া একবারে ক্ষিপ্ত হইয়া গিয়াছে।

পাওয়া যায়। খৃষ্টাব্দের একাদশ শতাব্দীতে বিরচিত বৃহৎকথার * মধ্যে মৃজাপুরের সমীপস্থ বিন্ধ্যবাসিনীর নাম পুনঃ পুনঃ উল্লিখিত আছে। প্রথমকার মুসল্‌মান্‌ বাদসাহেরা নাগরকোটস্থ জ্বালামুখীর প্রতি নিগ্রহ প্রকাশ করিতে বিমুখ হন নাই। ফিরোজ নামে একটি বাদসাহ ১৩৬০ তের শত ষাট্‌ খৃষ্টাব্দে যখন নাগরকোট অধিকার করেন, তখন তথায় জ্বালামুখীর বিলক্ষণ প্রাদুর্ভাব ছিল। ঐ ঐ সময়ের অনেক পূর্ব্বেও যে ভারতবর্ষে শক্তি-উপাসনার প্রচার ছিল ইহাতে সন্দেহ নাই †।

যদিও দক্ষিণাচারতন্ত্ররাজে গৌড়, কেরল ও কাশ্মীর দেশীয় লোক শুদ্ধাচারী শক্তি-উপাসক বলিয়া বর্ণিত আছে, কিন্তু বাঙ্গালা দেশেই এ ধর্ম্ম সর্ব্বাপেক্ষা প্রবল।

---

* বৃহৎকথা-প্রণেতা সোমদেব গ্রন্থের উপসংহার-কালে লিখিয়াছেন, কাশ্মীরাধিপতি হর্ষদেবের পিতামহীর শ্রবণ-সুখার্থ এই পুস্তক বিরচিত হইল। তাহাতে ঐ হর্ষদেব কলসের পুত্র, অনন্তের পৌত্র ও সংগ্রামরাজের প্রপৌত্র বলিয়া লিখিত আছে। রাজতরঙ্গিনী ও আইন আকবরির সহিত ঐক্য করিয়া হর্ষদেবের এইরূপ বংশাবলি সপ্রমাণ হইয়াছে। ঐ রাজা ১০৫৯ দশ শত উনষাট খ্রীষ্টাব্দে রাজসিংহাসনে অধিরোহণ করিয়া দ্বাদশ বৎসর রাজত্ব করেন। অতএব বৃহৎকথা ঐ সময়ে অথবা তাহার কিছু অগ্রপশ্চাৎ লিখিত হইয়াছিল তাহার সন্দেহ নাই।——Quaterly Oriental Magazine, No. I., p. 64.

† ৮ ও ৯ পৃষ্ঠা দেখ।

এখানে যেমন দুর্গা, কালী, জগদ্ধাত্রী প্রভৃতি নানাবিধ শক্তি-মূর্ত্তির প্রতিমা নির্ম্মাণ করিয়া অর্চ্চনা করা হয় এবং বিশেষতঃ আশ্বিন মাসে যেরূপ উৎসাহ ও সমারোহ পূর্ব্বক দুর্গোৎসবের ব্যাপার সম্পন্ন হইয়া থাকে, সেরূপ আর কুত্রাপি হয় না। ফলতঃ বঙ্গভূমি বামাচারী ও দক্ষিণাচারী উভয় প্রকার শাক্ত-সম্প্রদায়েরই প্রধান স্থান।

---

## চলিয়াপন্থী।

রাজস্থানের অন্তঃপাতী জয়পুর, যোধপুর প্রভৃতি নানা স্থানে এই সম্প্রদায় প্রচলিত আছে। ইহারা শক্তি-উপাসক এবং অনেকাংশে বামাচারী শাক্তদের ন্যায় ব্যবহার করিয়া থাকে। ইহাদিগের গুরুদের নাম চক্রেশ্বর। প্রত্যেক গুরুর একজন কোতোয়াল ও একজন সহকারী কোতোয়াল এবং কতকগুলি শিষ্য থাকে। ইহারা মধ্যে মধ্যে রাত্রি-যোগে কৌলদিগের ন্যায় চক্র করে। চক্র-সাধনার নিমিত্ত কোন স্থান নির্দ্দিষ্ট নাই; যখন যে স্থানে সুবিধা বোধ হয় তখন সেই স্থানই মনোনীত করিয়া লয়। চক্র আরম্ভের কিছু পূর্ব্বে ঐ স্থানের এক পার্শ্বে গুরুর আসন ও তাহার দক্ষিণে কোতোয়াল ও সহকারী কোতোয়ালের দুই খানি আসন প্রস্তুত থাকে, এবং তাহার সম্মুখে সুরা-পরিপূর্ণ একটা বড় পাত্র

আর একটি শূন্য কুম্ভ স্থাপিত করা হয়। গুরুর আসনের বাম দিক্ হইতে সহকারী কোতোয়ালের আসনের দক্ষিণ দিক্ পর্য্যন্ত ঐ সুরা-পাত্র ও শূন্য কুম্ভ বেষ্টন পূর্ব্বক চক্রাকৃতি করিয়া দুই দুই জনের বসিবার উপযুক্ত স্বতন্ত্র স্বতন্ত্র আসন পাতিয়া রাখা হয়। চক্রের সময় উপস্থিত হইলে চক্রেশ্বর অর্থাৎ গুরু, কোতোয়াল ও সহকারী কোতোয়াল তথায় আসিয়া আপন আপন আসনে উপবিষ্ট হন ও শিষ্যেরাও স্বীয় স্বীয় ভার্য্যাকে সঙ্গে লইয়া সেই স্থানে আগমন করে। স্ত্রীলোকেরা সকলেই আপন আপন কাঁচলিগুলি এক স্থানে একত্র রাখিয়া স্বতন্ত্র এক দিকে উপবেশন করে, এবং পুরুষেরাও সেইরূপ অন্য একস্থানে একসঙ্গে উপবিষ্ট হইয়া থাকে। পরে ইহাদের মধ্যে কোন ব্যক্তি ঐ কাঁচলিগুলি লইয়া উল্লিখিত শূন্যকুম্ভের মধ্যে রাখিয়া দেয়, পশ্চাৎ কোতোয়াল আপন আসন হইতে উঠিয়া পূর্ব্বোক্ত সুরা-পাত্র হইতে এক পাত্র সুরা উত্তোলন করে; করিবামাত্র, চক্রেশ্বর শিষ্যদের পুরুষ-দল হইতে ইচ্ছামতে যে সে এক জনকে আপনার নিকটে আহ্বান করেন, এবং সেই আহূত ব্যক্তি নিকটে আসিলে, তাহাকে বাম-পার্শ্ব-স্থিত আসনে বসিতে আদেশ করেন। পরে সহকারী কোতোয়াল উত্থিত হইয়া উল্লিখিত কুম্ভ হইতে একটি কাঁচলি উত্তোলন করে। করিলে, শিষ্যারা সকলে ঐ কাঁচলির প্রতি এক দৃষ্টে দৃষ্টি-পাত করে, এবং উহা যে ব্যক্তির কাঁচলি, সে চিনিতে পারিলেই, অবিলম্বে সেই আহূত পুরু-

ষের বাম ভাগে উপস্থিত হইয়া তাহার সহিত একাসনে উপবেশন করিয়া থাকে। পরে সহকারী কোতোয়াল নিজ হস্ত-স্থিত কাঁচলি এবং কোতোয়াল নিজ হস্ত-স্থিত সুরা-পাত্র ঐ স্ত্রীলোকটিকে অর্পণ করে। এইরূপে ক্রমে ক্রমে সমুদায় শিষ্য শিষ্যা, স্ত্রী পুরুষে দুই দুই জনে এক এক আসনে চক্রাকৃতি করিয়া বসিয়া যায়।

এইরূপ অনুষ্ঠান দ্বারা যদৃচ্ছাক্রমে যে পুরুষ যে স্ত্রীলোককে নিজ আসনে প্রাপ্ত হয়, সাধনার সময়ে সেই স্ত্রীলোক সেই পুরুষের ভার্য্যা এবং সেই পুরুষ সেই স্ত্রী-লোকের স্বামী-স্বরূপ বলিয়া পরিগণিত হয়। ঐ সময়ে তাহারা নিজ সম্প্রদায়ের নিয়মানুসারে উভয়ে একত্র সুরা-পান ও অন্য অন্য ব্যবহার করিতে কুণ্ঠিত হয় না।

ইহারা কাঁচলি শব্দের বিকৃতি করিয়াই হউক অথবা "কাঁ" এই অংশটি বাদ দিয়াই হউক আপনাদের নাম চলিয়াপন্থী রাখিয়াছে।*

---

## করারী।

ইহারা ভগবতীর কালী, চামুণ্ডা প্রভৃতি ভয়ঙ্করী মূর্ত্তির উপাসক। ইহাদিগকে পূর্ব্বকালীন কাপালিক ও

---

* আগরা-নগর-স্থিত একটি বাঙ্গালী ব্রহ্মচারীর নিকট এই সম্প্রদায়ের যেরূপ বৃত্তান্ত শুনিয়াছি, সেইরূপ লিখিত হইল।

অঘোরঘণ্টার* প্রতিরূপ বলিলে বলা যায়। তবে ঐ দুই পূর্ব্বতন সম্প্রদায়ীরা নরবলি দিয়া দেবীর অর্চ্চনা করিত, এখন রাজ-শাসনাদির ভয়ে সেরূপ অনুষ্ঠান করিবার সম্ভাবনা নাই। অতএব প্রকৃত প্রস্তাবে এ সম্প্রদায়

---

* অঘোরঘণ্টার বিষয় ৯৮ পৃষ্ঠা দেখ। শঙ্করবিজয়ে ও প্রবোধ-চন্দ্রোদয় নাটকে কাপালিকের রূপ বর্ণিত আছে।

চিতিভস্মপূর্ণকলেবরঃ নরকপালমালাঙ্কৃতগলঃ ভালদেশরচিতকজ্জল-রেখঃ সকলকেশরচিতজটাধারী; ব্যাঘ্রচর্ম্মরচিতকটিসূত্রকৌপীনঃ কপাল-শোভিতবামকরঃ সশব্দঘণ্টাধৃতদক্ষিণকরঃ শম্ভো ভৈরব অহো কালীশ ইতি মুহুর্মুহুর্জপন্।

শঙ্করবিজয়।

চিতা-ভস্মে আচ্ছাদিত-কলেবর, গল-দেশ নর-কপাল-মালায় আবৃত, কপালে কজ্জল-রেখা, সমুদায় কেশ জটা-ভূত, ব্যাঘ্র-চর্ম্মের কৌপীন ও কটি-সূত্র, বাম হস্ত করোটি-সুশোভিত, দক্ষিণ হস্তে শব্দায়মান ঘণ্টা এই প্রকার বেশ-ধারী এবং মুহুর্মুহু "শম্ভু, ভৈরব, অহো কালীশ" নাম জপকারী কাপালিক।

মস্তিষ্কান্ত্রবসাভিঘারিতমহামাংসাহুতীর্জ্জুহ্বতাম্
বহ্নৌ ব্রহ্মকপালকল্পিতসুরাপানেন নঃ পারণা।
সদ্যঃকৃত্তকঠোরকণ্ঠবিগলৎকীলালধারোজ্জ্বলৈ
রর্চ্চ্যো নঃ পুরুষোপহারবলিভি র্দেবো মহাভৈরবঃ॥

প্রবোধচন্দ্রোদয়, তৃতীয়াঙ্ক।

আমরা মস্তিষ্ক ও বসা-ধাতুতে অভিষিক্ত মহামাংস দ্বারা অগ্নিতে হোম করি, ব্রাহ্মণের কপাল-স্থিত মদ্য-পান দ্বারা পারণা

ইদানী বিদ্যমান আছে কি না সন্দেহ-স্থল। ভারতবর্ষের নানা স্থানে কতকগুলি লোকে আপন শরীরে নিতান্ত নিষ্ঠুর ব্যবহার করিয়া ভিক্ষা করে, কেহ কেহ তাহাদিগকেই এই সম্প্রদায়ী বলিয়া বিবেচনা করেন। তাহারা লৌহ-শলাকাদি দ্বারা শরীরের মাংস বেধ করে, জিহ্বা ও গণ্ড-দেশ দিয়া তীক্ষ্ণ অস্ত্র প্রবেশ করায়। লৌহময় কণ্টক-শয্যায় শয়ন করিয়া থাকে ও অঙ্গ-বিশেষে ছুরিকা বসাইয়া দেয়। বাঙ্গালা-দেশে চড়ক-পূজার সময়েও অনেক ইতর লোককে এইরূপ আচরণ করিতে দেখা যায়।

---

## ভৈরবী ও ভৈরব।

ভৈরবীরা শক্তি-মন্ত্রে দীক্ষিত হয় এবং কুলাচার অবলম্বন করিয়া পূর্ব্ব-লিখিত মদ্য-মাংসাদি পঞ্চতত্ত্ব ব্যবহার করিয়া থাকে।

ইহারা গেরুয়া বস্ত্র পরিধান, বিভূতি ও রুদ্রাক্ষ ধারণ ও ললাটে সিন্দূর লেপন করে এবং হস্তে ত্রিশূল গ্রহণ পূর্ব্বক ইতস্তত ভ্রমণ করিয়া বেড়ায়। ভৈরবীচক্র প্রভৃতি তন্ত্রোক্ত কুলচক্রেও প্রবেশ করে ও তথায়

---

করি, এবং সদ্যশ্ছিন্ন মনুষ্যের কঠোর কণ্ঠ-দেশ হইতে নিঃসৃত রুধির-ধারা-প্রবাহে উৎপ্রভূত নর-বলি দ্বারা মহাভৈরবের অর্চ্চনা করি।

বীরাচারী পুরুষদের সহিত একত্র উপবেশন করিয়া সর্ব্বতোভাবে কুলাচারের অনুষ্ঠান করিয়া থাকে।

বাঙ্গালার মধ্যে কলিকাতায়, কালীঘাটে ও অন্য অন্য অনেক স্থানেও ইহাদিগকে দেখিতে পাওয়া যায়। কাশীতেও কতকগুলি অবস্থিতি করে। শুনিতে পাই, ইহাদের মধ্যে অনেকে অত্যন্ত কামাসক্ত ও ইন্দ্রিয়-সুখে অনুরক্ত হইয়া স্বেচ্ছাচারীর মত ব্যবহার করে; কোন কোন ভৈরবী এক একটি ভৈরব সঙ্গে রাখে; তাহার সহিত মিলিত হইয়া তীর্থ-ভ্রমণ করে ও কুলাচারের নিয়ম ক্রমে কার্য্য করিয়া থাকে।

---

## শীতলা-পণ্ডিত।

শীতলা বসন্ত, বিস্ফোটক, গলগণ্ড প্রভৃতি রোগের দেবতা। ইনি গর্দ্দভারূঢ় ও বিবস্ত্র থাকেন, এবং বামকক্ষে কলস, দক্ষিণ হস্তে মার্জ্জনী ও মস্তকোপরি শূর্প ধারণ করেন।

**নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীম্।**
**মার্জ্জনীকলসোপেতাং শূর্পালঙ্কৃতমস্তকাম্॥**

শব্দকল্পদ্রুম-ধৃত স্কন্দপুরাণীয় বচন।

শীতলা দেবী বিবস্ত্র ও গর্দ্দভারূঢ়, তিনি মার্জ্জনী, কলস ও মস্তকে শূর্প ধারণ করিয়া থাকেন; আমি তাঁকে নমস্কার করি।

ইনি শিব-শক্তি বলিয়া প্রসিদ্ধ; ইঁহার কবচের মধ্যেও মুণ্ডমালিনী কালীর স্বরূপ বলিয়া বর্ণিত হইয়াছেন।

শীতলা পূর্ব্বদিগ্‌ভাগে আগ্নেয্যাং রোগনাশিনী।
দক্ষিণে দক্ষিণাকালী মুণ্ডমালাবিধারিণী।
নৈঋত্যাং পাতু মাং নিত্যং শূর্পালঙ্কৃতমস্তকা।
পশ্চিমে পাতু মাং নিত্যং সম্মার্জ্জনীধরা তথা।
বায়ব্যাং পাতু মাং দেবী সদা কলসধারিণী।
দিগম্বরী সদা পাতু উত্তরস্যাং সনাতনী।
ঐশান্যাং দিশি মাং পাতু সততং ঘোরদর্শনী॥

পূর্ব্বদিকে শীতলা, অগ্নি-কোণে রোগ-নাশিনী, দক্ষিণে মুণ্ডমালা-ধারিণী দক্ষিণাকালী, নৈঋত-কোণে শূর্পালঙ্কৃত-মস্তকা, পশ্চিমে সম্মার্জ্জনী-ধরা, বায়ু-কোণে কলস-ধারিণী দেবী, উত্তরে সনাতনী দিগম্বরী এবং ঈশান-কোণে ঘোরদর্শনী আমায় রক্ষা করুন।

শীতলার মন্ত্র ওঁ ঐঁ ক্লীঁ হ্রীঁ। কিন্তু অনেকে কেবল হ্রীঁ বীজ উচ্চারণ পূর্ব্বক তাঁহার অর্চ্চনা করিয়া থাকে।

হাড়ি, ডোম, চণ্ডাল প্রভৃতি যে সমস্ত নীচ জাতীয় লোকে শীতলা সঙ্গে লইয়া ভিক্ষা করিয়া বেড়ায়, তাহাদিগকে পণ্ডিত বলে। তাহারা কহে, শীতলা দেবী স্বপ্নে আবির্ভূত হইয়া এইরূপ প্রত্যাদেশ করেন, 'আমি তোমারে অনুগ্রহ করিলাম, তুমি আমাকে গৃহে স্থাপনা করিয়া পূজাদি কর।' যাহার প্রতি এই রূপ অনুগ্রহ হয়, সেই

ব্যক্তি পণ্ডিত নাম * প্রাপ্ত হইয়া তামা গ্রহণ করে, অর্থাৎ তামার অঙ্গুরীয় অথবা বলয় প্রস্তুত করিয়া হস্তে ধারণ করিতে থাকে।

তাহারা নীচ জাতি, তথাচ নিজেই শীতলার অর্চ্চনা করে। স্বয়ং শীতলার গুণ কীর্ত্তন করিয়া দ্বারে দ্বারে ভিক্ষা করে ও অন্য লোকেও তাহাদের বাটীতে আসিয়া পূজা দেয়। ইহাতে তাহাদের সংসার-নির্ব্বাহের আর অপ্রতুল থাকে না।

---

* যাহারা গৃহে ধর্ম্ম দেবতা স্থাপন করিয়া পূজা করে, তাহাদিগকেও পণ্ডিত বলে। তাহারাও শীতলা-পণ্ডিতদিগের মত হস্তে তাম্র-বলয় গ্রহণ করে এবং নীচ জাতি হইলেও নিজেই ধর্ম্ম দেবতার অর্চ্চনা করিয়া থাকে।

বাঙ্গালা দেশের রাঢ় অঞ্চলে এই দেবতার অত্যন্ত প্রাদুর্ভাব। এক এক স্থানে প্রতিবৎসর তাঁহার ভারি ভারি উৎসব হয় ও তদুপলক্ষে তথায় বহু লোকের সমাগম হইয়া থাকে। ধর্ম্ম দেবতা অত্যন্ত মদ্য-মাংস-প্রিয়।

# সৌর।

পঞ্চপ্রকার উপাসকের মধ্যে শৈব, শাক্ত, বৈষ্ণব এই তিন প্রকার উপাসকের বিষয় লিখিত হইল; অবশিষ্ট দুই প্রকারের নাম সৌর ও গাণপত্য *। এই উভয়ের সংখ্যা অতি অল্প। ব্যবহার-বিষয়েও অন্যান্য হিন্দু-দিগের সহিত ইহাদের বিশেষ বিভিন্নতা দৃষ্ট হয় না।

সূর্য্য আর্য্য-কুলের একটি প্রধান আদিম দেবতা। ইদানী ঐ সূর্য্য যাঁহাদের ইষ্ট দেবতা, তাঁহাদের নাম সৌর। তাঁহারা গল-দেশে স্ফাটিক-মালা ধারণ করেন ও ললাটে একরূপ রক্ত-চন্দনের তিলক করিয়া থাকেন। তাঁহারা রবিবারে ও সংক্রান্তির দিবসে লবণ-বর্জ্জিত একাহার করেন। কোনদিন সূর্য্য দর্শন না করিয়া জল গ্রহণ করেন না। এই কঠিন নিয়মটি প্রচলিত থাকাতে, তাঁহাদিগকে বর্ষাকালে এক এক দিবস সমধিক কষ্ট পাইতে হয়। পৃথিবীর যে খণ্ডে সূর্য্য অত্যন্ত প্রতাপ-বিশিষ্ট এবং প্রায় প্রত্যহই লোকের দৃষ্টি-গোচর হয়, সেইখণ্ডে যে, সৌর-দিগের বাস, ইহা তাঁহাদিগের সৌভাগ্যের বিষয় বলিতে হইবে। ফলতঃ তাহা না হইলেও এরূপ ধর্ম্মের সৃষ্টি হইত না।

---

* শৈবানি গাণপত্যানি শাক্তানি বৈষ্ণবানি চ।
সাধনানি চ সৌরাণি যান্যানি যানি কানিচিৎ।
শ্রুতানি তানি দেবেশ ত্বদ্বক্ত্রান্নিঃসৃতানি চ॥

তন্ত্রসার। তৃতীয় পরিচ্ছেদ।

সূর্য্য বলিলে সচরাচর দৃশ্যমান সূর্য্য-মণ্ডলই বোধ হয়, কিন্তু শাস্ত্রে তদীয় হস্ত-পদাদি-বিশিষ্ট একটি রূপ বর্ণিত আছে।

রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুম্
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরং দধতং করাব্জৈ
র্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

শব্দকল্পদ্রুম। সূর্য্যশব্দ॥

রক্ত-পদ্মোপরি উপবিষ্ট, অশেষ-গুণ-সাগর, সমস্ত জগতের অধীশ্বর, চারি হস্তে বর, অভয় ও কমল-দ্বয়-ধারী, মস্তকে মাণিক্য-বিশিষ্ট, অরুণ-বর্ণ এবং ত্রিনেত্র দিবাকরের বন্দনা করি।

পূর্ব্ব কালে সূর্য্যের প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া পূজা করা হইত। খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর মধ্য ভাগে চীন-দেশীয় তীর্থ-যাত্রী হিউএন্-থ্সঙ্গ্ মুলতানে একটি সূর্য্য-মন্দির ও সূর্য্য-প্রতিমূর্ত্তি দর্শন করেন *। যে সময়ে আরবেরা ভারতবর্ষে প্রথম আগমন করে, সে সময়েও উহা বিদ্যমান ছিল; মুসল্মানেরা হিন্দু-ধর্ম্মের প্রতি

* ঐ সময়ে ও উহার অগ্র পশ্চাৎ যে সূর্য্যোপাসক-সম্প্রদায় বিদ্যমান ছিল, তাহার অন্য অন্য অনেক নিদর্শনও প্রাপ্ত হওয়া যায়। খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীতে বিদ্যমান আনন্দগিরি শঙ্কর-বিজয়ের ত্রয়োদশ প্রকরণে সূর্য্যোপাসকের বিবরণ লিখিয়াছেন এবং ঐ অব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে বিরচিত হর্ষ-চরিতে লিখিত আছে, শ্রীহর্ষের পিতা প্রভাকরবর্দ্ধন সূর্য্য-মন্ত্রে দীক্ষিত ছিলেন। শ্রীহর্ষ খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথম ভাগে প্রাদুর্ভূত হন *। সুতরাং তাঁহার পিতা উহার ষষ্ঠ শতাব্দীতে জীবিত ছিলেন।

* এই ভাগের উপক্রমণিকাংশের ১৫৩ পৃষ্ঠা দেখ।

বিদ্বেষ প্রকাশ করিয়া ঐ বিগ্রহের গ্রীবা-দেশে গোমাংস সংযুক্ত করিয়া দেয়। *

উৎকলে এক সময়ে সূর্য্যোপাসনার সমধিক প্রচার ছিল; ব্রাহ্মপুরাণে সে বিষয়ের বিস্তর প্রসঙ্গ আছে। কনার্ক নামক স্থানে যে ভগ্নাবস্থ পুরাতন সূর্য্য-মন্দিরটি অদ্যাপি দেখিতে পাওয়া যায়, তাহা ১২৪১ বার শত একচল্লিশ খৃষ্টাব্দে রাজা লঙ্গোর নর্সিংহ্ দেও্ কর্ত্তৃক প্রতিষ্ঠিত হয়। †

যবদ্বীপে হিন্দু-শাস্ত্রোক্ত শিবাদি দেবগণের ভূরি ভূরি প্রতিমূর্ত্তি অদ্যাপি বিদ্যমান আছে। ঐ স্থানের এসিস্-টেণ্ট্ রেসিডেণ্ট্ সাহেবের উদ্যানে তাহার অনেকগুলি একবার সংগৃহীত হয়, তাহার মধ্যে সূর্য্য দেবের সপ্তাশ্ব-যোজিত কয়েক খানি রথও বিনিবেশিত ছিল। ‡

ইদানী রোগ-নিবারণ, নবগ্রহ-যাগ, নিত্য সন্ধ্যা-বন্দনাদি কয়েকটি স্থলে সূর্য্য-পূজা বা সূর্য্যার্ঘ্য-দান প্রচলিত আছে। বাঙ্গালা দেশে স্বতন্ত্র সূর্য্যোপাসক নাই বলিলেই হয়।

সূর্য্যের বীজ হং সঃ, ও তাঁহার গায়ত্রী

**ওম্ আদিত্যায় বিদ্মহে মার্ত্তণ্ডায় ধীমহি তন্নঃ সূর্য্যঃ প্রচোদয়াৎ।**

আদিত্যের জ্ঞান লাভ করি; মার্ত্তণ্ডকে চিন্তা করি; সূর্য্য আমাদিগকে তাহা প্রেরণ করুন।

---

* Journal Asiatique, Tom 8th, Octr. 1846, pp. 298—299.

† Asiatic Researches, Vol. XV, p. 327.

‡ Journal of the Indian Archipelego, Vol. III, No. IX.

---

* এখন পুস্তক নিকটে নাই বলিয়া পৃষ্ঠার সংখ্যা লিখিতে পারিলাম না।

মুঙ্গের, গয়া, পাটনা জেলা প্রভৃতি পশ্চিমোত্তর প্রদেশের নানা স্থানে কার্ত্তিক মাসে ছট্‌বরত্‌ নামে একটি ব্রত অনুষ্ঠিত হইয়া থাকে; তাহা সূর্য্য-ব্রত বই আর কিছুই নয়। যে দিবসে ঐ ব্রত সম্পন্ন হয়, তাহার ছয় দিন পূর্ব্বাবধি ব্রত-ধারী ব্যক্তিমাত্রেই হবিষ্যান্ন ভোজন করে। পরে নির্দ্দিষ্ট দিবসে সূর্য্যাস্তের প্রায় চারি দণ্ড পূর্ব্বে নানাবিধ পূজার দ্রব্য সঙ্গে লইয়া নদী-তীরে উপস্থিত হয় ও তথায় যথাবিধানে মন্ত্রোচ্চারণ সহকারে ঐ সকল সামগ্রী নিবেদনাদি দ্বারা সূর্য্য-পূজা সম্পাদন পূর্ব্বক নিজ নিজ গৃহে প্রত্যাগমন করিয়া থাকে। কলিকাতায়ও ঐ সময়ে চাঁদপাল ও মল্লিকের ঘাটে হিন্দুস্থানীদিগকে মহা-সমারোহ পূর্ব্বক এই ব্রতের অনুষ্ঠান করিতে দেখা যায়।

---

# গাণপত্য।

গণপতির অর্থাৎ গণেশের উপাসকদিগের নাম গাণপত্য। শৈবশাক্তাদির ন্যায় ইহাদিগকে একটি পৃথক্ সম্প্রদায় বলা যায় কি না সন্দেহ। হিন্দুমাত্রেই গণেশকে সিদ্ধি-দাতা জ্ঞান করিয়া বিঘ্ন-নিরাকরণ প্রার্থনায় তাঁহার উপাসনা করে। শিব-দুর্গাদি অন্য অন্য দেবতার পূজা করিতে হইলে, অগ্রে গণেশের অর্চ্চনা করিতে হয়। কিন্তু কতকগুলি লোকে অন্য দেবতা অপেক্ষায় তাঁহার বিশিষ্ট রূপ উপাসনা করিয়া থাকে। এইরূপ উপাসকদিগকে গাণপত্য বলিলেও বলা যাইতে পারে। ইঁহারা বৈষ্ণবদিগের ন্যায় অন্য দেবতার উপাসনা এক কালে পরিত্যাগ করেন না।

গণেশ অনেক প্রকার, লোকে তন্মধ্যে বিশেষ বিশেষ গণেশের নাম ধরিয়া পূজা করে। পশ্চিমোত্তর প্রদেশে বক্রতুণ্ড ও ঢুণ্ ঢিরাজ এই দুই গণেশ অতি প্রসিদ্ধ, এবং তাঁহাদেরই উপাসনা অধিক প্রচলিত।

গণেশের বীজ গোঁ, ও তাঁহার গায়ত্রী

**একদংষ্ট্রায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো বিঘ্নঃ প্রচোদয়াৎ।**

প্রাণতোষিণী, ১২৬৬ সাল, ৩৫৫ পৃষ্ঠা।

একদন্তের জ্ঞান লাভ করি; বক্রতুণ্ডকে চিন্তা করি; বিঘ্নরাজ তাহা আমাদিগকে প্রেরণ করুন।

# পরিশিষ্ট।

---

## এই পুস্তকের প্রথম ভাগের তৃতীয় পরিশিষ্ট।

( রামানন্দী-সম্প্রদায়—২১ পৃষ্ঠা। আখাড়া। )

সন্ন্যাসীদের ন্যায় হিন্দুস্থানী বৈষ্ণবদিগেরও সাতটি মূল আখাড়া আছে; নির্ব্বাণী, খাকী, সন্তোষী, নির্ম্মোহী, বলভদ্রী, টাটম্বরী ও দিগম্বর।

এই সাতটি আখাড়ার মধ্যে তিনটি আখাড়া হইতে আর সাতটি দল-বিশেষ উৎপন্ন হইয়াছে। তাহাদিগকে শাখা-আখাড়া বলিলে বলা যায়। সেই প্রধান তিন আখাড়ার যাহা কিছু অর্থাগম হয়, ঐ দলস্থেরা তাহার অংশ প্রাপ্ত হইয়া থাকে। আখাড়ার উৎপত্তি-বিবরণ যেরূপ শুনিতে পাওয়া যায়, তাহাতে এইটিই প্রতীয়মান হইয়া উঠে যে, শৈব বৈষ্ণবের পরস্পর বিবাদ প্রযুক্ত, পরস্পরের পরাভব উদ্দেশে, উহার প্রবর্ত্তন ঘটিয়াছে। প্রবীণ বৈরাগীরা আত্মমুখে তাহা স্বীকার করিয়া থাকেন। হরিদ্বার, প্রয়াগ, উজ্জয়িনী ও গোদাবরীর স্নানোৎসবে অর্থাৎ কুম্ভ-মেলায় কোন্ সম্প্রদায়ীরা প্রথমে স্নান করিবে এই প্রস্তাব লইয়া পূর্ব্বে বিষম বিরোধ ও তুমুল সংগ্রাম সংঘটিত হইত। বর্ত্তমান রাজশাসন-প্রভাবে তাহার একরূপ মীমাংসা হইয়া গিয়াছে। অগ্রে শৈব সন্ন্যাসীরা, পরে বৈরাগী সম্প্রদায়ীরা, অনন্তর উদাসীগণ এবং তৎপরে অন্য অন্য লোকে স্নান করিয়া থাকে। ঐ সমস্ত মেলায় উল্লিখিত সাত আখাড়া ও শাখা-আখাড়ার বৈরাগীগণ জমাৎ-বদ্ধ হইয়া যাত্রা করে। শৈব-সন্ন্যাসীদের জমাতে যেরূপ পূজারী, ভাণ্ডারী, হিসাবী, কোতোয়াল প্রভৃতি কর্ম্মচারী সমুদায় নিযুক্ত থাকে, ইহাদের জমাতেও সেইরূপ। জমাতে ধ্বজার বড় মাহাত্ম্য। ঐ সকল মেলায় স্বর্ণ ও রজত-মণ্ডিত বহুসংখ্যক সুদীর্ঘ ধ্বজা একত্র উড্ডীয়মান হইয়া জমাতের মহিমা প্রদর্শন করে। কেবল উড্ডীয়মান নয়, তাহার বিহিত বিধানে স্নান ও অর্চ্চনাও হইয়া থাকে।

( ১২৭ পৃষ্ঠার ৯ পঁক্তির পর। দুয়ারা। )

সন্ন্যাসীদের বায়ান্ন মড়ির মত রামাৎ নিমাৎ প্রভৃতি হিন্দুস্থানী

বৈষ্ণবদেরও বারাঙ্কটি দুয়ারা আছে। এক এক তেজীয়ান্ ব্যক্তি প্রাদুর্ভূত হইয়া নিজ নিজ ক্ষমতা-প্রভাবে এক একটি দল সংস্থাপন করেন, তাহারই নাম দুয়ারা; যেমন বামন-দুয়ারা, অগ্রদাস-দুয়ারা, শ্রমনজী-দুয়ারা, কূয়াজী-দুয়ারা, টিলাজী-দুয়ারা, দেব মুরারিজী-দুয়ারা, দুন্দুরামজী-দুয়ারা, রাম কবীরজী-দুয়ারা, নাভাস স্বামী-দুয়ারা, পিপাজী-দুয়ারা, খোজীজী-দুয়ারা, রামপ্রসাদকা-দুয়ারা ইত্যাদি।

## কামধেন্বী।

রামাৎ নিমাৎ প্রভৃতি হিন্দুস্থানী বৈষ্ণবেরা বিশেষ বিশেষ ভিক্ষা-বৃত্তি অবলম্বন করিয়া বিশেষ বিশেষ সম্প্রদায়-সংজ্ঞা ধারণ করে; যেমন কামধেন্বী, মটুকাধারী ইত্যাদি।

যাহারা কামধেনু নামে একরূপ ভিক্ষা-যন্ত্র স্কন্ধে করিয়া ভিক্ষার্থ পর্য্যটন করে, তাহাদেরই নাম কামধেন্বী। ঐ যন্ত্রটি এক গাছি বাঁক বই আর কিছুই নয়। ভারীরা যেরূপ বাঁকে ভার লইয়া যায়, তাহার ন্যায় ঐ কামধেনুরও দুই দিকে দুই গাছি শিক্য অর্থাৎ শিকা থাকে এবং সেই দুই শিকায় দুই খানি চাঙ্গারি রাখা হয়; তাহাতেই ভিক্ষা-সামগ্রী সকল সংগৃহীত হইয়া থাকে। ঐ শিকা লোহিত বর্ণ বস্ত্রে অর্থাৎ লাল খেরুয়াতে আবৃত। এক দিকের শিকায় গাভীর আকার ও অপর দিকের শিকায় হনূমানের মূর্ত্তি চিহ্নিত থাকে। কামধেন্বীরা এই কামধেনু যন্ত্র মন্ত্র-পূত করিয়া প্রতিষ্ঠা পূর্ব্বক প্রতিদিন দুই সন্ধ্যা তাহার পূজা ও আরতি করে।

ইহারা উক্তরূপ লাল খেরুয়াতে প্রস্তুত পরিধেয় বস্ত্র, আংরাখা ও টুপি ব্যবহার এবং কটি-দেশে ঘণ্টা বন্ধন পূর্ব্বক কামধেনু স্কন্ধে করিয়া ভিক্ষা করিতে যায়। কাহারও দ্বারস্থ হয় না; 'ধনুস্-ধারী রাম, ধনুস্-ধারী রাম' এই নাম উচ্চারণ পূর্ব্বক পথে পথে ভ্রমণ করে ও গৃহীরা সেই নাম শ্রবণমাত্র ঐ কামধেনু পাত্রে ভিক্ষা আনিয়া দেয়। ইহারা এইরূপে যাহা কিছু ভিক্ষা পায়, আলেখিয়া সন্ন্যাসীদের ন্যায় সমস্ত আনিয়া স্বসম্প্রদায়ী বৈষ্ণবদিগকে ভোজন করায়।

## মটুকাধারী।

যাহারা মটুকা অর্থাৎ বৃহৎ হণ্ডা স্কন্ধে করিয়া ভিক্ষা করে, তাহাদের নাম মটুকাধারী। কেবল সংযোগীরা অর্থাৎ হিন্দুস্থানী গৃহস্থ বৈষ্ণবেরাই মটুকা স্কন্ধে করিয়া ভিক্ষা-পর্য্যটন করে। কখন কোন ব্যক্তি একাকী ও কখন বা বহুব্যক্তি একত্র মিলিত হইয়া ঐ মটুকা পূর্ণ করিয়া

দেয়। এইরূপে এক স্থানেই তাহাদের ভিক্ষা-কার্য্য সম্পন্ন হয়; দ্বারে দ্বারে ভ্রমণ করা বিধেয় নয়।

## সংযোগী।

কেবল মটুকাধারী নয়, রামাৎ নিমাৎ প্রভৃতি চারি সম্প্রদায়-ভুক্ত হিন্দুস্থানী বৈরাগীর মধ্যে যাহারা দার-পরিগ্রহ পূর্ব্বক স্ত্রী-পুত্রাদি স্বজন-বর্গ লইয়া সংসারযাত্রা নির্ব্বাহ করে, তাহাদিগকেই সংযোগী বলে। ঐ সমস্ত সম্প্রদায়ের অপরাপর হিন্দুস্থানী বৈরাগীরা তাহাদিগকে ভ্রষ্টাচার বলিয়া ঘৃণা করে। এমন কি, তাহাদের সহিত সহবাসও করে না এবং পংক্তি ভোজনেও উপবিষ্ট হয় না। শ্রী-সম্প্রদায়ী আচারী ব্রাহ্মণেরা ও বল্লভাচারী সম্প্রদায়ী গোস্বামীরা বংশ-পরম্পরাক্রমে আবহমানকাল গৃহাশ্রমী। অতএব তাহারা সংযোগীদের মধ্যে পরিগণিত নয়।

## চার্ সম্প্রদায়কা ভাঁট।

দশনামী ভাঁটের ন্যায় এক রূপ ভাঁটেরা রামানুজ প্রভৃতি প্রধান চারি সম্প্রদায়ের শিষ্য-প্রণালী প্রভৃতির বিবরণ লিখিয়া রাখে এবং প্রয়োজন অনুসারে তাহা কীর্ত্তন করিয়া থাকে। তাহারা আপনাদিগকে 'চার্ সম্প্রদায়কা ভাঁট' বলিয়া পরিচয় প্রদান করে। তাহারা বৈরাগী ও অবৈরাগী অনেকের নিকট গমন পূর্ব্বক স্তুতি পাঠ, যশো-বর্ণন ও শিষ্য-প্রণালী আবৃত্তি করিয়া ভিক্ষা করে। তাহারা যাহা কীর্ত্তন করে, তাহাকে কবিৎ বলে। তাহারা বিষ্ণূপাসক।

এই পুস্তকের প্রথম ভাগে যে সমস্ত বাঙ্গালাদেশীয় বৈষ্ণব-সম্প্রদায়ের বিবরণ করা হইয়াছে, তদতিরিক্ত এদেশীয় অপর কতকগুলি বৈষ্ণব-দল বিদ্যমান আছে। এস্থলে অতি সংক্ষেপে তাহাদের প্রসঙ্গ করিতে হইতেছে।

## মহাপুরুষীয় ধর্ম্ম-সম্প্রদায়।

এই সম্প্রদায় শঙ্করদেব নামক মহাপুরুষ কর্ত্তৃক প্রবর্ত্তিত হয় এই নিমিত্ত ইহার নাম মহাপুরুষীয় ধর্ম্ম। তিনি ১৩৭০ তের শত সত্তর শকে আসাম প্রদেশের অন্তর্গত আলিপুখুরি গ্রামে শিরোমণি ভূঁয়াকুসুমবর নামক কায়স্থের গৃহে জন্ম গ্রহণ করেন। শুনিতে পাওয়া যায়, তাঁহার পিতা ভারতবর্ষের পশ্চিম উত্তর প্রদেশীয় লোক। এরূপ প্রবাদ আছে যে, তিনি বাল্যকালে সংস্কৃত শাস্ত্র শিক্ষা করিয়া পশ্চাৎ তীর্থ-পর্য্যটনে প্রবৃত্ত হন, কাশী, উৎকল, বৃন্দাবন প্রভৃতি নানাদেশ পরিভ্রমণ পূর্ব্বক নবদ্বীপে চৈতন্যের নিকট বৈষ্ণব-ধর্ম্মে দীক্ষিত হইয়া হরিনাম গ্রহণ

করেন এবং তদনন্তর গৃহে প্রত্যাগত হইয়া আসাম প্রদেশে এই ধর্ম্ম প্রচার করিয়া যান। এখন ঐ প্রদেশীয় ইতর ভদ্র অনেক লোকই এই ধর্ম্ম অবলম্বন করিয়া চলে।

শুনিতে পাই, শঙ্কর দেব সাকার দেবতার উপাসক ছিলেন না; প্রতিমা-পূজার, এমন কি প্রতিমা-দর্শনেরও, বিরোধী ছিলেন। তিনি বলিয়া গিয়াছেন, "অন্য দেবী দেব, না করিও সেব, না খাইবা প্রসাদ তার। গৃহে না পশিবা, মুক্তিকো না চাহিবা, ভক্তি হবে ব্যভিচার।" তিনি জাতি-নির্ব্বিশেষে সকলকেই শিষ্য করিতেন। একটি মোসলমান্কে শিষ্য করিয়া "জয় হরিনাম" মন্ত্র প্রদান করেন। আর বলাই নামে এক মিকিরকে ও গোবর্দ্ধন নামে এক নাগা-জাতীয়কে নিজ ধর্ম্মে দীক্ষিত করেন। কোচবেহারেরও অনেক লোক তাঁহার মতের অনুবর্ত্তী। শঙ্কর দেবের প্রধান শিষ্যের নাম মাধব দেব। তিনি এবং শঙ্কর দেবের পুরুষোত্তম দামোদর প্রভৃতি অন্য অন্য প্রিয় শিষ্যেরা ধর্ম্ম-প্রচার-বিষয়ে অনুরক্ত ছিলেন। মহাপুরুষীয় শূদ্র মোহন্তেও ব্রাহ্মণকে মন্ত্রোপদেশ প্রদান করে।

শঙ্কর দেবের দুইটি প্রধান সত্র অর্থাৎ আখ্ড়া আছে। নওগাঁও জিলার অন্তর্গত বড়দওয়া গ্রামে একটি এবং গোহাটী জিলার অন্তঃপাতী বড়পেটা গ্রামে অপর একটি। উভয় সত্রে প্রকাণ্ড প্রকাণ্ড নামঘর ভাওনাঘর * ইত্যাদি আছে। নামঘরে প্রতিদিন প্রাতে, মধ্যাহ্নে, অপরাহ্নে এবং রাত্রিকালে ত্রিশ—চল্লিশ ও কখন কখন শত শত লোক একত্র নাম-কীর্ত্তনাদি করে। তথায় মধ্যে মধ্যে ইহাদের সাম্প্রদায়িক গ্রন্থ-পাঠও হইয়া থাকে। অন্য অন্য বৈষ্ণব-দেবালয়ের ন্যায় নামঘরে বিগ্রহ-পূজা হয় না। কিন্তু শ্রীমদ্ভাগবত গ্রন্থ প্রতিষ্ঠিত থাকে; সকলে তৎসন্নিধানে উপবিষ্ট হইয়া রাম, কৃষ্ণ, হরি-নাম প্রভৃতি গান ও কীর্ত্তন করে। ইহাদের মধ্যে যাহারা সংসার-ত্যাগী, তাহাদের নাম কেবলিয়া ভক্ত। এই সত্রে ন্যূনাধিক দেড় শত এইরূপ ভক্ত অবস্থিতি করে। বড়পেটা সত্রেও অনেকগুলি কেবলিয়া ভক্ত বাস করিয়া প্রতিদিন চারি বার ভক্তি সহকারে নাম-কীর্ত্তন করিয়া থাকে। এই সত্রে স্ত্রীলোকও আছে। কিন্তু তাহারা কীর্ত্তনাদির সময়ে পুরুষদের সহিত একত্র মিলিত না হইয়া বাহিরে অবস্থিতি করে। এই সত্রে শঙ্কর দেবের ও তাঁহার

---

* সাধারণ লোকে আমোদ-প্রমোদে অনুরক্ত। এই নিমিত্ত শঙ্কর দেব এরূপ কৌশলে একরূপ নাটক প্রস্তুত করেন যে, তাহা শ্রবণ করিলে আমোদও জন্মে ও সেই সঙ্গে ধর্ম্মের প্রতিও অনুরাগ-সঞ্চার হয়। তাহারই নাম ভাওনা।

প্রিয়তম শিষ্য মাধব দেবের সমাধি আছে। অন্য অন্য অনেক গ্রামেও নামঘর আছে, কিন্তু তথায় তাদৃশ ধর্ম্মোৎসাহের লক্ষণ দেখিতে পাওয়া যায় না। কখন কখন লোকে তথায় পূর্ব্ব-কৃত মানসিক বা বিশেষ কোন সঙ্কল্প নিবন্ধন নাম-কীর্ত্তনাদি করিয়া থাকে।

শঙ্কর সাকারবাদী ছিলেন না। অতএব তাঁহার সম্প্রদায়ীরাও সাকার-উপাসক নয় এরূপ যেন কেহ মনে না করেন। ইহারা শঙ্কর দেবকে দেবাবতার বলিয়া স্বীকার করে। সত্রে এক এক খণ্ড প্রস্তরে শঙ্কর দেবের চরণ-চিহ্ন অঙ্কিত আছে, তাহার প্রতি সাতিশয় ভক্তি শ্রদ্ধা প্রকাশ করে এবং বিগ্রহ-পূজার ন্যায় তাঁহার বংশাবলী নামক চরিত-গ্রন্থের পূজা করিয়া থাকে। পূর্ব্বে লিখিত হইয়াছে, ইহাদের মতে, দেব-প্রতিমাদির দর্শন-অর্চ্চনাদি নিষিদ্ধ। কিন্তু বিষ্ণু-বিগ্রহ বিষয়ে সেরূপ প্রতিষেধ দেখিতে পাওয়া যায় না। অনেক মহাপুরুষীয় গৃহস্থের বাটিতে দোল-দুর্গোৎসবাদিও হইয়া থাকে।

শঙ্কর দেব সাধুভাষা ও ব্রজভাষা-মিশ্রিত আসাম-দেশীয় ভাষায় কীর্ত্তন, লীলামালা, ভাগবতাদি পুস্তক রচনা, সঙ্কলন ও অনুবাদ করেন। পূর্ব্বোল্লিখিত বড়দওয়া সত্রে একটি পুরাতন হরিতকী বৃক্ষ আছে, তথাকার লোকেরা বলে, তিনি প্রতিদিন সেই বৃক্ষ-মূলে বসিয়া গ্রন্থ রচনা করিতেন। তদীয় শিষ্য মাধব দেব নামঘোষা রত্নাবলী প্রভৃতি কতকগুলি পুস্তক লিখিয়া যান। অনেকে বলে, নামঘোষার প্রথমাংশ শঙ্কর দেবের সঙ্কলিত। তাঁহার মৃত্যু হইলে, মাধব দেব সেই গ্রন্থ সম্পূর্ণ করেন। নামঘোষার বচন সকল সঙ্গীতের ন্যায় অনেকে গান করে। এই পুস্তকের প্রথমাংশে অন্য অন্য গ্রন্থ হইতে উদ্ধৃত কতকগুলি সংস্কৃত বচন বিদ্যমান আছে। ইহাতে হরিনামের অপার মহিমা পরিকীর্ত্তিত হইয়াছে।

> নহি দুর্দিনং মন্যে মেঘাচ্ছন্নং ন দুর্দিনম্।
> যদ্দিনং হরিসংলাপকথাপীযূষবর্জ্জিতম্॥
>
> নামঘোষা।

"যে দিন হরিনামামৃত-বর্জ্জিত, সেই দিনই দুর্দ্দিন; মেঘাচ্ছন্ন দিন দুর্দ্দিন নয়।"*

---

* ১৭৯৭ শকের ১লা ও ১৬ই আষাঢ় এবং ১৮০১ শকের ১৬ই জ্যৈষ্ঠের ধর্ম্মতত্ত্বে এবিষয়ের বিবরণ প্রকাশিত হয়।

## জগন্মোহনী-সম্প্রদায়।

রামকৃষ্ণ গোঁসাই নামে এক ব্যক্তি এই সম্প্রদায় প্রবর্ত্তিত করেন। তিনি মোসলমানদের রাজ্যাধিকার-সময়ে বিদ্যমান ছিলেন এইরূপ প্রবাদ আছে। এই সম্প্রদায়ীরা বলিয়া থাকে, তাঁহার বহু পূর্ব্বে জগন্মোহন গোঁসাই এই ধর্ম্মের সূত্রপাত করিয়া যান এই নিমিত্ত এই সম্প্রদায়ের নাম জগন্মোহনী। এইরূপ প্রবাদ আছে যে, তিনি উৎকলের একটি রামানন্দী বৈষ্ণবের নিকট উপদেশ গ্রহণ করিয়া ভেক ধারণ করেন। জগন্মোহনের শিষ্য গোবিন্দ গোসাঁই, গোবিন্দের শিষ্য শান্ত গোসাঁই এবং সেই শান্তের শিষ্য রামকৃষ্ণ গোসাঁই।

রামকৃষ্ণের সময়েই এই মত সমধিক প্রচলিত হয়। জগন্মোহনী-সম্প্রদায়ীরা বলেন, এক্ষণে ন্যূনাধিক ৫০০০০ পঞ্চাশ সহস্র লোক এই সম্প্রদায়ে সন্নিবিষ্ট আছে। ইহারা নির্গুণ-উপাসক; কোন সাকার দেবতার অর্চ্চনা করে না। কিন্তু গুরুকেই সাক্ষাৎ পরমেশ্বর বলিয়া অঙ্গীকার করে। তিনি মূর্ত্তিমান্ ঈশ্বর এবং তিনিই শিষ্যগণের ত্রাণ-কর্ত্তা। ইহারা দীক্ষা-কালে "গুরুসত্য" এই বাক্য উচ্চারণ পূর্ব্বক গুরুকেই প্রত্যক্ষ পরম দেবতা বলিয়া স্বীকার ও বিশ্বাস করে এবং তাঁহার নিকট হইতে ব্রহ্মনাম গ্রহণ পূর্ব্বক তদীয় উপাসনা অবলম্বন করিয়া থাকে।

ইহারাও অন্যান্য অনেক উপাসক-সম্প্রদায়ের ন্যায় দুই ভাগে বিভক্ত; গৃহী ও উদাসীন। গৃহস্থের ভাগ অধিক বোধ হয়।

বাঙ্গলা দেশের পূর্ব্বখণ্ডে নানা স্থানে ইহাদের অনেকগুলি আখড়া বিদ্যমান আছে। শিষ্যদের কোন অভীষ্ট সিদ্ধ হইলে, তাহারা পূর্ব্ব-প্রতিশ্রুত মানসিক অনুযায়ী ভোগাদি প্রদান করে; ইহাতেই ঐ সকল আখড়ার ব্যয় নির্ব্বাহ হইয়া যায়। ইহাদের কোন সাম্প্রদায়িক গ্রন্থ নাই; ধর্ম্ম-সঙ্গীতই প্রধান অবলম্বন। সেই সঙ্গীতের নাম নির্ব্বাণ-সঙ্গীত। এ স্থলে আদর্শ স্বরূপ দুই একটি প্রদর্শিত হইতেছে।

### নির্ব্বাণ-সঙ্গীত।

রাগিণী—সারঙ্গ।

সাধুরে ভাই, পূর্ণব্রহ্ম গুরু কেমন ভাবে পাই।
ছাড়িয়া সকল মায়া, প্রভুর পদে লও ছায়া,
অন্তকালে আর লক্ষ্য নাই।
অবিনাশে কর মন, বুদ্ধি কর স্থিতি।

হেলায় তরিবা ভব, পাইবা মুক্তি।
হীন রামদাসে বলে, আমি হেলায় বড় হীন,
কৃপা করি রাখ পদে না বাসিও ভিন।

রাগিণী—আহিরী।

ভজ হে পরম ব্রহ্ম থাকিবা আনন্দে।
কিসের কারণ ভাই লাগি রইলা ধন্দে।
আপনার প্রাণ পুনঃ নহে আপনার।
পিতা মাতা সুত কান্তা কি মতে তোমার।
পূর্ব্বে না ছিল কেহ না থাকিবে পাছে।
মিছা মায়া সংসারে ভ্রমেতে ভুলিয়া আছে।
শুকদেব নারদ প্রহ্লাদ সনাতন।
বিচার করয় তারা যত মুনিগণ।
সর্ব্ব বেদ সর্ব্ব শাস্ত্রে করেছে নির্ণয়।
গুরু বিনে তরাইতে কেহ না পারয়।
ধর্ম্ম পরে সহায় নাহিক কোন জন।
সেই সে খণ্ডাইতে পারে ভবের বন্ধন।
বৈরাগ্যের পর ধর্ম্ম নাহি কদাচিত।
বলে গোবিন্দদাস সেই ভাব বঞ্চিত। *

## হরিবোলা।

হরিনাম এই সম্প্রদায়ের প্রধান অবলম্বন। হরিনাম গান ও কীর্ত্তন করাই ইহাদের প্রধান ধর্ম্মানুষ্ঠান এই নিমিত্ত ইহাদিগকে হরিবোলা বলে।

---

* বাঙ্গলা দেশের পূর্ব্বখণ্ডে বিথঙ্গল নামক স্থানে এই সম্প্রদায়ের প্রধান আখড়া বিদ্যমান আছে। তথাকার মোহন্ত, শ্রীযুত বাবু বজচন্দ্র রায়ের অনুরোধ ক্রমে যেরূপ বিবরণ পাঠাইয়া দেন, তাহাই অবলম্বন করিয়া এবিষয়টি লিখিত হইল।

ইহাদের জপমালা নাই; মনে মনেই হরিনাম জপ করিতে হয়। গুরুই ইহাদের দেবতা-স্বরূপ। গুরুকে অহরহ নেহার অর্থাৎ বিশেষরূপে স্মরণ করা শিষ্যের পক্ষে অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। ইহারা নিজ গুরুর অবয়বকে হরির অবয়ব জ্ঞান করিয়া ভজনা করে এবং যে সময়ে হউক, স্বসম্প্রদায়ী অনেকে একত্র উপবিষ্ট হইয়া হরিনাম সংকীর্ত্তন করিয়া থাকে।

হরিবোলাদের কোন সাম্প্রদায়িক গ্রন্থ নাই; গানই শ্রেষ্ঠ অবলম্বন। তাহা শুনিলেই ইহাদের মতের পরিচয় প্রাপ্ত হওয়া যায়। এস্থলে দুই একটি সঙ্গীত লিখিত হইতেছে।

গান।

কর হরিনাম গান।
আমার যাবে ভব-ভয়, শুন ওরে মন,
জেনে শুনে না হইল চেতন।
হরিনামের মরম জেনে, শিব জপেন আপন মনে,
পঞ্চমুখে করেন সাধন।
তার সাক্ষী দেখ, জগাই মাধাই গেল বৃন্দাবন।
পঞ্চ পাপের পাপী হইলে, মুক্তি পায় সে হরি বলে,
এমনি প্রভু অধম-তারণ।
তার সাক্ষী দেখ জগাই মাধাই গেল বৃন্দাবন।
ওরে আমার মন, বলি কথা শোন,
হরির নামে কর দিন গুজারণ।
অন্য চিন্তা ছাড়, গুরু চিন্তা কর,
ঐ পদে মন রাখ সর্ব্বক্ষণ।

স্থানে স্থানে ইহাদের আখ্‌ড়া-বাড়ি আছে। কৃষ্ণ হরির অংশ এই সংস্কারানুসারে, আখ্‌ড়ায় কৃষ্ণের অথবা রাধা-কৃষ্ণ যুগল-রূপের বিগ্রহ স্থাপিত হয়। ইহারা ঐ বিগ্রহকে দিবা-ভাগে অন্নভোগ ও সায়ং-কালে শীতল দেয়, দিয়া, উপস্থিত হরিবোলা সকলকে সেই সকল প্রসাদ-সামগ্রী ভোজন করায় এবং সন্ধ্যার পরে তথায় বৈঠক করিয়া হরিনাম উচ্চারণ ও তাঁহার গুণ-গান ও মহিমা-কীর্ত্তন করিয়া থাকে। কোন কোন আখ্‌ড়ায় বিগ্রহ থাকে না।

রাঢ় ও বঙ্গ উভয় প্রদেশেই এই সম্প্রদায়ী অনেক লোক আছে। ইহাদের মধ্যে গৃহীই অধিক বোধ হয়, কিন্তু উদাসীনও দেখিতে পাওয়া যায়। উভয়েই গুরুত্ব-পদ-গ্রহণে অধিকারী। গুরুকে গোসাঁইও বলে। ইহারা অন্য অন্য বৈষ্ণবের ন্যায় ভেকও লয় না; ডোর-কপীনও ধারণ করেনা। কিন্তু গৌড়-বৈষ্ণবদের মত কণ্ঠী ধারণ করিয়া থাকে।

ইদানী এদেশে যে হরিরলুট প্রচলিত হইয়াছে, ইহারাই তাহা প্রবর্ত্তিত করে। তুলসী-তলায় মোয়া, বাতাসা, নবাত প্রভৃতি মিষ্টান্ন-সামগ্রী শ্রীহরিকে নিবেদন করিয়া ভূমি-তলে নিক্ষেপ করা হয়; উপস্থিত ব্যক্তিরা ও বিশেষতঃ বালকগণ তাহা সত্বর গ্রহণ করিয়া ভক্ষণ করে। ইহাকেই হরিরলুট বলে। বিবাহাদি শুভ কর্ম্ম উপস্থিত বা রোগ-শান্তি বিপদোদ্ধার প্রভৃতির উদ্দেশে পূর্ব্বকৃত মানসিক সুসিদ্ধ হইলে, হরির-লুট দেওয়া হয়। ইহারা বাঙ্গলা-দেশীয় অনেকগুলি গৃহস্থের মধ্যে একটি গুরুতর বিষয়ের পরিবর্ত্তন করিয়া স্ত্রীজাতির হিত-সাধন ও ক্লেশ-লাঘব করিয়াছে। এদেশে প্রসব-কালে প্রসূতির যে সেক-তাপ দিবার ব্যবস্থা আছে, ইহারা স্বসম্প্রদায়ের মধ্যে তাহা রহিত করিয়া দিয়াছে। সন্তান ভূমিষ্ঠ হইলে, তাহাকে ও তদীয় গর্ভধারিণীকে স্নান করায় এবং তুলসী-তলের মৃত্তিকা লইয়া সন্তানের গাত্রে লেপন করে ও প্রসূতিকে ভক্ষণ করাইয়া অন্নব্যঞ্জন ভোজন করিতে দেয়। প্রসব হইলেই হরির-লুট দেওয়া আবশ্যক। একুশ দিন পর্য্যন্ত যাহার যেরূপ সাধ্য, সে সেই-রূপ দিয়া থাকে। প্রসবান্তের উল্লিখিতরূপ ব্যবহার ও হরিরলুট অন্য অন্য সম্প্রদায়েও প্রচলিত হইয়াছে। বুদ্ধি-বিদ্যাতে যাহা সাধন করিতে না পারে, অনেক স্থলে দেব-ভক্তিতে তাহা অক্লেশেই করিয়া দেয়। *

---

* মারাণ্-ফকির নামে একরূপ মোসল্মান্ ফকিরেরা স্থানে স্থানে পরি-ভ্রমণ পূর্ব্বক বন্ধ্যা স্ত্রীলোককে ঔষধ প্রদান করে। সেই ঔষধ সেবন করিয়া যদি সন্তান হয়, তাহা হইলে গৃহের অঙ্গনে একটি চৌবাচ্চা খনন করাইয়া, প্রসবান্তে তথায় প্রসূতি ও সন্তানকে স্নান করান হয়। হইলে, প্রসূতি মারাণ্ নামক পীরকে সিন্নি নিবেদন পূর্ব্বক সেই প্রসাদ ও পর্য্যুষিত অন্ন ভক্ষণ করে। আর তাপ-সেক কিছুই লইতে হয় না। এদেশীয় লোকের পক্ষে এটিও একটি সামান্য বিস্ময়জনক কার্য্য নয়। শুনিতে পাই, বাঙ্গলা দেশের দক্ষিণ খণ্ডে মারাণ্গড় নামক স্থানে মারাণ্ পীর নামক এক পীরের স্থান আছে, তথাকার ফকিরেরাই মারাণ্ ফকির বলিয়া প্রসিদ্ধ।

বিবাহ শ্রাদ্ধাদি সংস্কার বিষয়ে এই সম্প্রদায়ভুক্ত যে জাতির যেরূপ প্রথা আছে, সেইরূপই হইয়া থাকে। অতিরিক্ত কেবল হরিরলুট দেওয়া হয়। ঐ সমস্ত উপস্থিত কর্ম্মে প্রবৃত্ত হইবার পূর্ব্বে, ইহারা হরিরলুটের জন্য অর্থ-সঞ্চয় করিয়া রাখে। মুমূর্ষু ব্যক্তি আপনার অন্ত্যেষ্টি-ক্রিয়ার ব্যবস্থা যেরূপ বলিয়া যায়, তাহার দেহ-সৎকার সেইরূপ সম্পন্ন হইয়া থাকে। কাহার শব মৃত্তিকাতে খনন ও কাহারও বা জলে নিক্ষেপ বা অগ্নিতে দাহ করা হয়। বাঙ্গলা দেশের রাঢ় ও বঙ্গ উভয় প্রদেশেই এই সম্প্রদায়ের মত প্রচলিত আছে। সাতক্ষীরে, যশোর, খণ্ডঘোষ, জৌগাঁ প্রভৃতি নানা স্থানের অনেক লোক এই মতাবলম্বী। ইতিপূর্ব্বে বরাহনগরে গোলোকচাঁদ গোসাঁইয়ের আখ্‌ড়া ছিল, তাহাতে বিগ্রহ-প্রতিষ্ঠা ছিল না। এক্ষণে ঐ গ্রামে প্রেমচাঁদ গোসাঁইয়ের আখ্‌ড়া আছে।

## রাতভিকারী।

বাঙ্গলা-দেশীয় কতকগুলি বৈষ্ণব রাত্রি-কালে অর্থাৎ সায়ংকাল হইতে রাত্রি একপ্রহর পর্য্যন্ত ভিক্ষা করিয়া দিনপাত করে; তাহাদেরই নাম রাতভিকারী। শুক্লপক্ষীয় পঞ্চমী তিথি হইতে পূর্ণিমা পর্য্যন্ত ঐ ভিক্ষার প্রশস্ত সময়। তাহারা কাহারও দ্বারস্থ হয় না; পথে পথে গান করিতে করিতে গমন করে এবং গৃহস্থেরা তাহাদিগকে আহ্বান পূর্ব্বক ভিক্ষাদান করিয়া থাকে। কখন কখন দুই তিন জন মিলিত হইয়া ভিক্ষা-পর্য্যটন করে। সঙ্গে অন্য একটি লোক ধামা ধরিয়া যায়; চাল কড়ি প্রভৃতি যাহা কিছু ভিক্ষা পায়, সেই ব্যক্তি সমস্ত সংগ্রহ করিয়া সেই ধামায় রাখিয়া দেয়।

"রাতভিকারীর ধামাধরা থাকে এক এক জন। হরিনাম বলে না মুখে, পিছে হোতে, চাল কড়ি কুড়াতে মন।"

কবি।

উল্লিখিত বৈষ্ণবেরা ভেক লইবার সময়েই এই বৃত্তি গ্রহণ করে। যে দিবস এই বৃত্তি অবলম্বন করে, সে দিবস সন্ধ্যার পর তিন গৃহ হইতে ভিক্ষা লাভ করা আবশ্যক। বাঙ্গলা দেশের নানাস্থানে ইহাদের অবস্থিতি আছে। উত্তরপাড়া, শ্রীরামপুর, বৈদ্যবাটি প্রভৃতির কতকগুলি রায়াৎও এই মতাবলম্বী। তাহারা গৃহস্থ এবং এটি তাহাদের কৌলিক বৃত্তি। তাহারা বলে, দিবা-ভিক্ষা নিষিদ্ধ।

## উৎকল-দেশীয় বৈষ্ণব।

উৎকলে আবার অন্যরূপ সংজ্ঞা-ধারী কতকগুলি বৈষ্ণব-সম্প্রদায় বিদ্যমান আছে; যেমন বিন্দুধারী, অতিবড়ী, কবিরাজী, নিহঙ্গ, কালিন্দী ইত্যাদি। তথায় শ্রীকৃষ্ণের অথবা তদীয় রূপান্তর-বিশেষের উপাসনাই সমধিক প্রচলিত। তত্রস্থ বৈষ্ণব-দেবালয় সমূহে কৃষ্ণ, রাধা, গোপাল, শালগ্রাম এই সমুদায় দেব-মূর্ত্তি প্রতিষ্ঠিত আছে। তিলক-সেবা অথবা ব্যবহার বা বৃত্তি-বিশেষের প্রভেদ প্রযুক্ত, নানা-প্রকার বৈষ্ণব হইয়া উঠিয়াছে। কি অতিবড়ী, কি বিন্দুধারী, কি অন্য সম্প্রদায়ী, জগন্নাথ অনেকেরই ইষ্টদেবতা এবং নিম্ন-লিখিত মহামন্ত্র অনেকেরই ইষ্টমন্ত্র।

"হরেকৃষ্ণ হরেকৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরেরাম হরেরাম রাম রাম হরে হরে ॥"

### বিন্দুধারী ও অতিবড়ী।

উৎকল দেশে বিন্দুধারী ও অতিবড়ী নামে দুই প্রকার বৈষ্ণব আছে। ঐ উভয়েই বিগ্রহ-সেবা, মচ্ছব-দান ও অপরাপর অনেক অংশে বাঙ্গলা-দেশীয় গৌড়-বৈষ্ণবদের ন্যায় ধর্ম্মানুষ্ঠান করে। তিলকসেবা বিষয়ে পরস্পর কিছু বিভিন্নতা থাকাতেই, ঐ দুইটি নাম উৎপন্ন হইয়াছে। বিন্দুধারীরা ললাট-দেশে ভ্রূযুগলের মধ্যস্থলের কিছু উপরিভাগে গোপীচন্দনের একটি ক্ষুদ্র বিন্দু ধারণ করে এই নিমিত্ত ইহাদের নাম বিন্দুধারী। অতিবড়ীরা নাসাগ্র হইতে কেশের নিকট পর্যান্ত ঊর্দ্ধপুণ্ড্র করিয়া থাকে। ইহারা ডোর-কপীন ধারণ করে, মঠ-ধারী ও স্থাপিত বিগ্রহের পূজারী হয় এবং গুরুত্ব-পদ গ্রহণ পূর্ব্বক কায়স্থাদি নানাবর্ণকে মন্ত্র-শিষ্য করিয়া থাকে। উৎকল-দেশীয় বৈষ্ণব-গণের মধ্যে ইহারা প্রধান বলিয়া পরিগণিত।

উৎকল-নিবাসী জগন্নাথ দাস নামে একটি বিরক্ত বৈষ্ণব এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। এইরূপ প্রবাদ আছে যে, তিলকসেবা বিষয়ে চৈতন্য-প্রভুর সহিত তাঁহার বাদানুবাদ হয়। তিনি প্রভুর মতে সম্মত হন নাই, এই নিমিত্ত উল্লিখিত প্রভু ক্রুদ্ধ হইয়া তাঁহাকে বলেন, তুমি অহঙ্কার-পরবশ হইয়া আমার মতের অন্যথাচরণ করিতেছ; তুমি অতিবড় লোক; আমি তোমাকে পরিত্যাগ করিলাম। তদবধি ঐ জগন্নাথ দাস ও তাঁহার মতাবলম্বী বৈষ্ণব দল অতিবড়ী বলিয়া প্রসিদ্ধ হন। তিনি উৎকল-ভাষায় শ্রীভাগবত অনুবাদ করেন।

বিন্দুধারীদের মধ্যে ব্রাহ্মণ, খণ্ডেত, কর্ম্মকার প্রভৃতি অনেক জাতি

বিনিবিষ্ট আছে। এই সম্প্রদায়ে শূদ্র-জাতীয়েরা ভেক লইয়া ডোর-কৌপীন ধারণ করে; তদনন্তর তীর্থ-ভ্রমণে প্রবৃত্ত হইয়া নবদ্বীপ বৃন্দাবন প্রভৃতি নানা তীর্থ পর্য্যটন করে; করিলে পর, প্রকৃতরূপ বৈষ্ণবত্ব-পদ প্রাপ্ত হইয়া দেবতা-পূজা ও মন্ত্রোপদেশ-প্রদানে অধিকারী হয়। ব্রাহ্মণ বিন্দুধারীদের ব্যবহার কিছু ভিন্ন। তাহাদের উক্ত রূপ তীর্থ-ভ্রমণাদি করা তাদৃশ আবশ্যক নয়। খণ্ডেত প্রভৃতি শূদ্র বিন্দুধারীরা ব্রাহ্মণ শূদ্র নানা জাতিকে শিষ্য করে।

এই উভয় সম্প্রদায়ীদের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু ঘটিলে, ইহারা তাহার শব দাহ করে এবং সেই দাহ-স্থানে একটি মৃত্তিকার বেদি প্রস্তুত করিয়া তাহার উপর তুলসী-বৃক্ষ রোপণ করে। মৃত্যু-দিবসে শবের নিকট অন্ন রন্ধন করিয়া দেয় এবং বেদি প্রস্তুত হইলে তাহার নিকট এক-খানি পাখা ও একটি ছত্র প্রদান করিয়া থাকে। নয় দিবস অশৌচ পালন করিয়া দশম দিবসে তাহার আদ্যশ্রাদ্ধের অনুষ্ঠান করে এবং তদুপলক্ষে স্বসম্প্রদায়ী বৈষ্ণবদিগকে নিমন্ত্রণ করিয়া মচ্ছব দিয়া থাকে। যদি কোন প্রাচীন প্রবীণ ব্যক্তির প্রাণ-বিয়োগ হয়, তাহা হইলে, উল্লিখিতরূপ দেহ-সংকার সম্পাদন করিয়া তাহার অস্থি আনয়ন পূর্ব্বক আপনাদের বাস্তু বা উদ্‌বাস্তু ভূমিতে সমাধি দেয় এবং প্রতিদিন দিবা-ভাগে পুষ্প চন্দন দ্বারা তাহার অর্চ্চনা করে ও সন্ধ্যাকালে তথায় সন্ধ্যা দিয়া থাকে।

উল্লিখিত উভয় সম্প্রদায়ীরা নিজ সম্প্রদায় ভিন্ন অন্য সম্প্রদায়ের পঙ্গতে অন্ন ভোজন করে না। এমন কি এক-সম্প্রদায়ী ভিন্ন ভিন্ন জাতীয় ব্যক্তিরা এক পঙ্গতে একত্র ভোজন করিলেও, প্রত্যেক জাতিতে স্বতন্ত্র স্বতন্ত্র শ্রেণী করিয়া উপবিষ্ট হয়।

## কবিরাজী।

উৎকলের মধ্যে স্থানে স্থানে কবিরাজী নামে একপ্রকার বৈষ্ণব বাস করিয়া থাকে। রূপ কবিরাজ এই সম্প্রদায়ের প্রবর্ত্তক বলিয়া প্রবাদ আছে। তিনি একটি কবি ছিলেন। গুরু তাঁহাকে শঙ্খ-ধারিণী স্ত্রীলো-কের হস্তে ভোজন করিতে নিষেধ করেন, এই নিমিত্ত তিনি শঙ্খ-ধারিণী গুরু-পত্নীর প্রদত্ত অন্নব্যঞ্জন ভক্ষণ করেন নাই। গুরু এই কথা শ্রবণ মাত্র ক্রোধান্ধ হইয়া তাঁহার তিন কণ্ঠি মালার মধ্যে দুই কণ্ঠি ছিন্ন করিয়া দেন। কবিরাজ সেই এক কণ্ঠি লইয়া প্রস্থান করেন। তাঁহা-রই মতানুবর্ত্তী বৈষ্ণবেরা কবিরাজী বলিয়া বিখ্যাত হয়। তাহারা

অন্য অন্য বৈষ্ণব-দলে ব্যবহৃত ত্রিকণ্ঠী মালার পরিবর্ত্তে গল-দেশে এক-কণ্ঠী মালা ধারণ করিয়া রাখে। তাহারা সদাচার-পরায়ণ; অন্য কাহার পাক করা অন্ন ভোজন করে না। গৃহস্থ ও উদাসীন নানা-জাতীয় লোক তাহাদের মধ্যে সন্নিবিষ্ট আছে। গৃহস্থেরা অপেক্ষা-কৃত সমাজ-নিন্দিত। অনেকে বলে এ প্রদেশে তাহাদেরই নাম স্পষ্টদায়ক।

## সংকুলী ও অনন্তকুলী।

উৎকলে সংকুলী ও অনন্তকুলী নামে দুইপ্রকার গৃহস্থ বৈষ্ণব আছে। ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য প্রভৃতি নানাজাতীয় বৈষ্ণব এই উভয়ের মধ্যে সন্নিবিষ্ট দেখা যায়। সংকুলীরা কেবল স্বজাতীয় স্ত্রীলোকেরই পাণি-গ্রহণ করে; অন্য জাতিতে তাহাদের আদান প্রদান প্রচলিত নাই। মচ্ছব * উপস্থিত হইলে, যদিও সকলে একত্র ভোজন করে, কিন্তু প্রত্যেক জাতীয়েরা ভিন্ন ভিন্ন শ্রেণী হইয়া উপবিষ্ট হয়। অনন্তকুলী-দের ব্যবহার ইহার সম্পূর্ণ বিপরীত। তাহারা নানাজাতীয় বৈষ্ণব-গৃহে দার পরিগ্রহ করে এবং সকল জাতিতে একত্র এক পঙ্ক্তিতে উপ-বিষ্ট হইয়া ভোজন করিয়া থাকে।

## যোগী, গিরি ও গুরুবাসী বৈষ্ণব।

গিরি পুরি প্রভৃতি দশনামী সন্ন্যাসীর অন্তর্গত কতকগুলি লোক বৈষ্ণব-ধর্ম্ম অবলম্বন করে; যশোহর জেলার অন্তর্গত স্থান-বিশেষে তাহাদেরই কতক ব্যক্তি যোগী বৈষ্ণব বলিয়া প্রসিদ্ধ আছে। এইরূপ একটি প্রবাদ প্রচলিত আছে যে, চৈতন্য প্রভু কোন সময়ে কাশীধামের ঈশ্বরেন্দ্র পুরির নিকট উপস্থিত হইয়া বলেন, আমি স্বপ্নে একটি মন্ত্র পাইয়াছি, শ্রবণ কর। পুরি সেই মন্ত্র শ্রবণমাত্র প্রেমাভি-ষিক্ত হইয়া বৈষ্ণব-ধর্ম্ম গ্রহণ করেন এবং তদীয় গুরু মাধবেন্দ্র পুরিও শিষ্য-সন্নিধানে উক্ত মন্ত্র প্রাপ্ত হইয়া বৈষ্ণব-ধর্ম্মে দীক্ষিত হন। এইরূপে ক্রমে ক্রমে দশনামী সন্ন্যাসী অনেকে বৈষ্ণব-সম্প্রদায়ে সন্নিবিষ্ট হয়। ইহারা উদাসীন; দার পরিগ্রহ করে না। অনেকে বলে, এই নিমিত্ত ইহারাই যোগী ও গিরি বৈষ্ণব বলিয়া খ্যাত হইয়াছে †। উৎকলেরও

---

* বৈষ্ণব-সম্প্রদায়ে ব্যবহৃত মচ্ছব শব্দটি সংস্কৃত মহোৎসব শব্দের রূপান্তর বোধ হয়।

† বিবিধ-শাস্ত্র-বিশারদ শ্রীযুত কাশীনাথ শাস্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্ব্বক এই বিষয়টি যেরূপ সংগ্রহ করিয়া পাঠাইয়াছেন, সেইরূপ লিখিত হইল।

স্থানে স্থানে যোগী ও গিরি নামে দুইপ্রকার বৈষ্ণব আছে। এই উভয়েই গৃহস্থ; স্ত্রীপুত্রাদি স্বজনবর্গ লইয়া বসতি করে। যোগী বৈষ্ণবেরা দুঃখী লোক; ভিক্ষা করিয়া দিন-পাত করে। তাহারা অলাবু-পাত্রে তণ্ডু-লাদি ভিক্ষা-দ্রব্য গ্রহণ করিয়া থাকে। গিরি বৈষ্ণবেরা কৃষি-কার্য্য এবং শিষ্য সেবকদিগের নিকট দান গ্রহণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে। যোগীরা দুঃস্থ লোক, তথাচ অন্য অন্য বৈষ্ণবের ন্যায় তাহাদেরও স্বতন্ত্র মঠ ও মোহন্ত আছে। তাহারা সেই মোহন্তের নিকট মন্ত্রোপদেশ গ্রহণ করে।

উৎকল-দেশীয় অন্য একপ্রকার বৈষ্ণবের নাম গুরুবাসী। তাহারা গৃহস্থ। তাহাদের স্বতন্ত্র মঠ ও মোহন্ত আছে; সেই মোহন্তের নিকট মন্ত্রোপদেশ গ্রহণ করে এবং কৈবর্ত্ত, কৃষিজীবী, মালাকার প্রভৃতি নানা জাতীয় লোককে মন্ত্র শিষ্য করিয়া থাকে। সেই সমস্ত শিষ্য-সেবক ও কৃষি-কার্য্যাদি দ্বারা তাহাদের সংসার-নির্ব্বাহ হয়। তাহাদেরও পঙ্গত স্বতন্ত্র; অন্য বৈষ্ণবের সহিত পঁক্তি-ভোজন হয় না।

## ব্রাহ্মণ বৈষ্ণব, খণ্ডেত বৈষ্ণব, করণ বৈষ্ণব, গোপ বৈষ্ণব প্রভৃতি নানাজাতীয় বৈষ্ণব।

বাঙ্গলা-দেশীয় বৈষ্ণবের সহিত উৎকল-দেশীয় বৈষ্ণবদিগের এই একটি বিষয়ে প্রভেদ দেখিতে পাওয়া যায় যে, উৎকল-দেশীয় অনেক-রূপ বৈষ্ণবের মধ্যেই জাতি-ভেদ প্রচলিত আছে। এমন কি, কোন কোন জাতীয় বৈষ্ণব সেই সেই জাতীয় বৈষ্ণব বলিয়াই প্রসিদ্ধ রহি-য়াছে; যেমন ব্রাহ্মণ বৈষ্ণব, খণ্ডেত বৈষ্ণব, করণ বৈষ্ণব, সদ্গোপ বৈষ্ণব, কায়স্থ বৈষ্ণব, রজপুত বৈষ্ণব, বণিক্ বৈষ্ণব, গৌড় অর্থাৎ গোপ বৈষ্ণব ইত্যাদি। উৎকল দেশে খণ্ডেত নামে একটি জাতি আছে, তাহারা ক্ষত্রিয় জাতির প্রতিলোমজ জাতি-বিশেষ বলিয়া প্রসিদ্ধ। ঐ জাতীয় বৈষ্ণবের নাম খণ্ডেত বৈষ্ণব। ব্রাহ্মণ-কুলোদ্ভব যে সমস্ত ব্যক্তি বৈষ্ণব-ধর্ম্ম অবলম্বন করে, তাহারাই ব্রাহ্মণ বৈষ্ণব। তাহাদের মধ্যে কেহবা বৈষ্ণব-ধর্ম্ম গ্রহণ করিয়া যজ্ঞোপবীত রক্ষা করে এবং কেহবা উহা পরিত্যাগ পূর্ব্বক ভেক লইয়া থাকে। তাহারা ব্রাহ্মণ শূদ্র নানাজাতিকে শিষ্য করে। এইরূপ, করণ, কায়স্থ, গোপ, বণিক্, রজপুত প্রভৃতি নানাজাতীয় যে সমুদায় ব্যক্তি বৈষ্ণব-ধর্ম্ম অবলম্বন করে, তাহারাই সেই সেই জাতীয় বৈষ্ণব বলিয়া প্রচলিত আছে। তাহারা বিবাহ ও পঁক্তি-ভোজনে স্ব স্ব জাতি-মর্য্যাদা রক্ষা করিয়া চলে। একজাতীয় বৈষ্ণব

অন্যজাতীয় বৈষ্ণবের গৃহে বিবাহও করে না, অন্নও খায় না ও পংক্তি-ভোজনেও একত্র উপবিষ্ট হয় না *। তাহারা সকলেই ভেক লইয়া ডোর-কৌপীন ধারণ পূর্ব্বক বৈষ্ণব-ধর্ম্মে দীক্ষিত হয় ও সকলেই নানাজাতীয় লোককে শিষ্য করিয়া থাকে। পুরি ও কটক জেলায় এরূপ অনেক বৈষ্ণবের বসতি আছে। উল্লিখিত গৌড় বৈষ্ণবেরা কেবল গৌড় অর্থাৎ গোয়ালাদিগকে মন্ত্রোপদেশ প্রদান করে। যে সমস্ত উৎকল-দেশীয় গোপ-জাতীয় বেহারারা কলিকাতা অঞ্চলে যান-বহনাদি কর্ম্ম করে, তাহারা ঐ গৌড় বৈষ্ণবের শিষ্য।

গৌড় বৈষ্ণব ও তদীয় শিষ্যদিগের মধ্যে কাহার মৃত্যু ঘটিলে, তাহারা মৃত ব্যক্তির শব দাহ না করিয়া মৃত্তিকার মধ্যে সমাধি দেয়। অচ্যুতানন্দ গোস্বামী এই সম্প্রদায়ী একটি তেজীয়ান্ লোক ছিলেন; কটক জেলার অন্তর্গত নেম্বাড় গ্রামে তাঁহার সমাধি আছে। সেটি ইহাদের একটি তীর্থ-স্থান-বিশেষ। গোপ বৈষ্ণবেরা ও তদীয় শিষ্যগণ তথায় সাতিশয় ভক্তি শ্রদ্ধা সহকারে পূজা দেয়। প্রতিবর্ষে এক দিবস তথায় যাত অর্থাৎ মেলা হইয়া থাকে, তাহাতে বিস্তর লোকের সমাগম হয়।

বাঙ্গলা দেশের ন্যায় উৎকলেও ব্রাহ্মণ-বংশোদ্ভব গোস্বামী ও অধিকারী নামক বৈষ্ণব-গুরুর বসতি আছে; তাঁহারা শিষ্য সেবক রাখিয়া মন্ত্রোপদেশ প্রদান করেন; তাহাতেই তাঁহাদের জীবিকা-নির্ব্বাহ হয়।

## বিরকত, অভ্যাহত ও নিহঙ্গ্ বৈষ্ণব।

উৎকল-দেশীয় কতকগুলি লোক আপনাদিগকে বিরকত ও অভ্যাহত বলিয়া পরিচয় দেয়। এই দুইটি শব্দ বিরক্ত ও অভ্যাগত শব্দের রূপান্তর তাহার সন্দেহ নাই। ইহাদের সংজ্ঞা শুনিলে, ইহাদিগকে এক এক রূপ উদাসীন বলিয়া প্রতীতি জন্মে। উদাসীন বৈষ্ণবদের মধ্যে যাহারা বৈষ্ণব-মঠে অবস্থিতি করিয়া বিগ্রহ-সেবাদি কার্য্যে নিযুক্ত থাকে, তাহারাই বিরক্ত। আর যাহারা এক স্থানে অবস্থিত না হইয়া মঠে মঠে ও স্থানে স্থানে পরিভ্রমণ করে, তাহাদের নাম অভ্যাগত। এই দুইটি শব্দ অনভিজ্ঞ বৈষ্ণবগণ কর্ত্তৃক বিকৃত হইয়া বিরকত ও অভ্যাহত নাম প্রচলিত হইয়াছে।

নিহঙ্গ্ শব্দটি সংস্কৃত নিঃসঙ্গ শব্দের রূপান্তর তাহার সন্দেহ নাই। উৎকল-স্থিত উল্লিখিত নামধারী বৈষ্ণবেরা বিরক্ত অর্থাৎ উদাসীন। ইহারা মঠ প্রস্তুত করে, পূজারী দ্বারা বিগ্রহ-সেবা করায়, রাত্রিকালে মঠে বাস করে এবং দিবাভাগে মঠের ব্যয়-নির্ব্বাহার্থ ব্যক্তি-বিশেষের

* পূর্ব্ব-লিখিত অনন্তকুলী বৈষ্ণবেরা এবিষয়ের ব্যভিচার-স্থল।

নিকট অর্থ সংগ্রহ করিতে যায়; কিন্তু তণ্ডুলাদি মুষ্টি-ভিক্ষা করে না। ইহারা লোকের অতিমাত্র ভক্তি-ভাজন। নিহঙ্গ্ বৈষ্ণবের মৃত্যু হইলে, তাহার চেলারা অর্থাৎ অনুগত নিহঙ্গ্ শিষ্যেরা আপনাদিগের মঠেই তদীয় শব দাহ করিয়া একটি ইষ্টকময় বেদি নির্ম্মাণ করায় ও সেই বেদির উপর তুলসী-বৃক্ষ রোপণ করিয়া কয়েক দিন পর্য্যন্ত তাহাতে জল-সেচন করে। চেলা না থাকিলে, প্রতিবাসী ভদ্র লোকে ঐরূপ অন্ত্যেষ্টি ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকে।

## কালিন্দী ও চামার বৈষ্ণব।

উৎকলের মুচি, হাড়ি প্রভৃতি ইতর-জাতীয় বৈষ্ণবের নাম কালিন্দী বৈষ্ণব। ইহারা গৃহস্থ; ভেক লইয়া ডোর-কৌপীন ধারণ করে, তথাচ জাতি পরিত্যাগ করে না। ইহারা স্বজাতির গৃহেই পাণিগ্রহণ করে এবং নানা বিষয়েই স্বসম্প্রদায়-মধ্যে সর্ব্বতোভাবে বর্ণ-বিচার রক্ষা করিয়া চলে। বাঙ্গলা দেশে বর্ণ-ব্রাহ্মণেরা যেমন ইতর-জাতীয় লোকের পৌরহিত্যাদি করে, সেইরূপ, উৎকলের ঐ কালিন্দী বৈষ্ণবেরা হাড়ি মুচি প্রভৃতি অন্ত্যজ-জাতীয়দিগকে বিষ্ণু-মন্ত্র উপদেশ দেয়। কালিন্দী বৈষ্ণবেরা ও তদীয় শিষ্যেরা শব দাহ করে না; মৃত্তিকার মধ্যে খনন করে এবং নয় দিবস পর্য্যন্ত অশৌচ পালন করিয়া দশম দিবসে আদ্যকৃত্য সম্পাদন করিয়া থাকে।

চামার বৈষ্ণবেরা একরূপ স্বতন্ত্র বৈষ্ণব। তাহারা চামার-জাতীয়; চামারদিগকেই মন্ত্রোপদেশ প্রদান করে। কালিন্দীদের সহিত তাহাদের একত্র পঁক্তি-ভোজন হয় না। চামার বৈষ্ণবদিগেরও মোহন্ত আছে; তাহারা সেই মোহন্তের নিকট উপদিষ্ট হয়।

উৎকল-দেশীয় উল্লিখিত বৈষ্ণব-সম্প্রদায় সমুদায়ের পৃথক্ পৃথক্ মঠ ও মোহন্ত আছে। তদীয় দলস্থ বৈষ্ণবেরা তাহারই নিকট মন্ত্রোপদেশ গ্রহণ করে এবং আপনারা অন্য অন্য জাতীয় গৃহস্থ লোককে শিষ্য করিয়া থাকে। কালিন্দী বৈষ্ণব, গোপ বৈষ্ণব প্রভৃতি যে সমস্ত বৈষ্ণব-দলের শব সমাধি দিবার কথা লিখিত হইয়াছে, তদ্ভিন্ন অন্য অন্য দলস্থ বৈষ্ণবেরা অতিবড়ী ও বিন্দুধারীদের মত মৃত ব্যক্তির অন্ত্যেষ্টি-ক্রিয়া সম্পাদন করিয়া থাকে।

---

## হরিব্যাসী, রামপ্রসাদী, বড়্গল্, লস্করী ও চতুর্ভুজী।

তিলক-ভেদ প্রযুক্ত, উৎকলে যেমন অতিবড়ী ও বিন্দুধারী নামক বৈষ্ণব-দল উৎপন্ন হয়, সেইরূপ, হিন্দুস্থানে হরিব্যাসী, রামপ্রসাদী, বড়্গল্ প্রভৃতি বৈষ্ণব-সম্প্রদায় প্রবর্ত্তিত হইয়াছে। রামাৎ নিমাৎ প্রভৃতি বৈষ্ণব-সম্প্রদায়ী কোন কোন তেজীয়ান্ ব্যক্তি এক এক রূপ

তিলক প্রবর্ত্তিত করিয়া নিজ নিজ নামে এক একটি বৈষ্ণব-দল সংস্থাপন করেন ; যেমন হরিব্যাসী, রামপ্রসাদী, বড়্গল্ ইত্যাদি। নিমাৎ-সম্প্রদায়ী হরিব্যাসীরা অন্য অন্য সকল অংশেই রামানন্দীদের মত তিলক-সেবা করে ; বিশেষ এই যে, ললাটস্থ উর্দ্ধপুণ্ড্রের মধ্যস্থলে রক্তবর্ণ শ্রী * না করিয়া ভ্রূযুগলের মধ্যস্থলে শ্যামবিন্দি নামক কৃষ্ণবর্ণ মৃত্তিকা দ্বারা একটি ক্ষুদ্র বিন্দু করে। শ্যামবিন্দির অসংস্থান হইলে, গোপীচন্দন দ্বারা শুভ্রবর্ণ বিন্দু করিয়া থাকে। রামানন্দীরা ভ্রূযুগলের নিম্নস্থলে ও নাসিকার উর্দ্ধভাগে গোপীচন্দন লেপন করিয়া যে অর্দ্ধগোলাকৃতি বা তদনুরূপ এক প্রকার আকৃতি প্রস্তুত করে, তাহাকে সিংহাসন বলে। হরিব্যাসীরা সেরূপ লিপ্ত সিংহাসন না করিয়া অর্দ্ধগোলাকৃতি রেখামাত্র করিয়া থাকে। ঐ আকৃতি বা রেখার উভয় প্রান্ত ললাটস্থ উর্দ্ধপুণ্ড্রের নিম্নভাগে লগ্ন করিয়া দেওয়া হয়। ভারতবর্ষের দক্ষিণ খণ্ডের অন্তর্গত মুগিপট্টনে হরিব্যাসীর আদি আস্থান আছে। রামাৎ-সম্প্রদায়ী রামপ্রসাদীরা ভ্রমধ্যে কৃষ্ণবর্ণ বিন্দু না করিয়া উহার কিঞ্চিৎ উর্দ্ধে ললাটদেশের মধ্যস্থলে শ্বেতবর্ণ বিন্দু করে। সেই বিন্দুটি হরিব্যাসীদের অপেক্ষা বৃহত্তর। ইহাদের এই তিলককে বেণীতিলক বলে। ইহাদের এইরূপ সংস্কার আছে যে. সীতা দেবী স্বহস্তে রামপ্রসাদের কপালে এই তিলক অঙ্কিত করিয়া দেন। গোরক্ষপুর জেলার অন্তর্গত সরুয়ার্ নামক গ্রামে ইহাদের একটি আস্থান আছে। বড়্গল্ নামক রামাৎ-সম্প্রদায়ী বৈষ্ণবেরা উক্তরূপ বিন্দু না করিয়া রামানন্দীদের মত উর্দ্ধপুণ্ড্রের মধ্যদেশে রক্তবর্ণ শ্রী করে, কিন্তু তাহাদের ন্যায় ভ্রূর নিম্নস্থলে নাসিকার উর্দ্ধভাগে সিংহাসন করে না। ঐ সম্প্রদায়ী লস্করী নামক বৈষ্ণবেরা রামানন্দীদের মত সিংহাসন করে, কিন্তু তাহাদের ন্যায় রক্তবর্ণ শ্রী না করিয়া শ্বেতবর্ণ শ্রী করে। অযোধ্যায় ইহাদের আস্থান আছে। চতুর্ভুজীদের তিলক রামানন্দীদিগেরই অনুরূপ, কেবল ললাটে শ্রী নাই। শ্রী-স্থান শূন্য থাকে। ইহারাও রামাৎ-সম্প্রদায়ী। বৈষ্ণবদের বিশ্বাস এই যে. চতুর্ভুজী-দলের প্রবর্ত্তক সাধু-বিশেষ কোন উপলক্ষে চতুর্ভুজ ধারণ করিয়া নিজ প্রভাব প্রকাশ করেন এই নিমিত্ত এই দলের নাম চতুর্ভুজী হয়। পশ্চাৎ প্রধান চারি সম্প্রদায়ের অন্তর্গত পাশ্চাত্য ও দাক্ষিণাত্য বৈষ্ণবগণের প্রায় সমস্ত প্রকার তিলকের প্রতিরূপ চিত্রিত হইতেছে ; দেখিলেই বুঝিতে পারা যাইবে †।

---

* উর্দ্ধপুণ্ড্রের মধ্যরেখার নাম শ্রী।

† বৈষ্ণব-ধর্ম্মে তিলকের বড় মহিমা। বাঙ্গলা দেশেও ভিন্ন ভিন্ন বৈষ্ণব-দলে ভিন্ন ভিন্ন প্রকার তিলক-সেবা দেখিতে পাওয়া যায়। নিত্যানন্দ প্রভুর পরিবারে বেণুপত্রাকৃতি, অদ্বৈত প্রভুর পরিবারে বটপত্রাকৃতি, আচার্য্য

প্রভুর পরিবারে তিলপুষ্পাকৃতি, গৌরীদাস পণ্ডিতের পরিবারে রসকলিকাকৃতি ইত্যাদি নানা বৈষ্ণব-দলে নানা প্রকার তিলক প্রচলিত রহিয়াছে। সেই সমস্ত তিলক নাসিকা-পৃষ্ঠে করা হইয়া থাকে। তদতিরিক্ত, ঐ সমুদয় বৈষ্ণব-পরিবারের ললাট-দেশেও নানা রূপ ঊর্দ্ধপুণ্ড্র দেখা যায়। এস্থলে পরিবার শব্দের অর্থ শিষ্য-পরম্পরা।

পূর্ব্ব পৃষ্ঠায় যে যে বৈষ্ণব-দলের তিলক-সমূহের প্রতিরূপ চিত্রিত হইল, একাদি অঙ্ক নির্দ্দেশ পূর্ব্বক যথাক্রমে তাহাদের নাম লিখিত হইতেছে। ১ রামানন্দী; ক চিহ্নিত অর্দ্ধগোলাকৃতি শ্বেতবর্ণ তিলকাংশের নাম সিংহাসন। ২ হরিব্যাসী। ৩ রামপ্রসাদী। ৪ চতুর্ভুজী। ৫ বড়্‌গল্‌। ৬ লস্করী। ৭ আচারী। ৮ মধ্বাচারী; ইহাদের কোন দলে কৃষ্ণবর্ণ বিন্দু করে; কৃষ্ণবর্ণ মৃত্তিকা না থাকিলে শ্বেতবর্ণ বিন্দু করে; অপর কোন দলে কৃষ্ণবর্ণ শ্রী করে; অবশিষ্ট কোন দলে শ্রী-স্থান একেবারে শূন্য রাখে। কিন্তু এই তিনের সমুদায় প্রকার তিলক আমার দৃষ্টি-পথে পতিত হয় নাই। ৯ বল্লভাচারী; বল্লভাচারীরা ভ্রূযুগলের মধ্যস্থলে কৃষ্ণবর্ণ বিন্দু করে; কৃষ্ণবর্ণ মৃত্তিকা না থাকিলে শ্বেতবর্ণ বিন্দু করিয়া থাকে। ইহাদের তিলকে সিংহাসন নাই। এই সমস্ত সম্প্রদায়ী বৈরাগীরা ইচ্ছানুসারে কখন কখন নিজ তিলকের পরিবর্ত্তে সমুদায় ললাটে গোপী-চন্দন এবং কখন কখন বা সমগ্র মুখমণ্ডলে রামরজ্‌ নামক মৃত্তিকা-বিশেষ লেপন করে।

গোপীচন্দনে শ্বেতবর্ণ, শ্যামবিন্দি নামক মৃত্তিকাতে কৃষ্ণবর্ণ, এবং হরিদ্রা, সোহাগা ও নেবুর রস মিশ্রিত করিয়া পীত ও রক্তবর্ণ তিলক করিতে হয়। এই শেষোক্ত তিলক-উপাদানে সোহাগার ভাগ অধিক হইলে রক্তবর্ণ হয়, নতুবা একরূপ পীতবর্ণ হইয়া থাকে।

## করারী, বাণশয্যী, পঞ্চধুনী প্রভৃতি বৈষ্ণব তপস্বী।

পরমার্থ-সাধন উদ্দেশে কায়-ক্লেশ করা হিন্দু-ধর্ম্মের একটি প্রধান অঙ্গ। তদনুসারে, সন্ন্যাসীদের ন্যায় বৈরাগীদের মধ্যেও করারী, ঊর্দ্ধবাহু, দুধাধারী, বাণশয্যী, পঞ্চধুনী, মৌনব্রতী, ঠাড়েশ্বরী * প্রভৃতি নানা-প্রকার তপস্বী দেখিতে পাওয়া যায়। তদতিরিক্ত, কেহ কেহ মৃৎপাত্রে তুলসী-বৃক্ষ রাখিয়া হস্তে ধারণ পূর্ব্বক করতল ঊর্দ্ধদিকে উন্নত করিয়া রাখে। কেহ কেহ কটিদেশে কাষ্ঠের আড়বন্ধ ও কাষ্ঠের কৌপীন ধারণ করিয়া তপস্যা করে; ইহাদের নাম কাঠিয়া। কেহ কেহ আবার ঐ অঙ্গে জিঞ্জির অর্থাৎ একরূপ লৌহ-শৃঙ্খল দিয়া থাকে; তাহাদের নাম লোহিয়া। তাহারা মুঞ্জ্‌ নামক দ্রব্য-বিশেষের একরূপ রজ্জুও কটিদেশে বন্ধন করিয়া রাখে। এই সমস্ত ধারণ করিবার স্বতন্ত্র স্বতন্ত্র মন্ত্র আছে। জিঞ্জির-ধারণের মন্ত্র এই,

**মুঞ্জকো বন্ধন ধরমকো ধাগা।**

**লোহাকো এড়বন্দ কমরমে লাগা॥**

---

* এই পুস্তকের শৈব-সম্প্রদায়-বিবরণের ৯৯—১০২ পৃষ্ঠা।

যে সমস্ত বৈরাগী সর্ব্বাঙ্গে ভস্ম-লেপন রূপ ব্রত অবলম্বন করে, তাহাদের নাম খাকী। খাক শব্দের অর্থ ভস্ম। এই পুস্তকের প্রথম ভাগে তাহাদের প্রসঙ্গ আছে *। ভস্ম-লেপনের মন্ত্র এই,

বর্ষেগা মেঁহ জমেগা দুধ্ চরেগা গৌ হগেগা গোবর্ অগিন্
শুদ্ধ্ জরে সূর্য্য শুদ্ধ্ তপে বহি খাক্ মস্তনকো চঢ়ে জগা খাক্
জুবা দিল্ পাক্ অলখ নিরঞ্জন্ আপি আপ।

এইরূপ ব্রত-ধারী নানা প্রকার উদাসীনেরা জন-সমাজে অসাধারণ ভক্তি-শ্রদ্ধার পাত্র হইয়া থাকে। কিন্তু বৈরাগীদের মধ্যেই কোন কোন সাত্ত্বিক-ভাবাপন্ন ব্যক্তিকে বলিতে শুনিয়াছি, এই সমস্ত বাহ্য আড়ম্বর কপট-বেশী বৈষ্ণবদের উপার্জ্জনের পথ মাত্র। শৈব সন্ন্যাসী-দের প্রকরণে কয়েক প্রকার তপস্যার বিষয় লিখিত হইয়াছে। তদতি-রিক্ত, ফরারীরা যেমন ফল-মূল মাত্র ভক্ষণ এবং দুধাধারীরা যেমন দুগ্ধ মাত্র পান করিয়া জীবন রক্ষা করে, সেইরূপ কোন কোন বৈরাগী কতকগুলি লঙ্কামরিচ মাত্র আহার করিয়া তপস্যা-মহিমা প্রকাশ করে শুনা গিয়াছে। কেহ কেহ যেমন পঞ্চধুনী অর্থাৎ পঞ্চ স্থানে অগ্নি জ্বালিয়া তপস্যা করে, সেইরূপ কেহবা চতুর্দ্দিকে চৌরাশীটি ধুনি প্রজ্জ্বলিত করিয়া তন্মধ্যে উপবেশন পূর্ব্বক জপাদি করিয়া থাকে।

## আচারী।

রামানুজ-সম্প্রদায়ের একটি শাখা যেমন রামানন্দী অর্থাৎ রামাৎ, সেইরূপ, অপর একটি শাখার নাম আচারী। বরং সাক্ষাৎ সম্বন্ধে ইহা-রাই রামানুজ-সম্প্রদায়ী মূল বৈষ্ণব। রামানুজের ও তাঁহার প্রথমকার শিষ্য-পরম্পরাগত বিষ্ণু-উপাসকদিগের উপাধি আচার্য্য ছিল; যেমন রামানুজ আচার্য্য, অনন্তানন্দ্ জি আচার্য্য, গরেশ জি আচার্য্য ইত্যাদি। তাহাদের হইতেই আচারী সংজ্ঞা চলিয়া আসিয়াছে। চলিত কথায় রামানন্দীদিগকে সাধারণী বৈষ্ণবও বলে। সেই সাধারণীদের উপাধি যেমন দাস, সেইরূপ, ইহাদের উপাধি আচারী। ইহারা নারায়ণের অর্থাৎ শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী বিষ্ণুর উপাসক। ইহাদের পারমার্থিক মতের নাম বিশিষ্টাদ্বৈতবাদ। এই পুস্তকের প্রথম ভাগের অন্তর্গত রামানুজ-সম্প্রদায়-বিবরণের ১৫ ও ১৬ পৃষ্ঠায় তাহার বিবরণ করা হইয়াছে দেখিবে। রামানন্দী-সম্প্রদায়ে ব্রাহ্মণ, ক্ষত্রিয় প্রভৃতি সকল

* বৈষ্ণব-সম্প্রদায়। ৬০ ও ৬১ পৃষ্ঠা।

বর্ণেরই প্রবিষ্ট হইবার অধিকার আছে; আচারি-সম্প্রদায়ীরা কেবলই ব্রাহ্মণ। ইহাদের অধিকাংশ ভারতবর্ষের দক্ষিণ খণ্ডের অধিবাসী। রামানন্দীদিগের তিলকের শ্রী অর্থাৎ মধ্য-রেখা লোহিতবর্ণ; আচারীদের ঐ শ্রী পীত অথবা আরক্ত পীতবর্ণ। রামাতেরা দ্বারকায় গিয়া বাহু-যুগলে শঙ্খ-চক্রাদির তপ্ত মুদ্রা বা শীতল মুদ্রা * গ্রহণ করে; আচারী ব্রাহ্মণেরা পূর্ব্বে ভারতবর্ষের দক্ষিণ খণ্ডের অন্তর্গত কেবল তোতাদরির মঠে তপ্ত মুদ্রা ও শীতল মুদ্রা উভয়ই লইত; এক্ষণে তদতিরিক্ত অন্য অন্য নানাস্থানে গ্রহণ করিয়া থাকে। ইহাদের মধ্যে অনেকেই গৃহস্থ ও বংশ-পরম্পরাক্রমে রামানুজ-প্রবর্ত্তিত ধর্ম্ম-মতে দীক্ষিত; কিন্তু কতক-গুলি বিরক্তও আছে। ইহারা আচারী ভিন্ন অন্যের হস্তে ভোজন করে না; প্রয়োজন হইলে স্বহস্তে রন্ধন করিয়া আহার করে। দক্ষিণাপথে ইহাদের বহু-ব্যয়-সাধ্য বৃহৎ বৃহৎ বিস্তর দেবালয় দেখিতে পাওয়া যায়। তাহার অনেক দেবালয়ে পিত্তল, পাষাণ বা অষ্টধাতু-নির্ম্মিত বিষ্ণু-মূর্ত্তি ও সেই সঙ্গে অন্য অন্য দেব-বিগ্রহও স্থাপিত রহিয়াছে। পশ্চিমোত্তর প্রদেশের মধ্যে বৃন্দাবনের রঙ্গজির বিগ্রহ রঙ্গাচার্য্য নামে একটি আচারী ব্রাহ্মণের অনুরোধেই প্রতিষ্ঠিত হয়; লক্ষ্মীচন্দ্ শেঠ নামে তদীয় সেবক অনেক অর্থ ব্যয় দ্বারা ঐ বিগ্রহের মন্দিরাদি প্রস্তুত করিয়া দেন। ঐ রঙ্গাচার্য্য গৃহস্থ। বাঙ্গালা দেশের মধ্যে মুর্শিদাবাদে ও চন্দ্রকোণায় ইহাদের দেবালয় আছে। উৎকলেও জগন্নাথক্ষেত্রে কতকগুলি মঠ দৃষ্ট হইয়া থাকে। ইহারা ক্ষত্রিয় বৈশ্যাদি নানা বর্ণকে শিষ্য করে।

## বৈষ্ণব দণ্ডী।

ইহাঁরা রামানুজ-সম্প্রদায়ী ব্রাহ্মণ-কুলোদ্ভব দণ্ডি-সম্প্রদায়। দশনামী দণ্ডীরা একগাছি দণ্ড ধারণ করেন; ইহাঁরা ত্রিদণ্ডী, অর্থাৎ তিন গাছি দণ্ড একত্র বন্ধন করিয়া সঙ্গে রাখেন। শিখা ভিন্ন সমস্ত মস্তক মুণ্ডন, গেরুয়া বস্ত্র পরিধান এবং যজ্ঞোপবীত ও গল-দেশে তুলসী-কাষ্ঠ ও কমল-বীজের মালা ধারণ করেন। ইহাঁরা নারায়ণ অর্থাৎ চতুর্ভুজ বিষ্ণুর উপাসক। বিশেষরূপ শুদ্ধাচার অবলম্বন, অহরহ বেদাধ্যয়ন ও নানাপ্রকার নিত্যক্রিয়ার অনুষ্ঠান ইহাঁদের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম। ইহাঁদের ভোজন, অগ্নিস্পর্শ, কৌপীন ও কমণ্ডলু-ধারণ, মরণানন্তর দেহসংকার

* অঙ্গ-বিশেষে তপ্ত লৌহ দ্বারা হরিনামাদি অঙ্কিত করাকে তপ্ত মুদ্রা এবং গোপীচন্দন দ্বারা গাত্রে ঐরূপ শুক্লবর্ণ চিহ্ন করাকে শীতল মুদ্রা বলে।

ইত্যাদি অনেক বিষয় শৈব দণ্ডীদেরই অনুরূপ *। কিন্তু ইহাঁদের মধ্যে কেহই কুলাচারী শৈব দণ্ডীদের ন্যায় মদ্য মাংস ব্যবহার করেন না।

## বৈষ্ণব ব্রহ্মচারী ও বৈষ্ণব পরমহংস।

ব্রহ্মচারী তিন প্রকার; বাল ব্রহ্মচারী, বৃদ্ধ ব্রহ্মচারী ও কুল-ব্রহ্মচারী। যে সমস্ত ব্রাহ্মণ কিয়ৎ কাল গৃহাশ্রমে সন্নিবিষ্ট থাকিয়া পশ্চাৎ ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান করে, তাহারাই প্রথমোক্ত দুই প্রকার ব্রহ্মচারীর পদ প্রাপ্ত হইয়া থাকে। তাহার মধ্যে যাহারা অবিবাহিতাবস্থায় সংসার-ধর্ম্ম পরিত্যাগ করে, তাহারাই বাল ব্রহ্মচারী। আর যাহারা দার পরিগ্রহ পূর্ব্বক কিয়ৎকাল সংসারযাত্রা নির্ব্বাহ করিয়া পশ্চাৎ ব্রহ্মচর্য্য অবলম্বন করে, তাহারা বৃদ্ধ ব্রহ্মচারী। এই উভয়ের মধ্যে যাহারা বিষ্ণু-মন্ত্রে দীক্ষিত, তাহারাই বৈষ্ণব ব্রহ্মচারী। যতদিন তাহারা এই মন্ত্রের সাধনা সহকারে ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান করিতে থাকে, তত দিন বৈরাগীরা তাহাদের সহিত সঙ্গত্ অর্থাৎ সহবাসাদি করে, কিন্তু পঙ্গত্ অর্থাৎ আহার-ব্যবহার করে না। পরে যখন ব্রহ্মচর্য্য সমাপন পূর্ব্বক বৈরাগী গুরু-বিশেষের নিকট কুলটুট্ মন্ত্র † নামে মন্ত্র-বিশেষ গ্রহণ করে, তখন বৈরাগীরা তাহাদিগকে স্বগণ মধ্যে গণ্য করিয়া তাহাদের সহিত পঙ্‌ক্তিভোজনে উপবিষ্ট হয় ‡। এইরূপ বৈরাগ্য-অবলম্বন দ্বিতীয় জন্মস্বরূপ। এই নিমিত্ত উল্লিখিত বৈরাগীরা দীক্ষা-কালে নিজ নিজ পূর্ব্ব নাম পরিত্যাগ করিয়া গুরু-দত্ত

---

* শৈব-সম্প্রদায়-বিবরণের ৪৬—৫২ পৃষ্ঠা দেখ।

† রামাৎ নিমাৎ প্রভৃতি হিন্দুস্থানী বৈরাগীরা গৃহস্থ শিষ্যও করে, কিন্তু তাহাদিগকে ঐ কুলটুট্ মন্ত্র উপদেশ দেয় না। বর্ণ-বিশেষে বিশেষ বিশেষ অন্য মন্ত্র প্রদান করিয়া থাকে। সেই সকল মন্ত্রের স্বতন্ত্র স্বতন্ত্র নাম আছে; যেমন রামমন্ত্র, রামতারক মন্ত্র, মহামন্ত্র। ২২৪ পৃষ্ঠায় মহামন্ত্র উদ্ধৃত হইয়াছে।

‡ রামাৎ ও নিমাৎ প্রভৃতি হিন্দুস্থানী বৈরাগীদের পঙ্গতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই তিন বর্ণে এক স্থানে উপবেশন করে; শূদ্রদিগকে কিছু দূরে ভোজন করিতে দেয়। পূর্ব্বকালে আর্য্য ও শূদ্রে যেরূপ বিশেষ ছিল, রামানন্দী প্রভৃতিরা গৃহাশ্রম পরিত্যাগ করিয়াও অনেকাংশে তাহা রাখিয়া দিয়াছে। ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি দ্বিজাতিগণের মধ্যে যে জাতির যেরূপ যজ্ঞোপবীত, ঐ বৈরাগীদের মধ্যেও তাহা প্রচলিত আছে।

অন্য নাম গ্রহণ করে এবং পূর্ব্ব গোত্র বিসর্জ্জন করিয়া আপনাদিগকে অচ্যুতগোত্র বলিয়া পরিচয় দেয়। যে সকল ব্যক্তি গৃহাশ্রমে থাকিয়া ব্রহ্মচর্য্য-ধর্ম্মের নিয়মানুসারে চলে, তাহাদের নাম কুল-ব্রহ্মচারী। তাহারা যথাবিধানে সন্তানোৎপাদন করিলেও প্রত্যবায় হয় না।

যাহারা রামানুজাদি-সম্প্রদায়-সম্মত বৈষ্ণব-দীক্ষায় দীক্ষিত হইয়া পশ্চাৎ পরমহংস-বৃত্তি অবলম্বন করে, তাহারাই বৈষ্ণব পরমহংস। শৈব পরমহংসদের সহিত ইহাদের প্রভেদ এই যে, ইহারা বিষ্ণু-পরায়ণ, বিষ্ণু-পক্ষীয় ও বৈষ্ণব-সহবাসী। শৈব পরমহংসেরা যেমন আপনাকে শিব-স্বরূপ ভাবনা ও শিবোঽহং শিবোঽহং বাক্য উচ্চারণ করে, ইহারাও সেই রূপ অচ্যুতোঽহং অহং বিষ্ণুঃ এইরূপ ভাবনা ও উচ্চারণ করিয়া থাকে। রামানুজাদি চারি সম্প্রদায়েরই প্রাতে, মধ্যাহ্নে ও সায়ংকালে যথাবিহিত মন্ত্রোচ্চারণ পূর্ব্বক স্নান, আচমন, দেবার্চ্চনাদি নানাবিধ নিত্যক্রিয়া করিবার ব্যবস্থা আছে। পটল ও পদ্ধতি নামক সংগ্রহ-গ্রন্থে এই সমস্ত ক্রিয়ার বিষয় লিখিত হইয়াছে এই নিমিত্ত এই সমুদায় ক্রিয়াকে পটল-ক্রিয়া ও পদ্ধতি-ক্রিয়া বলে। বাহ্য ব্যাপারের অনুষ্ঠান পরিবর্জ্জন পূর্ব্বক মনে মনে ভগবানের চিন্তন-অর্চ্চনাদিকে মানসী ক্রিয়া বলে। পরমহংসেরা এই সকল ক্রিয়া বিহিত বিধান ক্রমে পরিত্যাগ করেন।

ইহাঁরা বৈরাগীদের অনুষ্ঠেয় তিলক, কণ্ঠী, মালা-ধারণ প্রভৃতি বাহ্য ব্যাপার এবং ফলাহার, দুগ্ধাহার, বাণশয্যা, জিঞ্জির ব্যবহার প্রভৃতি তপস্যারও অনুষ্ঠান করেন না। কেশ, জটা, শ্মশ্রু প্রভৃতিও রাখেন না; শৈব পরমহংসদের ন্যায় সময়ে সময়ে সমস্ত মুণ্ডন করিয়া ফেলেন। ডোর-কৌপীনও আবশ্যক বোধ করেন না; ইচ্ছা হয় রাখেন, ইচ্ছা না হয় না রাখেন। নিজেও অন্ন-পাক করেন না এবং ব্রাহ্মণ ব্যতিরেকেও অন্য বর্ণের হস্তে ভোজন করেন না। যোগ-সাধন দ্বারা সাযুজ্য-মুক্তি-লাভ ইহাঁদের পরম পুরুষার্থ। অগ্রে সালোক্য ও পরে সাযুজ্য-মুক্তি সিদ্ধ হয় এই-রূপ ইহাঁদের বিশ্বাস। বিষ্ণুর সহিত এক লোকে সহবাসকে সালোক্য এবং তাঁহার সহিত সংযুক্ত অর্থাৎ তাঁহাতে লীন হওয়াকে সাযুজ্য-মোক্ষ বলে।

ইহাঁরা কুলাচারী শৈব পরমহংসদের ন্যায় মদ্য মাংস ব্যবহার করেন না; প্রত্যুত তাহাতে ঘৃণা ও অশ্রদ্ধা প্রকাশ করিয়া থাকেন।

## মার্গী।

দ্বারকা অঞ্চলে মার্গীসাধু নামে একপ্রকার বৈষ্ণব আছে, তাহারা অন্যান্য গৃহস্থের মত কৃষি-কার্য্য ও বাণিজ্য-ব্যবসায়াদি করিয়া সংসার-

যাত্রা নির্ব্বাহ করে। সহসা পথের মধ্যে এক তীর্থ-যাত্রী বৈরাগীর মৃত্যু ঘটে। তাহার সহিত কোন কোন ধর্ম্ম-গ্রন্থ ছিল; কতক গুলি লোকে সেই সমস্ত ধর্ম্ম-গ্রন্থ প্রাপ্ত হইয়া তদনুযায়ী অনুষ্ঠান করিতে প্রবৃত্ত হয়। তাহারা মার্গ অর্থাৎ পথমধ্যে সেই গ্রন্থ গুলি লাভ করিয়া তদীয় মত অবলম্বন করে, এই নিমিত্ত তাহাদের নাম মার্গী বা মার্গীসাধু বলিয়া প্রসিদ্ধ হয়। তাহারা সাতিশয় ভক্তি-শ্রদ্ধা সহকারে সেই সকল গ্রন্থের অর্চ্চনা করে শুনিয়াছি। রামানন্দীরা বলে, ভজন সাধন বিষয়ে তাহাদের সহিত আমাদের অনেক অংশে ঐক্য আছে, তথাচ তাহারা গৃহস্থ এই নিমিত্ত রামাৎ নিমাৎ প্রভৃতি সাম্প্রদায়িক বৈষ্ণবেরা তাহাদের সহিত একত্র পংক্তি-ভোজনে উপবেশন করে না।

## পল্টুদাসী, আপাপন্থী, সৎনামী, দরিয়াদাসী, বুনিয়াদদাসী, অনহদ্‌পন্থী ও বীজমার্গী।

পল্টুদাসী, আপাপন্থী, সৎনামী, দরিয়াদাসী, বুনিয়াদদাসী, অনহদ্‌পন্থী ও বীজমার্গীরা সকলেই আপনাদিগকে নির্গুণ-উপাসক বলিয়া পরিচয় দেয়; কোন দেব-প্রতিমূর্ত্তির অর্চ্চনা করে না, সুতরাং আপনাদের ভজনালয়ে দেব-প্রতিমা প্রতিষ্ঠাও করে না। এই সমস্ত বৈষ্ণবদল শ্রীসম্প্রদায় প্রভৃতি চারি প্রধান সম্প্রদায়ের অন্তর্গত নয়। নানকপন্থী, দাদূপন্থী, কবীরপন্থী প্রভৃতি যেরূপ কতকগুলি পন্থী আছে, ইহারাও সেইরূপ পন্থী-বিশেষ বলিয়া পরিগণিত হয়। রামাৎ নিমাৎ প্রভৃতি সাম্প্রদায়িক বৈষ্ণবেরা ইহাদিগকে পাষণ্ড বলিয়া ঘৃণা করে। ইহাদের পঙ্‌ক্তে উপবেশন করা দূরে থাকুক, ইহাদের অঙ্গ-স্পর্শও করে না। করিলে, আপনাদিগকে অশুচি ও পাপ-গ্রস্ত মনে করে এবং যে স্থানে তাহারা উপস্থিত হয়, সেস্থান অপবিত্র বিবেচনা করিয়া থাকে।

পল্টুদাসী।—এই পন্থী পল্টুদাস কর্ত্তৃক প্রবর্ত্তিত হয় এই নিমিত্ত ইহার নাম পল্টুদাসী। তদীয় গুরুর নাম গোবিন্দ সাহেব। কাশী জেলার অন্তর্গত আহিরৌলা ও ভোঁড়কুড়া গ্রামে তাঁহার আস্থান আছে। এইরূপ প্রবাদ আছে যে, সাহাদৎ আলি নামক নবাবের সময়ে পল্টু-দাস এই পন্থী প্রচলিত করেন। ১৭৯৭ বা ১৭৯৮ খৃষ্টাব্দে সাহাদৎ আলি অযোধ্যার নবাবী-পদ প্রাপ্ত হন। অতএব ঐ প্রবাদানুসারে, খৃষ্টাব্দের অষ্টাদশ শতাব্দীর সর্ব্বশেষে অথবা ঊনবিংশ শতাব্দীর প্রথমাংশে এই পন্থী প্রবর্ত্তিত হইয়াছে বলিতে হয়। অযোধ্যার পল্টু-

দাসের গাদি বিদ্যমান আছে। তথায় চৈত্র মাসে রামনবমীর দিবসে সরযূ-স্নান-উপলক্ষে একটি মেলা হইয়া থাকে; এই পন্থীরা সেই দিবসে তথায় উপস্থিত হইয়া ঐ গাদির মহন্তকে অর্থ-দান ও নানাবিধ দ্রব্যজাত প্রদান করে। তাঁহার শিষ্য পলটুদাস, পলটুদাসের শিষ্য রামকৃষ্ণদাস এবং রামকৃষ্ণদাসের শিষ্য রামসেবকদাস। শুনিতে পাই, রামসেবকদাস এখন বর্ত্তমান আছেন।

পল্টুদাসী উদাসীনেরা গল-দেশে তুলসী-কাষ্ঠের হিরা ও গুঞ্জা রাখে, শ্বেতবর্ণ মৃত্তিকা দ্বারা নাসিকার অগ্রভাগ হইতে কেশের নিকট পর্য্যন্ত ঊর্দ্ধপুণ্ড্র করে এবং কৌপীন ধারণ ও পীতবর্ণ কোর্ত্তা ও টুপি ব্যবহার করিয়া থাকে। ইহাদের মধ্যে কেহ কেহ কেশ ও শ্মশ্রু রক্ষা করে ও কেহ কেহ সমস্ত মুণ্ডন করিয়া ফেলে।

ইহাদের পরস্পর সাক্ষাৎকার ঘটিলে, ইহারা সত্যরাম বলিয়া অভিবাদন করে। মহন্তকে অভিবাদন করিলে, তিনিও সত্যরাম বলিয়া উত্তর দেন।

অযোধ্যা, নেপাল, এবং লাক্‌নাউ প্রদেশে এই সম্প্রদায়ী গৃহী লোকের বসতি আছে। তাহারা ও পশ্চাল্লিখিত সৎনামী ও আপা-পন্থী গৃহস্থেরা রামমন্ত্র গ্রহণ করিয়া ভজন করে। তাহারা রাম-কৃষ্ণাদি বিষ্ণুবতার স্বীকার করে, কিন্তু প্রধান প্রধান উদাসীনের মুখে শুনিয়াছি, তাঁহারা তাহা প্রত্যয় যান না। পল্টুদাস একটি প্রবন্ধে কৃষ্ণাবতারের উপাখ্যানটি একটি রূপক বর্ণনা বলিয়া প্রকাশ করিয়াছেন।

> সুরত যমুনা বহি গ্যান মথুরা বসা। গ্রাম গোকুল বিশ্বাস ছায়া। শান্তি যশোদা দেবকী, সতগুরু নন্দ বসুদেব বন্ধু প্রীতি ছায়া। জিব ঔ ব্রহ্ম শ্রীকৃষ্ণ বলদেব জি কংস অহঙ্কার কো মার ডারা। বিবেক বৃন্দাবন সন্তোষ কা কদম্ হৈ। গোয়াল হী বিষ দয়া। সন্দেহ শ্রীরাধিকা শীলকী গোপ্পা তত্ত্ব মাখন লৈ কে নৃত্য যা। * * * *
>
> পল্টুদাস।

মনোরূপী যমুনা নদী প্রবাহিত হইয়াছে। জ্ঞান-রূপী মথুরা নগরী বসিয়া গিয়াছে। বিশ্বাস-রূপী গোকুল গ্রাম উৎপন্ন হইয়াছে। শান্তি যশোদা ও দেবকী-স্বরূপ। সদ্‌গুরু নন্দ ও বসুদেব-স্বরূপ। প্রীতি বন্ধু-কুল-স্বরূপ। জীব ও ব্রহ্ম রূপ কৃষ্ণ ও বলদেব অহঙ্কার-রূপ কংসকে ধ্বংস করিয়াছে। বিবেক বৃন্দাবন-স্বরূপ। সন্তোষ কদম্ববৃক্ষ-স্বরূপ হইয়াছে।

শরীরের অভ্যন্তর-স্থিত দয়া গোপ ও গোপাল-স্বরূপ। সন্দেহ-রূপ শ্রীরাধিকা তত্ত্বরূপ নবনীত বল পূর্ব্বক গ্রহণ করিয়া ভক্ষণ করিয়াছে।

পল্টুদাস না তীর্থই মানিতেন, না গঙ্গা যমুনাদি কোন দেব-নদীতে স্নান করিতেই যাইতেন।

গোবিন্দ ঐসা বামনা পড়ে নিবালা জী
পলটু ঐসা বণিয়া উঠ মুতে না জায়।

গোবিন্দ এমন ব্রাহ্মণ যে, শুয়ে শুয়েই ভোজন করে। পল্টু এমন বণিক্ যে, উঠে প্রস্রাব করিতেও যায় না।

পল্টুদাসের কোন কোন বচনে যোগানুষ্ঠান ও ষট্‌চক্রভেদের প্রসঙ্গ বা সূচনা দেখিতে পাওয়া যায়।

জীয়ত্ মরৈ সোহি পঁহচানে, গঁৰ নগর সহজে চড় জানা।
ইঙ্গ্‌লা পিঙ্গ্‌লা চামর ঢোরত্ হৈঁ নিশি দিন। সুখ মন সুনে নিশানা।
দেখ রে গুরু গম মস্তানা॥
গঙ্গা যমুনা সরস্বতী ধারা। লাগ মদোদর কর অস্নানা।
দেখ রে গুরু গম মস্তানা॥
সুরিযো ঘট ঘট গর্জ্জিয়ে লাগে। দেখ রূপ যমরাজ ডরানা।
দেখ রে গুরু গম মস্তানা॥
গুরু গোবিন্দ্ মা সুখ মিলৈ হৈঁ। আশিক্ হৈঁ পলটু দীবানা।
দেখ রে গুরু গম মস্তানা। পল্টুদাস।

যে ব্যক্তি জীবন্ত মরে, সেই জানে। শরীর-রূপ নগর আরোহণ করিতে হইবে, অর্থাৎ মস্তক-স্থিত সহস্রপদ্মে উত্থিত হইতে হইবে। শ্বাস ও প্রশ্বাস * অহর্নিশি চামর ব্যজন করিতেছে। × × × দেখরে, গুরু-ভাব-মগ্ন! গঙ্গা, যমুনা ও সরস্বতী † ধারা সন্নিধানে

---

* যাঁহার নিকট এই বচনটি প্রাপ্ত হই, তিনি ইঙ্গ্‌লা ও পিঙ্গ্‌লা শব্দের অর্থ শ্বাস প্রশ্বাস বলিয়া ব্যাখ্যা করেন। কিন্তু ষট্‌চক্রভেদের বিবরণ মধ্যে ইড়া ও পিঙ্গলা নামে দুইটি নাড়ির প্রসঙ্গ আছে *, উল্লিখিত ইঙ্গ্‌লা পিঙ্গ্‌লা ঐ দুইটি সংস্কৃত শব্দের রূপান্তর হইতে পারে।

† পশ্চাৎ সংন্যাসী-সম্প্রদায়ের বিবরণ মধ্যে গায়ত্রী-ক্রিয়ার প্রসঙ্গে গঙ্গা, যমুনা ও সরস্বতীর অর্থ দেখিবে।

---

শাক্ত-সম্প্রদায়-বিবরণের ১৮৬ পৃষ্ঠা দেখ।

মেলা উপস্থিত হইয়াছে; স্নান কর। দেখ ওরে গুরু-ভাব-মগ্ন! রসনায় আরোহণ করিয়া গর্জ্জন করে অর্থাৎ মন জিহ্বাতে আরোহণ করিয়া রামনাম ও গুরু গুরু শব্দ করে। সেইরূপ দর্শন করিয়া যমরাজ ভয় পায়। দেখ, ওরে গুরু-ভাব-মগ্ন! গুরু-গোবিন্দ রূপ প্রণয়-পাত্র প্রাপ্ত হওয়া গিয়াছে; কিন্তু পল্টুদাস তদীয় প্রেমে অনুরক্ত হইয়াছে। দেখ, ওরে গুরু-ভাব-মগ্ন!

যে সমস্ত উদাসীন ব্যক্তি গৃহাশ্রম পরিত্যাগ করিয়াও কাম, ক্রোধ, লোভাদির বশীভূত হইয়া চলে, পল্টুদাস একটি বচনে তাহাদিগকে যথোচিত তিরস্কার করিয়াছেন।

> अरे फकीर पड़ा किस खेल मे पांच, पच्चीस सङ्ग तीस नारी।
> तीस के कारणे भीख तू मांगता एक क्या तकसीर प्यारी।
> ह्वां ह्वां रे पल्टु ये खेल न बांधो, छोड़ तैं तीस तब छोड़ प्यारी।
>
> पल्टुदास।

ওরে ফকির! তুই কি কুহকেই পতিত হইয়াছিস্। তোর সঙ্গে ত্রিশটি নারী অবস্থিতি করিতেছে; পাঁচতত্ত্ব * ও পঁচিশ প্রকৃতি। এই ত্রিশজনের জন্যে তুই ভিক্ষা করিতেছিস্; এক জন কি অপরাধ করিয়াছে যে, তুই তাহাকে পরিত্যাগ করিয়া এলি, (অর্থাৎ তুই নিজ গৃহিণীকে পরিত্যাগ করিলি, কিন্তু কাম ক্রোধাদি রিপু প্রভৃতিকে পরিত্যাগ করিতে পারিলি না)। ওরে পল্টু! অগ্রে তেত্রিশকে † পরিত্যাগ কর, পরে নিজ ভার্য্যাকে পরিত্যাগ করিও।

> भाग रे भाग फकीर का बाबका कनक कामिनि दुइ बाघ लागे। मारेंगे पड़ा चौचोबायगा। भया बेकुफ तू नहीं भागे। फक्को ऋषि नारदका मारका खाय गयि। बचे न कोयि जो बाघ लागे। पल्टु हाथ बड़े एक उपाय है बैठ सतसङ्गमा छिप जागे।
>
> पल्टुदास।

---

* কাম, ক্রোধ, লোভ, মোহ, অহঙ্কার এই পাঁচটির নাম পাঁচতত্ত্ব বলিয়া উল্লিখিত হয়।

† পূর্ব্বোক্ত ত্রিশ নারী এবং সত্ত্ব, রজ, তম এই তিন গুণ।

পলারে পলা! ফকিরের শিষ্য! কনক ও কামিনী এই দুই ব্যাঘ্র তোকে লক্ষ্য করিয়াছে। তোরে বধ করিয়া লইবে, তখন তুই পড়িয়া চীৎকার করিবি। তুই নির্বোধ এই নিমিত্ত পলায়ন করিতেছিস্ না। কামিনী নারদ ও ঋষ্যশৃঙ্গকে সংহার করিয়া ভক্ষণ করে। লক্ষ দ্রব্য দিলেও, তাহার হস্তে কেহ রক্ষা পায় না। পল্টুদাস বলে, সাধু-সংসর্গে উপবেশন পূর্ব্বক সতর্ক থাকাই ইহার একমাত্র উপায়।

পশ্চাল্লিখিত আপাপন্থী ও সৎনামীদের সহিত পল্টুদাসীদের অনেক বিষয়ে ঐক্য বা সৌসাদৃশ্য আছে। অতএব সেই দুই পন্থীর বিবরণ মধ্যে সে সকল বিষয় প্রস্তাবিত হইবে। বিশেষতঃ ইহাদের গায়ত্রী-ক্রিয়া নামক প্রধান সাধনটির সবিশেষ বৃত্তান্ত সৎনামীদের প্রকরণেই দেখিতে পাইবে। গৃহী লোকের তাহাতে অধিকার নাই; উদাসীনেরাও প্রথমে গৃহস্থদের মত রাম-মন্ত্র গ্রহণ করিয়া পশ্চাৎ উল্লিখিত ক্রিয়ার অনুষ্ঠানে প্রবৃত্ত হয়।

আপাপন্থী।—মাল্লাপুর জেলার অধিবাসী মুন্নাদাস নামে একটি স্বর্ণকার এই পন্থী প্রবর্ত্তিত করেন। অযোধ্যার অনেক পশ্চিমে মাড়বা নামক গ্রামে ইহাঁর গাদি আছে। তথায় অগ্রহায়ণ মাসে শুকুকুণ্ড-স্নান উপলক্ষে একটি মেলা হইয়া থাকে। ঐ দিন গৃহস্থ শিষ্যেরা সেই স্থানে আসিয়া টাকা, পয়সা ও নানাবিধ দ্রব্য দিয়া যায়। ঐ মুন্নাদাসের শিষ্য গুঞ্জদাস এবং গুঞ্জদাসের শিষ্য ভগ্গন দাস। শুনিয়াছি, ভগ্গন দাস একণে বর্ত্তমান আছেন। পল্টুদাসী-প্রবর্ত্তক পল্টুদাস যেমন গোবিন্দের নিকট দীক্ষিত হন, আপাপন্থী-প্রবর্ত্তক সেরূপ কাহার নিকট উপদেশ গ্রহণ করেন নাই; নিজেই এক পন্থী প্রচলিত করেন। এই কারণে তাঁহার শিষ্য-সম্প্রদায়ের নাম আপাপন্থী রাখা হইয়াছে। হিন্দুস্থানী বৈরাগীদের মুখে নিম্ন-লিখিত বচনটি সচরাচর শুনিতে পাওয়া যায়।

রামানুজকী ফৌজমে বাহো গাড়ি পৌন্ন।
আপাপন্থী মনমুখী ফিরৈ টৌণ্টৌল॥

রামানুজের সৈন্যদলে অনেকগুলি ভগ্ন গাড়ি আছে। মনমুখী * আপাপন্থী গলিতে গলিতে ভ্রমণ করিয়া থাকে।

ইহারাও পল্টুদাসীদের মত প্রথমে রাম-মন্ত্র গ্রহণ করে; পরে যখন

* যে ব্যক্তি আপন মতানুযায়ী অনুষ্ঠান করে, কাহাকেও গুরু বলিয়া স্বীকার করে না, তাহাকে মনমুখী বলে।

সাধনায় পরিপক্ক হয়, তখন গায়ত্রী-ক্রিয়ার মন্ত্র-লাভে অধিকারী হইয়া থাকে।

ইহাদের মন্ত্রোচ্চারণ পূর্ব্বক শুক্র-সঞ্চালনাদি কতক গুলি গুহ্য ক্রিয়া আছে। মুন্নাদাস-কৃত পশ্চাল্লিখিত বচনে সেই বিষয়ের কিছু কিছু পরিচয় প্রাপ্ত হওয়া যাইতেছে। ঐ বচনে সাঙ্কেতিক শব্দ ও সাঙ্কেতিক ভাব সন্নিবেশিত আছে। ইহাদের মতাভিজ্ঞ ব্যক্তি-বিশেষের নিকট তাহার যেরূপ ব্যাখ্যা শুনা গিয়াছে, সেইরূপ লিখিত হইল।

সুনারো কী ন জাতি ন পাঁতি হো রুনিয়া আবা হৈ মন্দরিয়া।

ন বাকী জাত্ ন পাত্ সাবা ভেক ন জানিয়া।

অঘন্মী ঘরৈ দুকান হো বেচে গৌনেকী ধরিয়া।

হিরা ঝাগে ঝাড় হো গুঁধি আলি আল্লি মনিয়া।

মুন্নাদাস খিঁচে তার হো দেখ পলক উঘারিয়া।

মুন্নাদাস।

শুক্রের জাতি-পাঁতি নাই। উহা সর্ব্ব শরীর ভ্রমণ করিয়া মধ্যস্থলে আসিয়াছে। উহার জাতিও নাই, পাঁতিও নাই। উহার ভেক অর্থাৎ কৌপীন মালা প্রভৃতি সম্প্রদায়-চিহ্নও নাই। গোইন্দ্রিয় * উহার বিক্রয়-স্থান; তথায় উহা বিক্রীত হইয়া থাকে। হীরার ঝাড়ে অর্থাৎ মণিবৃক্ষে মতি অর্থাৎ শুক্র লাগিয়াছে। মুন্নাদাস তার টানিতেছে, অর্থাৎ শুক্র নির্গত হইতে না দিয়া উর্দ্ধদিকে ভ্রূযুগলের মধ্যস্থলে আকর্ষণ করিতেছে; নেত্র উন্মীলন করিয়া দেখ †।

ইহারা দুই ভাগে বিভক্ত, গৃহী ও উদাসীন। লক্ষ্মীপুর, মোল্লার-পুর, নেপাল এই সমস্ত জেলায় ও পশ্চিমোত্তর-প্রদেশীয় অন্যান্য স্থানেও এই সম্প্রদায়ী গৃহস্থ লোকের বসতি আছে। প্রথমে ইহাদের তিলক, মালা, কৌপীন প্রভৃতি সম্প্রদায়-চিহ্ন ধারণের প্রথা ছিল না। এক্ষণে অনেকে উল্লিখিত রূপ কোন কোন চিহ্ন রাখিয়া থাকে।

এই পন্থীর ফকির অর্থাৎ উদাসীনগণ পীতবর্ণের কোর্ত্তা ও টুপি ব্যবহার করে। কেহ কেহ গল-দেশে তুলসী-কাষ্ঠের ছিরা ধারণ করে এবং শ্বেতবর্ণ মৃত্তিকা-বিশেষ দ্বারা নাসা-পৃষ্ঠের মধ্যস্থল হইতে কেশের নিকট পর্য্যন্ত একটি উর্দ্ধপুণ্ড্র করিয়া থাকে। ইহাদের মধ্যে কোন

---

* লিঙ্গ ও গুহ্যদ্বারের মধ্যস্থলের নাম গোইন্দ্রিয়।

† ইহাদের বিশ্বাস এই যে, সাধকেরা সাধনা-কালে শুক্র নির্গত হইতে না দিয়া ভ্রূযুগলের মধ্যস্থলে আনয়ন করে।

কোন ব্যক্তি কেশ ও শ্মশ্রু রক্ষা করে, কেহ কেহ সমস্ত মুণ্ডন করিয়া ফেলে। ইহাদের মোহন্তেরা গল-দেশে ঊর্ণসূত্রে প্রস্তুত একরূপ সেলি * ধারণ করে। পল্টুদাসীদের মত ইহাদেরও উপাধি দাস ও সাহেব। পরস্পর সাক্ষাৎকার ঘটিলে ইহারা বন্দিগি সাহেব বলিয়া অভিবাদন করে। কেহ মহন্তকে অভিবাদন করিলে, তিনি বন্দিগি বলিয়া প্রত্যুত্তর প্রদান করেন।

এই সমস্ত আপাপন্থী ফকিরদের মধ্যে কিয়ৎপরিমাণে জাতি-বিচার রহিত দেখা যায়। তাহারা আপন সম্প্রদায়-ভুক্ত কি গৃহস্থ কি উদাসীন সকলেরই অন্ন ভোজন করে, কিন্তু অন্যের অন্ন ভক্ষণ করে না। তাহারা সৎনামী ও পল্টুদাসী উদাসীনদিগের সহিত এক পংক্তিতে উপবেশন করিয়া ভোজন করিলে, দোষ-স্পর্শ হয় না।

পূর্ব্বেই লিখিত হইয়াছে, ইহাদের প্রধান ক্রিয়ার নাম গায়ত্রী-ক্রিয়া। পশ্চাৎ সৎনামীদের প্রকরণে সেই বীভৎস ব্যাপারটির বিষয় বর্ণিত হইবে।

সৎনামী।—ইহারা পরমেশ্বরকে 'সৎনাম' কহে এ কারণ ইহারা সৎনামী বলিয়া বিখ্যাত। অযোধ্যা প্রদেশের অধিবাসী জগজীবন দাস নামে এক ক্ষত্রিয় এই পন্থী প্রবর্ত্তিত করেন। তিনি আসিফ্‌দ্দৌলা নবাবের সময়ে বিদ্যমান ছিলেন এইরূপ প্রবাদ প্রচলিত আছে। ঐ নবাব ১৭৭৫ খৃষ্টাব্দে অযোধ্যার উজিরী-পদে অধিরূঢ় হন। অতএব খৃষ্টাব্দের অষ্টাদশ শতাব্দের শেষ ভাগে এই পন্থী প্রচলিত হয়। সর্দ্দাহা † গ্রাম জগজীবনের জন্ম-স্থান। কোটোয়া গ্রামে তাঁহার গাদি ও সমাধি আছে। প্রতিবৎসর বৈশাখ ও কার্ত্তিক মাসে আবরণ-কুণ্ড-স্নান উপলক্ষে তথায় মেলা হইয়া থাকে। ঐ সময়ে গৃহস্থ শিষ্যেরা তথায় গমন করিয়া পূজাদি দেয়। বৈসোয়ারা, তেলোই, হরচন্দ্‌পুর, উমাপুর প্রভৃতি অন্য অন্য স্থানেও ইহাদের আস্থান আছে। এই কয়েকটি গ্রাম লাক্‌নাউ জেলার অন্তর্গত।

---

* শৈব-সম্প্রদায়-বিবরণের ১৩৮ পৃষ্ঠায় সেলি শব্দের অর্থ দেখ। ইহারা বিনট-করা বারাসূতারা সেলি ধারণ করে।

† অবধপুরীকে পচ্ছু ষট্‌ যোজন পরমাণ।
সরযূতট পর সর্দাহা তহাঁ জগজীবন অস্থান॥

অযোধ্যাপুরীর ছয় যোজন পশ্চিমে সরযূ-তীরে সর্দ্দাহা গ্রাম। তথায় জগজীবনের আস্থান আছে।

জগজীবন সাহেবের শিষ্য জালালি দাস, জালালি দাসের শিষ্য গিরিবর দাস, গিরিবর দাসের শিষ্য জমাহির দাস, জমাহির দাসের শিষ্য যশকরণ দাস এবং যশকরণ দাসের শিষ্য হনুমান্ দাস ও বলদেব দাস। শেষোক্ত দুইজন এক্ষণে বিদ্যমান আছেন। ১৮০২ শকাব্দের শীত ঋতুতে এই বলদেব দাসের সহিত আমার আলাপ, আত্মীয়তা ও ঘনিষ্ঠতা ঘটিয়াছিল। পূর্ব্বোক্ত আসিফুদ্দৌলার মহিষী সৎনামীদিগকে পীড়ন করিয়াছিলেন, এই নিমিত্ত রামদাস নামে গিরিবর দাসের একটি শিষ্য এই বচনটি রচনা করেন;

अवदुपुरीको बखरो बसिये कौनि ओर ।
ए तिनो दुःख देवत् हैं बेगम बांदर चोर ॥

অযোধ্যাপুরীর কোন্ অংশে বাস করি? বেগম, বাঁদর, চোর এই তিনেই এ স্থানে দুঃখ দেয়।

গিরিবর সাহেব নিজেও তাদৃশ উপলক্ষে পশ্চাল্লিখিত শ্লোক প্রণয়ন করেন;

गुल्ला मारो बन्द्‌रे रात् राखिये चोर ।
भजन कर भगवानुके बेगम् लेगि पोर ॥

বানরকে গুলি প্রহার কর। রাত্রি-জাগরণ পূর্ব্বক ভজন করিয়া চোর নিবারণ কর। ভগবানের সাধনা করিতে থাক। বেগম কি লইবেন *?

জগজীবন দাস যাবজ্জীবন সংসারাশ্রমে থাকিয়া হিন্দী ভাষায় জ্ঞানপ্রকাশ, মহাপ্রলয়, প্রথম গ্রন্থ প্রভৃতি কয়েক খানি গ্রন্থ প্রস্তুত করিয়া যান। ঐ জ্ঞানপ্রকাশ নামক পুস্তক ১৮১৭ সম্বতে লিখিত হয়।

ইহারা আপনাদিগকে নির্গুণ সৎস্বরূপ পরব্রহ্মের উপাসক বলিয়া পরিচয় দেয় এবং বৈদান্তিক মতানুরূপ জীবব্রহ্মের অভেদ-ভাবাদিও স্বীকার করিয়া থাকে। বাউল প্রভৃতি কোন কোন বৈষ্ণব-সম্প্রদায়ীরা যেমন দেহকেই ব্রহ্মাণ্ড স্বরূপ জ্ঞান করে †, ইহাদের মধ্যেও তদনুরূপ মত প্রচলিত দেখিতে পাওয়া যায়।

---

* শেষ দুইটি শব্দ মূলের তাৎপর্য্যার্থ মাত্র। অবিকল শব্দার্থ লিখিলে অতিমাত্র অশ্লীল হইয়া পড়ে।

† প্রথম ভাগ, বাউল-সম্প্রদায়, ১৬৮ পৃষ্ঠা।

অন্দর খোজ মিলৈ সো মানী।
নীচে খুল মূল হৈঁ উ'চে অনুভো অকথ কহানি।
সাত দ্বীপ নৌ খণ্ড মা সোহং সো ধর সন্তন জানি।

যে ব্যক্তি অভ্যন্তরের অনুসন্ধান পায়, সেই জ্ঞানী। নিম্নভাগে স্কন্ধ ও শাখা এবং ঊর্দ্ধভাগে মূল *। এটি অসম্ভব্য ও অকথ্য-কথন। সাধুজনেরা সাত দ্বীপ † নয় খণ্ড ‡ ও সোঽহং ¶ শব্দ অবগত আছেন।

সৎনামীদের মধ্যেও গৃহস্থ উদাসীন দুই প্রকার লোকই আছে। গৃহস্থেরা নেপাল, কাশী, কানপুর, মথুরা, দিল্লি, লাহোর, অযোধ্যা, মুলতান, হয়দরাবাদ, গুজরাট ইত্যাদি নানা প্রদেশে বাস করে। তাহারাও পল্টুদাসী ও আপাপন্থীদের ন্যায় ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্যাদি নানা জাতিতে বিভক্ত। কিন্তু ফকির অর্থাৎ উদাসীনদের মধ্যে তাদৃশ বর্ণ-বিচার প্রচলিত নাই। তাহারা কেহ ভিক্ষা করে না; গৃহস্থ শিষ্য-সেবক দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। এই সম্প্রদায়ের ফকিরদিগের উপাধি দাস ও সাহেব। মহন্তকে সাহেব ও অপরাপর সকলকে দাস বলে। তদ্ভিন্ন, কেহ কোন ফকিরকে সসম্ভ্রম সম্ভাষণ করিবার ইচ্ছা করিলে সাহেব বলিয়া সম্বোধন করে।

কোন গৃহস্থ সৎনামীর মৃত্যু ঘটিলে, মৃত ব্যক্তির মুখাগ্নি করিয়া মৃত্তিকার মধ্যে তাহার দেহ সমাহিত করা হয়। স্ত্রীলোকের মৃত্যু হইলে,

---

* কঠোপনিষদের ষষ্ঠ বল্লীর প্রথম শ্লোকে উল্লিখিত হিন্দীবচনের অনুরূপ একটি ভাব লিখিত আছে, "ঊর্দ্ধমূলোঽবাক্‌শাখ এষোঽশ্বত্থঃ সনাতনঃ"। অর্থাৎ এই অনাদি সংসাররূপ অশ্বত্থ বৃক্ষের মূল ঊর্দ্ধদিকে এবং বিবিধ জীবলোক রূপ শাখা সকল অধোদিকে অবস্থিত রহিয়াছে। পরব্রহ্ম এই জগতের মূল কারণ এই নিমিত্তই ইহা মূল ঊর্দ্ধ দিকে বিদ্যমান আছে এইরূপ উক্ত হইয়াছে। ঐ হিন্দীবচনে এই প্রাচীন ভাবটি শরীর বিষয়ে প্রযোজিত হইয়াছে বোধ হয়।

† দুই চক্ষু, দুই কর্ণ, দুই নাসিকা ও মুখ এই সাত দ্বীপ।

‡ দুই উরু, দুই জঙ্ঘা, দুই বাহু, দুই প্রকোষ্ঠ, নাভি হইতে স্কন্ধ পর্য্যন্ত মধ্যভাগ এই নয় খণ্ড।

¶ আমি সেই অর্থাৎ ব্রহ্ম। তন্ত্রের মত এই যে, নিশ্বাস প্রশ্বাস দ্বারা নিরন্তর ঐ সোঽহং শব্দ হইতেছে।

দশ দিবস অশৌচ পালন করিয়া শেষ দিবসে তাহার শ্রাদ্ধ করিতে হয়। পুরুষের কাল-প্রাপ্তি হইলে, দশম দিবসে অশৌচান্ত হয় ও ত্রয়োদশ দিবসে শ্রাদ্ধ হইয়া থাকে। উদাসীন সৎনামীর মৃত্যু ঘটিলেও ঐরূপ দেহ-সৎকার ও আদ্যকৃত্য অনুষ্ঠান করিবার প্রথা প্রচলিত আছে।

এই সম্প্রদায়ী গৃহস্থেরা রাম-মন্ত্রে দীক্ষিত হয়। সে মন্ত্র এই,

ॐ रा रा रंकार ॐ ॐकार शून्य मन्द निरङ्कार् आदु जोत
किन् पसार अहारै उतरे पार, जगजीवन गुरु सत्नाम
आधार, रामनाम गहि भज उपरि पार द्या सद्गुरुको।

सत्नामि पन्थस्यका मन्त्र।

সৎনামী ফকিরেরাও প্রথমে এই মন্ত্র গ্রহণ করিয়া ভজনাদি করে। পশ্চাৎ সাধনায় কিঞ্চিৎ পরিপক্ক হইলে, গায়ত্রী-ক্রিয়ার অনুষ্ঠানে প্রবৃত্ত হয়। কিছু পরেই তাহার সবিশেষ বিবরণ করা যাইতেছে। ইহারা প্রতিদিন হনুমানজীকে ধূপ দান করিয়া পূর্ব্ব-লিখিত রাম-মন্ত্র পাঠ করে। আর মঙ্গলবারে হনুমানজীর, কৃষ্ণপক্ষীয় সপ্তমীতে সত্য-পুরুষের, এবং পূর্ণিমাতে অজর্ পুরুষের ব্রত করিয়া থাকে। ঐ ঐ দিবস দিবা এক প্রহরের সময়ে ও সন্ধ্যার পরে পুষ্প, পান, লবঙ্গ ও মিষ্টান্ন দিয়া পূজা দেয়। সমস্ত দিন উপবাসী থাকিয়া সায়ংকালে মাল্‌পো প্রভৃতি ভোগ দিয়া নিজে প্রসাদ পায় এবং নিকটে যে শিষ্যগণ সঙ্গীতাদি করে, তাহাদিগকেও প্রসাদ দিয়া থাকে।

এই সম্প্রদায়ী ফকিরেরা গাত্রে হিঙ্গুলে রঞ্জিত লোহিত বর্ণ কোর্ত্তা ও লাল খেরুয়াতে প্রস্তুত অল্‌ফি * এবং মস্তকেও ঐরূপ রঞ্জিত বা ঐরূপ বস্ত্রে প্রস্তুত ঐ বর্ণের টুপি, হস্তে ঊর্ণসূত্রের ধাগা ও সুমেরিণী † ও গল-দেশে পট্টসূত্রের সেলি ব্যবহার করে এবং ভস্ম-বিশেষ বা শ্যাম-বিন্দি নামক মৃত্তিকা দ্বারা নাসা-পৃষ্ঠের মধ্যস্থল হইতে কেশের নিকট পর্য্যন্ত অঙ্গুলি-প্রমাণ প্রশস্ত একটি ঊর্দ্ধপুণ্ড্র করিয়া থাকে। কেহ কেহ কেশ ও শ্মশ্রু রক্ষা করে; কেহ কেহ সমস্ত মুণ্ডন করিয়া ফেলে। ইহারা তিলক ও সেলি ধারণের সময় পশ্চাল্লিখিত মন্ত্র দুইটি পাঠ করিয়া থাকে।

---

* অল্‌ফি চাদরের মত, কিন্তু মাথা গলাইয়া পরিবার জন্য মধ্যস্থলে কাটা।

† চিড়, চন্দন বা তুলসী-কাষ্ঠে নির্ম্মিত, বড় বড় বর্ত্তুল সদৃশ, ১৭, ১৯, ২১ ইত্যাদি বিযোড় সংখ্যক মালা।

তিলক-ধারণের মন্ত্র।—

আদু জোত কিন পসার, জলগয়ি পারস, রহগয়ি খাক্, সো খাক্ শির গুরুকে থাক্, সো খাক্ ব্রহ্মাকে মস্তক চঢ়ে, বিষ্ণুকে মস্তক চঢ়ে, সো খাক্ জগজীবন সাহিবকে মস্তক চঢ়ে সত্যনাম আধার।

সেলি-ধারণের মন্ত্র।—

সেলি সত্যসনেকী ডার্ গলে সত্যনাম ময়ত্ নিশান হৈ রে তাকী তস্বনি সোয় ফিরঢা ফরফূংদ্ বন্ধন হৈ রে শ্যাম ঔ শ্বেত দোনো বৈঠকা পহির পহুঁচ পৈহচান হৈ রে চেত্ দানা সুমেরিগুহে কৈব কুবকা আঁড়ুপড়া যেমি যেক ভেদ্ সস্তান হৈ রে পাঁচ পচ্চীস কো ছাঢবেকো হাথ রুড়ি লিয়ে গুরস্থান হৈ রে। জগজীবন দাস পহ রে সন্ত নির্ব্বান হৈ রে দয়া সদ্গুরুকো।

সৎনামী ফকিরদের পরস্পর সাক্ষাৎ হইলে, বন্দিগি সাহেব বলিয়া অভিবাদন করে। মহন্তকে এইরূপ সম্ভাষণ করিলে, তিনি সত্যনাম বলিয়া উত্তর দেন।

গায়ত্রী-ক্রিয়া।—পল্টুদাসী, আপাপন্থী, সৎনামী এই তিন সম্প্রদায়ীরা মৎস্য, মাংস ও মদ্য ব্যবহার করে না। ইহাদের মধ্যে অনেক সরল ও সজ্জন লোকও আছে। কিন্তু এই তিন সম্প্রদায়ী উদাসীনেরা এমন একরূপ বীভৎস ক্রিয়ার অনুষ্ঠান করে যে, তাহাতেই ইহাদের সমুদায় গুণ ও সমুদায় সাধনা আচ্ছন্ন হইয়া গিয়াছে। সেটি বাউল-সম্প্রদায়ের চারিচন্দ্রভেদের * অনুরূপ। সেটি নিজ নিজ মল, মূত্র ও শুক্র মন্ত্রপূত করিয়া ভক্ষণ করা বই আর কিছুই নয়। তাহারই নাম গায়ত্রী-ক্রিয়া। ইহারা সেই অতীব গুহ্য ক্রিয়াকে পরম পুরুষার্থ-সাধন বলিয়া বিশ্বাস করে এবং তাহা গোপন রাখিবার উদ্দেশে কতকগুলি সাঙ্কেতিক শব্দ ব্যবহার করিয়া থাকে। পশ্চাৎ উদাহরণ স্বরূপ তাহার কয়েকটি লিখিত হইতেছে।

---

* এই পুস্তকের প্রথম ভাগ, বাউল-সম্প্রদায়, ১৬৯ পৃষ্ঠা।

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
| --- | --- | --- | --- |
| বীজ। মণি। রস। | শুক্র। | ঊর্দ্ধ। | বাম চক্ষু। |
| অজর্। | মল। | লঙ্কা। | মুখ। |
| রামরস। | মূত্র। | দশানন। | দন্ত। |
| চন্দ্র। | নাসিকার বাম রন্ধ্র। | গোইন্দ্রিয়। | লিঙ্গ ও গুহ্যদ্বারের মধ্যস্থল। |
| সূর্য্য। | নাসিকার দক্ষিণ রন্ধ্র। | দশমদ্বার। | লিঙ্গের যে দ্বার দিয়া শুক্র নির্গত হয়। |
| অর্দ্ধ। | দক্ষিণ চক্ষু। | | |

উল্লিখিত তিন সম্প্রদায়ী ফকির অর্থাৎ উদাসীনেরা ঐ গায়ত্রী-ক্রিয়ার অনুষ্ঠান করে। আপনার মল, মূত্র ও শুক্র আপনি ভক্ষণ করিয়া থাকে। গৃহস্থেরা গায়ত্রী-ক্রিয়া করে না; পূর্ব্বোক্ত রাম-মন্ত্র মাত্র গ্রহণ করিয়া ভজনা করে।

এই গায়ত্রী-ক্রিয়া তিন প্রকার; বীজ মন্ত্র, অমর্ মন্ত্র ও অজর্ মন্ত্র। শুক্র সংক্রান্ত ক্রিয়ার নাম বীজ মন্ত্র, রামরস অর্থাৎ মূত্র সাধনার নাম অমর্ মন্ত্র এবং অজর্ অর্থাৎ মল সংক্রান্ত ক্রিয়ার নাম অজর্ বা গুরু মন্ত্র। মল যমুনাস্বরূপ, মূত্র গঙ্গাস্বরূপ এবং শুক্র সরস্বতী স্বরূপ। এই তিনের সমবেত নাম ত্রিবেণী। ইহার অন্য একটি নাম ত্রিকুটি। এই তিন সম্প্রদায়ের মতে, এই ত্রিবেণীই প্রকৃত ত্রিবেণী; পুরাণোক্ত ত্রিবেণী তাদৃশ মহিমান্বিত নয়। মন্ত্রোচ্চারণ সহকারে ঐ তিন পরম সামগ্রী ভক্ষণ করিলেই গঙ্গা, যমুনা ও সরস্বতীর সাধনা করা হয়। ইহাকেই ত্রিবেণী-সাধন বলে। এই সাধনেরই অন্য একটি নাম ত্রিগায়ত্রী-ক্রিয়া। যে মন্ত্র উচ্চারণ করিয়া যে দ্রব্য ভক্ষণ করিতে হয়, পশ্চাৎ লিখিত হইতেছে।

উল্লিখিত যমুনা-পানের মন্ত্র।

অজরি বজরি ধরতক্তুঁ ধরতি বৈঠী সংভার ঔক্তুঁ নাম অপেথ কহ ঔক্তুঁ নাম কী জায় কহে কবীর ধরমদাস ধী কাল্ত দাগ মিট জায়। দয়া সদ্গুরু কী।

উল্লিখিত গঙ্গা-পানের মন্ত্র।

অমরিত্ আয়া অমর বৌধবৈ জনমা রহা সমায়ি। অমৃতি

छूटे अमरि कंद अमरि ह्व ई पांच तत्त्वका फंद। कहै कबीर जो अमरि खाय जरा मरण त्यज अमर लोक को जाय। दया सद्गुरुकी।

এই মন্ত্র পাঠ করিয়া রামরস অর্থাৎ মূত্র পান করিতে হয়। রাম-রসের নাম রাম ও জিহ্বার নাম জানকী। এই দুই একত্র মিলিত হইলে পরম পদ লাভ হয়।

উল্লিখিত শুক্র-পানের মন্ত্র।

अजर् अजविनु अजमनु अजर् अमर् गुरु गम्भीर्।
पञ्च नाम पर सुन्नामन नाम कबीर। दया सद्गुरुकी।

গায়ত্রী-ক্রিয়ার অনুষ্ঠানকারী সাধকেরা শুক্র হস্তে ধারণ করিয়া ঐ মন্ত্র পাঠ পূর্ব্বক অগ্রে উহা দ্বারা ললাটে ঊর্দ্ধপুণ্ড্র করে, পরে অঞ্জন করিয়া দুই চক্ষে লেপন করে, তদনন্তর ভক্ষণ করিয়া থাকে। সৎনামী ফকিরেরা প্রতিদিনই ত্রিকালে গায়ত্রী-ক্রিয়া করে; মল-সংক্রান্ত গায়ত্রী এক বার ও মূত্র-সংক্রান্ত গায়ত্রী তিনবার আর প্রতি মাসে এক বার মাত্র শুক্র-সংক্রান্ত গায়ত্রী-ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকে। তদ্ভিন্ন, প্রতিদিন গণেশ-ক্রিয়া* নামে একরূপ শারীরিক ক্রিয়া সম্পাদন করে। সৎ-নামী প্রভৃতিরা বলেন, কবীরপন্থী ও দাদুপন্থীদের মধ্যেও গায়ত্রী-ক্রিয়া প্রচলিত আছে। উল্লিখিত মন্ত্র গুলির মধ্যেও কবীরের ধ্বনি রহিয়াছে দৃষ্ট হইতেছে। শুনিলাম, সৎনামীদের ন্যায় কবীরপন্থীরাও উল্লিখিত তিন প্রকার গায়ত্রী-ক্রিয়ারই অনুষ্ঠান করে; আপাপন্থী, পল্টু-দাসী ও দাদুপন্থীরা কেবল শুক্র-সাধনা করিয়া থাকে।

শৈব ও বৈরাগীদের ন্যায় এই সমুদায় পন্থীর মধ্যেও পরমহংস পদ বিদ্যমান আছে। যাঁহারা অন্য অন্য সমস্ত ক্রিয়া পরিত্যাগ করিয়া কেবল উক্তরূপ গায়ত্রী-ক্রিয়ার অনুষ্ঠান করেন, তাঁহারাই পরমহংস। তাঁহারা জাতি-বিচার অবলম্বন করিয়া চলেন না; সকলের অন্নই ভোজন করেন। পরমহংস সাহেব-জাতীয়†। তাঁহাদের লৌকিক জাতি নাই।

आपु आपु कै वाञ्छना आपु आपु कै वाव।

---

* গুহ্যদ্বারের অভ্যন্তর পরিষ্কার করাকে গণেশ-ক্রিয়া বলে।

† অর্থাৎ ঈশ্বর-জাতীয়।

যাকির্ জাতি অজাতি হৈ ঘর ঘট্ রহৈ সমায়।
জগজীবন সাহেবের বচন।

ভিন্ন ভিন্ন জাতি ভিন্ন ভিন্ন জাতি-সমীপেই গমন করে। কিন্তু ঈশ্বরের জাতি নাই; তিনি সকল ঘটেই ব্যাপ্ত হইয়া রহিয়াছেন।

পল্টুদাসী, আপাপন্থী, সৎনামী এই তিনের বিষয় যৎকিঞ্চিৎ যাহা লিখিত হইল, তদ্দারা এই তিনের ব্যবহার ও ধর্ম্মানুষ্ঠান পরস্পর সুসদৃশ ও সুসম্বদ্ধ বলিয়া প্রতীয়মান হইতেছে। এই তিন সম্প্রদায়ে * ব্যবহৃত, ফকির, বন্দিগি, সাহেব প্রভৃতি শব্দে ইহাদের মোসল্মান্-সংস্রব বা মোসলমান্-সম্প্রদায়ের আদর্শ-গ্রহণের পরিচয় দান করিতেছে। দরিয়াদাসীরাতো আধাহিন্দু ও আধামোসল্মান্ বলিয়া প্রবাদ আছে। ইহাদের ও বুনিয়াদদাসীদের সহিত আমার সাক্ষাৎকার ঘটে নাই এবং এই উভয়ের সবিশেষ বৃত্তান্ত জানিবার কোন উপায়ও প্রাপ্ত হওয়া যায় নাই।

বীজমার্গী।—ইহারা শুক্রকেই পরব্রহ্ম বলিয়া বিশ্বাস করে; কেননা শুক্র হইতেই সমস্ত জীবের উৎপত্তি হয়। শুক্রের নাম বীজ এই নিমিত্ত ইহাদের নাম বীজমার্গী। ইহাদের ভজন-সভার নাম সমাজ ও ভজনালয়ের নাম সমাজ-গৃহ। প্রতিদিন সন্ধ্যার সময়ে ঐস্থলে ভজনা হইয়া থাকে। গোরক্ষনাথ প্রভৃতির বিরচিত ভজন সমুদায় গান করাই ইহাদের ভজনার প্রধান অঙ্গ।

শৈব শাক্তাদির ন্যায় ইহাদেরও একরূপ চক্র হয় ও তাহাতে অতীব গুহ্য ব্যাপার সম্পন্ন হইয়া থাকে। শুক্লপক্ষীয় চতুর্দ্দশীতে ঐ চক্রের অনুষ্ঠান হইয়া থাকে। কোন বীজমার্গী নিজ বাটীর স্ত্রীলোক-বিশেষকে কোন সাধুর অর্থাৎ উদাসীন-বিশেষের সহিত সহবাস করাইয়া তাহা হইতে শুক্র নির্গত করিয়া লয়†। সেই বীজ একটি সিসিতে পুরিয়া রাখে ও চক্রের দিবস ঐ শুক্র সমাজ-গৃহে আনয়ন পূর্ব্বক একটি বেদির উপর পুষ্প-শয্যার

---

* বৈষ্ণব-সমাজে সম্প্রদায় শব্দটি রামানুজাদি চারি প্রধান সম্প্রদায় অর্থেই ব্যবহৃত হয়; কিন্তু উহার আভিধানিক অর্থ পরম্পরা-উপদিষ্ট মত ও উপাসক-দল-বিশেষ। তদনুসারে, এই গ্রন্থের নানা স্থানে উহা ঐ অর্থে প্রযোজিত হইয়াছে।

† ইহাদের গৃহে কোন সাধুর সমাগম হইলে, আপনার স্ত্রী অথবা কন্যাকে তদীয় সেবায় নিযুক্ত করে, তাহারই সহিত সঙ্গম করাইয়া তদীয় বীজ অর্থাৎ শুক্র গ্রহণ করে ও সেই শুক্র একটি সিসিতে তুলিয়া রাখে।

মধ্যস্থলে একটি পাত্রে স্থাপন করে * এবং তাহাতে দুগ্ধ, মধু, ঘৃত ও দধি মিশ্রিত করিয়া পঞ্চামৃত প্রস্তুত করে। সেই পঞ্চামৃত ঐ পাত্রে সংস্থাপন করিয়া পুষ্প ও মিষ্টান্ন দিয়া ভোগ দেয়। দিয়া, সমাজস্থ সকলকে পরিবেশন করিয়া দেয়। ইহারা চক্র-স্থলে জাতি-বিচার পালন করে না; সকলের অন্ন সকলেই ভক্ষণ করে।

গির্নার অঞ্চলে কাটিবার দেশে ইহাদের বসতি আছে। ইহারা আপনাদিগের মত-প্রণালীকে বিসামারগ বলিয়া পরিচয় দেয়। ইহাদের মহন্ত গৃহস্থ। শুনিতে পাই, পরমার্থ-সাধনার উদ্দেশে এক বীজমার্গী অন্য বীজমার্গীর ভার্য্যার সহিত সহবাস করে। কাহার বিবাহ হইলে, তাহার ভার্য্যাকে মহন্তের সহিত তিন দিবস একত্র অবস্থিতি করিতে হয়; মহন্ত সেই স্ত্রীলোককে মন্ত্রোপদেশ প্রদান করিয়া তাহার সহিত সম্ভোগ করেন।

ইহারা এইরূপ ব্যভিচারী বলিয়া সর্ব্বাংশে যথেচ্ছাচারী নয়। শুদ্ধাচারাভিমানী অন্যান্য বৈষ্ণবের ন্যায় গল-দেশে তুলসী-মালা ধারণ করে ও মদ্য মাংসাদি ব্যবহারেও বিরত থাকে। ইহারা আপনাদিগকে নির্গুণ-উপাসক বলিয়া পরিচয় দেয়, অথচ রাম ও কৃষ্ণ বিষয়ক সঙ্গীত গানও করিয়া থাকে। কিন্তু রাম কৃষ্ণকে বিষ্ণবতার বলিয়া স্বীকার করে না; পরব্রহ্মের নামই রাম ও কৃষ্ণ এই কথা বলিয়া থাকে। ইহারা দেহকে কৌশল্যা, দশ ইন্দ্রিয়কে দশরথ, কুমতি বা দ্বেষকে কেকয়ী, উদরকে ভরত ও সত্ত্বগুণকে শত্রুঘ্ন বলে। দেহের অভ্যন্তর-স্থিত রামরস নামক পদার্থ-বিশেষ রাম এবং লাহা নামক স্থান-বিশেষকে লক্ষ্মণ বলিয়া বিশ্বাস করে।

পূর্ব্বোক্ত বহুবিধ কলুষিত বিষয়ের বিবরণে এই প্রবন্ধ গুলিকে কলুষিত করা কোনরূপেই প্রীতিকর নয়। কিন্তু কি করি; ধর্ম্ম-প্রধান ভারতমণ্ডলে বীভৎসাকার অধর্ম্ম ধর্ম্ম-রূপ ধারণ করিয়া গুপ্ত-ভাবে কিরূপ ক্রীড়া করিতেছে, তাহা জনসমাজের গোচর না করিয়াই বা কিপ্রকারে নিরস্ত থাকি? মল-গর্ভ অন্ত্র-চ্ছেদন করিয়া না দেখিলেই বা তাহার প্রকৃতি ও রোগ কিরূপে নিরূপিত হইবে?

স্বামীনারায়ণী।—গুজরাট্ অঞ্চলে আমেদাবাদে নারায়ণ নামে একটি চর্ম্মকার বাস করিত। কোন বৈষ্ণব উদাসীন সেই স্থানে আসিয়া

---

* আরও শুনিয়াছি, ইহারা মহন্তের নিকট আপন স্ত্রীকে প্রেরণ পূর্ব্বক উভয়ের পরস্পর সহবাস দ্বারা বীজ বাহির করাইয়া লয় এবং সেই বীজ ও পূর্ব্বোক্ত পাত্রস্থ বীজ একত্র মিলিত করিয়া তাহার পূজা করে।

প্রাণ ত্যাগ করে। তাহার নিকট একখানি ধর্ম্ম-গ্রন্থ ছিল, ঐ চর্ম্মকার তাহা সংগ্রহ করিয়া রাখে। সে তাহার মর্ম্মার্থ কিছু বুঝিত না। গোঁড়া জেলার অন্তর্গত ছাপিয়া নামক গ্রামের অধিবাসী স্বামী নামে একটি ব্রাহ্মণ তীর্থ-পর্য্যটনে প্রবৃত্ত হইয়া ঐ আমেদাবাদে আগমন করে এবং উল্লিখিত নারায়ণ চর্ম্মকারের সহিত তাহার সাক্ষাৎকার-সংঘটন হয়। নারায়ণ কথা-প্রসঙ্গে স্বামীর নিকট ঐ গ্রন্থের বিষয় উপস্থিত করে এবং স্বামীও তাহা পাঠ করিয়া পরিতৃপ্ত হয়। পশ্চাৎ উভয়ে মিলিত হইয়া ঐ গ্রন্থের মতানুসারে একটি পন্থী প্রবর্ত্তিত করে এবং আপনাদের নামানুসারে তাহার নাম স্বামীনারায়ণী রাখে। এই প্রকারে এই পন্থীর স্বামীনারায়ণী নাম উৎপন্ন হয় এইরূপ প্রবাদ প্রচলিত আছে। উক্ত গ্রন্থের অর্চ্চনা ইহাদের প্রধান ধর্ম্ম; দেব-প্রতিমূর্ত্তির উপাসনা করা বিধেয় নয়। ইহারা একখানি চৌকির উপর ঐ গ্রন্থ স্থাপিত করিয়া মন্ত্রোচ্চারণ পূর্ব্বক পুষ্প, চন্দন, মিষ্টান্ন, তাম্বুলাদি উপকরণ দ্বারা তাহার অর্চ্চনা করে এবং ভক্তি শ্রদ্ধা সহকারে বাদ্য-বাদন পূর্ব্বক তুলসীদাস ও সুরদাসের বিরচিত সঙ্গীত সমুদায় গান করিতে থাকে। ইহাদের মতে, ঐ গ্রন্থের অর্চ্চনাতেই ভগবানের অর্চ্চনা করা হয়। ইহারা ভগবান্‌কেই স্বামী নারায়ণ বলে এবং কাহার মৃত্যু হইলে বারবার স্বামীনারায়ণ স্বামীনারায়ণ বলিয়া মৃত দেহ লইয়া যায়। আমেদাবাদ, জামনগর, ঝুন্নাগড়, ভাওনগর এই চারি স্থানে ইহাদের দেবালয় আছে। এই চারি স্থানই গির্ন্নার, কাটিবার ও গুজরাট অঞ্চলে অবস্থিত। বর্ষে বর্ষে ঐ চারি ধামেই ইহাদের উৎসব হইয়া থাকে। ফাল্গুন মাসে আমেদাবাদে, কার্ত্তিক মাসে জামনগরে, চৈত্র মাসের রামনবমীতে ঝুন্নাগড়ে এবং জ্যৈষ্ঠ মাসের পূর্ণিমাতে ভাওনগরে মহাসমারোহ পূর্ব্বক এক একটি মেলা হয়। ইহারা সকলেই গৃহী। কুর্ম্মি, কাঠি, বণিক্, ব্রাহ্মণ প্রভৃতি অনেক জাতীয় লোক এই পন্থীর মধ্যে প্রবেশ করিয়াছে। কিন্তু এক ধর্ম্মাক্রান্ত হইলেও, কেহ স্বজাতীয় ভিন্ন অন্যের হস্তে ভোজন করে না।

## মান্দ্রাজ ও বম্বাই প্রদেশীয় বৈষ্ণব-দল-বিশেষ।

বড়গল্ ও তিঙ্গল্ *।—মান্দ্রাজ প্রদেশীয় বৈষ্ণবেরা দুইটি প্রধান

* এ বিষয়ের একটি ইংরেজী প্রবন্ধে (Ind. Antiq., 1874, pp. 125 and 126.) এই দুইটি সম্প্রদায় বদকলই ও তেনুকলই বলিয়া লিখিত হইয়াছে। তিঙ্গল্ ও বড়্‌গলের মত ও ধর্ম্মানুষ্ঠান সংক্রান্ত যে সমস্ত বিষয় জানিতে পারিয়াছি, তাহা ঐ প্রবন্ধে লিখিত তদ্বিষয়ক বৃত্তান্তের

সম্প্রদায়ে বিভক্ত; বড়্গল্ ও তিঙ্গল্। বড়্গল্ নামক সম্প্রদায়ীরা সংস্কৃত শাস্ত্রের অধিকতর অনুশীলন করেন। অপর সম্প্রদায়ীরা যদিও তাহার প্রামাণ্য স্বীকার করেন, কিন্তু তাদৃশ পরিমাণে অধ্যয়ন ও আলোচনা করেন না। এইরূপ প্রবাদ আছে যে, ন্যূনাধিক ছয়শত বৎসর পূর্ব্বে কাঞ্চীপুর-নিবাসী বেদান্ত তেসিকর নামে একটি ব্রাহ্মণ হইতেই এই দুইটি সম্প্রদায়-বিভাগ উৎপন্ন হয়। তিনি এইরূপ প্রচার করিয়া দেন যে, আমি দাক্ষিণাত্য ব্রাহ্মণ-কুলের আচার ব্যবহার সংশোধন ও দক্ষিণাপথে উত্তর খণ্ডের সনাতন শাস্ত্র ও সনাতন ধর্ম্ম পুনঃ প্রতিষ্ঠা করণার্থ পরমেশ্বর কর্ত্তৃক প্রেরিত হইয়াছি।

উল্লিখিত উভয় সম্প্রদায়ীরা সাক্ষাৎ বিষ্ণুর উপাসক। বড়্গল্ বৈষ্ণবেরা বিষ্ণুর ন্যায় বিষ্ণু-শক্তিরও অস্তিত্ব ও প্রভাবশালিত্ব অঙ্গীকার করেন। উহা বিষ্ণুর ক্ষমা ও করুণা-স্বরূপা। তিঙ্গল্ বৈষ্ণবেরা জীবাত্মার মুক্তি-সাধন বিষয়ে ঐ বৈষ্ণবী শক্তির অনুকূলতা অঙ্গীকার করিয়া থাকেন, কিন্তু অন্য কোন বিষয়ে তাঁহার কার্য্যকারিত্ব স্বীকার করেন না। এ বিষয়ের মত-ভেদ এই উভয় সম্প্রদায়ের পরস্পর বিষম বিদ্বেষ ও বদ্ধ-মূল বিরোধের একটি প্রধান কারণ। তদুপলক্ষে বিস্তর বিচার ও বাদানুবাদ ঘটিয়া গিয়াছে। তদ্ভিন্ন, তিলকসেবা লইয়াও ইহাদের ঘোরতর বিবাদ বিসম্বাদ উপস্থিত হয়। তিঙ্গলের তিলকের সিংহাসন আছে; বড়্গলের তাহা নাই। উভয়েই স্বসম্প্রদায়ী তিলক ধর্ম্ম ও শাস্ত্র-সম্মত এবং প্রতিপক্ষের তিলক অশাস্ত্র-সিদ্ধ ও অধর্ম্ম-জনক বলিয়া অঙ্গীকার করেন। দক্ষিণাপথের অন্তর্গত কাঞ্চীপুর নামক স্থানে এই উপলক্ষে একবার এমন বিষম বিবাদ উপস্থিত হয় যে, ইহার জন্য বিচারালয়ে মোকদ্দমা পর্য্যন্ত হইয়া যায়।

শাক্তবৈষ্ণব ও ওয়ারেকরি।—বম্বাই প্রদেশে একরূপ শাক্তবৈষ্ণব আছে, তাহারা লক্ষ্মীর উপাসক। লক্ষ্মী বিষ্ণু-শক্তি। তাহারা সেই বৈষ্ণবী শক্তির উপাসনা করে বলিয়া তাহাদিগকে শাক্ত বলে। বাঙ্গালা দেশে এপ্রকার শাক্তবৈষ্ণব বিদ্যমান নাই। বোম্বাই অঞ্চলে ওয়ারেকরি নামক একরূপ ভিক্ষুক বৈষ্ণব দেখিতে পাওয়া যায়, তাহারা গল-দেশে ও বাহু-যুগলে তুলসী-মালা ধারণ করে এবং গিরি-মৃত্তিকার রঞ্জিত ধ্বজা ও ঝুলি সঙ্গে লইয়া পথিকদিগের নিকট ভিক্ষা করিয়া বেড়ায় *।

---

সহিত একরূপ অভিন্ন। অতএব উক্ত বদকলই ও তেন্কলই বড়্গল্ ও তিঙ্গল্ তাহার সন্দেহ নাই।

* Indian Antiquary, 1881, pp. 72 and 73.

# দ্বিতীয় ভাগের পরিশিষ্ট

## উপক্রমণিকা।

( ৩৬ পৃষ্ঠা। )

রামমোহন রায় বাঙ্গালা ভাষায় গৌড়ীয় ব্যাকরণ ব্যতিরেকে খগোল ও জ্যাগ্রাহী নামে জ্যোতিষ ও ভূগোল বিদ্যা বিষয়ক অপর দুইখানি শিক্ষা-পুস্তক প্রস্তুত করেন।—তত্ত্ববোধিনী পত্রিকা, ১৮০০ শক, চৈত্র মাস, ২৩৩ পৃষ্ঠা।

( ৭৯ পৃষ্ঠা।—ব্রাহ্মণের সংস্কৃত-কথন। )

যেপ্রকার ভাষায় ঋগ্বেদসংহিতার মন্ত্র সমুদায় বিরচিত হয় এবং যাহা কিছু কিছু রূপান্তরিত ও পরিষ্কৃত হইয়া পশ্চাৎ সংস্কৃত নামে প্রসিদ্ধ হয়*, সেই সুপ্রাচীন আর্য্য-ভাষা পূর্ব্বকালে জনসমাজ-বিশেষের দেশ-ভাষা ছিল †। যেমন বাঙ্গালায় বাঙ্গালা, হিন্দুস্থানে হিন্দুস্থানী ও

* যেমন বাঙ্গালার দেশ-ভাষা পরিষ্কৃত ও সংস্কৃতানুগত করিয়া তাহার নাম সাধুভাষা দেওয়া হইয়াছে, সেইরূপ, পূর্ব্বকালে কথোপকথনে ব্যবহৃত আর্য্যভাষা পরিষ্কৃত ও ব্যাকরণানুগত করিয়া তাহার নাম সংস্কৃত রাখা হয়। সংস্কৃত শব্দের অর্থ পরিষ্কৃত বই আর কিছুই নয়। রামায়ণ অপেক্ষা প্রাচীনতর কোন গ্রন্থে এই নামটি বিদ্যমান নাই। এখন বৈদিক ও সারসিক উভয় প্রকার ভাষাই সংস্কৃত বলিয়া উল্লিখিত হইয়া থাকে; যেমন বৈদিক সংস্কৃত ও সারসিক সংস্কৃত। তদনুসারে, এই প্রবন্ধের মধ্যে স্থানে স্থানে বৈদিক ভাষাও সংস্কৃত বলিয়া লিখিত হইবে।

† যত সময় ব্যাপিয়া ঋগ্বেদসংহিতার মন্ত্র সমুদায় বিরচিত হয়, তাহার মধ্যে সিন্ধু নদের পশ্চিমোত্তর হইতে গঙ্গা ও যমুনার অন্তর্গত অন্তর্ব্বেদী পর্য্যন্ত আর্য্যবংশীয় হিন্দুদের বসতি-বিস্তার হইয়া যায়*। এইরূপ বিস্তৃত ভূমি-খণ্ডে এরূপ একটিমাত্র অভিন্ন ভাষা প্রচলিত ছিল যে, ভিন্ন ভিন্ন প্রদেশে তাহার শব্দ ও বিভক্তির কোন অংশে কিছুমাত্র প্রভেদ ছিল

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৬৫ পৃষ্ঠা দেখ।

মহারাষ্ট্রে মহারাষ্ট্রী ভাষা কথোপকথনে ব্যবহৃত হইয়া থাকে, এক-কালে আর্য্য-সমাজে ঐ বৈদিক ভাষা সেইরূপই হইত। ঐ ভাষাই ক্রমশঃ পরিবর্ত্তিত হইয়া পালি ও প্রাকৃত ভাষা সমুদায় উৎপন্ন হয় তাহার সন্দেহ নাই*। বৈদিক ভাষার সহিত ঐ দুই প্রকার ভাষার অনেকাংশে সাদৃশ্য দেখিতে পাওয়া যায়†। অতএব বৈদিক

---

না এটি একটি অসম্ভব কথা। কথোপকথনে প্রচলিত ভাষা স্থান-ভেদে ও সময়-ভেদে পরিবর্ত্তিত না হইয়া যায় না, ভারতবর্ষীয় পণ্ডিতেরাও ইহা একরূপ স্বীকার করিয়া গিয়াছেন। কৌশিতকী ব্রাহ্মণে লিখিত আছে, উত্তর দেশের ভাষা উৎকৃষ্ট বলিয়া পরিগণিত ছিল। যাস্ক ঋষি বলেন, অন্য স্থানে অপ্রচলিত গত্যর্থ ক্রিয়া-বিশেষ কাম্বোজ দেশে প্রচলিত ছিল। দেশ বা প্রদেশ-বিশেষে সংস্কৃত ভাষার যে অবস্থা-বিশেষ উৎপন্ন হয়, ঐ সকল বাক্য-প্রমাণে তাহা স্পষ্টই বুঝিতে পারা যাইতেছে *।

* বুর্নুফ্ ও লেসেন্ প্রণীত Essai Sur le Páli নামক পুস্তক খানি এ বিষয়ের একখানি সুন্দর গ্রন্থ। শ্রীমান্ বেবের এবিষয়ের একটি স্বতন্ত্র মত প্রকাশ করেন। তিনি বলেন, প্রাকৃত ভাষা সমুদায় বৈদিক ভাষার সমকালবর্ত্তী। তাঁহার এই অভিপ্রায়টি না ভারতবর্ষীয় প্রাচীনপণ্ডিত-গণের মতানুযায়ী, না অধুনাতন ইউরোপীয় প্রধান প্রধান সংস্কৃতজ্ঞ পণ্ডিত-গণেরই অনুমোদিত। শ্রীমান্ ওফ্রেক্ট্ স্পষ্টাক্ষরে ইহার প্রতিবাদ করিয়াছেন †। প্রাকৃত যে সংস্কৃতের রূপান্তর, একথা ভারতবর্ষীয় বৈয়াকরণেরাও অঙ্গীকার করিয়া গিয়াছেন। তাঁহারা বলেন, প্রাকৃতের মধ্যে তিন প্রকার শব্দ সন্নিবেশিত আছে; তৎসম অর্থাৎ বিশুদ্ধ সংস্কৃত, তদ্ভব অর্থাৎ সংস্কৃত-সম্ভূত এবং দেশি অর্থাৎ দেশ-প্রচলিত অসংস্কৃত শব্দ। তাঁহাদের এ অভিপ্রায়টি নিতান্ত প্রমাণ-সিদ্ধ। পূর্ব্বতন পালি ও প্রাকৃতে এবং অধুনাতন দেশ-ভাষা সমুদায়ে এইরূপই দৃষ্ট হইয়া থাকে।

† এবিষয়ের দুই চারিটি উদাহরণ প্রদর্শিত হইতেছে, দেখিলেই হৃদয়ঙ্গম হইবে।

পালিতে গো শব্দের ষষ্ঠীর বহুবচনে গোনাং হয়। এটি বৈদিক গোনাং

---

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৮ ও ৯ পৃষ্ঠায় এবিষয়ের প্রমাণ দেখিতে পাইবে।

† Professor Aufrecht's remarks on Professor Weber's opinion inserted in Muir's Original Sanskrit Texts, Vol. II., 1871, p. 131

ভাষা হইতেই সেই সমুদায়ের উৎপত্তি হওয়া সম্ভব। সেই সমস্ত পুনরায় ক্রমে ক্রমে রূপান্তরিত হইয়া অধুনাতন হিন্দী বাঙ্গালা প্রভৃতি বিভিন্ন দেশ-ভাষায় পরিণত হইয়াছে। সেই মূলীভূত বৈদিক ভাষা সমুদায় কথোপকথনে প্রচলিত না থাকিলে কখনই এরূপ ঘটিতে পারে না। ট্রেসন, ওক্রেষ্ট, বেনফি, কুন, মিয়র্ প্রভৃতি প্রধান

---

পদেরই অনুরূপ। পালি ভাষায় ফল, অখি, মধু এই সকল ক্লীবলিঙ্গ শব্দের কর্ত্তা ও কর্ম্ম কারকের বহুবচনে ফলা অখী ও মধূ হয়। এ সমুদায়ই বৈদিক রূপ। সংস্কৃত কৃত্বা পদের পরিবর্ত্তে পালি ও প্রাকৃতে কত্তান বা কাতূন হয়। এটিও বৈদিক শব্দরূপের অনুরূপ। সারসিক পীত্বা ও ইষ্ট্বা পদের স্থলে বেদে পীত্বানম্ ও ইষ্টানম্ পদের প্রয়োগ আছে। নিরুক্তে (৬। ৭) লিখিত আছে, বয়ম্ পদের সকল কারকেই অস্মে হয়। পালিতেও সকল কারকেই অম্হে হইয়া থাকে; যেমন কর্ত্তা কারকে অম্হে, কর্ম্ম কারকে অম্হে ও অম্হাকম্, করণে অম্হেভি অথবা অম্হেহি এবং সম্বন্ধ কারকে অম্হাকম্। সারসিক সংস্কৃতে অকারান্ত শব্দের করণ কারকের বহুবচনে ঐ অকারের পরিবর্ত্তে ঐঃ আদেশ হয়। যেমন শিবৈঃ। বেদে ঐঃ এবং এভিঃ উভয়ই হইয়া থাকে; যেমন অগ্নিঃ পূর্ব্বেভিঃ ঋষিভিরীড্যোনূতনৈরুত। (ঋ—সং ২ ঋক।) পালিতেও এস্থলে এভি ও এহি আদিষ্ট হইয়া থাকে; যেমন বুদ্ধেভি বা বুদ্ধেহি।

ছন্দের অনুরোধেই হউক বা অন্য কারণেই হউক, দুই, তিন ও চারি অক্ষরের সংস্কৃত শব্দের যুক্তাক্ষর-বিশেষের স্থানে অযুক্তাক্ষর আদিষ্ট হইয়া বাঙ্গালা ভাষায় যেরূপ যথাক্রমে তিন, চারি ও পাঁচ অক্ষরের শব্দ হইয়াছে, যেমন যত্নে, রত্নে, ধর্ম্মে, শ্বশ্রূঃ, কুব্জা, দর্শনে ও অদর্শনে পদের পরিবর্ত্তে যতনে, রতনে, ধরমে, শাশুড়ী, কুবুজা, দরশনে ও অদরশনে পদ, বৈদিক ভাষাতেও অবিকল সেইরূপ দৃষ্ট হইয়া থাকে; যেমন ত্বম্, তুর্য্যাম্, মর্ত্যায়, বরেণ্যম্, অমাত্যম্ ইত্যাদি পদের স্থানে তুঅম্, তুরিয়ম্, মর্তিআয়, বরেনিঅম্ ও অমাতিঅম্ পদের প্রয়োগ দেখিতে পাওয়া যায়। প্রাকৃত ভাষা সমুদায়েও শব্দ সমূহের ঐরূপ অক্ষর-বৃদ্ধি দৃষ্ট হইয়া থাকে। শ্রী, স্বম্, জ্বালা, চন্দ্রেণ, শক্নোমি, চৈত্রঃ, কারস্থঃ, শ্যাল, ক্রিয়া, নিরাকৃত্য ইত্যাদি সংস্কৃত পদের স্থানে সিরি, তুমং, জালিঅ, চাঁদএণ, সক্কণোমি, চইত্তো, কাঅত্থও, সালঅ, কিরিআ, নিরাকরিঅ ইত্যাদি পদ প্রচলিত দেখা যায়।

এই সমুদায় বিবেচনা করিয়া দেখিলে বৈদিক ভাষাই প্রাকৃত ভাষার মূল এইটিই প্রতীয়মান হইয়া উঠে। পালি ও প্রাকৃত যে নিতান্ত অপ্রাচীন নয় তাহারও যথেষ্ট প্রমাণ আছে। খ, পূ, চতুর্থ শতাব্দীতে পালি যে, দেশ-ভাষা ছিল ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে *। ললিতবিস্তর নামক

---

* উপক্রমণিকাংশের ৮০ পৃষ্ঠা দেখ।

প্রধান ইউরোপীয় সংস্কৃতজ্ঞ পণ্ডিতেরা অনেকে এবিষয়ে বিবিধ প্রবন্ধ রচনা করিয়া এই অভিপ্রায় প্রকাশ ও অঙ্গীকার করিয়া গিয়াছেন।

শ্রীমান্ মিয়র্ তাঁহার সুপ্রমাণ-সিদ্ধ সমীচীন গ্রন্থাবলীর দ্বিতীয় খণ্ডের একটি প্রবন্ধ মধ্যে সুস্পষ্ট প্রদর্শন করিয়াছেন, লাটিন্-ভাষা যেরূপ পরিবর্ত্তিত হইয়া ইটালীয় ভাষায় পরিণত হইয়াছে, সংস্কৃত-ভাষা-সম্ভূত

---

বুদ্ধচরিত গ্রন্থে গাথা নামক কতকগুলি বচন বিনিবেশিত আছে। চীন-দেশীয় বৌদ্ধদিগের পুস্তকে লিখিত আছে, ঐ গ্রন্থ ৭৬ খৃষ্টাব্দে চীন ভাষায় অনুবাদিত হয়। ইহা হইলে খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের অর্থাৎ ১৯০০ উনিশ শ বৎসরের পূর্ব্বে ঐ গ্রন্থ ও সুতরাং উহার অন্তর্গত গাথা সমস্ত প্রচারিত ছিল বলিতে হয়। পালিমহাবংস নামক পুস্তকের ৩৭ সাইত্রিশ পরিচ্ছেদে গাথার প্রসঙ্গ আছে *। অশোক রাজার খোদিত অনুশাসনপত্রে মুনিগাথা অর্থাৎ মুনি-প্রণীত গাথার উল্লেখ আছে †। অতএব খৃষ্টাব্দের তিন চারি শত বৎসর পূর্ব্বে গাথার ভাষা প্রচলিত ছিল তাহার সন্দেহ নাই। গাথার মধ্যে অনেকানেক অবিকৃত সংস্কৃত শব্দ এবং অবিকল পালি ও প্রাকৃত পদ বা তাহার অনুরূপ শব্দ-সমূহ সন্নিবেশিত আছে। উহার ভাষা এক দিকে সংস্কৃত ও অপর দিকে পালি ও প্রাকৃত এই উভয়ের মধ্যস্থলবর্ত্তী। সংস্কৃত ভাষা কথোপকথন-ক্রমে ক্রমশঃ অপভ্রষ্ট হইয়া যে সকল ভাষা উৎপন্ন হইয়াছে, গাথা তাহার একটি সুপ্রাচীন ভাষা। সংস্কৃতের সহিত প্রাকৃত অপেক্ষা পালি ভাষার অধিক সাদৃশ্য ও নৈকট্য সম্বন্ধ দেখিতে পাওয়া যায়; যেমন,

| সংস্কৃত | পালি | প্রাকৃত |
|---|---|---|
| জীবিতম্ | জীবিতং | জীবিঅং, জীঅং |
| পিতা | পিতা | পিআ |
| কথয়িতুম্ | কথেতুং | কধেদুং |
| ষষ্টিঃ | ষট্‌ঠি | লট্‌ঠি |

অতএব পালি ভাষা সংস্কৃত সাহিত্যে ব্যবহৃত সমুদায় প্রকার প্রাকৃত অপেক্ষা প্রাচীন এবং গাথার ভাষা পালি অপেক্ষা প্রাচীন হওয়াই সম্ভব।

যখন অশোক রাজার অনুশাসনপত্রে অর্থাৎ খৃষ্টাব্দ-প্রবর্ত্তনের তিন চারি

* Turnour's Mahavanso, 1837, p. 252.

† বির্‌নূক্ এই "মুনিগাথা" মুনি-প্রণীত অর্থাৎ শাক্য-প্রণীত বলিয়া অর্থ করেন। কিন্তু প্রিন্সেপ্ ও উইল্‌সন্ হিন্দু-শাস্ত্র-বিশেষ বলিয়া উহার ব্যাখ্যা করিয়াছেন।— Journal of the Royal Asiatic Society, Vol. XVI., pp. 359, 363 and 367.

পালি ও প্রাকৃত ভাষাতেও অনেক স্থলে অবিকল সেইরূপ শব্দ-পরিবর্তন দৃষ্ট হইয়া থাকে। এ বিষয়টি বাঙ্গালা-দেশীয় পাঠকগণের হৃদয়ঙ্গম

---

শত বৎসর পূর্ব্বে একরূপ পালি ভাষা প্রচলিত ছিল দেখা গিয়াছে *, তখন গাথার ভাষা খৃ, পূ, পঞ্চম শতাব্দী অপেক্ষা অপ্রাচীন হওয়া সম্ভব নয়। ফলতঃ উহা শাক্যমুনির সময়ের অর্থাৎ খৃ, পূ, পঞ্চম বা ষষ্ঠ শতাব্দীর দেশ-ভাষবাবিশেষ বলিয়াই অনুমিত হইয়াছে †।

বেদের ব্রাহ্মণভাগের মধ্যেও নিকৃষ্ট ভাষা-কথনের প্রসঙ্গ আছে। ঐতরেয় ব্রাহ্মণে শ্যাপর্ণ নামক সন্ত-বংশীয়েরা অপবিত্র-ভাষী (পুতাং বাচো বদিতারঃ) এবং পঞ্চবিংশ ব্রাহ্মণে ব্রাত্যেরা ইতর-ভাষী বলিয়া উল্লিখিত হইয়াছে। শতপথ ব্রাহ্মণে (৩, ২, ১, ২৪) অসুরেরা ঐরূপ নীচ-ভাষী বলিয়া নিন্দিত হইয়াছে। ‡ যদি ঐ সমস্ত ইতর ভাষা অপভ্রষ্ট সংস্কৃত অর্থাৎ প্রাকৃতাদি দেশ-ভাষা হয়, তাহা হইলে, ব্রাহ্মণ-রচনার পূর্ব্বে অর্থাৎ সারসিক সংস্কৃত উৎপন্ন হইবার অগ্রেই বৈদিক ভাষা রূপান্তরিত হইয়া ক্রমশঃ গাথা, পালি ও প্রাকৃত ভাষা সমুদায়ের উৎপত্তি হয় এরূপ স্বীকার করিতে হইতেছে। কিছু পরে দেখিতে পাওয়া যাইবে, ব্রাহ্মণেরা এক সময়ে দেব ও মনুষ্য উভয় ভাষাতেই কথোপকথন করিতেন ইহা ব্রাহ্মণভাগের মধ্যে লিখিত আছে। সেই মনুষ্য-ভাষা যদি প্রাকৃত হয়, তাহা হইলে, সেই ব্রাহ্মণ-বচনকেও উক্ত সিদ্ধান্তেরই পোষক বলিয়া অঙ্গীকার করিতে হয়।

সারসিক সংস্কৃতে সন্ধি-সমাসের যেরূপ আড়ম্বর, কথোপকথনে ব্যবহৃত ভাষায় সেরূপ থাকা সম্ভব নয়। তাহা হইলে লোকের বোধগম্যই হয় না। বৈদিক সংস্কৃত সেরূপ নয়; অতি সরল। সুতরাং কথোপকথনে ব্যবহৃত হইবার নিতান্ত উপযুক্ত। এ বিবেচনা অনুসারেও, সারসিক অপেক্ষা বৈদিক সংস্কৃতই দেশ-ভাষা স্বরূপ প্রচলিত থাকা অধিকতর সম্ভব ও সঙ্গত।

---

* বৌদ্ধ শাস্ত্রের পালি ও অশোক রাজার খোদিত লিপির পালি এই উভয়ে কিছু কিছু বিশেষ দেখিতে পাওয়া যায়। এমন কি, পালির কতকগুলি শব্দরূপ খোদিত লিপি অপেক্ষা প্রাচীন এবং খোদিত লিপির কতকগুলি শব্দরূপ পালি অপেক্ষা প্রাচীন।

† Rajendra Lall Mitra's dissertation on the Gatha dialect in No. 6 of the Journal As. Soc., Bengal, 1854 and Muir's Original Sanskrit Texts, Vol., II., 1871. Chap. I., sec. VII. পাঠ কর।

‡ Weber's History of Indian Literature, p. 180.

করিয়া দিবার উদ্দেশে ঐ প্রবন্ধ হইতে তাহার কয়েকটি শব্দ এই প্রস্তাব-সংক্রান্ত অন্য অন্য বিষয় সম্বলিত পশ্চাৎ উদ্ধৃত হইতেছে। পাঠ করিলে দেখিতে পাইবে।

সংস্কৃত ও লাটিন্ উভয় ভাষার শব্দের ক্ত্ বা ক্ট্, প্ত্ বা প্ট্, প্ল্ বা ক্ল্, জ্ঞ্ এই সমস্ত যুক্ত বর্ণ স্থানে পালি, প্রাকৃত ও ইটালীয় ভাষায় ত্ত বা ট্ট্, ত্ত্ বা ট্ট্, প্, বা ক্ক্ এবং জ্জ্ বর্ণের আদেশ হয়। শব্দ-বিশেষের ক্, প্, ল্ ও ব্ বর্ণ লুপ্ত হইয়া পর-বর্ণের ও কদাচিৎ পূর্ব্ব-বর্ণেরও দ্বিত্ব হয়।

| লাটিন্ | ইটালীয় | সংস্কৃত | পালি বা প্রাকৃত |
|---|---|---|---|
| পর্‌ফেক্‌টস্ | পের্‌ফেট্টো | মুক্তস্ | মুত্তো |
| জঙ্ক্‌টস্ | জুণ্টো | ভক্তস্ | ভত্তো |
| ট্রেক্‌টস্ | ট্রাট্টো | ভুক্তস্ | ভুত্তো |
| রপ্টস্ | রোট্টো | উপ্তস্ | উত্তো |
| ক্যপ্টাইবস্ | কাট্টিবো | তৃপ্তিস্ | তিত্তি |
| এস্‌সম্প্টস্ | আস্থণ্টো | তপ্তস্ | তত্ত |
| প্লেক্‌টস্ | পিয়াণ্টো | বিক্লবস্ | বিক্কবো |
| সব্‌জেক্টস্ | সোড্‌জেট্টো | কুব্জস্ | খুজ্জো |
| অব্‌জেক্টস্ | ওড্‌জেট্টো | অব্জস্ | অজ্জো |
| ডিক্টস্ | ডেট্টো | যুক্তস্ | জুত্তো |
| ফ্রুক্টস্ | ফ্রুট্টো | সিক্‌থক | সিত্থও |
| ফেক্টস্ | ফাট্টো | সক্তস্ | সত্তো |
| এপ্টস্ | আট্টো | সুপ্তস্ | সুত্তো |
| সেপ্টেম্ | সেট্টে | লুপ্তস্ | লুত্তো |
| সব্‌টস্ * | সট্টো | সপ্তমস্ | সত্তমো |

উল্লিখিত লাটিন্ ও সংস্কৃত পদ সমূহের অন্তস্থিত অস্ ভাগের স্থানে ইটালীয়, পালি ও প্রাকৃত পদে ওকারের আদেশ দেখিতে পাওয়া যাইতেছে। এইরূপ বিভক্তি-পরিবর্ত্তনেরও সৌসাদৃশ্য লক্ষিত হইয়া থাকে।

জগতের কোন পদার্থই প্রাকৃতিক নিয়মের বহির্ভূত নয়। ইটালি ও আর্য্যাবর্ত্তে ভাষার পরিবর্ত্তন একরূপই ঘটিয়াছে। যখন ইটালি দেশে কথোপকথন-ক্রমেই ভাষার ঐরূপ পরিবর্ত্তন সংঘটিত হয়,

* লাটিন্ শব্দগুলির প, ট, জ প্রভৃতি অকার সংযুক্ত হল বর্ণ সমুদায়ের উচ্চারণ সবিক হ্রস্ব জানিতে হইবে। সব্‌জেক্টস্ ও সেপ্টেম্ শব্দের একারও ঐরূপ হ্রস্ব।

তখন আর্য্যাবর্ত্তেও ঐ কারণেই পালি ও প্রাকৃত শব্দরূপ উৎপন্ন হই-য়াছে বই আর কি মনে করিতে পারা যায়।

একরূপ সংস্কৃত যে, ভারতবর্ষীয় আর্য্যকুলের দেশ-ভাষা স্বরূপ প্রচলিত ছিল, প্রাচীন সংস্কৃতজ্ঞ পণ্ডিতেরাও তাহা স্বীকার করিয়া গিয়াছেন। যাস্ক ও পাণিনি নিজ নিজ সময়ের প্রচলিত সংস্কৃতকে ভাষা এবং বৈদিক সংস্কৃতকে অন্বধ্যায়, ছন্দস্ ও নিগম প্রভৃতি বলিয়া উল্লেখ করিয়াছেন।

> तेषामेते चत्वारः उपमार्थे भवन्ति इति। 'इव' इति भाषायाञ्च अन्वध्यायञ्च 'अग्निरिव' 'इन्द्रः इव' इति। 'न' इति प्रतिषेधार्थीया भाषायामुभयमन्वध्यायम्।
>
> निरुक्त। १। ৪।

সেই সমুদায় নিপাত শব্দের মধ্যে চারিটি উপমার্থে ব্যবহৃত হয়। ভাষা ও অন্বধ্যায় (অর্থাৎ বেদ) উভয়েতেই ইব শব্দের এই অর্থ। অগ্নিরিব, ইন্দ্রইব, অর্থাৎ অগ্নিসদৃশ, ইন্দ্রসদৃশ। ন শব্দ ভাষায় কেবল প্রতিষেধার্থ প্রয়োজিত হয়। বেদে নিষেধ ও উপমা উভয়ার্থেই ব্যবহৃত হইয়া থাকে।

এইরূপ পাণিনি ব্যাকরণেরও "ভাষায়াং সদবসশ্রুবঃ" (৩। ২। ১০৮।), "স্থে চ ভাষায়াং" (৬। ৩। ২০।), "বিভাষা ভাষায়াং" (৬। ১। ১৮১।), "প্রথমায়াশ্চ দ্বিবচনে ভাষায়াং" (৭। ২। ৮৮।) এই সমুদায় সূত্রে ভাষার উল্লেখ করিয়া ভাষা পদ সমুদায় সিদ্ধ করা হইয়াছে। সে সমুদায় পদ এই, সেদিবান্, অধ্যূষিবান্, শুশ্রুবান্, সমস্থঃ, কূটস্থঃ, পঞ্চভিঃ, তিসৃভিঃ, চতসৃভিঃ, যুবাং, আবাং, যুবয়োঃ, আবয়োঃ। এ সমুদায়ই সংস্কৃত পদ দেখা যাইতেছে। আর পাণিনি সূত্র-বিশেষে যে সমস্ত বৈদিক পদ সিদ্ধ করিয়াছেন, তাহা ছন্দস্, নিগম, মন্ত্রাদির প্রয়োগ বলিয়া উল্লিখিত হইয়াছে *। এই সমু-

---

* "বিভাষাচ্ছন্দসি" (১। [illegible]৩৬।), "অয়স্ময়াদীনি ছন্দসি" (১।৪।২০।), "মন্ত্রে ঘসহ্বরনশবৃদহাদ্বৃচ্কৃগমিজনিভ্যো লেঃ" (২। ৪। ৮০।), "বহুলং ছন্দসি" (৪। ৪। ৯৬।), "সাঢ্যৈ সাঢ়্বা সাঢেতি নিগমে" (৬। ৩। ১১৩।), "ঋচি তুনুঘমক্ষুতঙ্কুত্রোরুষ্যাণাং" (৬। ৩। ১৩৩।), "বা ষপূর্ব্বস্য নিগমে" (৬। ৪। ৯।) এই সমুদায় সূত্রে ছন্দঃ, মন্ত্র, নিগমাদি বেদ-বাচক শব্দের উল্লেখ করিয়া বৈদিক পদ সমুদায় সিদ্ধ করা হইয়াছে; যেমন অয়স্ময়, সাঢ়্বা, সাঢা ইত্যাদি। সাময়িক সংস্কৃতে এই সকল শব্দের স্থলে অয়োময়, সোঢ়্বা, সোঢা ইত্যাদি প্রচলিত আছে।

দ.য় শব্দের অর্থ বেদ। অতএব যাস্কের ন্যায় তাঁহারও সময়ে বৈদিক পদ ও ভাষা পদ পরস্পর স্বতন্ত্র বলিয়া পরিজ্ঞাত ছিল ইহা স্পষ্টই জানিতে পারা যাইতেছে।

উল্লিখিত ভাষা শব্দ দেশ-ভাষা বাচক ভিন্ন আর কি হইবে? অদ্যা-বধি ভারতবর্ষে দেশ-ভাষা ভাষা বলিয়া উক্ত হইয়া থাকে। ব্রজভাষার অর্থ বৃন্দাবন অঞ্চলের দেশ-ভাষা। বাঙ্গালা-দেশীয় ব্রাহ্মণ পণ্ডিতেরা বাঙ্গালা গ্রন্থকে ভাষা-গ্রন্থই বলিয়া থাকেন। রামমোহন রায় মাণ্ডক্যো-পনিষদ্ ও বাজসনেয় সংহিতোপনিষদের ভাষা-বিবরণ প্রচার করেন। সেই "ভাষা-বিবরণ" পদের অর্থ বাঙ্গালা অনুবাদ বই আর কিছুই নয়। অতএব যখন যাস্ক ও পাণিনি গ্রন্থে সংস্কৃত পদ সমুদায় ভাষা-পদ বলিয়া উক্ত হইয়াছে, তখন তাঁহাদের সময়ে ভারতভূমিতে * সংস্কৃত ভাষা দেশ-ভাষা স্বরূপ প্রচলিত ছিল বলিতে হইবে।

মনুসংহিতা-কারক আর্য্য ও ম্লেচ্ছ দুই প্রকার ভাষার প্রসঙ্গ করিয়াছেন।

মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ।
ম্লেচ্ছবাচশ্চার্য্যবাচঃ সর্ব্বে তে দস্যবঃ স্মৃতাঃ ॥

মনুসংহিতা। ১০। ৪৫॥

---

* অশোক রাজার অনুশাসনপত্র যে কয়েক প্রকার দেশ-ভাষায় বিরচিত হয়, তাহার একটি আর্য্যাবর্ত্তের পূর্ব্ব খণ্ডে, অন্য একটি পেসোয়ার প্রদেশে এবং অপর একটি গুজরাট অঞ্চলে প্রচলিত ছিল। অতএব ঐ সময়ের পূর্ব্বে কথোপকথন ক্রমে উৎপন্ন সে সমস্ত ভাষার মূলীভূত সংস্কৃতও ভারতভূমির ঐ সমস্ত ভাগের দেশ-ভাষা ছিল বলিতে হইবে।

সিন্ধু নদের পশ্চিম প্রদেশের অনেকানেক গ্রাম নগরাদির সংস্কৃত নাম ছিল, ঐ অঞ্চলের অধুনাতন কোন কোন ভাষা সংস্কৃত-মূলক বলিয়া প্রতীয়মান হয়, চীন-দেশীয় তীর্থযাত্রীদের ভ্রমণ-বিবরণে ঐ অঞ্চলে সংস্কৃত ভাষা প্রচ-লিত থাকিবার নিদর্শন লক্ষিত হইয়া থাকে এই সমস্ত প্রমাণানুসারে জানিতে পারা যাইতেছে, পূর্ব্বকালে সংস্কৃতই ঐ প্রদেশে দেশ-ভাষা ছিল। অধুনাতন মহারাষ্ট্রীয় ভাষা সংস্কৃত-মূলক। সুতরাং পূর্ব্বকালে উহার মূল-স্বরূপ সংস্কৃত ভাষা সেখানেও প্রচলিত ছিল বলিতে হয়। অতএব এক সময়ে আর্য্যাবর্ত্ত সম্বলিত বহু-বিস্তৃত ভূমি-খণ্ড-নিবাসী কোটি কোটি লোক একরূপ সংস্কৃত-ভাষী ছিল ইহা নিঃসংশয়ে নির্দ্ধারিত হইতেছে। উজ্জয়িনী, কাশ্মীর, কান্য-কুব্জ প্রভৃতি নানাস্থানে বিরচিত নাটক মধ্যে ব্যবহৃত সংস্কৃত-মূলক প্রাকৃত ভাষাতেও ঐ সিদ্ধান্তেরই পোষকতা করিতেছে।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের মধ্যে যাহারা ক্রিয়া-লোপাদি দোষে সমাজ-বহিভূর্ত হয়, তাহারা আর্য্য-ভাষী বা ম্লেচ্ছ-ভাষী হউক, সকলেই দস্যু বলিয়া উল্লিখিত হইয়াছে।

নিরুক্ত-পরিশিষ্টের ভাষ্যে উদ্ধৃত একটি ব্রাহ্মণ-বচনে লিখিত আছে, ব্রাহ্মণেরা দুই প্রকার ভাষায় কথোপকথন করেন; দেব-ভাষা ও মনুষ্য-ভাষা।

ब्राह्मणा उभयीं वदन्ति या च देवानाम् या च मनुष्याणाम् ।

निरुक्त-পরিশিষ্ট-ভাষ্য। ১। ৯॥

বোধ হয়, এই ব্রাহ্মণ-রচনার সময়ে ব্রাহ্মণেরা বৈদিক ও প্রচলিত সংস্কৃত অথবা প্রচলিত সংস্কৃত ও প্রাকৃত ভাষা * উভয়ই ব্যবহার করিতেন ইহাই নির্ব্বাচন করা এই বচনের উদ্দেশ্য। ইতিপূর্ব্বেই (২৫৮ পৃষ্ঠায়) অন্যান্য ব্রাহ্মণেও অসংস্কৃত-কথনের প্রসঙ্গ আছে দৃষ্ট হইয়াছে। অতএব শেষোক্ত কল্পই সর্ব্বতোভাবে সম্ভাবিত বোধ হয়। যাহা হউক, ব্রাহ্মণেরা যে এক সময়ে সংস্কৃত-ভাষী ছিলেন, এই বচনে তাহার সুস্পষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যাইতেছে। ভারতবর্ষীয় আর্য্য-সমাজের যেরূপ অবস্থায় স্ত্রীলোক ও শূদ্র-জাতীয়েরা বেদ-রচয়িতা বলিয়া উল্লিখিত হইয়াছে †, সুতরাং যে অবস্থায় অপর সাধারণ সকলেই সংস্কৃত-ভাষী ‡ ছিল, উল্লিখিত ব্রাহ্মণ-বচনটি তাহার উত্তরকালীন অবস্থার পরিচায়ক।

ভোজদেব-প্রণীত বলিয়া প্রচলিত সরস্বতীকণ্ঠাভরণ নামক অলঙ্কার-গ্রন্থের একটি শ্লোকে লিখিত আছে,

केऽभूवन्नाढ्यराजस्य राज्ये प्राकृतभाषिणः ।

काले श्रीसाहसाङ्कस्य के न संस्कृतवादिनः ॥

সরস্বতীকণ্ঠাভরণ। ২ পরিচ্ছেদ। ১৬ শ্লোক।

অবনিমণ্ডলে প্রথম রাজার রাজ্যে কে প্রাকৃত-ভাষী ছিল? সাহসাঙ্কের অর্থাৎ বিক্রমাদিত্যের সময়ে কে না সংস্কৃত কহিত?

---

* ভারতবর্ষীয় পণ্ডিতেরা সর্ব্বপ্রকার সংস্কৃতকেই দেব-ভাষা বলিয়া বিশ্বাস করেন। তদনুসারে, এস্থলে উল্লিখিত মনুষ্য-ভাষা প্রাকৃত-ভাষাই বোধ হয়।

† এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৭৩ পৃষ্ঠা ও দ্বিতীয় ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ১৪০ পৃষ্ঠা দেখ।

‡ অর্থাৎ বৈদিক সংস্কৃত।

সরস্বতীকণ্ঠাভরণ-রচয়িতা খৃষ্টাব্দের একাদশ শতাব্দীর লোক। এক কালে যে, হিন্দুরা সংস্কৃত ভাষায় কথোপকথন করিত, তাদৃশ অপ্রাচীন-সময়ের পণ্ডিতেরাও ইহা বিশ্বাস করিতেন।

নাটক-নাটিকায় ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি উচ্চ শ্রেণীস্থ ব্যক্তি সকলে সংস্কৃত-ভাষী এবং স্ত্রীলোক ও নিকৃষ্ট-শ্রেণীস্থ লোক প্রাকৃত-ভাষী দেখিতে পাওয়া যায়। যে সময়ে ভারতবর্ষে ঐ শাস্ত্র প্রবর্ত্তিত হয়, সে সময়ে ভাষা-বিষয়ে জনসমাজের ঐরূপ অবস্থা বিদ্যমান ছিল ইহা ব্যতিরেকে আর কিছুই মনে করিতে পারা যায় না। তখনও উচ্চ শ্রেণীস্থ পুরুষেরা সংস্কৃত ভাষাতেই কথোপকথন করিতেন।

ভারতবর্ষে প্রাকৃত-ভাষা সমুদায় যেমন প্রচলিত হইতে লাগিল, সেই সঙ্গে সংস্কৃত-ভাষা কথোপকথন-স্থলে অপ্রচলিত হইয়া আসিল। শূদ্রাদি ইতর জাতীয়েরা সংস্কৃত-কথনে অসমর্থ হইয়া প্রাকৃত-ভাষী হইয়া উঠিল, কিন্তু সে সময়ে ব্রাহ্মণাদি শ্রেষ্ঠ জাতীয়েরা কিয়ৎকাল সংস্কৃত-ভাষী ছিলেন। রামায়ণের কোন কোন স্থলে হিন্দু সমাজের এইরূপ অবস্থার পরিচয় প্রাপ্ত হওয়া যায় ইহাই উপক্রমণিকাংশের ৭৯ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। আমরা ভারতবর্ষীয় প্রাচীন আর্য্য-ভাষাকে বৈদিক সংস্কৃত ও প্রাচীন সংস্কৃত বলিয়া উল্লেখ করি বটে, কিন্তু প্রথমে উহার এ নামটি বিদ্যমান ছিল না। সংস্কৃত শব্দের অর্থ পরিষ্কৃত। বোধ হয়, প্রাচীন আর্য্য-ভাষা যে সময়ে পরিষ্কৃত হইয়া সারসিক সংস্কৃতে পরিণত হইতে লাগিল, সেই সময়ে উহার ঐ নামটি উৎপন্ন হয়। রামায়ণে এই বিষয়ের সুন্দর নিদর্শন লক্ষিত হইয়া থাকে। সংস্কৃত শব্দ কোন স্থলে ভাষার গুণবাচক ও কোন স্থলে উহার সংজ্ঞা স্বরূপ উক্ত হইয়াছে।

সংস্কৃতং হেতুসম্পন্নমর্থবচ্চ যদুক্তবান্ ।
সুহৃত্তদ্বচঃ সর্ব্বমস্মদ্বাক্যৈকতাং গতম্ ॥

সুন্দরকাণ্ড। ৮২। ৩॥

প্রহস্ত হেতু-সম্পন্ন সদর্থ-বিশিষ্ট সংস্কৃত (অর্থাৎ পরিষ্কৃত) যে সমস্ত বাক্য বলিলেন, আমার বাক্যের সহিত তাহার ঐক্য আছে।

সংস্কৃতং মধুরং শ্লক্ষ্ণমর্থবদ্ধর্ম্মসংহিতম্ ।
স্বয়ম্ভূরিতি ভগবান্ সংহৃষ্টেনান্তরাত্মনা ॥

যুদ্ধ-কাণ্ড। ১০৪। ২॥

ভগবান্ ব্রহ্মা হৃষ্টান্তঃকরণে সংস্কৃত, মধুর, নম্র, অর্থ-বিশিষ্ট ধর্ম্ম-সংযুক্ত বাক্য বলিলেন।

শ্রীমান্ জ, মিয়র্ বিবেচনা করেন, এই দুই স্থলের সংস্কৃত শব্দের অর্থ পরিষ্কৃত; ভাষা-বিশেষ বলিয়া বোধ হয় না।

সুন্দর কাণ্ডের ১৮ সর্গের ১৮ শ্লোকে লিখিত আছে,

দুঃখেন বুবুধে সীতাং হনূমান্ মারুতাত্মজঃ ॥
সংস্কারেণ যথা হীনাং বাচমর্থান্তরং গতাম্।
নিষ্প্রভামনলঙ্কারাং দীপ্যমানাং স্বতেজসা ॥

সুন্দরকাণ্ড। ১৮। ১৮ ও ১৯॥

বাক্য যেমন সংস্কার-শূন্য (অর্থাৎ ব্যাকরণ-দুষ্ট) হইয়া অর্থান্তর প্রাপ্ত হইলে, কষ্টে তাহার অর্থ-বোধ হয়, পবন-পুত্র হনূমান্ সেই রূপ কষ্টে সীতাকে জানিতে পারিলেন। তিনি বেশভূষা-বিবর্জ্জিত হইয়াও কেবল নিজ তেজঃ-প্রভাবে দীপ্তি পাইতেছিলেন।

এ স্থলে সংস্কার শব্দ ভাষা-বিশেষের পরিচায়ক বা সংজ্ঞা-প্রতিপাদক নয়। কিন্তু শ্রীমান্ বেবের্ ও মিয়র্ বিবেচনা করেন, সংস্কৃত শব্দ যে, ক্রমে ক্রমে উত্তর কালে সংস্কৃত-ভাষা-বাচক হইয়া উঠে, উল্লিখিত সংস্কার শব্দে তাহাই লক্ষিত হইতেছে। কোন স্থলে সংস্কৃত পদ পরিষ্কৃত অর্থে, কোন স্থলে সংস্কার শব্দ ব্যাকরণ-শুদ্ধি অর্থে এবং অপর কোন কোন স্থলে সংস্কৃত শব্দ ভাষা-বিশেষ-বাচক অর্থে প্রযোজিত দেখা যাইতেছে। অতএব ঐ নামটি ক্রমশঃ যে সুপ্রসিদ্ধ সংস্কৃত ভাষার সংজ্ঞা হইয়া উঠিয়াছে, রামায়ণের মধ্যে ঐ সকল স্থলে তাহারই নিদর্শন দৃষ্ট হইতেছে বোধ হয়। হয়তো উহার কোন কোন স্থল রচিত হইবার সময়ে সংস্কৃত-ভাষার নাম সংস্কৃত বলিয়া প্রচলিতই হয় নাই।

(৮২ পৃষ্ঠা।)

পতঞ্জলি মহাভাষ্যের মধ্যে রামায়ণের যুদ্ধ-কাণ্ডের ১২৮ সর্গের একটি শ্লোকার্দ্ধ উদ্ধৃত করিয়াছেন। সে শ্লোকটি এই,

কল্যাণী বত গাথেয়ং লৌকিকী প্রতিভাতি মাম্।
এতি জীবন্তমানন্দো নরং বর্ষশতাদপি ॥

পাণিনি। ৩। ১। ৬৭ সূত্রের ভাষ্য।

পতঞ্জলি পাণিনি-সূত্রের তৃতীয় অধ্যায়ের প্রথম পাদের সাতষট্টি সূত্রের ভাষ্যে এই শ্লোকের শেষার্দ্ধ উদ্ধৃত করিয়াছেন। অতএব তাঁহার সময়ে অর্থাৎ খৃ, পূ, দ্বিতীয় শতাব্দীতে বাল্মীকি-রামায়ণের প্রাচীনতর অংশ বিদ্যমান ছিল বলিতে হয়। কিন্তু একটি কথা আছে। ঐ শ্লোকার্দ্ধটি একটি গাথা। গোরেশিও কর্ত্তৃক প্রকাশিত রামায়ণে উহা পুরাতন গাথা বলিয়াই উল্লিখিত হইয়াছে।

পৌরাণী খলু গাথেয়ং লৌকিকী প্রতিভাতি মে।

যুদ্ধকাণ্ড। ১১০ সর্গ। ২ শ্লোক।

অতএব ঐ গাথাটি পূর্ব্বে প্রচলিত ছিল; বাল্মীকি ও পতঞ্জলি নিজ নিজ গ্রন্থে স্বতন্ত্র উদ্ধৃত করিয়া লইয়াছেন ইহা অসম্ভব নয়।

(উপক্রমণিকা, ৮৬ পৃষ্ঠা।—কবিংরামায়ণ।)

শ্রীমান্ বেবের্ তাঁহার রামায়ণ-বিষয়ক প্রবন্ধ মধ্যে লিখিয়াছেন, কবিংরামায়ণ প্রাচীন বাল্মীকি-রামায়ণের অনুবাদ নয়। ভারতবর্ষের দক্ষিণ খণ্ডের তামিল্, তেলগু, কর্ণাটী, মলয়ল্ প্রভৃতি ভাষায় বাল-রামায়ণ, সংগ্রহ-রামায়ণ ও প্রসন্ন-রামায়ণ নামে কতকগুলি রামো-পাখ্যান প্রচলিত আছে। কোন খানি ৭ সর্গ, কোন খানি ২১ সর্গ ও কোন খানি ১০৬ শ্লোক মাত্রে সম্পূর্ণ। কবিংরামায়ণও সেই রূপ একখানি রামোপাখ্যান মাত্র।—On the Râmâyana by Dr. Albrecht Weber, translated from the German by the Rev. D. C. Boyd, M. A., 1873, pp. 97—99.

(উপক্রমণিকা, ৮৭ পৃষ্ঠা।—হিন্দুদের রাশিচক্র-শিক্ষা।)

রামায়ণের বালকাণ্ডের ১৮ সর্গে কয়েকটি রাশির উল্লেখ আছে। হিন্দুরা গ্রীক্‌দিগের নিকট রাশিচক্রের বিষয় শিক্ষা করেন এই বিবেচনা করিয়া শ্রীমান্ বেবের্ সেই অংশ খৃ, পূ, প্রথম শতাব্দীর উত্তর কালে বিরচিত বলিয়া বিবেচনা করিয়াছেন *। কিন্তু শ্রীমান্ লেসেনের অভিপ্রায় এই যে, ভারতবর্ষীয়েরা কেল্‌ডিয়া † দেশীয় জ্যোতির্ব্বিদ-

* উপক্রমণিকার ৮৭ পৃষ্ঠা দেখ।

† পারসীক-উপসাগরের উত্তর দিকে বাবিরুষ অর্থাৎ বেবিলন্ দেশ *।

* ইহার উত্তর সীমা ইউ্ফেটিজ্ নদী ও মাদ অর্থাৎ মীডিয়া-দেশীয় দীর্ঘ প্রাচীর, পূর্ব্ব সীমা টাইগ্রিস্ নদী, দক্ষিণ সীমা পারসীক উপসাগর এবং পশ্চিম সীমা আরব-দেশীয় মরুভূমি।

দিগের নিকট ঐ বিষয় শিক্ষা করেন। তিনি বলেন, হিন্দুরা তাদৃশ সেমেটিক্ * জাতি-বিশেষকেই যবন বলিয়া জানিত। কিন্তু শ্রীমান্ বেবের্ এই কথা বলিয়া প্রত্যুত্তর দেন যে, উক্ত অভিপ্রায়ের কিছু মাত্র প্রমাণ নাই। এলেগজেণ্ডরের ভারতবর্ষ-আক্রমণের পর হিন্দুরা গ্রীক্দিগকে সবিশেষ অবগত হয়। প্রিয়দর্শীর খোদিতলিপি তাহার প্রত্যক্ষ প্রমাণ রহিয়াছে। হিন্দুরা গ্রীক্দিগের নিকট জ্যোতিষ সংক্রান্ত নানা-বিষয় শিক্ষা করে, হিন্দু শাস্ত্রেই তাহার পরিচয় প্রাপ্ত হওয়া যায়। তাহারা যে, কেল্ডিয়া-দেশীয় পণ্ডিতগণের সন্নিধানে ঐ শাস্ত্রের জ্ঞান লাভ করে ইহার স্পষ্ট প্রমাণ প্রাপ্ত হওয়া যায় নাই। ঐ মতের অনুকূল পক্ষীয়েরা উহার প্রতিপোষক বচনাদি উদ্ধৃত করুন, তখন বিবেচনা করা যাইবে †। হিন্দুরা প্রথমে গ্রীক্দিগকে যবন বলিয়া জানিত না এই বিষয় প্রতিপাদনার্থ রাজেন্দ্রলাল বাবু একটি সুদীর্ঘ প্রবন্ধ রচনা করেন ‡। বেবের্ সাহেব তাহাতেও অবজ্ঞা ও উপহাস প্রকাশ করিয়াছেন ¶।

## (উপক্রমণিকা, ৯০ পৃষ্ঠা।)

বৌদ্ধদের দশরথজাতকের অন্তর্গত রামোপাখ্যান বাল্মীকি-রামা-

---

ছিল। তাহারই অন্য নাম কেল্ডিয়া। এখন তাহাকে ইরাক্ আরবি কহে। খৃ, পূ, ৬৮০ অব্দে এসিরিয়া-দেশীয়েরা তাহা অধিকার করে। কিছু কাল পরে সেই দেশ আবার পারসীকদিগের অধিকারস্থ হয়। পরে গ্রীক্ সম্রাট্ এলেগজেণ্ডর্ দিগ্বিজয়ে যাত্রা করিয়া তাহা জয় করিয়া লন। পূর্ব্বকালে কেল্-ডিয়াতে জ্যোতির্ব্বিদ্যার সবিশেষ চর্চ্চা ও সমধিক প্রাদুর্ভাব হয়। সুপ্রসিদ্ধ গ্রীক্ জ্যোতির্ব্বিদ টলেমির গ্রন্থে ঐ দেশীয় পণ্ডিতগণের কৃত কয়েকটি গ্রহণ-গণনার বিবরণ আছে; খৃ, পূ, ৭২০ অব্দে তাহার একটি সংঘটিত হয়। এলেগজেণ্ডর্ তাঁহাদের কৃত ১৯০৩ বৎসরের গ্রহণ-গণনা সংগ্রহ করেন এইরূপ লিখিত আছে। তাহা কতদূর প্রামাণিক বলিতে পারা যায় না।

* এসিরিয়া, কেল্ডিয়া, বেবিলন্, সিরিয়া, ফিনিশিয়া, আরব, ইথিওপিয়া এই সমস্ত দেশীয় লোক এবং য়িহুদিয়া সেমেটিক জাতি বলিয়া উল্লিখিত হয়।

† Indian Antiquary, 1875, p. 244 and pp. 246-279.

‡ Journal of the Asiatic Society of Bengal. 1874.

¶ Weber's History of Indian Literature, 1878, p. 220.

য়ণ অপেক্ষা প্রাচীন, রামায়ণোক্ত রাম-রাবণের যুদ্ধ বৌদ্ধ ও হিন্দু-দের পরস্পর বিরোধ-বিজ্ঞাপক, রাম ও কৃষিকার্য্য-প্রবর্ত্তক বলরাম একই ব্যক্তির নাম, রাবণ কর্ত্তৃক সীতাহরণ ও রাম-রাবণের যুদ্ধ-ব্যাপার গ্রীস্ দেশীয় হোমর্-কৃত ইলিয়ড্ কাব্যের অন্তর্গত হেলেন্-হরণ ও ট্রয়্-সংগ্রামের অনুকরণ, বর্ত্তমান প্রচলিত রামায়ণ খৃষ্টাব্দের দ্বিতীয় শতাব্দীর উত্তরকালীন গ্রন্থ, শ্রীমান্ লেসেন্ স্পষ্টাক্ষরে শ্রীমান্ বেবেরের এই সমস্ত অভিপ্রায়ের * প্রতিবাদ করিয়াছেন।—

Prof. Lassen on Weber's dissertation on the Râmâyaṇa translated from the German by J. Muir, in the Indian Antiquary for 1874, pp. 102 and 103.

(উপক্রমণিকা, ১০১ পৃষ্ঠা।—কালিদাস।)

কালিদাসের সময় নিরূপণ বিষয়ে ইউরোপীয় প্রধান প্রধান পণ্ডিত কর্ত্তৃক এত বিভিন্ন মত প্রবর্ত্তিত হইয়াছে যে, তাহা পাঠ করিলে, এটি নির্দ্ধারিত হইবার বিষয় বলিয়াই মনে হয় না। কেহ † তাঁহাকে খৃষ্টাব্দের দ্বিতীয়, কেহ বা ‡ তৃতীয় বা ষষ্ঠ, কেহ কেহ বা ¶ পঞ্চম ও কেহ বা § ষষ্ঠ শতাব্দীর লোক বলিয়া বিবেচনা করিয়াছেন। কালি-দাস উজ্জয়িনীর অধীশ্বর বিক্রমাদিত্যের সভাসদ ছিলেন এইরূপ প্রসিদ্ধ আছে। বিক্রমাদিত্য নামে নানা রাজা নানা সময়ে উজ্জয়িনীর রাজ-সিংহাসনে অধিরূঢ় থাকেন এই নিমিত্তই, কালিদাস কোন্ বিক্রমা-দিত্যের সভাসদ ছিলেন ইহা নিরূপণ করা দুঃসাধ্য অথবা অসাধ্য হইয়া উঠিয়াছে।

ভারতবর্ষীয় লোকের বিশ্বাস এই যে, এক্ষণে যে বিক্রমাদিত্যের সম্ব-তের বিংশ শতাব্দী চলিতেছে, অমর, কালিদাস, বরাহমিহির প্রভৃতি নব-রত্ন তাঁহারই সভাসদ ছিলেন। কিন্তু সেই প্রবাদটি যে, কোন রূপেই সম্ভব

---

* Weber's History of Indian Literature, 1878, pp. 192-94; and on the Râmâyaṇa in the Indian Antiquary for 1872.

† লেসেন্।

‡ বেবের।

¶ প্রিন্‌সেপ্, উইল্‌ফোর্ড্ ও এল্‌ফিন্‌ষ্টোন্।

§ উড্। ইঁহার মতানুসারে কালিদাস ৪৭৫, ৬৭৫ ও ১০৪৪ খৃষ্টাব্দে বিরাজমান তিনটি ভোজ রাজার একটির সভাসদ ছিলেন।

ও সঙ্গত নয় ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে*। শ্রীদেব-প্রণীত বিক্রমচরিত নামে একখানি গ্রন্থে উজ্জয়িনীর অধীশ্বর বিক্রমাদিত্যের চরিত-বর্ণন আছে, কিন্তু তাহাতে কালিদাসের কিছুমাত্র প্রসঙ্গ নাই। ভাওদাজি কালিদাসকে খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীতে বিদ্যমান হর্ষ-বিক্রমাদিত্যের সভাসদ বলিয়া প্রতিপন্ন করিবার চেষ্টা পাইয়াছেন এবং ঐ উজ্জয়িনী-বিরাজিত কবি-কেশরী ও কাশ্মীর রাজ্যাধিপতি মাতৃগুপ্ত এই উভয়ের চরিত-বিষয়ক উপাখ্যানের যৎকিঞ্চিৎ সাদৃশ্য দেখিয়া এই অভিপ্রায় প্রকাশ করিয়াছেন যে, যিনি কালিদাস, তিনিই মাতৃগুপ্ত †। এই উভয় এক ব্যক্তির নাম হইলে, অভিজ্ঞানশকুন্তল-প্রণেতা ভারতবর্ষীয় কবি-সম্রাটের সময় নির্দ্ধারণটি নিঃসংশয়ে সম্পন্ন হয়। কিন্তু তাঁহার এই মতটিও সুদৃঢ় যুক্তি-সম্পন্ন ও সর্ব্বতোভাবে বিচার-সিদ্ধ বলিয়া পরিগণিত হয় নাই। কোন বিষয় যেরূপ সংশয়চ্ছেদী যুক্তি সহকারে সুসিদ্ধ হইলে, নিশ্চিত মনে করিতে পারা যায়, ভাওদাজির প্রবন্ধে সেরূপ প্রদর্শিত হয় নাই ‡। স্থল-বিশেষে কালিদাসের অন্য অন্য নাম লিখিত আছে; কিন্তু মাতৃগুপ্ত কুত্রাপি নাই।

যে বিক্রমাদিত্যের সম্বতের এখন ১৯৩৮ অব্দ চলিতেছে, কালিদাস প্রভৃতি নবরত্ন তাঁহার সভাসদ ছিলেন এইরূপ জন-প্রবাদ আছে একথা ইতি পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে, এবং সে প্রবাদের উপর যে নির্ভর করিতে পারা যায় না তাহাও পূর্ব্বে সুস্পষ্ট প্রদর্শিত হইয়াছে। তদ্ভিন্ন, ভোজ নামক নৃপতি-বিশেষের সভাতে কালিদাস প্রভৃতি নয় জন পণ্ডিত নবরত্ন নামে বিখ্যাত ছিলেন এইরূপ একটি জনশ্রুতিও প্রচলিত ও লিপিবদ্ধ রহিয়াছে। একটি সংস্কৃত প্রবন্ধে কালিদাসের ভোজ-সাক্ষাৎকার-সংঘটনের কৌতুকাবহ বর্ণন আছে। কালিদাস একটি অকিঞ্চিৎকর কবিতা রচনা করিয়া ভোজ-সভাসদ শঙ্কর পণ্ডিতের হস্তে অর্পণ করেন। শঙ্কর কালিদাসকে হাস্যাস্পদ করিবার উদ্দেশে সেই শ্লোক-সম্বলিত রাজসভায় লইয়া যান।

কালিদাসেন সহিতো ভোজরাজসভাং যযৌ।

---

* এই পুস্তকের প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৫২ পৃষ্ঠা ও দ্বিতীয় ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ১৭৬ ও ১৭৭ পৃষ্ঠা।

† The journal of the Bombay Branch of the Royal Asiatic Society, 1861, pp. 19—30 and 207—230.

‡ Bhau Daji's identification of him (Matrigupta) with Kalidasa does not rest on any reasonable foundation.—Albrecht Weber on the Ramayana, 1873, Page 84.

অথ দৃষ্ট্বা স রাজানমাশিষং প্রজগাদ হ ॥

মহাপদ্যের উপক্রম। ৪।

(শঙ্কর) কালিদাসকে সমভিব্যাহারে করিয়া ভোজ রাজার সভায় উপস্থিত হইলেন। কালিদাস রাজাকে দর্শন করিয়া আশীর্ব্বাদ করিলেন।

বিক্রমাদিত্যের ন্যায় ভোজ নামে নানা রাজা নানা স্থানে রাজত্ব করিয়া গিয়াছেন। কাশ্মীর, মালব, উৎকল, রাজস্থান, কান্যকুব্জ প্রভৃতি বহুতর দেশের ইতিহাসে বা উপাখ্যানে ও কোন কোন স্থানের খোদিত-লিপিতেও ভোজ-নামধারী ভিন্ন ভিন্ন নৃপতির প্রসঙ্গ ও উপাখ্যান দেখিতে পাওয়া যায়। কেহ ৫৭৫ *, কেহ ৪৮৬ †, কেহ ৩৭০ ‡, কেহ ৪৮৩ ¶, কেহ ৮৭৬ §, কেহ সহস্রাধিক ‖, কেহ ১১৬০ ** ও কেহ ১৫৭৬ †† খৃষ্টাব্দে জীবিত ছিলেন এইরূপ লিখিত আছে ‡‡। তন্মধ্যে মালব-রাজ্যের অধীশ্বর ধারা-নগর-নিবাসী ভোজ রাজা নিজে সুপণ্ডিত ও পণ্ডিতগণের আশ্রয়-ভূমি বলিয়া বর্ণিত হন। কালিদাসাদিকে তাঁহারই সভাসদ করা পূর্ব্ব-লিখিত প্রবাদের উদ্দেশ্য §§। সিংহাসনদ্বাত্রিংশিকায় ভোজদেব বিক্রমাদিত্যের

---

* প্রমার-বংশীয় মালব-রাজ (Tod's Rajasthan, 1829, vol. I., p. 800)।

† মালব রাজ্যের অন্য এক রাজা (Journal Asiatique, Mai, 1844, p. 354)।

‡ Description Historique et Geographyque de l'Inde, par Teiffenthaler, vol. I., p. 1.

¶ মুঞ্জ রাজার উত্তরাধিকারী (Prinsep's Indian Antiquities by Edward Thomas, vol. II., Part II., p. 250)।

§ কান্যকুব্জ ও গোয়ালিয়রের রাজা (Colonel Cunningham's plates, pl. II., fig. 4. and Journal of the Asiatic Society of Bengal, vol. XXXI., p. 397)।

‖ ভোজপ্রবন্ধ, ভোজচম্পূ ও ভোজচরিতে বর্ণিত ভোজ রাজা। ২৭১ পৃষ্ঠা দেখ।

** গোড়োয়ারবার রাজা (Tod's Rajasthan, 1832, vol. II., p. 242)।

†† হাড়ৌতির রাও ভোজ (Tod's Rajasthan, 1832, vol. II., p. 475)।

‡‡ Journal of the Asiatic Society of Bengal, vol. XXX II., pp. 93—101 দেখ।

§§ কিন্তু গ্রন্থকার-বিশেষে কালিদাসকে অপর ভোজ-বিশেষেরও সভাসদ করিয়া দিতে ছাড়েন নাই। উৎকলের পুস্তক-বিশেষে লিখিত আছে,

উত্তরকালীন লোক এইরূপ লিখিত আছে। কিন্তু কত উত্তর, তাহা নির্দ্দেশিত নাই। খোদিতলিপি-প্রমাণে প্রতিপন্ন হয়, ঐ রাজা খৃষ্টাব্দের একাদশ শতাব্দীতে প্রাদুর্ভূত হন *। সুতরাং তদনুসারে, ঐ নবরত্ন ঐ সময়ের লোক হইয়া পড়েন। অতএব এ বিষয়ের, লিখি-

তথায় একটি ভোজ রাজা খৃ, পূ, প্রথম ও দ্বিতীয় শতাব্দীর কিয়দংশে রাজত্ব করেন। তাঁহার সভায় ৭৫০টি কবি বিদ্যমান ছিলেন ; কালিদাস তাহার সর্ব্বপ্রধান।—Asiatic Researches, vol. XV., p. 259. রাসলীলার চিত্র-পটে এক এক সখীর পার্শ্ব-দেশে যেমন এক একটি কৃষ্ণরূপ চিত্রিত হইয়া থাকে, ভারতবর্ষীয় উপাখ্যানে সেইরূপ ভিন্ন ভিন্ন সময়ে বিদ্যমান বিভিন্ন ভূপতির সভায় এক একটি কবি কালিদাসকে সন্নিবেশিত করা হইয়াছে।

* অল্‌বীরুণী খৃষ্টাব্দের একাদশ শতাব্দীর প্রথমার্দ্ধে ভোজ রাজাকে আপনার সমকালীন বলিয়া উল্লেখ করিয়াছেন *। সৌভাগ্যক্রমে ভোজ রাজার অধস্তন পুরুষ-পরম্পরার নাম ও সময় নিঃসংশয়ে নির্দ্ধারিত হইয়াছে। মেজর টড্ উজ্জয়িনী হইতে ইংলণ্ডের রএল্ এসিয়াটিক্ সোসাইটি নামক প্রসিদ্ধ সমাজে তিন খানি খোদিতলিপি প্রেরণ করেন এবং সুবিখ্যাত কোল্‌ব্রুক্ তাহার অর্থোদ্ভেদ করিয়া প্রকাশ করেন †। সেতারা হইতেও ভোজ-বংশের যে খোদিতলিপি ‡ প্রাপ্ত হওয়া যায়, তাহার সহিত উল্লিখিত তিন খোদিত-লিপির বিশেষ কিছু বিভিন্নতা নাই। নাগপুর-সন্নিহিত ওয়েনগঙ্গা নদীর পশ্চিমতীরস্থ একটি দেবমন্দিরের একখানি খোদিতলিপিতেও ভোজ-বংশের বিবরণ আছে ¶। শুজলপুর পরগণার অন্তর্গত পিপ্লিয়ানগর গ্রামের একখানি তাম্রপত্রে ঐ বংশীয় উদয়াদিত্য, নরবর্ম্মা, যশোবর্ম্মা, জয়বর্ম্মা দেব প্রভৃতি নৃপতি-পরম্পরার প্রসঙ্গ আছে। তাহাতে লিখিত আছে, জয়বর্ম্মা দেবের উত্তরাধিকারী হরিশ্চন্দ্র দেব ১২৩৫ সম্বতে অর্থাৎ ১১৭৯ খৃষ্টাব্দে গোদান ও ভূমিদান

---

* Journal Asiatique, Sept. 1844, p. 250.

† The Transactions of the Royal Asiatic Society, vol. I., pp. 230-239 and 462-466. (Colebrooke's Essays, 1873, vol. 2., pp. 263-265.)

‡ Deciphered and noticed by Prof. Lassen, and alluded to by Rajendra Lala Mitra in the Journal of the Asiatic Society of Bengal, vol. XXXII., p. 104.

¶ Journal Bombay B. R. A. Society, Vol. I., pp. 259--281 (Journal of the Asiatic Society of Bengal, 1863, No. II., p. 103.)

তই হউক বা বাচনিকই হউক, পরম্পরাগত প্রবাদের প্রমাণ একবা-

করেন *। এই সমস্ত খোদিতলিপি-প্রমাণে জানিতে পারা গিয়াছে, লক্ষ্মীবর্ম্মার পিতা যশোবর্ম্মা, যশোবর্ম্মার পিতা নরবর্ম্মা, নরবর্ম্মার পিতা উদয়াদিত্য এবং উদয়াদিত্যের পিতা ভোজ।

ঐ সমস্ত খোদিতলিপিতে দেখিতে পাওয়া যায়, লক্ষ্মীবর্ম্মা ১২০০ সম্বতে অর্থাৎ ১১৪৩ খৃষ্টাব্দে এবং তাঁহার পিতা যশোবর্ম্মা ১১৯১ সম্বতে অর্থাৎ ১১৩৫ খৃষ্টাব্দে বিদ্যমান ছিলেন। যশোবর্ম্মার পিতা নরবর্ম্মা ১১৬১ সম্বতে অর্থাৎ ১১০৪ খৃষ্টাব্দে বর্ত্তমান ছিলেন। ঐ যশোবর্ম্মার প্রপৌত্র অর্জ্জুনবর্ম্মা ১২৭২ সম্বতে অর্থাৎ ১২১৫ খৃষ্টাব্দে রাজত্ব করেন। যশোবর্ম্মা ১১৯১ সম্বতে অর্থাৎ ১১৩৫ খৃষ্টাব্দের কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয় অষ্টমী তিথিতে নিজ পিতা নরবর্ম্মার শ্রাদ্ধোপলক্ষে ব্রাহ্মণ-বিশেষকে দুইখানি গ্রাম দান করেন। অতএব নরবর্ম্মা ঐ বৎসরে অথবা তাহার কিছু পূর্ব্বে প্রাণ ত্যাগ করেন বলিতে হইবে। পুরুষ-পরম্পরার আয়ুঃ-সংখ্যা বা নৃপতি-পরম্পরার রাজত্ব-কাল গণনা করিতে হইলে, গড়ে ২৫। ৩০ পঁচিশ ত্রিশ বৎসর করিয়া পড়ে। তদনুসারে, নরবর্ম্মা ও তদীয় পিতা উদয়াদিত্যের রাজত্ব-কাল-সমষ্টি ন্যূনাধিক পঞ্চাশ বৎসর হইতে পারে। ইহা হইলে, উদয়াদিত্যের পিতা ভোজ রাজার রাজত্ব-কাল খৃষ্টাব্দের একাদশ শতাব্দীর শেষভাগে অতীত হওয়া সম্ভব। ভোজচরিত ও ভোজপ্রবন্ধে নির্দ্দেশিত আছে, ঐ রাজা ৫৫ বৎসর ৭ মাস ৩ দিন সিংহাসনে অধিরূঢ় থাকেন। তদনুসারে, খৃষ্টাব্দের একাদশ শতাব্দীর প্রথমভাগে তাঁহার রাজ্যাভিষেক সম্পন্ন হয় এইটিই প্রতীয়মান হইয়া উঠে। অতএব অলবীরুণী যে তাঁহাকে আপনার সমকালবর্ত্তী বলিয়া উল্লেখ করেন, তাহা ঐ সমস্ত খোদিতলিপির প্রমাণ দ্বারা সর্ব্বতোভাবেই সঙ্গত ও বিবেচনা-সিদ্ধ বোধ হইতেছে। যাহা হউক, মালব রাজ্যের অন্তর্গত ধারানগর-নিবাসী ভোজ রাজা একাদশ শতাব্দীতে রাজত্ব করেন ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই।

* Journal of the Asiatic Society of Bengal, Vol., VII. p. 736.

রেই পরিত্যাগ করিয়া যুক্তি-পথ অবলম্বন করা শ্রেয়ঃ। নবরত্ন* নামে নয় জন পণ্ডিত বিক্রমাদিত্য-বিশেষের সভাসদ ছিলেন এ প্রবাদটি নিতান্ত অল্প প্রাচীন নয়। খৃষ্টাব্দের ১০ম শতাব্দীতে বিরচিত বুদ্ধগয়ার একখানি খোদিতলিপিতে তাহা লিখিত আছে †। তাদৃশ সময়ে বিরচিত খণ্ডনখণ্ডখাদ্য-প্রণেতা শ্রীহর্ষ নিজ গ্রন্থের শেষভাগে কালিদাস-কৃত কুমারসম্ভবের শ্লোকার্দ্ধ উদ্ধৃত করিয়াছেন।

> পূর্ব্বৈরপি লোকসিদ্ধত্বাদ্ব্যবহৃতাঃ কেবলমস্মাভিরেব তর্কপদব্যামভি-
> ষিক্তাস্ততো ন প্রবন্ধেন নিরস্যন্তে "বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তু-
> মসাম্প্রতম্"।

সে সমুদায় লোক-প্রসিদ্ধ বলিয়া পূর্ব্ব পূর্ব্ব পণ্ডিতেরা তাহা ব্যবহার করিয়াছেন। কেবল আমরাই তাহা তর্ক-পদবীতে অভিষিক্ত করিয়াছি। এখন আর প্রবন্ধ-রচনা দ্বারা নিরাস করা যায় না। যে বৃক্ষ সম্বর্দ্ধন করা যায়, তাহা বিষবৃক্ষ হইলেও আর স্বয়ং ছেদন করা যায় না।

উদ্ধৃতি-চিহ্নে চিহ্নিত এই শ্লোকার্দ্ধ কালিদাসের কুমারসম্ভবের দ্বিতীয় সর্গের ৫৫ শ্লোকের শেষ দুই চরণ। সুতরাং কুমার হইতেই উদ্ধৃত।

এই শ্রীহর্ষই নৈষধ-রচয়িতা। তদীয় টীকাকার প্রেমচন্দ্রের ব্যাখ্যানুসারে, নৈষধের ষষ্ঠ অধ্যায়ে ১১৩ শ্লোকে খণ্ডনখণ্ডখাদ্য গ্রন্থের আভাস পাওয়া যায়। শ্রীহর্ষ খৃষ্টাব্দের দশম শতাব্দীতে বিদ্যমান বলিয়া বিবেচিত হইয়াছেন। সুতরাং কালিদাস ঐ সময়ের পূর্ব্বে জন্মগ্রহণ করিয়া স্বকীয় কীর্ত্তি-পতাকা উড্ডীয়মান করেন বলিতে হয়।

বাণভট্ট খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমাংশে বিদ্যমান ছিলেন ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে ‡। তিনি হর্ষচরিতের প্রারম্ভেই কালিদাসের প্রসঙ্গ করিয়াছেন।

> নির্গতাসু ন বা কস্য কালিদাসস্য সূক্তিষু।
> প্রীতির্মধুরসার্দ্রাসু মঞ্জরীষ্বিব জায়তে॥

পুষ্পমঞ্জরীতে লোকের যেরূপ প্রীতি জন্মে, নিসর্গ-দেব-নন্দন অর্থাৎ

---

* নবরত্ন নামে নয় জন পণ্ডিত সম্বত-সংস্থাপক বিক্রমাদিত্যের সভাসদ ছিলেন এ প্রবাদটি জ্যোতির্ব্বিদাভরণ ব্যতিরেকে অন্য কোন সংস্কৃত গ্রন্থে বিদ্যমান নাই।

† উপক্রমণিকা, ১৭৬ পৃষ্ঠা।

‡ উপক্রমণিকা, ১৫২—১৫৬ পৃষ্ঠা।

স্বভাব-সিদ্ধ-শক্তিশালী কালিদাসের মধুর-রসাভিষিক্ত সুচারু বচনেও সেইরূপ হয়।

অতএব কালিদাস ঐ শতাব্দের পূর্ব্বতন লোক তাহার সন্দেহ নাই।

৫০৭ শকাব্দে অর্থাৎ ৫৮৫। ৮৬ খৃষ্টাব্দে বিরচিত খোদিতলিপিতে কালিদাস ও ভারবির নাম সুস্পষ্ট লিখিত আছে *। অতএব তিনি ঐ অব্দের উত্তর কালীন লোক নন এইটিই নিঃসংশয়ে নিরূপিত হইল। উঁহার কত পূর্ব্বে বিদ্যমান ছিলেন, তাহা নির্ব্বাচন করিবার উপায় নাই বলিলেই হয়। রঘুবংশ ও কুমারসম্ভবে ফলিত জ্যোতিষ সংক্রান্ত এরূপ কতকগুলি কথা আছে যে, শ্রীমান্ হ, যেকোবি একটি প্রবন্ধে সেই সমস্ত পর্য্যালোচনা করিয়া বিবেচনা করেন, ঐ দুই কাব্য খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দীর মধ্যভাগ অপেক্ষা প্রাচীন হওয়া কোন রূপেই সম্ভব নয় †। শ্রীমান্ বেবেরও এই অভিপ্রায়ে অনুমোদন করিয়াছেন ‡। উল্লিখিত দুই কাব্যে এইরূপ লিখিত আছে যে,

গ্রহৈস্ততঃ পঞ্চভিরুচ্চসংশ্রয়ৈরসূর্য্যগৈঃ সূচিতভাগ্যসম্পদম্।
অসূত পুত্রং সময়ে শচীসমা ত্রিসাধনা শক্তিরিবার্থমক্ষয়ম্॥

রঘুবংশ। ৩। ১৩॥

যেমন প্রভুশক্তি, মন্ত্রশক্তি ও উৎসাহশক্তি অক্ষয় ফল উৎপাদন করে, সেইরূপ, শচী-তুল্য রাজমহিষী সুদক্ষিণা যথাসময়ে পুত্র প্রসব করিলেন। সেই সময়ে অসূর্য্যাভিগামী পাঁচটি গ্রহ উচ্চ স্থান-স্থিত হইয়া তাহার সৌভাগ্য-সম্পদ সূচিত করিয়া দিল।

অথৌষধীনামধিপস্য বৃদ্ধৌ তিথৌ চ জামিত্রগুণান্বিতায়াম্।
সমেতবন্ধুর্হিমবান্ সুতায়া বিবাহদীক্ষাবিধিমন্বতিষ্ঠৎ॥

কুমারসম্ভব। ৭। ১॥

---

* The Journal of the Bombay Branch of the Royal Asiatic Society, vol. IX., p. 315.

† Monatsberichte der Königlich Preussischen Akademie der Wissenschaften zu Berlin, 1873, pp. 554—558. আমার পরমাত্মীয় বিদ্যাসাগর শ্রীযুত আনন্দকৃষ্ণ বসু বাবু অনুগ্রহ পূর্ব্বক ঐ হ্যেকোবি-রচিত প্রবন্ধের যুক্তি-বিবরণগুলি আমাকে লিখিয়া পাঠান তাহাতেই এস্থলে প্রস্তাবিত বিষয় প্রতিপাদন পক্ষে যথেষ্ট উপকার দর্শিয়াছে।

‡ Weber's History of Indian Literature, 1878, p. 195.

হিমালয় চন্দ্রের শুক্লপক্ষীয় জামিত্রগুণান্বিত তিথিতে বন্ধুবান্ধব-সমভিব্যাহারে কন্যার বিবাহ-সংস্কার-ক্রিয়ার অনুষ্ঠান করিলেন।

বহুগ্রহ উচ্চস্থিত হইলে রাজ্যাদি সম্পদ লাভ হয়, এমন কি, পঞ্চগ্রহ উচ্চস্থ থাকিলে যে সে ব্যক্তিও রাজ্যপদ প্রাপ্ত হয় এ কথাটি লঘুজাতক নামক জ্যোতিষ-গ্রন্থে সুস্পষ্ট উল্লিখিত আছে।

ত্রিপ্রভৃতিভিরুচ্চস্থৈর্নৃপবংশভবা ভবন্তি রাজানঃ।

পঞ্চাদিভিরন্যকুলোদ্ভবাশ্চ তদ্বৎ ত্রিকোণগতৈঃ॥

লঘুজাতক। ৯। ২৩॥

ন্যূন সংখ্যা তিন গ্রহ উচ্চ* স্থানে থাকিলে রাজকুলোদ্ভব ব্যক্তিগণ রাজা হন। পঞ্চগ্রহ উচ্চস্থানে থাকিলে অন্য বংশোদ্ভব ব্যক্তিগণও রাজা হন। পঞ্চগ্রহ যদি ত্রিকোণস্থ † হয়, তাহা হইলেও ঐরূপ ফলপ্রদ হইবে।

ভারতবর্ষীয়েরা যে গ্রীকদিগের নিকট হইতে জ্যোতিষ শাস্ত্র শিক্ষা করেন, এই পুস্তকের উপক্রমণিকার মধ্যে তাহার কিছু কিছু প্রমাণ প্রদর্শিত হইয়াছে ‡। উল্লিখিত কুমারসম্ভবোক্ত বচনের অন্তর্গত জামিত্র শব্দটি গ্রীক্-ভাষার ঐ অর্থ-প্রতিপাদক শব্দ-বিশেষের সংস্কৃত রূপ বই আর কিছুই নয়। মল্লিনাথ জামিত্র শব্দের এইরূপ অর্থ করিয়াছেন যে,

---

* এক এক রাশি এক এক গ্রহের উচ্চস্থান বলিয়া নির্দ্দিষ্ট আছে; যেমন রবির মেষ, চন্দ্রের বৃষ, মঙ্গলের মকর, বুধের কন্যা, বৃহস্পতির কর্কট, শুক্রের মীন ও শনির তুলা।

মেষোবৃষোমৃগঃ কন্যা কর্কিমীনতুলাধরাঃ।

ভাস্করাদের্ভবন্ত্যুচ্চা রাশয়ঃ ক্রমবর্ত্তিনী॥

রঘুনন্দন-কৃত জ্যোতিষতত্ত্ব।

† এক এক রাশি এক এক গ্রহের ত্রিকোণ বলিয়া ব্যবস্থিত আছে; যেমন রবির সিংহ, চন্দ্রের বৃষ, কুজের মেষ, বুধের কন্যা, বৃহস্পতির ধনু, শুক্রের তুলা ও শনির কুম্ভ।

সিংহো বৃষশ্চ মেষশ্চ কন্যা ধন্বী ঘটো ঘটঃ।

অর্কাদীনাং ত্রিকোণানি মূলানি রাশয়ঃ ক্রমাৎ॥

রঘুনন্দন-কৃত জ্যোতিষতত্ত্ব।

‡ উপক্রমণিকার ১১২—১১৫ পৃষ্ঠা দেখ।

জামিত্রম্ লগ্নাৎ সপ্তমস্থানম্।

লগ্ন * হইতে সপ্তম স্থানের নাম জামিত্র।

গ্রীক্ ডিয়ামিট্রস্ শব্দেরও অর্থ অবিকল এইরূপ। উহার লাটিন্ রূপ ডিয়ামিটন্। শ্রীমান্ ফ, মেটর্নস্ লাটিন্ ভাষায় উহার যেরূপ অর্থ করেন, তাহা পশ্চাৎ উদ্ধৃত হইতেছে। সেই অর্থ পূর্ব্বোক্ত মল্লিনাথ-কৃত জামিত্র শব্দের ব্যাখ্যার অবিকল অনুরূপ।

A Signo ad aliud signum, quod septimum fiuerit, hoc est diametrum.

এক রাশি হইতে সপ্তম স্থান-স্থিত অন্য রাশিকে ডিয়ামিট্রম্ বলে।

কি সুন্দর ঐক্য!—কি সম্পূর্ণরূপ সুন্দর ঐক্যই দৃষ্ট হইতেছে! পরস্পর দূরস্থিত উভয় দেশীয় বিষয়-বিশেষের এতাদৃশ অবিদিতপূর্ব্ব ঐক্য-প্রতিপাদন অপার উল্লাসের বিষয়। ইহাতে কি অপরিজ্ঞাত গুপ্ত-কথাই ব্যক্ত করিয়া দিতেছে! আরও দেখ। কুমারসম্ভবে জামিত্রের যেরূপ গুণ উল্লিখিত হইয়াছে, লঘুজাতকেরও বচন-বিশেষে তাহার অনুরূপ তাৎপর্য্য নির্দ্দেশিত আছে †। গ্রীক্ জ্যোতির্ব্বিদেরা ডিয়ামিট্রস্ রাশিরও সেইরূপ শক্তি বর্ণন করিয়াছেন। কুমারসম্ভব ও গ্রীক্ জ্যোতিষ উভয়ের মতেই উহা উদ্বাহ-পক্ষে শুভকর। ফ মেটর্নস্ স্পষ্ট লিখিয়াছেন, ডিয়ামিট্রম্ অর্থাৎ ঐ সপ্তম রাশি বা সপ্তম স্থান হইতে উদ্বাহ-কাল নির্ণয় করিতে পারা যায়।

ex hoc loco quantitatem quaeramus nuptiarum (Firm. Mat. II, 22, 7.)

কুমারসম্ভবের পূর্ব্বোক্ত বচনে রাশি-বিশেষস্থ চন্দ্রকলা স্ত্রীলোকের উদ্বাহ-পক্ষে শুভকর বলিয়া নির্দ্দেশিত আছে। লঘুজাতকেও স্ত্রীলোকের পক্ষে চন্দ্রের বিশেষ রূপ শক্তি বর্ণিত হইয়াছে ‡। গ্রীক্ জ্যোতির্ব্বিদ টলেমিও চন্দ্রকে স্ত্রীলোক-সম্বন্ধীয় বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এমন কি, কুমারসম্ভবের ন্যায় তাঁহারও গ্রন্থে লিখিত আছে, শুক্লপক্ষীয় চন্দ্র স্ত্রীজাতির পক্ষে শুভপ্রদ।

---

* মেষ, বৃষ, মিথুনাদি রাশির উদয়কে লগ্ন বলে।

† পশ্চাল্লিখিত বচন দেখ।

‡ স্ত্রীণাং ভর্ত্তৃসুখং চন্দ্রে ...ম মন্দং ...

...

লঘুজাতক। ২। ১॥

সংস্কৃত জাতকগুলি গ্রীক্ শাস্ত্রের অনুযায়ী। ঐ জ্যোতিষ শাস্ত্রের নাম হোরাশাস্ত্র। ভারতবর্ষীয় হোরাশাস্ত্র গ্রীক্ জ্যোতিষ অবলম্বন করিয়া রচিত হয় জানা গিয়াছে *। হোরাটি গ্রীক্ শব্দ। পূর্ব্বে লিখিত হইয়াছে, বরাহমিহিরের একখানি গ্রন্থের নাম হোরাশাস্ত্র। ড়ুযকোবি গ্রীক্ জ্যোতিষের সহিত ভারতবর্ষীয় জ্যোতিষ শাস্ত্রের ঐক্য করিয়া প্রদর্শন করিয়াছেন, গ্রীক্‌দিগের ঐ শাস্ত্র সর্ব্বতোভাবে সম্পূর্ণ হইবার পর, ভারতবর্ষীয়েরা তাঁহাদের নিকট উহা গ্রহণ করেন †। গ্রীস্ দেশীয় হোরাশাস্ত্র খৃষ্টাব্দের তৃতীয় শতাব্দীতে সম্পূর্ণ হয়। অতএব ভারতবর্ষে উহা ঐ শতাব্দীর পর ভিন্ন পূর্ব্বে কদাচ অবতীর্ণ হওয়া সম্ভব নয়। উল্লিখিত দুই কাব্য গ্রন্থে ঐ শাস্ত্রে গ্রন্থকারের যেরূপ পারদর্শিতার পরিচয় প্রাপ্ত হওয়া যায়, তাহাতে তাঁহার সময়ে ভারত-বর্ষে ঐ বিষয় বিলক্ষণ প্রচারিত হইয়াছিল বলিতে হয়। এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, ঐ দুই গ্রন্থ খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দীর মধ্যভাগের পূর্ব্বে বিরচিত হওয়া কোনরূপেই সম্ভব বোধ হয় না। ইতি পূর্ব্বেই খোদিতলিপির প্রমাণানুসারে নিঃসংশয়ে নিরূপিত হইয়াছে, কালিদাস খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর শেষ ভাগের পূর্ব্বতন লোক ‡। অতএব তিনি ¶ খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দীর মধ্যভাগের পর ও ষষ্ঠ শতাব্দীর শেষ ভাগের পূর্ব্ব বিদ্যমান ছিলেন এইটিই একরূপ প্রতীয়মান

---

স্ত্রী ও পুরুষের জন্ম-ফল তুল্য, কিন্তু এস্থলে (অর্থাৎ স্ত্রীলোকের পক্ষে) লগ্ন ও চন্দ্র উভয়ই ফলপ্রদ। তাহাদের বলানুসারে শরীর ও আকৃতি হয়। আর যদি লগ্ন হইতে সপ্তম রাশিতে চন্দ্রের অবস্থিতি হয়, তাহা হইলে স্ত্রী সৌভাগ্যবতী হইয়া থাকে।

এই বচনটি জ্যোতিষার্ণবদীপিকায় স্ত্রীলোকের জন্ম-ফল-কথন প্রস্তাবে উদ্ধৃত হইয়াছে।

* উপক্রমণিকার ১১২—১১৫ পৃষ্ঠায় এবিষয় দেখ।

† Dissertation do Astrologiae Indicae "Hora." Bonn 1872, pp. 12 and 13.

‡ পরিশিষ্ট। ২৭৩ পৃষ্ঠা।

¶ কালিদাস-প্রণীত সুপ্রচলিত কয়েকখানি কাব্য-নাটক ব্যতিরেকে অপর কয়েকখানি গ্রন্থ তাঁহারই বিরচিত বলিয়া লিখিত আছে; যেমন জ্যোতি-র্বিদাভরণ, শক্রপরাভব, রাত্রিলগ্ননিরূপণ ইত্যাদি। কিন্তু এইগুলি নানা কারণে অপরাপর লোকের রচিত বলিয়া অনুমিত হইয়াছে। রঘুবংশ ও কুমারসম্ভব-প্রণেতা কালিদাস খৃষ্টাব্দের চতুর্থ শতাব্দীর উত্তরকালীন লোক

হইয়া উঠিতেছে। কিন্তু এই উভয় সীমার মধ্যস্থলে কোন্ নির্দ্দিষ্ট সময়ে তিনি প্রাদুর্ভূত হন, তাহার নিঃসংশয়ে নিরূপণ করিবার উপায় দেখিতে পাওয়া যায় না। তবে তিনি পূর্ব্বোল্লিখিত নবরত্নের অন্তর্গত অমর ও বরাহমিহিরের সমকালবর্ত্তী বলিয়া যে চির-প্রবাদ আছে, তাহার সহিত ঐ উভয় সীমা-নির্ণয়ের কিছুমাত্র অসঙ্গতি নাই বলিতে হবে। সেই প্রবাদটি প্রামাণিক হইলে, যখন বরাহমিহির খৃষ্টাব্দের ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে বিদ্যমান বলিয়া প্রতিপন্ন হইয়াছেন *, তখন তাঁহাকেও খৃষ্টাব্দের ঐ শতাব্দীর লোক বলিয়া বিবেচনা করিতে হয়।

কালিদাসের নামোচ্চারণ মাত্র তদীয় গুণ-গ্রাম স্মরণ হইয়া শরীর ও মন পুলকিত হইয়া উঠে। পূর্ব্বকালে ভারতমণ্ডলে যত বিষয়ের যত গ্রন্থ রচিত হয়, তাহার মধ্যে সাহিত্য-বিষয়ক রঘুবংশ ও অভিজ্ঞান-শকুন্তল সদৃশ সর্ব্বাঙ্গ-সুন্দর নিষ্কলঙ্ক প্রধান পুস্তক কোন বিষয়েই বিদ্যমান নাই। ঐ উভয় পাঠ করিতে করিতে নিরন্তর একরূপ অপূর্ব্ব চিত্ত-চমৎকার উপস্থিত হইয়া নিরুপম সুনির্ম্মল স্বর্গ-সুখ অনুভূত হইতে থাকে। তাঁহার উপমার তো উপমা নাই। অবনিমণ্ডলে উটি একটি অদ্বিতীয় পদার্থ হইয়া রহিয়াছে। উৎপ্রেক্ষাও সেইরূপ। তাঁহার স্বভাব-বর্ণন অতীব মনোহর। তদীয় বলবৎ ভ্রমণোৎসাহ ও নৈসর্গিক বস্তু-পর্য্যবেক্ষণ-বাসনাও তাঁহার অসাধারণ প্রকৃতির পরিচায়ক। ভারত-বর্ষে এখন তাদৃশ পর্য্যবেক্ষণ-শক্তি বুঝি আর বিদ্যমান নাই। ফলতঃ তিনি ভারতভূমির অসাধারণ শ্লাঘাস্থল।

কেহ কেহ তদীয় গুণে মুগ্ধ হইয়া তাঁহাকে কবিত্ব-গুণের সর্ব্বাংশে সমানরূপ প্রধান শক্তিশালী বলিয়া বর্ণন করেন; এমন কি, ভূমণ্ডলের কোন কবি কোন বিষয়ে তাঁহার অপেক্ষা অধিকতর শক্তি প্রাপ্ত হন নাই। কিন্তু মানবীয় মনের তল-স্পর্শী শেক্স্পিয়র্, গাম্ভীর্য্য-মহার্ণব মিল্টন্, প্রচণ্ড তেজশ্চূলী ঔৎসুক্যশালী বায়্রন্ ও করুণ, গাম্ভীর্য্য,

---

এইটিই প্রতিপাদন করা এস্থলের উদ্দেশ্য জানিতে হইবে। শ্রীমান্ বেবর্ অনুমান করেন, রঘুবংশ ভোজ-বংশীয় নৃপতি-বিশেষের প্রীতি-সাধন উদ্দেশে বিরচিত হয় *। আর দিকে, শঙ্কর পাণ্ডুরঙ্গ্ পণ্ডিত একটি প্রবন্ধে রঘুবংশ, কুমারসম্ভব ও অভিজ্ঞানশকুন্তলের নানা অংশে পরস্পর সৌসাদৃশ্য প্রদর্শন করিয়া ঐ তিনই এক গ্রন্থকারের গ্রন্থ বলিয়া বিবেচনা করিয়াছেন †।

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৬৬ পৃষ্ঠা।

---

* Weber's History of Indian Literature, 1178, p. 195.

† Transactions of the London Congress of Orientalists, 1876, pp. 227—254 দেখ।

রৌদ্রাদি বিবিধ-রস-সিন্ধু 'সারল্য-নিধান বাল্মীকির নাম বিদ্যমান থাকিতে উল্লিখিত অভিপ্রায়ে অনুমোদন করিতে পারা যায় না। কিন্তু মধুরতা বিষয়ে কালিদাস কোন দেশের কোন কবি অপেক্ষা ন্যূন নন। রঘুবংশ ও অভিজ্ঞানশকুন্তলের সুধাময় স্বভাব-বর্ণনাদি অধ্যয়ন করিতে করিতে সংশয় হয়, কালিদাস কি ভারতবর্ষীয়? যদি সংস্কৃত সারসিক কাব্য-প্রণেতা অপরাপর সমস্ত কবি ভারতবর্ষীয় হন, তবে কালিদাস ইয়ুরোপীয়। কিন্তু ইয়ুরোপীয় কবিত্ব কি এত মধুর? ফলতঃ নৈসর্গিক শোভানুরাগিণী গুণবতী ইয়ুরোপীয় কবিতা কবিত্ব-সামগ্রী-পরিপূর্ণা রসবতী ভারত-ভূমিতে অবতীর্ণ হইলে যেরূপ চমৎকারিণী হওয়া সম্ভব, কালিদাসের কবিতা সেইরূপই। ইয়ুরোপীয় স্থপতিগণেই অদ্বিতীয় আগ্রার তাজ্ প্রস্তুত করিয়াছে।

( উপক্রমণিকা, ১০৮ পৃষ্ঠা। পাণিনি। )

ঐ পৃষ্ঠায় লিখিত আছে, শ্রীমান্ গোল্‌ড্‌ষ্টুকর্ পাণিনিকে বৌদ্ধ-ধর্ম্ম-প্রচারেরও পূর্ব্বকালীন লোক বলিয়া বিবেচনা করিয়াছেন। শ্রীমান্ বেবের্ একটি পাণিনি-সূত্রে শ্রমণ ও কুমারী শ্রমণার প্রসঙ্গ দেখিয়া তাহা বৌদ্ধ ধর্ম্মেরই পরিচায়ক বিবেচনা করিয়াছেন *। শ্রমণ শব্দের অর্থ বৌদ্ধ সন্ন্যাসী ও শ্রমণা শব্দের অর্থ বৌদ্ধ সন্ন্যাসিনী। অতএব এই যুক্তি-প্রমাণে ঐ সূত্র-রচয়িতা বৌদ্ধ-ধর্ম্ম-প্রবর্ত্তনের উত্তর-কালীন লোক হইয়া পড়েন। সে সূত্রটি এই,

কুমারঃশ্রমণাদিভিঃ ॥

পাণিনি। ২। ১। ৭০ ॥

শ্রমণা প্রভৃতি শব্দের সহিত কুমার শব্দের সমাস হয়; হইলে, শ্রমণা প্রভৃতি যে লিঙ্গ-বাচক, কুমারও সেই লিঙ্গ-বাচক জানিতে হইবে; যেমন কুমার-শ্রমণা অর্থাৎ কুমারী শ্রমণা।

শ্রমণ শব্দটি বৌদ্ধ-সন্ন্যাসি-বাচক বলিয়া অনেকেরই হৃদয়ঙ্গম আছে। জেনেরেল্ কনিংহেম্ তো একটি প্রবন্ধে এবিষয় প্রতিপাদনার্থ সবিশেষ চেষ্টা পাইয়াছেন †। এটি প্রতিপন্ন হইলে, শ্রীমান্ বেবের্-কৃত উল্লিখিত সিদ্ধান্তের অন্যথা-ঘটনার সম্ভাবনা থাকে না। কিন্তু তাতো বোধ হয় না। শ্রমণ শব্দ যে কেবল বৌদ্ধ-সন্ন্যাসি-বাচক, শ্রীমান্ স, বীল্ ও নারায়ণ ঐয়েঙ্গর্ বিয়োগ এই মতের প্রতিবাদ করিয়া এক একটি

* History of Indian Literature, 1878, p. 305.

† Bhilsa Topes, p. xii.

প্রবন্ধ প্রকাশ করেন। তদনুসারে, এই অভিপ্রায়টি না হিন্দু না গ্রীক্ কোন শাস্ত্রের বা কোন গ্রন্থেরই অনুমোদিত নয়*। শ্রমণ শব্দের আভিধানিক অর্থ যতি ও ভিক্ষু অর্থাৎ সন্ন্যাসী †। তৈত্তিরীয় আরণ্যকের দ্বিতীয় প্রপাঠকের সপ্তম অনুবাকে শ্রমণগণ ঋষিদের শ্রদ্ধাস্পদ ও মন্ত্রোপদেষ্টা বলিয়া বর্ণিত হইয়াছেন।

वातरशना ह वा ऋषयः श्रमणा ऊर्द्ध्वमन्थिनो बभूवुस्तानृषयोऽर्थमा-यंस्तेऽनिलायमचरंस्तेऽनुप्रविशुः कूष्माण्डानि ताँस्तेष्वन्वविन्दञ्छ्रद्धया च तपसा च तानृषयोऽब्रुवन् कयानिलायं चरथेति त ऋषीनब्रुवन्नमो वोऽस्तु भग-वन्तोऽस्मिन्धाम्नि केन वः सपर्य्यामेति तानृषयोऽब्रुवन् पवित्रन्नो ब्रूत येनारेपसः स्यामेति त एतानि सूक्तान्यपश्यन् यद्देवा देवहेडनं यददीव्यन् ऋणमहं बभूव आयुष्टे विश्वतो दधदित्येतैराज्यं जुहुत वैश्वानराय प्रतिवेदयाम इत्युप-तिष्ठत यदर्वाचीनमेनो भ्रूणहत्यायास्तस्मान् मोक्ष्यध्व इति त एतैरजुहवुस्ते-ऽरेपसोऽभवन् कर्मादिष्वेतैर्जुहुयात् पूतो देवलोकान् समश्नुते ॥

তৈত্তিরীয় আরণ্যক। দ্বিতীয় প্রপাঠক। সপ্তম অনুবাক।

বাত-রশনা অর্থাৎ বিবস্ত্র ও ঊর্দ্ধমন্থী অর্থাৎ ঊর্দ্ধরেতা নামে দুই প্রকার শ্রমণ ছিলেন। ঋষিগণ তাঁহাদের নিকট প্রার্থনা করেন। তাঁহারা অর্থাৎ শ্রমণগণ অনিলায় ব্রতের অনুষ্ঠান করিতেছিলেন ও কুষ্মাণ্ড মন্ত্রে প্রবিষ্ট হইয়াছিলেন। ঋষিগণ শ্রদ্ধা ও তপস্যা সহকারে তাঁহাদিগকে প্রাপ্ত হইলেন। তাঁহাদিগকে বলিলেন, কি কারণ তোমরা অনিলায়-ধর্ম্মের অনুষ্ঠান করিতেছ ? তাঁহারা (অর্থাৎ শ্রমণগণ) ঋষি-গণকে কহিলেন, ভগবন্! তোমাদিগকে নমস্কার। এই ধামে কিরূপে তোমাদের সেবা করি ? ঋষিগণ তাঁহাদিগকে বলিলেন, যাহাতে আমরা নিষ্পাপ হই, আমাদিগকে এইরূপ কোন পবিত্র মন্ত্র উপদেশ কর। তাঁহারা (অর্থাৎ শ্রমণগণ) এই সকল সূক্ত দৃষ্টি করিয়া-ছিলেন ; "যদ্দেবা দেবহেড়নং" "যদদীব্যন্ ঋণমহং বভূব" "আয়ুষ্টে বিশ্বতো-দধদ্" এই সকল মন্ত্র দ্বারা ঘৃতাহুতি প্রদান করিও। "বৈশ্বানরায় প্রতিবেদয়াম" এই মন্ত্র দ্বারা বৈশ্বানরের অর্চ্চনা করিও। ইহাতে

* Indian Antiquary, May, 1880, p. 122 and May, 1881, pp. 143-145.

† হেমচন্দ্র ও মেদিনী।

ভ্রূণহত্যা ব্যতিরেকে অপর সমস্ত পাপ হইতে মুক্ত হইবে। তাঁহারা (অর্থাৎ ঋষিগণ) এই সমুদায় মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হবন করিয়া নিষ্পাপ হইলেন। কর্ম্মারম্ভে এই সকল মন্ত্র দ্বারা দেবার্চ্চনা করিবে। করিলে, পবিত্র হইয়া দেবলোকে গমন করে।

সায়নাচার্য্য এস্থলে শ্রমণ শব্দ তপস্বি-বাচক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

শ্রমণাঃ তপস্বিনঃ।

যে শ্রমণগণ বেদ-মন্ত্রের উপদেষ্টা, তাঁহারা কদাচ বৌদ্ধসন্ন্যাসী নন। ভাগবতেও উল্লিখিত ঊর্দ্ধমন্থী প্রভৃতি বিশেষণে বিশেষিত এইরূপ শ্রমণগণেরই প্রসঙ্গ আছে।

বর্হিষি তস্মিন্নেব বিষ্ণুদত্ত ভগবান্ পরমর্ষিভিঃ প্রসাদিতো নাভেঃ প্রিয়চিকীর্ষয়া তদবরোধায়নে মেরুদেব্যাং ধর্ম্মান্ দর্শয়িতুকামো বাতরশনানাং শ্রমণানামৃষীণামূর্দ্ধমন্থিনাং শুক্লয়া তন্বাবততার।

ভাগবত। ৫। ৩। ২১।

বিষ্ণুদত্ত! এই যজ্ঞে ভগবান্ প্রধান প্রধান ঋষি কর্তৃক প্রসাদিত হইয়া নাভির প্রীতি-সাধন ও ঊর্দ্ধমন্থী অর্থাৎ ঊর্দ্ধরেতা বাত-বসন অর্থাৎ বিবস্ত্র শ্রমণগণকে ধর্ম্ম-প্রদর্শন-উদ্দেশে সেই রাজার অন্তঃপুরে মেরু দেবীর গর্ভে বিশুদ্ধ সত্ত্ব-মূর্ত্তি ধারণ করিয়া অবতীর্ণ হইলেন।

নবাভবন্মহাভাগা মুনয়ো হ্যর্থশংসিনঃ।
শ্রমণা বাতরশনা আত্মবিদ্যাবিশারদাঃ।
কবির্হবিরন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ।
আবির্হোত্রোঽথ দ্রুমিলশ্চমসঃ করভাজনঃ॥

ভাগবত। ১১। ২। ১৯।

কবি, হবিঃ, অন্তরীক্ষ, প্রবুদ্ধ, পিপ্পলায়ন, আবির্হোত্র, দ্রুমিড়, চমস ও করভাজন এই নয় জন পরমার্থ-নিরূপক, আত্মবিদ্যা-বিশারদ, বাত-বসন অর্থাৎ বিবস্ত্র ও মহাভাগ্যশালী শ্রমণ হইয়াছিলেন।

রামায়ণের মধ্যেও স্থানে স্থানে শ্রমণের প্রসঙ্গ দেখিতে পাওয়া যায়। রাজা দশরথ অশ্বমেধ যজ্ঞে শ্রমণগণকে ভোজন করান এইরূপ লিখিত আছে *। আরণ্যকাণ্ডের ৭৩ সর্গে শবরী নামে একটি শ্রমণার উপাখ্যান আছে। তিনি পম্পাতীরস্থ একটি আশ্রমে ঋষিগণের

---

* রামায়ণ। বালকাণ্ড। ১৪ সর্গ।

পরিচারিকা ছিলেন ; রাম লক্ষ্মণকে দর্শন পূর্ব্বক নিজ আত্মাকে পবিত্র ও চরিতার্থ জ্ঞান করিয়া অগ্নিকুণ্ডে প্রবেশ করেন।

তেষাং গতানামদ্যাপি দৃশ্যতে পরিচারিণী ।
শ্রমণী শবরী নাম কাকুৎস্থ ! চিরজীবিনী ॥

আরণ্য কাণ্ড । ৭৩ । ২৬ ॥

রাম! সেই পরলোক-গত ঋষিগণের শবরী নামে একটি চিরজ্জীবনী শ্রমণা তথায় অবস্থিতি করিতেছে দেখিতে পাওয়া যায়।

টীকাকার রামানুজ এস্থলে তাপসী মাত্র বলিয়া শ্রমণা শব্দের ব্যাখ্যা করিয়াছেন।

শবরী নাম শবরীত্যাখ্যা শ্রমণা তাপসী ।

কিষ্কিন্ধ্যা-কাণ্ডে লিখিত আছে, রাম বালিকে বলিতেছেন,

আর্য্যেণ মম মান্ধাত্রা ব্যসনং ঘোরমীপ্সিতম্ ।
শ্রমণেন কৃতে পাপে যথা পাপং কৃতং ত্বয়া ॥

কিষ্কিন্ধ্যা-কাণ্ড । ১৮ । ৩৩ ॥

তুমি যেরূপ পাপকর্ম্ম করিয়াছ, কোন শ্রমণ সেরূপ করিলে, তাহার ঘোরতর শাস্তি হয়। আমার পূর্ব্বপুরুষ মান্ধাতা এইরূপ ব্যবস্থা করিয়া গিয়াছেন।

যে শ্রমণা চিরদিন ঋষিগণের পরিচর্য্যা করেন, তাঁহার বৌদ্ধমতাবলম্বিনী হওয়া কোন মতেই সম্ভব নয়। মহাভারতীয় অর্জ্জুনবনবাস-পর্ব্বে শ্রমণের উল্লেখ আছে।

কথকাশ্চাপরে রাজন্ শ্রমণাশ্চ বনৌকসঃ ।
দিব্যাখ্যানানি যে চাপি পঠন্তি মধুরং দ্বিজাঃ ॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভিঃ সহায়ৈঃ পাণ্ডুনন্দনঃ ।

আদিপর্ব্ব । ২১৫ । ৩৩ ॥

অন্য অন্য কথকগণ, বনবাসী শ্রমণগণ, সুমধুর-দিব্যাখ্যান-বক্তা ব্রাহ্মণগণ ও অপরাপর অনেক লোক পাণ্ডুনন্দনের সহিত অবস্থান করিল।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে এইটিই প্রতীয়মান হইয়া উঠে যে, প্রথমে শ্রমণ শব্দটি সাধারণ সন্ন্যাসি-বাচকই ছিল, পরে বৌদ্ধ ও জৈনের নিজ নিজ সম্প্রদায়ের সন্ন্যাসীদিগকে ঐ নামেই বিখ্যাত করেন এবং বৌদ্ধ-সম্প্রদায়ে ঐ উপাধির প্রাদুর্ভাব দেখিয়া, হিন্দুরা তাহা পরিত্যাগ করেন।

উল্লিখিত পাণিনি-সূত্রে শ্রমণা অর্থাৎ কুমারী শ্রমণার প্রসঙ্গ আছে। যাহারা চিরজীবন অবিবাহিত থাকিয়া কৌমার-কাল অবধি সন্ন্যাস-ধর্ম্ম অবলম্বন করিয়া চলে, তাহারাই কুমার-শ্রমণা। রোমান্ কেথলিক্ নামক খৃষ্টীয় সম্প্রদায়ী ননেরা যেমন চিরজীবন সন্ন্যাস-ব্রত পালন করে, বৌদ্ধদেরও সেইরূপ একটি সন্ন্যাসিনী-সম্প্রদায় বিদ্যমান ছিল। তদনুসারে, পাণিনি-সূত্রের শ্রমণা বৌদ্ধ সন্ন্যাসিনী হওয়া সম্ভব। ঐরূপ কৌমার-সন্ন্যাস যদি কেবল বৌদ্ধ-শাস্ত্র-সম্মত হয় এবং হিন্দুশাস্ত্রের অনুমোদিত না হয়, তাহা হইলে, ঐ সূত্র-রচয়িতা বৌদ্ধধর্ম্ম-প্রচারের পূর্ব্বকালীন লোক হইতে পারেন না। কিন্তু তাত নয়। পূর্ব্বকালে হিন্দুদিগেরও যে শ্রমণা নামে সন্ন্যাসিনী-সম্প্রদায় ছিল, শবরীর উপাখ্যান-প্রমাণেই তাহা সুস্পষ্ট প্রতীয়মান হইতেছে। হিন্দু স্ত্রীলোকেও যে, কৌমার কাল অবধি চিরজীবন অবিবাহিত থাকিয়া সন্ন্যাস-ব্রত পালন করিত, তাহারও প্রমাণের অসদ্ভাব নাই। শবরীর উপাখ্যান যেরূপ বর্ণিত আছে, তাহা পাঠ করিলে, তাহার যে কখন উদ্বাহ-সংস্কার সম্পন্ন হইয়াছিল এরূপ বোধ হয় না। রামায়ণে তিনি "চিরজীবনী" "পরিচারিণী" বলিয়া উল্লিখিত হইয়াছেন। শান্তি পর্ব্বের ৩২২ অধ্যায়ে সুলভা-ধর্ম্মধ্বজ নামে একটি উপাখ্যান আছে, সুলভা একটি ভিক্ষুকা অর্থাৎ সন্ন্যাসিনী; সন্ন্যাস-ধর্ম্ম অবলম্বন পূর্ব্বক নানাদেশ পরিভ্রমণ করিয়া জনক-বংশোদ্ভব ধর্ম্মধ্বজ রাজার সভায় আগমন করেন।

তিনি পাণিগ্রহণ করেন নাই; কৌমারাবস্থাতেই সন্ন্যাস-ধর্ম্ম অবলম্বন করেন।

> সাহং তস্মিন্ কুলে জাতা ভর্ত্তর্য্যসতি মদ্বিধে।
>
> বিনীতা মোক্ষধর্ম্মেষু চরাম্যেকা মুনিব্রতম্ ॥

শান্তিপর্ব্ব। ৩২২। ১৮৫॥

সেই আমি তাঁহার (অর্থাৎ প্রধান নামক রাজর্ষির) বংশে জন্মগ্রহণ করিয়াছি। আমার অনুরূপ পাত্র উপস্থিত না থাকাতে, মোক্ষধর্ম্মে উপদিষ্ট হইয়া একাকী মুনি-ব্রতের অনুষ্ঠান করিতেছি।

এই উপাখ্যানের মধ্যে বেদ, উপনিষদ্, যজ্ঞ, মোক্ষ, ইন্দ্রাদি দেবতা

প্রভৃতি হিন্দু-ধর্ম্মসংক্রান্ত নানাবিষয়ে সুলভার ভক্তি-শ্রদ্ধা প্রকাশিত আছে। অতএব তাঁহাকে হিন্দু বলিয়া বর্ণন করা হইয়াছে, তাহার সন্দেহ নাই। বেদাবলম্বী হিন্দু সমাজে স্ত্রীলোকের কৌমারাবস্থায় সন্ন্যাস-গ্রহণের ব্যবস্থা না থাকিলে, এরূপ বর্ণন করা সম্ভব হইত না। সংস্কৃত সাহিত্যের মধ্যেও ঐ ব্যবস্থার সুস্পষ্ট নিদর্শন লক্ষিত হইয়া থাকে। কি জানি শকুন্তলা বৈখানস অর্থাৎ বাণপ্রস্থ-ব্রত অবলম্বন করিয়া চিরজীবন পাণিগ্রহণে বিরত থাকেন এই আশঙ্কায় দুষ্মন্ত তদীয় সখীগণকে জিজ্ঞাসা করিতেছেন,

> বৈখানসং কিমনয়া ব্রতমাপ্রদানাৎ
>
> ব্যাপাররোধি মদনস্য নিষেবিতব্যম্।
>
> অত্যন্তমেব মদৃশেক্ষণবল্লভাভি
>
> রাহো নিবৎস্যতি সমং হরিণাঙ্গনাভিঃ॥

প্রথম অঙ্ক।

ইনি কি পাণিগ্রহণ-কাল পর্য্যন্ত পুরুষ-সংসর্গ-বিবর্জ্জিত বানপ্রস্থ-ব্রতের অনুষ্ঠান করিবেন? না চিরজীবনই সদৃশ-নয়ন প্রীতি-ভাজন হরিণীগণের সহিত একত্র বনবাসিনী হইয়া থাকিবেন?

কৌমার-সন্ন্যাস অবলম্বনের নিয়ম প্রচলিত না থাকিলে, এরূপ আশঙ্কা ও প্রশ্ন করা কোন রূপেই সম্ভব ও সঙ্গত হয় না। অতএব উল্লিখিত পাণিনি-সূত্রের শ্রমণা ও কুমার-শ্রমণা শব্দ বৌদ্ধধর্ম্মের পরিচায়ক বলিয়া কোনরূপেই নির্দ্ধারণ করা যায় না। বেদাবলম্বী প্রাচীনতর ভারতবর্ষীয় পণ্ডিতেরা অপেক্ষাকৃত অপ্রাচীন শাস্ত্রকারদের ন্যায় স্ত্রীলোকদিগকে জ্ঞান ও ধর্ম্মাধিকারে বঞ্চিত করেন নাই। তাহাদের বেদে অধিকার ছিল, জ্ঞানেও অধিকার ছিল এবং ভিক্ষাশ্রমের সৃষ্টি হইলে, তাহাতেও সম্পূর্ণ অধিকার ছিল। বিশ্ববারা প্রভৃতি বেদ রচনা করেন *, গার্গী ও মৈত্রেয়ী তত্ত্বজ্ঞানে উপদিষ্ট হইয়া ব্রহ্মবাদিনী হন † এবং শবরী সুলভা প্রভৃতি কৌমারাবস্থায় সন্ন্যাসাশ্রম অবলম্বন পূর্ব্বক চিরজীবন তদীয় ধর্ম্ম পরিপালন করেন এইরূপ লিখিত আছে।

ফলতঃ ভারতবর্ষ সংক্রান্ত কোন বিষয়ের সময়-নিরূপণ-প্রস্তাব

---

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ৭৩ পৃষ্ঠা এবং দ্বিতীয় ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ১৪০ পৃষ্ঠা।

† প্রথমভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ১০৪ পৃষ্ঠা।

উপস্থিত হইলেই প্রমাদ ঘটিয়া উঠে। পাণিনি বুদ্ধের পূর্ব্ব কি উত্তর-কালীন লোক এবিষয়ে ইয়ুরোপীয় পণ্ডিত-সমাজে অদ্যাবধি মত-ভেদ চলিতেছে। ব্লেসেন্ ও বেনর্ফি পাণিনিকে বুদ্ধ অপেক্ষা প্রাচীন বলিয়া বিবেচনা করেন না।

(উপক্রমণিকা, ১১৫ পৃষ্ঠা।—যবন।)

কালিদাস অভিজ্ঞানশকুন্তলেও হিন্দু নৃপতিদিগের নিয়োজিত যবন-পরিচারিকাগণের প্রসঙ্গ করিয়াছেন।

एसो बाणासणहत्थाहिं जवणीहिं वणपुप्फमालाधारिणीहिं परिवुदो इदो एव्व आअच्छदि पिअवअस्सो।

अभिज्ञानशकुन्तल। द्वितीय अङ्क।

প্রিয়বয়স্য এই আগমন করিতেছেন। যবনীগণ শরাসন ও বনপুষ্প-মালা হস্তে ধারণ পূর্ব্বক তাঁহাকে পরিবৃত করিয়া আসিতেছে।

(উপক্রমণিকা, ১৪০ পৃষ্ঠা।—শূদ্রজানশ্রুতি।)

অপেক্ষাকৃত অপ্রাচীন শাস্ত্রানুসারে, স্ত্রী-শূদ্রের বেদাধিকার নাই, অথচ রৈক্ক ঋষি শূদ্রজানশ্রুতিকে বেদোপদেশ করেন এই বিরোধ-ভঞ্জন-উদ্দেশে, শঙ্করাচার্য্য বেদান্তসূত্রের প্রথম অধ্যায়ের তৃতীয় পাদের চৌত্রিশ সূত্রের ভাষ্যে সূত্রকারের অভিপ্রায়ানুসারে শূদ্র শব্দের প্রচলিত অর্থ পরিত্যাগ পূর্ব্বক শোকাচ্ছন্ন বলিয়া ঐ শব্দের ব্যাখ্যা করিয়াছেন।

आत्मनोऽनादरं श्रुतवतो जानश्रुतेः पौत्रायणस्य शुगुत्पेदे ता-मृषी रैक्कः शूद्रशब्देनानेन सूचयाम्बभूव आत्मनोऽपरोक्षज्ञताख्यापनाय।

আপনার অনাদর-বাক্য শ্রবণ করিয়া জানশ্রুতির শোক অর্থাৎ মনঃপীড়া উপস্থিত হয়। রৈক্ক অপরোক্ষ বিষয়ে নিজের অভিজ্ঞতা প্রকাশ উদ্দেশে তাঁহাকে (শোক-সূচক) শূদ্র শব্দে সম্বোধন করিয়া সেইটিই বিজ্ঞাপন করিলেন *।

* আচার্য্য-প্রবর নিজের ব্যুৎপত্তি-বলে শুচ্ অর্থাৎ শোক এবং দ্রু ধাতুর যোগে শূদ্র শব্দ শোকাচ্ছন্ন বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।

कथं पुनः शूद्रशब्देन शुगुत्पन्ना सूच्यत इति उच्यते। तदा द्रवणात् शुचमभिदुद्राव शुचा वाभिदुद्रुवे शुचा वा रैक्कमभिदुद्रावेति।

## (উপক্রমণিকা, ১৫৮ পৃষ্ঠা।—গাথা।)

গাথা শব্দটি অতীব প্রাচীন। হিন্দু ও পারসীরা একত্র সংসৃষ্ট থাকিতেই উহার উৎপত্তি হয় দেখা গিয়াছে *। ধর্ম্মনিষ্ঠ নৃপতিগণের প্রশংসা-সূচক সংগীত-বিশেষের নাম গাথা। ঋগ্বেদসংহিতার চতুর্থ মণ্ডলের ৪২ সূক্তে, ঐতরেয় ব্রাহ্মণের শেষ পরিচ্ছেদে, শতপথ ব্রাহ্মণের ত্রয়োদশ কাণ্ডে এবং মহাভারতের শান্তিপর্ব্বে ঐ সকল গাথা সন্নিবিষ্ট আছে; তবে কোন কোন স্থলে কিছু কিছু প্রভেদ দেখিতে পাওয়া যায় †। উপক্রমণিকার ১৪১ পৃষ্ঠায় যে সকল ধর্ম্মপরায়ণ নৃপতির কথা লিখিত হইয়াছে, তাহার মধ্যে ভীমসেন, উগ্রসেন, শ্রুতসেন, দুষ্মন্ত, ভরত, ধৃতরাষ্ট্র ও জনমেজয়ের প্রসঙ্গ গাথারই অন্তর্গত। রামায়ণোক্ত একটি গাথার প্রসঙ্গ কিছু পূর্ব্বেই উপস্থিত করা হইয়াছে ‡। ললিতবিস্তরাদি বৌদ্ধশাস্ত্রেও গাথা নামে কতকগুলি বচন বিনিবেশিত আছে। শ্রীমান ম, মুলর্ বৈদিক ও সেই বৌদ্ধগাথা একই প্রকার বলিয়া উল্লেখ করিয়াছেন ¶।

গাথা শব্দের একটি আভিধানিক অর্থ সঙ্গীত বা গেয়-শ্লোক। তদনুসারে গাথা সমুদায় পূর্ব্বে গীত হইত বোধ হয়।

## (উপক্রমণিকা, ১৯৩ পৃষ্ঠা।—শঙ্করাচার্য্য।)

শঙ্করাচার্য্য বৌদ্ধ-সম্প্রদায়ের বিদ্বেষী ছিলেন এইরূপ একটি প্রবাদ প্রচলিত আছে। তিনি নেপালবাসী বৌদ্ধগণের বিস্তর গ্রন্থ নষ্ট করিয়া ফেলেন এবং বৌদ্ধেরাও তাঁহার প্রতি বিরূপ হইয়া যৎপরো-

---

কিরূপে শূদ্র শব্দ শোকোৎপত্তি-প্রতিপাদক হইল এইটি বিজ্ঞাপনার্থ বেদান্তসূত্রকার উল্লিখিত সূত্রের মধ্যে "তদা দ্রবণাৎ" বলিয়া শূদ্র শব্দের ব্যুৎপত্তি করেন। ইহার তাৎপর্য্যার্থ এই যে, জানশ্রুতি শোক দ্রাবিত অর্থাৎ প্রাপ্ত হন, অথবা শোক জানশ্রুতিকে প্রাপ্ত হয়, কিম্বা জানশ্রুতি শোকাবিষ্ট হইয়া রৈক্ক-সমীপে দ্রবণ অর্থাৎ গমন করেন। এই নিমিত্ত রৈক্ক তাঁহাকে শূদ্র অর্থাৎ শোক-প্রাপ্ত বলিয়া সম্বোধন করেন।

শঙ্করাচার্য্যের সময়ে ও তাহার পূর্ব্বে শূদ্রবর্ণ বেদাধিকার হইতে এরূপ ভ্রষ্ট হইয়া যায় যে, শূদ্র শব্দের উল্লিখিত রূপ ব্যুৎপত্তি না করিয়া পার পাইবার উপায় ছিল না।

* প্রথম ভাগে প্রকাশিত উপক্রমণিকাংশের ২৫ পৃষ্ঠা।

† Weber's History of Indian Literature, 1878, p. 124 দেখ।

‡ পরিশিষ্ট, ২৬৪ ও ২৬৫ পৃষ্ঠা।

¶ Indian Antiquary, November 1880, p. 289.

নাস্তি ক্রোধ ও ঘৃণা প্রকাশ করিয়া থাকে *। শঙ্কর-শিষ্য আনন্দগিরি বৌদ্ধদের সহিত তাঁহার বিচার-প্রস্তাব বর্ণন করিয়াছেন †। বৌদ্ধেরা এখানে প্রাদুর্ভূত বা সচরাচর বিদ্যমান না থাকিলে, এরূপ প্রতিবাদিতা ও বিদ্বেষ প্রকাশ সম্ভব হয় না। তাহারা ভারতবর্ষে খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দী পর্য্যন্ত উপস্থিত ছিল। অতএব সে সময়ের পূর্ব্ব ভিন্ন উত্তরকালে শঙ্করাচার্য্যের জীবিত থাকা কোনরূপেই সঙ্গত হয় না।

মাধবাচার্য্যের ভ্রাতা সায়নাচার্য্য দক্ষিণাপথের সঙ্গম নামক নৃপতি-বিশেষের মন্ত্রী ছিলেন। সায়নাচার্য্য ধাতুবৃত্তি নামে একখানি গ্রন্থ প্রণয়ন করেন, তাহাতে এইরূপ বর্ণিত আছে যে,

> ইতিপূর্ব্বদক্ষিণপশ্চিমসমুদ্রাধীশ্বরকম্পরাজসুতসঙ্গমরাজমহা—
> মন্ত্রিণা মায়ণপুত্রেণ মাধবসহোদরেণ সায়নাচার্য্যেণ বিরচিতা
> মাধবীয়া ধাতুবৃত্তিঃ।

সেই সঙ্গম রাজার পুত্র বুক ও হরিহর বিজয়নগর পত্তন করেন। মাধবাচার্য্য স্বপ্রণীত গ্রন্থ সমুদায়ে এই সঙ্গম রাজার নাম উল্লেখ করিয়াছেন। ১৮০০ খৃষ্টাব্দে চিত্র দুর্গে তিন খানি পিত্তলপত্র প্রাপ্ত হওয়া যায় ‡, তাহাতে দেবনাগর অক্ষরে সঙ্গম রাজা ও তাঁহার পুত্র হরিহর, বুক প্রভৃতির নাম ও রাজত্ব-কাল লিখিত আছে।

> অমুষ্য কুলে শ্রীমান্ সঙ্গমো গুহ্যগুণোদয়ঃ।
> অপাস্তদুরিতাসঙ্গঃ সঙ্গমো নাম ভূপতিঃ॥
> আসন্ হরিহরঃ কম্পো বুক্করায়ো মহীপতিঃ।
> মারপোমুদ্ভপশ্চেতি কুমারাস্তস্য ভূপতেঃ॥

তাঁহার বংশে পাপ-বর্জ্জিত এবং উৎকৃষ্ট-গুণ-যুক্ত শ্রীমান্ সঙ্গম রাজা উৎপন্ন হন; তাঁহার পাঁচ পুত্র; হরিহর, কম্প, বুক্করায়, মারপ এবং মুদ্দা।

হরিহর রাজা কিছু ভূমি-দান করেন। ঐ পিত্তলপত্রে তাহার বিবরণ ও সময়-নিরূপণ আছে। সে সময় এই,

> ঋষিমূর্ত্তিচন্দ্রৈ তু গণিতে ধাতবৎসরে।

---

* Asiatic Researches, Vol., XVI., p. 423.

† শঙ্করবিজয়। ২৮ প্রকরণ।

‡ Asiatic Researches, London 1809 vol. IX., p. 416.

মাঘমাসি শুক্লপক্ষে পৌর্ণমাস্যাং মঘাতিথৌ ।
মঘর্ক্ষে পিতৃদৈবত্যে ভানুবারেণ সংযুতে ॥

১৩১৭ শকে, (অর্থাৎ ১৩৯৫ খৃষ্টাব্দে) ধাতবর্ষে, মাঘ মাসে, শুক্লপক্ষে, পৌর্ণমাসী তিথিতে, পিতৃদৈবত্য অর্থাৎ মঘা নক্ষত্রে, রবিবারে *।

বেলিগোল পর্ব্বতের একখানি প্রস্তরে খোদিত আছে, ১২৯০ শকে বুক্ক রাজা জৈন এবং বৈষ্ণবদিগের বিবাদ-ভঞ্জন পূর্ব্বক পরস্পর সন্ধি-স্থাপন করিয়া দেন †। অতএব যখন হরিহর রাজা ১৩১৭ শকে রাজ-সিংহাসনে অধিরূঢ় থাকেন এবং বুক্ক রাজা ১২৯০ শকে বর্ত্তমান ছিলেন, তখন তদীয় পিতা সঙ্গম রাজার মন্ত্রী সায়নাচার্য্যের ভ্রাতা মাধবাচার্য্য শকাব্দের ত্রয়োদশ ও খৃষ্টাব্দের চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগে জীবিত ছিলেন বলিতে পারা যায়। সেই মাধবাচার্য্য নিজ-কৃত শঙ্করদিগ্বিজয় গ্রন্থের উপক্রমে লিখিয়া যান, "প্রাচীনশঙ্করজয়ে সারঃসংগৃহ্যতে স্ফুটম্।" প্রাচীন শঙ্করজয় গ্রন্থের সার-সংগ্রহ হইল। এবং "স্তুতোঽপি সম্যক্ কবিভিঃ পুরাণৈঃ।" অন্য অন্য প্রাচীন কবি শঙ্করাচার্য্যের বর্ণনা করিয়াছেন।

ন্যূন সংখ্যা তিন চারি শত বৎসর পূর্ব্বকার লোক না হইলে প্রাচীন বলিয়া উল্লিখিত হইতে পারে না। অতএব শঙ্করাচার্য্যের চরিত-রচয়িতা পণ্ডিতগণ যদি এইরূপ প্রাচীন হইলেন, তাহা হইলে, তাঁহাকে ৮।৯ শত বৎসর অপেক্ষায় অপ্রাচীন বলিয়া কোনমতে স্বীকার করিতে পারা যায় না। যে রামানুজ আচার্য্য শঙ্করাচার্য্যের অদ্বৈত-বাদের প্রতিবাদ করিয়া বিশিষ্টাদ্বৈত মত সংস্থাপন পূর্ব্বক স্বনাম-প্রসিদ্ধ বৈষ্ণব-সম্প্রদায় প্রবর্ত্তিত করিয়া যান, তিনি খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে‡ প্রাদুর্ভূত হন। এ প্রমাণেও শঙ্করাচার্য্য খৃষ্টাব্দের একাদশ শতাব্দীর লোক অপেক্ষা অপ্রাচীন হইতে পারেন না। তাঁহার সম-কালবর্ত্তী আনন্দ গিরি শঙ্করবিজয়ে ভট্টের অর্থাৎ কুমারিল ভট্টের প্রসঙ্গ উপস্থিত করিয়াছেন।

ব্রহ্মাগ্রপুরাৎ ব্রাহ্মণাঃ সমাগম্য পরমগুরুমিদমূচুঃ স্বামিন্ ভট্টাখ্যাগ্রদ্বিজবরঃ কশ্চিদুদগ্দেশাদাগম্য দুষ্টমতাবলম্বিনো বৌদ্ধান্ জৈনানসংখ্যাতান্ রাজমুখাদনেকবিদ্যাপ্রসঙ্গভেদৈর্নির্জিত্য

* Asiatic Researches London, 1809, vol. IX., pp. 417-421.
† Asiatic Researches, London, 1809, vol. IX., p. 270,
‡ প্রথম ভাগ, রামানুজ-সম্প্রদায়, ৬ পৃষ্ঠা।

তেষাং শিরাংসি পরশুভিশ্ছিত্বা বহুষু উদূখলেষু নিক্ষিপ্য কট-ভ্রমণৈশ্চূর্ণীকৃত্য চৈবং দুষ্টমতধ্বংসমাচরন্ নির্ভয়ো বর্ত্ততে ইতি।

শঙ্করবিজয়। ৫৫ প্রকরণ।

ব্রাহ্মণগণ রুদ্র নামক নগর-বিশেষ হইতে আগমন করিয়া পরম গুরু শঙ্করাচার্য্যকে বলিলেন, ভট্টাচার্য্য নামে কোন ব্রাহ্মণ উত্তর অঞ্চল হইতে সমাগত হইয়া অকুতোভয়ে উপস্থিত রহিয়াছেন। ইনি নৃপতি-বিশেষের আদেশ ক্রমে অনেক রূপ বিদ্যা-প্রসঙ্গ দ্বারা দুষ্ট-মতাবলম্বী বৌদ্ধ ও জৈন সম্প্রদায়ী অসংখ্য ব্যক্তিকে পরাজয় করেন এবং পরশু-প্রহার দ্বারা তাহাদের মস্তক সমুদায় ছেদন ও উদূখল সমূহে নিক্ষেপণ পূর্ব্বক চূর্ণীকৃত করিয়া দুষ্টমত বিনাশ করেন।

উল্লিখিত শঙ্করবিজয় গ্রন্থে ঐ ব্রাহ্মণের নাম কেবল ভট্ট বলিয়া লিখিত আছে; কুমারিলের নাম স্পষ্ট নাই, কিন্তু ভট্ট-উপাধি-বিশিষ্ট যাবতীয় পণ্ডিতের মধ্যে কুমারিলই বিষম বৌদ্ধ-দ্বেষী ও নৃশংস ভাবে বৌদ্ধদের পীড়নকারী ছিলেন ইহা প্রসিদ্ধই আছে*। তিনি খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীতে প্রাদুর্ভূত হন। শঙ্করের সমকালবর্ত্তী আনন্দগিরি যখন তাঁহার উল্লেখ করিয়াছেন, তখন শঙ্করকে কুমারিলের উত্তর-কালীন লোক বলিয়া অনুমান করিতে হয়। কিন্তু আনন্দগিরি ঐ উভয়কে পরস্পর সমকালবর্ত্তী বলিয়া বর্ণন করেন। ভারতবর্ষীয় পণ্ডিতেরা শঙ্করের সহিত ভট্টের কেন? কল্পনা-বলে ব্যাসদেবেরও সাক্ষাৎকার ও বাধ্য-বাধকতা সংঘটন করাইয়া দেন†। সেটি স্বতন্ত্র কথা; বিচার-সহ নয়। শঙ্করাচার্য্য যেরূপ ধর্ম্ম-বিপ্লব উপস্থিত করেন, তাহা প্রসিদ্ধই আছে। চীনদেশীয় তীর্থযাত্রী হিউএন্‌থ্‌সঙ্‌ খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে ভারতবর্ষে অনেক বৎসর অবস্থিতি করিয়া সর্ব্বস্থান পরিভ্রমণ পূর্ব্বক ভারতবর্ষীয় জ্ঞান, ধর্ম্ম ও অন্য অন্য নানা বিষয়ের যেরূপ সবিশেষ বর্ণন করেন, তাহাতে ঐ সময়ে বা তাহার কিছু পূর্ব্বে যদি হিন্দু সমাজে তাদৃশ ধর্ম্ম-বিপ্লব সংঘটিত বা আন্দোলিত হইত, তাহা হইলে তাঁহার ভ্রমণ-বিবরণে সে বিষয়ের প্রসঙ্গ না থাকা কোনরূপেই সঙ্গত নয়। যখন ঐ ভ্রমণ-বিবরণে সেরূপ ধর্ম্মান্দোলনের কিছুমাত্র নিদর্শন নাই, তখন ঐ সময়ের উত্তরকালে কোন সময়ে শঙ্করাচার্য্যের প্রাদুর্ভাব হওয়া সর্ব্বতো-ভাবে সম্ভব। অতএব তিনি এক দিকে খৃষ্টাব্দের সপ্তম শতাব্দী ও অপর

---

* উপক্রমণিকা, ১৯২ ও ১৯৩ পৃষ্ঠা।

† শঙ্করবিজয়, ৫২ প্রকরণ।

দিকে উঁহার একাদশ শতাব্দী এই উভয় কালের মধ্যস্থলে কোন সময়ে বিদ্যমান ছিলেন এইটিই প্রতীয়মান হইয়া উঠিল।

শঙ্করাচার্য্যের জন্মভূমি মলয়বর-দেশীয় লোকের এইরূপ বিশ্বাস আছে যে, তিনি সহস্রাধিক বৎসর পূর্ব্বে স্বপ্রসিদ্ধ মত প্রচার করেন * এবং তেলগু ভাষায় বিরচিত কেরল-উৎপত্তি নামক গ্রন্থে লিখিত আছে, মলয়বর দেশের শাসনকর্ত্তা শিওরাম যে সময়ে কৃষ্ণরাওকে পরাজয় করেন, সে সময়ে শঙ্করাচার্য্য বিদ্যমান ছিলেন। এই ব্যাপারটি ন্যূনাধিক সহস্র বৎসর পূর্ব্বে সংঘটিত হয়। এ প্রমাণানুসারেও, শঙ্করাচার্য্য ন্যূনাধিক সহস্র বৎসরের পূর্ব্বের লোক হইয়া পড়েন। রামমোহন রায় শঙ্করাচার্য্যের শিষ্য-পরম্পরার সংখ্যা গণনা করিয়া বিবেচনা করেন, তিনি ঐ রূপ সময়েই প্রাদুর্ভূত হন।

কর্ণেল্ মেকেন্‌জি ভারতবর্ষের দক্ষিণ খণ্ড হইতে যে সমস্ত গ্রন্থ সংগ্রহ করেন, তাহার মধ্যে একখানি গ্রন্থে কেরল্-উৎপত্তির অনুবাদ আছে। তাহাতে লিখিত আছে, শঙ্করাচার্য্য মলয়বর রাজ্যের অধিপতি চেরুমন্ ও পেরুমল্ নামক নৃপতির সময়ে বর্ত্তমান ছিলেন। খৃষ্টীয় ধর্ম্ম-সম্প্রদায়ে সেই রাজার অনুরাগ থাকাতে, ইয়ুরোপীয় পণ্ডিতেরা তাঁহার সংক্রান্ত অনেকানেক বিবরণ লিপিবদ্ধ রাখিয়াছেন। একটি গ্রন্থকার † লেখেন, তিনি মলয়বরের অন্তর্গত কলিকোড্ (Calicut) নগর পত্তন করেন। কেহ‡ বলেন, ৯০৭ ও অপর কেহ¶ বলেন, ৮২৫ খৃষ্টাব্দে ঐ নগর নির্ম্মিত হয়। অতএব অপরাপর যুক্তিক্রমে শঙ্করাচার্য্যের যে সময়ে বিদ্যমান থাকা বিবেচনা-সিদ্ধ বোধ হয়, ঐ শেষোক্ত সময়ের সহিত তাহার সম্পূর্ণ ঐক্য দেখা যাইতেছে। §

শঙ্করদিগ্বিজয়ে লিখিত আছে, তিনি কাশ্মীর দেশে গমন পূর্ব্বক বিপক্ষদিগকে জয় করিয়া সরস্বতীপীঠে অবস্থিতি করেন। রাজ-তরঙ্গিণীতেও ইহার অনুরূপ একটি বৃত্তান্ত প্রাপ্ত হওয়া যায়। ললিতাদিত্যের রাজত্বের শেষ-কালে কতকগুলি তীর্থযাত্রী কাশ্মীরস্থ সরস্বতীপীঠ-সন্দর্শনার্থ আগমন করে এবং তদুপলক্ষে ধর্ম্ম-সম্বন্ধীয় কোন কারণ বশতঃ ঘোরতর সংগ্রাম উপস্থিত হয়।

গৌড়োপজীবিনাযাতাৎ ষণ্মধ্যস্তদুপনতং তদা।

---

* Buchanan's Mysore, Vol. II., p. 424.

† Assemannus. ‡ Scaliger. ¶ Vischerus.

§ H. H. Wilson's Sanscrit and English Dictionary, Preface, xvii., note.

ভক্তর্যৈ জীবিতং ধীরাঃ পরোক্ষস্য প্রভোঃ জনৈ ॥
শারদাদর্শনমিষাৎ কাশ্মীরান্ সংপ্রবিশ্য তে।
মধ্যস্থদেবাবসথং সংহতাঃ সমবেষ্টয়ন্ ॥

রাজতরঙ্গিণী। চতুর্থ তরঙ্গ। ৩২৪ ও ৩২৫ শ্লোক।

ললিতাদিত্যের সময়ে গৌড়-দেশীয় ব্যক্তিগণের অত্যদ্ভুত কার্য্য সংঘটিত হয়। সেই পণ্ডিতগণ অপ্রত্যক্ষ দেবতার জন্য প্রাণ ত্যাগ করেন। উঁহারা সরস্বতী-সন্দর্শন উদ্দেশে কাশ্মীর প্রবেশ পূর্ব্বক একত্র হইয়া তন্মধ্যস্থিত দেবালয় পরিবেষ্টন করেন।

কাশ্মীর দেশ, তন্মধ্য-স্থিত সরস্বতীপীঠ, উভয় পক্ষের অবলম্বিত ধর্ম্ম-মতের অনৈক্য এই বিবাদের কারণ ইত্যাদি অনেক বিষয়ে রাজতরঙ্গিণী এবং শঙ্করদিগ্বিজয় উভয় গ্রন্থে সম্পূর্ণ ঐক্য দেখা যাইতেছে। অতএব শঙ্করাচার্য্য ও তদীয় সমভিব্যাহারী শিষ্য-সম্প্রদায় এই বিবাদের একপক্ষ থাকা নিতান্ত সম্ভব। রাজতরঙ্গিণীতে সেই সকল ব্যক্তি গৌড়োপজীবী বলিয়া উল্লিখিত হইয়াছে এই একটু বিশেষ দেখা যাইতেছে। হয়, শঙ্করাচার্য্যের সহিত অনেক গৌড়দেশস্থ শিষ্য ছিল, না হয়, অন্য কারণ বশতঃ তাঁহাদের জাতীয় নাম পরিবর্ত্তিত হইয়া গ্রন্থকর্ত্তার শ্রুতিগোচর হইয়াছিল। রাজতরঙ্গিণীর মতে, ললিতাদিত্য খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীর মধ্যভাগ * পর্য্যন্ত রাজত্ব করেন। সুতরাং তদনুসারে শঙ্করাচার্য্য সেই সময় বিদ্যমান ছিলেন বলিতে হয়। অন্যান্য প্রমাণেও তাঁহাকে যে সময়ের লোক বলিয়া প্রতীতি জন্মে, উল্লিখিত ব্যাপারের সংঘটন-কালের সহিত তাহার অধিক অন্তর দেখা যায় না। যাহা কিছু অন্তর, তাহা ভারতবর্ষীয় পূর্ব্বতন গ্রন্থকারদিগের বিরচিত ইতিহাস-পুস্তকের পক্ষে কিছুমাত্র অসম্ভব নয়।

মলয়বর দেশে আচার্য্যাগভেদ্য নামে একটি শক প্রচলিত আছে। ঐ শক শঙ্করাচার্য্য হইতে প্রতিষ্ঠিত হয়। তিনি ঐ দেশে অভিনব প্রকার আচার-ব্যবহার-প্রণালী সংস্থাপন করেন বলিয়া ঐ শক প্রবর্ত্তিত হয় এইরূপ খ্যাতি আছে। এক্ষণে † ঐ শকের ন্যূনাধিক সাড়ে দশ শত বৎসর অতীত হইয়াছে ‡। ইহা হইলে, তিনি খৃষ্টাব্দের

* ৭১৫ খৃষ্টাব্দের প্রথম মাস হইতে ৭৫১ খৃষ্টাব্দের অষ্টম মাস পর্য্যন্ত।—Asiatic Researches, Vol. XV., p. 81.

† ১৮৮২ খৃষ্টাব্দে।

‡ The Transactions of the Literary Society of Madras. Part I, p. 59.

নবম শতাব্দীর প্রথম ভাগে প্রাদুর্ভূত হন এইটিই প্রতিপন্ন হইয়া উঠে। এই সিদ্ধান্তটি পূর্ব্বোক্ত অপরাপর সমুদায় যুক্তিরই অনুমোদিত।

## শৈবাদি-সম্প্রদায়-বিবরণ।

### শোধন ও সংযোজন।

### ৯ পৃষ্ঠা।

উজ্জয়িনীতে বিক্রমাদিত্য নামে অনেকগুলি রাজা হইয়া যায়। এক বিক্রমাদিত্যের গুণাগুণ ও কার্য্যাকার্য্য অপর বিক্রমাদিত্যে আরোপণ করা ভারতবর্ষীয়দের পক্ষে কোনরূপেই অসম্ভব নয়। অতএব উক্ত পৃষ্ঠায় লিখিত ঐ নামধারী নৃপতি সংক্রান্ত কথাগুলির পরিবর্ত্তে নিম্ন-লিখিত কয়েক পংক্তি বিনিবেশিত করিতে হইবে।

পতঞ্জলি পাণিনি-ভাষ্যের মধ্যে শিব ও কার্ত্তিক-প্রতিমূর্ত্তির প্রসঙ্গ করিয়াছেন।

জীবিকার্থে চাপণ্যে।

পাণিনিসূত্র। ৫। ৩। ৯৯॥

অপণ্য ইত্যুচ্যতে তত্রেদং ন সিধ্যতি। শিবঃ স্কন্দো বিশাখ ইতি। কিং কারণম্। মৌর্য্যৈর্হিরণ্যার্থিভিরর্চ্চাঃ প্রকল্পিতাঃ। ভবেৎ। তাসু ন স্যাৎ। যাস্ত্বেতাঃ সম্প্রতি পূজার্থাঃ তাসু ভবিষ্যতি।

পতঞ্জলি।

পতঞ্জলি খৃ, পূ, দ্বিতীয় শতাব্দীতে মহাভাষ্য প্রস্তুত করেন *। অতএব ঐ সময়ে শিব ও কার্ত্তিকের উপাসনা প্রচলিত ছিল ইহাতে সন্দেহ রহিল না।

(শৈব-সম্প্রদায়, ২১ পৃষ্ঠা।—সাধুলোক।)

বৈরাগীদিগকে সাধুলোক বলিয়া নির্দ্দেশ করা হিন্দুস্থানী বৈষ্ণবদলের মধ্যেই অধিক প্রচলিত।

(শৈ, স, ২৪ পৃষ্ঠা।—ধাম ও পুরী।)

শঙ্করাচার্য্য যে চারিটি স্থানে মঠ-প্রতিষ্ঠা করেন, তাহার তিনটির

* উপক্রমণিকা, ১১—১৪ পৃষ্ঠা দেখ।

নাম ধাম। শাস্ত্রানুসারে, দ্বারকা, শ্রীক্ষেত্র, বদরিনারায়ণ, সেতুবন্ধ-রামেশ্বর এই চারিটি ধাম এবং অযোধ্যা, মথুরা, মায়া* (অর্থাৎ হরিদ্বার), কাশী, কাঞ্চী, দ্বারকা, অবন্তী এই সপ্তপুরী পরম পবিত্র পুণ্যভূমি। কি শৈব, কি শাক্ত, কি বৈষ্ণব হিন্দুমাত্রেই এই কয়েক স্থান বিশেষরূপ পুণ্যপ্রদ বলিয়া বিশ্বাস করে।

অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা।
দ্বারাবতী পুরী চৈব সপ্তৈতে মোক্ষদায়িকাঃ॥

( শৈ, স, ৬১ পৃষ্ঠা।—দণ্ডী ও পরমহংস। )

কুলাচার-পরায়ণ দণ্ডী ও পরমহংসেরা যেরূপ চক্র করিয়া সুরা-পানাদি করেন, তাহার নাম মহাবিদ্যা। কিন্তু সকল দণ্ডী ও পরমহংসে এরূপ আচরণ করে না। সত্যানন্দ সরস্বতী নামে একটি পরমহংস আমার সম্মুখে ঐ মহাবিদ্যার যৎপরোনাস্তি নিন্দা করিতে লাগিলেন। দণ্ডী ও পরমহংস ব্যতিরেকে অন্য অন্য ব্যক্তি তাদৃশ মতাবলম্বী হইলে, ঐ চক্রে উপবেশন করিতে পায়।

( শৈ, স, ৬৩ পৃষ্ঠা।—রুদ্রাক্ষ। )

শৈব-সম্প্রদায়ে রুদ্রাক্ষ মালার বড় গৌরব। অনেকে মস্তকে, কর্ণ-যুগলে, গল-দেশে, বাহু-দ্বয়ে ও প্রকোষ্ঠে রুদ্রাক্ষ-মালা ব্যবহার করে। কেহ কেহ রুদ্রাক্ষের মুকুট প্রস্তুত করিয়া মস্তকে ধারণ করিয়া থাকে।

( শৈ, স, ৭১ পৃষ্ঠা।—গুরু। )

সন্ন্যাসীদের অনেক প্রকার গুরু থাকে। নাম-সন্ন্যাস-গ্রহণের সময়ে যিনি শিষ্যকে মন্ত্রোপদেশ দেন, তিনি মূল গুরু। যিনি শিষ্যের

---

* চীন-দেশীয় তীর্থযাত্রী হিউএন্ থ্সঙ্গ মদাবরের পশ্চিমোত্তর অংশে গঙ্গা নদীর পূর্ব্ব তটে মায়ুর নামে একটি নগরের বর্ণন করিয়াছেন। ঐ নগর হইতে অনতিদূরে গঙ্গাদ্বার নামে একটি দেব-মন্দির ছিল। হরিদ্বারের প্রাচীন নাম গঙ্গাদ্বার। হরিদ্বার ও কনখলের মধ্যবর্ত্তী একটি ভগ্ন নগরী অদ্যাপি মায়াপুর বলিয়া প্রসিদ্ধ আছে। তথায় মায়াদেবী নামে একটি দেবীর প্রতিমূর্ত্তি আছে। লোকে বলে, তদনুসারেই ঐ নগরের নাম মায়াপুর হইয়াছে।—Cunningham's Ancient Geography of India, pp. 351—355.

শিখাচ্ছেদন করেন, তাঁহার নাম শাখা-গুরু অর্থাৎ শিখা-গুরু। যিনি শিষ্যের শরীরে বিভূতি লেপন করেন, তাঁহার নাম বভূত্-গুরু। যিনি লেঙ্গুটি অর্থাৎ কৌপীন পরিধান করান, তাঁহার নাম লেঙ্গট্-গুরু। ইচ্ছা করিলে, এক ব্যক্তি লেঙ্গট্-গুরু ও বভুৎ-গুরু উভয়ই হইতে পারেন। ষট্‌কর্ম্মের সময়ে যে ব্যক্তি আচার্য্য হন, তিনি আচার্য্য-গুরু। সন্ন্যাসীদের এইরূপ সাত প্রকার গুরু হইয়া থাকে।

(শৈ, স, ১৪ পৃষ্ঠা।—ফুল।)

সন্ন্যাসীদিগের ব্যবহার্য্য কয়েকটি দ্রব্যের সাঙ্কেতিক নাম ফুল। সমুদায়ে সাড়ে তিন ফুল। গেরুয়া, বিভূতি, কমণ্ডলু এই তিনটি তিন ফুল। আর খর্পর অর্দ্ধ ফুল।

(শৈ, স, ১৫ পৃষ্ঠা।—হিঙ্গ্‌লাজ্।)

হিঙ্গ্‌লাজ্ তীর্থ বেলোচিস্তানের দক্ষিণ খণ্ডের অন্তর্গত। ঐ খণ্ডের নাম মেক্‌রান্। উহা সমুদ্র-তীর-বর্ত্তী *।

(শৈ, স, ১৬ পৃষ্ঠা।—মঠ ও আখাড়া।)

মঠ ও আখাড়ায় প্রভেদ এই যে, মঠের উপর তদীয় মহন্তের সম্পূর্ণ

* হিন্দু জাতির অস্পৃশ্য মোসল্‌মান্‌দিগের দেশে হিন্দু-তীর্থ প্রতিষ্ঠিত শুনিয়া, অনেকে এখন আশ্চর্য্য বোধ করিতে পারেন। কিন্তু বহুকালাবধি সিন্ধু নদের পশ্চিম ও উত্তরাংশে কিছুদূর পর্য্যন্ত হিন্দুদিগের অধিবাস ছিল। কান্দাহার্ দেশের নামটি সংস্কৃত গান্ধার শব্দেরই অপভ্রংশ। অধিক পূর্ব্বের কথা দূরে থাকুক, ইদানীও ঐ অঞ্চলে বিস্তর হিন্দুর আবাস দৃষ্ট হইয়াছে। কিছু কাল হইল, বোখারায় ন্যূনাধিক তিন শত হিন্দু এবং কাবুলেও ন্যূনাধিক তিন শত ঘর হিন্দুর বাস ও তদতিরিক্ত অনেকগুলি হিন্দু-বণিক্ দৃষ্ট হইয়াছিল *। মোসল্‌মান্‌দিগের ভারতবর্ষাধিকারের অব্যবহিত পূর্ব্বেও কাবুলে হিন্দু রাজার অধিকার ছিল †। অল্‌বীরুণী কর্ত্তৃক লিখিত কাবুল-রাজ্যাধিপতি স্যলপতিদেব, সমন্তদেব, ভীমদেব প্রভৃতির অনেকানেক মুদ্রাতেও সে বিষয়ে সাক্ষ্য

* Journal of the Asiatic Society of Bengal, Vol. II., p. 233 and Burnes's Travels into Bokhara in Edinburgh Review, Vol. 60.

† Journal of the Asiatic Society of Bengal, 1848, p.488.

আধিপত্য থাকে; আখাড়ার ভাব সেরূপ নয়। অনেক দশনামী সন্ন্যাসী একত্র মিলিত হইয়া আখাড়া প্রস্তুত করে ও তাহাতে তাহাদের সম্পূর্ণ কর্ত্তৃত্ব থাকে। আখাড়ার মহন্ত তাহাদের মত-গ্রহণ ব্যতিরেকে কিছুই করিতে পারেন না।

---

দান করিতেছে *। বহু পূর্ব্বকালাবধি ঐ প্রদেশে হিন্দুদিগের রাজসিংহাসন প্রতিষ্ঠিত ছিল। যদিও মধ্যে তাহার ব্যতিক্রম ঘটে, খৃষ্টাব্দের তৃতীয় শতাব্দীতে তাহা পুনরায় আবার সংস্থাপিত হয় †। চীন-দেশীয় তীর্থযাত্রী হিউএন্থসঙ্গ্ খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে স্বদেশ হইতে ভারতবর্ষে আগমন করিবার সময়ে হিন্দুকুশ পর্ব্বত উত্তীর্ণ হইয়াই ক্ষত্রিয় রাজার রাজ্য ও নানাবিধ হিন্দু উদাসীন সম্প্রদায় দৃষ্টি করেন ‡। মোসলমান-জাতীয় ইতিহাসবেত্তারা সুস্পষ্ট বলিয়া গিয়াছেন, খৃষ্টাব্দের অষ্টম শতাব্দীতে কাবুল্ ও তাহার সমীপস্থ অনেক স্থানে হিন্দু নৃপতিগণের অধিকার ছিল। পঞ্জাবে, সিন্ধুতটে ও আফ্গানস্থানে যে সমুদায় ভারতবর্ষীয় মুদ্রা পাওয়া গিয়াছে, তাহাতেই সে কথা সপ্রমাণ করিয়া দিয়াছে ¶। এখনও ম্লেচ্ছ দেশ বলিয়া পরিগণিত অনেক অনেক স্থানে হিন্দুদের দেবালয় আছে §। রুশ্ দেশের মধ্যে কাস্পীয় সাগর হইতে অনতিদূরে অদ্যাপি হিন্দু-দেবালয় বিদ্যমান রহিয়াছে। তাহাতে গণপতির প্রতিরূপ এবং কতকগুলি অন্য অন্য গৃহ-দেবতার রৌপ্যময় প্রতিমূর্ত্তি আছে এবং হিন্দু পূজারী তথায় অবস্থিতি করিয়া পরিচারণা করে। প্রায় দেড় শত বৎসর হইল, জোনস্ হেনোয়ে নামে এক ব্যক্তি কাস্পীয় সাগরের তীর-স্থিত বাকু নামক স্থানে ৪০। ৫০ জন হিন্দু উদাসীন দৃষ্টি করেন ‖। কখন কখন হিন্দু গৃহস্থেও তীর্থ-দর্শনার্থ, বিশেষতঃ ঐ সাগরের তীরস্থিত জ্বালা-মুখী সমস্ত সন্দর্শন উদ্দেশে, ঐ অঞ্চলে গমনাগমন করে জানা গিয়াছে **। এই সমস্ত কথার সহিত তুলনা করিয়া দেখিলে, বেলোচিস্তানে হিন্দুদের দেবালয় থাকাতে কিছুই আশ্চর্য্য বোধ হয় না।

---

* Journal of the Royal Asiatic Society, Vol. IX., pp. 177—198.

† Ariana Antiqua by H. H. Wilson, concluding Remarks.

‡ Cowell's Elphinstone, 1856, p. 289.

¶ Ariana Antiqua, C. Remarks.

§ শৈবাদি সম্প্রদায়ের ৪০ পৃষ্ঠায় পুরাণ পুরীর বৃত্তান্ত দেখ।

‖ Indian Antiquary, April 1880, pp. 109-111.

** Journal of the Asiatic Society of Bengal, Vol. II., p. 233.

উল্লিখিত পৃষ্ঠায় যুনা ও বড় আখাড়া দুইটি ভিন্ন ভিন্ন আখাড়া বলিয়া লিখিত হইয়াছে। কিন্তু অনেকেরই মতে, ঐ উভয়ই এক আখাড়ারই নাম। তাহা হইলে সমুদায়ে ছয়টি আখাড়া হয়। অপর একটি আখাড়ার নাম অগন্। এই সাতটি আখাড়াই প্রসিদ্ধ। কিন্তু দশনামী ভাঁটদিগের গ্রন্থে আট আখাড়ার প্রসঙ্গ দেখিতে পাওয়া যায়।

দ্বয় দামজ্ঞা বংয় বনখ মীবাধা।

আট আখাড়া দগট বনায়া॥

অষ্টম আখাড়ার নাম ভূতনাথ আখাড়া। কখড় সুখড় প্রভৃতি ইহার অন্তর্গত। সন্ন্যাসীদের এইরূপ বিশ্বাস আছে যে, সওয়া লক্ষ অর্থাৎ এক লক্ষ পঁচিশ সহস্র ভূত ইহাদের সঙ্গে অবস্থিতি করে।

( শৈ, স, ৭৯ পৃষ্ঠা।—মড়ী। )

দশনামী ভাঁটদের গ্রন্থ হইতে মড়ীর বৃত্তান্ত যেরূপ প্রাপ্ত হইয়াছি, পশ্চাৎ লিখিত হইতেছে।

গিরি সন্ন্যাসীর আটাশ মড়ী, তন্মধ্যে ছাব্বিশটির নাম পাওয়া গিয়াছে; পরমানন্দী, বোধলা, ওঁকারী, যতি, কুমন্তানাথী, সহজনাথী, রুদ্রনাথী, রতননাথী, নাগেন্দ্রনাথী, বোধনাথী, বিশ্বম্ভরনাথী, মানুনাথী, সাগরনাথী, ব্রহ্মনাথী, মেঘনাথী, ভিক্ষারীনাথী, জ্ঞাননাথী, বৈকুণ্ঠ-নাথী, শীতলনাথী, মহেশনাথ টাটম্বরী, সাউলী সন্ধ্যানাথী, নীলা-বিলাসনাথী, দুর্ভাষানাথী, দুর্গানাথী, অটলনাথী ও ব্রহ্মাণ্ডনাথী। ভার-তীর চারি মড়ী; বিশ্বনাথ ভারতী, নৃসিংহ ভারতী, মনমুকুন্দ ভারতী ও পদ্মনাথ ভারতী। বনের চারি মড়ী; গঙ্গাবন সিংহাসনী, প্রভাত-বন শঙ্খধারী, আতম্ বন ফরারী ও শ্যামসুন্দর বন। বৈকুণ্ঠপুরীর চারি মড়ী; কেবল পুরী, মথুরা পুরী, অচিন্ত পুরী ও মগুন্ পুরী। কেশব পুরী মুলতানীর চারি মড়ী;- রামচন্দ্র পুরী, মাধব পুরী, সওয়া সহদেব পুরী ও ত্রিমুখত্রিয়া পুরী। গঙ্গাদরিয়ার চারি মড়ী; সমুদ্র দরিয়াও, খসন্ত দরিয়াও, লহর দরিয়াও ও কহর দরিয়াও। দশনাম তিলক পুরীর চারি মড়ী; ভগবান্ পুরী ভজনী, ভগবন্তপুরী নাগা, সহজ পুরী ভাণ্ডারী ও হনুমন্ত পুরী ঘোরদলা।

( শৈ, স, ৭৯ পৃষ্ঠা। )

ঐ পৃষ্ঠার চুলা ও চক্কীর বিষয় যেরূপ লিখিত হইয়াছে, তাহার পরিবর্ত্তে নিম্ন-লিখিত কয়েক পঙ্‌ক্তি বিনিবেশিত হইবে।

গিরি সন্ন্যাসীদের চুলা ও চক্কী প্রভৃতি নামে আর কতকগুলি বিভাগ

আছে; যেমন রামচূলা, জগন্নাথী চূলা, গঙ্গা চক্রী, পবন চক্রী, নিরঞ্জন চৌকা, যমুনা কড়াই ইত্যাদি। এ সমুদায় বিভাগও এক একটি তেজীয়ান্ ব্যক্তি কর্তৃক প্রতিষ্ঠিত হয়। দশনামীর মধ্যে পুরী, ভারতী প্রভৃতি অন্য অন্য নামধারী সন্ন্যাসীর সহিত মঠ ও মড়ীর ন্যায় ইহার কোন সম্বন্ধ নাই।

গিরি সন্ন্যাসীদের পূর্ব্বোল্লিখিত ঋদ্ধিনাথী মড়ীর দুইটি বিভাগ আছে; গাদি ও খাল্‌সা। ঋদ্ধিনাথের প্রধান শিষ্য তুলসীনাথ তেজীয়ান্ হইয়া যে আসন প্রাপ্ত হন, তাহার নাম গাদি ও পর্ব্বতনাথ নামে তাঁহার অন্য একটি শিষ্য যে আসনের অধিকারী হন, তাহার নাম খাল্‌সা। এই নিমিত্ত ঋদ্ধিনাথী মড়ীর সন্ন্যাসীরা কেহবা আপনাকে গাদির অন্তর্গত ও কেহবা খাল্‌সার অন্তর্গত বলিয়া পরিচয় দেয়।

( শৈ, স, ৮৫ পৃষ্ঠা। )

বৎসর বৎসর দেখিতেছি, এ অঞ্চলে সন্ন্যাসীদের সমাগম উত্তরোত্তর অল্পই হইয়া আসিতেছে। তাহাদের সংখ্যা ক্রমশঃ হ্রাস হইতেছে, কি এদেশে সমাদরের ত্রুটি দেখিয়া তাহাদের আসিতে প্রবৃত্তি হয় না, নিশ্চয় বলিতে পারা যায় না। পাঁচ ছয় বৎসর পূর্ব্বে ভোট বাগানের জমাতের বিষয় স্বচক্ষে দেখিয়া যেরূপ বর্ণন করিয়াছি, এখন তাহার অনেক খর্ব্বতা হইয়া গিয়াছে। প্রতি বৎসরই পূর্ব্ব বৎসর অপেক্ষা হ্রাস দেখিতে পাই। পার্শ্ববর্ত্তী লোকে বলে, ঐ মঠের দুরবস্থা তাহার একটি প্রধান কারণ। ফলতঃ আমরা বাল্যকালে যেরূপ পরমার্থ-পরায়ণ জ্ঞানাপন্ন ব্রহ্মচারী পরমহংস প্রভৃতির সমাগম সচরাচর দর্শন করিতাম, এখন তাহা অতীব বিরল।

( শৈ, স, ৯২ পৃষ্ঠা।—নাগাসৈন্য। )

অটল প্রভৃতি কয়েক আখড়ার সন্ন্যাসীরা রাজস্থানের রাজাদিগের নিকট বেতন গ্রহণ করিয়া কর্ম্ম করে; সচরাচর কুত্রাপি গমনাগমন করে না। কিন্তু সকলেই যে, একেবারে নিশ্চল তাও নয়; মধ্যে মধ্যে বাঙ্গালা দেশেও তাহাদিগকে দেখিতে পাওয়া যায়। ৯২ পৃষ্ঠা মুদ্রিত হইবার কিছু পরেই অর্থাৎ ১৭৯৭ শকের ২৩এ কার্ত্তিকে যোধপুরস্থিত কয়েকজন অটল আখাড়ার সন্ন্যাসীর সহিত আমার সাক্ষাৎ হয় ও কয় দিবস সহবাসও ঘটে।

উক্ত পৃষ্ঠায় লিখিত হইয়াছে, জয়পুরে নাগা-সৈন্য বিদ্যমান আছে। কিন্তু তাহারা শৈবনাগা নয়; দাদুপন্থী। ঐ নগর-প্রবাসী একটি ভদ্র লোকের কথা-প্রমাণে ঐ অশুদ্ধিটি ঘটিয়াছিল।

(শৈ, স, ১০৩ পৃষ্ঠা।—রুখড়, সুখড় ও গুদড়।)

রুখড় ও সুখড়েরা গুদড়কে আপনাদের অপেক্ষা প্রধান পদস্থ বলিয়া স্বীকার করে। গুদড় নিকটে না থাকিলে, তাহারা খর্পরে ধূপ জ্বালাইয়া ভিক্ষা করে, নতুবা খর্পরে দ্রব্য-বিশেষ রক্ষা করিয়া সন্ন্যাসী ও মহন্তের নিকট অর্থ প্রার্থনা করিয়া থাকে। এই তিন প্রকার সন্ন্যাসী ইচ্ছানুসারে আলেখিয়াদের মত আলেখ্ জাগাইয়া * ভিক্ষা করিতেও যায়। ভুখড় ও কুকড় অতি বিরল। এ প্রদেশে তাহাদিগকে প্রায় দেখিতে পাওয়া যায় না। ১০৩ পৃষ্ঠায় কুকড়দের বৃত্তির বিষয় যেরূপ লিখিত হইয়াছে, তাহা আমি নিজে প্রত্যক্ষ দেখি নাই এবং পূর্ব্বে অন্য অন্য রূপে সে বিষয় যেরূপ অবগত হইয়াছিলাম তাহাও সুনিশ্চিত প্রমাণ-সিদ্ধ বোধ হয় না।

১০৩ ও ১০৪ পৃষ্ঠা মুদ্রিত হইবার পর দশনামী ভাঁটদিগের একখানি গ্রন্থে দেখিলাম, ধূখড় নামে আর এক রূপ সন্ন্যাসি-দল বিদ্যমান আছে।

কহি রুখড় ধূখড় যাপ যাপে।
কহি সুখড় ধুখড় আয় মিলায়ে ॥

(শৈ, স. ১০৮ পৃষ্ঠা।)

এখনও কাশীতে তৈলঙ্গস্বামী নামে এক ব্যক্তি বিদ্যমান আছেন।

(শৈ, স, ১৪৫ পৃষ্ঠা।—যোগী।)

পূর্ব্বে যে সমস্ত যোগি-দলের প্রসঙ্গ করা হইয়াছে, তদতিরিক্ত আরও কয়েক প্রকার আছে; যেমন রামপন্থী যোগী, সিদ্ধি কেরানি যোগী ইত্যাদি। সচরাচর দ্বাদশ বা ত্রয়োদশ প্রকার যোগী গণিত হইয়া থাকে।

(শৈ, স, ১৪৫ পৃষ্ঠা।)

গোরক্ষপুর, পেসোয়ার, দ্বারকা, দক্ষিণাপথের অন্তর্গত কাবলি এই চারি স্থানে যোগীদের চারিটি প্রধান স্থান আছে। সন্ন্যাসীদের ন্যায় ইহাদের মধ্যেও আলেখিয়া, মৌনী, ঠাড়েশ্বরী, কড়ারী ও দুগ্ধাহারী প্রভৃতি নানাবিধ বৃত্তিধারী যোগী দেখিতে পাওয়া যায়।

(পরিশিষ্ট ২৭০ পৃষ্ঠা।)

পরিশিষ্টের ২৫২ ও ২৫৩ পৃষ্ঠায় বড়গাল প্রবর্তকের বিষয় লিখিত [illegible] পাইবে। সেই সম্প্রদায়ের নাম তাঁর প্রবর্তকের নামানুসারে উৎপন্ন [illegible] হয় নাই।

---

* শৈব-সম্প্রদায়, ৯৯ পৃষ্ঠা।

# পরিশিষ্টাবশেষ।

এই পুস্তকের পরিশিষ্টাংশের অধিক ভাগ মুদ্রিত হইবার পর, অপর কতকগুলি উপাসক-সম্প্রদায়ের বৃত্তান্ত সঙ্কলিত হয়। সেইগুলি পরিশিষ্টাবশেষ নাম দিয়া পশ্চাৎ প্রকাশ করিতেছি।

## নিরঞ্জনী সাধু।

এইরূপ প্রবাদ আছে যে, এই সম্প্রদায়-প্রবর্ত্তক নিরঞ্জনন্দ স্বামী নিরঞ্জন-ভজনা অর্থাৎ নিরাকার স্বরূপ ভগবানের উপাসনা করিয়াছিলেন এই নিমিত্ত ইহাদের নাম নিরঞ্জনী হইয়াছে। কিন্তু ইহারা রামানন্দী বৈরাগীদের মত সাকার-উপাসক উদাসীন বৈষ্ণব-বিশেষ। তাহাদের ন্যায় কৌপীন ধারণ, কণ্ঠী বা বহার, রক্তবর্ণ শ্রী-যুক্ত তিলক-সেবা ও অন্যান্য অনেকরূপ বৈষ্ণব-ধর্ম্মোচিত ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকেন। মাড়ওয়ার প্রদেশে ইহাদের অনেকানেক আস্থান অর্থাৎ দেবালয় আছে। রামানন্দী বৈষ্ণবদের আস্থানের ন্যায় তাহাতেও রাম-সীতার প্রতিমূর্ত্তি, শালগ্রাম-শিলা, গোমতীচক্র * প্রভৃতি প্রতিষ্ঠিত আছে এবং অহরহ ভোগ-রাগ ও বৈষ্ণব-সেবা হইয়া থাকে। বিশেষ এই যে, ইহারা ব্রাহ্মণ, ক্ষত্রিয় প্রভৃতি ভদ্র-জাতীয় গৃহস্থদের অন্ন ভোজন করে, কিন্তু রামানন্দীদের মতে, সেটি একটি দূষণীয় ব্যবহার। এই নিমিত্ত অন্যান্য সাধারণ ধর্ম্মনিষ্ঠ বৈরাগীরা ইহাদের হস্তে ভোজন করে না ও ইহাদের সহিত পংক্তি-ভোজনেও উপবিষ্ট হয় না।

## মান্‌ভাব †।

ইহারা কৃষ্ণোপাসক। কৃষ্ণভট্ ভোষি নামে এক ব্যক্তি এই সম্প্রদায় প্রবর্ত্তিত করেন। এই সম্প্রদায়ের মধ্যে পশ্চাল্লিখিত উপাখ্যানটি প্রচলিত আছে। কৃষ্ণভট্ বেতালের উপাসক ছিলেন। বেতাল তাঁহার প্রতি প্রসন্ন হইয়া জিজ্ঞাসা করিলেন, তুমি বর প্রার্থনা কর,

---

* দ্বারকার অন্তর্গত গোমতীকুণ্ডের নামানুসারে ইহার নামকরণ হইয়াছে। গণ্ডকী নদীতে যেমন শালগ্রাম-শিলা পাওয়া যায়, সেইরূপ দ্বারকার সমুদ্র-তটে গোমতীচক্র প্রাপ্ত হওয়া যায়। ঐ চক্র হিন্দুস্থানী বৈরাগীদের আস্থানে অচরাচর দৃষ্ট হইয়া থাকে। ইহারা বলে, গোমতীচক্রের পূজা না হইলে শালগ্রাম-শিলার পূজা সম্পূর্ণ হয় না। বাঙ্গালা দেশে গোমতীচক্রের বিম্ব মূর্ত্তি তাদৃশ প্রচারিত নাই।

† Indian Antiquary, January 1882, pp. 22-24.

আমি তোমার মনোরথ পূর্ণ করিব। কৃষ্ণভট্ট্ বলিলেন, আমার নাম কৃষ্ণ, তদনুসারে আমি কৃষ্ণ-রূপ প্রাপ্ত হই এই আমার প্রার্থনা। বেতাল এই কথা শ্রবণ পূর্ব্বক তাঁহাকে একটি মুকুট প্রদান করিয়া বলিলেন, যতক্ষণ তুমি এই মুকুট ধারণ করিবে, ততক্ষণ কৃষ্ণের ন্যায় দৃশ্যমান হইবে। কিন্তু যদি কোন দুরভিসন্ধি-সাধনার্থ ইহা ব্যবহার কর, তাহা হইলে তোমার অধঃপতন ও বিনাশ-প্রাপ্তি হইবে। কৃষ্ণভট্ট্ বেতালের নিষেধ-বাক্য পালন না করিয়া বিপরীতাচরণ আরম্ভ করিল। শ্রীকৃষ্ণ পুনরায় ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন এই কথা প্রচারিত হইল এবং রিপু-পরতন্ত্র কৃষ্ণভট্ট্ গৃহে গৃহে পরিভ্রমণ পূর্ব্বক যুবতী স্ত্রীলোক-দিগকে কুপথগামী করিয়া আপনার অসৎপ্রবৃত্তি চরিতার্থ করিতে লাগিল। এই ব্যাপারটি ক্রমশঃ দেবগিরির রাজমন্ত্রীর কর্ণ-গোচর হইল। তিনি সমস্ত গুপ্ত কথা জানিতে পারিলেন এবং কৃষ্ণভট্টের নিকট লোক প্রেরণ পূর্ব্বক প্রলোভন বাক্য দ্বারা তাহাকে লুব্ধ করাইয়া কৌশল ক্রমে নিজ গৃহে আনয়ন করিলেন এবং আপনার অনুচর-বিশেষ দ্বারা তাহার মুকুট উন্মোচন করিয়া লইলেন। লইবা-মাত্র কৃষ্ণভট্টের কৃষ্ণ-রূপ তিরোহিত হইয়া নিজ রূপ প্রকাশ পাইল। মন্ত্রী তৎক্ষণাৎ তাহাকে ও তদীয় শিষ্যগণকে কারারুদ্ধ করিলেন, এবং অপমান-চিহ্ন স্বরূপ মস্তক মুণ্ডন ও কৃষ্ণবর্ণ বস্ত্র পরিধান করাইয়া পরিশেষে নির্ব্বাসিত করিয়া দিলেন। মানভাবেরা একথা অস্বীকার যায় এবং বলে, আমরা বলরামের সম্প্রদায়ী লোক। বলরাম কৃষ্ণবর্ণ বস্ত্র পরিধান করিতেন এই নিমিত্ত আমরা উহা ব্যবহার করি; উহা কলঙ্কের চিহ্ন নয়। ইহাদের মধ্যে গৃহস্থ উদাসীন দুই প্রকার লোকই আছে; গৃহস্থেরা মস্তক মুণ্ডন করে না।

যে সময়ে রামচন্দ্র দেবগিরির রাজা ছিলেন, সেই সময়ে অর্থাৎ ন্যূনাধিক ১১২৫ শকাব্দে এই সম্প্রদায় প্রবর্ত্তিত হয় এইরূপ প্রবাদ প্রচলিত আছে। বিরার প্রদেশে ইহাদের পাঁচটি প্রধান মঠ বিদ্যমান রহিয়াছে; মহৎমঠ, মাতাঙ্গমঠ, রেদ্ধিমঠ, প্রবরমঠ এবং প্রকাশমঠ। এই পাঁচের অন্তঃ-পাতী অন্য অন্য অনেক মঠ দৃষ্ট হইয়া থাকে। অপরাপর অনেক সম্প্র-দায়ের ন্যায় ইহাদেরও মঠ-স্বামীকে মহন্ত বলে। মহন্তের কতকগুলি শিষ্য থাকে; তাঁহার মৃত্যু হইলে, তাহাদের মধ্যে কোন ব্যক্তি সর্ব্ব-সম্মতি-ক্রমে তাঁহার পদে অভিষিক্ত হয়। ইহারা আপনাদের সম্প্রদায়-প্রবর্ত্তককে বিষ্ণু-অবতার বলিয়া বিশ্বাস করে ও ভক্তি শ্রদ্ধা সহকারে তাঁহার অর্চ্চনা করিয়া থাকে। গুরু মহন্তেরও পূজা করে এবং তাঁহার কৃত বলিয়া প্রচলিত কৃষ্ণচরিতামৃত নামক একখানি পুস্তকে অতিশয় শ্রদ্ধা করিয়া থাকে।

ভূমিতে বা বৃক্ষ-তলে গ্রাম্য দেবতা বলিয়া বিখ্যাত যে সমস্ত সিন্দুর-লিপ্ত প্রস্তর ও কাষ্ঠ-খণ্ড প্রতিষ্ঠিত থাকে, সে সমুদায়কে যার পর নাই ঘৃণা করে। মার্গশীর্ষ অর্থাৎ অগ্রহায়ণ ইহাদের পুণ্য মাস এবং কৃষ্ণজন্মাষ্টমী ও গোকলাষ্টমীতে ইহাদিগের উৎসব হয়। ভগবদ্‌গীতা, লিয়নিধি, লীলামৃতসিন্ধু এই তিন খানি সংস্কৃত পুস্তক এবং বাললীলা, গোপী-বিলাস, রুক্মিণীস্বয়ম্বর প্রভৃতি পুস্তক ইহাদের সাম্প্রদায়িক গ্রন্থ। ইহারা বলে, চক্ষু, কর্ণ, নাসিকা বন্ধ করিয়া সাধনা করিলে একরূপ জ্যোতিঃ পদার্থ দৃষ্ট হয়। অনেকে তাহার মহিমা বর্ণন করিয়া শ্লোকাবলি রচনা করিয়াছেন।

ইহারা আপনাদের ধর্ম্ম-কর্ম্ম গোপন রাখে; স্বসম্প্রদায়ী ভিন্ন অন্য কাহার নিকট ব্যক্ত করে না। ইহাদের সাম্প্রদায়িক গ্রন্থ সমুদায় এক-রূপ অপরিচিত অক্ষরে লিখিত; তাহাও অন্য কাহাকেও শিক্ষা দেয় না। সকলে একত্র ভোজন করে। একবারেই সমুদায় অন্ন ব্যঞ্জন পরিবেশিত হয় এবং ভোজনারম্ভে সকলে উচ্চৈঃস্বরে কৃষ্ণনাম উচ্চা-রণ করিয়া আহার করিতে প্রবৃত্ত হইয়া থাকে।

ইহারা অতিমাত্র অহিংসা-পরায়ণ। এমন কি, জীবহিংসা-ভয়ে বস্ত্র-পূত না করিয়া জলগ্রহণ করে না। সেই বস্ত্রে যদি কীট পতঙ্গ পড়ে, সে সমুদায়ের প্রাণরক্ষা-উদ্দেশে তাহাদিগকে স্রোতোজলে ভাসাইয়া দেয়। হিন্দুসমাজে দশহরা-পর্ব্বাহে ছাগ, মেষ, মহিষাদি বলিদান হয়; সেই সমুদায় দর্শন ও তাহাদের চীৎকার-ধ্বনি শ্রবণ আশঙ্কায় ইহারা দুই তিন দিবস গৃহত্যাগ পূর্ব্বক জঙ্গলে গিয়া বাস করে।

ইহারা এক হস্তে এক রূপ ঝুলি ও অপর হস্তে এক গাছি যষ্টি লইয়া ভিক্ষা করিতে যায়। ইহাদের হস্তে না দিলে, কোন দ্রব্য গ্রহণ করে না। এমন কি, কোন বৃক্ষ হইতে ফল লইতে ইচ্ছিলেও, নিজ হস্তে পাড়িয়া লয় না।

কাহারও মৃত্যু হইলে, ইহারা শব দাহ করে না; শ্মশান-ভূমি হইতে কিছু অন্তরে মৃত্তিকার মধ্যে সমাহিত করে। করিবার সময়ে মৃত-দেহের চতুর্দ্দিকে লবণ রাশীকৃত করিয়া দেয়।

## কিশোরী-ভজনী।

কৃষ্ণ বৃন্দাবনে যেরূপ মধুর লীলা প্রকাশ করেন, তাহার অনুকরণ করিয়া মুক্তিলাভ করা এই সম্প্রদায়ের একমাত্র উদ্দেশ্য। বিক্রমপুর-নিবাসী শ্রীযুত কালাচাঁদ বিদ্যালঙ্কার ইহার প্রবর্ত্তক। তাঁহার মতে, জ্ঞান, যোগ ও ভক্তির একত্র সংযোগ দ্বারা ঈশ্বরের সাক্ষাৎকার লাভ হয়। এইকথা বলিয়া তিনি পঞ্চ-লিখিত পারমার্থিক মতটি প্রকাশ করেন।

ব্রহ্মাণ্ড দুই প্রকার ; বৃহৎ ও ক্ষুদ্র। চন্দ্র, সূর্য্যাদি গ্রহগণ বৃহৎ ব্রহ্মাণ্ড। আর পঞ্চভূত-নির্ম্মিত মানব-শরীর ক্ষুদ্র ব্রহ্মাণ্ড। এই শরীরেই পৃথিব্যাদি পঞ্চভূত এবং সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন গুণ বর্ত্তমান রহিয়াছে। অতএব পরমার্থ-সাধন ও তীর্থ-ভ্রমণ-উদ্দেশে অন্যত্র গমনের প্রয়োজন নাই। এই শরীর মধ্যেই গোলোক, বৈকুণ্ঠ, বৃন্দাবন প্রভৃতি বর্ত্তমান রহিয়াছে। তদনুসারে, পুরুষেরা আপনাকে গোলোক ও বৈকুণ্ঠ-বাসী শ্রীকৃষ্ণ ও স্ত্রী-লোকেরা আপনাকে শ্রীরাধিকা বলিয়া বিশ্বাস করে। কিন্তু "আদ্যা-শক্তিময়ী রাধা" এই প্রমাণানুসারে, পুরুষেরা প্রকৃতির ভজনা করে। কৃষ্ণ-প্রকৃতির নাম কিশোরী এই নিমিত্ত ইহাদের উপাসনাকে কিশোরী-ভজন বলে।

"দিন গেল মন, বসে কেন অকারণ, কর কিশোরী-ভজন। অনায়াসে মুক্তি হবে, পাবে হরি-দরশন।"

অন্যান্য সম্প্রদায়ের ন্যায় ইহাদেরও গুরুকরণ আছে। তিনিই সর্ব্ব-প্রধান। সম্প্রদায়-ভুক্ত হইতে ইচ্ছা হইলে, তাঁহারই নিকট দীক্ষিত হইতে হয়। দীক্ষিত হইলেই, যুগলরূপ হইতে হয়। অর্থাৎ পুরুষ শিষ্যের একটি প্রকৃতি এবং স্ত্রীলোক শিষ্যার একটি পুরুষ গ্রহণ করা আবশ্যক। গুরুই তাহা সংঘটন করাইয়া দেন। ত্বং কৃষ্ণোঽহং রাধা ও অহং কৃষ্ণস্ত্বং রাধা এই দুইটি ইহাদের সার মন্ত্র। ইহারা এই মন্ত্রে দীক্ষিত ও প্রণয়-সূত্রে বদ্ধ হইয়া যুগলরূপে অবস্থিতি করে।

ইহাদের উপাসনার সভার নাম মেলা। দিন-বিশেষে নিশাযোগে অতি সংগোপনে ইহার অনুষ্ঠান হইয়া থাকে। এটি একটি চক্রস্বরূপ। এই মেলায় একটি স্ত্রীলোক কিশোরী হয়। সেটি প্রায়ই গুরু-প্রণয়িনী শুনিতে পাই। সকলে তাহাকে পুষ্প চন্দনাদি দ্বারা সজ্জীভূত করিয়া দেয় এবং একটি পাত্র নানাবিধ খাদ্যদ্রব্য-পূর্ণ করিয়া তাহার সম্মুখে আনিয়া রাখে। সেইগুলি তাহার ভোগের সামগ্রী। কিশোরী তাহার কিঞ্চিৎ ভক্ষণ করে ; পরে অপর সকলে সেই সমস্ত প্রসাদ-সামগ্রী ভোজন করিয়া থাকে। এস্থলে জাতি-বিচার থাকে না। এমন কি, পরস্পর পরস্পরের মুখোচ্ছিষ্ট গ্রহণ করিয়া ভক্ষণ করে। ইহারা অহিংসা-ধর্ম্ম অবলম্বন করিয়া ভুলেও মৎস্য মাংস ব্যবহার করে না। কিন্তু মেলার মধ্যে যথেষ্ট গাঁজা চলিয়া থাকে। এইরূপ ভোগের পূর্ব্বে গান হইয়া থাকে। পশ্চাৎ উদাহরণ স্বরূপ তাহার কয়েকটি উদ্ধৃত হইতেছে।

১।—বঁধু গৌর বলে ডাকরে রসনা। যারে ডাকলে যম যন্ত্রণা দূরে, দূরে যাবে যম-যাতনা। ০

ইহারা গৃহস্থ; স্ত্রী পুত্রাদি লইয়া সংসার-ধর্ম্ম পালন করে। উল্লিখিত সমাজ-গৃহে এক একটি মহন্ত থাকে; শুনিয়াছি, সেই মহন্ত ইচ্ছানুসারে, কোন শিষ্যের ভার্য্যার সহিত সহবাস করে এবং তদ্দ্বারা যে বীজ নির্গত হয়, তাহা জ্যোৎস্বরূপ জ্ঞান করিয়া বেদীর উপর স্থাপন পূর্ব্বক মদ্য মাংসাদি উপকরণ দ্বারা তাহার অর্চ্চনা করিয়া থাকে। ইহারা হিঙ্গুলাজেশ্বরীর নিদর্শন স্বরূপ গল-দেশে ঠুম্‌রা ধারণ করে ও আলেখিয়া সন্ন্যাসীদের মত * আলেখ্ শব্দ উচ্চারণ পূর্ব্বক ভিক্ষা করে। অন্য অন্য হিন্দু সম্প্রদায়ীরা শরীরের চক্ষু, কর্ণ, নাসিকাদি নয়টি দ্বার স্বীকার করে; ইহারা তদতিরিক্ত অপর একটি দশম দ্বার অঙ্গীকার করিয়া থাকে। এই নিমিত্ত ইহাদের নাম দশামার্গী অর্থাৎ দশমমার্গী। ইহারা বলে, শ্বাস প্রশ্বাস দ্বারা যে সোঽহং শব্দ উৎপন্ন হয়, ঐ দশম দ্বার দ্বারাই তাহা নির্গত হইয়া থাকে।

## জোগ্নি ¶ ও শাঙ্খী।

এই উভয়ই ভবানীর উপাসক। নবরাত্রে ও তাহার পর দিবসে বোম্বাই-প্রদেশীয় বাদ্‌বল-জাতীয় বিবাহিত স্ত্রীলোকেরা ঐ দেবতার নামে দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়ায়। তাহাদের দক্ষিণ বাহুতে একটি শূন্য-গর্ভ অলাবু-পাত্র লম্বিত থাকে। তাহারা প্রতি দিনই তণ্ডুল ভিক্ষা পায় এবং নবরাত্রের কোন দিবসে প্রত্যেক গৃহের গৃহিণী বা অন্য কোন বয়োজ্যেষ্ঠা স্ত্রীলোক ঐ অলাবু পাত্রের পূজা দেয়। তাহারা একখানি ক্ষুদ্র কাষ্ঠাসনের উপর ঐ শূন্য পাত্র সংস্থাপন পূর্ব্বক তাহার চতুর্দ্দিকে তণ্ডুল, হরিদ্রা ও রক্তবর্ণ চূর্ণ দ্রব্য-বিশেষ দ্বারা রেখা করে। তাহার উপর চুমকি লাগাইয়া দেয় এবং তাহা তণ্ডুলে পূর্ণ করিয়া দীপ দ্বারা আরতি করে। জোগ্নিরা নিজ হস্তে হরিদ্রা লেপন করে এবং জ্রূদেশে রক্তবর্ণ চূর্ণ বস্তু-বিশেষ ও চাক্‌চক্যময় অন্য ধাতু-দ্রব্য-বিশেষ লাগাইয়া দেয়। উল্লিখিত গৃহিণীরা জোগ্নি এবং ঐ ফলের সম্মুখে আরতি করিয়া থাকে। শাঙ্খীরা শঙ্খ লইয়া ভিক্ষা করে। এই নিমিত্তই তাহাদের নাম শাঙ্খী। তাহারা গৃহস্থের নিকট তণ্ডুল ও তৈল ভিক্ষা গ্রহণ করে এবং শঙ্খ-ধ্বনি পূর্ব্বক তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়া যায়। §

---

* শৈবাদি সম্প্রদায়। ১৪ পৃষ্ঠা। † পরিশিষ্ট। ২৪৫ পৃষ্ঠা।

¶ এটি যোগিনী শব্দের অপভ্রংশ বোধ হয়।

§ Indian Antiquary, March, 1881, p. 78.

## নরেশপন্থী *।

বর্দ্ধমান জেলার অন্তর্গত জামদো গ্রামের অধিবাসী নরেশচন্দ্র ভট্টাচার্য্য এই পন্থী প্রবর্ত্তিত করেন এই নিমিত্ত তাঁহার মতাবলম্বীরা নরেশপন্থী বলিয়া প্রসিদ্ধ হইয়াছে। শুনা গিয়াছে, ন্যূনাধিক ৭০ সত্তর বৎসর হইল, তিনি জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম হলধর ভট্টাচার্য্য। তিনি সংস্কৃত শাস্ত্রে পাণ্ডিত্য ও সঙ্গীত-বিদ্যায় নিপুণতা প্রযুক্ত বর্দ্ধমানের রাজার সভাসদ হন। তদীয় পুত্র নরেশচন্দ্র পিতার নিকট সংস্কৃত ও বাঙ্গলা শিক্ষা করেন এবং অল্প বয়সেই ধর্ম্ম বিষয়ে অনুরক্ত হন। কতকগুলি শ্যামা-বিষয়ক সঙ্গীত তাঁহার বিরচিত বলিয়া প্রসিদ্ধ আছে, কিন্তু পরে শ্রীমদ্ভাগবত অধ্যয়ন করিয়া বৈষ্ণব ধর্ম্মে তাঁহার অনুরাগ-সঞ্চার হয়। তিনি কিছু কাল প্রবল উৎসাহ সহকারে ধর্ম্ম বিষয়ের আন্দোলন করেন এবং অনেকানেক প্রসিদ্ধ বৈষ্ণব ও তান্ত্রিক পণ্ডিতের সহিত তর্ক বিতর্ক করিতে প্রবৃত্ত থাকেন। অবশেষ এইরূপ স্থির করেন যে, জগৎ ব্রহ্মময়; প্রত্যেক জীবেরই আত্মাতে কিয়ৎ পরিমাণে ব্রহ্মের শক্তি বিদ্যমান আছে; মানুষে ব্রহ্মের শক্তিতে শক্তিমান্ হইলে অচিরাৎ পরব্রহ্ম লাভ করিতে পারে; মনুষ্য ব্রহ্মের প্রতিরূপ স্বরূপ এই নিমিত্ত ব্রহ্ম-বলে বলিষ্ঠ ব্যক্তিকে গুরু স্বীকার করিয়া তাঁহার উপদেশানুযায়ী কার্য্য করিলে জীব মুক্তি-পদ প্রাপ্ত হয়। যে সময়ে তিনি এই সমস্ত মত অবধারণ করেন, সেই সময়েই মহাভারতের নিম্ন-লিখিত শ্লোকটি পাঠ করিয়া জাতি-ভেদ প্রথায় আস্থা-শূন্য হন।

न विशेषोऽस्ति वर्णानां सर्व्वं ब्राह्ममिदं जगत् ।
ब्रह्मणा पूर्व्वसृष्टं हि कर्म्मभिर्वर्णतां गतम् ॥

মোক্ষধর্ম্ম। ১৮৮ অধ্যায়। ১০ শ্লোক।

---

* বর্দ্ধমান জেলার অন্তর্গত রায়না গ্রাম নিবাসী শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ দত্ত বাবু অনুগ্রহ করিয়া নরেশপন্থী ও কেউড়দাস নামক দুইটি উপাসক-সম্প্রদায়ের বৃত্তান্ত আমার নিকট প্রেরণ করেন। আমি তদ্দ্বারা যথেষ্ট উপকৃত ও আহ্লাদিত হইয়া যত্ন সহকারে এস্থলে নরেশপন্থীর বৃত্তান্ত প্রকাশ করিতেছি। রাজেন্দ্র বাবু লিখেন, কেউড়দাসেরা নিতান্ত নির্গুণ-উপাসক। ইহা হইলে তাহাদের বিবরণ এই পুস্তকের তৃতীয় ভাগে সন্নিবেশ করাই সঙ্গত হয়। কিন্তু সে ভাগ প্রকাশের এখন কত বিলম্ব আছে কিছু বলা যায় না। এই জন্য পরিশিষ্টাবশেষের শেষের দিকে ঐ কেউড়দাস ও তাদৃশ অন্য দুই একটি সম্প্রদায়ের কথা বিনিবেশিত হইল।

এই ব্রহ্মময় সমগ্র জগতে বর্ণের বিশেষ নাই। ব্রহ্ম কর্ত্তৃক পূর্ব্ব-সৃষ্ট মনুষ্যগণ নিজ নিজ কর্ম্মানুসারে নানা বর্ণে বিভক্ত হইয়া যায়।

পরে তিনি নিজেই আপনাকে মানব-গুরু বলিয়া প্রচার করেন এবং জামৃদো গ্রামে আপনার পিতৃব্য অতুলকৃষ্ণ ভট্টাচার্য্যের বৈঠকখানা-বাটীতে দেবতা-বিশেষের প্রতিমূর্ত্তি স্থাপিত করিয়া রাখেন। প্রতিদিন প্রাতে ও সায়াহ্নে তথায় সংকীর্ত্তন হইত। সেই সংকীর্ত্তনের অন্তর্গত জাতি-ভেদ-বিরোধী একটি গীত পশ্চাৎ উদ্ধৃত হইতেছে।

"জেতের গৌরব কোথায় রবে, যখন এসব ফেলে যেতে হবে।

বামন, কায়েত, কামার, কলু ভিন্ন ভিন্ন ভাবছ সবে। এ সব ঘুচ্‌বে

সে দিন, তোমায় যে দিন, রাজাধিরাজ তলব দিবে।

গোড়েছে এক কারিকরে, স্ত্রী আর পুরুষ ভঙ্গীভাবে; তাদের

চাল চলনে সবাই চিনে, ঢাকিলে না ঢাকা রবে।"

ঐ সময় অবধি তাঁহার মত-প্রণালী প্রচারিত হইতে লাগিল। কবি নরেশচন্দ্র আপনার শিষ্যদিগকে নরেশপন্থী বলিয়া আহ্বান করিতেন, এই নিমিত্ত তাঁহার সম্প্রদায়ীরা ঐ নামেই বিখ্যাত হইয়াছে।

## নরেশপন্থীদের নিষেধবিধি।

প্রথম। জামৃদো-নিবাসী কবি নরেশচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়কে দেবানুগৃহীত ও মনুষ্য-গুরু বলিয়া বিশ্বাস না করিলে, নরেশপন্থীদিগের ও তদীয় অধস্তন পুরুষ-পরম্পরার মুক্তি হইবে না।

দ্বিতীয়। বিবাহের সভায় নরেশচন্দ্র প্রভুর নামে বরমাল্য অর্পণ করিতে হয় এবং বিবাহ, শ্রাদ্ধ ও অন্নপ্রাশন উপলক্ষে, নরেশচন্দ্রকে প্রধান নৈবেদ্য নিবেদন করিয়া দিতে হয়।

তৃতীয়। সপ্তাহে দুইবার, অন্ততঃ একবারও সায়াহ্নে প্রকাশ্য-ভাবে তাঁহার গুণ-কীর্ত্তন করিতে হয়।

চতুর্থ। নরেশপন্থীরা মদ্য-পান ও ছাগ-মাংস ভোজন করিতে পারিবে, কিন্তু বর্ণ-বিচার স্বীকার করিবে না; কেবল মোসলমান, মুচী, হাড়ী, মুদ্দফরাস এবং মেথরেরা পংক্তি-ভোজনে উপবিষ্ট হইতে পারিবে না।

পঞ্চম। শাক্ত ও শৈব-সম্প্রদায়ীরা পরস্পর বিরোধ পরিত্যাগ করিয়া অভিন্ন ভাব অবলম্বন না করিলে, নরেশপন্থী হইতে পারিবে না।

ষষ্ঠ। সামাজিক উপাসনার সময়ে স্ত্রীলোকে অবগুণ্ঠন অর্থাৎ ঘোমটা ব্যবহার করিতে পারিবে না।

## উপাসনার নিয়ম।

ইহারা অনেকে একত্র মিলিত হইয়া উপাসনা করে। ইহাদের উপাসনা-গৃহের নাম সমাজ। অমাবস্যার দিবসে উপাসনা করা বিধেয় নয়। গর্ভবতী স্ত্রীলোকের ঐরূপ উপাসনা-স্থলে উপস্থিত থাকা বিহিত নয়। উপাসনার সময় বিধবা স্ত্রীলোকেরও ললাটে সিন্দূর দিবার নিষেধ নাই। উপাসনার সময় সকলে নিম্ন-স্থলে একত্র উপবিষ্ট হয়; কেবল নরেশচন্দ্র প্রভুর উদ্দেশে লোহিত-বসনাবৃত স্বতন্ত্র একখানি উচ্চ আসন শূন্য থাকে। তাহারই পার্শ্ব-স্থিত মৃত্তিকা-নির্ম্মিত উন্নত আসনে গাঁই অর্থাৎ আচার্য্য মহাশয় উপবেশন করেন। সকলে একত্র মিলিত হইয়া নরেশ প্রভুর গুণ গান করিলে পর, উক্ত গাঁই মহাশয় ধর্ম্মোপদেশ প্রদান করেন। উপাসনা-কার্য্য সমাপ্ত হইলে সকলে একত্রে ভোজন করে এবং সেই সময়ে স্ত্রীলোকের নিকট হইতে মাসিক অন্ততঃ /১০ দেড় আনা ও পুরুষের নিকট মাসিক অন্ততঃ ৵০ দুই আনা হিসাবে চাঁদা গ্রহণ করা হইয়া থাকে। পূর্ব্বেই লিখিত হইয়াছে, ইহাদের মধ্যে জাতি-ভেদ নাই; ইহারা বলে,

> "একে সব, সবে এক।
> চেয়ে নরেশ প্রভু দেখ॥"

ব্রাহ্মণের যজ্ঞোপবীত পরিত্যাগ করিবার প্রয়োজন নাই, কিন্তু সন্ধ্যা আহ্নিকের সময়ে নরেশ প্রভুর নাম গ্রহণ না করিলে, পূর্ব্ব উপবীত পরিত্যাগ করিয়া নূতন উপবীত ধারণ করিতে হয়। উপাসনার সময়ে সকলে একবার বাম বাহু ও একবার দক্ষিণ বাহু উত্তোলন করে এবং মধ্যে মধ্যে শিরোদেশও সঞ্চালন করিয়া থাকে। কেহ কেহ নরেশ প্রভুর উদ্দেশে টাকা, পয়সা, তণ্ডুল, ফল, মূল প্রভৃতি প্রদান করে। ইহাদের আখ্ড়ায় দুই মাসান্তে এক একবার ভোজ হয়। জামদো গ্রামে অদ্যাপি বৈশাখ মাসে নরেশচন্দ্রের স্মরণার্থ ঝাপান হইয়া থাকে। নরেশপন্থীরা বাল্য-বিবাহের বিরোধী; কিন্তু বিধবা-বিবাহের নিতান্ত বিরোধী নয়। ইহারা হিন্দু মতাবলম্বী অন্য কোনরূপ উপাসক-সম্প্রদায়ের বিদ্বেষী নয়; বরং সকলকেই শ্রদ্ধা করিয়া থাকে। কিন্তু মোসল্মান্দিগকে অত্যন্ত ঘৃণা করে।

নরেশচন্দ্র এই অভিনব মত প্রবর্ত্তন করাতে আত্ম-জনের উৎপীড়ন-বশতঃ গৃহ হইতে বহির্গত ও পলায়িত হইয়া কুমারপুর গ্রামে অবস্থিতি করেন। এই স্থানে তাঁহার মৃত্যু হয়। মৃত্যুর পর, বর্দ্ধমানের [illegible]

খণ্ডের বহু সংখ্যক লোক তাঁহার মত অবলম্বন করে ও স্থানে স্থানে উপাসনা-সমাজ প্রতিষ্ঠিত হইয়া কিছু কালের মধ্যে তাঁহার মতানুযায়ী ধর্ম্ম-সম্প্রদায় পরিব্যাপ্ত হইয়া পড়ে। বর্দ্ধমান জেলার অন্তর্গত হরিচরণবাটী, গুড়ে ও রগুইখণ্ড, হুগলি জেলার অন্তর্গত কল্যাণপুর ও কালীপুর এবং কলিকাতার অন্তর্গত বাগবাজার-সন্নিহিত লালবাগানে ইহাদের এক একটি সমাজ আছে। দ্বাবিংশতি বৎসর হইল, উক্ত হরিচরণবাটীর সমাজ নবীনদাস বৈরাগী নামক একটি নরেশপন্থী কর্ত্তৃক সংস্থাপিত হয়। প্রতি মঙ্গলবারে তথায় উপাসনা হইয়া থাকে। সেই স্থানে সপ্তাহে সপ্তাহে এত লোকের সমাগম হয় যে, ইহাকে অপর একটি তারকেশ্বর বলিলেও বলা যায়। ইহার আচার্য্য নবীনদাস বৈরাগী এবং বাদ্যকর অধরলাল বৈরাগী। প্রায় ৫।৬ ক্রোশ হইতে তথায় নিয়ত লোক আসিয়া ঐ নবীনদাস আচার্য্যের পূজা দেয়।

কয়েক বৎসর পূর্ব্বে সেই সমাজে ভয়ানক ঘৃণিত ব্যাপার সমূহ সম্পাদিত হইত। তাহা নিবারণ করিবার উদ্দেশে বর্দ্ধমানের তদানীন্তন মাজিষ্ট্রেট্ মেট্‌কাফ্ সাহেব বিস্তর যত্ন করেন, কিন্তু কৃতকার্য্য হইতে পারেন নাই। যাহা হউক, এক্ষণে অনেক পরিমাণে সে সকল ব্যাপার রহিত হইয়া গিয়াছে। এই সমাজের নরেশপন্থীরা নিরামিষ-ভোজী।

বহুকালাবধি শৈব-বৈষ্ণবের পরস্পর বিবাদ বিসম্বাদ প্রসিদ্ধই আছে। নরেশচন্দ্র কৌশল ও উপদেশ প্রদান দ্বারা ঐ প্রদেশীয় অনেকগুলি শাক্ত, শৈব ও বৈষ্ণবের বিরোধ ভঞ্জন করিয়া দেন। তিনি এই উপদেশ দেন যে, যিনি শ্যামা, তিনিই রাধা; ভেদ জ্ঞান করা অনর্থের মূল। তাহারা তাঁহার দল-ভুক্ত হইল ও তদবধি আপনাদিগকে নরেশপন্থী বলিয়া পরিচয় দিতে আরম্ভ করিল। এমন কি, বৈষ্ণবেও শৈব শাক্তের সহিত একত্র উপবেশন পূর্ব্বক অম্লান বদনে ও অকুতোভয়ে মৎস্য মাংস ভক্ষণ করিতে প্রবৃত্ত হইল।

নরেশপন্থীরা উপাসনার সময় যেরূপ গান করিয়া থাকে, পশ্চাৎ উদাহরণ স্বরূপ তাহার দুই তিনটি লিখিত হইতেছে। গান গুলির ভাব অনেকাংশে নেড়া, বাউল ও কর্ত্তাভজাদের গানের অনুরূপ।

## উপাসনা—সঙ্গীত।

প্রভু দীনে দেহ পদ-ছায়া। আছে তোমার ভরসায় জায়া॥
ভবের ভাবে মেতে আছি, বল্‌বো কি ভবের মায়া।
নহিলে প্রভু ভেরিয়ে যেতাম, লাগিয়ে লগা লাখের কায়া॥

## সায়াহ্নের গীত।

ভবের দেখে হোলাম্ ভেকা, আর যায় না কো একুল রাখা। মরি, দুঃখের কথা বল্‌বো কি, হারিয়ে গেলে পাই না খি, দেখে শুনে হোলাম্ বোকা।

ভগ্ন ঘরে প্রাচীর পড়ে, শিরে জল রোখা চোখা ; তা দেখে বুড়ো কাঁদে, চেঁচিয়ে উঠে কচি খোঁকা।

কুশো বলে, চোর পালালে. প্রাণটি করে ধোকা ধোকা ; নাই কো নরেশ বিনে, এ বিপিনে, বিষেতে আর মধু মাখা।

## তৃতীয় গীত।

চেয়ে দেখ্ সড়ক্ পানে। ফুটেছে সোণার কমল, চাঁদ চেয়ে সে নিরমল, মলাতে তার কর্ব্বে কি, আপ্‌নি আলোক ঐ বিমানে ॥

নরের গুরু নরেশ এসে, ভূ-সার জাম্‌দোয় বোসে, হাসিয়ে সব আপন দাসে, মজিয়ে গেছেন কাঁগাল জনে।

## পাঙ্গুল।

বোম্বাই প্রদেশেও একরূপ প্রাতঃ-ভিক্ষুক আছে, তাহাদের নাম পাঙ্গুল। তাহারা প্রত্যূষে দ্বারে দ্বারে গমন করিয়া ভবানী, মহাদেব, গণপতি প্রভৃতি নানা গ্রাম্য দেবতার নাম উচ্চারণ পূর্ব্বক ভিক্ষা করে এবং একটি পয়সা পাইলেই গৃহস্থদিগকে বিশেষতঃ তদীয় মৃত পূর্ব্ব-পুরুষকে, আশীর্ব্বাদ করিয়া প্রস্থান করে। তাহারা কখন কখন পথের নিকটস্থ বৃক্ষোপরি আরোহণ পূর্ব্বক দেবতা-বিশেষের নাম সংকীর্ত্তন করিয়া পথিকদিগের নিকট উচ্চৈঃস্বরে ভিক্ষা করে।

## কেউড়দাস।

উত্তররাঢ়ীয় কায়স্থ-কুলোদ্ভব কেউড়দাস নামে এক ব্যক্তি এই সম্প্রদায় প্রবর্ত্তিত করেন এই নিমিত্ত ইহার নাম কেউড়দাস। কিন্তু এটি তাঁহার প্রকৃত নাম নয়। তাঁহার এই কৃত্রিম নামগ্রহণ বিষয়ের একটি প্রবাদ আছে ; পশ্চাৎ লিখিত হইতেছে। কার্ত্তিকদাস নামে কোন ভদ্র-সন্তান বীরভূম জেলার বিচারালয়ে হত্যাপরাধে নীত হন। বিচার-পতি তাঁহার নির্ব্বাসন-দণ্ডের আদেশ দেন। কার্ত্তিকদাস কোন রূপ

কৌশলক্রমে পলায়ন পূর্ব্বক আপনাকে কেউড়দাস বলিয়া পরিচয় দেন। প্রথমে বর্দ্ধমান জেলার দক্ষিণ খণ্ডের অন্তর্গত উচালন গ্রামে ও পরে সুযোগ ক্রমে নানা স্থানে অবস্থিতি করিয়া স্বনাম-প্রসিদ্ধ সম্প্রদায়-মত প্রচার করেন। শুনা গিয়াছে, ন্যূনাধিক বিংশতি বৎসর হইল, এই সম্প্রদায় সুস্পষ্ট প্রচলিত হইয়াছে; ইতি মধ্যেই বর্দ্ধমান জেলার দক্ষিণ খণ্ড ও মেদিনীপুর জেলার অন্তর্গত নানা স্থানের অধিবাসী অনেক লোক এই মত অবলম্বন করিয়াছে। ইহারা আপনাদিগকে একমাত্র অদ্বিতীয় পরমেশ্বরের উপাসক বলিয়া পরিচয় দেয় এবং সম্প্রদায়-গুরু কেউড়দাসের প্রতি অতিমাত্র ভক্তি শ্রদ্ধা প্রকাশ করিয়া থাকে। তদ্ভিন্ন অপর কোন দেবতাকে গ্রাহ্য করে না এবং স্বসম্প্রদায় মধ্যে বর্ণ-বিচারও স্বীকার করে না। ইহারা কেউড়দাসকে পুরাণ-প্রসিদ্ধ চন্দ্র-বংশোদ্ভব বলিয়া স্বসম্প্রদায়ের খ্যাতি ও গৌরব প্রকাশ করে।

## ফকির-সম্প্রদায়।

কিছু দিন হইল, গোয়াড়ি কৃষ্ণনগর অঞ্চলে ফকির নামে একটি উপাসক-সম্প্রদায় প্রবর্ত্তিত হইয়াছে। ইহার মধ্যে হিন্দু মোসলমান্ উভয় জাতীয় লোকই আছে। অধিকাংশই মোসলমান্; হিন্দুর ভাগ অতি অল্প। হিন্দু ফকিরেরা সকলেই গৃহী; মোসলমান্দিগেরও মধ্যে উদাসীনের ভাগ অতি অল্প।

ইহারা ঘোষপাড়ার মতের অনুরূপ মতাবলম্বী। যাঁহার নিকট এই সম্প্রদায়ের সম্বাদ প্রাপ্ত হই, তিনি * বলেন, বোধ হয় ইহারা † ছদ্মবেশী কর্ত্তাভজা; সজাতীয় লোকের মনোরঞ্জনার্থে ফকিরের বেশ ধারণ করিয়াছে। ইহারা পীর পয়গম্বর কিছু মানে না। 'নয়নে দেখিনি যারে, কিরূপে সাধিব তারে' এই কথা কথায় কথায় বলে। ইহাদের আরও একটি সাম্প্রদায়িক সতর্কতার কথা আছে। 'আপন ধর্ম্ম কথা না কহিবে যথাতথা আপনারে হইবে সাবধান।' ইহাদের তিনটি গীতের প্রথমাংশের কয়েকটি চরণ পশ্চাৎ লিখিত হইল।

১। আগে সত্য ধর্ম্ম যাজন কর আমার মন। ওরে সত্য মানুষ দেখ্‌বি যদি, সত্য বল মন্ নিরবধি, ত্যজ্য কর অসত্যবাদী, তবে মিল্‌বে প্রেম-রতন। দিনে দিনে দিন ফুরাল এলো কাল। কোথ্

---

* আমার পরমাত্মীয় শ্রীযুত ব্রজনাথ মুখোপাধ্যায় বাবু।

† অর্থাৎ এই সম্প্রদায়ী মোসলমান্-জাতীয় লোক।

দিন তোরে হবে যেতে, বল্ দেখি কে যাবে সাতে, তখন ঘট্‌বে রে বিষম জঞ্জাল। তখন জান্‌তে পারবি তোর কর্ম্ম-ফল। ও তোর কোন্ দিন্ দেহ যাবে পড়ে, তীর্থ-যাত্রা সকল ছেড়ে, ঠিক্ দিয়ে থাক্ বসে পিঁড়েয়, মিথ্যা তোর তীর্থ ভ্রমণ।

২। কর গুরু-তত্ত্ব সার, ওরে মন আমার, গুরু বিনে পারে যেতে পার্‌বে না। ভাবিয়ে অন্তরে, খাট গুরু-দ্বারে, লয়ে যাবে পারে, ফেলে যাবে না। যদি এসেছ এ পারে, যেতে হবে পারে, ভাব মন তারে, যদি যাবে পারে। সুমতি হইয়া, গুরুকে লইয়া, আনন্দিত হয়ে থাক রসনা। গুরু-বাক্য ঐক্য কর, সাধু শাস্ত্র ধর, তবে যাবে পার, ভাব কি অসার, গুরু-মুখপদ্ম-বাক্য, হৃদয়েতে কর ঐক্য, সূক্ষ্ম ভাবে শান্ত হয়ে থাক না।

৩। মানুষ এই সত্য মানুষ মানুষ বই আর কিছু নাইরে মানুষ। মনের মন মনস্থ প্রাপ্তি বস্তু পাওয়া যায় এই মানুষের ঠাঁই। অনেক চিন্তনের সে ধন, তারে কর সমুহ যতন, তবে সে মিলিবে রতন, ওহে সাধু ভাই।

## কুম্ভপাতিয়া।

কিছু দিন হইল, সম্বাদপত্রে কুম্ভপাতিয়া নামে একটি অভিনব সম্প্রদায়ের বিবরণ প্রকাশিত হয়। তাহারা নিরাকারবাদী; দেবদেবীর উপাসনার অত্যন্ত বিদ্বেষী। গত বৎসর তাহাদের মধ্যে কতকগুলি লোক জগন্নাথ, বলরাম ও সুভদ্রাকে দগ্ধ করিবার উদ্দেশে পুরী মধ্যে প্রবেশ করে। বাঙ্গালা সম্বাদপত্রে মধ্য-বিভাগের কমিশনরের লিপি-প্রমাণে তাহাদের মতামতের বিষয় যেরূপ লিখিত হয়, পশ্চাৎ অবিকল উদ্ধৃত হইতেছে।

"ইহারা হিন্দু, কিন্তু দেবদেবী মানে না, এক নিরাকার আলেখ্ পুরুষ-কে মানে। তাহারা বলে, তাঁহার কথা কেহ লিখিয়া শেষ করিতে পারে না। আলেখ্ স্বামী নামে এক ব্যক্তি আপনাকে ঈশ্বরের অবতার বলিয়া পরিচয় দিয়া ১৮৬৪ আঠারশ চৌষট্টি সালে এই ধর্ম্ম সংস্থাপিত করেন। উড়িষ্যা ও মধ্য-ভারতবর্ষে এই ধর্ম্ম খুব প্রচারিত হইয়াছে। প্রায় ত্রিশটি

পল্লীর লোক এই ধর্ম্মাবলম্বী হইয়াছে। ইহারা কুম্ভু নামে এক প্রকার গাছের ডোর প্রস্তুত করিয়া কোমরে পরিধান করে বলিয়া কুম্ভুপাতিয়া নাম পাইয়াছে। গৃহী ও উদাসীন দুই শ্রেণীর লোকই ইহাদের মধ্যে আছে। ইহাদের উদাসীনেরা সকল বর্ণের লোকের অন্ন আহার করে। কেবল প্রজা-পীড়ন করেন বলিয়া রাজার অন্ন, শ্রাদ্ধের দান লয় বলিয়া ব্রাহ্মণের অন্ন, বস্ত্র পরিষ্কার করে বলিয়া রজকের অন্ন ও অপবিত্র কার্য্য করে বলিয়া হাড়ির অন্ন গ্রহণ করে না। সত্য-কথন, বিশ্বাস, গুরুর সম্পূর্ণ অধীনতা এই দলের লোকেদের বিশেষ লক্ষণ। তাহারা প্রতি-দিন সূর্য্যের দিকে মুখ ও নাকের নিকট হাত জোড় করিয়া উপাসনা করে। তাহারা কখন কখন তিন চারি জনে একত্র এক রকম সকরুণ সমস্বরে উপাসনা করে এবং চৌষট্টি বার ভূমিষ্ঠ হইয়া প্রণাম করে। তাহাদের ব্যবহার অত্যন্ত অপরিষ্কার। পীড়া হইলে তাহারা ঔষধ খায় না। কেবল আলেখ্ পুরুষের কৃপার উপর নির্ভর করে। তাহাদের মধ্যে স্ত্রী পুরুষের সম্বন্ধ তত বিশুদ্ধ বলিয়া বোধ হয় না। তাহারা দৈববাণী প্রাপ্ত হয় এরূপ বিশ্বাস করে। জগন্নাথকে ধ্বংস করিতে পারিলে দেবদেবীর পূজা নির্ম্মূল হইয়া যাইবে ও সকলে তাহাদের ধর্ম্ম গ্রহণ করিবে এই জন্য তাহারা জগন্নাথের উপর আক্রমণ করিতে গিয়াছিল। সম্প্রতি এক ব্যক্তি জগন্নাথের মন্দিরে মারা যাওয়ায়, তাহারা সকলে অত্যন্ত ক্রুদ্ধ হইয়াছে।”—সুলভ সমাচার, ১২৮৮ সাল, ২১ কার্ত্তিক।

## খোজা।

সিন্ধু, মস্‌কট্, জেন্‌জিবর্, ভাওনগর প্রভৃতি পশ্চিম প্রদেশে নানা স্থানে খোজা নামে একটি সম্প্রদায় আছে। যদিও তাহারা আপনাদিগকে মোসল্মান্ বলিয়া পরিচয় দেয়, কিন্তু তাহাদের আচার, ব্যবহার ও ধর্ম্মানুষ্ঠান হিন্দু ও মোসল্মান্ উভয় ধর্ম্ম-মিশ্রিত। মুমূর্ষু ব্যক্তির নিকট কোরাণের কিয়দংশ ও দশাবতারের উপাখ্যান উভয়ই পঠিত হয়, মৃত্যু ঘটিলে পর, হিন্দু ও মোসল্মান্ উভয় শাস্ত্রানুযায়ী অন্ত্যেষ্টি ক্রিয়াদি সম্পাদিত হইয়া থাকে। কাজিরা তাহাদের উদ্বাহ-ক্রিয়া নির্ব্বাহ করিয়া দেয় বটে, কিন্তু অনেক বিষয়ে ব্রাহ্মণ পণ্ডিতের ব্যবস্থা গ্রহণ করা হইয়া থাকে। খোজারা হিন্দু ও মোসল্মান্ উভয় তীর্থই পর্য্যটন করে, সন্তান ভূমিষ্ঠ হইলে পর, হিন্দু-মতানুসারে নানা দিন নানা প্রকার জাত-ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকে এবং হিন্দু-শাস্ত্রোক্ত সুপ্রাচীন ব্যবহার-প্রণালী-বিশেষ অবলম্বন করিয়া চলে।

* Englishman, 18th August, 1847.

# টিপ্পনি।

(প্রথম ভাগ। উপক্রমণিকা। ৭০ পৃষ্ঠা—বেদ-শাস্ত্র বহু দেবতার উপাসনা-প্রতিপাদক কি না?)

বেদ-বিদ্যা-পারদর্শী সুবিখ্যাত শ্রীমান্ ম, মূলর্ বলেন, বৈদিক ঋষিগণ যখন যে দেবতার স্তুতি করেন, তখন তাঁহাকে পরাৎপর পরমেশ্বর বলিয়া কীর্ত্তন করিয়া যান; উপাসক যখন এক দেবতার উপাসনা করেন, তখন অন্য কোন দেবতা তাঁহার স্মৃতি-পথে উপস্থিত থাকেন না; ঋগ্বেদের বচনানুসারে, ইন্দ্র, মিত্র, বরুণ, অগ্নি প্রভৃতি দেবগণ ভিন্ন ভিন্ন দেবতা নন, এক দেবতারই সংজ্ঞামাত্র; অর্থাৎ বেদাবলম্বী হিন্দুরা অপরাপর জাতির ন্যায় বহু-দেব-বাদী ছিলেন না। এই পুস্তকের প্রথম ভাগে উল্লিখিত পৃষ্ঠায় এই মতের প্রসঙ্গ করা হইয়াছে। সম্প্রতি ১৮৮১ খৃষ্টাব্দের অক্টোবর্ মাসে ভুবন-বিখ্যাত পণ্ডিত-শিরোমণি শ্রীমান্ হুইট্‌নিও তাঁহার এই মতের প্রতিবাদ করিয়াছেন *। বেদমাত্রাবলম্বী প্রাচীন হিন্দুরা যে এককালে ভিন্ন ভিন্ন দেবতার উপাসনা করিতেন, ঋগ্বেদসংহিতায় তাহার যথেষ্ট প্রমাণ বিদ্যমান রহিয়াছে। ইন্দ্র ও অগ্নি, ইন্দ্র ও বরুণ, মিত্র ও বরুণ, দ্যৌ ও পৃথিবী, উষা ও রাত্রি প্রভৃতি দুই দুই দেবতার একত্র স্তুতি ঐ সংহিতার অনেক স্থানেই সন্নিবিষ্ট আছে। কেবল দুই দুই দেবতা নয়, নানা স্থানে আদিত্যগণ, মরুৎগণ প্রভৃতি বহু দেবতার একত্র সংযোগ দেখিতে পাওয়া যায়। ফলতঃ উল্লিখিত পূর্ব্ব-কালীন হিন্দুরা বহু দেবতার উপাসক ছিলেন ইহাতে সন্দেহ নাই।

(দ্বিতীয় ভাগ। উপক্রমণিকা। ১৩৩ ও ১৩৪ পৃষ্ঠা—ভারতবর্ষীয় চিকিৎসা।)

কেবল আরবে নয়, বহু পূর্ব্বে গ্রীস্ দেশেও ভারতবর্ষীয় ঔষধাদি প্রচলিত হয়। হিপক্রেটিজ্ নামক সুপ্রসিদ্ধ গ্রীক্ চিকিৎসক খৃ, পূ, পঞ্চম ও চতুর্থ শতাব্দীতে প্রাদুর্ভূত হন। তিনি খৃ, পূ, ৩৬১ অব্দে ৯৯ নিরনব্বই বৎসর বয়ঃক্রমের সময়ে প্রাণত্যাগ করেন। তাঁহার গ্রন্থে কৃষ্ণতিল, শোভাঞ্জন (অর্থাৎ শজিনা), এলাচী, দারুচিনি, জটামাংসী, লোবান্, যিরেজা, হিঙ্গু, চিরতা এই সমস্ত দ্রব্য ঔষধ

* Indian Antiquary, May, 1882, pp. 146—148, extracted from a paper before the American Oriental Society, at New Haven, Oct. 26th, 1881.

বিশেষে ঔষধ স্বরূপ ব্যবহার করিবার ব্যবস্থা আছে। এ সমুদায়ই ভারতবর্ষীয় ঔষধ-দ্রব্য। এ সমস্ত বস্তু ভারতবর্ষ হইতে গ্রীস্ দেশে নীত ও বিক্রীত হইত। ইহাতে সুস্পষ্ট প্রমাণ করিয়া দিতেছে, তাদৃশ পূর্ব্ব কালেও ভারতবর্ষীয় চিকিৎসা ইয়ুরোপ খণ্ডের উল্লিখিত অংশে প্রচলিত হইয়াছিল। উক্ত গ্রীক্ চিকিৎসকের সাম্প্রদায়িক বৈদ্যক গ্রন্থ সমুদায় পর্য্যালোচনা দ্বারা এইটি অবধারিত হইয়াছে যে, অস্ত্র-চিকিৎসা বিষয়ে গ্রীক্‌দিগের অপেক্ষা নিপুণতর চিকিৎসকদিগের চিকিৎসা-শাস্ত্র হইতে সে সমুদায়ের কিয়দংশ সঙ্কলিত হয়। ভারতবর্ষীয় প্রাচীন চিকিৎসকেরা মৃত-দেহ ছেদন করিয়া তাহার অঙ্গ, প্রত্যঙ্গ, শিরাদির গঠন ও স্বরূপ প্রভৃতি নির্দ্ধারণ করিতেন ইহাতে সন্দেহ নাই। সুশ্রুতাদি সংস্কৃত সুপ্রাচীন বৈদ্যক গ্রন্থে তাহার যথেষ্ট প্রমাণ বিদ্যমান রহিয়াছে। পূর্ব্ব কালে হিন্দু চিকিৎসকেরা অশ্মরি রোগ, প্রসববাধ, মৃতগর্ভ-নিঃসারণ ইত্যাদি অনেক স্থলে কঠিন কঠিন অস্ত্র-চিকিৎসা করিতেন। সুশ্রুত ঐ প্রথমোক্ত ক্রিয়াটির বিবরণ করেন; পশ্চাৎ সেল্‌সস্ নামক লাটিন্ পণ্ডিত তাহা ইয়ুরোপ খণ্ডে প্রচার করিয়া দেন। তিনি মিশর-দেশীয়দিগের নিকট তাহা অবগত হন এবং মিশর-দেশীয়েরা পূর্ব্ব-দেশীয়* (অর্থাৎ ভারতবর্ষীয়) চিকিৎসকদিগের সমীপে শিক্ষা করেন। অতএব গ্রীক্ হিপক্রেটিজ্ অস্ত্র-চিকিৎসা-বিষয়েও ভারতবর্ষীয়দের নিকট ঋণ-বদ্ধ ছিলেন ইহা সর্ব্বতোভাবে সম্ভব ও সঙ্গত।—Transactions of the Second Session of the International Congress of Orientalists, for 1874, pp., 255—259.

(দ্বি, ভা, উপক্রমণিকা। ১৩৬ পৃষ্ঠা।)

কথাসরিৎসাগরের অন্তর্গত ভূরি ভূরি উপন্যাস ভোট-দেশীয় ভাষায় অনুবাদিত হইয়া তথায় প্রচলিত হয়। তথাকার কহ্-গ্যুর্ নামক বৃহৎ বৌদ্ধ শাস্ত্রে সেই সমুদয় সন্নিবিষ্ট আছে। সম্প্রতি শিফ্‌নর্ তাহা সংগ্রহ করিয়া জর্ম্মেন ভাষায় অনুবাদ করেন। পশ্চাৎ তাহা রল্‌স্টন্ কর্ত্তৃক ইংরেজী ভাষায় অনুবাদিত হয়। সংস্কৃত কথাসরিৎসাগরের সহিত ঐ উপন্যাসগুলির বিশেষ এই যে, তাহা বৌদ্ধ সমাজের উপযুক্ত করিয়া বর্ণন করা হইয়াছে *।

---

* Tibetan Tales derived from Indian Sources Translated into English from F. Anton Von Schiefner's German Translation.

(দ্বি. ভা. উপক্রমণিকা। ২৪৩ পৃষ্ঠা।—

অশোকের নাম পিয়দস্‌সি।)

অশোকের অন্য নাম পিয়দস্‌সি এই বিষয়ের দীপবংস-লিখিত পালি-বচন *।

দ্বে সতানি বস্সানি অট্ঠারস বস্সানি চ সম্বুদ্ধে পরিনিব্বুতে
অভিসিত্তো পিযদস্সিনো।

দীপবংস। ষষ্ঠ ভানবারো।

বুদ্ধদেবের পরিনির্বৃত্তির ২১৮ দুই শত অষ্টাদশ বৎসর পরে পিয়দস্‌সির (অর্থাৎ প্রিয়দর্শীর) রাজ্যাভিষেক সম্পন্ন হয়।

চন্দগুত্তস্স নত্তা নত্ত বিন্দুসারস্স অত্রজো রাজপুত্তো তদা আসি
উজ্জেনিকরমোহিনো।

দীপবংস। ষষ্ঠ ভানবারো।

চন্দ্রগুপ্তের বৃদ্ধপ্রপৌত্র ও বিন্দুসারের নিজ পুত্র সেই সময়ে উজ্জয়িনীর করগ্রাহী ছিলেন।

পালি দীপবংসে নত্তানত্ত শব্দ আছে, তাহার অর্থ নাতির নাতি অর্থাৎ বৃদ্ধপ্রপৌত্র। অশোক বিন্দুসারের পুত্র বটে, কিন্তু চন্দ্রগুপ্তের বৃদ্ধপ্রপৌত্র নয়; কেননা পুরাণানুসারে †, চন্দ্রগুপ্তের পুত্র বিন্দুসার এবং বিন্দুসারের পুত্র অশোক। অতএব পালিগ্রন্থে কোন কারণে অশুদ্ধি ঘটিয়া থাকিবে।

(দ্বি, ভা, উপক্রমণিকা। ২৪৯ ও ২৫০ পৃষ্ঠা।

—পৌত্তলিকতা-পরিত্যাগী বৌদ্ধ।)

জাপান্ দ্বীপে ষিন্‌সিউ নামক একটি বৌদ্ধ-সম্প্রদায় প্রবর্ত্তিত হইয়াছে। তাহারা চিরজীবন বিবাহ-পরিবর্জ্জনের আবশ্যকতা বিধি এবং ভিক্ষুদের অনুষ্ঠেয় অনেক ক্রিয়াকলাপ পরিত্যাগ করিয়াছে। বুদ্ধ এবং অন্যান্য দেব দেবীর পূজাও অপ্রচলিত করিয়া নিত্য ও অনন্ত স্বরূপ নিত্য পদার্থের উপাসনা অবলম্বন করিয়াছে। সেই নিত্য পদার্থের নাম অমিদ। তদীয় প্রেমে বিশ্বাস জন্মিলেই জীবাত্মার মুক্তি-পদে অবস্থিতি হইতে থাকে। জাপানস্থ খৃষ্টীয় সম্প্রদায়ের দৃষ্টান্তানুসারে এইরূপ পরিবর্ত্তন সংঘটিত হয় বলিয়া বিবেচিত

* The Journal of the Asiatic Society of Bengal, vol. VI., p. 791.

† বিষ্ণুপুরাণ। ৪ অংশ। ২৪ অধ্যায়।

হইয়াছে *। অপরাপর বৌদ্ধ সম্প্রদায়ে যত প্রকার পুত্তল-পূজা প্রচলিত আছে, চীন-দেশীয় বিস্তর সম্প্রদায়ীরা তাহার অনেক প্রকার পরিত্যাগ করিয়াছে, কিন্তু এত দূর উন্নতি লাভ করিতে পারে নাই।

(দ্বি, ভা, উপক্রমণিকা। ২৭১ পৃষ্ঠা।—গয়া।)

ললিতবিস্তর বৌদ্ধ-সম্প্রদায়ের এক খানি সমধিক প্রাচীন গ্রন্থ †। তাহাতে লিখিত আছে, শাক্য রাজগৃহ হইতে প্রস্থান করিয়া গয়ায় গমন করেন এবং তথাকার কতকগুলি লোক সমাদর পূর্ব্বক তাঁহাকে অভ্যর্থনা করিয়া যথোচিত আমোদ আহ্লাদ করিতে প্রবৃত্ত হয়।

ইতি হি ভিক্ষবো বোধিসত্ত্বো যথাভিপ্রেতং রাজগৃহে বিহৃত্য মগধেষু চারিকাং প্রাক্রামৎ। সার্দ্ধং পঞ্চকৈর্ভদ্রবর্গীয়ৈঃ॥

তেন খলু পুনঃ সময়েনান্তরা চ রাজগৃহস্যান্তরা চ গয়ায়াং অন্যতমো গণ-উৎসবং করোতি স্ম॥ তেন চ গণেন বোধিসত্ত্বোঽভিনিমন্ত্রিতোঽভূৎ॥

ললিতবিস্তর। সপ্তদশাধ্যায়। মুদ্রিত পুস্তকের ৩০৯ পৃষ্ঠা।

ভিক্ষুগণ! বোধিসত্ত্ব (অর্থাৎ শাক্যমুনি) রাজগৃহে বিহার পূর্ব্বক পাঁচটি ভদ্রলোকের সহিত মগধ-পরিভ্রমণে প্রবৃত্ত হইলেন। সময় ক্রমে রাজগৃহ অতিক্রম পূর্ব্বক গয়ায় গমন করিলে পর কতকগুলি লোকে সাতিশয় আনন্দ প্রকাশ করিতে লাগিল। তাহারা তাঁহাকে অভিনিমন্ত্রণ করিল।

এই প্রমাণানুসারে, বৌদ্ধধর্ম্ম-প্রবর্ত্তনের পূর্ব্বে মগধের মধ্যে গয়া-নামে একটি নগর ছিল বলিতে হয়। মহাভারতে তীর্থ-বর্ণন-স্থলে গয়া তীর্থের মাহাত্ম্য-কথন আছে ‡। বহু কাল ব্যাপিয়া ঐ গ্রন্থে ভূরি ভূরি বচন প্রক্ষিপ্ত হয় ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে ¶। অতএব উহার বচন-বিশেষ অবলম্বন করিয়া হিন্দু-গয়ার নব্যত্ব বা প্রাচীনত্বের বিষয় নির্দ্ধারণ করিতে পারা যায় না।

এক্ষণে দুইটি গয়ার নাম শুনিতে পাওয়া যায়, গয়া ও বুদ্ধগয়া। কোন প্রচলিত গ্রন্থেই বুদ্ধগয়ার নাম ও প্রসঙ্গ নাই। উল্লিখিত ললিত-বিস্তরে ও মহাভারতীয় বচনে এক গয়ারই বিবয় লিখিত আছে। চীন-দেশীয় তীর্থযাত্রী ফাহিয়ন্ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর প্রারম্ভে

* The Proceedings of the American Oriental Society, October 1880.

† পরিশিষ্ট। ২৫৭ পৃষ্ঠা।

‡ মহাভারত। ৮৪ অধ্যায়, ৭৬ ও ৯০ শ্লোক এবং ৮৭ অধ্যায়, ৮ ও ৯ শ্লোক।

ভারতবর্ষে পরিভ্রমণ করেন; তিনি এক গয়ারই বিষয় বিবরণ করিয়া যান *। হিউএন্ থসঙ্গও খৃষ্টাব্দের সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে এক ভিন্ন দ্বিতীয় গয়ার কিছু উল্লেখ করেন নাই †। আইন আকবরিতেও কেবল হিন্দু-গয়ারই প্রসঙ্গ দেখিতে পাওয়া যায়। তাহাতে উহা ব্রহ্মগয়া বলিয়া প্রসিদ্ধ এইরূপ লিখিত আছে ‡।

গয়া নামের ব্যুৎপত্তি বিষয়ে হিন্দু ও বৌদ্ধ এই দুই সমাজে দুই প্রকার উপাখ্যান প্রচলিত আছে। বৌদ্ধেরা বলেন, গয় কশ্যপ নামে এক ব্যক্তি অগ্নি উপাসক ছিলেন; বুদ্ধ তাঁহাকে এই স্থলে বিচারে পরাস্ত করেন এই নিমিত্ত ইহার নাম গয়া হয়। হিন্দুদের উপাখ্যান প্রসিদ্ধই আছে। সেটি এই,—গয় নামে একটি অসুর ঘোরতর তপস্যা করিয়া নিজ দেহ পবিত্র করে। কি জানি সে তপোবলে মহাবল পরাক্রান্ত হইয়া দেবগণের অনিষ্টাচরণ করে এই আশঙ্কায় তাঁহারা কৌশল ক্রমে তাহার উপর ধর্ম্ম-শিলা নামে একখানি বৃহৎ শিলা সংস্থাপন ও আপনারা সেই শিলার উপর নিজ নিজ শক্তির সংহত উপবিষ্ট হইয়া তাহাকে নিশ্চল করিয়া রাখেন। গয়ামাহাত্ম্যের দ্বিতীয় অধ্যায়ে তাহার সবিশেষ বৃত্তান্ত বর্ণিত আছে। সেই গয়ের প্রার্থনানুসারে এই স্থানের নাম গয়া হয়। প্রথম উপাখ্যান অনুসারে, গয়াটি বৌদ্ধ-ক্ষেত্র এবং দ্বিতীয় উপাখ্যান অনুসারে উটি হিন্দুদের ধর্ম্ম-ক্ষেত্র হয়। বৌদ্ধধর্ম্ম-প্রবর্ত্তক শাক্য-বুদ্ধ এই স্থানে অবস্থিতি পূর্ব্বক ধ্যানারূঢ় হইয়া জ্ঞান লাভ করেন এই নিমিত্ত এটি বৌদ্ধদের একটি সুপ্রাচীন প্রধান তীর্থ বলিয়া পরিগণিত। এক্ষণে যে স্থান বুদ্ধগয়া বলিয়া প্রসিদ্ধ, তাহার মধ্যে অনেকানেক পুরাতন বিষয় বিদ্যমান আছে। যে বৌদ্ধ-কুল-তিলক অশোক রাজা খৃ, পূ, তৃতীয় শতাব্দীতে বিদ্যমান ছিলেন, ঐ স্থানে তাঁহারও বহুতর নিদর্শন প্রাপ্ত হওয়া গিয়াছে ¶। তথায় তাঁহার সময়ের অক্ষরে বিরচিত খোদিতলিপিও অদ্যাপি দেখিতে পাওয়া যায় §। কিন্তু তাদৃশ পূর্ব্বে যে হিন্দুগয়া বিদ্যমান ছিল, তাহার কোন নিদর্শনই প্রাপ্ত হওয়া যায় না। প্রত্যুতঃ, এক্ষণে তাহাতে যত মন্দিরাদি দেখিতে পাওয়া যায়, সমুদায়ই অপ্রাচীন; একটিও প্রাচীন নয়;

* The Pilgrimage of Fa Hian. Calcutta 1848. p 280.

† Histoire de la Vie de Hiouen-thsang et de ses, Voyages dans L'inde. Traduite du Chinois par Stanislas Julien, p. 455.

‡ Gladwin's Translation of The Ain-Akbery, Vol. II., 1784, p. 31.

¶ উপক্রমণিকার ২৪৩ পৃষ্ঠা দেখ। কলিকাতার ইণ্ডিয়ান্ মিউজিয়মের দক্ষিণ ও পশ্চিম দিকের নিম্ন-তলস্থ গৃহে সেই সমস্ত বিচিত্র নিদর্শন-বস্তু দেখিতে পাইবে।

§ A Cunningham's Archæological Survey of India, Vol. I., Plate 7 and 10.

কিন্তু প্রাচীন গৃহ-বিশেষের স্থানে পুরাতন গৃহের প্রস্তরাদি উপকরণে প্রস্তুত হইয়াছে। কোন কোন মন্দিরের নিম্নভাগ পুরাতন ও উপ-রিভাগ আধুনিক। রামশিলা পর্ব্বতের উপরিভাগে পাতালেশ্বর মহাদেবের মন্দির আছে। তাহাতে একটি লিঙ্গ ও শিব-পার্ব্বতীর কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত রহিয়াছে। ঐ মন্দিরের নিম্নভাগ পুরাতন ও উপরিভাগ ইদানীন্তন। কিন্তু সেই উপরিভাগ নানা প্রকার পুরাতন প্রস্তর-খণ্ডে নির্ম্মিত। এমন কি, সেগুলি পরস্পর মিলিতও হয় নাই। তাহার মধ্যে প্রাচীন মন্দিরে যে খণ্ডগুলি যে ভাবে ছিল, ঐ নব্য মন্দিরে তাহা বিপর্য্যস্ত করিয়া বিন্যস্ত করা হইয়াছে *। গয়ার নানা স্থানে বিশেষতঃ প্রধান প্রধান দেবালয়ের প্রাচীরে বা তাহার অঙ্গন-স্থিত ছোট ছোট মন্দিরে হিন্দু ও বৌদ্ধ উভয় প্রকার দেবতারই প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত দেখিতে পাওয়া যায় †।

এই গয়ার নানা স্থানে ইতস্ততঃ বিস্তর খোদিতলিপি বিদ্যমান আছে, কিন্তু তাহার অনেকগুলি এখন যথাস্থানে দেখিতে পাওয়া যায় না। সে সমুদায় প্রথমে যে স্থানে যে বিষয়ের বর্ণন-উদ্দেশে খোদিত হয়, এখন আর সে স্থানে সে বিষয়ের বিবরণ-উদ্দেশে সংস্থাপিত নাই; স্থানান্তরে পরিচালিত হইয়াছে। পূর্ব্বে যে লিপি কোন বৌদ্ধ দেবালয়ে বিনিবিষ্ট ছিল, এখন তাহা হিন্দু দেবালয়ে দেখিতে পাওয়া যায়। বিষ্ণু-পদের সন্নিকটেই বৌদ্ধদিগের খোদিতলিপি দৃষ্টিগোচর হইয়াছে। বিষ্ণুপদের সমীপে সূর্য্য-কুণ্ড; সেই সূর্য্য-কুণ্ডের পশ্চিম পার্শ্বে সূর্য্য-মন্দির: সেই সূর্য্য-মন্দিরে ঐ লিপি অদ্যাপি বিদ্যমান রহিয়াছে। ঐ মন্দিরের অভ্যন্তরে ও বহির্ভাগে বারম্বার এরূপ কলিচূণ লেপন করা হইয়াছে যে, দেখিলে বোধ হয়, ঐ লিপি প্রভৃতি বৌদ্ধ-বিষয় ও বৌদ্ধ-চিহ্ন সমুদায় গোপন করাই তাহার উদ্দেশ্য। শ্রীমান্ কনিং-হেম্ একটি ঋজু-স্বভাব ব্রাহ্মণের নিকট তাহা অবগত হইয়া প্রতি-লিপি করিয়া লন। ঐ খোদিতলিপি-প্রতিষ্ঠার সময় এইরূপ লিখিত আছে,

'भगवति परिनिर्वृत्ते सम्वत् १८१९ कार्त्तिके वदि १ बुधे' ‡।

ভগবান্ বুদ্ধের নির্ব্বাণের ১৮১৯ সম্বতের কার্ত্তিক মাসে কৃষ্ণপক্ষীয় প্রতিপদে বুধবারে।

* A. Cunningham's Archaeological Survey of India, Vol. I., p. 4.

† Ibid Vol. I., p. 1.

‡ Ibid. Vol. I., p. 1. বৌদ্ধ ত্রিমূর্ত্তির নাম বিশিষ্ট নিম্ন-লিখিত, সুপ্রসিদ্ধ বৌদ্ধ-মন্ত্র উল্লেখ করিয়া এই খোদিত-লিপি আরম্ভ করা হয়।

সিংহল ও ব্রহ্মদেশীয় বৌদ্ধদিগের মতে খৃ, পূ, ৫৪৩ অব্দে বুদ্ধ দেবের মৃত্যু ঘটে। ইহা হইলে ঐ খোদিতলিপি ১২৭৭ খৃষ্টাব্দে খোদিত হইয়াছে বলিতে হয়। পূর্ব্বে উহা কোন বৌদ্ধ-মন্দিরে সন্নিবিষ্ট ছিল, পরে গয়ার সূর্য্য-মন্দিরে আনীত হয়। সুতরাং ঐ মন্দির ঐ সময়ের বহুকাল পরে নির্ম্মিত বলিয়া স্বীকার করিতে হইতেছে। গয়া ও তাহার পার্শ্ববর্ত্তী নানা স্থানে বৌদ্ধদের ছোট ছোট খোদিত-লিপি প্রাপ্ত হওয়া গিয়াছে *। হিন্দু যাত্রীরা যে ফল্গুনদী ও রামগয়ায় বিহিত বিধানে পিণ্ডদান করিয়া থাকেন, সেই ফল্গুনদীর নিকটে ও সেই রামগয়ায় অদ্যাপি বৌদ্ধদিগের খোদিতলিপি বিদ্যমান রহিয়াছে †। এমন কি, বিষ্ণুপদের নিতান্ত নিকটে বামনী ঘাটে হিন্দুদিগের ছোট ছোট মন্দির ও দেব দেবীর পাষাণ-মূর্ত্তি প্রভৃতির মধ্যে বৌদ্ধদিগের একটি মানসিক স্তূপ ও সেই স্তূপে বৌদ্ধ মন্ত্র খোদিত রহিয়াছে ‡।

হিন্দুদিগের গয়ামাহাত্ম্যে গয়া-যাত্রীদিগের প্রতি বৌদ্ধদের বোধি-বৃক্ষকে ¶ প্রণাম করিবার ব্যবস্থা লিখিত হইয়াছে। এক্ষণে যে স্থানকে বুদ্ধগয়া বলে, তাহারই মধ্যে বোধিবৃক্ষ বিদ্যমান আছে। সুতরাং গয়ামাহাত্ম্যে যে গয়ার বিষয় বর্ণিত আছে, ঐ বোধিবৃক্ষ সেই গয়ারই মধ্য-স্থিত। অতএব পূর্ব্বে এক গয়াই ছিল; এক্ষণ-কার গয়া ও বুদ্ধগয়া তাহারই অন্তর্গত।

উল্লিখিত ব্যবস্থার মধ্যে ধর্ম্মকে প্রণাম করিবারও বিধান আছে §। বৌদ্ধদের মতে ধর্ম্ম কিরূপ পদার্থ, পূর্ব্বে তাহার বিবরণ করা গিয়াছে। ধর্ম্ম তাহাদের ত্রিমূর্ত্তির একটি মূর্ত্তি। বিশেষতঃ যখন ঐ বিধানটি

---

"ওঁ নমো বুদ্ধায় গুরবায়, নমো ধর্ম্মায় ধর্ম্মিণী,
নমঃ সঙ্ঘায় মিত্রায় তত্ত্বায়," ইত্যাদি।

A. Survey of India, Vol. III., p. 126.

* Cunningham's Archæological Survey of India, Vol. III. p. 113.

† Dr. Rájendra Lála Mitra's, Buddha Gayá, p. 20.

‡ A Survey of India, Vol. III. p. 112.

¶ উপক্রমণিকার ২০৭ পৃষ্ঠায় যে "অশ্বত্থ বৃক্ষের পূজ্যত্ব স্বীকার" লিখিত হইয়াছে, তাহার তাৎপর্য্যার্থ বৌদ্ধদিগের এই বোধি নামক অশ্বত্থ বৃক্ষের দেবত্ব-স্বীকার জানিতে হইবে। খৃষ্টাব্দের প্রথম বা দ্বিতীয় শতাব্দীতে বুদ্ধগয়ায় যে বোধিবৃক্ষ বিদ্যমান ছিল, তাহার কিয়দংশ ইণ্ডিয়েন্ মিউজিয়মের দক্ষিণ দিকের নিম্নতলস্থ গৃহে দেখিতে পাইবে। ১৮৮০ খৃষ্টাব্দে যে পুরাতন বোধিবৃক্ষ পড়িয়া যায়, তাহারও শাখার কাষ্ঠ তথায় রক্ষিত হইয়াছে।

§ উপক্রমণিকা। ২১১ পৃষ্ঠা।

বৌদ্ধদিগের বোধিবৃক্ষের প্রণাম-ব্যবস্থার মধ্যে বিনিবিষ্ট হইয়াছে, তখন উহা বৌদ্ধ-মতানুযায়ী বলিয়া প্রতীয়মান হইতেছে। উহার একটি শ্লোকের পরেই ঐ বৃক্ষের গুণ-প্রতিপাদন-স্থলে উহা বৌদ্ধ-সমাজে প্রচলিত একটি প্রধান বিশেষণে বিশেষিত হইয়াছে। বোধিসত্ত্ব শব্দটি বৌদ্ধদিগের একটি অতি প্রধান উপাধি *। বুদ্ধ স্বয়ংই ভূরি ভূরি স্থলে বোধিসত্ত্ব বলিয়া বর্ণিত হইয়াছেন। ঐ বচনে উল্লিখিত বোধি-বৃক্ষকেও বোধিসত্ত্ব বলিয়া স্তব করা হইয়াছে।

চলদ্দলায় বৃক্ষায় অশ্বত্থায় নমোনমঃ।
বোধিসত্ত্বায় যজ্ঞায় অশ্বত্থায় নমোনমঃ॥

গয়ামাহাত্ম্য। ৭।৩২।

চঞ্চল-দল অশ্বত্থ বৃক্ষকে বার বার নমস্কার করি। যজ্ঞ-স্বরূপ ও বোধিসত্ত্ব-স্বরূপ অশ্বত্থকে পুনঃ পুনঃ নমস্কার করি।

ধর্ম্ম, বোধিবৃক্ষ, বোধিসত্ত্ব এই তিনটি বৌদ্ধমত-বিজ্ঞাপক বিষয়ের একত্র সংঘটন হওয়াতে, গয়ামাহাত্ম্যের এই স্থলে বৌদ্ধ ধর্ম্ম ও বৌদ্ধ-মতের নিদর্শন লক্ষিত হইতেছে।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া দেখিলে, গয়াটি এক সময়ে বৌদ্ধ-দিগেরই তীর্থ-বিশেষ ছিল; পরে হিন্দুরা তাহা অধিকার পূর্ব্বক আপনাদের তীর্থ-বিশেষ করিয়া লন এইটিই প্রতীয়মান হইয়া উঠে। তদ্ভিন্ন, হিন্দু-গয়ার দেবালয় সমুদায়ের নিতান্ত আধুনিকত্ব, পুরাতন দেবালয়াদির উপকরণে সেই সমুদায় নির্ম্মাণ, হিন্দু দেবালয়ে বৌদ্ধ-প্রতিমা ও বৌদ্ধ-খোদিতলিপির অস্তিত্ব ইত্যাদি পরস্পর-বিরুদ্ধ বিষয় সমুদায়ের অন্য কোনরূপ সিদ্ধান্ত সম্ভব ও সঙ্গত হয় না। বৌদ্ধদিগের দেবালয়-বিশেষে বুদ্ধপদ অর্থাৎ বুদ্ধের পদ-চিহ্ন প্রতিষ্ঠিত থাকে ইহা পূর্ব্বে সূচিত হইয়াছে †। তাহাদিগের শাখা স্বরূপ জৈন-সম্প্রদায়ের অনেক দেবালয়ে পদ-চিহ্ন ও তাহার পূজা দেখিতে পাওয়া যায়। ভগোল-পুরের পশ্চিমাংশে নাথনগরের সুপ্রসিদ্ধ জৈন-মন্দিরের মধ্যস্থলে বাসু-পূজ্য নামক দ্বাদশ তীর্থঙ্করের পদ-চিহ্ন বিদ্যমান আছে। ললিতবিস্তরে বুদ্ধ-পদের চিহ্ন ও লক্ষণাদি বর্ণিত আছে।

দীর্ঘাঙ্গুলিঃ। আয়তপার্ষ্ণিপাদঃ। মৃদুতরুণহস্তপাদঃ। জালাঙ্গু-লিহস্তপাদঃ। দীর্ঘাঙ্গুল্যধরঃ। পাদতলয়োঃ [illegible]

* উপক্রমণিকা। ২৩৯ পৃষ্ঠা।
† উপক্রমণিকা। ২১১ পৃষ্ঠা।

কুমারস্য যক্ষে জাতে বিশ্বেऽর্চিস্মতি প্রভাস্বরে ধিতে সহস্রারনেনিকে সনাভিকে।
সুপ্রতিষ্ঠিতসমপাদো মহারাজসর্ব্বার্থসিদ্ধঃ কুমারঃ।

ললিতবিস্তর। ৭ অধ্যায়। মুদ্রিত পুস্তকের ১২১ পৃষ্ঠা।

সর্ব্বার্থসিদ্ধ রাজকুমার শাক্যের হস্তের অঙ্গুলি দীর্ঘ; হস্ত ও পদ বিস্তৃত, কোমল ও তরুণ; জাঙ্গুলিকের মত লঘু হস্ত-পদ; পদযুগলের অঙ্গুলিও দীর্ঘ; পদতলে শুক্লবর্ণ দুইটি চক্র আছে, তাহা বহু বর্ণে চিত্রিত, উজ্জ্বল ও প্রভাযুক্ত; তাহাতে সহস্র অর এবং একটি নেমি ও নাভি বিদ্যমান আছে।

অতি পূর্ব্বে অর্থাৎ বৌদ্ধধর্ম্মের প্রায় প্রথমাবস্থাতেই বুদ্ধদেবের পদাঙ্ক-ভজনা প্রবর্ত্তিত হয়। বৌদ্ধধর্ম্মাবলম্বী সকল দেশীয় লোকের মধ্যেই সমধিক ভক্তি সহকারে বুদ্ধ-পদ-পূজা প্রচলিত আছে। ব্রহ্ম-দেশ হইতে দৈর্ঘে সাত ফুট্ ছয় বুরুল এবং প্রস্থে তিন ফুট্ ছয় বুরুল পরিমিত একখানি বুদ্ধ-পদ-চিহ্ন-বিশিষ্ট প্রস্তর আনয়ন পূর্ব্বক কলিকাতাস্থ ইণ্ডিয়েন্ মিউজিয়মের অর্থাৎ ভারতবর্ষীয় কৌতুকাগারের দক্ষিণ দিকের নিম্ন-তলস্থ গৃহে সংস্থাপিত হয়। ঐ পদ-চিহ্নটি দুইটি অজাগর-মূর্ত্তি দ্বারা পরিবেষ্টিত। সেই দেশীয় বৌদ্ধেরা তাহার পূজা করিত। পা খানি প্রায়ই সমস্ত প্রস্তর ব্যাপিয়া আছে। কেবল নিতান্ত প্রান্তে সর্প দুইটি শয়িত রহিয়াছে। উহার কিছু পশ্চিমাংশে দৈর্ঘে ১৷৷০ দেড় হস্ত ও প্রস্থে ১৫ পোনর অঙ্গুলি পরিমিত আর দুইটি বুদ্ধ-পদ-চিহ্ন বুদ্ধগয়া হইতে আনীত হইয়া রক্ষিত হইয়াছে। তাহার পশ্চিম দিকের প্রকোষ্ঠে বৌদ্ধদিগের পূজনীয় অপর এক পদ-যুগল প্রস্তরের উপর অঙ্কিত দেখিতে পাইবে। তাহা মথুরা হইতে আনীত *; একটি পদাঙ্ক সম্পূর্ণ এবং অপর একটির যৎকিঞ্চিৎ ভগ্নাবশেষ মাত্র আছে। বৌদ্ধদিগের অনেক দেবালয়ের সর্ব্বাপেক্ষা প্রধান স্থানে বুদ্ধ-পদাঙ্ক প্রতিষ্ঠিত থাকে। বুদ্ধগয়ার মহাবোধে অর্থাৎ প্রধান মন্দিরে সুবিখ্যাত বুদ্ধ-পদ-চিহ্ন প্রতিষ্ঠিত আছে। বুদ্ধগয়ার বুদ্ধ-পদ নামেই একটি মন্দির ছিল, তাহার মধ্যে একখানি প্রস্তর দুইটি পদ-চিহ্নে চিহ্নিত। সে দুইটিও বুদ্ধ-পদ বলিয়া প্রসিদ্ধ।

হিন্দুদিগের দেবালয়ে, বিশেষতঃ তাহার প্রধান স্থানে, দেব-প্রতিমূর্ত্তি শালগ্রাম গোমতীচক্র প্রভৃতিই প্রতিষ্ঠিত থাকে। যদিও কোন কোন স্থানে পদ-চিহ্ন আছে †, কিন্তু তন্মধ্যে গয়ার বিষ্ণু-পদ ব্যতিরেকে অপর

---

* উপক্রমণিকা। ২২৩ পৃষ্ঠায় অধুনাতন বৈষ্ণব-ধর্ম্ম প্রধান মথুরাপুরীতে যে বৌদ্ধ-ধর্ম্ম-প্রচলনের বিষয় লিখিত হইয়াছে, এটিও তাহার একটি সামান্য প্রমাণ নয়।

† দশনামী সন্ন্যাসীদিগের কোন কোন মঠে মহাজন-বিশেষের পদ-চিহ্ন পূজিত হইয়া থাকে। কলিকাতার সন্নিকটে গঙ্গার পশ্চিম কূলে ভোটবাগানে দুই খানি প্রস্তরে দুই পদ-যুগল অঙ্কিত

কোন পদাঙ্ক তাদৃশ প্রচারিত ও বিখ্যাত নয় এবং বুদ্ধ ও জৈন গুরুদের পদ-চিহ্নের ন্যায় প্রধান প্রধান মন্দিরেও সংস্থাপিত দৃষ্ট হয় না। গয়াতে বিষ্ণুপদ-পূজা যেরূপ প্রবল হইয়া উঠিয়াছে, সেরূপ আর কোথাও হয় নাই। বুদ্ধগয়ায় অদ্যাপি পূর্ব্বোক্ত সুপ্রসিদ্ধ বুদ্ধ-পদ-চিহ্ন বিদ্যমান আছে। অতএব যখন এরূপ সন্নিকটে পদ-চিহ্ন-পূজা প্রচলিত ছিল, তখন গয়ার বিষ্ণু-পদ বৌদ্ধদিগের বুদ্ধ-পদ-পূজা দৃষ্টে প্রকল্পিত হওয়াই সম্ভব। যখন বুদ্ধ, বুদ্ধের অস্থি, বৌদ্ধদের অন্য অন্য দেব-প্রতিমূর্ত্তি, বোধিবৃক্ষ প্রভৃতি বৌদ্ধধর্ম্ম সংক্রান্ত বিবিধ বস্তু হিন্দুগণের উপাস্য পদার্থাদির মধ্যে পরিগৃহীত হয়, তখন অক্লেশেই এইরূপ মনে করিতে পারা যায়, বিষ্ণু-পদ পূর্ব্বে বুদ্ধ-পদ ছিল, পরে হিন্দুরা তাহা বিষ্ণু-পদ বলিয়া প্রচার পুর্ব্বক তাহার প্রতি লোকের বদ্ধমুল ভক্তি শ্রদ্ধা অব্যাহত রাখিয়াছেন।

হিন্দুরা অন্য অন্য অনেক স্থানেও এইরূপ ব্যবহার করিয়াছেন। পাটনা জেলার অন্তর্গত রাজগৃহ * পূর্ব্বে বৌদ্ধদিগের একটি প্রধান স্থান ছিল; পরে হিন্দু ও মুসলমানেরা তাহা অধিকার করেন এবং তত্রস্থ স্তূপাদির ইষ্টকাদি লইয়া আপনাপন দেবালয় প্রভৃতি প্রস্তুত করিয়া যান। ঐ স্থানের মধ্যে বৈভার ও বিপুল নামে দুইটি পর্ব্বত আছে। বৈভার পর্ব্বতের পূর্ব্ব পাদে ও বিপুল পর্ব্বতের পশ্চিম পাদে অনন্ত ঋষি, সপ্তঋষি, কশ্যপ ঋষি, ব্রহ্মকুণ্ড, মার্কণ্ডকুণ্ড, সীতাকুণ্ড, সূর্য্যকুণ্ড, গণেশকুণ্ড প্রভৃতি অনেকগুলি উষ্ণপ্রস্রবণ বিদ্যমান আছে। সেই সমুদায় উষ্ণপ্রস্রবণের সমীপে হিন্দুদিগের যে সমস্ত দেবালয় রহিয়াছে, তাহা বৌদ্ধদিগের স্তূপাদির পুরাতন ইষ্টক লইয়া নির্ম্মাণ করা হয়। তাহার একটি স্তূপের ভগ্নাবশেষ অদ্যাপি দেখিতে পাওয়া যায়। সেই স্তূপ খনন পূর্ব্বক ইষ্টকাদি গ্রহণ করাতে, এখন তাহা শূন্যগর্ভ হইয়া রহিয়াছে। হিউএন্ থসঙ্গের ভ্রমণ-বৃত্তান্তানুসারে জানা যাইতেছে, ঐস্থানে ৪০ চল্লিশ হস্ত উচ্চ একটি স্তূপ ছিল; অশোক রাজা তাহা নির্ম্মাণ করেন †।

---

আছে; তাহার একটি পদ-যুগলের চারি দিকে শঙ্খ, চক্র, গদা, পদ্মের চিহ্ন রহিয়াছে। সন্ন্যাসীদিগের গঙ্গাসাগর-যাত্রার সময়ে তাহার পূজা হইয়া থাকে দেখিতে পাই। ঐ স্থানের উত্তরাংশে লালা বাবুর সায়েরের ঠাকুরবাড়ীতেও হনুমানের প্রতিমূর্ত্তির সম্মুখ-স্থিত দুই খানি প্রস্তরে দুইটি পদ-যুগল খোদিত আছে। তাহাকে মাধবজির পদ-যুগল বলে। একটি পদে শঙ্খের চিহ্ন ও অপর একটি পদে চক্রের চিহ্ন। কিন্তু ঐ সকল পদাঙ্ক ঐ ঐ স্থানের প্রধান উপাস্য বস্তু নয়। দশনামী সন্ন্যাসীদের আখাড়ায় গুরু সম্প্রদায়ের পদ-চিহ্ন থাকে শুনিয়াছি। কিন্তু তাহাও তাদৃশ প্রচারিত, বিখ্যাত এবং হিন্দুমণ্ডলীর সর্ব্বসাধারণ লোকের প্রধান উপাস্য বস্তু বলিয়া পরিগণিত নয়।

* রাজগৃহের বর্ত্তমান নাম রাজগির্।

† A. Cunningham's Archæological Survey of India, Vol. I, p. 24 and 27.

রাজগিরের কিছু পূর্ব্ব গিরিএক নামক পর্ব্বতে "জরাসন্ধকা বৈঠক।" সেটিও বৌদ্ধদিগের একটি স্তূপ বলিয়া বিবেচিত হইয়াছে*। বর্ত্তমান শ্রীক্ষেত্র যে পূর্ব্বে বৌদ্ধক্ষেত্র ছিল, ইহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে †। জগন্নাথের রথযাত্রা খোটানস্থ বৌদ্ধদিগের রথযাত্রার অনুকরণ ‡ এবং জগন্নাথ, বলরাম, সুভদ্রা এই তিনটি বৌদ্ধদের বুদ্ধ, সঙ্ঘ ও ধর্ম্ম এই মতের বিষয় পূর্ব্বে লিখিত হইয়াছে ¶। ভূপালের প্রায় নয় ক্রোশ পূর্ব্বোত্তর বেতোয়া নদীর তীরস্থ সাঞ্চি গ্রামে বৌদ্ধ-সম্প্রদায়ের অনেকগুলি স্তূপাদি আছে। সেই স্থানের দক্ষিণ-দ্বারে বৌদ্ধ-সম্প্রদায়ী তিনটি ধর্ম্ম-যন্ত্র অর্থাৎ ধর্ম্মের নিদর্শনাত্মক আকৃতি-বিশেষ একত্র খোদিত রহিয়াছে। বৌদ্ধদিগের প্রচলিত মুদ্রা-বিশেষে যেরূপ ধর্ম্ম-যন্ত্র খোদিত থাকে, উহা তাহারই অনুরূপ। এক বস্তুর অবিকল এক প্রকার প্রতিরূপ এক স্থানে থাকা কেনই সম্ভব হইবে? জেনেরেল্ কনিংহেম্ ঐ তিনটি বৌদ্ধদিগের বুদ্ধ, ধর্ম্ম, সঙ্ঘ এই ত্রিমূর্ত্তিরই বিজ্ঞাপক হওয়াই অতিমাত্র সম্ভাবিত বলিয়া বিবেচনা করেন §। তিনি সাঞ্চি, অযোধ্যা, উজ্জয়িনী প্রভৃতি নানা স্থান হইতে, এমন কি, শক রাজাদিগের মুদ্রা হইতেও ঐ ধর্ম্ম-যন্ত্র অনেকগুলি সংগ্রহ করিয়া প্রকাশ করিয়াছেন ‖। ঐ দ্বারের শিরোদেশে তাহার এক একটি আবার বুদ্ধদেবের চক্র-চিহ্নের উভয় পার্শ্বে অবস্থিত**। ঐ ধর্ম্ম-যন্ত্র বায়ু, অগ্নি, মৃত্তিকা, জল ও আকাশ-বীজ স্বরূপ য, র, ল, ব, ন এই পাঁচটি পালি অক্ষরের সমষ্টি-স্বরূপ বলিয়া বিবেচিত হইয়াছে ††। উল্লিখিত তিনটি ধর্ম্ম-যন্ত্রের সহিত জগন্নাথাদি তিন মূর্ত্তির অভেদ বা সৌসাদৃশ্য দেখিতে পাওয়া যায়। জেনেরেল্ কনিংহেম্ ভিল্সা-স্তূপ-বিষয়ক বত্রিশ সংখ্যক চিত্রপটে ঐ উভয়কেই পার্শ্বাপার্শি করিয়া মুদ্রিত করিয়াছেন। এই পুস্তকের শেষ ভাগে প্রকাশিত চিত্রপটে তাহার প্রতিরূপ প্রকটিত হইল; দেখিলেই, শ্রীক্ষেত্রের বৈষ্ণব-ত্রিমূর্ত্তি উল্লিখিত তিনটি বৌদ্ধ-ধর্ম্ম-যন্ত্রের অনুকরণ বলিয়া সহজেই প্রতীয়মান হইতে

* A Cunningham's Archæological Survey of India, Vol. I., pp. 16—19.

† উপক্রমণিকা। ২১১ ও ২১২ পৃষ্ঠা।

‡ Journal of the Royal Asiatic Society, Vol. VII., pp. 1—8 and Vol. VI., p 20 note 3, পাঠ করিও।

¶ উপক্রমণিকা। ২১১ পৃষ্ঠা

§ Bhilsa Topes, 1854, by A. Cunningham, p. 356, Plate XXXII, Fig. 23.

‖ Ibid, pp. 353—358. Plate XXXII.

** Ibid. Fig. 10.

†† Ibid, pp. 355 and 356 and Antiquities of Orissa, Vol. II., p. 126.

থাকে। ঐ তিনটি যন্ত্র সমগ্র বৌদ্ধ-ত্রিমূর্ত্তির পরিচায়ক হউক বা না হউক, যখন জগন্নাথপুরীর তিন মূর্ত্তি কোনরূপ পরিজ্ঞাত দেবাকৃতি, পশ্বাকৃতি বা প্রকৃত মনুষ্যাকৃতি নয়, এবং যখন ঐ তিন ধর্ম্ম-যন্ত্রের সহিত তাহার অত্যন্ত সাদৃশ্য দৃষ্ট হইয়া থাকে, তখন উল্লিখিত অনুমানটি সর্ব্বতোভাবেই সম্ভব ও সঙ্গত বলিয়া স্বীকার করিতে হয়।

বৌদ্ধ-সমাজে চক্র শব্দ যেরূপ প্রচলিত এবং তাহাদিগের মূল-মত-প্রতিপাদক ধর্ম্ম-চক্র যেরূপ মহিমান্বিত, তাহা পূর্ব্বে লিখিত হইয়াছে *। চক্র-চিহ্নটি একটি বুদ্ধ-যন্ত্র-বিশেষ। বৌদ্ধ শাস্ত্রে বুদ্ধ-পদের চক্র-চিহ্ন সবিশেষ বর্ণিত আছে †। বৌদ্ধেরা বহু পূর্ব্বাবধি তাহার একটি মূর্ত্তি প্রস্তুত করিয়া তাহার উপাসনা করিতে প্রবৃত্ত থাকে। তাহাদের অনেকানেক মুদ্রাও ঐ চিহ্নে চিহ্নিত দেখা যায়। জেনেরেল্ কনিংহেম্ সাঞ্চি-স্তুপ ও নানা মুদ্রা হইতে উহার অনেকগুলি প্রতিরূপ সংগ্রহ করিয়া একটি চিত্রপটে প্রকাশ করিয়াছেন ‡। শ্রীক্ষেত্রে বিষ্ণুর সুদর্শনচক্র খোদিত আছে। শঙ্খ-চক্রাদি যেমন বিষ্ণুর পদ-চিহ্নমাত্র, সুদর্শন সেরূপ সামান্য বস্তু নয়। পুরুষোত্তম-মাহাত্ম্যে সুদর্শনের অপার মহিমা পরিকীর্ত্তিত হয়। এমন কি, তাহা সুভদ্রা ও বলরামের সহিত সমান পদস্থ বলিয়া বর্ণিত হইয়াছে ¶। রাজেন্দ্রলাল বাবু সেই বিষ্ণু-চক্রকে বৌদ্ধদিগের ঐ বুদ্ধ-চক্র বলিয়া অনুমান করেন §। এ অনুমানটি প্রমাণ-সিদ্ধ হইলে উপস্থিত প্রস্তাবের বিশেষ রূপ পোষক হয় তাহার সন্দেহ নাই। পূর্ব্বোক্ত লালাবাবুর সায়রে যে জগন্নাথের প্রতিমূর্ত্তি আছে, তাহার বাম পার্শ্বে একটি কাষ্ঠখণ্ডে অঙ্কিত সুদর্শন-চক্র নামে এক রূপ

---

* উপক্রমণিকা। ২৪১ পৃষ্ঠা।

† টিপ্পনি। ৩২০ ও ৩২১ পৃষ্ঠা।

‡ Bhilsa Topes by A. Cunningham, p. 353 and Plate XXXI.

¶ ব্রাহ্মণাবিষ্ণুনাথৌ যুষ্মাকং বর্ষিতঃ সুরাঃ।
দিব্যর্ষিস্তাবনগতো বলভদ্রঃ সুদর্শনঃ॥
যস্তু চক্রগদাশঙ্খবরাস্তর্জ্জনাদিভিঃ।
মহাস্ত্রবরসঙ্ঘাতং ধারয়ন্ পন্নগাকৃতিঃ॥
কুর্ব্বং ক্ষতিফণাগ্রস্থমুকুটোজ্জ্বলকুণ্ডলঃ।
সুভদ্রা বাহুদীপ্তা বরাজ্ঞাভয়ধারিণী॥
পুরুষোত্তমমাহাত্ম্য। ১১ অধ্যায়। ৮—১০ শ্লোক।

§ Antiquities of Orissa, Vol. II., p. 126.

চক্রের প্রতিরূপ প্রদর্শিত হইয়া থাকে। জগন্নাথ ভিন্ন অন্য কোন দেবতার নিকট সুদর্শনের প্রতিরূপ দেখিতে পাই নাই। যদি বৌদ্ধধর্ম্ম-মূলক জগন্নাথ-মূর্ত্তি ভিন্ন অন্য কোন দেবতার সমীপে সুদর্শন-চিহ্ন দেখিতে না পাওয়া যায়, তবে উল্লিখিত অভিপ্রায়ই সমধিক সম্ভাবিত বলিতে হয়। আরঙ্গাবাদ প্রদেশের অন্তর্গত ইলোরার নিকটস্থ একটি বৌদ্ধ দেবালয় অদ্যাপি জগন্নাথের মন্দির বলিয়া বিখ্যাত। ইহাতে, হিন্দু-দেবতার জগন্নাথ এই নামটিও বৌদ্ধদের নিকট হইতে গৃহীত এইরূপ অক্লেশেই মনে হইতে পারে *।

জগন্নাথক্ষেত্রের কিছু উত্তরে অবস্থিত ভুবনেশ্বর তীর্থে এক সময়ে বৌদ্ধধর্ম্ম অতিশয় প্রবল ছিল। তথাকার কেশরী নামক যে নৃপতি-বংশীয়েরা ৪৭৪ খৃষ্টাব্দ হইতে ১১৩২ খৃষ্টাব্দ পর্য্যন্ত তথায় রাজত্ব করেন, তাঁহারা শিবোপাসক ও শৈব-সম্প্রদায়ের সহায়ভূত ছিলেন। দেড়শত বৎসর পর্য্যন্ত শৈবে বৌদ্ধে বিবাদ বিসম্বাদ চলে; অবশেষে শৈবেরা জয়ী হইয়া বৌদ্ধদিগকে পরাভব করেন। শৈব রাজারা ভুবনেশ্বরে সহস্র সহস্র দেব-মন্দির প্রস্তুত করিয়া শৈব-ধর্ম্মের সমধিক প্রাদুর্ভাব সাধন করেন। তাঁহারা বৌদ্ধদেবাদির প্রতিমূর্ত্তির অনুকরণ করিয়া বিস্তর বিস্তর দেব-প্রতিমাদি নির্ম্মাণ করেন এবং বৌদ্ধ-সম্প্রদায়ী ধ্যানারূঢ় ভিক্ষু-মূর্ত্তিকে আদর্শ স্বরূপ জ্ঞান করিয়া অনেক স্থানে অনেক প্রতিমূর্ত্তি প্রস্তুত করিয়া যান। সেই সকল মন্দিরাদির অধিকাংশ ভগ্ন ও নষ্ট হইয়া গিয়াছে। †

তথাকার ভাস্করেশ্বর, কোটিতীর্থেশ্বরের মন্দির প্রভৃতি কোন কোন স্থান বৌদ্ধ-লক্ষণে লক্ষণাক্রান্ত বলিয়া বিবেচিত হইয়াছে। কোটি-তীর্থেশ্বরের মন্দির পূর্ব্বকার কোন প্রাচীনতর গৃহের প্রস্তরাদি লইয়া প্রস্তুত করা হয়। তাহাতে যে সকল বিষয় খোদিত আছে, তাহার কতক-গুলি বৌদ্ধদিগের খোদিত প্রতিমূর্ত্তি প্রভৃতির অনুরূপ। বুদ্ধদের চৈত্যাদি হইতেই সে সমুদায় সংগৃহীত হওয়াই সম্ভাবিত বলিয়া অনুমিত হইয়াছে। ভাস্করেশ্বরের মন্দিরও পুরাতন গৃহ-বিশেষের প্রস্তরাদিতে প্রস্তুত। তাহা দেখিতে দ্বিতল। ঐ মন্দিরের চারিদিকে যে চত্বর আছে, তাহাই প্রথম তল। তাহার উপরের তলটি প্রকৃত মন্দির। সেই মন্দিরে নয় ফুট তিন বুরুল দীর্ঘ একটি লিঙ্গ আছে। অশোকের শিলাস্তম্ভের সহিত ইহার আকার প্রকারের সৌসাদৃশ্য দেখিয়া এইরূপ অনুমিত হইয়াছে যে, এটি বৌদ্ধ রাজা অশোকের শিলাস্তম্ভ ছিল; সময় ক্রমে ভগ্ন হইয়া যায়; হিন্দুরা তাহা অধিকার পূর্ব্বক ঐ স্তম্ভের নিম্ন-ভাগের

* Bhilsa Topes, p. 360.

† Asiatic Researches, Vol. XV., pp. 264—267 and Hunter's Statistical Account of Bengal Vol. XIX., pp. 80—88.

উপর একটি মন্দির প্রস্তুত করে এবং সেই স্তম্ভের অবশিষ্ট ভাগকে শিব-লিঙ্গ বলিয়া প্রচার করে *। যখন অন্যান্য স্থানে হিন্দুদের এইরূপ ব্যবহার দেখিতে পাওয়া গিয়াছে, তখন ভুবনেশ্বরেও সেইরূপ সংঘটিত হওয়া অসম্ভব নয়।

অতএব হিন্দুরা যখন বৌদ্ধদের অন্যান্য স্থান অধিকার করিয়া আপনাদের দেব-স্থান করিয়াছেন, তখন তাহাদের গয়াও সেইরূপ করিবেন ইহাতে অসম্ভাবনা কি? প্রত্যুতঃ যখন সে বিষয়ের যথেষ্ট প্রমাণ প্রাপ্ত হওয়া গিয়াছে, তখন গয়া যে বহু পূর্ব্বাবধি বৌদ্ধদিগের একটি প্রধান ধর্ম্ম ক্ষেত্র ছিল; পরে হিন্দুরা উহা অধিকার পূর্ব্বক আপনাদের একটি প্রধান তীর্থস্থান করিয়া লন তাহাতে আর সন্দেহ করিবার বিষয় নাই।

ফাহিয়ন্ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দীর প্রারম্ভে দেখেন, লোকে ঐ স্থান পরিত্যাগ করিয়া গিয়াছে †। হিউএন্ থসঙ্গ্ সপ্তম শতাব্দীর প্রথমার্দ্ধে উহাতে বিস্তর হিন্দুর বসতি দৃষ্টি করেন এবং তন্মধ্যে একরূপ সহস্র ঘর ব্রাহ্মণের উল্লেখ করিয়া যান ‡। অতএব সে সময়ে হিন্দুরা গয়ায় প্রাদুর্ভূত হইতেছিলেন-বলিতে হয়। তাঁহারা ঐরূপ প্রবল হইলে পর যে অংশ বৌদ্ধদিগের অধিকৃত রহিল তাহাই বুদ্ধগয়া নামে অভিহিত করিলেন এই অনুমানটিই ¶ সর্ব্বতোভাবে সম্ভব। শ্রীমান্ কনিংহেম্ বলেন, বুদ্ধগয়াকে সচরাচর বোধগয়া বলে; উহা বৌদ্ধদিগের বোধি-বৃক্ষের নাম অনুসারে উৎপন্ন হইয়াছে §। ফলতঃ এই সমস্ত বিবেচনা করিয়া দেখিলে, বুদ্ধগয়াটি আধুনিক নামই বোধ হয়।

(শৈ, স, ১৩ ও ১৪ পৃষ্ঠা।)

যবদ্বীপে যে পূর্ব্বে হিন্দু-ধর্ম্ম প্রচলিত ছিল, এখন এখানেই তাহার যথেষ্ট প্রমাণ প্রাপ্ত হওয়া যায়। তথা হইতে সংগৃহীত শিব, পার্ব্বতী, গণেশ প্রভৃতির পাষাণময় প্রতিমূর্ত্তি কলিকাতাস্থ ভারতবর্ষীয় কৌতুকাগারের ‖ দক্ষিণ দিকের নিম্ন-তলস্থ একটি প্রকোষ্ঠে দেখিতে পাইবে।

---

* Dr. Ràjendra Làla Mitra's Antiquities of Orissa, Vol. II., pp. 87—89.

† The Pilgrimage of Fa Hian, Calcutta, 1848 p. 280.

‡ Histoire de la Vie de Hiouen-thsang et de ses Voyages dans L'inde Traduite du Chinois par Stanislas Julien. p 455.

¶ Buddha Gaya by Ràjendra Làla Mitra, p. 9.

§ Archæological Survey of India, Vol. I., p. 4.

‖ কৌতুক শব্দের অর্থ কৌতূহল অর্থাৎ অপূর্ব্ব বস্তু দর্শনাদির অভিলাষ। যে গৃহে সেই কৌতুক-বিষয় সমুদায় অর্থাৎ অপূর্ব্ব দুর্লভ সামগ্রী সকল বিন্যস্ত থাকে, তাহার নাম কৌতুকাগার।

(শৈ, স; ৪২ পৃষ্ঠা, ৯ পংক্তি এবং উপক্রমণিকা, ১৩১ পৃষ্ঠা,
১ পংক্তি।—অতর্পণীয় ধন-লোভ ও
অভিচার-মন্ত্রাদি-জপ।)

এদেশীয় লোকের পূর্ব্বাপেক্ষা এখন অধিকতর অর্থের প্রয়োজন হইয়াছে তাহা কাহার অবিদিত নাই। কিন্তু অনেকে চির-জীবন কেবল অর্থোপার্জ্জন পূর্ব্বক তাহা সঞ্চয়, ব্যয় বা অপব্যয় করিয়া আয়ুঃশেষ করেন। তাঁহারা এই রূপ ব্যবহার করাই জীবনের একমাত্র সার কার্য্য জানেন; মনুষ্য-পদের উপযুক্ত কোন হিতকর কার্য্য অনুষ্ঠান করা দূরে থাকুক, এক বার চিন্তাও করেন না। আত্ম ও জনসমাজ সম্বন্ধীয় লঘু গুরু কত প্রকার কর্ত্তব্য কর্ম্ম আছে, সে বিষয় একবার মনেও করেন না। নিজ নিজ লেখনীকে রঙ্গভূমির অসুন্দর-রূপ নৃত্যকরী বিকলাঙ্গী নর্ত্তকীর সজ্জায় সজ্জিত এবং পিতামহী ও মাতামহীর নিকট শিক্ষণরূপ উপন্যাস-অনুবাদাদি অর্থকরী বিদ্যার অনুপযুক্ত দাসীত্ব-পদে নিযুক্ত করিবার প্রথা এদেশীয় বিদ্যাভিমানী অনেক গ্রন্থকারেরই বিদ্যা-ফলোৎপত্তির পরিসীমা হইয়া রহিল। নানা কারণ বশতঃ, ভূলোকের কল্যাণকর ও নর-কুলের উন্নতি-সাধক গুরুতর বিষয়ে আমাদের আর মতি গতি হইল না। এদেশীয় কোন সুশিক্ষিত ব্যক্তি বিজ্ঞান-বিশেষের অনুশীলন-ব্রতে ব্রতী হইয়া তৎসংক্রান্ত অভিনব তত্ত্ব নিরূপণ-চেষ্টায় কালাতিপাত পূর্ব্বক জীবন সার্থক করিতেছেন এই চিরাভিলষিত বিষয়টি দর্শন ও শ্রবণ করা আমাদের ভাগ্যে ঘটিল না।

সম্প্রতি আত্মশাসন-ব্যবস্থার সূচনা হইবার পর, কোন কোন গ্রামে গ্রামস্থ লোকের তৎসম্বন্ধীয় আত্ম-হিত-কল্পনার জল্পনাদি শুনিতে পাওয়া যায়। এটি একটি ভাল কথা তাহার সন্দেহ নাই। কিন্তু সেই সাধারণ হিত কল্পেও শত্রুতা-সাধন ও বিদ্বেষ-বচন রূপ অভিচার-মন্ত্র-জপের অসদ্ভাব নাই। রাজপুরুষেরা * এ দেশীয় কল্যাণ-বৃক্ষের কোন কোন শুষ্কপ্রায় শাখা পল্লবে জল সেচন বা সে বিষয়ের আশ্বাদান করিয়া আমাদিগকে কৃতজ্ঞতা-রসে আর্দ্র করিতেছেন। কিন্তু উহার মূল-ক্ষয়-নিবারণের উপায় কি? তাঁহারা সবিশেষ যত্ন করিলেও এদেশীয়দিগের

* এ পদটি আপাততঃ বহুবচনান্ত না হইয়া একবচনান্ত হওয়াই শ্রেয়ঃ। প্রজা-বৎসল ভক্তিভাজন লর্ড রিপন্ এক বই দুই ব্যক্তি নন। কিন্তু আমরা তাঁহার উপযুক্ত প্রজা নই। এদেশীয় অধুনাতন ধনিগণ! তোমরা কিছু মনুষ্যত্ব-ভাবাপন্ন হইলে, এ সময়ে অনেক বিষয়ে বিশেষ রূপ উপকার দর্শিত তাহার সন্দেহ নাই। দেশের লোকেরা ভাবিতেছেন, নির্দিষ্ট পাঁচ বৎসর অতীত হইলেই কি তাঁহাকে বিদায় দিয়া [illegible] হইবে? এই অবধি সে বিষয়ের [illegible] [illegible] হওয়া উচিত [illegible] [illegible] শীঘ্র হওয়াই প্রার্থনীয়। [illegible] প্রাণ পণে চেষ্টা করাই কর্ত্তব্য।

স্বাস্থ্য-ক্ষয় ও ধর্ম্ম-ক্ষয়-প্রবাহের কত দূর প্রতিরোধ করিতে পারেন বলিতে পারি না। অপরাপর বিষয়ও সুসিদ্ধ হওয়া রাজা প্রজা উভয়ের অবিচলিত সদ্ভাব ও অপ্রতিহত শুভ-চেষ্টার উপর নির্ভর।

(পরিশিষ্ট। ২৬৭ পৃষ্ঠা।—নবরত্ন।)

ধন্বন্তরিঃ ক্ষপণকোঽমরসিংহশঙ্কু বেতালভট্টঘটকর্পরকালিদাসাঃ।
খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য॥

জ্যোতির্ব্বিদাভরণের শেষাংশ।

ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বিখ্যাত বরাহমিহির, বররুচি এই নয় জন বিক্রম নামক নরপতির সভাসদ ছিলেন।

(পরিশিষ্ট। ২৭৬ পৃষ্ঠা।)

রঘুবংশ ও কুমারসম্ভব এক কালিদাসেরই বিরচিত এই বিষয় সংক্রান্ত প্রবাদটি কত প্রাচীন?

মল্লীনাথ রঘুবংশ, কুমারসম্ভব প্রভৃতির টীকা করেন। এখনও তাঁহার কৃত তিন চারি শত বৎসর পূর্ব্বের হস্ত-লিখিত পুরাতন গ্রন্থ প্রাপ্ত হওয়া যায়। তিনি রঘুবংশের টীকার প্রথমে কালিদাস-কৃত তিন খানি কাব্যের কথা উল্লেখ করিয়াছেন।

ব্যাচষ্টে কালিদাসীয়ং কাব্যত্রয়ম্।

এই তিন খানি রঘুবংশ, কুমারসম্ভব ও মেঘদূত বই আর কিছুই নয়। অতএব ন্যূনাধিক চারি শত বৎসর পূর্ব্বে ঐ তিন খানি কাব্য এক কালিদাসের কৃত বলিয়া পণ্ডিতগণের সংস্কার ছিল ইহাতে আর সংশয় রহিল না।

দিনকর, চরিত্রবর্দ্ধন, বিস্তরকর, কৃষ্ণভট্ট প্রভৃতি অনেকানেক প্রাচীন পণ্ডিত রঘুবংশের টীকা করিয়া যান। ইহাঁদের মধ্যে দিনকর নিজ টীকা-রচনার সময় এইরূপ লিখিয়া গিয়াছেন যে,

বর্ষে চন্দ্রসমার্ক্ষে যবিধুগণনয়াভিযুক্তে সুক্তিমুক্তা টীকা সৈষা সুবোধা ব্যরচয়দমলা কমলাকুক্ষিজন্মা দিনেশঃ॥

বিক্রমাদিত্য-প্রতিষ্ঠিত সম্বতের ১৪৪১ চৌদ্দ শত একচল্লিশ অব্দে কমলা-পুত্র দিনকর এই সূক্তিমুক্তা স্বরূপ সুবোধ টীকা রচনা করেন।

তিনি ১৪৪১ চৌদ্দ শত একচল্লিশ সম্বতে অর্থাৎ ১৩৮৫ তের শত পঁচাশি খৃষ্টাব্দে ঐ টীকা রচনা করেন। চরিত্রবর্দ্ধন তাঁহার পূর্ব্বতন লোক। শঙ্কর পাণ্ডুরঙ্গ পণ্ডিত দেখিয়াছেন, দিনকর অনেক স্থলে চরিত্রবর্দ্ধনের গ্রন্থের অনুকরণ করিয়াছেন। অতএব চরিত্রবর্দ্ধন

খৃষ্টাব্দের ত্রয়োদশ শতাব্দীর অথবা তাহার কিছু পূর্ব্বকালীন লোক হওয়া সম্ভব। ঐ উভয়েই রঘুবংশের সপ্তম সর্গের টীকা-রচনার সময়ে বলেন, ইহার অব্যবহিত পূর্ব্বের একাদশটি শ্লোক কুমারসম্ভবের মধ্যেও অবিকল দেখিতে পাওয়া যায়। কিন্তু যখন এই উভয় কাব্যই এক কবির বিরচিত, তখন তাহাতে কিছু দোষ-স্পর্শ হইতে পারে না।

যদ্যপ্যেতে শ্লোকাঃ কুমারসম্ভবেঽপি সন্তি তথাপ্যেককর্তৃত্বদ্যোতনায়ৈষা-মেষাং ন দোষঃ।

দিনকর।

যদ্যপ্যেতে শ্লোকাঃ কুমারেঽপ্যেতাবদ্বিদ্যন্তে তথাপ্যেককর্তৃকত্বান্ন দোষঃ।

চরিত্রবর্দ্ধন।

অতএব ন্যূনাধিক ৬০০ ছয় শত বৎসর পূর্ব্বে রঘুবংশ ও কুমার-সম্ভব এক কালিদাসের কৃত বলিয়া লোকের সংস্কার ছিল ইহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে।—Transactions of the International Congress of Orientalists for 1874, pp. 227—230.

পণ্ডিতপ্রবর ইহার পর রঘুবংশ, কুমারসম্ভব, অভিজ্ঞানশকুন্তল প্রভৃতির ভাবার্থ ও পদ-বিন্যাসাদির সৌসাদৃশ্য প্রদর্শন করিয়া ঐ তিনেই এক গ্রন্থকারের কর্ত্তৃত্ব-প্রতিপাদনের চেষ্টা পাইয়াছেন।

(পরিশিষ্ট। ২৮৫—২৯১ পৃষ্ঠা—শঙ্করাচার্য্য।)

উল্লিখিত পৃষ্ঠায় শঙ্করাচার্য্যের সময়-নির্দ্ধারণ-প্রস্তাব লিখিত হইবার পর দেখিলাম, দক্ষিণাপথের অন্তর্গত বেল্গাঁও বিদ্যালয়ের একটি অধ্যাপক * ঐ স্থানের কোন ব্যক্তির নিকট বালবোধ অক্ষরে লিখিত একখানি সংস্কৃত-গ্রন্থে শঙ্করাচার্য্যের প্রসঙ্গ প্রাপ্ত হইয়া প্রচার করেন †। তাহা হইতে ঐ জগদ্বিখ্যাত আচার্য্যের জন্ম ও মৃত্যু-কাল বিষয়ক কয়েকটি বচন পশ্চাৎ উদ্ধৃত হইতেছে।

দুরাচারবিনাশায় প্রাদুর্ভূতো মহীতলে।
স এব শঙ্করাচার্য্যঃ সাক্ষাৎকৈবল্যদায়কঃ॥

---

* K. B. Pathak, B. A. ইঙ্গিবেল্গাঁও-নিবাসী গোবিন্দ ভট্ট ভের্শেকরের নিকট ঐ গ্রন্থ প্রাপ্ত হন।

† Indian Antiquary, June, 1882, p. 175.

निधिनागेभवह्न्यब्दे विभवे शंकरोदयः ।
अष्टवर्षे चतुर्वेदान् द्वादशे सर्व्वशास्त्रकृत् ।
षोड़शे कृतवान् भाष्यं द्वात्रिंशे मुनिरभ्यगात् ।
कल्यब्दे चंद्रनेत्रांकवह्न्यब्दे गुहाप्रवेशः ।
वैशाखे पूर्णिमायां तु शंकरः शिवतामगात् ॥

সেই কৈবল্য-দাতা শঙ্করাচার্য্য লোকের দুষ্টাচার-নিবারণ উদ্দেশে প্রাদুর্ভূত হন। ৩৮৮৯ তিন সহস্র আট শত উননব্বই কলিগতাব্দে তিনি জন্ম গ্রহণ করেন। অষ্টম বর্ষ বয়ঃক্রমের সময় চতুর্ব্বেদ অধ্যয়ন, দ্বাদশ বর্ষে সর্ব্বশাস্ত্র পাঠ এবং ষোড়শ বর্ষে (উপনিষদ ও ব্রহ্মসূত্রাদির) ভাষ্য রচনা করিয়া বত্রিশ বৎসর বয়সের সময়ে প্রাণত্যাগ করেন। ৩৯২১ তিন সহস্র নয় শত একুশ কলিগতাব্দে (অর্থাৎ ৭৪২ সাত শত বিয়াল্লিশ শকে ও ৮২০ আট শত কুড়ি খৃষ্টাব্দে) বৈশাখি পূর্ণিমা তিথিতে শঙ্কর শিবত্ব প্রাপ্ত হন।

পূর্ব্বে অন্য অন্য যুক্তি-পথ অবলম্বন করিয়া শঙ্করাচার্য্যের সময়ের বিষয় যেরূপ বিবেচিত হইয়াছে, উল্লিখিত বচনের সহিত তাহার সর্ব্বাংশে সম্পূর্ণ ঐক্য* হইতেছে। বুদ্ধি-বিচারের এরূপ সফলতা সপ্রমাণ হওয়া অপার আনন্দের বিষয়।

(উপক্রমণিকা, ২৫০ পৃষ্ঠা, ৪ পঁক্তি এবং টিপ্পনি, ৩১৯ পৃষ্ঠা, ১২ পঁক্তি।—স্তূপ ও মানসিক স্তূপ।)

উপক্রমণিকার ২৫০ দুই শত পঞ্চাশ পৃষ্ঠায় যে ঘণ্টাকার বস্তুর বিষয় লিখিত হইয়াছে, তাহাই প্রকৃত স্তূপ। তাহা সমাধিস্বরূপ। যদিও মহাজন-বিশেষের অস্থি, কেশাদি মৃতাবশেষ প্রোথিত করাই স্তূপ-নির্ম্মাণের প্রধান উদ্দেশ্য, কিন্তু তাহার সঙ্গে মণি, মুক্তা, চন্দনকাষ্ঠ প্রভৃতি অন্যান্য দ্রব্যও দেখিতে পাওয়া গিয়াছে। সাঞ্চী গ্রামের একটি স্তূপে প্রস্তর-নির্ম্মিত সিন্ধুকের মধ্যে সারিপুত্রের অস্থি সমাহিত হয়। ঐ প্রস্তরময় সিন্ধুকের অভ্যন্তরে একটি ধাতু-নির্ম্মিত ক্ষুদ্র বাক্স ছিল তাহার মধ্যে স্ফাটিক, বৈদূর্য্য, পদ্মরাগ, মুক্তা প্রভৃতি সাতটি রত্ন-বর্ত্তুল প্রাপ্ত হওয়া যায় এবং সেই ক্ষুদ্র বাক্সের পার্শ্ব-দেশে দুই খানি চন্দন-কাষ্ঠও দৃষ্ট হয় *। মুক্তা, স্ফাটিক, বৈদূর্য্য প্রভৃতি সাত প্রকার রত্ন

---

* A. Cunningham's Bhilsa Topes, 1854 ; pp. 297—299.

বৌদ্ধ সমাজের বিশেষ রূপ গণ্য ও শ্রদ্ধেয়। বৌদ্ধেরা শ্রদ্ধা সহকারে নিজ সম্প্রদায়ী সাধুগণের অস্থি, কেশাদি মৃতাবশেষের সহিত সেই সমুদায় স্থাপন করিত। অন্ধর্ * প্রভৃতি কোন কোন স্থানের স্তূপে কেবল কিঞ্চিৎ ভস্মমাত্র বিদ্যমান দেখা গিয়াছে †। এক স্তূপে কেবল এক ব্যক্তিরই মৃতাবশেষ থাকে এমন নয়, এক এক স্তূপে বহু ব্যক্তির অস্থি প্রভৃতি দেখিতে পাওয়া গিয়াছে। উল্লিখিত সাঞ্চী গ্রামের অন্য একটি স্তূপে অশোক রাজার সমকালবর্ত্তী অন্যূন দশটি প্রধান লোকের অস্থি সমাহিত হয় ‡। ঐ সাঞ্চী গ্রামের প্রায় তিন ক্রোশ দক্ষিণ-পশ্চিম এবং ভূপালের প্রায় ১০ দশ ক্রোশ পূর্ব্বোত্তর অংশে অবস্থিত সোণারি গ্রামের একটি স্তূপে পাঁচ ব্যক্তির অস্থি-খণ্ড প্রোথিত হয় ‖।

ঐ সকল স্তূপ-দৃষ্টে ২০।২২ বিশ, বাইশ শত বৎসর পূর্ব্ব পর্য্যন্তের ভারতবর্ষীয় গৃহ-নির্ম্মাণ-প্রণালীর সুস্পষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যায়। কলিকাতাস্থ ভারতবর্ষীয় কৌতুকাগারের পশ্চিম দিকের প্রকোষ্ঠে সাঞ্চীস্তূপ, ভারতস্তূপ প্রভৃতির তোরণাদি খণ্ড-বিশেষ সংগ্রহ করিয়া রাখা হইয়াছে।

বৌদ্ধেরা কামনা করিয়া কোন প্রসিদ্ধ দেবালয়ে ছোট ছোট স্তূপ প্রতিষ্ঠা করে; তাহাকেই মানসিক স্তূপ বলে। বুদ্ধগয়া, সার্ণাথ্, সাঞ্চী, মথুরা প্রভৃতি বৌদ্ধ-তীর্থে এরূপ শত শত ও সহস্র সহস্র স্তূপ প্রাপ্ত হওয়া গিয়াছে। কতকগুলি মানসিক স্তূপ টালি ইষ্টকের মত চতুষ্কোণ; তাহাতে এক বা অধিক চৈত্যের আকার অঙ্কিত এবং তাহার নিম্ন-ভাগে সুপ্রসিদ্ধ বৌদ্ধ-মন্ত্র খোদিত থাকে। এই প্রকার ছোট ছোট মানসিক মন্দিরও প্রতিষ্ঠা করা প্রচলিত ছিল। এরূপ স্তূপ ও মন্দির-প্রতিষ্ঠা সমধিক পুণ্য-প্রদ বলিয়া পরিগণিত।

---

* ভোজপুরের প্রায় দুই ক্রোশ পশ্চিমে অন্ধর্ গ্রাম।

† A Cunningham's Bhilsa Topes, 1854; p. 345.

‡ Ibid. p. 291.

‖ Ibid. p. 316—318.

দ্বিতীয় ভাগ সমাপ্ত।

১ জগন্নাথাদি। ২ তিনটি ধর্ম্ম-যন্ত্র। ৩ বুদ্ধ-যন্ত্র।

# শুদ্ধিপত্র।

## উপক্রমণিকা।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ। | শুদ্ধ। |
|---|---|---|---|
| ৫ | ১২ | ন্যায় | ন্যায় |
| ৭ | ৩ | সলে | বলে |
| ১৩ | ৯ | উল্লেখে | উল্লেখ |
| ১৬ | ১০ | তদ্দন্যা | তদ্দন্যা |
| ২২ | ১৪ | উপদৃষ্ট | উপদিষ্ট |
| ২৬ | ৩২ | নিঃশ্রেয়ঃ | নিঃশ্রেয়স |
| ৪৬ | ১৩ | ৯ সূ | ৩৬ সূ |
| ৬২ | ২৮ | ব্যক্তি তাহাকে | ব্যক্তি |
| ৭২ ও ৭৪ | ৬ ও ১১ | সহস্র সূর্য্য-সদৃশ | সূর্য্যের ন্যায় তেজোবিশিষ্ট |
| ৮২ | ২৭ | এখন আর | শারীরিক পীড়াপ্রযুক্ত, এখন আর |
| ১২৪ | ২৭ | প্রদ্দীপক | প্রদীপক |
| ১২৭ | ২৮ | সবক্তিজীন্ | সবুক্তেগীন্ |
| ১৩৪ | ১৭ | অনুদাদিত | অনুবাদিত |
| ১৪২ | ১ | চম্মিকী | চম্বিকী |
| ১৫১ | ২৪ | নীতানামায়ী | নীতানামক্তী |
| ১৫২ | ২৩ | প্রারম্ভে | প্রথমার্দ্ধে |
| ১৬৫ | ২১ | পুরুষর্ষভম্ | পুরুষর্ষভম্ |
| ১৬৫ | ২৫ | সৈন্য | সৈন্যং |
| ১৬৭ | ৩০ | মমধীতবান্ | সমধীতবান্ |
| ১৭৬ | ৮ | তথৈপ | তথৈব |
| ১৮১ | ১০ | সপ্রদায় | সম্প্রদায় |
| ২১৩ | ১৫ | দুৰ্দ্ধর্ষ | দুৰ্দ্ধর্ষ |
| ২১৮ | ৩ | আর্য্য-ধর্ম্ম | আর্য্য-ধর্ম্ম |
| ২৪০ | ২৬ | অস্তিত্ব | অস্তিত্ব |
| ২৪১ | ১৬ | স্থানম | স্থানম্ |
| ২৬৯ | ২৬ | অশ্বত্থ বৃক্ষের | বোধি বৃক্ষের |
| | | পুণ্যত্ব | দেবত্ব |

## শৈবাদি সম্প্রদায়-বিবরণ ও পরিশিষ্ট।

| পৃষ্ঠা | পংক্তি | অশুদ্ধ। | শুদ্ধ। |
|---|---|---|---|
| ২ | ১৭ | মর্ম্মং | মর্ম্মু |
| ১২ | ৩ | সংস্কলিত | সঙ্কলিত |
| ২৪ | ১৮ | খক্কার | খকার |
| ২৪ | ১৯ | শঙ্করদিগ্বিজয় | শঙ্করবিজয় |
| ২৫ | ৯ ও ২২ | ঐ | ঐ |
| ২৬ | ১০ | ঐ | ঐ |
| ৩৩* | | | |
| ৫২ ও ৬০ | ২ও২০ | বিনিঃস্থিষ্য | বিনিস্থিষ্য |
| ৭৪ | ১১ | ত্রিশলের | ত্রিশূলের |
| ৭৬ | [illegible] | নিরবাণী | নির্ব্বাণী |
| ৯২ | ১৩ | জয়পুরে | রাজস্থানের অন্তর্গত নানা রাজ্যে |
| ১২০ | ৬ | এই | ঐ |
| ১৬৩ | ১০ | খৃীষ্টান্ | খ্রীষ্টান্ |
| ১৬৪ | ৫ ও ৭ | ঐ | ঐ |
| ১৬৫ | ১৮ | শক্যাতা | শ্যকতা |
| ১৭২ | ১৫ | দেবতার | দেবতার উপাসক হইয়া |
| ১৯৫ | ৭ | মস্বা | মত্বা |
| ২০৪ | ১০ ও ১৫ | মূহর্মূহু | মুহর্মুহু |
| ২০৬ | ১৫ | জর্শ্ | শূর্প |
| ২০৯ | ২২ | নন্বস্মা | নহন্মা |
| ২২৪ | ২৮ | ক্রদ্ধ | ক্রুদ্ধ |
| ২৫৮ | ৫ | ভাষষা | ভাষা |
| ২৭৯ | ৬ | বৃমযো | বৃষযো |
| ২৮৯ | ৬ | শিওবাম | শিওরাম |
| ৩২৮ | ৬ | র্ষব | র্নব |

* ৩৩ পৃষ্ঠার ১৬ পঁক্তির পর নিম্ন-লিখিত পঁক্তিটী সন্নিবেশিত করিতে হইবে।

কোটিমধ্যাহ্নসূর্য্যাভং চন্দ্রকোটিসুশীতলম্।